

সমরে গুরু হইরা বার, অত্যুক্ত প্রাসাদও কালে ভগ ও চুর্ণ হইরা নিরা থাকে এবং পরিখা-পরিবেটিত হর্গম হর্গেরও ক্রেমেই নাশ হইরা থাকে, কিন্তু প্রগাচ জ্ঞানচিত্র দেশ হইতে শীঘ অপনীত হইবার নহে, এই ক্রেচনার আমি খীর যৎসাম বিত্তিবিদিত শক্তি ছারা ক্রালা ভাষার প্রবিত্তীর্ণ মহাভারতের অনুবাদ করত খ্রেদের হিত সাধন করিতে সাহর্গ ইইরাছি।

িভারত যে রূপ ছরহ গুষ্ট্রাদৃশ অরব্দি জন কর্তৃক ইটা সমাক্রপে অফ্রাদিত হওয়া নিভাস্ত ছ্লর। এই নিট্রিত ইহার অফ্রাদি সময়ে অনেক রুত্বিদ্য মহোদয়-গণের ভূমিত সাহায্য গ্রহণ করিতে হইয়াছে, এমন কি তাঁহাদের পরাম্ম ও সাহায্যের উপর নির্ভর করিয়া আমি এই গুরুতর ব্যাপারের অফ্রানে প্রত্ত হইয়াছি, তরিমিত্ত ঐ সকল মহাস্তবদিঞার নিকট চিরজীবন ক্তজ্জা-পাশে বন্ধ রহিলাম।

আমি যে হুংসাধ্য ও চিরজীবন-দেব্য কঠিন প্রতে ক্বড-সভর হইরাছি, তাহা যে নির্বিদ্ধে শেষ করিভে-পারিব, আমার এপ্রকার ভরসা নাই। মহাভারত অন্থবাদ করিয়া যে লোকের নিকট যশস্বী হইব, এমত প্রত্যাশা করিয়াও এবিষয়ে হন্তার্পণ করি নাই। যদি জগদীখর-প্রসাদে পৃথিবী মধ্যে কুত্রাপি বাঙ্গালা ভাষা প্রচলিত থাকে, আর কোন শালে, এই অন্থবাদিত পুস্তক কোন ব্যক্তির হন্তে পতিত হওয়ায় সে. ইহার মর্মান্থধাবন করত হিন্দুক্লের কীতিত্তিভ স্বরূপ ভারতের মহিমা অবগত হইতে সক্ষম হয়, তাহা হইলেই মামার সমস্ত প্রিশ্রম সফল হইবে।

কলিকাতা ১৭৮১ শকাকা। ঐকালীপ্রসন্ন সিংহ।

প্রকাশকের বিজ্ঞাপন।

স্বান্ত্র মহাত্রা কালীপ্রসন্ধ সিংছ মহোদয় বিশুদ্ধ বাঙ্গালা ভাষায় এই মহাবিত্তীর্ণ মহাভারত এক্ত্র অবিকল্ অনুবাদ করিয়া এক অতুলকীর্ত্তি স্থাপনপূর্ব্বক ধরাতলে চিরস্মরণীয় ইইয়া গিয়াচেন। তিনি যদিও বিশুলার্থ বয়য় করিয়া এই মহাগ্রন্থ বিনয়েলাের বিতরণ করিয়া থান, তথাপি তােহা সর্বনাধারণে প্রাপ্ত হন নাই। এই অভাব দূরীকরণ করিবার জন্য শ্রীমুক্ত নবীনচন্দ্র মুখোপাধ্যায় কোং সিংছ মহোদয়ের অনুমত্যনুসারে উহার দ্বিতীয় সংস্করণ করিয়া ৪০ টাকা মূল্যে বিক্রয় করেন। কিস্তু ত্রুখের বিষয় এই য়ে, ভাঁহাদের দ্বার্গ্রিও উক্ত অভাব সম্মক্রপে নিবারিত হয় নাই। যে হেতু মূল্যাধিক্য নিবন্ধন ভাঁহাদের প্রচারিত মহাভারত অনেকেই ক্রয় করিতে সক্ষম হন নাই। এই সমস্ত কারণ দৃষ্টে সর্ব্বসাধারণের উপকারার্থ আমি বিশেষ চেষ্টিত হইয়া নিঃস্বার্থভাবে ইহার সল্লমুক্তিন্দ্রাপেক্ষ (অবিকল প্রথম শংস্করণের ভায়) তৃত্রীয়ন্সংস্করণ জনসমাজে প্রচার করিতে প্রস্তুত্ত হইলাম। এক্ষণে আমার এইমাত্র বক্তব্য যে, বিদ্যোৎসাহী ব্যক্তিমাত্রেই আমার এই ত্রেরহ মাঙ্গালিক ব্রতামুষ্ঠানের বিশেষ স্থাক্তর্যা তামাকে উৎসাহিত করিলে আমি যারপরনাই অনুগৃহীত ও বাধিত হইব।

কলিকাতা, শ্যামপুক্র ২ নং অভয়স্থা হোষের লেন। সমতে২৮৭ ! আর্থাট়।

মহাভারত

আদিশ্বর্র•।

000

অনুক্রমণিকাধ্যায়।

নারায়ণ ও নরোতম নর এবং সরস্বতী দেবীকে নম-স্কার করিয়া জয় উচ্চারণ করিবে।

কোন সময়ে নৈমিষারণো কুলপতি শৌনক দাদশ-वार्षिक यरछात्र व्यक्षक्षेत्र कतिग्राहित्यतः। अकता महर्षिश्य দৈনন্দিন কর্ম সমাধান করত, সকলে সমবেত হইয়া কথা-প্রসঙ্গে অধ্যাপীন হইয়া আছেন, ইতাবসরে লোম-হর্ষণপুত্র পোরাণিক মৌতি অতি বিনীতভাবে তথায় সমু-পশ্তিত হইলেন ৷ নৈমিয়ারণ্য-বাসি ঋনিগণ তাঁহাকে অভ্যা গত দেখিরা অত্যাশ্চর্য্য কথা প্রবণ করিবার নিমিত্ত চতু-, দ্বিকে বৈষ্ট্রে করিয়ী দণ্ডায়মান রহিলেন। উগশ্রবাঃ সৌতি ্রুতাঞ্জলিপুটে তাঁহাদিগকে অভিবাদন করিয়া তপস্তার ্ব জিজাসা করিলেন। তাঁহারাও অতিথির যথোচিত · পূ_{ৰ্বা} 'ৰুষা বসিবার নিমিত্ত আসন প্রদান করত আপ-নারা _{তিনি}খাস্থানে উপ্যবশন করিলেন। অনস্তর সৌতি ত্রিদিন্ত ক্রিক্টি ভূটপবিষ্ট হইলে ঋষিরা তাঁহাকে বিশ্রাস্ত प्रिथम। क्या श्रीमांक किछाना कदिर्तन । एक कमनरनाहन ্ এগন কোঁগু হইতে আসিতেছ এবং এত কাল ানেই বিল্ টুটন করিলে তাহা আমুপ্রিক [ঁ] সীতি এক**্ট্রিজ্ঞাসিত হইলে অতিশাস্ত-**श्रक्ति ाय के कि क्षेत्रक किट्ट नाशितन । दह महर्षि-া া ্রা 🕳 জনমেজনের মুর্প-যজ্ঞে গমন করিয়া। ালে বৈশক্ষননাৰ্থে **্ৰক্ষটৰপায়ন-প্ৰোক্ত**

মহাভারতীয় কথা শ্রবণ করিলাম। অনন্তর্ত্তথা হইতে প্রস্থান করিয়া বছবিধ-তীর্থ দর্শন ও অনেক আশ্রমে ভ্রমণ করত পরিশেষে সমস্তপঞ্চতীর্থে উপস্থিত হইলাম। পুর্বে যথায় কুক ও পাওব এবং উভয় পক্ষীয় ভূপাকদিগের ভূম্ল সংগাম হইয়াছিল। তথা হইতে আপনাদিগের দর্শনার্থে এই পবিত্র আশ্রমে আঁগিয়াছি। থৈতেতু আপনারা আমার পক্ষে সাক্ষাং ব্রহ্মস্বরূপ। হে তেজস্বি ঋষিগণ! আপনারা যুঞ্জু আছতি প্রদান করিয়া অতি পৃতমনে আসনে উপ-বেশন করিয়া আছেন; অনুমতি করুন ধুর্ম-সম্বন্ধীয় পৌরাণিকী কথা কি ভূপতিদিগের ইতিবৃত্ত বা ঋষিদিগে:. ইতিহাস ইহার মধ্যে कि বর্ণন করিব। श्रु सिशंग कहिएलन, ভগবান বেদব্যাস যে ইতিহাস কহিয়াছেন, স্থরগণ ও ব্রহ্মণিগণ ফ্রা শ্রবণ ক্রিয়া অশেষ প্রশংসা করেন এবং देव शायन मर्भगटक अनत्मेकत्यत्र निकृष्टे याहा कीर्जन করিরীছেন, আমরা দেই ইডিহাস এবঁ করিতে সাতিশয় অভিলাষ করি; কারণ যাহা সকল উপাণ্যান হইতে প্রেষ্ঠ ও নানা শাঙ্কের সার-সঙ্কলন করিয়া রচিত ও বেদচভূষ্ট্রের অ গাঁত হইয়াটো, এবং যাহাতে আত্মতত্ব বিষয়ক সমাক্ মীমাংসা আছে, তাহা শ্রদ্ধা ও ভক্তি সহকারে শ্রবণ করিলে পাপভয়ের নিবারণ হয়। ঋষিগণের প্রার্থনা-বাক্যে সম্ভুষ্ট হইয়া উগশ্ৰবাঃ কহিলেন, যিনি এই অথও প্ৰকাণ্ড ব্ৰহ্মাণ্ডের আদিপুরুষ ও অন্বিতীয় অধীশ্বর, যিনি স্থাবর

জঙ্গন সকলের শ্রষ্টা ও পাতা, শাস্ত্রে যাঁহাকে একমাত্র পর-ত্রক্ষ বলিয়া নির্দেশ করে, যাহার প্রীতির নিমিত কেহ প্রজ্ঞালত হতাশনে ময়োচ্চারণ-পূর্বাক বার্ম্বার আহতি প্রদান ক্রিতেছেন, যাহার সাক্ষাৎকার লাভ-প্রত্যাশায় কেহ বা শত শত বংসর নির্জ্জনে একাস্তমনে ধ্যান, মনন ও অতি কঠোর এতাদির অষ্ঠান করিতেছেন, কেহখা মায়াপ্রাপঞ্চ-স্বরূপ সংসারে বিরক্তি-ভাব প্রকাশ করিয়া বাঁহার উপাদনার নিমিত আত্মীয় স্বন্ধন সকলকেই বিদ-র্জন করিয়া অরণ্যে অরণ্যে ভ্রমণ করিতেছেন, এইরূপে, যাঁহাকে লাভ করিবার নিমিত্ত এই পৃথিবীস্থ সমস্ত লোকেই অতি হন্ধর কর্মে হস্তক্ষেপণ করিতেছে; সেই অনাদি অনস্ত অভিল্যিত-ফল্লাতা বিশ্বপাতা চারাচর-গুরু হরির চরণে প্রণিপার্ড করিয়া বেদব্যাস-প্রণীত অতি পবিত্র 'বিচিত্র ইতিহাস বর্ণন করিব[ি]। এই বিশাল মহীতলে কত শৃত মহাআহা ঐ ইতিহাস কহিয়া গিয়াছেন, অনেকেই কহিতেছেন এবং ভবিষ্যৎ কালেও কহিবেন। ব্রাহ্মণেরা বছকটে ও অভিনিবিষ্টচিত্তে সংক্ষেপে বা সবিস্তরে যে বেদ অধ্যয়ন করিয়া থাকেন, যাহা জ্ঞানের একমাল সীমা, সেই বেদশাল্লের অমুগত করিয়া এই ইতিহাস মহাত্মা বেদব্যাস-কর্তৃক বিরচিত ইইয়াছে। ইহাতে শাস্ত্রের মত ও লৌকিক আচার ব্যবহারের রীতি নীতি স্পষ্টরূপে ুনির্দিষ্ট আছে। ইহা নানা-স্কার-শব্দ ও রমণীয়-ভাুুুুুে পরিপূর্ণ এরং নানাপ্রকার ছন্দোবন্ধে নিবদ্ধ ও অলক্ষ্ণত 🕮 রাছে। এই নিমিত্ত পণ্ডিতমণ্ডলী মহাভারতের স্বিশেষ সমাদর করিয়া থাকেন।

প্রথমতঃ এই বিশ্বসংসার কেবল ঘোরতর অন্ধলারে আনুক ছিল। অনস্তর সমস্ত বস্তুর বীজভূত এক মন্ত প্রস্ত হইল। ঐ অত্তে অনাদি অনুস্ত অচিস্তনীয় আ প্রচনীয় সত্যস্বর্গ নিরাকার নির্দিকার জ্যোতির্দায় বন্ধা পিই হইলেন। অনস্তর ঐ অত্তে ভগবান্ প্রভাগত ব্যক্ত স্বয়ং জন্ম পরিগৃহ করিলেন। তৎপরে ছাণ্, সায়র বন্ধা, দশ প্রচেতাঃ, দক্ষ, দক্ষের সপ্ত প্র, সপ্রথি, চতু শ মন্ত, জন্ম লাভ করেন। মহর্ষিণণ একতান-মন্তন বাহার গুণকীর্ত্তন করিয়া থাকেন, সেই অপ্রমেয় প্রন্থ, দশ বিশ্বনের, হাদশ আদিতা, অন্তবস্থ, যমজ অশ্বিনীকুমার, যক্ষ, সাধুগণ, পিশাচ, গুহাক এবং পিতৃগণ উৎপন্ন ছইলেন।

অনত্তর অনেকানেক বিধান্ মহর্ষি ও রাজ্যিগণ উৎপন্ন হইলেন। তৎপরে জল, পৃথিবী, বায়ু, আকাশ, দশ দিক্, সংবৎসর, ঝতু, মাস, পক্ষ, রাত্রি, ও অভানা সমস্ত বস্ত ক্রমশঃ
সঞ্জাত হইল। কিন্তু প্রলয়কাল উপছিত হইলে এই
বিশাল বিশ্বসংসার সম্দাহই সেই একমাত্র পর্যুক্ত লীন
হইবে, আর কোন চিক্তই বিকিবে না। যাদৃশ, কোন ঝতুর
পর্য্যায় কালে সম্দায় ঋত্রশক্ষণ একৈকশঃ পরিদ্রভানা
হয়, তাদৃশ, যুগ-প্রারম্ভে নীব, জন্ত ও অন্যান্য সংব
পদার্থই স্ব স্থাকার ও স্বভাব পরিগ্রহ করে। একবা
প্রলয় প্রস্কার উৎপত্তি ও স্থিতি এই বিশে সংসারচক্র নির্বিচ্নে ঘৃণার্মান হইতেছে।

অয়িরংশৎ সহস্র অয়িরিংশৎ শত ও অয়িরিংশৎ সভ্যাক দেবতাগণ সজ্জেপে স্ট হইলেন। বৃহদ্ধারু, চকু, আত্মা, বিভাবস্থ, সবিতা, ঋটীক, অর্ক, ভারু, আশাবহ, রিব, মহ্য, এই কয়েকটি দিবের পুত্র। মহেয়র পুত্র দেবতাট ও সুত্রাট্। স্থলাটের তিন পুত্র, দশজ্যোতি, শতজ্যোতি ও সহস্রজ্যোতি। মহাআবা, দশজ্ঞাতির দশসহস্র পুত্র করে। শতজ্যোতির তাহা অপেকা দশগুণ এবং সহস্রজ্যোতির শতজ্যোতি অপেকা দশগুণ পুত্র হয়। এই সকল হইতে কুরুবংশ, যয়বংশ, ভরতবংশ, যয়তিবংশ ওইক্রাকুবংশ এবং অন্যান্য প্রভূত রাজবি বংশ সম্ভূত হয়।

ত্রিপরহক্ত, চারি বেদ, যোগশান্ত, বিজ্ঞানশান্ত ধর্মাও-কানপ্রতিপাদক বিবিধ শান্ত, লোক-যাত্র-বিধান-এই সমস্ত
মহাত্রা বেদবাস যোগবলে অবগত ছিলেন। এই মহান
ভারতে আশেষ ইতিহাস ও বেদপ্রতিপাদ্য সনাতন
এবং তত্ত্তান বিস্তরতঃ ও সংক্ষেপতঃ কথিত
কান কোন কতবিদ্য ত্রাহ্মণ মহাভারতের
কানবিধ,
কেহবা আভীক পর্বাবিধ, কেহবা উপরিচয়
খানবিধি আরস্ত বিবেচনা করিয়া, পাঠ করিয়া থাকেন।
কেহ কেহ ইহার নিগুড় মর্ম্ম বিশ্বেষ অস্থাবন করিয়া
ক্ষেপ্রচার করেন। কেহ নইাম ক্রেম ব্যাথা করিতে
সক্ষম, কেহবা ইহার ধারণা স্থানপুণ। সভাবতীক্ষত
ব্যাসদেব তপোবলে সনাতন বেদশান্তের পারোদ্মার করিয়া
এই পবিত্র ইতিহাস, রচনা করেন বিন্তা, এরপ মনে

মনে চিস্তা করিতেছেন, ইতাবসরে সর্বজ্ঞ সর্বশক্তিমান্ ভগবান প্রজাপতি ব্রহ্মা সভ্যবতীতনয়ের চিস্তার বিষয় জানিতে পারিয়া তাঁহার প্রতিবৃদ্ধন ও লোকের হিত-শাধনের নিমিত্ত তথায় আবিভূতি । ইলেন। ব্যাসদেব তাঁহার দর্শনার অতিমাক বিশ্বিত কুইয়া সমস্ত্রমে গাতোখান করত তাঁহাকে বসিবার নিমিত্ত্বএক আসন প্রদান করিয়া অতি বিনীতভাবে দণ্ডায়মান : হিলেন। হিরণাগর্ত আসন প্রিগ্রহ করিয়া তাঁহাকে বসিড়ে অমুমতি করিলে, বেদব্যাস ্রীহার আসনের সন্নিধানে অতি প্রীতমনে ও প্রফুলনয়নে • ज्रेशरवनन कवल प्रविनास निर्वापन कविरायन, ज्ञावन्! আমি এক অন্তুত কাবা রচনা করিয়াছি, তাহাতে বেদ, বেদাঙ্গ, উপনিষ্ৎ এই সকলের সার সঙ্কলন, ইতিহাস ও পুরাণের অনুসরণ ও ভৃত ভবিষাৎ বর্ত্তমান কালত্রয়েুর সম্যক্ . নিরূপণ করিয়াছি এবং জরা, মৃত্যু, ভয়, ব্যাধি, ভাব, অভাব, ইহার নির্ণয়, বিবিধ ধর্ম ও আশ্রম লক্ষণের निमर्नन, ठांकुर्वर्गा-विधान, उपमा, जन्नाठर्गा, शृथिवी, ठक्क, স্ব্যা, গ্রহ, নক্ষত্র, তারা ইহাদিগ্রের বিবরণ করিয়াছি। ভূতভাবন ভগবান যে নিমিত্ত দিব্য ও মহুষ্যাকারে জন্ম স্বীকার করেন, তাহার তত্ত্বামুসন্ধান, অতিপবিত্র পুণ্যক্ষেত্র ও তীর্থস্থান ইহারও কীর্ত্তন করিয়াছি। নদ, নদী, সমুদ্র, পর্বত, গ্রাম, নগর, বন, উপবন, ইহাদের যথাস্থানে সং-হান এবং যুদ্ধকৌশল, জাতি বিশেষ, লোক্যাতাবিধান এই শক্ষেরও স্থাপ্ত নিরূপণ করিয়াছি। কিন্তু এই বিশাল বিশ্বকেতে এক জন ইহার উপযুক্ত লেথক দেখি-হৃছি না।

বিষয় তাঁহার অভিমত বিষয় অবগত হইয়া কহিলেন,

বৈশন্ত এই ভূমওলে অনেকানেক মহামুভব মুনি আছেন,
কিন্ত পুনি ভূমওলে অনেকানেক মহামুভব মুনি আছেন,
কিন্ত পুনি ভূমওলে অনেকানেক মহামুভব মুনি আছেন,
কিন্ত পুনি ভূমওলে অনেকানেক মহামুভব মুনি আছেন,
কিন্তু । পুনি ভূমাবিধি সত্য বৈ কথন মিথ্যা ব্যবহার কর
নাই এবং সর্কানা ব্রন্ধনাদিনীবাণী মুখে উচ্চারণ করিয়া
থাক, এক্ষণে যথন স্বপ্রণীত মহাভাইতকে কাব্য বলিয়া
নির্দ্ধেশ করিলে; স্নতরাং এই গুন্থ কাব্য বলিয়া
নির্দ্ধেশ করিলে; স্নতরাং এই গুন্থ কাব্য বলিয়া
পরিগণিত ও প্রথাত ইইবে। যাঁদৃশ, অপরাপর আশ্রম হইতে
গৃহস্থাশ্রম শ্রেষ্ঠ, পুনি্শ, তোমার এই কাব্য অস্থান্য কবির
কাব্য অপেকা উৎক্রই হইবে সন্দেহ নাই। অতএব
এক্ষণে গণেশকে স্বরণ কর, তিনিই, তোমার লেখক হই-

বেন'। এই কথা বলিয়া ব্ৰহ্মা অন্তৰ্হিত হইলো ভগবান সতাবতীস্থত গণেশকে স্মরণ করিলেন। গণপতি স্বতি-মাত্রেই তথায় উপস্থিত হইলে ব্যাসদেব ভক্তি ও শ্রদ্ধা সহকারে তাঁহার যথোচিত সৎকার ও আসন প্রদান করিয়া কহিলেন, হে গণনায়ক! মনীঃসঙ্গলিত মহাভারতাথা গুম্ব আমি অবিকল বলিতেছি আপনি তাহার লেথক হউন। विद्यनामक जाराम (वनवारमत धरे कथा खनिया कहिएनन, মূনে। যদি লিখিতে লেখনী কণুমাত্র বিশ্রাম লাভ না করে, **►তাহা হইলে আমি আপনার লেথক হইতে** পারি। ব্যাস-দেব বলিলেন; হে বিঘ্-নাশক! কিন্তু আনি ধাহা বলিব তাহার যথার্থ অর্থ বোধ না করিয়া আপনিও লিখিতে পারিবেন না। গণাধিথতি ভাহাতেই সন্মতি প্রদান করি-লেন। এই কারণে ব্যাস স্থানে স্থানে গুছ-গুছি-স্থারপ ক্ট-শোক রচনা করিয়াছেন, এবং তিষ্বিয়ে এইরূপ প্রতিজ্ঞা করিয়া কছেন যে, এই ভারত গুছে অষ্ট-সূহন ও অষ্ট-শভ এরূপ শ্লোক আছে যে, তাহার ভাবার্থ সঙ্কলন করিতে কেবল আমি ও শুক পারে। সঞ্জয় পারেন কি না তাহা गत्मह दल। जम्भद्वे विवशं के वाम-कृष्टित जनानि কেহ অর্থ করিতে পারেন না। অধিক কি গণেশ সর্ব্বজ্ঞ হইলেও লিথিবার সময় সেই সকল শ্লোকের অর্থ বোধ করিবার নিমিত ক্ষণকাল ভিত্তিত হইতেন। ইতাবসরে ⊯সদেব বহুতর শ্লোক রচনা করিতেন।

প্রথমতঃ লোক সকল অজ্ঞানতিমিরে সমাজ্য ছিল,
কিন্তু এই মহাভারত জ্ঞানাঞ্জন-শলাকা-দ্বারা সেই মহাবরউল্লোচন করিয়া তাহাদিগের নেত্রোন্মীলক করিয়া দিয়াছে,
এবং ভারতরূপ দিবাকর ধর্মা, অর্থ, কাম, মোক্ষ, সংক্ষেপ্
ও স্বিস্তিরে কীর্ত্তন করিয়া জীব-লোকের মোহার্কিরার
নিব্যান করিয়াছে। প্রাণরূপ পূর্ণচক্র উদ্যু হইয়া জাতি
স্বরূপ ক্রেয়াছে। প্রাণরূপ পূর্ণচক্র উদ্যু হইয়া জাতি
স্বরূপ ক্রেয়াছে। প্রাণরূপ প্রস্তাছ। দেহতিমির নিরাস
ক্রিয়াও ই ইতিহাসস্বরূপ উজ্জ্বল প্রদীপ এই বিশাল বিশ্বরুগ, বাসগৃহকে স্প্রকাশ করিয়াছে।

এই মহাভারত একটি বৃক্ষত্মনপ। সঙ্গুহাধ্যায় ইহার বীজভূত, পোলোম ও আন্তীক ইহার মূল, সম্ভবপর্ক হন্ধ, সভা ও অরণ্য ইহার বিটম্ব, অরণীপর্ক পূর্বস্থারন, বিরাট ও উদ্যোগ পর্ক ইহার সার, ভীম্মপর্কা শাথা, ক্রোণপ্রকা পত্র, কর্ণপর্ম পুশেষরপ, শল্যপর্ম স্থান্ধ, স্ত্রী ও ঐঘিকপর্ম ইহার স্থানীতল-ছারা, শান্তিপর্মে ইহার মহাফল, অখমেধ অমৃতরস, আশ্রমবাসিকপর্মে ইহার আশ্রম্থান। শল্যপর্মে এই বৃক্ষের অগুভাগ। যেমন, মেঘ সকলের উপজীব্য,
তাদৃশ, এই অক্ষয় ভারতবৃক্ষা উত্তর কালে সকল কবিকুলের উপজীব্য হইবে। এক্ষণে ঐ ভারত মহাক্রমের
স্থাত্ব ফল ও স্থান্ধি পুশ্য সমুদ্য বলিব।

অতি পূর্বকালে ভগবান বাদরায়ণি জননী সভ্যবতীর
অন্থনতিক্রমে এবং ধর্মান্ত্রা ভীন্মদেবের নিয়োগান্থসারে,
বিচিত্র-বীর্য্যের ক্ষেত্রে অগ্নিত্রয়-প্রতিম অতি বীর্য্যবান্
তিন সন্তান উৎপাদন করেন। ঐ পুত্রত্রের নাম, ধৃতরাষ্ট্র
পাড়ুও বিহুর। মহর্ষি ইইাদিগকে উৎপাদন করিয়া পুনকর্মির তপস্তার নিমিন্ত আশ্রুমে প্রস্থান করিয়াছিলেন।
অনস্তর ঐ তিন পুত্র জরাগ্রন্ত হইয়া লোকান্তরে গমন
ক্রিলে, মহর্ষি নরলোকে এই পবিত্র ভারত স্থপ্রচার
করেন। পরে ব্যাসদেব সর্প-সত্রকালে রাজা জনমেজয়
ও অন্যান্য ত্রাহ্মণগণ–কর্ত্ক প্রার্থিত হইয়া স্থানিষ্য বৈণস্পায়নকে ভারত কহিতে অন্থ্যতি করেন। বৈশস্পায়ন
আহ্নিক কর্ম্ম-সমাধানান্তে সেই মহতী সভা য় উপবেশন
করিয়া ভারত কীর্ত্তন করিতে লাগিলেন।

কুক্রবংশীয়দিগের ইতিবৃত্ত গান্ধারীর ধর্মশীলতা, বিছূরের, বৃদ্ধি, কুঞ্জীর ধৈর্য্য, বাস্থদেবের মাহাত্ম্য, পাশুরু
দিগের সুরুত্তা, ধার্ত্তরাষ্ট্রদিগের হর্ম্বৃত্ততা, স্থাছে দ্বৈপায়ন
ই সকল অবিকল বর্ণন করিয়া গিয়াছেন। ভারতসংহিতা
প্রথমতঃ চতুন্দ্রি পাতি সহস্র শ্লোকে বিরচিত হয়। তাহাতে
উপাথ্যানভাগ এককালে পরিত্যক্ত হইয়াছিল। পরিশেবে
মহাব নার্দ্ধশতশ্লেকেময়ী অম্ক্রমণিকায় ভারতীয় নিম্বল
বুত্তান্তের সাবস্কলন কুরিলেন।

বেদব্যাস এই মহাভারত প্রস্তুত করিয়াই সক্রাণ্ড্রেরীর পূল্র উক্দেবকে অধ্যয়ন করান। পরে অম্বর্জন প্রিক্ষান্ত তাহা বিতরণ করেন। অনস্তর বৃদ্ধিল নির্দান্তিত তাহা বিতরণ করেন। অনস্তর বৃদ্ধিল নির্দান্তিলে। এ বৃদ্ধিল অন্য এক ভারতসংহিতা রচনা করিয়াছিলে। এ বৃদ্ধিলকের মধ্যে তিংশং লক্ষ দেবলোকে, পিতৃলোকে পঞ্চদশ, গন্ধর্মলোকে চতুর্দশ, এবং নরলোকে একশত সহস্র শ্রোক অন্যাপি বর্ত্তমান আছে। নারদ দেবলোকে মহাভারত স্থ্রার করেন। অনিত দেবল পিতৃলোকে

ও তকদেব গন্ধর্ম যক্ষ ও রাক্ষসদিগকে শ্রবণ করান, এবং ব্যাসদেবের শিষ্য বৈশম্পায়ন মনুষ্যলোকে ভারত কীর্ত্তন করেন। হে ঋষিগণ! একণে আমি আপনাদিগের সমক্ষে তাহাই কহিব।

ৰক্ষ্যমাণ মহাভারতে ব হুর্যোধন কোধময় মুমু বুক্ষ, কর্ণ তাহার স্বন্ধ, শকুনি শুধাস্থরপ, হুঃশাসন কল ও পুলা, মনস্বী রাজা ধতরাষ্ট্র তাহার মূল। যুধিষ্ঠির ধর্মময় মহারক্ষ, অজ্ঞ্ন স্বন্ধ, ভীমসেন তাহার শাখা, মাদ্রীস্থত নকুল সহ-দেব তাহার পুলা ও ফল এবং কৃষ্ণ ব্রহ্ম ও ব্রাহ্মণ গ্রহার মূল।

রাজা পাণ্ডু বৃদ্ধি ও বিক্রম প্রভাবে নানাদেশ অধিকার করিয়া অবশেষে বনবাদী ঋষিদিগের সহিত ৃত্তরণ্যে মৃগয়া-রস্পরবশ হইয়া কাল্যাপন করিতে লাগিলেন। মৃগয়াকালে সম্ভোগাসক্ত একটি মৃগকে লক্ষ্য করিয়া শর-ক্ষেপ করিলে ঐ মৃগ মৃত্যুকালে তাঁহাকে এইরূপে অভি-শাপ দিল, মহারাজ ! আপনি সভোগদময়ে যেমন আমার প্রাণ সংহার করিলেন, তাদৃশ আপনিও অতঃপর সম্ভোগ-স্থ্ৰ অমূভ্ৰ ক্ষিতে পান্তিৰেন না; তাহা হইলে নিশ্চয়ই মৃত্যুম্থে নিপতিত হইবেন। স্থতরাং তদব্ধি অনপত্যতা-নিবন্ধন তিনি অত্যন্ত বিপদে আক্রান্ত হইলেন। অগত্যা ধর্ম, বায়ু, ইক্রও অখিনাকুমারের ঔরসে পাগুবদিগের জন্মলাভ হইল। কুন্তী ও মাদ্রী ঋষিদিগের সেই পরম পৰিত্র আশ্রমে পাগুৰগণকে লালন পালন করিছত লাগি-লেন। অনম্ভর ঋষিরা জটাবুক্দধারী পাগুবগগুকে রাজ-ধানীতে ধৃতরাষ্ট্রাদির নিকটে উপনীত করিয়া কহিলেক। ইহারা পাণ্ডুপুত্র, অরণ্যে আমাদিগের প্রবড়ে রকিউ পরিবর্দ্ধিত হইয়াছে। ইহারা আপনাদিগের পুত্র, মিত্র, 📆।, স্থাৰ ও ভ্ৰাতা স্বৰূপ, এই বলিয়া ঋষিরা সেই স্থান হইতে প্রস্থান করিলেন। জাহারা পঞ্চপাত্তবকে অইর ন সক লের পরিচিত করিয়া অন্তর্হিত হইলে কোরব ও পুরবাসি-গণ সহর্ষে সকলেই সহা কোলাহল করিতে লাগিল। তন্মধ্যে কেহ কহিল, ইহাঝ তাঁহার সম্ভান নহে, কেহ কেহ কহিল, তাঁহারই বটে, কৈহ কেই ৰলিল, বছকাল হইল পাও,রাজা লোকাম্বরিত হইয়াছেন্যু স্বতরাৎ ইহারা তাঁহার পুত্র, ইহাই বা কি প্রকারে সম্ভবপর হইতে পারে ১ যাহা হউক, ভাগ্যক্রমে আমরা অদ্য পাণ্ডুরাজার সম্ভতি

দেখিলাম। এইরূপ কথাই সকল স্থানে লোকের মুখছইতে নির্গত ছইতে লাগিল। ঐ কোলাহল নির্গত
ছইলে আকাশবাণী ছইল। পুশা বর্ষণ-সহকারে স্থান্ত সমীরণ সঞ্চরণ করিতে লাগিল। ফিলতঃ পাণ্ডুপুত্রদিগের
নগর-শাবেশ কালে এই সকল শুভ লক্ষণ স্পষ্টই লক্ষিত
ছয়। পুরবাসিগণ এই সকল অদুত ব্যাপার দেখিয়া
অতিশয় হর্ষ প্রকাশ করিতে লাগিল।

অনন্তর পাওবেরা নিখিল বিদ ও বিবিধ শাস্ত্র অধ্ব রন করত পূজিত ও প্রশংসিত হইরা অকুতোভয়ে তথারী, বাস করিতে লাগিলেন। যুধিষ্ঠিরের বিশুদ্ধ আচার ও ব্যবহারে, ভীমদেনের থৈর্যে, অর্জুনের বিক্রমে, কুন্তীর শুরুলুঞ্জাবার, নকুল ও সহদেবের বিনয় ও শৌর্যাগুণে প্রকৃতিরা অতি প্রীত ও প্রসর হইরাছিল। অনন্তর ফর্জুন সমাপত সমস্ত ভূপাল সম্মুথে অতি অন্তব্যাপার সমাধান করিয়া স্বয়ন্থরা কন্যা স্থোপুলীকে আনয়ন করিলেন। তদ-বধি অর্জুন সকল ধমুর্ধারীদিগের মধ্যে পূজ্য হইলেন, এবং সমরাক্রণে অবতীর্ণ হইলে প্রচন্ত দিবাকরের জায় নিতান্ত ঘনিরীক্ষ্য হইতেন। কেহই তাঁহার ছর্ব্বিসহ বীর্যা সহ্ ক্রিডে পারিত না। মহাবীর অর্জুন নিজভুজবলে সমস্ত ভূপতিদিগকে পরাজয় করিয়া যুধিষ্ঠিরের রাজস্র যজের অ্যুষ্ঠান করেন।

অন্ত্র যুধিষ্টর বাহ্ণদেবের সংপরামর্শে, ভীমসেন ও
অর্জুনের বাহ্বলে হর্দান্ত জরাসদ্ধ ও পরাক্রান্ত শিশুপালের
বধ সাধনী করিয়া দীন হঃখীদিগকে অন্নদান ও যজান্তে
বাহ্নপাগণকে দক্ষিণা দান করিয়া নিরাপদে রাজস্ম মহাএই সমাপন করিলেন। দেশ দেশান্তর হইতে পাণ্ডবদিগের নিকট মণি, কাঞ্চন, গো, হস্তি, অখ, বিচিত্র-বসন,
কম্বল, প্রাবার, আবেরণ ও আন্তরণ, রাশি রাশি এই সকল
উপটোকন আনিতে লাগিল। তথন প্লাণ্ডবদিগের অপেক্ষাক্বত উন্নতি ও সম্পত্তি দেখিয়া হর্মতি হুর্ঘ্যোধনের
মনোমধ্যে অভাক স্বর্ঘ্যা জন্মিল। বিশেষতঃ মন্নদানবনিম্মিত পরমান্তর্ঘ্য সম্ভা দেখিয়া তিনি যথোচিত পরিতাপ
পাইলেন। সক্ষান্ত্রব্র্যান-কালে জলে স্থল ও স্থলে জল
ক্রম হইলে বাস্থানেরের সমক্ষে, হুর্ঘ্যোধন নিতান্ত নীচের
ক্রীন্ন ভীমকর্ত্রক উপইসিত ও অপমানিত হওয়াতে অদেবভোগ-ম্থ-সম্পান হইলেও দিন দিন্ধবিবর্ণ, ক্রম্ম ও প্রিভ্রন্থ

হঁইতে লাগিলেন। পুক্রবংসল ধৃতরাষ্ট্র ছর্য্যোধনের অভিদ্যত অবপত হইয়া তাঁহার মনোছঃখ দূর করিবার নিমিন্ত দ্যতক্রীড়ার অফুজা দিলেন। ইহা শুনিয়া শ্রীক্তকের অস্তঃকরণে ক্রোধের সঞ্চার হইল। তাহাতে তিনি অত্যন্ত অসন্তঃ ইইলেও বিবাদের অস্থমোদন করিয়া দ্যত প্রভৃতি ছ্নীতির অপেকা করিলেন, তাহা নিবারণ করিবার কোন উপায় অবধারণ করিলেন না। স্ক্তরাং বিহুর ভীম দ্যোণ ও ক্রপাচার্য্যের অনভিমতে ক্রির্বংশ ধ্বংশ হইল।

া মহারাজ ধতরাষ্ট্র পাওবদিগের বিজয়বার্তা শ্রবণ ও ছুর্য্যোধন, কর্ণ ও শকুনির অভিমত বিষয় স্মরণ করিয়া সঞ্জয়কে কহিলেন, হে সঞ্জয় ৷ আমি তোমাকে সমুদয় কহিতেছি, শ্ৰবৰ কৰে। কিন্তু আমার কথা শুনিয়া সহসা অস্যা-পরবশ হইও না। দেখ, আমার জ্ঞাতি-বিবাদে সম্মতি নাই, এবং সমক্ষে কুলক্ষ্ম হয়, আমি তাহাতেও প্রীত নহি। আমার পুত্র, ও পাওুর পুত্র বলিয়া অদ্যা বধি উভয়পক্ষে কোনরূপ বিভিন্ন ভাব প্রদর্শন করি নাই। ज्यानि भूरत्वहा टकांध-भन्नायन इंटेब्रा वृक्ष ब्रामिया जामारक য়ণা ও অবজ্ঞা করে। আমি অন্ধ, স্কুতরাং পুত্রবংসনতা-वশত: नकनरे मछ कतिया श्याकि। पूर्याधन विस्ता-হিত হইলে আমিও মোহে অভিভূত হই। হুর্য্যোধন মহাত্মভাব পাগুবদিপের রাজস্র-যজ্ঞে তাদুশ সমৃদ্ধি দৈৰিয়া এবং সভা প্ৰবেশ-কালে সেইরূপ উপহসিত হইয়া क्टे ७ व्यम्ब्रेट इरेन । क्वियकूरन क्या शहर क्रिया तर्-স্থলে পাণ্ডবদিগকে জয় করিতে অক্ষম্ও সমস্ত রাজ্য-সম্পত্তি আত্মসাৎ করিতে পরাঙ্মুথ হইরা পরিশেষে গান্ধার-রাজ্জর পরামর্শ-গ্রহণ-পূর্বক যুধিষ্ঠিরের ফুনিংত কপ্রীপাত-ক্রীড়া করিয়া সাম্রাজ্য অধিকার করিবার করনা করিল। হে সঞ্জয়। আহ্নি সে বিক্ষের যাহা কিছু জানি, তাহা অবিকৃত্র কহিতেছি শ্রবণ কর। তুমি গুণজ, মেধাবী ও বৃদ্ধিমান; স্মতরাং যুক্তিনঙ্গত কথা ওনিয়া অবখাই व्यक्तितं विक्करां ७ वृक्षिमकातं भतिहत्र भारेत ।

যথন,শুনিলাম, অর্জুন ধন্পত্ত ল আকর্ষণ করিয়া অসম্বা রাজগণ-সমক্ষে লক্ষ্যভেদ করত তাহা ভূতলে পাতিত ও ক্রৌপদীকে হরণ করিয়াছে, তদবধি আমি জয়াশায় নিরাশ হইয়াছি। যথন শুনিলাম, অর্জুন ছারকায় স্ববিক্রম-প্রভাবে স্বভন্তার পাণিগ্রহণ করিয়াছে, তথাপি বৃঞ্জিবংশা- বতংস কৃষ্ণ বলরাম তাদৃশ ঘুণিত ও নিন্দিত কর্মে উপেক্ষা করিয়া পরমস্থাতা ভাবে ইন্দ্রপ্রস্থে আগমন করিয়াছেন, তদ্বধি আমি জয়াশার নিরাশ হইয়াছি। যথন শুনিলাম, रमवताक रेख, नित्रविष्ट्य म्यनधारत तृष्टि कतिरा नाशिरनन, কিন্তু অৰ্জন তাহাতে কিছুমাত্ৰ শক্তি না হইয়া দিবা শরজাল বিস্তার করত সেই বৃষ্টি নিবারণ করিয়া থাওব-দাহে অগ্নিকে পরিতৃপ্ত করিয়াছে, তদবধি আমি জয়াশায় নিরাশ হইয়াছি। যথন শুনিলাম, কুম্ভীর সহিত পঞ-পাওব জাতুগুহের প্রজালিত হতাশন হইতে পরিতাণ পাইয়াছে এবং অসামান্য ধীশক্তি-সম্পন্ন বিহুর ভাহা-দিগের অভীষ্টাসিদ্ধর নিমিত্ত যত্নবান আছে,. ওদবধি আমি ज्ञानाम निवान **रहेगाछि।** यथन 'खनिशाम, धीनरमन वाँ ह्वत्व वन मृश्व भग्धाधिशिष्ठ अञ्चामक्राक वर्ष कतिया छ, এবং দিখিজয়-প্রদক্ষে অনেকানেক ভূপতিদিগকে বশা-ভূত করিয়া রাজস্ব মহাযজের অনুষ্ঠান করিয়াছে, তদ-বধি আমি জয়াশায় নিরাশ হইয়াছি। যথন শুনিলাম, একবস্তা, অশ্রমুখা, হঃখিতা, রজস্বলা দ্রৌপ্রদীকে সনাথা ্হইলেও অনাথার ভায় সভায় আনয়ন ও নিতান্ত নির্দোধ ছঃশাসন ভাঁহার পরিধেয় বগন আকর্ষণ করিয়াছে, তথাপি ঐ ছষ্ট বিনট হয় নাই, তদবধি আমি জয়াশায় নিরাশ হইয়াছি। যথন গুনিলাম, শকুণি পাশক্রীড়া করিয়া যুধিষ্ঠিঃকে পরাজিত ও রাজ্যচ্যত করিয়াছে, তথাপি শাস্ত ও সুশীল লাভুগণ ভাঁহার অনুগত্ই আছে, তথন আর बराय वामा कति नारे। यथन वन श्राम काल (कार्छ-ভক্তিপরায়ণতা প্রযুক্ত পাণ্ডবাদগকে অশেষ ক্লেশ-স্বীকার সহস্কারে বিবিধ হিত-চেষ্টা করিতে প্রবণ করিলাম এবং ভিক্ষোপজীবি মহাত্মা সাতক বান্দণগণ ধর্মরাজ ঘুধি বৈর অনুগত আছেন, তথ্য আর জ্যের আশা করি নাই। যথন ভনিলাম, অজ্ন কিরাতরপী ভগবান্ মহাদেবকে যুদ্ধে **রীক্ত ও প্রদন্ন করিয়া পাশুপত মহান্ত্র প্রাপ্ত হইয়া**ছে এবং স্বর্গে দেবরাজ ইক্সের নিকট যথাবিপ্রানে অন্তর্শিকা করিয়াছে, তথন আমি আর জয়াশা করি নাই। যখন छनिनाम, वत्रान-पृथ ও দেবতাদিগের অজেয় প্লোমা-পুত্র কালক্ষেদিগকে অর্জ্জুন পরাজয় করিয়াছে, এবং वृक्षीख मानवमन-मूमन कतिवात निभिष्ठ हेक्क लाटक शमन ক্রিয়া,কুতকার্য্য হইয়া প্রত্যাগমন ক্রিয়াছে, তদ্বধি

আর জয়াশা করি নাই। যথন গুনিলাম, ভীন ও অফ্রাক্ত পাওবগণ, যথায় নরলোকের স্ঞারমাত্র নাই, এইরূপ ছুর্গম স্থানে গমন করিয়া কুবেরের সহিত সমাগত হই-রাছে, তথন আর আম.ব জয়াশা নাই। যথম গুনিলাম, কর্ণের পরামশক্রমে ঘোষাতাগত মৎপুত্রেরা গল্পালার সংযত ও অর্জ্জন কর্ত্তক বিমোচিত হইয়াছে, তদবধি আনার আর জ্য়াশা নাই^ছ। যথন গুনিলাম, ধর্ম স্বয়ং যক্ষের আকার খীকার করিয়া ধর্মরাজ স্বনিষ্টিরের স্থাতে উপস্থিত হইয়া কয়েকটি প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন, তদব্দি আমি জয়াশায় নিধাশ হইয়াতি। যথন শুনিলাম, বিরাট নগরীতে দ্রৌপদীর সহিত পঞ্চপাণ্ডন প্রচ্ছন্ন-নেশে অজ্ঞাত বাস অবশ্বন করিয়াছে, কিন্তু আমার পুলেরা কিছতেই তাহার অহুসন্ধান করিতে পারিল না, তদব্দি ছারে আনি জরাশ। করি নাই। বখন শুনিলাম, বিরাটরাজ স্বস্থতা উত্তরাকে অলঙ্কতা করিয়া অর্জ্জনকে সম্প্রদান করিয়াছেন, এবং অর্জুনও আপনার পুলের নিমিত্ত তাতাকে প্রতিগ্রহ করিয়াছে, তথন আর ^ভআমি জয়ের আশা করি নাই। যথন ভানিলাম, নিজ্জিত, নির্ধন: নিয়ামিত ও স্বল্লন-বহি-ষ্কৃত যুধিষ্ঠির সপ্ত অক্ষোহিণী লেনা সংগ্রহ করিয়াছে, এবং বলিকে ছলিবার নিমিত্ত যিনি এক পদে এই সম্পূর্ণ পুথিবী অধিকার করিয়াছেন, নেই ত্রিবিজ্রন নারায়ণ, যাস্ত্রের বছ-বিধ উদ্দেশ্য সংসাধন করিতেছেন, তদব্ধি আমি আর জয়াশা করি নাই। যথন নারদমূথে ভারিলাম, কুফার্জ্জন সাকাৎ নরনারায়ণাবভার, তিনি এক্সলোকে উহাদিগকে নিরীকণ করেন, তদবধি আর জ্যাশা করি নাই। শুনিলান, বাস্থদেব লোকের হিত্যাধনের নিমিত্ত কু দিগের বিবাদ-ভঞ্জন করিতে গ্রমন করিয়া পরিশেষে চার্মি তার্থ না হ্ইয়া প্রত্যাগত হ্ইয়াটেন, তদ্বধি আরু আমি জয়াশা করি নাই। । যথন শুনিলাম, কর্ণ ও চুর্যোধন ক্বফকে নিগ্রহ করিতে সচেষ্টিত আঁচ্চ,কিন্তু তিনি আপনার वह्विध क्रांश थानम्न क्रिया . छाहानिशत्क निरम्छे क्रि-য়াছেন, তথন আর জঁয়াশা করি নাই। যথন ওনিলাম, কৃষ্ণ প্রস্থান-কালে নিতান্ত দীনা কুন্তীক্ত্রে 👉 কাকিনী রথের সন্মুথে দণ্ডায়মানা দেখিয়া অশেষ সাস্ত্ৰা বাক্যে ভাঁহাকে আখান প্রদান করিয়াছেন, তথন আর জয়াশা করি নাইী যথন ত্রিলাম, বাহ্যাদ্ব ও ভীম উভয়ে পাওবদিগের

মনী হইয়াছেন এবং জোণাচার্যা কার্মনোবাকো নির-বচ্ছিন্ন তাহাদিগের শুভাগুধাান করিতেছেন, তথন আর জয়াশা করি নাই। যথন গুনিলামু ভীমদেব, " তুমি মুদ্ধ না করিলে আমি যুদ্ধে প্রবৃত্ত হই না " কর্ণকে এই কথা কহিয়া সেনাধিকার পরিত্যাগ কিরিয়াছেন, তথন আর জয়াশা করি নাই। যখন খুনিলাম, অর্জ্জন বিষয় ও पाहाक्क्स इटेटल कृष्ण अगतीत् ठळूफ्म-ळूरन मर्नन कतारे-बाट्डन, उपन जात जवामा कति नारे। यथन अनिवाम, ভীম প্রতিদিন রণক্ষেত্রে দশসহস্র লোকের প্রাণ সংহার করিলেও পাভ্বপক্ষীয় বিখ্যাত কোন এক ব্যক্তিকে বিনষ্ট করিতে পারেন নাই, তথন আর জয়াশা করি নাই। •যথন ভনিলাম, ধর্মপরায়ণ ভীয় পাওবদিগের নিকট আপনার বুধোপায় অবধারণ করিয়া দিয়াছেন, এবং তাহারা অত্যস্ত সম্ভষ্ট হইয়া সেই বিষয় সংসাধন করিয়াছে, তথন আর জয়াঁশা করি নাই। যথন শুনিলাম, অর্জুন শিখভীকে সম্মুখে রাণিয়া মহাবল-পরাক্রাস্ত ভীম্মকে নিতান্ত নিন্তেজ করিয়াছে, তথক আর আমি জয়াশা করি নাই। যথন শুনিলাম, ভীন্নদেব মৎপক্ষীয় অসম্ভা লোককে ৰিনষ্ট ও অল্লাবশিষ্ট করত শত্রুপক্ষদিগের স্থতীক্ষ শরজালে বিদ্ধকলেবর হইরা শরশযায়ে শয়িত হইয়াছেন, তথন আর জয়াশা করি না। বথন শুনিলাম, ভীমা শরশ্যায় শয়ান হইয়া পিপাদাশান্তির নিমিত পানীয় আনয়নার্থ অনুজ্ঞা করিলে অর্জন ভূমিভেদ করিয়া তাঁহাকে পরিতৃপ্ত করি-ग्राष्ट्र, ज्रुपन आत अग्रामा केत्र नारे। यथन अनिनाम, বায়ু, ইব্রু ও স্থ্য ইহারা পাত্তবদিগের অমুক্ল আছেন এर: इत्र**छ हिः खब**खन याजाकात आमानिगरक नाना-প্রকারে বিভীষিক। প্রদর্শন করিয়া থাকে, তথন আর আমি জুয়াশা করি নীই। যথন শুনিলাম, বিচিত্রবীর্য্য दिनागर्हीया सूरक नानाविध व्यज्ञश्रद्धागरेनश्ना व्यनमन করিয়া পাণ্ডবদিগের মধ্যৈ প্রধান এক ব্যক্তিকেও বিনষ্ট করিতে পারেন নাই, তথন স্থামি আঁর জয়াশা করি নাই। যথন ভদিলাম,মহারথ সংসপ্তকগণ,সাহারা অর্জ্জুন বিনাশের নিমিত্ত ব্যবস্থিত হুইয়াছিল, তাহারা তৎকর্ত্ত নিহত হই-ग्राष्ट्र, उर्थन आर्ब जामि खग्नामा कत्रि नाहै। यथन छनि-লাম, জোণাচার্য্য অস্ত্র গ্রহণ করিয়া, যাহা সতত সাবধানে সংরক্ষণ করিতেছেন, সেই হুর্ভেদ্য বৃাহ ভেদ করত

তন্মধ্যে অভিনত্ন অনহায় হইয়া সহসা প্রবেশ করিয়াছে. তথন আর জয়াশা করি নাই। যথন গুনিলাম, সপ্তর্থী অর্জ্ন-বিনাশে অসমর্থ হইয়া অলবয়ক্ষ বালক ভতি-মস্থাকে বধ করত পরম ু সস্থোয লাভ করিয়াছে; তখন আর জয়াশা কৈরি নাই। যথন গুনিলাম, অভিমন্তাকে বিনষ্ট করিয়া ধার্ত্তরাষ্ট্রো অতিশয় ক্টও সম্ভূষ্ট চটলে অর্জ্ন রোয-ভরে সিমুরাজ জয়ত্রথকে বিনাশ করিতে দুঢ় প্রতিজ্ঞা করিয়াছে, তথ<mark>ন আর জয়াশা</mark> করি নাই। यथन अनिवास, व्यक्तंन भक्तमभक्त अग्रज्ञथर् वध निवा অনায়ামে প্রতিজ্ঞাপাশ হইতে বিমুক্ত হইয়াছে, ওবন আর জয়াশা করি নাই। যথন শুনিলাম, অর্জ্জানের অগ্র **हजुडेश এकान्छ क्रान्ड रैटेल वाँश्राहर रहन উत्माहन** कहा তাহাদিগকে জল-পান করাইয়া পুনর্কার রথে গোজনা করেন, তথন আর জয়াশা করি নাই। যথন গুনিলাম. কর্ণ পত্রর অগ্রভাগদারা ভীমসেনকে আকর্ষণ করিয়া মথে।-চিত তিরস্থার করিয়াছেন, ও মে অশেষ ক্লেশ স্বীকার করিয়া ভাগারেলে আপনার প্রাণ-রক্ষা করিয়াছে, তখন আর জয়াশা করি নাই। যথন গুনিলাম, জোণ, কুতব্দা ক্তপ, কর্ণ, অখথামা•ও শল্য ইহারা প্রতীকারে পরাত্ম্য হইয়া সমক্ষে জয়দ্রথ-বধে উপেকা করিয়াছেন, তথন আর জয়াশা করি নাই। যথন শুনিলাম, দেররাজ-দত দিব্য-শক্তি যোরক্ষী রাক্ষ্য ঘটোৎকচের বধনিমিত্র 🕹 প্রযুক্ত হইয়াছে, তথন আর জয়াশা করি না€। যথন শুনিলাম, কর্ণ অজ্জুনের বধ সাধন কুরিবার নিমিত থে এক প্রক্ষণাতিনী শক্তি রাথিয়াছিলেন, তাহা রাঞ্স ঘটে কেছের উপর নিকেপ করিয়াছেন, তথন আরু জ্ঞালা ক িনাই। যথন ভূনিলাম, গুইছায় য়ৄয়-ধশের বিকল আচরণ করিয়া মরণে ভির-নিক্রে বিশক্ত ও রুণ্ছিত জোণাচাব্যের শিরভেদন করিয়াছে, তথন আর জয়াঁশা करि नारे। यथन अनिवाम, अध्यामात मधुयीन करेगा মারীস্কৃত নরুল অসভা্য-লোক-সমক্ষে ঘোরতর দৈর্থ সংগ্রাম করিয়াছে, তথন আর জ্যাশা করি নাই। যথন खनिर्माम, (ज्ञाग्वर्ध क्यार्थ व्यधीत हरेगा व्यथ्थामा नाता-রণাস্ত্র পরিত্যাগ করিয়াও পাওবদিগের প্রধান এক ব্যক্তির প্রাণসংহার করিতে পারিলেন না, তথন আর জয়াশা করি नारे। यथन अनिलाग, जीयरमन यूरक क्शांमरन्द्र क्रित

পান করিয়ার্ছে, এবং ছর্ব্যোধন প্রভৃতি অনেকেই তথায় সমুপস্থিত থাকিরাওতাহা নিবারণ করিতে অক্ষম হইরাছে, তখন আর জয়াশা করি নাই। यथन ভনিলাম, অর্জ্জন অতিপরাক্রাস্ত কর্ণকে সমরশারী করিরাছে, তথন আর জয়াশা করি নাই। যথন গুনিলাম, ধর্মরাজ যুধিষ্ঠির অভি হুৰ্দ্ধ হু:শাসন, মহাবীগ্য কৃতবৰ্মা অখথামাকে পরাজয় করিয়াছেন, তথ্ন আর জয়াশা করি নাই। যথন শুনি-লাম, যে শল্য বাস্থদেবকে পরাজয় করিব বলিয়া সর্বাদা ম্পর্কা ক্রিত, যুদ্ধস্থলে যুধিষ্ঠির তাহার প্রাণ নাশ করি মা-ट्रिन, ज्थेन जांत्र क्यांगा कृति नारे। यथन छनिनाम, महामद कनह ७ मां अञ्चि कि किया क्रीं जित्र निर्मान ७ অতি মায়াবী প্রবন্ধ সৌবলকে মৃত্যুমুখে প্রত্যর্পণ করি-ग्राट्ड, उथन चात्र अत्रामा कति नारे। यथन छनिनाम, प्रधीर्थन इंडरेनना ७ नहांत्रभूना हरेत्रा अकाकी इत्तत অভ্যম্ভরে প্রবেশ করত জলস্তম্ভ করিয়াছে, তথন আর क्यांना कति नारे। यथन छनिनाम, इर्र्यापन गर्नायूरक স্বিশেষ নৈপুণ্য প্রদর্শন করিতেছিল, ইত্যবসুরে ভীমসেন আপনার অমুরূপ বিক্রম প্রকাশ করিয়া তাহাকে সমর-শারী করিয়াছে, তথন আর জয়াশা করি নাই। যথন তনিলাম, অশ্বখামা প্রভৃতি কতিপর বীরপুরুবের। সমবেত হইয়া দ্রৌপদীর প্রস্থুপ্রপঞ্চক বিনাশ করত অতিঘূণিত ূও নিন্দিত কর্মের অমুঠান করিয়াছেন, তথন আর জয়াশা করি নাই % যথন শুনিলাম, অর্জ্জুন ''ছস্তি'' বলিয়া অস্ত্র-দারা অখথামার অমোঘ ত্রদাশির অস্ত্র নিবারণ করিরাছে এবং তাহার তুষ্টি সাধন করিবার নিমিত্ত অশ্বত্থামাও মণি-রত্ন প্রিত্যাগ করিয়াছেন, তথন আর জয়াশা করি নাই। यथन खनिनाम, अवधामा मज्ञभूठ अञ्च खात्रांग क् तेत्रा উত্তরার গর্ত্ত নাশ,কর্মেন, তহপুলকে বৈপায়ন ও বাস্থানেব উভয়ে তাঁহাকে অভিশাপ প্রদার করিয়াছেন, তথন আর क्यांगा कति नारे। धकरण गीकाती भूल, त्भीख, भिछा, ভাতা প্রভৃতি সমৃদর আত্মীর 'বজনের নিধনদশার এতা-हुम इ्त्रवहात्र भिन्नात्हन, এবং পাশুবেরা অনারাদে अधि ছকর কার্য্যের সংশাধন করিয়া পরিশেবে রাজসিংছাসন অধিকার করিয়াছে, একণে আমাদিগের পক্ষীয় ভিন্টি ও পাগুবদিগের সাউটি, সমুদামে দশব্দন অবশিষ্ট আছে। এই ভরত্বর যুদ্দে অন্তাদশ অকোহিশী সেনা বিনম্ভ হইয়াছে, হে

সঞ্জ ! সেই সমূদর স্মরণ করিয়া আমি বারস্থার মোহে অভিভূত হইতেছি, চারিদিক্ শ্ন্যমর ও জীবলোক শোকমর বলিয়া এক্ষণে প্রতীর্মান হইতেছে। আমার আর
চেতনা নাই। মন বি্রুল হইতেছে।

উগ্রশ্রবাঃ কহিলেন, গুডরাষ্ট্র এইরূপ বছবিধ র্বনাপ করিয়া সহসা মৃদ্ধিত হঠুলেন। অনম্বর চেতনা প্রাপ্ত হইয়া সঞ্জয়কে কছিলেন য় হৈ সঞ্জয় ৷ একণে এইরূপ হর্দশাগ্রন্ত হইয়া প্রাণ ধারণ করা অতি কাপুরুষের কর্ম: ্বিশেষতঃ আমার জীবনের আর কোন প্রয়োজন দেখি-তেছি না, স্বতরাং এই অবস্থায় অবিলয়ে দেহ বিসর্জন করাই আমার পক্ষে শ্রেমস্কর। রাজা ধৃতরাষ্ট্রকে নিতাস্ত কাতর দেখিয়া সঞ্জয় কহিতে লাগিলেন, মহার্জে ! হৈপা-য়ন ও নারদমুখে আপনি শুনিয়াছেন, শৈব্য, হঞ্জয়, श्रद्धांज, तिखानन, कांकीनान, श्रेमिक, नाक्नीक, नमन, শর্যাতি, অজিত, নল, বিখামিত্র, অম্বরীষ, মক্কত্ত, মমু, ইক্ষুকু, গয়, ভরত, দাশর্থি, রাম, শশবিন্দু, ভগীর্থ, ক্লত-বীর্যা, ভভকর্মা, যথাতিঃ ইহারা প্রথ্যাত রাজর্বি-বংশে প্রস্ত হইয়া অলোকিক য়শ, অসামান্য কীর্ত্তি ও ধর্মগুছে জয় লাভ করিয়া পরিখেষে কালবণে এই স্থময় পৃথিবী হইতে অন্তরিত হইয়াছেন। পূর্বকালে শৈব্য রাজা পুত্র-শোকে নিতান্ত কাতর হইলে মহর্ষি নারদ এই চত্র্বিং-শ।৩ উপাথাান ভাঁছার সম্মুথে কীর্দ্তন করেন। তম্ভিন্ন পूक, कूक, रह, भूत, विश्वशंत्र, अग्र, यूर्नाश्व, कक्रष्ट, त्र्यू, विक्रम, वीजिरहाळ, अन, छव, त्यंत्र, तृश्त्रक्त, छेनीनत्र, শতর্থ, কছ, ছলিছহ, ক্রম, দম্ভোত্তব, বেণ, সগর, সৃষ্ট্র, निभि, व्याक्त्य, श्रात्तु, श्रृष्तु, मञ्जू, त्मवाद्रेश, त्मवाद्व्य, স্প্রতিম, স্থাতীক, বৃহত্তথ, স্ক্রভু, নিষধাধিপতি নল, সভাবত, শান্তভন্ন, স্থমিত্র, স্থবলী, আফুলব্র, অনরণ্য, অৰ্ক, বলবন্ধু, নিরামর্দ, প্রিরভৃত্য শুচিত্রত, কেতুশুলী, বৃহ-ष्म, शृंहेरक्जू, वृह्टरक्जू, मीश्ररक्जू, निवायम, क्रज्यम्, চপল, पूर्व, मृद्व्युवि, खविकिश, महाभूतागमञ्जाता, खेठाक পরহা ; এই সকল ও জন্যান্য শত সহল স্থাসির মহীপাল ছিলেন। ইহাঁরা অপেব-ভোগ-হুধ বিস্ফ্রেন করিয়া নিধন দশার নিপভিত হন। অনেকানেক সৃষ্টিধান প্রধান কবি-গণ, প্রাচীন ইতিহাস কহিবার সমর্য প্রসঙ্গরুমে এই मकन वत्तवान बाजानिरशंत अकृत विक्रम, ममधिक यम,

মহাত্মতা, সরলতা, আন্তিক্য, সতা, শৌচ ও দয়া এই সকল विषरंग्रव कृति कृति निमर्भन मिग्रा थारकन । छारात्रा मर्स-গুণসম্পন্ন হইলৈও পরিশেষে মৃত্যু-মুখে নিপতিত হইয়াছেন, কিন্ত আপনার পুত্রেরা অতিশন 🖟 ব্ত, লুকপ্রকৃতি ও রোষপরায়ণ ছিলেন, স্থতরাং তাঁহাদিগের সংহার-দশায় এইরূপ কাতর হওয়া সমূচিত নাই। বিশেষতঃ আপনি रमधारी এবং আপনার বৃদ্ধি-বৃদ্ধি নিয়ত শালাহগামিনী আছে, অতএব এইরূপ বিজ্ঞ ও গুণজ্ঞ হইয়া বারম্বার শোকে আক্রান্ত ও অভিভূত হওয়া আপনার পক্ষে নিতান্ত নিষিদ্ধ ও অমুপযুক্ত। আপনি দৈব-নিগ্ৰহ ও অমুগ্ৰহ উভয়ই বিদিত আছেন। যাহা ভবিতব্য, অতি সাবধানে ণ্মকিলেও তাহা ঘটিয়া থাকে, স্থতরাং তাহার অনুশোচনা করা অবিধের। এই জগতীতলে অদ্যাপি বৃদ্ধিবলে কেছুই দৈবের প্রতিকৃলভাচরণ করিতে পারেন নাই। কারণ, দৈবের অপরিবর্জনীয় নিয়ম অতিক্রম করা কাছারই সাধ্য নহে। ভাব ও অভাব, সুর্থ ও অমুধ সকলই কালবশে নিয়ত পরিভ্রমণ করিতেছে। কাল, সর্বজীবের সৃষ্টি ও কালই তাহার সংহার করিয়া থাকেন, কাল সর্বজীবের দাহ ও কালই তাহার শান্তি করেন। ইহকালে যে সকল শুভা-শুভ উপস্থিত হয় সমুদয় কাল-মূলক। প্রজার স্ষ্টিও मःशाब मकनरे कानमहकारत घरिया थारक। **जीवर**नाक সকলই নিজিত. একমাত্র কাল জাগরিত আছেন। সর্বাক-সর্বাভূতে সমভাবে অবস্থান করিতেছেন। যাহা অতিক্রাস্ত বা অনাগত ও বে অবস্থা বর্ত্তমান আছে, সকলই কালকত বিবেচনা করিয়া আপনার বিচেতন হওয়া সমূচিত নছে। •

• এইরূপ প্রবোধ-বাকো সঞ্জয় প্রশোক-সম্ভপ্ত রাজা গতরাষ্ট্রকে আখন্ত ও স্কৃতিন্ত করিলেন। ভগবান বেদ-বাদন এই বিষয়ের এক পবিত্র উপনিষৎ কহিয়াছেন, এবং অতি বিচক্ষণ কবিঞাণ ঐ উপনিষৎ প্রাণে কীর্ত্তন করেন।

এই মহাভারত অধ্যয়ন করিলে পাপের নাশ ও পুণ্যের সঞ্চার হইরা থাকে। অধিক কি, শ্লোকের এক চরণ উচ্চারণ করিলেও পাপভারের নিবারণ হয়। এই গ্রহে দেব, দেবর্ধি, শ্রহ্মর্বি, যক্ষ ও রাক্ষ্য, ইহাদিগের বিচিত্র ইতিহাস বর্ণিত আছে। যিনি এক্যাত্র পবিত্র ও

সতা স্বরূপ নিতা পরব্রহ্ম, পণ্ডিতেরা ঘাঁহার অঁক্তত রচনাব ঘোষণা করিয়া থাকেন, যিনি কার্য্য কারণ রূপ বিখের নিয়ন্তা, যে অপ্রমেয় পুরুষের সুশাসন অত্থালিত ও অপ্রতি-হতপ্রভাবে বিদ্যমান থাকিয়া এই বিশাল বিশের নির-বচ্ছিন্ন শুভ-সংসাধন করিতেছে, যিনি জন্ম মৃত্যুরূপ হর্ভেদ্য শৃঙালে সংযত করিয়া সর্বজীবের সৃষ্টি করিয়াছেন, ঋষিগণ যোগবলে আদর্শ-তলগত প্রতিবিম্বের ন্যায় অন্তরে বাঁহার বিশ্বরূপ সন্দর্শন করিয়া ভূমানন্দ উপভোগ করেন, গাঁহার তৃষ্টির নিমিত্ত নিত্য ও নৈমিত্তিক ক্রিয়া-কলাপ সুকলই অমুষ্ঠিত হয়, সেই অনাদি, অনন্ত, ভূতভাবন, ভগবান বাস্থদেবের স্থচরিত এই গ্রন্থে সম্যক্-রূপে কীর্ত্তিত আছে। ধর্মপরায়ণ ও পর্ম-শ্রদ্ধাবান নর, নিয়মপুর্বক এই অধ্যায় পাঠ করিলে পাপ হইতে বিমুক্ত হয়েন। তুই সন্ধ্যা এই অমুক্রমণি কাধ্যার পাঠ করিলে মমুষ্যেরা অহোরাক্র-সঞ্চিত পাপহইতে অবশাই বিমুক্ত হয়। এই অধ্যাক্ষ ভারতের কলেবর; সত্য ও অমৃত উভয়ই ইহাতে প্রাপ্ত হওয়া यात्रं। मधित मृत्धा नवनीक, विश्वतनत्र मृत्धा द्वात्रन, त्वन-চতুষ্টরের মধ্যে আরশ্যক, ও্রধির মধ্যে অমৃত, ব্রুদের মধ্যে সমুদ্র, চতুষ্পদের মধ্যে বেরু, যাদৃশ শ্রেষ্ঠ, তাদৃশ ইতিহাসের মধ্যে বেদব্যাস-প্রণীত মহাভারত উৎকৃষ্ট। আন্তীক ব্যক্তিরা শ্রাদ্ধ-কালে ব্রাহ্মণগণকে ভারত সংহিতার ভতঃ এক চরণ শ্রবদ করাইলেও ভাহার পিতৃলোক তদত্ত অন্নপানে পরিতৃপ্ত হন। বিদান্ ব্যক্তি রুক্টীদৈপা-য়নপোক্ত এই মহাভারত কহিয়া প্রচুর মুর্থ লাভ করেন ও জ্বণ-হত্যা প্ৰভৃতি অতি হয়তি হইতে আভা ৰমুক্ত হয়েন। ত্রিনি প্রতি পর্রাহে অতি পৃতমনে ইহার ক্তি-পয় জ্জীায় আবৃত্তি করেন, বিতনি সমুদয় গ্রন্থ অধ্যয়ন না করিলেও তাহার সমাক ফল লাভ করেন । যিনি এগা ও ভক্তি সহকারে এই মহাভারতীয় প্লোকশ্রবণ করেন, जिन मोर्च कीवन, महीयमी कींचि ७ अटब वर्गवाम नाजु कदवमं ।

পুর্নির দেবতারী একদা সমবেত হইয়া তুলাযন্ত্রের একদিকে চারি বেদ ও অন্যদিকে এই ভারতসংহিতা রাখিলেন, কিন্তু পরিমাণকালে ভারতসংহিতা সরহস্য বেদচতুইয় অপেকা মহন্ত ও ভারবন্দ গুণে অধিক হইল, তদববি দেবতারা ইহাকে মহাভারত বলিয়াঁ নির্দেশ করি-

লেন। তথসার অষ্ঠান পাপ জনক নহে, অধায়নে পাপ নাই, জীবিকার নিমিত্ত ভিকার্তি অবলম্বন করাও পাপাচার নহে, কিন্তু ইহার আশেষ ভাব দ্যিত হইলেই পাপের স্থার হয়।

অমুক্রমণিকাধ্যায় সমাপ্ত।

দ্বিতীয় অধ্যায়। পর্বসংগ্রহ।

ঋষিগণ কহিলেন, হে স্তনন্দন! আমরা ভারতের অমুক্রমণিকা শুনিলাম, একণে সমস্ত-পঞ্চক নামক যে তীর্থের উল্লেখ করিয়াছ, তাহার যাহা: কিছু বর্ণনীয় আছে সমুদয় শ্রবণ করাইয়া আমাদিগকে চরিতার্থ কর। ঋষি-দিগের এই রূপ প্রার্থনাবাক্যে সম্ভষ্ট হইয়া অতিশিষ্ট-প্রকৃতি সেইতি কৃহিতে লাগিলেন, হে ব্রাহ্মণগণ ! আমি আপনাদিগের সম্মুখে সমস্ত-পঞ্চক তীর্থের বৃত্তান্ত ও অন্যান্য কথা প্রসঙ্গ-ক্রমে সমুদায় কীর্ত্তন করিতেছি, অবধান করুন। অদিতীয় বীর পরভ্রাম এততা ও দাপর যুগের সন্ধিতে পিড়বধ-বার্দ্তা শ্রকণ করত ক্রোধপরায়ণ হইয়া এই পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয়া করেন। স্ববিক্রম-প্রভাবে নিংশেষে ক্ষতিষ্কুল উৎসর করিয়া সেই সমস্ত-পঞ্চকে শোণিতময় পঞ্ছদ প্রস্তুত করেন। শুক্তি য়াছি, তিনি রোষ-পরবর্শ হইয়া সেই হদের রুধির-ছারা পিতৃ লোকের তর্পণ করিয়াছিলেন। অনস্তর ধচীক প্রভৃতি পিড়গণ তথায় আগমন করিয়া পরগুরামকে কহিলেন, হে মহাভাগ ৰাম! ভোমার এইরূপ অবিচলিত-পিতৃভক্তি ও অসাধারণ-বিক্রম দর্শনে আমরা অত্যন্ত প্রীত হার্মাছি, এক্ষণে তুমি আপন্র অভিল্যিত বর প্রার্থনা কর 🟲 রাম कहिरलन, ८० পिছ्গণ! यमि,ध्यमम रुटेम टेब्स इक्स वत-अनात्न अञ्चाह करतनं, जाहा हरिल ब्लाट्स अभीत हरेगा ক্ষত্তির বংশ ধ্বংশ করত কে পাপরাশি, সঞ্চয় করিয়াছি, সেই সকল পাপ ছইতে যাহাতে মুক্ত হই এবং এই শোণিতমন্ন পঞ্জুদ অদ্যাৰ্ধি পৃথিবীতে তীৰ্থস্থান বলিয়া যাহাতে প্রথাত হয়, এরপ বর প্রদান করন। পিতৃগণ " তথাস্ত " ব্ৰিয়া প্ৰশুৱামের অভিমত বৰ-প্ৰদানপূৰ্কক সেইরূপ অধাবসার হইতে ভাঁহাকে কান্ত হইতে আদেশ

করিবেন। তিনিও তদবধি ক্ষত্রিয়দিগের উপর আর কোনরূপ অত্যাচার করিবেন না।

সেই শোণিতময় পঞ্চ ব্রদের সনিধানে যে প্রকল প্রদেশ আছে, তাহাকেই প্রমণবিত্র সমস্তপঞ্চ তীর্থ বলিয়া, নির্দেশ করে। করেণ প্রিতেরা কহেন, যে দেশ রুঁ কোন বিশেব চিছে চিছিত তাই তারামেই প্রখ্যাত হুইয়া থাকে। ঐ সমস্তপঞ্চক তীর্থে কলি ও হাপরের অন্তরে কুরু ও পাওবলৈন্যর ঘোরতর সংগ্রাম হুইয়াছিল। অইাদশ আক্ষোহিণী সেনা যুদ্ধার্থে ভূদোব-বর্জিত সেই পুণ্যক্ষেত্রে সমবেত ও নিহত হয়। হে ব্রাহ্মণগণ! ইহাই তাহার যথার্থ-বাংপত্তিলভা অর্থ। সেই তীর্থ অতিপবিত্র ও রম-ণীয়। হে ধর্মপরায়ণ মহর্ষিগণ! ত্রিলোকে ঐ দেশ যেরূপ বিপ্র্যাত তাহা আপ্রাদিগের সমক্ষে কহিলাম।

ঋষিগণ কহিলেন, হে স্তনন্দন ৷ তুমি যে অক্লোহিণী শব্দের উল্লেখ করিলে, আমরা তাহার অর্থ শুনিতে ইচ্চা করি। কারণ তুমি সকলই জান; অতএব কত নর, কত হতী,কত অশ্ব,ও কত লথে এক অক্ষেছিণী হয়, তাহা সপ্র-মাণ করিয়া বল। সৌতি কহিলেন, এক রথ, এক হন্দী, পঞ্চ পদাতি ও তিন অখ. ইহাতে একটি পতি হয়। তিন পত্তিতে এক সেনামুধ; তিন সেনামুধে এক গুল: তিন গুলে এক গণ; তিন গণে এক বাহিনী; তিন বাহিনীতে অক প্তনা; ভিন প্তনায় এক চমু; তিন চমুতে এক अनीकिनी ; मन अनीकिनीए এक अक्निहिनी इस । এक অক্ষোচিণীতে এক বিংশতিসহত্র অষ্ট্রশত ও সঞ্চতি-সংখ্যক রথ ও তৎসংখ্যক গজ, এক লক্ষ নয় সহস্র তিন শত পঞ্চাশ कन भाषि धरः भक्षिष्ठिमस्य, इत्र भठ भम, अप शांक। আমি যে অক্টোছণী শক্ষের উল্লেখ করিলাম, সংখ্যাতত্ত-বিৎ পণ্ডিতেরা ভাহার এইরুণ নিরূপণ করিয়াছেন। সমস্তপঞ্চক তীর্থে কুক্ষ ও পাওবদিগের এই এপ অটা-দশ অকৌহিণী সেনা একত্ৰ- সমাগত দেই সেনা কৌরবদিগকে উপলক্ষ করিয়া **কালের** অত্তত ও অচিস্কনীর শক্তিসহকারে তথার মৃত্যুমুংখ-নিপ-তিত হয়। তথ্যধ্য প্রমান্ত-বেতা ভীন্ন দশ দিবস যদ্ধ करवन, रहान नाइकिन कोवर रमना रेका कविवाहितन. পরবল-পীড়ক কর্ণ গ্রন্থ দিবস, ও শক্ত অর্দ্ধনিবসমাত মুদ্ধ করেন। তৎপরে ভীৰসেন ও ফর্ব্যোধনের গণাছর আরম্ভ

হয়; তাহাও দিবসার্জমাত্র। অনস্তর দিবসের অবসামে ও নিশার আগমন হইলে অখখামা, কৃতবর্দ্ধা ও কুপাচার্য্য দকলে এক্ষমত অবলম্বন করিয়া অসম্কৃতিতচিত্তে অ্থ-প্রস্থু যুধিন্তিরের সৈনাগণকে সংশ্রীর করিলেন।

• হৈ শৌনক ! আপনার যজে যে ভারতাথা ইতিহাস कहित, दिनवारमञ्जू भिवा देवभागीयन बन्दमकाराय-मर्श-म्ब-कारन जाहा कीर्जन कतित्राहित्नुन । धेरे धारहत आत्रास्त পৌষ্য, পৌলোম ও আন্তীক পর্বেমহাত্মতব ভূপালদিগের বিচিঅ চরিঅ সমাক্-রূপে বর্ণিত আছে। ইহা বছবিঞ উপাধ্যান ও অনেকানেক লৌকিক আচার-ব্যবহারে পরি-পূর্ণ। যাদৃশ, মোক্ষার্থীরা একমাত্র পারত্রিক শুভ-সঙ্করে देवतांगा व्यवनयन करतम, जामुन, विस्कृता मन्न-नाछ-প্রত্যাশায় এই পবিত্র ইতিহাসের আশ্রয় লইয়া থাকেন। বেমন, সমন্ত জাতব্য বস্তু মধ্যে আত্মা, ও সকল প্রিয়বন্ত মধ্যে প্রাণ শ্রেষ্ঠপদার্থ, সেইরূপ এই গ্রন্থ স্বর্থশান্ত অপেকা উংক্ট। যেমন অলপান ব্যতীত জীবন ধারণের আর উপায় नारे, সেইরূপ এই ইতিহাস যে সকল স্ললিত কথা প্রতিপন্ন করিভেছে, তব্যতিরিক্ত ভূমগুলে আর কথা নাই। বেমন সংকুলোম্ভব প্রভুকে প্রভুপরায়ণ ভূতাগণ অভাদয়-বাসনাম উপাসনা করে, সেইরূপ বুধগণ বিবিধ জ্ঞানলাডের অভিলাষে এই ভারত-সংহিতার সেবা করিয়া থাকেন। যেমন স্বর ও ব্যঞ্জনবর্ণ কি লৌকিক कि देवनिक नकन वाकारकरे अधिकात कतिया आह्म, तमरे-क्रि वेह न्यादृष्ठ देखिहात्म चह्रिवरम चह्रकत्री वृद्धिवृत्ति সমর্পিত হইরাছে।

হে ঋষিগণ! এইক্ষণে বেদপ্রতিপাদ্য- সনাতন-ধর্মে অলক্কত অনমুভ্তপুক্র বিষয়ের দীমাংসা-সহক্কত স্থচাম্বরূপে বিরচিত ভারতেক পর্কে সংগ্রহ বলিতেছি, আপনারা কর্মান কর্মন। প্রথম, অন্তক্মণিকা পর্কে; বিতীর, সংগ্রহ পর্কা; পরে পৌষ্য ও পৌলোম পর্কা; আতীক ও বংশাবতরণ পর্কা; তৎপরে প্রমান্ত্রীয় সম্ভব পর্কা; তাহা প্রথম করিলে শরীর রোমাঞ্চিত হয় ৮ তৎপরে অতুগৃহলাহ; তৎপরে হিড়িম্বর্ধ; তৎপরে বক্ষ-বধ; তৎপরে চৈত্রর্থ পর্কা; তৎপরে দেবী পাঞ্চালীর স্বর্থম-বৃত্তান্ত; তৎপরে ক্রিবাহ; তৎপরে হিত্রাগ্যন ও রাজ্যলাভ পর্কা; তৎপরে
কর্মান ক্রণ্যবাস, তৎপরে স্প্তভাহরণ; তৎপরে

যৌতুকাহরণ পর্ক; তৎপরে থাওবদাহ ও মন্দানবদর্শন; তৎপরে সভাপর্ক ; তৎপরে মন্ত্রপর্ক ; তৎপরে জরাসন্ধবদ; তৎপরে দিখিজম পর্বা: দিখিজয়ের পর যুধিষ্ঠিরের রাজস্য মহাযজ; তৎপরে অর্ঘাভিহরণ; তৎপরে শিশুপাল-বধ; তৎপরে দ্যুত, ও অমুদ্যুত পর্বা; তৎপরে অরণ্য; তৎপরে কিশ্লীরবধ; তৎপরে অর্জ্জুনের অভিগমন ও তৎপরে মহাদেব ও অর্জুনের যুদ্ধ; ইহাকে কিরাত পর্বে বলিয়া নির্দেশ করে। তৎপরে ইক্সলোকাভিগমন ; তৎপরে নলোপাখ্যান, ইহা শ্রবণ করিলে অশ্রপাত হয়। তৎপরে মুধিটিরের তীথ-যাত্রা পর্বর ; তৎপরে জটাস্থর-বধ পর্বর ; তৎপরে যক্ষযুদ্ধ তৎপরে নিৰাতকবচযুদ্ধ পর্য্ব; তৎপরে অজগর পর্য্ব ; তং পরে মার্কণ্ডের সমন্যা; তৎপরে জৌপদী ও সভাভাষা সম্বাদ; তৎপরে ঘোষ-যাত্রা; তৎপরে মৃগন্ধপোদ্ভব পর্বেক্, তৎপরে ত্রীহিটোণিক উপাথ্যান পর্বা; তৎপরে ঐক্রহায়, তৎপরে জৌপদীহরণ ; তৎপরে জন্ত্রথ বিম্যোক্ষণ ; 💝-পরে রামচক্রোপাখ্যান ; তৎপরে পতিত্রতা সাবিত্রীর অমুত মীহাত্মাবর্ণন; তৎপরে কুগুলাহরণ; তৎপরে আরণেয়; তৎপরে বিরাটপর্ক তৎপরে পাগুবদিগের প্রবেশ ও সময়-প্রতিপালন ; তৎপরে কীচকব্র ; তৎপরে গোগ্রহণ ; তৎ পরে অভিমন্থার সহিত উত্তরার বিবাহ; তৎপরে উদ্যোগ; তৎপরে সঞ্জাগমন পর্কা; অনস্তর ধৃতরাষ্ট্রের চিস্তামূলক প্রজাগর পর্ব্ধ; পরে সুনৎস্থজাত পর্ব্ধ; তৎপরে যানসন্ধি পর্বা; তৎপরে ক্ষয়ের গমন; তৎপরে মালতীরু উপাথ্যান ও গালবচরিত; তৎপদ্ধে দাবিত্রীর উপাথ্যান; বামদেবো পাখ্যান, বৈণ্যোপাখ্যান ও জামদগ্যোপীখ্যান; তৎপরে মোড়শরাজিক পর্ব্ধ; তৎপরে ক্লফের সভাপ্রবেশ; তৎপরে বিহুঠাপুত্রশাসন, তৎপরে সৈন্যোদ্যোগ ও খেতেপিথ্যান প্রক; তৎপরে মন্ত্র নিশ্চর করিয়া ক্রার্য্য-চিন্তন; তৎপরে সেমাপ**ভিশ্নিয়ো**গাথ্যান ; তৎপরে খেত ও বাস্থদেব সং-রাদ; তৎপরে মহাত্মা কর্ণের বিবাদ; তৎপরে কুরুপাওব-रमना निर्यान ; उरभरत क्यी ७ व्यक्तियी मध्या शर्क ; অনম্বর অর্ম বিবর্দ্ধন উলুকদৃতের আগমন; তৎপরে অম্বোপার্যান ; তৎপরে অভুত ভীমাভিষেক পর্ব্ধ ; তৎপরে জমুদীপনিশ্বাণ পর্ব্ধ; তৎপরে ভূমিপর্ব্ধ; তৎপরে ধীপ-বিস্তার-কথন পর্বা; তৎপত্নে ভগবদগীতাপর্বা; অনন্তর ভীন্নবধ ; তৎপরে জোণাভিষেক ; তৎপরে সংস্পুক্রৈন্য-

বধ; তৎপরে অভিমন্থাবধ পর্কে; তৎপরে প্রতিজ্ঞা; তৎপরে জয়দ্রুথবধ পর্কে; তৎপরে ঘটোৎকচবধ; তৎপরে পর্মান্দর্য্য দ্যোগবধ পর্কে; তৎপরে নারায়ণাক্ত-প্রয়োগ প্রকে।

व्यनस्त कर्नशक्त ; ज्रश्नात भनानक्त ; ज्रश्नात इन-প্রবেশ ও গদাযুদ্ধ পর্ব্ব; অনস্তর সারস্বত ও তীর্থবংশাত্ব-কীর্ত্তন পর্ব্ব ; তদনস্তর অতিবীভৎস সৌপ্তিক পর্ব্ব : অন खत'नाक्रम अधीकशक्तं; जरशदत जनश्रमानिक शक्तं; जर-পরে স্ত্রীবিলাপ পর্ব্ধ; তৎপরে ওর্দ্ধদৈহিক পর্ব্ব; তৎপরে ব্রাহ্মণরূপী চার্ক্ষাক রাহ্মদের বধ পর্ক্ত; তৎপরে ধর্মরাজ যুধিষ্টিরের অভিষেক পর্বা; তৎপরে গৃহপ্রবিভাগ পর্বা; অনস্তর শান্তিপকা; এই পকো রাজধর্ম, আপদর্মা, ও মোক-ধর্ম কথিত আছে। তৎপরে শুক-প্রশ্নাভিগমন, তৎপরে বন্ধপ্রশাসন,তৎপরে হবর্ব সার প্রাহর্ভাব ও মায়া-সম্বাদ পথে ; অনন্তর অমুশাসন পর্কা; অনন্তর ভীল্পের স্বর্গারোহণ পৰ্ক্ৰ; তৎপরে সৰ্ক্ষ পাপ-প্ৰাণাশক অষ্ঠমেধিক পৰ্ক্ষ; তৎপরে অধ্যাত্ম-বিদ্যাবিষয়ক অমুগীভাপক্ষ;ভৎপরে আশ্রমবাসিক পर्का; जरभाव भूजनर्भन भर्का; जरभाव नावनागमन भर्का; তৎপরে অতিভীষণ মৌষল পর্বে; তৎপরে মহাপ্রস্থানিক পর্ব ; তৎপরে স্বর্গারোহাণিক পর্বে ; অনস্তর খিলনামক रत्रिवः भ अवर्ः, अरे अदर्श विकृ अवर्ष, मिछहर्गा, कः मवध ও অতি অভুত ভবিষা পৰ্বে কথিত আছে। এই শত পৰ্ব্ব মহাত্মা বদ্রুদেব কহিয়াছিলেন এবং নৈমিষারণ্যে যথাক্রমে ্লোমহর্ষণপুত্র সৌতি অষ্টাদশ পর্ব্ব কীর্ত্তন করেন। সজ্জেপে এই মহাভারতের পর্কসংগ্রহ फহিলাম।

তন্মধ্যে পৌষা, পৌলোম, আন্তীক, আদিবংশাবতরণ, সম্ভব, জতুগৃহ, হিড়ন্থ ও বকবধ, চৈত্ররণ, জৌপদীর প্রমন্থর, বৈহাহিক, বিছরপ্লেমন, রাজ্যলাভ, অর্জ্জুনের বন নিস, স্বজ্ঞাহরণ, যৌতুকানয়ন, থাঞ্চ্বদাহ, ময়দানবদর্শন, এই সকল আদিপর্বের অন্তর্গত। পৌষা পর্বে উতদ্বের মাহান্ম্য ও পৌলোম পর্বে ভৃত্তবংশবিস্থার কথিত আছে। আস্তীক পর্বে সর্পক্ষ ও গরুড়ের সম্ভব, ক্ষীর-সমুর্জ-মন্থন, উচৈচঃ- প্রবার জন্ম, রাজা জনমেজয়ের সর্প-বজ্ঞান্থচান, ও মহান্মা ভরতবংশীয়দিগের চরিত্র কীর্ত্তিত আছে। সম্ভবপর্বে অনেকানেক ভৃপতিদিগের উৎপত্তি, অনেকানেক বীর প্রক্ষ ও মহর্ষি হৈপায়নের জন্মবৃত্তান্ত, এবং দেবতাদিগের

षरभावजावन वर्निज षाष्ट्र। देनजा, मानव, यक्क, मर्भ, शक्कर्व, পক্ষী ও অন্যান্য প্রাণিদিগের সমুদ্ভব। যাঁহার নামের অহুরূপ লোকে ভারতকুল বলিয়া প্রখাত হইরাছে, মহর্ষি কণের আশ্রমে ছয়ন্তের \গ্রহসে শকুন্তলার গার্ডে সেই ভার-তের অন্মলাভ। শাস্তমুর আবাদে গলার গর্জে বস্থদিপের श्नर्बक्त ७ जाहां निरात श्रेर्भ वारताहन वदः (जर्जारमत সম্পাত: ভীমের সম্ভব এবং তাঁহার রাজ্য-পরিত্যাগ ও ব্রহ্মচর্যা-ব্রত-ধারণ, প্রতিজ্ঞাপালন, এবং ভ্রাতা চিত্রাঙ্গদের ক্রকা, চিত্রাক্ষদের মৃত্য হইলে কনিষ্ঠ ভ্রাতা বিচিত্রবীর্ষ্যের রক্ষাবিধান ও তাঁহার রাজ্যাধিকার; অণীমাগুব্যের অভি-শাপে, ধর্ম্মের নরলোকের অংশে সম্ভব ও বরদান-প্রভাবে क्षकदेवभाषान्त्र, खेत्राय উৎপত্তি, श्रु ठताड्डे भाख्र ७ भाखन দিগ্রে সম্ভব, বারণাবভপ্রস্থানে হুর্বোধনের মন্ত্রণা, পাণ্ডব-দিগের প্রতি ধার্ত্তরাষ্ট্রদিগের কুটপ্রেরণ, ধীমানু ধর্মরাজ যুধিষ্ঠিরের হিত্যাধন করিবার নিমিক্ত পণিমধ্যে তাঁহাকে মেচ্ছভাষায় বিহুরের অশেষ উপদেশ, বিহুরের পরামর্শক্রমে অতিগোপনে স্থারঙ্গনির্মাণ ; রাজিকালে পঞ্চ পুত্রের সহিত নিদ্রিতা নিষাণীকে জতুগৃহে পুরোচন-নামক মেচ্ছের সহিত मार, निविष् अत्राता शाखविष्टातत्र हिष्टिय-पर्मन, महावन ভীমদেন হইতে হিড়িম্বের বধসাধন ও ঘটোৎকচের উৎ-পত্তি, মহাপ্রভাব মহর্ষি ব্যাসদেবের সন্দর্শন ও তাঁহার শংক্রমতিক্রমে একচক্রা নগরীতে এক ব্রাক্ষণের আবাসে ছন্মবেশে অজ্ঞাতবাস অবলম্বন; বকবধে পুরবাসিদিধ্পর বিষয়, জৌপদী ও ধৃষ্টহায়ের জন্ম, ত্রহ্মাণ সমিধাতন জোপ-দার জন্মবুত্তান্ত আদ্যোপান্ত প্রবণ করত স্বরম্বর-সভাদি-দৃক্ষাক্রাস্তচিত হইয়া ব্যাদের আদেশে ও রমণারত্ব-লাভের অভিলাষে পাঞ্চালদেশে পঞ্চপাগুবদিগের গমন, গঙ্গাডীরে গন্ধবরাজ অঙ্গারপর্ণকে পরাজয় করিয়া অর্জ্জ নের তাহার সহিত পরমস্থা-ভাব-সংস্থাপন ও তৎসমাপে তপতী বশিষ্ঠা ও ওক্রের রমণীয় উপাথ্যান-শ্রবণ ও প্রাতৃগণের সহিত অৰ্জ্জনের পাঞ্চালদেশৈ গমন; তথার সমাগত অসংখ্য ভূপাল সমক্ষে লক্ষ্যভদ-পূর্বক ধনপ্রয়ের জোপদীনাভ, ভীম ও অর্জন কর্তৃক যুদ্ধে ক্রুদ্ধ রাজগুণের সহিত শল্য ও কর্ণের পরাজ্ঞর, মহামতি অতি-শিষ্ট-প্রার্থাতি কৃষ্ণ ও বল-রামের ভীমার্জ্নের দেইরূপ অপ্রমের ও অমাত্র-সাহস मन्दर्भात शाख्यरबार्य जाहानिश्वत महिक ममागठ हरेवात

বাস্নায় পরভরামের গৃহপ্রবেশ; পঞ্জাতার এক ভাগ্যা হইবে বলিয়া ক্রপদের বিমর্ষ; এইস্থলে পরমাশ্র্য্য পঞ্চে-ক্সের উপাথ্যানের উল্লেখ; পাঞালীব্র দৈববিহিত অমান্ত্র •বিবাহু; পাণ্ডবদিগের প্রতি ধতরাষ্ট্রকর্তৃক বিহুর-প্রেরণ; विহুহের প্রশাসন ও ক্ষত্তের সন্দর্শন্র পাশুবদিগের খাশুব-প্রস্থে বাস ও রাজ্যার্দ্ধের অধিকার; নারদের আদেশে পঞ্চ-পাত্রবিদ্যার জৌপদী-বিষয়ক নিয়ম সংস্থাপন, স্থলোপ-স্থানের ইতিহাস ; অনম্ভর দ্রৌপদীর সহিত একান্তে উপ-বিষ্ট মৃধিষ্ঠিরের সন্নিকৃষ্ট হইয়া অর্জুনের অন্তগ্রহণ ও বান্ধ-পোর গোধন আহরণ পূর্বক প্রতিজ্ঞা প্রতিপালন জন্য অরণ্য-বাস এবং তৎকালে উলুপীনামী নাগকস্তার সহিত পণিমধ্যে অর্জ্জনের সমাগম; পুণাতীর্থে গমন ও বজ্র-বাহনের জন্ম এবং তথায় তপস্বী ব্রাহ্মণের অভিসম্পাতৈ গ্রাহযোনি প্রাপ্ত পঞ্চ অন্সরার শাপমোচন ; প্রভাস-তীর্থে ক্লের সহিত অর্জুনের সাক্ষাৎকার লাভ; ক্লঞ্চের অভি-মতে দারকায় অর্জ্জনের স্বভদা-প্রাপ্তি; যৌতৃক-প্রদানের নিমিত্ত খাওবপ্রস্থে কৃষ্ণ প্রস্থিত হইলে পর স্বভদ্রার গর্জে অভিমন্থার জন্ম; দ্রৌপদী-পুত্রের উৎপত্তি-কীর্ত্তন; যমুনায় জল-বিহারার্থে গমন করিলে ক্লফার্জুনের চক্ত ও ধরু नां ; था खरनां इ : अनी अ व्यननभश इहेर अम्रानित अ ভূজজের পরিতাণ; মন্দপাল নামা মহর্বির ঔরসে শাঙ্গীর-গর্ডে স্পত্যেৎপত্তি; আদিপর্ব্বে এই সকল বর্ণিত আছে। বেদবাঁাুস এই পর্ব্বে ছুইশত সপ্তবিংশতি সংখ্যক অধ্যায় কহিয়াছেন, তাহাতে অষ্ট সহস্র অষ্ট শত ও চতুরশীতি শ্লোক রচনা করেন।

অনস্তর বছর্তাস্তর্ক বিতীয় সভাপর্ক আরম্ভ হই-তেছে। পাওবদিপের সভা নির্মাণ; কিন্তর দর্শন; দেবর্ষি নারদ-কর্ত্তক ইক্স প্রভৃতি লোকপালগণের সভাবর্ণন; রাজহুয় মহাযজের আরম্ভ; জরাসদ্ধবদ্ধ; গিরি ব্রজে নিরুদ্ধ
রাজগণের কৃষ্ণকর্ত্তক বিমোচন; পাওবদিগের দিখিজয়;
ভূপালদিগের রাজহুয় যজে আপ্রান; যজে অর্য্যদান প্রান্তক্ষ
শিশুণালের সহিত বিবাদ ও ভাহার বধ; পাওবদিগের
রাজহুয়-যজ্যে তাদুশ সমৃদ্ধি সন্দর্শন করিয়া হুর্য্যোধনের
বিষাদ ও স্বর্ধা; ভীমকর্ত্তক সভামধ্যে হুর্য্যোধনের প্রতি
উপহাস ও তাহার ক্রোধ; তরিবন্ধন দ্যভক্তীড়া; ধূর্ত্ত

ছ:খিতা ডৌপদীর ধৃতরাষ্ট্রকর্ত্বক উদ্ধার; ডৌপদীকে বিপত্ন তীর্ণা দেখিয়া ছবৈঁগাধনের পুনর্ব্বার পাশুবদিগের সহিত দাতারস্ত ; দতে পরাজয় করিয়া তৎকর্ত্বক পাশুবদিগের বন প্রেষণ ; মহর্ষি বেদব্যাস সুভাপর্ব্বে এই সকল বর্ণন করি-মাছেন। এই পর্ব্বে অন্ত সপ্রতি অধ্যায় এবং দিসহত্র পঞ্চ-শত একাদশ শোক আছে।

অনস্তর অরণ্য নামক তৃতীয় পর্ব। মহায়া পাওবধণ বন-প্রস্থান করিলে পৌরজন কর্তৃক ধীমান্ যুধিষ্ঠিরের অন্ন-গমন: ওষ্ট্র ও ব্রাহ্মণগণের ভরণ পোষণের নিমিক্ত পৌম্য মুনির উপদেশক্রমে যুধিষ্ঠিরের স্থ্যারাধনা; স্থ্যের অহ-গ্রহে অন্নলাভ ; দৃতরাষ্ট্রকর্তৃক হিতবাদী বিহুরের পরিত্যাগ; विक्टत्र शाख्यम्बीरंभे गमन, ७ धुकत्रार हुत आदमरण श्नकात তাঁহার নিকটে আগ্মন ; কর্ণের উত্তেজনায় বনবাসি পাওব দিগকে বিনাশ করিবার নিমিত্ত হুর্মতি হুর্যোধনের মত্রগাঃ; তাহার ছষ্ট অভিদন্ধি জানিতে পারিয়া ব্যাদের আগমন; থ্যান ; বৈদকেষের আগমন ; ধৃতরাষ্ট্রের প্রাক্তি মৈতে সের উপদেশ; মৈত্রেয় কির্ভৃক রাজা ছর্য্যোধনের প্রতি শাপ-প্রদান ; ভীমকর্তৃক যুদ্ধে কিন্দীর রাক্ষস-বধ ; শকুনি ছল প্রকাশ করিয়া দূত্তে পাওবদিগকে পরাজয় করিয়াছে শুনিয়া পাঞ্চাল ও বৃঞ্চিবংশীয়দিগৈর আগমন; ক্বঞ্চ অতিশয় রোষা-বৈশ প্রকাশ করিলে অর্জ্জনের সান্তনা বাক্য; ক্ষেত্র নিকট ভৌপদীর বিলাপ ; ছ:খাুর্ক্তা ক্রৌপদীকে বাস্থদেং বর আখাস-দান ; শৌভপতি শাৰের বধ ; সপূত্রা স্বভ্রনকে রুঞ্চকর্তৃক ৰারকায় আনয়ন; ধৃষ্টগ্রাম কর্তৃক জৌপদীর সস্তানগণকে পাঞ্লনগরপ্রাপণ; রমণীয় বৈতবনে পাগুবদিগেরপ্রবেশ; দ্রৌশ্রী ও ভীমদেনের সহিত দৈতবনে মুধিষ্ঠিরের কথোপ কথন ; পাণ্ডুবদিগের সমীপে ব্যাসের আগমন ; যুধিষ্ঠিরের ব্যাসদেব হুইতে প্রতিষ্তি বামক বিদ্যালাভ ; ব্যাস প্রতি-গত হইলে পাণ্ডবদিগের কাম্যক বনে গমন ; অমিততেকা অৰ্জ্নের অস্ত্র-নাভ-প্রত্যাশার প্রবাদে গমন ও কিরাতরূপী দেবদেব মহাদেবের সহিত যুদ্ধ; ইক্রাদি লোকপালের দর্শন ও অক্ত লাভ; অস্ত্রশিক্ষার্থে অর্জুনের ইন্ত্রলোকে গমন; পাণ্ডব বৃত্তান্ত শ্রবণে ধুকনাষ্ট্রের বলবতী চিন্তা ; মহামুভব মহর্বি বৃহদক্ষের সনদর্শন ; তৃংথার্ত যুধিষ্ঠিরের বিলাপ ; ধর্ম-সঙ্গত ও করুণ-রসাভ্রিত নলোপাথ্যান ; ষ্ধিষ্ঠিরের "র্হদর্খ

হইতে অক্ষদয় নামক বিদ্যালাভ; পাওবদিগের নিকট স্বর্গ হইতে লোমশ ঋষির আগমন; লোমশ কর্ত্তক বনবাসগত মহাত্মা পাওবদিগের নিকট স্বর্গবাসী অর্জুনের বৃত্তান্তকথন; অর্জনের আদেশক্রমে পাণ্ডব্দিগের তীর্থাভিগমন; তীর্থের क्लाशि ७ भावनव कीर्तन; महर्षि नात्रापत्र भूनछडीर्थ-যাতা; পাণ্ডবদিগের তীর্থযাতা; কুণ্ডলছর-প্রদানদারা কর্ণের ইক্সহত্ত হইতে বিমোচন; প্রাস্থরের যজ্ঞ বর্ণন; অগত্তের উপাখ্যান ও বাতাপী-ভক্ষণ; অপত্যোৎপাদনের নিমিত মহর্ষির লোপামুজা-পরিগ্রহ; কৌমার ত্রন্মচারী ঋষ্যশৃষ্টের চরিতকীর্ত্তন; প্রভৃত-পরাক্তম পরশুরামের চরিত্র-বর্ণন; কার্ত্তবীর্য্য ও হৈহয়দিগের বধ ; প্রভাস-তীর্থে পাওব-দিগের সহিত বুটিবংশীয়দিগের সমাগ্রম; স্থকন্যার উপা-খ্যান ; শর্যাতি রাজার যজে চ্যবন-মুনিকভূ ক অবিনীকুমা-রের সোমপান; অখিনীকুমার কর্তৃক চ্যবনেরযৌবন প্রতি-পাদন; মান্ধ তার উপাখ্যান; জন্তু নামক রাজপুত্রের উপাখ্যান; শত পুত্রের অভিলাষে সোমক রাজার জন্তু নামক পুত্রের শিরশ্ছেদন ; যজ্জার্দ্রান ও অভীষ্টফললাভ ; শোনকপোতীয় উপাথ্যান ; শিবিরাজার প্রতি ইক্স ও অগ্নির ধর্মজিজ্ঞানা : অষ্টাবক্রোপাখ্যান; জনকযজ্ঞে মহর্ষি অষ্টাবক্রের সহিত ক্লণাত্মৰ বনৈয়ায়িক বন্দির বিবাদ; মহাত্মা অপ্তাবক্র কর্তৃক বিবাদে বন্দির পরাজয়; ও সাগতের অভ্যস্তরগত পিতার উদ্ধার; মহাত্মা যবক্রীত ও রৈভ্যের উপাধ্যান; গন্ধমাদর্ম-যাত্রা ও নারারণাশ্রমে বাদ; পুশুানরনার্থ জৌপদীকর্ভৃক ভীমদেনেরর নিয়োগ; পথিমধ্যে গমন করিতে করিতে ভीমসেনের কদণীবনে হত্মান্ সন্দর্শন; কুত্মাবচয়ন করিবার নিমিত্ত সংরোবরে অবগাহন; তথায় প্রতি-ভীষণ রাক্ষসগণ ও মণিমান্ প্রভৃতি মহাবীৰ্য দুবক-দিগের সহিও যুক; জাটাহের নামক রাক্ষদবধ; তথায় রাজর্ষি বৃষপর্বার আগ্মন ; আষ্টি ষেণের আশ্রমে পাণ্ডব-দিরেগর গমন ও অবস্থান; জৌপদীকর্ত্ক জীমৃদেনের উৎসাহদান ; ভीयের কৈলাশ পর্বতে আরোহণ ও মণিমান্ **প্রমুখ** যক্ষদিগের সহিত ঘোরতর যুক্ক; পাওব-দিগের সহিত বৈশ্রবণের সমাগম; দিব্যান্ত প্রাপ্ত হইয়া লাভগণের সহিত অর্জুনের সমাগম; হিরণ্য-পুরবাসী নিবাতকবচ-গণ ও পুলোমাপুত্র কালকেয়দিগের সহিত অর্জুনের যুদ্ধ বর্ণন; তৎকর্জৃক কালকেয়দিগের রাজার প্রাণ-

সংহার ; ধর্মরাজ যুধিষ্ঠিরের সন্নিধানে অর্জ্বলের অল্ত-সন্দ-র্শনের উদ্যম ; দেবর্ষি নারদের তদ্বিয়ক প্রতিষেধ ; গন্ধ-मामन इटेर्ड शिखवित्रात्र व्यवसाहन ; गृहनवरन व्य গেব্ৰু কৰ্তৃক মহাবল ভীমগ্ৰহণ; প্ৰশ্নোত্তর প্ৰদানপূৰ্বক বুধিছিরের ভীমমোক্ষণ ; মহাত্মা পাণ্ডবদিগের কাম.ক-বনে পুনরাগমন; তথায় পাণ্ডবদিগের সহিত সাক্ষাৎ করিবার প্রত্যাশার পুনর্কার বাস্থদেবের আগমন; মার্কণ্ডের-সমস্তা; পুথুরাজার উপাধ্যান; সরস্বতী ও মহর্ষি তার্কের সম্বাদ; মৎস্যোপাধান; ইক্সছামোপাথ্যান; ধুরুমারোপাথ্যান; পতিরতোপাখ্যান; অঙ্গিরা ঋষির উপাখ্যান; দ্রোপদী প সতাভামা সম্বাদ: পাতাবদিগের দৈতবনে পুনরাগমন; ঘোষ-योखा ; शक्क कात्रा कृत्याधारतत वस्तन ও व्यक्क नक वृक् विध्याहन; धर्मताख यूधिष्टितत मुग-खन्न जन्मर्भन; त्रमणीय कामाक-वरन शूनर्गमन; ष्यांडिविछीर्ग बौहिस्कोिगरका-পাখ্যান; মহর্ষি হর্কাসার উপাখ্যান; আশ্রমের অভ্যন্তর इटेट ब्रम्प कर्ज्क त्योभनी हत्रण ; महावन छीत्मत वास् বেগে গমন ও জয়দ্রথের পঞ্চশিখীকরণ; বছবিস্তর রামা-য়ণ উপাথ্যান; রামচক্রকন্ত ক রাবণের বধ; সাবিত্রীর উপাথাান; কুগুলম্বয় দানমারা ইন্দ্রের হস্ত হইতে কর্ণের মুক্তি; পরিতৃষ্ট ইন্দ্রকতৃ ক এক পুরুষবাতিনীশক্তি প্রদান; আরণেয় উপাথ্যান ও ধর্মের সপুত্রামুশান ; বর লাভ ক্রিয়া পাণ্ডবদিগের পশ্চিমদিকে গমন;তৃতীয় আর্ণ্যক পর্কে এই সকল কীৰ্ণ্ডিত আছে। ইহাতে হুইশত একোনদপ্ততি অধ্যায় ও একাদশ সহস্র হয় শত ও চতু:যষ্টি শ্লোক আছে।

অতঃপর বহুবিভূত বিরাটপর্ব্ব শুমন। পাওবগণ বিরাট নগরে প্রবেশ করিয়া শাশানে অতিপ্রকাণ্ড শমীবৃক্ষ নিরীক্ষণ করত স্বীয় সম্দয় অন্ত তাহাতে দুংস্থাপন করিলেন ও অতি প্রছয়ভাবে নগরে প্রবেশ করিয়া তথায় বাসুকরিতে লাগিলেন। ছয়ায়া কীচক কামোয়ত হইয়া জৌপলী নিমিত আপনার অভিমত অভিলাষ প্রকাশ করিলে ভীমসেন তাহার প্রাণসংহার করেন। য়ালা ছর্ব্যোধন পাওবদিগের অম্বেবার্থ চতুর্দিকে অতি স্কচতুর চরসমূহ প্রেরণ করিলেন; কিছ ভাহারা মহায়া পাওবদিগের অম্পর্কান করিতে পারিল না। প্রথমতঃ ত্রিগর্জেরা বিরট রাজার গোধন অপহরণ করে, তত্বপ্রক্ষে ভাহাদিগের সহিত বিরাটের যুদ্ধ হয় । শত্রুপক্ষক বিরাট রাজাকে পরাজিত ও বদ্ধন করিয়া লইয়া

যাইতেছিল,ইত্যবসরে ভীমদেন সবিক্রম-প্রভাবে তাঁহাকে
মুক্ত করেন; পাগুবেরা বিরাটের অপজ্বত গোধন প্রত্যাহরণ করেন। অনস্তর কোরবগণ তাঁহার গোধন হরণ
করিলে, অর্জুন বাহবলে নিথিল কোরবগণকে যুদ্ধে পরাভূত করিরা বিরাটের গোধন উদ্ধার করেন। বিরাট স্থভ্জাগর্ভসন্থত অভিমন্থাকে উদ্দেশ করিয়া ছহিতা উত্তরাকে
সম্প্রদান করিলে, অর্জুন তাহাকে প্রতিগ্রহ করেন। বেদবেতা মহর্ষি বেদব্যাস বিরাট নামক চতুর্থপর্বে এই সকল
কীর্ত্তন করিয়াছেন, এবং ইহাতে সপ্তবৃষ্টি অধ্যার ছই সহস্র

তৎপরে উদ্যোগ নামক পঞ্মপর্ক শ্রবণ করুন। পাও-বেরা জিগাযাপরবশ হইয়া উপপ্লব্য নামক স্থানে অবস্থান করিলে ছর্ব্যোধন ও অর্জ্জুন ক্লফের সন্নিকটেউপস্থিত হই-লেন। "তুমি এই যুদ্ধে আমাদিগের সাহায্য কর" তৎসন্ধি-ধানে উভয়ে এইরপ প্রার্থনা করিলে মহামতি কৃষ্ণ কহিলেন, আমি এক পক্ষে এক অক্ষোহিণী সেনা প্রদান করিব, ও অন্য পক্ষে আমি একাকী থাকিব, কিন্তু কোনরূপে যুদ্ধে প্রবৃত্ত হইব নাও অকপটে তাহাদিগের মন্ত্রী হইব। একণে তোমরা অন্যতরের কে কি ইচ্ছা কর, বল। অন ভিজ্ঞ ছুর্য্যোধন দৈন্য প্রার্থনা করিলেন, ও অর্জ্জুন তাঁহাকৈ মক্সিম স্থীকার করিতে অমুরোধ করিলেন। পাণ্ডবদিপের সহায়তা করিবার নিমিত্ত সমাগত মত্র-त्रायरक शैथिमरधा इर्र्याधन वह्निध छेशहात श्रामान कतिया "তুমি অমার সাহায্য কর" এইরূপ প্রার্থনা করিলেন। শৃল্য ভাহাতে সম্মত হইয়া পাওবদিগের নিকট গমন করিলেন। তথার যুধিষ্ঠিরের নিকট দেবরাজ ইক্রের বুত্তা-अव-विजय-वृंखां अर्भन करतन । পांखरवत्रा क्वीत्रव-मभीरभ পুরোহিত পোরণ করিলেন। প্রবল-প্রতাপ মহারাজ ধত-রীট্র প্রোহতের কথা এবণ করিয়া শান্তি স্থাপন-প্রত্যা-শায় সঞ্চয়কে দৃতস্বরূপে পাওবদিগের নিকট পাঠাইলেন। কৃষ্ণ ও পাওবদিগের বৃত্তান্ত , প্রবণ করিয়া অতিবলবতী চিতাম ধৃতরাষ্ট্রের নিজাছেদ হইলা বিহুর ধৃতরাষ্ট্রকে বিৰিধ হিজ-বাক্য শ্ৰবণ করান। মহর্ষি সনৎস্কৃতাত রাজাকে শোক-সম্বপ্ত দেখিয়া অতিউৎকৃষ্ট বেদশাল্ল শুনাইলেন। জ্রভাত সময়ে সভা-মণ্ডপে উপস্থিত হইয়া সঞ্জয় বাস্ফাদেব ও অর্জ্জুনের অভিন্নত্ব কীর্ত্তন করেন। মহামতি কৃষ্ণ ক্লুপা-

প্রায়ণহট্যা সন্ধিবাসনায় হস্তিনাপুরে গমন ক্রিয়াছিলেন, কিন্তু রাজা ছর্য্যোধন, উভয় পক্ষের হিতাকাজ্জী তাঁহাকে প্রত্যাধ্যান করিলেন। অনন্তর দছোত্তবের উপাথ্যান, মহাত্মা মাতলীর বরাবেষণ, মহর্ষি গালবের চরিত, বিগুলার সপুলামুশাসন বর্ণিত আছে। কৃষ্ণ, কর্ণ ও মুর্য্যোধনের নিতান্ত মন্দ অভিসন্ধি জানিতে পারিয়া সমস্ত রাজাদিগকে স্বীয় যোগেশ্বরত্ব দর্শন করাইলেন। কর্ণকে রথে আরোহণ করাইয়া তাঁহার সহিত কৃষ্ণ পরামর্শ করিয়াছিলেন, কিন্ত কর্ণ অহন্তার পরতক্ষ হইয়া উাহার মন্ত্রণা গ্রহণ করিল না। তিনি হতিনাপুর হইতে উপপ্লব্যে আগমন করিয়া পাণ্ডব-দিগের নিকট সমুদ্র বিতাস্ত বর্ণন করিলেন। তাঁহারা কুফের কথা শুনিয়া হৈতাহিত বিবেচনাপুর্বক যুদ্ধ সজ্জা করিতে লাগিলেন। অনস্তর হস্তিনাপুর হইতে সংগ্রাম বাসনায় হন্তী, অখ, রথ, পদাতি এই সমুদয় ক্রমশ: নির্গত হইতে লাগিল। রাজা হর্যোধন বুদ্ধের পূর্ব্ব দিবস পাওব-দিগের নিকট উলুক নামক দৃত প্রেরণ করেন। রথ ও অতির্থ-সংখা; অস্বোপাখ্যান; বছবৃত্তান্ত-সংযুক্ত সন্ধি বিগ্রহবিশিষ্ট উদক্ষেণ পর্বে এই সকল কথিত হইল। ইহাতে শত ও বড়শীতি অধ্যাক্ত আছে। মহর্ষি এই পর্বের ষট্ সহস্র, ষট্ শত ও অষ্টনবতি লোক রচনা করিয়াছেন।

অতঃপর পরমাশ্রম ভীমপর্ম। ইহাতে সঞ্জয় দ্বম্ব পি বিদ্যাণ-বর্ণনা করেন। ব্র্থিটিরের সেনাগণ অত্যন্ত বিষয় হয়। দশদিবস অতি ভয়য়র যুদ্ধ হইয়াছিল। মহামতি বাস্থদেব মৃক্তি-প্রতিপাদক বছবিধ যুক্তি প্রদর্শন করিয়া অর্জ্জনের মোহজনিত বিষাদ নিরাকরণ করেন। যুধিটিরের হিতাভিলামী মনস্বী কৃষ্ণ সম্বরে রথ হইতে লক্ষ্ণ-প্রদানপুরক্তি প্রতাদ হতে লইফা নিঃশহুচিত্তে ভীমকে সংহার করিতে ধাবমান হইয়াছিলেন, এবং সকল ধয়ুর্ধারিশ্রেট অর্জ্জনকে বাক্যরূপ অসি ব্রারা আঘাত করেন। অর্জ্জন শিথ্ডীকে সমুধে রাধিয়া শাণিত শরে ভীমকে রথ হইতে ভ্রতেল পাতিত করিয়াছিলেন। ভীম শরশ্যায় শয়ান হইলেন। অতি বিস্তৃত ভারতের ষঠ পর্যা সমাধ্যাত হইল। ইহাতে শত ও সপ্রদশ অধ্যায় নির্দিষ্ট আছে। বেদবেন্তা ব্যাদদেব ভীমপর্মের পঞ্চ সহল, অষ্টশত ও চতুরশীতি শ্লোক রচনা করিয়াছেনে।

অনস্তর বহুবৃত্তাস্থাস্থগত অতি বিচিত্র জোণ পর্ব্ব,আ_{রস্ত}

হইতেছে। প্রবল প্রতাপ দ্রোণাচার্য্য সেনাপতিপদে অভি-বিক্ত হইয়া চুর্য্যোধনের প্রীতিবর্দ্ধনের নিমিত্ত ধীমান যুধিষ্টিরকে যুদ্ধে গ্রহণ করিব " এইরূপ অঙ্গীকার করিয়া-ছিলেন। সংসপ্তকগণ অৰ্জ্জ নকে সমরাঙ্গণ হইতে অপস্ত করিয়াছিলেন। শত্রুত্বা পরাক্রমশালী মহারাজ ভগদত্ত স্প্রতীক নামক হন্তির সহিত অর্জ্বন কর্তৃক নিহত হন। জয়দ্রথ প্রভৃতি সপ্তর্মণী অপ্রাপ্ত-যৌবন একাকী বালক অভিমন্থার প্রাণদণ্ড করিয়াছিলেন। অর্চ্ছন অভিমন্থাবধে ক্রোধে অধীর হইয়া সপ্ত অক্ষোহিণী সৈন্যের সহিত জগ্ন-ज्ञ विनष्टे कतिलान। महावाक खीम ७ महात्रथ সাত্যকি রাজা যুধিষ্ঠিরের অমুমতিক্রমে অর্জ্জুনের অরেখ-ণের নিমিত্ত অতি জ্বর্দ্ধর্ব কৌরব-সেনা মুধ্যে প্রবিষ্ট হই-লেন। হতাবশিষ্ট সংসপ্তকগণ যুদ্ধে নিঃশেষ হয়। অলম্ব্র, अञायुः, महावीत जननम, त्रीमनिक वित्रांग, महात्रथ जन्मन अ याहो एक क्षेत्रिक वाना वीत्र शांत निधानत विषय द्वान পর্বেক পিত আছে। সমরে জোণাচার্য্য হত হইলে. অগ-খামা ক্রোধান্ধ হইয়া যে ভীষণ নারায়ণান্ত প্রয়োগ করিয়া-ছিলেন, তাহাও এই পর্ব্বে বর্ণিত আছে। এই পর্ব্বে অত্যুৎকৃষ্ট কৃদ্রমাহাত্মা, বেদব্যাদের আগমন এবং কৃষ্ণা-র্জানের মাহাত্মা অভিহিত হইয়াছে। এই মাহাভারতের সপ্তম পর্কের বিষয় কথিত হইল। এই দ্রোণ পর্কে যে त्य वीत्रभूक्षेतिरगत कथा निर्दिष्ठ शरेशारक, जांशाता आत नकरनहें निधन প্রাপ্ত হয়েন। তত্ত্বদর্শী মহামুনি পরাশরা-ত্মজ এই পর্ব্বে একশত সপ্ততি অধ্যায় ও অষ্ট সহস্র, নব শত, নব শ্লোকের সংখ্যা করিয়াছেন।

অতঃপর কণপর্ব্বের কথা লিখিত হইতেরছ। এই পরের্বি থীমান্ শলাের সার্থ্যকার্য্য নিরােগ, ত্রিপুরনি-পাতন-বৃত্তান্ত, গমনকালে কর্ণ শু শলাের পরস্পার বিবাদ, কর্ণ-তিরস্থারার্থ শলা-কর্ত্বক ইংসকাক রােপাখান-কথন, মহাত্রা জােণাত্মক কর্ত্বক পাড়ের নিধন, দণ্ডসেন ও দণ্ডের বধ, সর্ব্বধন্ত্র্বরণাণ-সমক্ষে কর্ণের সহিত হৈরথযুদ্ধে যুধিছিরের প্রাণসংশয়, যুধিছির ও অর্জ্বনের পরস্পরের প্রতি পরস্পরের ক্রোধ, ক্ষকর্ত্বক অহ্নর বাক্যানা অর্জ্বনের ক্রোধ শান্তি-করণ, ভীমসেন-কর্ত্বক যুদ্দে হংশাসনের বক্ষংছল-বিদারণ-পূর্ব্বক রক্তপান, এবং অর্জ্বনের সহিত বৈরথযুদ্ধে কর্ণের নিপাত; এই সমন্ত বর্ণিত

আছে। ভারতের অষ্টম পর্ব্ব নির্দিষ্ট হইল। এই কর্ণ পর্ব্বে একোন সপ্ততি অধ্যায় ও চারি সহস্র নয় শত, চতুংবৃষ্টি শ্লোক কীতিতি আছে।

অতঃপর বিচিত্র শলাপর্কের বিষয় কথিত হইতেছে। क्कटेमना वीत्रभूना इटेटन, मजाधिकाल भना टेमनक्शे छा-कार्या नियुक्त इटेलन। भनाभरक यावजीय तथयुक्त छ প্রধান প্রধান কৌরবদিগের বধ বর্ণিত আছে। এই পর্বের মহাত্মা यूषिष्ठितकर्ज् क भारतात्र वध, ए महात्वकर्ज् क भक्-নির বিনাশ, কথিত আছে। চর্য্যোধন, অল্পমাত্রাবশিষ্ট रेमना प्रथिय। देवभायन इप्त अद्यं भ श्रृक्षक जनस् किया, তথায় অবস্থান করিতে লাগিলেন। ব্যাধেরা হদমধ্যে ছর্য্যোধনের আত্মগোপনবুতান্ত ভীমকে বলিয়া দিল। মহা-मानी इर्र्याधन धीमान यूधिष्ठित्तत्र जित्रकात-वाका महा করিতে না পারিয়া হ্রদ হইতে উথিত হইলেন, ও ভীমের সহিত গদাযুদ্ধ করিতে আরম্ভ করিলেন। সংগ্রাম-সময়ে বলরাম আসিয়া উপস্থিত হইলেন। এই পর্বের সরস্বতী ও অন্যান্য তীর্থ সমুদ্যের পবিত্রতা-কীর্ত্তন, ও তুমুল গদাযুদ্ধ-বর্ণন আছে। যুদ্ধে বুকোদর ভয়ানক গদাখাতে ছর্য্যোধনের উক্ষয় ভগ করিলেন। ভারতের নবম পর্ব निर्फिष्ट इरेन। এर পর্ফে नाना-तृजाञ्च-यूक একোনयष्टि অধ্যায় কথিত আছে। একণে শ্লোকুসুংখ্যা কথিত হৈইতেছে। কুরুবংশ-যশঃকীর্ত্তক মহামূনি বেদব্যাস এই পরের তিন সহস্র, তৃইশত, বিংশতি শ্লোকের সংখ্যা করিয়া গিয়াছেন।

আনম্ভর দাকণ সৌপ্তিক পর্কের কথা লিখিত হইতেছে।
পাওবেরা সংগ্রাম-ক্ষেত্র হইতে শিবিরে গমন করিলে,
দারংকালে ক্বতবর্দা, ক্বপাচার্য্য ও অপর্যথামা ক্রথিরাক্তকলেবর, ভয়োক্রযুগল, অভিমানী রাজা হুর্যোধনের সমীপে
সম্পস্থিত হইয়া দেখিলেন, মহারাজ রণক্ষেক্তে পতিত
আছেন। মহাক্রোধ জোণাত্মজ প্রতিজ্ঞা করিলেন, " ধৃষ্টহায় প্রভৃতি পাঞ্চালদিগকে ও অমাত্যসহিত পাশুবগণকে
বিনষ্ট না করিয়া বর্মত্যাগ করিব মা।" রাজাকে এইরপ
কহিয়া তিন জনেই সে হান হইতে অপক্রান্ত হইয়া
প্রকাণ্ড বটবুক্ষের তলে উপবিষ্ট হইলেন। ঐ স্থানে অখখামা রাক্রিকালে পেচককে বহুসংখ্যক কাক নষ্ট করিতে
দেখিয়া, পিতৃনিধন-বৃত্তান্ত-শ্বরণ পুর্কক ক্রোধান্ধ হইয়া

निजाजुत शाकानिमात्रत वर्ष मञ्जिङ हरेलन्। धरे श्रित कतिया निवित्रवादि शमन-शृक्षक (मशिलन, (य এकটा বিকটমূর্ত্তি ভয়ঙ্কর রাক্ষদ আকাশপর্যাস্ত ব্যাপিয়া রহি-গাছে। অখখামা অস্ত্র ত্যাগ করিতে লাগিলেন, কিন্তু রাক্ষদৈর কিছুতেই কিছু হইল না। তথন তিনি দেবাদি-দেব মহাদেবকে প্রাসন্ম করিয়া, ক্লতবর্ম্মা ও কুপাচার্য্যের সহকারে, অ্যুপ্ত ধৃষ্টগ্রায় প্রভৃতি পাঞ্চালগণকে ও সপরি-বার দ্রেপিদীর পুত্রগণকে বিনাশ কথিলেন। কেবল কৃষ্ণ-বলে যুধিষ্টিরাদি পঞ্চলাতা ও ধহুর্দ্ধর সাত্যকি রক্ষা পাই--ছেন, আর সকলেই বিনষ্ট হইল। ধৃষ্টগুমের সার্থি যুদিষ্টিরাদিকে সমাচার দিল যে "অখখামা প্রস্থু পাঞ্চাল-দিগকে বধ করিমাছে।" ডৌপদী পুত্র, পিতা ও ভাতাগণের নিধন-বার্ত্তা শ্রবণ করিয়া নিতাস্ত অধীরার ন্যায় অনশন সঙ্কল্প করিয়া স্থামিগণের নিকট উপবিষ্টা হইলেন। মহাবল-পরাক্রাস্ত ভীম জৌপদীর মুনস্কটি করণার্থ ক্রোধান্বিত হইয়া গদাগ্রহণ পুরংসর অখ্যামার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন। অখখামা ভীম-ভয়াক্রান্তক্ইয়া সক্রোধে "অদ্য আমি মেদিনী পাণ্ডববিহীনা করিব" এই বলিয়া অন্তত্যাগ করিলেন। ক্লফ ''এমন করিও না'' এই বলিয়া অশ্বত্থামাকে নিবারণ করিলেন। অর্জ্জন পাপাত্মা অখথামাকে অনিষ্টা-চরণে অভিনিবিষ্ট দেশিয়া স্বকীয় অস্ত্রদারা অস্থাসার অস্ত্র-চ্ছেদন করিলেন। এবং অখথামা ও ব্যাসাদি পরস্পরের প্রতি শাপ অদান করিলেন। পাণ্ডবগণ মহারথ দ্রোণা-श्रास्त्र निक्षे इरेट मिंग्डिश कैत्रिया मानत्म ट्योभनीटक প্রদান করিলেন। ভারতের দশম সৌপ্তিকপর্ক নির্দ্ধিষ্ট হইল। ব্ৰহ্মবাদী মহাত্মা উত্তমতেজাঃ বেদব্যাস এই পর্ব্বে, অষ্টাদশ অধ্যায় ও অষ্ট্রশত, সপ্ততি শ্লোকের সংখ্যা করি-ছেন। এবীক-পর্ব্ধ এই পর্বের অন্তর্গত।

এক্ষণে করণ-রসোধোধক ত্রীপর্কের বিষয় কথিত হই-তেছে। এই পর্কে, প্রশোকার্ত্ত প্রজাচক্ষ্য রাজা ধৃত-রাষ্ট্র জীমসেনকে সংহার করিছে সন্ধর্ম করিয়া লোহময়া ভীম-প্রতিমূর্ত্তি ভয় করেন। বিছর মোক্ষোপদেশক হেতুবাদ দারা প্রশোকাভিসন্তপ্ত রাজা ধৃতরাষ্ট্রের সাংসারিক মোহনিবারণ ও তাঁহাকে আখাস প্রদান করেন। শোকার্ত্ত ধৃতরাষ্ট্র অন্তঃপ্র-মহিলাগণের সহিত রণস্থল দর্শনার্থ গমন করেন। বীরবনিভাগণের করুণস্থরে রোদন এবং গান্ধারী

ও ধৃতরাষ্ট্রের ক্রোধ ও নোহ। ক্ষত্রিরপদ্বীগণ, সমরে অপ-রামুথ, নিহত পিতা, ল্রান্টা ও প্রগণকে দেখিলেন। কৃষ্ণ পুত্র-পোল্র-শোকাকুলা গান্ধারীর ক্রোধোপশমন করেন। সর্ব্বধর্মজ্ঞশ্রেষ্ঠ, মহাপ্রাজ্ঞ রাজ্যা যুধিষ্টির শান্তান্ম্পারে নৃপতি-গণের শরীর দাহ করাইলেন। ভূপতিগণের উদক্তিয়া আরক হইলে, কুন্তী কর্ণকে আপনার গুড়োৎপন্ন পূত্র বলিয়া স্বীকার ও প্রকাশ করেন। মহর্ষি থেদব্যাস এই একাদশ্র পর্ব্ব রচনা করিয়াছেন। এই পর্ব্ব প্রবণ কিম্বা পাঠ করিলে ব্রহার জনের ক্রদয় শোকাকুল ও নয়ন অপ্রজ্ঞলে পরিপূর্ণ হয়। এই পর্ব্বে, বেদব্যাস সপ্রবিংশতি অধ্যায় ও সপ্ত-শত্র, পঞ্চসপ্রতি প্লোকের সংখ্যা করিয়া গিয়াছেন।

অতঃপর ধীশুক্তিবর্দ্ধক শান্তিপর্ব্বের কথা লিখিত হইতেছে। এই পর্ব্বে ধর্মরাজ মৃথিষ্টির পিড়, লাড়, পুল,
সম্বন্ধী ও মাড়লগণকে বধ করাইয়া সাতিশয় নির্বির্
হইলেন। শর-শ্যাশায়ী ভীয়দেব, রাজা শ্মুধিষ্টিরকে
রাজধর্ম্মোপদেশ প্রদান করেন। ঐ সকল ধর্ম সমাজ্
জ্ঞানলাড়েচ্ছু ব্যক্তিদিগের অবশ্য জ্ঞাতব্য ৯ ঐ সমস্ত
ধর্মের যথার্থ-জ্ঞান হান্মা লোকে সর্ব্বজ্ঞতা লাভ করে।
ইহাতে বিচিত্র মোক্ষধর্মের কথাও স্বিস্তরে কথিত
আছে। মহাভারতের হাদশ পর্ব্ব নির্দিষ্ট হইল। হে
তপোধনগণ। এই শান্তিপর্ব্বে মহামুনি বেদব্যাস ত্রিশত,
ত্র্জাক রচনা করিয়াছেন।

ইহার পর অত্যুৎকট অনুশাসন পর্ক্ । এই পর্কের, কুরুরাজ যুধিন্তির ভাগীরথীপুত্র ভীন্নদেবের নিকট ধর্ম-নিশ্চয় প্রঝা করিয়া বিগতশোক ও স্থিরচিত্ত হই-লেন এই পর্কের, ধর্ম্মার্থ-সম্বন্ধ ব্যবহার সম্পায় কথন, বিবিধ দানের কিবিধ-প্রকীর কল নির্দেশ, সৎপাত্র ও অসংপাত্রের বিশেষ বিবেচনা, দান-বিধান-কথন, আচার-বিনির্ণয়, সত্যের স্বরূপ-কথন, গোগণের ও ত্রাহ্মণগণের মহন্ত্র-কীর্ত্তন, দৈশ-কালাম্বায়ি ধর্মারহস্তব্যাক্ষ ও ভীরের অমরলোকসম্প্রাপ্তি কীর্ত্তিত আছে । ধর্ম্ম-নির্ণয়ক-নানা-বৃত্তাস্ত-সম্বলিত অনুশাসনাভিধান,ভারতের অয়োদশ পর্কা নির্দিষ্ট হইল । এই অমুশাসন পর্কের, মুনিসভ্য পরাশরাত্মক একশন্ত, বট্চভারিংশৎ অধ্যায় ও অইসহত্র প্রোক্ নির্ণয় করিয়াছেন।

অতঃপর আখনেধিক-নামক চতুর্দশ পর্কের বিষয় কথিত হইতেছে। এই পর্কে, সম্বর্তম্বনি ও মক্ষত রাজার আখ্যান, গৃধিষ্ঠিরের হিমালয়ন্থিত স্বর্ণজ্প সম্প্রাপ্তি ও পরীক্ষিতের জন্মবৃত্তান্ত বর্ণিত আছে। পরীক্ষিৎ অখ্থমার অস্থানলে দগ্ধ হইয়াছিলেন; কৃষ্ণ তাঁহাকে জীবিত প্রানান করেন। অত্যুৎকৃষ্ঠ যজ্ঞতুরল-রক্ষার্থ তৎপশ্চাদগামী অর্জ্জু-নের নানাদেশে ক্রোধন-রাজপুত্র গণের সহিত সংগ্রাম, চিত্রালার গর্ব্তে সম্ভূত স্বস্তুত বক্রবাহনের সহিত যুদ্দে ধনজ্বের জীবন-সংশ্র। মহান্ অখ্যেমধ্যজ্ঞের সমাপ্তা-নিত্তর নকুলের বুত্তান্ত। এই পর্মান্ত্রত আখ্যেমধিক পর্কের বিষয় কণিত হইল। এই পর্মান্ত্রত আখ্যেমিধিক পর্কের বিষয় কণিত হইল। এই পর্মান্ত ভাবিৎ ভগ্রান্ পরাশরস্ত্র ত্রাধিক শত অধ্যায় ও তিন মহন্ত্র, তিন শত, বিংশতি প্লোকের সংখ্যা করিয়াছেন।

অনত্তর আশ্রমবাদাথ্য পঞ্চদশ পর্বে। এই পর্কে, রাজা ধতরাষ্ট্র রংজাত্যাগ করিয়া গান্ধারীও বিছরের সহিত অরণ্যানী প্রবেশ করিলেন। গুরুত শ্রবায় একান্ত অমু-ককা, সাধ্বী কুন্তী ও ধৃতরাষ্ট্রকে বনে গমন, করিতে দেখিয়া পুত্ররাজ্য পরিত্যাগ করত ভাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। রাজা ধৃতরাষ্ট্র-সমরে নিহত লোকান্তরগত পুত্র, পৌত্র এবং অন্যান্য ক্ষত্রিয় বীরপুরুষগণকে পুনরাগত দেখিলেন। তিনি মহামুনি বেদব্যাদের প্রসাদে এই আশ্চর্য্য ব্যাপার দর্শন করিয়া অনুশেষে শোক পরিভাগী করত পীনমসিদ্ধি লাভ করিলেন। বিহুর ও জিতেক্সিয় গবলুগণ নক্ষম স্থায় অমাত্যের সহিত ধর্মপথ অবলয়ন করিয়া চরমে স্লাতি প্রাপ্ত হইলেন। ধর্মরাজ যুধিষ্ঠির তপোধন নারদকে সন্দর্শন করিলেন এবং তৎপ্রমুখাৎ যতুকুলধ্বংসের কথা অবগত হইলেন। এই √্চাঙুত वासम्यामाक्ष भारक्षत्र विषयं कथि छ इहेल । महामूर्नि विष-ব্যাস এই পকের, দ্বিচডারিয়াশং অধ্যার ও এক সহস্র পুঞ্পত ষট্লোকের সংখ্যা করিয়াছেন।

হে তপোধনগণ। অতঃপর দারণ মৌষল-পর্ক জানি-বেন। এই পর্কে, লবণ-সমুক্ত-সমীপে গ্রহ্মশাপুথান্ত পুরুষ-সিংহ বাদবগণ আপানে মদাপান হারা মন্ত হইয়া দারুণ দৈবছর্কিপাক-বশতঃ এরকারপ বজ্ঞদারা পরস্পর আঘাত কবেন। কৃষ্ণ ও বলভক্ত উভয়ে আপনাদিগের কুলক্ষর করিয়া পরিশেষে আপনারাও স্বর্ক্সংহত্তা সমুপস্থিত।

কালের করাল-কবলে নিপতিত হয়েন। নরোত্তম অর্জ্জুন বারবতী নগরীতে আগমন করিয়া, ঐ নগরীকে যাদবশ্না নিরীক্ষণ করত বিষাদসাগরে নিমগ্য হইলেন। তিনি নর-শ্রেষ্ঠ মাতৃল বাহ্দদেবের সংস্কার করিলেন এবং তৎপরে ক্ষণ্ঠ ওবলরামের সংস্কার করিয়া পরিশেষে অন্যাক্ষ প্রধান ব্যাধান বৃষ্ণিগণেরও সংস্কার করিলেন। অনস্তর তিনি বারকা হইতে বৃদ্ধ ও বালকগণকে লইয়া গমন করিতে করিতে যোরতর আপৎকালে গাঙীবের প্রভাবক্ষর ও দিব্যান্ত্র সমুদ্যের অপ্রসন্থা দেখিলেন। তৎপরে তিনি যাদব-মহিলাগণের নাশ ও প্রভূত্তের অনিত্যতা দর্শনে, সাতিশয় নির্কেদ প্রাপ্ত হইয়া ব্যাসোপদেশে মুদ্রিষ্টরের নিকট গমন করত সন্যাসধন্দ-গ্রহণের বাসনা করিলেন। ঘোড়শ-সংখ্যক মৌষল-পর্ক্ব কীর্ত্তিত হইল। তত্ত্বিৎ পরা শরাক্ষন্ধ এই পরের্ব, আট অধ্যায় ও তিন শত বিংশতি শ্লোক গণনা করিয়াছেন।

তদনন্তর মহাপ্রান্থানিক নামক সপ্তদশ পর্বের বিষয়।
লিখিত হইতেছে। এই পর্বের, পুরুষপ্রেষ্ঠ পাওবগণ স্বকীয়রাজ্য-পরিত্যাগপুরুক দ্রোপদী দেবীকে সমভিব্যাহারে
লইয়া মহাপ্রস্থানে প্রন্থিত হইলেন। তাঁহারা লোহিত্যার্থবেরক্লে জাগ্নিস্পর্শন পাইলেন। অর্জ্জুন মহামুভব অ্যিকর্তৃ ক
আদিষ্ট হইয়া তাঁহাকে পূজা করত অত্যুহ্রুক্ট দিবা গাণ্ডীবধর্ম প্রদান করিলেন। যুগিন্তির, ভ্রাতৃগণ ও ট্রোপদীকে
নিপতিত ও নিহত দেখিয়া তাহাদিগের প্রতি দৃষ্টিক্ষেপও
না করিয়া সমস্ত মায়ামোহ পরিত্যাগ করত প্রস্থান করিলেন। মহাপ্রান্থানিকাথা সপ্তদশ পর্বে কথিত হইল। এই
পর্বের, অশেষতত্ত্ব ভগবান্ পরাশরনক্ষন তিন অধ্যায় ও
তিন শত, বিংশতি শ্লোক নির্দ্ধারত কুরিয়াছেন।

অনন্তর আশ্চর্য্য অলোকিক এর্গ-পর্ক জানিবেন। এই পর্বের, দয়ার্জচিত্ত মহাপ্রাক্ত গদারাজ মৃথিটির আপিনার কুরুর বিহীনে দেবলোক হইতে আগত দৈবরও আরোহণে সম্মত হইলেন না। ধর্ম স্বরং মুধিটিরের ধর্মে অবিচলিত অমুরাগ বুথিতে পারিয়া কুরুররপ পরিত্যাগ-পূর্ব্বক তাঁহাকে দর্শন দিলেন। পরম-ধার্মিক যুধিটির ধর্মের সহিত এক রথে উপবিত্ত হইয়া স্বর্গে গমন করিলেন। দেবদৃত ছল করিয়া তাঁহাকে নরক দর্শন করাইলেন। শরমধার্মিকার্মগণ্য মুধিটির তৎস্থানস্থিত নিদেশামুবর্তী ভাতৃ-

পৌষ্যপর্বাধ্যায়।

গণের করুণরসোদীপত ক্রন্ধবনি শ্রবণ করিলেন।
ধর্ম ও দেবরাজ ইক্র তাঁহার মনোত্বংথ নিবারণ করেন।
তৎপরে ধর্মারাজ যুধিষ্ঠির স্থরদীর্ঘিকার স্নান করিয়া মাস্থবকলেবর পরিত্যাগ করত স্বর্গে নিজধর্মার্জিত স্থান পাইয়া
ইক্রাভিদেবগণ-কর্ত্ব পরম সমাদৃত হইয়া পরমানন্দে
কাল্যাপন করিতে লাগিলেন। হে তপোধনগণ! অশেষধীশক্তি-সম্পন্ন নানাত্রদর্শী মহর্ষি বেদ্বাস এই অষ্টাদশ
প্রব্রচনা এবং ইহাতে পাঁচ অধ্যায় ও ছই শত, নব
লোকেব সংখ্যা করিয়া গিয়াছেন।

ু এই কপে অস্টাদশ প্রে স্বিস্থ্রে উক্ত হইল। ইহার প্র হরিবংশ ও ভরিষাপ্রে ক্থিত আছে। মহার্য হরিবংশে দাদশ সহস্র শ্লোক সংখ্যা ক্রিয়াছেন। মহাভারতের পর্কা-সংগ্রহ নির্দিষ্ট হইল।

যুদ্ধ করিবার নিমিত্ত অষ্টাদশ অকোহিণী সেনা আসিয়া-ছিল। সেই ঘোর সংগ্রাম অষ্টাদশ দিবস ব্যাপিয়া হয়।

যে দ্বিজ্ অঙ্গ ও উপনিষদের•সহিত চারি বেদ উত্তম-কপে অধায়ন করিয়াছেন, কিন্তু মহাভারতাথ্যান জানেন না, তাঁহাকে বিচক্ষণ বলিতে পারা যায় না। অপরিমিত ধী-শক্তিমান বেদব্যাস এই ভারতকে অর্থশাস্ত্র, ধর্মশাস্ত্র ও कामभाज-चक्रश विवश वर्गनां कत्रियाद्यात्। (यमन श्रक्त-স্থাধুর পুংস্কোকিলের কলরব শবণ করিয়া কর্কশ কাকধ্বনি শ্রবণ করিতৈ ইচ্ছা হয় না, সেইরূপ এই আগ্যান শ্রবণ করিলে, জান্য শাস্ত্র প্রবণে রুটি থাকে না। যেমন পঞ্চুত হুইতে ত্রিবিধ লোকের উৎপত্তি হন্ন, সেইরূপ এই সর্কোৎ-ক্লাও ইতিহাস ইইতে কবিগণের বৃদ্ধি উৎপন্ন হয়। হে 'বিশ্রোতমগণ। বেমর জ্বায়জাদি চতুর্বিধ শরীরী অন্তরীকের ্অন্তর্গত,সেইরূপ যাবজীয় পুরাণ এই আখ্যানের অস্তর্ভুত। বেমন বিচিত্রা মানসিকক্রিয়া, সমস্ত ইক্রিয়গণের আশ্রয়, সেইরূপ এই ইতিহাস খাবতীয় দানাধায়নাদি কিয়া ও শ্মদ্মাদি গুণের আশ্রয়। য়েমন আঁহার বিনা শরীরীর मंत्रीब-धारागत উপায়ास्त्रत नार्हे, त्मरेक्रभ . এरे स्वानिक ইতিহাসাম্বৰ্গত কথা,বাতিরেকে ভূমগুলে অন্য কথা নাই। যেমন সমুন্নতি-প্রোপ্ত ভৃত্যগণ সমংশব্দ প্রভুর আরাধনা করে, সেইরূপ কবিবরাগ্রণাগণ এই বিচিত্র ইতিহাসের উপাসনা করিয়া থাকেন। যেমন অন্যান্য আশ্রমপেক্ষা

গৃঁহস্বাশ্রম উৎক্রষ্ট, সেইরূপ এই কাব্য অন্যান্য কবিক্বত কাব্য অপেকা শ্রেষ্ঠ।

হে মহর্ষিগণ। তোমাদিগের ধর্মে মতি হউক ; কারণ লোকান্তরগত জনের ধর্মাই অদিতীয় বন্ধ। অর্থ ও জী সাতিশয়ামুরাগ পূক্র ক সেবিত হইলেও কথন স্থির ও আত্মীय हम ना। या वाजि कृष्णदेवभाग्रत्न एकंविनिर्गठ, অপ্রমেয় পরমপবিত্র পাপনাশক সঙ্গলবিধায়ক পাঠামান ভারত শ্রবণ করে, তাহার পুক্রজলে মান করিবার প্রয়োজন কি ? ত্রাহ্মণ দিবাভাগে নিরকুশ ইলিয়গণ প্রভাবে যে পাপরাশি সঞ্চয় করেন,সন্ধ্যাকালে মহাভারত পাঠছারা সেই সুকল পাপপুঞ্জ হুইতে মুক্ত হয়েন; আর নিশাকালে কর্ম্ম থ বাক্ষারা যে লকল পাপ সঞ্চয় করেন, প্রাতঃকালে মহাভারত পাঠ করিয়া সেই সমগু পাপ হইতে মুক্ত হয়েন। যে ব্যক্তি বেদ্জ ও বহুশ্রুত ব্রাহ্মণকে কনক মণ্ডিতশৃঙ্গ গো শত দান° কছর, আর যে ৰাক্তি পরম পৰিত্র ভারত কথা প্রতাহ প্রবণ করে, এই ছুই জনের তুলা ফল লাভ হয়। যেমন অর্থপোতাদিধারা স্থবিতীর্ণ অগাধ জল্পি অনায়াদে পার হওয়া যায়, সেই রূপ অত্যে পর্বাদংগ্রহ শ্রবণকারা অত্যুৎকৃষ্ট, মহার্থযুক্ত এই উপাথানি স্থবোধ্য হয় জানিবেন।

পর্বসংগ্রহাধ্যায় সমাপ্ত।

তৃত্বীয় অধ্যায়।

(शोशाशर्व।

উপ্রশ্না কহিলেন, কুক্ষকেত্রে পরীক্ষিতপুত্র, রাজা জন আজয় ভ্রাতৃগণ-সমভিবাহারে এক দীর্ঘ সত্র অনুষ্ঠান করিতেছেন। তাঁহার তিন সহোদর ; শ্রুতসেন, উপ্রসেন ও ভীমসেন। তাঁহাদিগের মজাফুর্চানকালে একটা কুরুর তথায় উপস্থিত হইল। জনমেজ্বরের ভ্রাতৃগণ ক্রোধার ইয়া তাহাকে প্রহার করিলে সে রোদন করিতে করিতে মাতৃসরিধানে গমন করিল। সরমা তাহাকে অক্সাৎ রোদন করিতে দেখিয়া কহিল, "তৃমি কেন কাঁদিতেছ? কে তোমাকে প্রহার করিয়াছে, বল।" জননীকর্তৃক এই রূপ অভিহিত হইয়া সে কহিল, "জন্মেজ্বরের এাতৃগণ আমাকে প্রহার করিয়াছেন" তাহা শুনিয়া দেবশুনী

কহিল, "বোধ হয়, তুমি তাঁহাদিশের কোন অপকার করিয়া থাকিবে।" সে পুনর্কার প্রত্যুত্তর করিল, আমি তাঁহাদিগের কিছুমাত্র অপকার করি নাই, যজ্ঞের হবি:ও নিরীক্ষণ করি নাই, তাঁহারা অকারণে আমাকে প্রহার করিয়াছেন। তংশ্রবণে সরমা অভিট্রংথিতা ইইয়া যথায় জনমেজর ভ্রাতৃগণ-সমভিব্যাহারে বছবার্ষিক যজ্ঞের অমু-ঠান করিতেছেন,তথায় সমুপন্থিত ইইয়া রোষভরে কহিতেলাগিল, আমার পূত্র তোমাদিগের কিছুমাত্র অপকার করে নাই, যজ্ঞের হবি: অবেক্ষণ ও অবহেলন করে নাই, তোমরা কি নিমিত্ত ইহাকে প্রহার করিয়াছ, বল। তাঁহারা কিছুই প্রত্যুত্তর দিলেন না। তথন সরমা কহিল, তোমরা নিরপরাধীকে প্রহার করিয়াছ, অভএব প্রমূপলক্ষিত ভয় তোমাদিগকে আক্রমণ করিবে। জনমেজয়, দেবগুনী সরমার এই রূপ অভিলাপ শ্রবণ করিয়া অভিশর বিষধ্ন ও সম্লান্ত হইটেন। '

অনস্তর সেই যক্ত সমাপ্ত হইলে জনমেজয় হবিনাপুরে আগমন ও সরমা-শাপ-নিবারণের নিমিত্ত সাতিশর প্রবন্ধ-সহকারে এক অত্নরূপ পুরোহিত অত্যন্ধান করিতে লাগি-লেন। একদা মুগয়ায় নির্গত হইয়া জনমেজয় খীয় জনপদের অন্তর্গত এক আশ্রম দর্শন করিলেন। তথার শ্রুতপ্রবা: নামক এক ঋষি বাস করিতেন। উাহার সোম-ख्वाः नारमं ७क भूख हिल्तन । जनस्मकत्र अविभूरखक সন্নিছিত ছইয়া তাঁহাকে পৌরহিত্যে বরণ করিলেন, এবং श्ववित्क नमस्रोत क्रित्रा कृ ठाक्षितिशू हो कहितनन, जगवन ! আপনার এই পুত্র আমার পুরোহিত হউন। রাজার এই-রূপ কথা শুনিয়া শ্রুতশ্রাঃ কহিলেন, হে ক্রমেজয়। একলা এক সূপী আমার শুক্র গান করিয়াছিল। ঐ (हरक ভাছার গর্ভ দকার হয়; আমার এই পুত্র ঐ গর্ভে বন্মন। ইনি মহাতপদ্বী অধারন নিজত ও মদীর তপোবীর্ঘ্য সস্ত । মহাদেবের অভিশাপ ব্যতিরেকে তোমার সমুদর भार्शभाखि कतिए नमर्थ इटेर्टन। किन टेहांत वकि নিগৃত ত্ৰত আছে বে, বদি কোন ত্ৰাহ্মণ ইহাঁৱ সলিধানে कान विषय आर्थना करतन, हेनि उरक्रगांद **छाहा आ**नान कतिया थात्कन, यनि हेहाँ जाहन इत, उत्व हेहाँ कि नहेत्रा यात्र। अञ्चलात अहेत्रण कथा श्वनित्रा जनम्बत প্রভ্যান্তর করিলেন , মহাশর ! আপনি বাহা অমুমতি

করিতেছেন, আমি তাছাতে সংশ্ত আছি। এই কথা কিছা পুরোহিত সহিত স্বনগরে প্রত্যাগমন করত ভ্রাতৃগণকে কহিলেন, আমি এই মহাত্মাকে পৌরোহিত্যে বরণ করিয়াছি, ইনি যথন যাহা অস্কুলা করিবেন, ভোমরা
তিছিমরে কোন বিচার না করিয়া তৎক্ষণাৎ ভাহা সংপাদন করিবে,কিছুতেই যেন তাহার ব্যতিক্রম না হয়। সহোদরদিগকে এই রূপ আদেশ করিয়া তক্ষশিলার প্রস্থান করিলেন ও অনতিবিলহেই সেই প্রদেশ আপন অধিকারে আনিলেন।

ইতাবসরে প্রসঙ্গক্রমে একটি উপাধানের উল্লেখ हरेटिह। आसाम-सीमा नामक धक सीव हिलन। উপমত্ম, আরুণি ও বেদ নামে তাঁহার তিনটি শিষা ছিল। তিনি এক দিন পাঞ্চালদেশীর আরুণি নামক শিবাকে আহ্বান করিরা ক্ষেত্রের আলি বাঁধিতে অনুমতি করিলেন। আফুণি উপাধাায়ের উপদেশক্রমে ক্রেকে গমন করিয়া অশেষ ক্লেশ স্থীকার করিয়াও পরিশেষে আলি বাঁধিতে অশক্ত হইলেন। অগতা তথার শরন করিয়া জলনির্গম নিবারণ করিলেন। কোন সময়ে উপাধাায় আয়োদ-ধৌলা শিবাগণকে জিজাসিলেন, পাঞ্চাল দেশীর আরুণি কোথার গিয়াছে। তাহারা কহিল, ভগবন! আপনি তাহাকে ক্ষেত্রের আলি বাঁধিতে প্রেরণ করিয়াছের। তাহা প্রবণ कतियां छेशांशांत्र कहिल्लन, यथांत्र आकृति गमन कतिबाद्ध, চল,আমরাও তথায় যাই। অনন্তর সেই স্থানে গমন করিয়া উলৈ: স্বরে এইরপ তাঁহাকে আহ্বান করিতে লাগিলেন "ভো বৎস আরুণি! কোথায় গিয়াছ, আইস।" তৎশ্রবণে আরুণি সহসা তথা হইতে উথিত ও উপাধ্যামের সমিহিত इटेश अजिनिगैज्यहरन निर्वापन क्रियान, क्लाज्य रय জল নিঃস্ত হইতেছিল, তাহা প্ৰারণীয়, স্তরাং তৎ প্রতিরোধের নিমিত্ত আমি তথার শরন করিয়াছিলাম; এক্ষণে আপনার কথা প্রবণ করত সহসা কেদারখণ্ড বিদা-त्रण कतित्रा जाभनात मनुशीम हहेनाम, जिल्लामन कति, आंत्र कि अपूर्वान कतित, अपूर्मा कत्रम। आकृषि । এই क्रभ कहिल छेभाषात्र छेखत्र कत्रिलत, वरम ! यरहरू তুমি কেদারখণ্ড বিদারণ করিয়া উত্থিত গৃহইয়াছ, অতএব जमाविध তোমার নাম উদালক বলিয়া প্রসিদ্ধ হইবে, এবং আমার আজা পালন করিয়াছ, এই নিমিত্ত ভোমার

শ্রোলাভ ইইবেক। সকল বেদ ও সকল ধর্মশাস্ত্র সর্লকাল সমভাবে হোমার অন্তরে প্রতিভাত ইইবে। পরে আরুণি উপাধ্যায়ের আদেশ লাভ করিয়া অভিল্বিত দেশে গ্রমন করিল। ১

অপব্যাদ ধৌমের উপমতা নামে আর একটি শিষ্য ছিল। একদা উপাধ্যায় ভাঁহাকে কহিলেন, বংস উপমন্তা। স্তত সাব্ধানে আমার গোধন রক্ষা কর। এই বলিয়া তাঁহাকে গোচারণে প্রেরণ করিলেন। উপমন্তা তাঁহার অমুমতিক্রমে দিবাভাগে গোচারণ করিয়া সামাছে গুরু-গ্রহে প্রত্যাগমন পূর্বক তাঁহাকে অভিবাদন করিয়া সন্মথে দ গ্রায়মান থাকিতেন। এক দিন উপাধ্যায় তাঁহাকে স্লকার দেখিয়া কহিলেন, বৎসা উপমন্তা। তোমাকে জনশঃ অতিশয় স্তপুষ্ট দেখিতেছি, একণে কিরূপ আহার করিয়া থাক, বল। তিনি উত্তর করিলেন, ভগবন। আমি একণে ভিকার্ত্তি অবলম্বন করিয়াছি। তাহা এবণ করিয়া 🎳 উপাধ্যায় কহিলেন, দেখ আমাকে না জানাইয়া ভিক্ষালক দ্রবাজাত উপযোগ করা তোমার বিধেয় নছে। উপমন্তা তাহাই স্বীকার করিয়া ভিক্ষান্ন আহ্রণপূর্বক গুরুকে প্রতার্পণ করিলেন। উপাধ্যায় সমস্ত ভিক্ষার গ্রহণ করিলেন। ভক্ষণার্থ তাঁহাকে কিছুই দিলেন না। অনস্তর উপমন্ত্রা বিবাভাগে গো রক্ষা করিয়া সায়াছে গুরুগ্রে আগ্রমন ও তাঁহার স্মুথে উপস্থিত হইয়া নুমস্কার করি-করিলেন। উপাধাায় তাঁহাকে অত্যন্ত পুষ্ট দেখিয়া কহিলেন, বংদ উপমন্তা। তোমার ভিকাল সমুদ্রই গ্রহণ করিয়া থাকি, তথাপি ভোমাকে অভিশয় সুলকায় দেখিতেছি, এখন কি আহার করিয়া থাক, বল। তিনি এইরপ অভিহিত হইয়া প্রত্যুত্র করিলেন, ভগবন্। একৰার ভিক্লা করিয়া আপনাকে প্রদান করি, দিভীয়বার ক্ষেক মৃষ্টি তভুল আহরণ করিয়া আপনার উদরপূরণ করিয়া থাকি। উপাধ্যায় কহিলেন,দুেখ, ইহা ভদ্রলাকের ধর্ম ও সমুচিত কর্ম নহে। ,ইহাতে অফোর বুতিরোধ হইতেচে, আরও এইরূপ অনুষ্ঠান করিলে তুমিও ক্রমশঃ লোভপরায়ণ হইবে। উপাধাায়কর্জুক এইরূপ আদিষ্ট হইয়া উপনিয়া পূর্নবং গোচারণ ও সায়ংকালে গুরুগৃহে আগমন করিলে উপাধ্যার তাঁহাকে কহিলেন. বংস উপময়া ! তুমি ইতস্ততঃ পর্যাটন করিয়া যে ভিকাল

আহরণ কর, তাহাঁ আমি সম্পর্ট লট্যা থাকি এবং গুহি-বেধ করিয়াছি বলিয়া তুমিও বিভীয়বার ভিক্ষা কর না. তথাপি তোমাকে পূর্ব্বাপেকা সমধিক স্থলকায় দেখিতেছি একণে কি আহার করিয়া থাক, বল। এইরূপ অভিহিত হইয়া উপময়া কহিলেন, ভগবন ৷ এক্ষণে বেরুগণের ত্ত্ব পান করিয়া প্রাণ ধারণ করিতেছি। উপাধ্যায় কহিলেন, দেখ, আমি তোমাকে অনুমতি করি নাই, স্তরাং ধেত্ব হগ্ন পান করা^{*}তোমার স্বতান্ত অভায় হই-ভেছে। গুরুবাক্য অঙ্গীকার করিয়া উপমন্ত্য পূর্ববং গোচারণ ও ভরুগুহে প্রত্যাগ্যনপূর্বক তাঁহার সন্মুখে উপস্থিত হইয়া নমস্বার করিলেন। গুরু তাঁহাকে বিলক্ষণ স্থল দেখিয়া কহিলেন, বংস উপস্থা। তুমি ভিক্ষার ভক্ষণ ও দিতীয়বার ভিকার্থ পর্যাটন কর না.এবং দেমুর ছগ্ধপান করিতেও তোমাকে নিবারণ করিয়াছি, তথাপি তোমাকে অতিশয় সুলকলেবর দেখিতেছি, একণে • কি আহার করিয়া থাক, বল। উপমন্ত্রা কহিলেন, বৎসগণ মাতৃস্থন পান ক্রিয়া যে ফেন উল্গার করে, আমি তাহ্রা পান করি। উপাধ্যায় কহিলেন, অতি শাস্ত স্বভাব বংসগণ তোমার প্রতি অমুকম্পা করিয়া অধিক পরিমাণে ফেন উল্গার করিয়া থাকে, স্কুতরাং তুমি ভাহাদিগের আহারের বাাঘাত করিতেছ। অভঃপর ∢তামার ফেন পান করাও বিধেয় জহে। এইরপ আদিট হইয়া পুর্বাবং গো বকা করিতে লাগিলেন।

এইরপে উপাধ্যায়কর্ত্ব প্রতিষিদ্ধ হুইয়া তিনি আর ভিক্ষার ভক্ষণ করিতেন না; দ্বিতীয়বার ভিক্ষার্থ পর্যটন করিতেন না। ধেমুর হ্রপোন ও হ্প্নের কেনোপ্যোগেও বিক্রু হুইলেন। একদা তিনি অরণ্যে গোচারণে ক্ষার্তি হুইয়া অর্কপত্র ভক্ষণ করিলেন। সেই সকল ক্ষার, ভিক্ত, কটু, রুক্ষ ও তীক্ষ বিপাত্ত অর্কপত্র উপযোগ করাতে চক্দোষ জন্মিয়া অন্ধ হুইলেন। অন্ধ হুইয়া ইত-স্ততঃ ভ্রমণ করিতে করিতে এক কৃপে নিপ্তিত হুইলেন।

অনৈস্বর ভগবান্ দিনমণি অন্তাচল চূড়াবলম্বী হইলে উপাধ্যায় আয়োদ-ধৌশ্য শিষাদিগকে কহিলেন দেখ, উপমন্থা এখনও আদিতেছে না। শিধ্যেরা কহিলেন, ভগবন্! উপমন্থাকে আপনি গোচারণের নিমিত্ত অরণ্যে

প্রেরণ করিয়াছেন। উপাধাায় কহিলেন, দেথ আমি উপমত্নাকে সর্ব্ধপ্রকার আহার করিতে নিষেধ করিয়াছি, বোধ হয়, সে কুপিত হইয়াছে; এই নিমিত্ত প্রত্যাগত হইতেছে না। চল, আমরা তাহার অমুসন্ধান করিগে। এই বলিয়। শিষাগণ-সমভিব্যাহারে বন-গমনপূর্বক "বৎস উপমন্তা কোথায় গিয়াছ" এই বলিয়া মুক্তকণ্ঠে তাঁহাকে আহবান করিতে লাগিলেন। উপমৃত্যু উপাধ্যায়ের স্বর-মংযোগ প্রথণ করিয়া উটৈচঃম্বরে কহিলেন, আনি কুপে পতিত চুট্রাছি। তাহা শ্রবণ করিয়া উপাধ্যায় কহিলেন, তুমি কিরপে কুপে নিপ্তিত হইয়াছ। তিনি প্রত্যুত্তর করিলেন, আনি অর্কণত্র ভকণে অর হইয়া কুপে পতিত इरेलाग। छेशासास कहित्लन, जुनि तन्वरेतना अधिनी-ফুমারের তব কর। তাহা হইলে তোমার চকুলাভ হইবে। উপমত্ম উপাধাায়ের উপদেশামুসারে বেদবাকালারা অধিনীকুমার দেবতাম্বরের তব আরম্ভ করিলেন। হে অধিনীকুমার! তোমরা স্তির প্রারম্ভে বিদ্যমান ছিলে: ভোমরাই সর্বভূত-প্রধান হিরণাগর্ত্ত উৎপদ্ম হুইয়াছ, পরে ভোমরাই সংসারে প্রপঞ্জ স্বরূপ্তে প্রকাশনান হই-যাত। দেশ কাল ও অবস্থারো তোমাদিগের ইয়তা করা গায় না : তোমরাই মায়া ও মায়াক্রত চৈতনাক্রপে দেগত-মান আছে: ভোমরা শরীরবুকে প্রিক্রপে অবস্থান করি-েচছ; চোমরা স্টেপ্রক্রিয়ায় পর্মাণু-সমষ্টিও প্রকৃতির সহযোগিতার আবশাকতার্থে না; তোমারা বাকা ও মনেৰ অংগাচৰ; তোমৰাই স্বীয় প্রকৃতির বিকেপশক্তি-দাবা নিশিল বিমাকে স্থাকাশ করিয়াছ। একণে আমি নিক্রানি হইবার জনা প্রবণ মনন ও নিদিধান্ন লারা তোমাদিলের আবাধনা করিতে প্রাবৃত্ত হইয়াছি। 🖼 মরা প্রম রম্ণীয় ও নিথিও, বিলীন জগতের অধিষ্ঠানীভূত, মায়া বিকার রহিত, এবং জন্ম ্নুত্যু বিবজ্জিত ; তোমরা স্ক্রিল সমভাবে বিরাজ্যান আছে; তোমরা ভাল্পর रुष्टि कदिया निन य'गिनीयान एक ও कृष्टवर्ग कुछ। দারা সম্বৎসর রূপ বস্ত্র বয়ন করিতেছ; তোমরা জীবদিগকে স্বিহিত পণ সতত প্রদর্শন কর: তোমরা প্রমায়-শক্তি-বাপ কালপাশ হইতে বিমৃক্ত করিয়া জীবাত্মা স্বরূপ প্রিক্ ণীকে মোক্ষরণ পৌভাগাশালিনী করিয়াছ। জীবেরা ধাবৎ অজ্ঞানান্ধকারাচ্ছল থাকিয়া নিরবচ্ছিল ইল্লিয়পরতন্ত্র

থাকে, ভাবং ভাহারা সক্রেদায় স্পর্শ শূন্য চৈতন্য স্থারগ তোমাদিগকে শরীরী বলিয়া ভাষনা করে, ত্রিশত ষ্টি দিবস স্বরূপ গো সকল, সম্বৎসররূপ যে বংস উৎপাদন করে, তত্ত্তিজ্ঞান্তরা ঐ বৎসকে আশ্রয় করিয়া পুথক ফল ক্রিয়াসমূহরূপ গো হইতে তত্ত্তান স্বরূপ চুগ্ধ প্রাহন करतनः, উৎপাদক ও সংহারক সেই বৎসকে তোমরাই । প্রদাব করিয়াছ। অহোরাত্র-স্বরূপ সপ্তশত বিংশতি অর, সংবংসররূপ নাভিতে সংস্থিত এবং দ্বাদশ নাস্ত্ররূপ প্রধি দারা পরিবেষ্টিত মুম্মৎ প্রকাশিত নেমিশূন্য মাধাম্মক অক্ষয় কালচক্র নিরস্তর পরিবর্তিত হইতেছে। দ্বাদ্শ রাশিরপ্ অর, ছয় খাতু স্বরূপ ন।ভি; ও স্থংসররূপ অক্ষ সংযুক্ত এবং ধর্ম ফলের আধার-ভূত একগানি চকু আছে, যাহাতে কালাভিমানিনী দেবতা সতত অবস্থিত আছেন। ১ অখিনীকুমার-বুগল। তোমরাঐ চক্ত হইতে আমাকে মুক্ত কর, আনি জন্মমরণ ক্লেশে অতিশার ক্লিষ্ট আছি। তোমরা সনাতন অকা হইয়াও জড়সভাব বিশ্বস্কুপ: তোমরাই কর্ম ও কর্ম-কল সরপ। আকাশাদি সমস্ত জড় পদার্থ তোমাদের স্বরূপে লয় প্রাপ্ত হয়,তোমরাই অবিদ্যা-প্রভাবে তক্ষজান উপার্জন করিতে বিম্থ হইয়াও বিষ্ম বিষয়-রসাস্বাদ-স্থা-ভোগ দারা ইন্দ্রিয়বৃত্তি চরিতার্থ করিয়া সংসার মায়াজালে জড়িত হও। তোম্বা স্টির পুরের मभिक, याकाभ ও एग्रीम छत्त्व উদ্ভাবন করিয়াছ: মহর্ষিণ্ণ ভূষ্য বিহিত সময়ানুসারে বেদ-প্রতিপাদ্য কাঁষ্য কলাপ নির্বাহ করেন এবং নিথিল দেবগণ ও মন্ত্রোরা বিবিধ ঐশ্বহা ভোগ করেন। ভোমরা আকাশাদি কুলা পঞ্চত স্টি করিয়া তাহাদের পঞ্চীকরণ করিয়াছ, সেই পঞ্চত হইতে অথিল ত্রহ্মাণ্ড স্ট হেইয়াছে, প্রাণিগণ 🕌 हे सिम्न भरतम इंदेश विषया पूर्व देवे एव एक विश्व দেবগণ ও সমগ্র মহুষ্য, অধিষ্ঠানভূতা এই পৃথিবীতৈ অবিষ্ঠিত আছে। তোমাদিগকে ও তোমাদের কণ্ঠদেশা-ব্লম্বিত কমল্মালিকাকে প্রণাম করি। নিতামুক্ত কম্ম-कलनांछ। अधिनीक्यांत्र यूगलात সाहांगा विना अन्धाना দেবগণ স্কীয় কাৰ্য্য সাধনে সক্ষম নছেন। হে অখিনী-কুমার! তোমরা অত্যে মুখছারা অয়কশ গর্ত্তগ্রহণ কর, পরে অচেতন দেহ, ইক্রিয় বারা সেই গার্ড প্রসব করে; ঐ গর্ভ প্রস্ত্রাত্ত মাতৃস্তনপানে নিযুক্ত হয়। একণে তোমরা

আয়ার চকুষ্যের অন্ধত মোচন করিয়া প্রাণ রক্ষা কর। অশ্বিনীকুমার-যুগল উপমন্থার এইরূপ হবে সন্তুট হইয়া তথায় আবিভু ত হইলেন, এবং কহিলেন, আমরা তোমার °প্রতি•অতিশয় প্রদন্ন হইয়াছি, অতএব তোমাকে এক পিষ্টক দিতেছি ভক্ষণ কর। এই রূপ আদিষ্ট হইয়া তিনি কছিলেন, আপনাদিগের কথা অবহেলন করিবার যোগা নয়। কিন্তু আমি গুরুকে নিবেদন না করিয়া পূপ ভক্ষণ করিতে পারি না। তথন অধিনীতনয়য়য় কহিলেন, পূনেব তোমার উপাধ্যায় আমাদিগকে তব করিয়াছিলেন। আমরা তাঁহার প্রতি সম্ভুষ্ট হইয়া এক পিষ্টক দিয়াছিলাম. কিন্তু তিনি গুরুর আদেশ না লইয়া তাহ। উপযোগ করেন অতএব তোমার উপাধ্যায় যেরপ করিয়াছিলেন; তুমিও সেইরূপ কর। এইরূপ অভিহিত হইয়া উপময়া কীহি-লেন, আপনাদিগকে অমুনয় করিতেছি, আমি গুরুকে निर्देशन ना कदिशा, अश्रुत छक्षण कदिए शादिव ना। অখিনীকুমার কহিলেন, তোমার এই প্রকার অসাধারণ শুরুভক্তি দর্শনে আমরা অতিশয় প্রসন্ন হইলাম, তোমার উপাধারের দম্ভ সকল লোহময়; তোমারও হির্থায় হইবে এবং তুমি চক্ষ্ণ ও শ্রেয়োলাভ করিবে। উপমন্থা অধিনী-কুমারের বরদান প্রভাবে পূক্ববিৎ চক্ষুরত্বলাভ করিয়া গুরু-সরিধানে গমন ও অভিবাদন করত আন্যোপাস্ত সমূদয় বৃত্তাপ্ত নিবেদন করিলেন। তিনি শুনিয়া অতাস্ত প্রীত হইলেন এবং কহিলেন, অধিনীতনয়েরা দেরপ কহি-য়াছেন, তুমি সেইরপ মঞ্চলাভ করিবে। সকল বেদ ও সকল ধর্মাক্র স্বর্কাল তোমার স্মৃতিপথে থাকিবে। উপমত্মার এই পরীক্ষা হইল।

আয়োদ পৌশের বেদু নানে অপর একটি শিষ্য ছিল।
একুদা উপাধ্যায় তাঁহাকে আদেশ করিলেন, বংস বেদ!
তুমি আমার গৃছে থাকিয়া কিছুকাল, শুশ্রাথা কর, তোমার
শ্রেষোলাভ হইবে। বেদ তদীয় বাক্য শিরোধারণপূর্বে ক
শুর-শুশ্রায় রত হইয়া বহুকাল, শুশ্রগৃছে অবস্থিতি করিতেল
লাগিলেন। শুরু যথন যাহা নিয়োগ করিতেন, তিনি শীত,
উত্তাপ, ক্ষ্যা, তৃষ্ণা প্রতিত অশেষ ক্লেশ গণনা না করিয়া
ভক্তি ও শ্রদ্ধা সহকারে তৎক্ষণাৎ তাহা অষ্টান করিতেন;
কথন কোন বিষয়ে অবহেশা করিতেন না। এইরপে
বহুকাল অতীত হইলে উপাধ্যায় তাঁহার প্রতি অতি প্রীত

ও প্রাসন্ন হইলেন। তথন বেদ, গুরুর প্রাসাদে শ্রেয়: ও স্বর্জজ্ঞালাভ করিলেন। বেদের এই প্রীক্ষা হইল।

অনস্তর বেদ উপাধ্যায়ের অমুমতিক্রমে গুরুকুল হইতে প্রত্যাগত হইয়া গৃহস্থাশ্রল প্রবেশ করিলেন। ঐ আশ্রমে অবস্থান কালে তাঁহারও তিনটি শিষ্য হইল। বেদ শিষ্য-দিগকে কোন কর্মে নিয়োগ বা আত্মশ্রমা করিতে আ-দেশ করিতেন না। কারণ প্রকুক্লবাসের হুঃথ তাঁহার মনোমধ্যে সতত জাগরক ছিল। এই নিমিত্ত তিনি শিষ্য-গণকৈ ক্রেশাস্বিতে পরাজ্ম্থ হইলেন।

কিয়ৎকাল পরে রাজা জনমেজয় ও পৌষ্য নামক অপর
এক ভূপাল বেদের নিকেট উপস্থিত হইয়া তাঁহাকে উপাধাায়রপে বরণ করিলেন। একদা তিনি যাজনকার্য্যোপ:
লক্ষে স্থানাস্তরে প্রস্থান করিবার কালে উত্ত্ব নামক
শিষ্যকে আদেশ করিলেন, বৎস! আনার অনবস্থান
কালে মদীয় গৃহে যে কোন বিষয়ের অসম্ভাব হইবে, তাহা
ভূমি তৎক্ষণাং সম্পন্ন করিবে। উত্তর্ধক এইরপ আদেশ
দিয়া বেদ প্রবাসে গমন করিলেন। উত্ত্ব গুরুকুলে বাস
করিয়া গুরুর অম্ক্রজা পালন করিতে লাগিলেন।

এক দিন উপাধ্যায়পত্নীরা উত্তম্বকে আহ্বান-করিয়া কহিলেন,তোমার উপাধাায়ানী ঋতুমতী হইয়াছেন। এসময ভোমার গুরু গৃহে নাই। যাহাতে তাহার ঋতু নিকল না হঁয় তুনি তাহা কর, কাল অতিক্রান্ত হইয়াছে 🎉 উত্ত এতাদৃশ অসমত কণা শুনিয়া কহিলেন, আমি স্ত্রীলোকের কথায় এরূপ কুকমো কদাত **প্র**বৃত্ত হইতে পারি না। এবং ত্তর আমাকে অন্যায় আচরণ করিতে কহিয়া যান নাই। কিয়ৎুকাল পরে উপাধাায় প্রবাস হইতে গৃহে আগমন করি উত্তের স্বচরিত আদ্যোপাস্ত প্রবণ করিয়া অভান্ত প্রাসম হইলেন। এবং তাঁহাকে কহিলেন, বৎস উত্তয়। তোমার কি প্রিয়কার্যা অমুষ্ঠীন করিব বল। জুনি ধলাত আমার জুজাবা করিয়াছ, তাহাতে আমি অতিশয় সম্ভ হই-য়াছি, অতএব এক্লণে ভোমাকেমমুক্তা করিতেছি, ভোমার সকল ম্নেরিথ সফল হউক ; গমন কর । তক কর্ত্ক এই রূপ অভিহিত হইয়া উত্ত কহিলেন, ভগ্রন্! আমি গুরুদক্ষিণা দিতে প্রার্থনা করি, কারণ, এইরপ শ্রুতি আছে বে, যিনি দক্ষিণা গ্রহণ না করিয়া শিক্ষা দান করেন ও যে ব্যক্তি निक्कण ना निया व्यथायन करत्र, छोडारमर मरधा

একজন মৃত্যু বা বিদেষ প্রাপ্ত হয় ৷ অতএব অহুমতি করিলে আপনার ইচ্ছামুরপ দ্ফিণা আছেরণ করি। উপা-ধাার কভিলেন, বংস উত্তর। অবসরক্রমে আদেশ করিব। উত্ত আর এক দিন গুরুকে নিবেদন করিলেন, মহাশয় আক্রা করুন, কিরূপ দক্ষিণা আপনকার অভিমত, তাহা আছরণ করিতে আমার নিতান্ত বাসনা হইতেছে। তাহা শুনিরা উপাধ্যায় কহিলেন বৎস উত্তঃ গুরুদ্ফিণা আছরণ করিব বলিয়া আমাকে বারস্বার জিজ্ঞাসা করিয়া থাক, অতএব ভোমার উপাধ্যায়ানীকে বল, পাঁহার বাঁহা অভিকৃতি সেই রূপ গুরুদক্ষিণা আহরণ কর। উত্ক উপাধ্যায়ের আদেশক্রনে গুরুপত্নী-সমীপে গমন পূর্বক কহিলেন, মাতঃ ! গৃহে যাইতে উপাধ্যায় আমাকে অনু-মতি করিয়াছেন, একণে আপনকার অভিল্যিত গুরু-प्रिक्रिश पिया थान-मूख्य इंटेट टामना कति। वनून, कि मिक्किंग जालेनात जिल्ला । उलाशात्रामी किट्रिनन, বংস। পৌষা রাজার ধর্মপত্নী যে কুগুলম্ম ধারণ করিয়া আছেন, তাহাঁ আনয়ন করিয়া আমাকে প্রদান কর। আগামী চতুর্গদিবদে এক ত্রত উপলক্ষে মহা সমারোহ হইবে সেই দিন ঐ তুই কু ওঁল ধারণ করিয়া নিমন্ত্রিত ত্রাহ্মণ-দিগের পরিবেশন ক্রিব, অতএব তুমি সম্বর গমন কর, ইহা করিতে পারিলে তোমার শ্রেরালাভ হইবে. অন্যথা মঙ্গল হওয়া সুক্ঠিন।

উত্তম এইরপ অভিহিত হইয়া প্রস্থান করিলেন। গমন করিতে করিতে পথিমধ্যে অতি বৃহৎ এক বৃষ দেশিলেন। ঐবৃষ্যে বৃহৎ কায় এক প্রক্ষ আরোহণ করিয়াছিলেন। তিনি উত্তমকে আহ্বান করিয়া কহিলেন, ওহে উত্তম ! তুলি এই ব্যের পুরীষ ভূক্ষণ করে। উত্তম তাহাতে অসম্মত হৈই-লেন। তথন ঐ পুরুষ পুনুর্বার তাহাকে কহিলেন, উত্তম ! ভূমি ননোমধ্যে কোন প্রকার বিচার না করিয়া এই বৃষের পুরীর ভক্ষণ করিয়াছিলেন। তথন উত্তম ঐ কথায় ইহার পুরীষ ভক্ষণ করিয়াছিলেন। তথন উত্তম ঐ কথায় স্থাকার করিয়া সেই বৃষ্যের মৃত্র ও পুরীষ ভক্ষণ করিয়াছিলেন। তথন উত্তম ঐ কথায় স্থাকার করিয়া সেই বৃষ্যের মৃত্র ও পুরীষ ভক্ষণ করিলেন। অনস্তর স্থার আচমন করিতে করিতে স্মন্তমে প্রস্থান করিলেন এবং আসনাসীন পৌষ্যের সমিধানে গমন করিয়া আশীর্কাদ প্রয়োগ পুর: সর কছিলেন, মহারাজ ! আমি অথিভাবে আপনকার নিকট অভ্যাগত হইয়াছি। রাজা

তাঁহাকে অভিবাদন করিয়া কহিলেন, ভগবন। এই কিন্তর আপনকার কি উপকার করিবে বলুন। উত্ত कहित्तन, महादाक। व्यापनांत महियो (य क अनदा धांतन করেন, গুরুদ্ধিশা প্রদান বাসনায় আপনার নিকট আমি তাহা প্রার্থনা করিতে আসিয়াছি। পৌষা কহিলেন মহাশ্র অন্ত:পুরে প্রবেশ করিয়া আমার সহধর্মিণীর নিকট উছা যাচ্ঞা করুন। উত্তম তাঁহার আদেশামুসারে অন্তঃপ্রে গমন করিয়া রাজমহিষীকে দেখিতে পাইলেন না. তথন তিনি পুনর্বার পৌবোর নিকট আগিয়া কহিলেন. মহারাজ ! আমার প্রতি এইরূপ মিগাা আচরণ করা আপ-নার উচিত হয় নাই। অনেক অনুসন্ধান করিলাম, কিন্ত অন্তঃপ্রে আপনার মহিবীকে দেখিতে পাইলাম না। পৌষা কণকাল বিবেচনা করিয়া তাঁলাকে কভিলেন, মহা-भग्न ! द्याध इंग्र व्याभिन व्यक्षित व्याह्मन, महन कतिया दंग्रथन । আমার গৃহিণী অতি পতিব্রতা, অপবিত্র থাকিলে কেছই তাঁহার সন্দর্শন পায় না। এইরূপ অভিহ্তি হইলে উত্তঃ সম্ দয় সারণ করিয়া কহিলেন, আমি বুধ-পুরীষ ভক্ষণানস্তর সহরে উথিত হইয়া গ্রনকালে আচ্নন করিয়াছিলাম। পোষা প্রত্যুত্তর করিলেন, মহাশয় ৷ আপনার ইহাই বাতি-ক্রম হইয়াছে। উত্থানাবস্থায় ও গ্রনকালে আচ্মন করা আর না করা উভয়ই ত্ল্য। তথন উপত্র প্রান্ত্রে উপ-বেশন এবং কর, চরণ ও বদন প্রকালন-পূর্ব্ধক নিঃশক আফেন অমুষ্ট ও হানয়দেশ পর্যান্ত গমন করিতে পারে এই-রূপ পরিমাণে জল তিনবার আচমন পূর্বক অন্তঃপুরে প্রবেশ করিলেন এবং রাজনছিবীকে দেখিতে পাইলেন। রাজমহিধী তাঁহার দর্শনমাত্র সহরে উপিত হইয়া অভি-বাদন করিলেন, এবং স্থাগত জি্জাসাঁ করিয়া কছিলেন, ভগবন। এ কিন্ধরী আপনার কি করিবে, আজ্ঞা করুন। উত্তম কহিলেন,গুরুদক্ষিণা প্রদান করিবার নিমিত্র তোমার নিকট কুণ্ডলম্বয় ভিকো করিতে আদিয়াছি আমাকে তাহা দান কর। রাজমহিষী তাঁহার তাদশ প্রার্থনায় প্রীতা ও প্রসন্না হইয়া সৎপাত্র বোধে তৎক্ষণাৎ কর্ণ ছইতে উন্মো-চন পুৰু ক কুণ্ডলম্বর ভাঁছার হতে সমর্পণ করিলেন, এবং কহিলেন, নাগরান্ধ তক্ষক আগ্রহাতিশয় সহকারে ইহা প্রার্থনা করেন। অতএব সাবধান হইয়া লইয়া যাউন। উত্তম কহিলেন, তুনি কোনরূপ আশক্ষা করিও না

মিশ্চয় কহিতেছি, তক্ষক আমার কিছুই করিতে পারিবে নাএ•

উত্ত ইহা কহিয়া সমূচিত সংবৰ্দ্ধনা পূৰ্ব্ধক তাঁহার निक्छे विषाय गृहेया श्रीवामकारण शमन कतिरलन, धदः কহিল্পেন, মহারাজ ৷ অভিল্যিত ফললাভে আমি অতি-मंत्र औं इरेग़ाहि। अनस्त त्भीया कहित्वन, अभवन। সকল সময় স্থপাত্ত-সমাগম হয় না। আপনি গুণবান অতিথি উপস্থিত হইয়াছেন। ইচ্ছা হয় আতিখ্য করি অতএব কালনির্দেশ করুন। উত্তম প্রভাতর করিলেন, আমি একণেই প্রস্তুত আছি আপনি অন্ন আনয়ন করুন। নাজা তদীয় আদেশামুদারে অন্ন উপস্থিত করিয়া তাঁহাকে উপযোগ করিতে দিলেন। তিনি তাহা শীতল ও কেশ-সংস্পর্শে অশুচি দেখিয়া কহিলেন, তুমি আমাকে দূষিত অর ভোজন কব্ৰিতে দিয়াছ অতএব অন্ধ হইবে। পৌষা এই-রূপ অভিশাপ শ্রবণ করিয়া কহিলেন, তুমি অদৃষিত অরে দোষারোপ করিলে অতএব তোমারও বংশলোপ হইবে। তথন উতত্ক কহিলেন,দেথ তুমি অগুচি অন্ন ভোজন করিতে দিয়া পুনকার প্রতিশাপ প্রদান করিতেছ ইহা তোমার সমুচিত কর্ম হইল না। বরং তুমি অলের দোব বচকে প্রতাক কর। পোষা অনের অশুচিত্ব স্পষ্টই দেখিতে পাই-লেন। পরে উতহকে বিনয়বাক্যে কহিলেন, ভগবন্! আমি সবিশেষ না জানিতে পারিয়া এই অগুচি অন্ন আহরণ করিয়াছিলাম একণে আপনার নিকট ক্ষমা প্রার্থনা করি-তেছি। আপনি প্রসর হইরা যাহাতে আমি অন্ধ না হই এইরপ অন্তগ্রহ করুন।

তথন উত্তর প্রান্তর করিলেন, দেও আমার বাক্য
মিথ্যা ইইবার নহে, স্থতরাং একবার অন্ধ ও অনতিবিলম্বে
চকুমান্ ইইবে সন্দেহ নাই। কিন্তু তুমি যে শাপ দিরাছ
ভারা ইইতে আমাকে মুক্ত কর। পৌষ্য কহিলেন, এখনও
আমার ক্রোধের উপশম হয় নাই অত্তর শাপ প্রতিসংহার
করিতে পারি না। আর আপনি কি জানেন না যে,রান্ধণে র
হলয় নবনীতের ন্যায় স্থকোমশু ও বাক্য থরধার কুরের
ন্যায় নিতান্ত তীক্ষ; ক্রিয়দিগের উভরই বিপরীত অর্থাৎ
ভাহাদিগের বাক্য নবনীতবং কোমল ও হলয় কুরধার
তুল্য স্থতীক্ষ, স্থতরাং আমি স্থভাবন্ধণত ভীক্ষভাব প্রস্কু
এক্ষণে প্রদন্ত শাপের অন্যথা করিতে পারি না। উত্তর

ক্রিলেন, আমি অদুবিত অগ্নে দোষারোপ করিয়া তোমাকে অভিসম্পাত করিয়াছি এই ভাবিয়া তুমি আমাকে প্রতিশাপ প্রদান করিয়াছিলে। একণে অয়ের দোষ স্বচক্ষে প্রতাক্ষ করিয়া অন্থনয় বিনয়প্র্বাক আমাকে প্রাস্থান করিয়া লইলে। কিন্তু তুমি যে শাপ দিয়াছ তাহা মোচন করিতে চাহিতেছ না এই প্রবঞ্চনা প্রযুক্ত সে শাপ আমাকে লাগিবে না। আমি চলিলাম এই বলিয়া কুগুলব্ম গ্রহণপ্রকৃক সে স্থান হইতে প্রস্থান করিলেন।

° পথিমধ্যে দেখিলেন, এক নগ্ৰহ্মপণক আসিতেছে কিন্ত म मार्था मार्था व्यक्तभा इहेटलहा छेल्ड मिर ममास পৌৰামহিৰীদক্ত কুণ্ডলুম্বর ভূতলে রাখিয়া স্নান তর্পনাদির নিমিত্ত সরোবরে গমন করিলেন। ইতাবসরে ক্ষপণক নিঃশব্দ পদস্কারে সত্তর আগমন ও কুওলম্বর অপহরণ করিয়া পলায়ন করিল। উতত্ত স্থানাছিক স্মাপনানস্কর অতি পুতমনে দেবতা ও গুরুকে প্রণাম করিয়া প্রবলবেগে তাহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন। তিনি সেই ক্ষপ-ণকের দলিক্ট হইবামাক্র সে ক্ষপণকরূপ প্রবিহার-পূর্বক তক্ষরপ পরিগ্রহ করিল, এবং অকক্ষাৎ ভূপৃষ্ঠ বিদীর্ণ হইয়া তাহার সন্মুধে এক মহাগঠ সুমুৎপর হইল। তক্ষক সেই মহাগর্জ দিয়া নাগলোকস্থ স্বীর ভবনে গমন করি-লেন। তথন উতত্ব পৌষ্য-মহিষীর কথা শ্বরণ করিয়া গ্রীণপণে তক্ষকের অসুসরণে বছুবান হইলেন,এবং প্রবেশ-ৰার বিকার করিবার নিমিত্ত দশুকার্চ ৰারা থনী করিতে লাগিলেন কিন্তু তাহাতে কুত্কার্য্য হইতে, পারিলেন না। দেবরাজ ইন্দ্র ভাঁছাকে কষ্ট ভোগ করিতে দেথিয়া স্বীয় বজ্ঞান্তকে সম্বোধন করিয়া বলিলেন,বজ্ঞ ৷ তুমি যাইয়া এই বান্দার সাহায্য কর। বন্ধ প্রভুর আদেশক্রমে তদণ্ডে দ ওকাঠে অমুপ্রবিষ্ট হইয়া গতিবার বিস্তীর্ণ করিল। উতক্ ভদারা রসাতলে প্রবেশ করিলেন। তিনি এইরূপে নাগ-লোকে প্রবেশ করিয়া বছবধি প্রাসাদ, হর্ম্যা, বলভী এ नानाविध कीषा देकोकूटकब उमगीय द्वान अवत्नाकन कति-লেন এৰও বক্ষ্যমাণ প্রকারে নাগগণের স্তব করিতে चात्रक्ष किर्तिम ।

"রাবত যে সকল সর্পের অধিরাজ, এবং বাঁহারা যুদ্ধে জাতিশর শোভমান, সৌদামিনীসহক্ত প্রবন-চালিত মেঘ- मालात नाम (वर्गवान, त्रहे मुकल मर्निनगरक छव कति। ঐরাবত-সম্ভূত অন্যান্য স্থূরূপ ও বছরূপ বিচিত্র কুণ্ডলধারী সর্প, যাঁহারা প্রচণ্ড দিবাকরের ন্যায় অমরলোকে নিরব-চ্ছিন্ন বিরাজমান আছেন, এবং ভাগীরথীর উত্তরতীরে যে সকল নাগের বাসস্থান আছে, দেই সকল স্থমহৎ পরগ-দিগকেও স্তব করি। ঐরাবত ব্যতিরেকে আর কে স্থ্য কিরণে বিচরণ করিতে পারে। যথন ধৃতরাষ্ট্র-সর্প গমন করেন তৎকালে বিংশতি সহস্র, অষ্ট্রশত, অশীতি সর্প তাঁহার অমুসরণ করেন। যাঁহারা ধুতরাষ্ট্রের সমভিব্যাহারে গমন করেন ও বাঁহারা অতিদূরে বাস করেন 1সেই সমস্ত ঐরাবতের জ্যেষ্ঠ ভ্রাতাদিগকে নমন্বার করি। পূর্বে থাওব-প্রস্থে ও কুরুকেত্রে বাঁহার বাসস্থান ছিল, কুওলের নিমিত্ত সেই নাগরাজ তক্ষককে তব বরি। তক্ষক ও অশ্বদেন এই উভয়ে নিত্যকাল সহচর হইয়া শ্রোতস্বতী ইক্লুমতীতীরে সতত বাস করিতেন। মহাত্মা তক্ষকের কনিষ্ঠ পুত্র শ্রুতদেন যিনি সর্ফানাগের আধিপত্য লাভ করিবার প্রত্যাশায় কুরুকেত্রে বাস করিয়া সুর্য্যোপাসনা করিয়াছিলেন, তাঁহাকেও প্রণাম করি।" ...

উত্তক এইরপে সর্পদিগকে স্থব করিয়াও যথন কুণ্ডল
দম লাভ করিতে পারিলেন না তথন অত্যস্ত চিন্তিত হইলেন এবং ইতস্ততঃ দৃষ্টিপাত করিয়া দেখিলেন, ছটি
স্তীলোক স্ফাক্ষ বাপদওয়ক তথ্যে বস্ত্র বয়ন করিতেছে।
সেই তল্পের স্থা সকল শুক্র ও ক্লাঞ্চ বর্ণ এবং দেখিলেন,
দাদশ অর যুক্ত একথানি চক্র ছয়্ট শিশু কর্ত্বক পরিবর্ত্তিত
হইতেছে। আরে এক জন পুরুষ ও অতিমনোহর একটি
অশ্ব নিরীক্ষণ করিলেন। এইরূপ অবলোকন করিয়া তিনি
তাহাদিগকেও স্তব করিতে লাগিলেন।

"সতত লামামাণ চত্বিংশাত প্রব্যুক্ত এই চক্রেইতন শত, ষষ্টি তন্ত্র সমর্পিত আছে। ইহাকে ছয়জন কুমারে পরিবর্ত্তিক রিতেছে। বিশ্বরূপ তুই যুবতী শুক্ল ও ক্লফ স্ত্র দরো এইতন্ত্রে বন্ত্র বয়ন করিতেছেন। এই ছই যুবতী সমস্ত প্রাণী ও চতুর্দশ ভ্বন উৎপাদন করেন। নিধিল-ভ্বনের রক্ষাকর্ত্তা ব্রাহ্মর ও নম্চির হস্তা অক্লধ্র ইক্র যিনি সেই ক্ফবর্ণ বসন্যুগল পরিধান করিয়া ত্রিলোকে সত্য মিথ্যা উভয়ই বিচার করেন, সেই ত্রিলোকীনাথ পুর-দরকে নমস্বারক্রি।"

অনস্তর সেই পুরুষ উতঙ্ককে কহিলেন, তোমার এই-রূপ ন্তবে আমি অতিশয় প্রীত হইলাম, একণে কি উপ-कांत्र कतिव वन। छेज्ड कहिरनन, छर्गवन्! धरे ककन যেন সমস্ত নাগগণ আমার বশবর্জী হয়। তথন সেই পুরুষ কহিলেন, ভাল তুমি এই অখের অপানদেশে কুৎ-কার প্রদান কর। তদীয় বাক্যামুসারে উতত্ব অখের অপানদেশে ফুৎকার প্রদান করিলে তাহার শরীর প্রধ্-মিত হইয়া উঠিল এবং ইন্দ্রিয়রস্থ হইতে অধিক লিক সকল নিৰ্গত হইতে লাগিল। তদ্যুৱা নাগলোক সাতিশয় সম্ভপ্ত হইলে পর, তক্ষক অগ্নাৎপাত ভয়ে ভীত ও ঝাকু-লিত হইয়া কুণ্ডলম্বয়ের সহিত স্বীয় বাসভবন হইতে সহসা নিক্ষান্ত হইলেন এবং উতত্ত-সমীপে আসিয়া কহি-লেন, আপনকার এই কুগুল বয় গ্রহণ করুন ,; উতম্ব কুগুল লইয়া চিস্তা করিতে লাগিলেন, অদ্য ত্রতোপুলক্ষে মহা-সমারোহ হইবে, কিন্তু আমি অতি দূরে রহিলাম অতএব একণে কিরপে উপাধ্যায়ানীর মনোরথ সম্পূর্ণ হইবে ! পরে সেই পুরুষ উত্তক্তক চিস্তাকুল দেখিয়া কহিলেন, উতহ ! তুমি আমার এই অখে আরোহণ কর, অনতি-বিলম্বেই গুরুকুলে উপস্থিত হুইতে পারিবে। উত্ত তাঁহার আদেশামুসারে অখে অধিরত হইয়া ক্ষণকাল মধ্যে গুরুগুহে প্রত্যাগমন করিলেন। তৎকালে তাঁহার উপা-ধ্যায়ানী স্নান-পূজাদি সমাপনানস্তর ক্লোন্রন্যাস করিতে ছিলেন, তিনি উতত্কের বিলম্ব দেখিয়া অভিসম্পাত করিবার উপক্রম করিতেছেন, এমত সময়ে উত্তম গুরুগুহে প্রবেশ-পূর্বকে উপাধ্যায়ানীকে অভিবাদন করিয়া কুণ্ডল দিলেন। তিনি তাহা গ্রহণ করিয়া কহিলেন, বংস উভস্ক ৷ ভাল আছত ? বংস ! তুমি ভাল সময়ে আসিয়া উপস্থিত হইয়াছ। আমি এথনই অকারণে তোমাকে শাপ দিতাম, ভাগ্যে দিই নাই। এক্ষণে আশীর্মাদ করি, তুমি চিরকাল কুশলে থাক্।

অনস্তর উত্ত প্রক্রপত্নী সন্নিধানে বিদায় গ্রহণ করিয়া উপাধ্যায়ের নিকট উপস্থিত হইয়া প্রণাম করিলেন। উপাধ্যায় তাঁহাকে প্রত্যাগত দেখিয়া জিজ্ঞাসা করিলেন, বংস! ভাল আছত ? এত বিলম্বইল কেন? উত্তর প্রত্যুত্তর করিলেন, ভগবন্! নাগরাজ তক্ষক কুওলাহরণ বিষয়ে অতিশয় বিদ্ন করিয়াছিলেন, এই নিমিত্তে আমি নাগলোকে গমন করিয়াছিলাম, তথার দেখিলাম হুইটি স্থীলোক ক্রফ ও শুক্রবর্ণ স্ত্রত তত্ত্বে আরোপণ করিয়া বস্ত্র বর্মন করিতেছেন, তাহা কি ? ছয়টি কুমার ছাদশ অরসংমুক্ত একথানি চক্র নিয়ত পরিবর্ত্তিত করিতেছে তাহাই বা কি ? এবং তথার এক পুরুষ ও এক বৃহৎকায় অয়
দেখিলাম তাহাই বা কি ? আর পথিমধ্যে গমন করিতে
করিতে এক বৃষ দেখিলাম, ঐ বৃষে এক পুরুষ আরোহণ
করিয়া আছেন, তিনি আমাকে বৃষের পুরীষ ভক্ষণ করিতে
আয়ুরোধ করিলেন এবং কহিলেন, পুর্বে তোমার উপাধ্যার এই বৃষের পুরীষ ভক্ষণ করিয়াছিলেন। পরে তাহার
নিদেশক্রমে আমি সেই বৃষের পুরীষ উপযোগ করিলাম,
ঐ বৃষ ও বৃষাধির ঢ় পুরুষই বা কে ? আপনি অয়ুগ্রহ
করিয়া এই সমস্ত বর্ণনা করুন, আমি শ্রবণ করিতে অভিলাষ করি।

উতক্ষের প্রার্থনায় উপাধ্যায় কহিলেন, বৎস ! তুমি
যে হুটি স্ত্রীলোক দেখিয়াছ, তাঁহারা পরমাত্মা ও জীবাত্মা।

হাদশ অর সংযুক্ত যে চক্র দেখিয়াছ, উহা সহৎসর। শুরু
ও রুক্ষবর্ণ যে সকল তন্তু দেখিয়াছিলে, উহা দিবারাত্রি।

হুয়টি কুমার হুয় ঋতু। যে পুরুষ দেখিয়াছ, তিনি পর্জন্য।
আর অখটি অমি। পথিমধ্যে যে বৃষভ অবলোকন করিয়াহিলে, তিনি নাগরাজ প্ররাবত। আর প্র অখে যে পুরুষ
আরোহণ করিয়াছিলেন, তিনি দেবরাজ ইক্র। যে পুরীষ
ভক্ষণ করিয়াছিলেন, তিনি দেবরাজ ইক্র। যে পুরীষ
ভক্ষণ করিয়াছিলেন নাগলোকে পরিত্রাণ পাইয়াছ।
ভগবান ইক্র আমার সধা, তিনি রুপারস-পরবশ হইয়া
তোমাকে রক্ষা কুরিয়াছেন, নতুবা নাগলোক হইতে কুগুল
লইয়া আগমন করা চুক্র হইত। বংস ! এক্ষণে আমি
তোমাকে অম্মতি কুরিতেছি, গৃহে গমন কর এবং
ক্রেমার শ্রেয়ো লাভ হউক।

উত্ত উপাধ্যারের অমুজ্ঞালাভানস্তর তক্ষকের প্রতি ক্লাত-ক্রোধ হইরা তাহার প্রতীকার শ্বহরে হন্তিনাপুরে প্রস্থান করিলেন এবং অনতিকাল বিলুদ্ধে তথার উপস্থিত হইরা রাজা ক্লনমেজয়ের সহিত সমাগত হইলেন। তং-কালে মহারাজ ক্লমেজয় অমাতাগণে পরিবৃত হইয়া বিসরাছিলেন। উত্তম্ব অবসর ব্রিয়া রাজা ক্লমেজয়কে ফ্রাবিধি আশীর্কাদ বিধানপুর্বক কহিলেন, মহারাজ। প্রকৃত কার্য্যে অনুনাস্থা করিয়া বালকের ন্যায় সামান্য কার্য্যে ব্যাপৃত রহিয়াছেন।

অনমেজয় তাঁহাকে যথোচিত সংকার করিয়া কহি-লেন, হে বিজোন্তম ৷ আমি স্থতনির্ব্ধিশেষে প্রজ্ঞাপালন করিয়া ক্ষত্তির-ধর্ম প্রতিপালন করিতেছি, এক্ষণে আপনি কি নিমিত্ত আগমন করিয়াছেন, আজ্ঞা করুন। উতত্ত কহিলেন, মহারাজ। আমি যে কার্য্যের নিমিত্ত আগমন করিয়াছি, উহা আপনারই কুর্ত্তব্য কর্ম। ছরাত্মা তক্ষক আগনার পিতার প্রাণ হিংসা করিয়াছিল, এক্ষণে তাহার প্রতিবিধান করন। ঐ অবশ্যকর্ত্তব্য কর্ম্মের অমুগ্রীনকাল উপস্থিত হইয়াছে; অতএব হে মহারাজ! আপনকার পিতৃ-বৈরি তক্ষককে সমূচিত্ব প্রতিফল প্রদান করুন। সেই হুরাত্মা বিনাদোবে আপদার পিতাকে দংশন ক্রিয়াছিল, তাহা-তেই তিনি বজাহত বুক্ষের ন্যায় ভূতলে পতিত ও পঞ্চয প্রাপ্ত হয়েন। বলদৃপ্ত পর্নগাধম তক্ষক বিনা অপরাধ্য আপনকার পিতার প্রাণসংহার করিয়া কি ফুর্চর্ম করিয়া-ছে, একবার স্থিরচিত্তে ভাবিরা দেখুন। কাশাপ বিষ-চিকিৎসা বারা রাজবি-বংশ-রক্ষক দেবতা ইভব মহারাজ পরীক্ষিতের প্রাণরক্ষী করিতে আসিতেছিলেন, পথিমধ্যে পাপাধম তক্ষক পরিচয় পাইয়া[®] ভাঁহাকে নির্ভ করে। অতএব মহারাজ ! অবিলয়ে সর্পদত্তের অহুষ্ঠান করিয়া ঐ পাপাত্মাকে প্রদীপ্ত ইতাশনে আছতি প্রদান করুন। তীহা হইলে তোমার পিতার বৈরনির্যাতন এবং আমারও অভীষ্ট সাধন হইবে সম্ভেহ নাই। মহারাজ ! আমি গুরু-দক্ষিণা আহরণ করিতে গিমাছিলাম, এ পাপিষ্ঠ পথি-মধ্যে আমার ষথেষ্ট বিল্ল অহুষ্ঠান করিয়াছিল।

বাজা জনমেজয় তাহা শ্রবণ করিয়া তক্ষকের প্রতি
অত হ কোপাবিট হইলেন। যেমন য়ত-সংযোগে অগ্নি
প্রজালত হইয়া উঠে, উতদ্ধের বাকো রাজার রোষানলও
সেইরপ উদীপ্ত হইয়া উঠিল। তথন রাজা জনমেজয় অতিশয় ছঃপ্রিত হইয়া উত্তম্ক সমক্ষে পিতার স্বর্গপ্রাপ্তির নিমিত্ত
স্বীয় অমাতাবর্গকৈ বারমার জিজ্ঞাসা করিছে লাগিলেন
এবং উত্তমন্থে পিতৃবধ-বৃত্তান্ত শ্রবণ করিয়া অবধি শোকে
ও ছঃথে নিতান্ত আক্রান্ত ও একান্ত অভিভূত হইলেন।

(भोराभक्ताशांत्र नमाश्च।

চতুর্থ অধ্যায়। পৌ**লোমপর্ব**।

গৌতি কহিলেন, নৈমিষারণ্যে কুলপতি শৌনকের
ঘাদশবর্থব্যাপি যজে বে দকল মহর্ষিগণ সমাগত হইয়াছিলেন, স্তবংশসস্কৃত লোমহর্ষণাত্মক উপ্রশ্রবাঃ প্রাণ
পাঠ বারা তাঁহাদিগের শুশ্রমা কলিতেছিলেন। উপ্রশ্রমা
কুডাঞ্জলিপ্টে তাঁহাদিগকে নিবেদন করিলেন, হে মহর্ষিগণ! উভক্করিত আদ্যোপাস্থ কহিলাম, একণে আপনারা
আর কি শ্রবণ করিতে ইচ্ছা করেন, আঞ্জা কলেন।

মূনিগণ কহিলেন, হে লোমহর্ষণনন্দন! আমরা প্রদক্ষক্ষে তোমাকে যথন যে কথা জিজ্ঞালা করিব, তুমি সেই সমুদদ্ধ বর্ধনা করিও। কিন্তু কুলপতি শৌনক এক্ষণে অগ্নি শরণে অবস্থিতি করিতেছেন; তিনি স্থরাস্থর, মহুষ্য, সর্প, গুদ্ধর্মনিদিঘটিত বিচিত্র অলৌকিক বৃত্তান্ত আনেন, বিধান্ধীমান্কশ্মদক্ষ, ত্রতপরায়ণ, বেদবেদান্তশাস্ত্রে পারদশী, সত্যবাদী, শান্তিগুণাবলন্ধী, তপোনিরত, সেই মহুর্ষি আমাদিগের দকলেরই মান্য, তাঁহার অপেকা কর। তিনি পরমার্চিত আসনে অধ্যাদীন হইয়া বৈ বে কথা জিজ্ঞাদা করিবেন, তাহাই কহিবে।

উগ্রহ্রবাঃ কহিলেন, ভাল, সেই মহর্ষি আসনে উপ-বিষ্ট হইরা জিজাসিলেই বিবিধ পবিত্র কথা বলিব। কণ-কাল পরে বিপ্রপ্রেষ্ঠ শৌনকঝিষ দৈবযক্ত ও পিতৃত্পণ প্রভৃতি ক্রিয়াকলাপ বিধিপূর্ব্ধক সমাপ্ত করিয়া বেস্থানে উগ্রহ্রবাঃ ও ব্রক্তপরারণ সিদ্ধ ব্রন্থারিগণ স্থাসীন আছেন, সেই হানে আসিরা উপস্থিত হইলেন। পরে ঋষিক্ ও সদস্যগণ উপবিষ্ট হইলে স্বরং আসন পরিগ্রহ করিয়া এই কথা প্রস্তাব করিলেন।

পঞ্চম অধ্যায়।

শৌনক কহিলেন, বংস স্তনন্দন । তোমার পিতা
মহর্ষি বেদবাাসের নিকট সমস্ত পুরাণ অধ্যয়ন করিয়াছিলেন, তুমিও কি সেই সমুদ্য অধ্যয়ন করিয়াছ ?
তোমার পিতার মুখে শ্রবণ করিয়াছি, পুরাণে অলৌকিক
কথা সকল ও আদিবংশ বৃত্তান্ত সকল বণিত আছে,তন্মধ্য

•ध्यथमण्डः ज्र्थावस्थान तृञ्जासः ध्यवण कविर्देख केवित्र, वर्गना कत्रु।

মহর্ষি শৌনকের আজালাভানস্তর স্তনক্ষন উগ্রশ্রবাঃ কহিলেন, বিজাগ্রণী মহাস্থা বৈশস্পায়ন প্রভৃতি বাহা সম্যক্রপে অধ্যয়ন ও কীর্জন করিয়াছেন, আমার পিতা। বাহা অধ্যয়ন করিয়াছিলেন, এবং তাঁহার নিকট আমি বাহা প্রযন্ত্রপূর্কক অধ্যয়ন করিয়াছি, সেই সমস্ত বর্ণনা করিতেছি, প্রবণ কর্মন।

স্থবিখ্যাত ভ্তবংশ ইক্তাদি দেবগণ ও অশেষ ঋষিগণের পূজনীয়। এই বংশ প্রাণে যেরূপ বর্ণিত আছে,
তাহা আমি যথাবং বর্ণন করিতেছি। স্বয়স্ত্রু ব্রহ্মা বরুণে
যক্ত করিতেছিলেন, আমরা শুনিয়াছি, সেই বজ্ঞায়ি হইতে
মহর্ষি ভ্রুত সমুখিত হয়েন। ভ্রুতর পূল্র তাবন পিতার
প্রের্মপাত্র ছিলেন; চাবনের পূল্র প্রমতি অভিশয় ধর্মপরায়ণ ছিলেন; ঘুতাচীর গর্ত্তে প্রমতির করু নামা এক পূল্র
উৎপর হয়; করুর ঔরসে প্রমন্থরার গর্ত্তে আপনকার
প্রপিতামহ শুনক জন্ম গ্রহণ করেন। মহর্ষি শুনক
বেদাধারন-সম্পর, তুণোনিরত, যশস্বী, আশেষশাল্পজ্ঞ,
ব্রহ্মপ্রানী, সত্যবাদী ও জিতেক্রিয় ছিলেন।

শৌনক কছিলেন, হে স্তনন্দন! যেরপে সেই মহাত্মা ভৃগুনন্দন চ্যবন নামে বিখ্যাত হইলেন, তাহা আমার নিফট স্বিশেষ বর্ণনা কর।

উপ্রশ্রমণ কহিলেন, মহান্মা ভৃত্তর পুলোমানান্নী প্রিরতমা ধর্মপন্নী ছিলেন, তিনি ঐ মহর্ষির সহযোগে গার্ডিণী হরেন। একদা ধার্মিকাপ্রগণা মহর্ষি ভৃত্ত স্নানার্থ গমন করিলে পুলোমানামে এক রাক্ষ্য তাঁহার আশ্রমে উপস্থিত হইল। ঐ পাপান্মা আশ্রমে প্রবেশ করিয়া ভৃত্তগৃহিণীর মনোহারিণী মূর্ত্তি দর্শনে কর্ম্প-শরে জর্জারিত ও মৃদ্ধিতিপ্রার হইল। স্থচারদর্শনা পুলোমা অনান্নাসল্ভ্য বন্য ফলম্লাদি বারা সেই অভ্যাগত রাক্ষ্যের অতিথিসংকার করিলেন। ভ্রম্কৃত রাক্ষ্য ক্ষ্মপরের বিষম শরে নিতান্ত উন্ত্যান্তিতি হইয়া "এই বরবর্ণিনীকে হরণ করিব" এইরপ সহল করিবামাত্র সাতিশর হাইমনা হইল। প্রোমা রাক্ষ্য পূর্বে ঐ স্থচারহানিনী কঞ্জাকে ভার্যান্ধ-রূপে বরণ করিরাছিল, কিন্তু কন্যার পিতা ভাহাকে না দিরা মহান্মা ভৃত্তকে বিধিপুর্বক কন্যা সম্প্রদান করেন।

সেই অন্যায় কার্য্যের অনুষ্ঠান তাহার মনে সর্বাদা জাগরক ছিল, এক্ষণে সে অবসর পাইয়া হরণ করিতে অভিলাব করিল।

রাক্ষ্স, পুলোমাহরণে ক্তনিশ্য হইয়া অগ্নিশরণস্থ প্রজালত হতাশন-সমীপে গমনপূর্বক জিজাদা করিল, হে ছতাশন! তুমি সর্ব্ধ দেবগণের মুখা। . তোমাকে জিজ্ঞাসা করিতেছি, সভা করিয়া বল, এই স্থলারী কাহার ভাষ্য। ? আমি পুরের এই কামিনীকে স্বীয় সহচারিণী করিব বলিয়া বরণ করিয়াছিলাম, কিন্তু ইছার পিতা व्यामाटक कनामान ना कतिया कृश्वत्क मच्चमान करतन। অতএব যদি এই নির্জ্জননিবাসিনী বরবর্ণিনী ভগুর ভার্যা হয়.তবে বল আমি আশ্রম হইতে ইহাকে অপহরণ করিব। ভৃত্ত যে আমার পূর্বপ্রার্থিত হুরপারমণীর পাণিগ্রহণ করি-রাছে, দেই কোঁধামিতে আমার হৃদর অদ্যাপি দগ্ধ হইতেছে। ত্রাত্মা রাক্ষ্য ভৃত্তপত্নী বিষয়ে এইরূপ সন্দির্গচিত হইয়া প্রস্তুলিত অগ্নিকে আমন্ত্রণ করিয়া পুনঃ পুনঃ জিজাসিতে লাগিল। পরে সম্বোধন করিয়া •কহিল, হে ছতবহ! তুমি সর্বাদা সর্বজীবের অন্তরে পাপ-পুণ্যের সাক্ষি-স্বরূপ অবস্থিতি কর, অতএৰ তোমাকে জিজাসিতেছি, সত্য করিয়া বল, পাপিষ্ঠ ভগু আমার পর্ব্ব-প্রার্থিত ভার্যাকে গ্রহণ করিয়াছে, সেই কামিনী আমার হইতে পারে কি না ? তোমার নিকট ইহার যাথার্থা প্রবণ করিয়া তোমার সাক্ষাতেই এই ভৃগুপদ্বীকে হরণ করিব। অগ্নি রাক্ষদের জিজাসানস্তর এক পক্ষে মিথাাকীখন ও পক্ষান্তরে ভৃত্তশাপ এই উভয় সমটে পতিত হইয়া অভিশয় ভীত হইলেন, এবং মৃত্ত্বরে কহিতে লাগিলেন, হে দানবতনয় ! পুর্বে ডুমি ইহাকে বরণ করিয়াছিলে যথার্থ বটে, কিন্তু ভোমার यथाविधि विवाह कर्ता हर्त्र नाहे। এই निमिख यमश्विनी পুলীমার পিতা সৎপাত্ত-লাভে ইহাঁকে ভগুর হত্তে সমর্পণ করেন। মহাতপা ভৃত্ত বেদবিধি পূর্বক আমার সমকে ইহাঁর পাণিগ্রহণ করিয়াছেন ৷ তথাপি তুমি ইহাঁকে পুর্বে বরণ করিয়াছিলে বলিয়া ইনি বিচারমতে তোমারই পদ্দী হইতে পারেন। আমি মিথ্যা কহিতে পারি না, त्यत्ह्ळ मिथ्रावानी मर्ख्य जनानत्रशीय हम ।

ষষ্ঠ অধ্যায়।

উগ্রশ্রবাঃ কহিলেন, গুরাত্মা রাক্ষ্য অগ্নির সেই বাক্য শ্রবণ করিয়া বরাহরূপ ধারণপূব্দ ক ভগুজারাকে অপহরণ করিয়া বায়বেগে প্রায়ন করিতে লাগিল। তথন পুলো-মার গর্বস্থ বালক রাক্ষদের এইরূপ গহিত অমুষ্ঠান অবলোকনে ক্রোধাষিত হইয়া সাতৃগর্ভ হইতে নির্গত হইলেন। তাহাতেই তাঁহার°নাম চাবন হইল। রাক্ষ্ম. সংগ্ৰের ন্যায় তেজস্বী সদ্যোজাত সেই শিশুকে অবলোকন করিবামাত্র পুলোমাকে পরিত্যাগপুর্ব্ব ভঙ্গীভূত হইয়া ভূতৰে পতিত হইৰ। অনস্তর ছঃধাভিভূতা পুলোমা ভ্ৰুত্ব ঔরসপ্ত্র চ্যবনকে ক্রেছে লইরা রোদন করিতে করিতে আশ্রমাভিমুথে গমন করিতে লাগিলেন। স্কলোক পিতামহ ব্ৰহ্মা সেই অনিন্দিতা ভ্ৰপত্নীকে বাপাকুলিত-লোচনা দেখিয়া সমীপে গিয়া অভ্যুষ প্রকরা প্রবোধ-বাক্যে তাঁহাকে সাম্বনা করিলেন। ভৃগুপত্নীর नयन निष्ठिত जनशाताय थक महानती खराहिত हहेन। পিতামহ বন্ধা সেই স্পীকে পুত্রবণ্ পুলোমার অসুসরণ করিতে দেখিয়া তাহার নাম "বঞ্চরা" রাখিলেন।

পরে পুলোমা চ্যবনকে ক্রোড়ে লইয়া আসিতেছিলেন, ইত্যবসরে মহর্ষি ভৃগু স্মান-পূজাদি সমাপনাম্বর প্রত্যা-গ্লান পূর্ব্বক স্বীয় ধর্মপত্নী ও পুত্রকে তদবস্থ দেখিয়া क्कांशांस इटेरनन, **এवः महश्रविंगी श्रामारक** नैर्ह्याधन शूर्लक जिलामा कतिरानेन, दह मधुतशामिनी ! इतराष्ट्र হুরাত্মা রাক্ষ্য তোমাকে আমার ভার্যা বলিয়া জানিত না, তুমি সত্য ক্লরিয়া বল, কে তাহার নিকট তোমার পরিচয় थाना के कितन ? आमि अक्रारा टे राष्ट्र श्रीत्राह्म । विकास कार्य শাপত্রদান করিব। কোন্ ব্যক্তির এই ছাট্ট কর্মের ^{গ্} অনুষ্ঠানে সাইস হইল ? জামার শাপে ভীত না হাটনী এমত লোক কে ? ভেণ্ড কৰ্ত্ত এইর্নপে জিজাগিত "ন এবং পুলোমা কহিলেন, ভগবন্! অগি সেই রাক্ষ্যের এমন্ত্রাকে আমার পরিচুর দেন, পরে সেই পাপাত্মা রাক্ষ স^{ারতে} লাগি-রোকণ্যশীনা কুররীর ন্যায় অপহরণ করিল ব্যয় কি হইতে তোমার এই প্রের তেজঃপ্রভাবে সে ভন্ম সেই সর্বাস-ভূমিসাৎ इहेग्राटक, তাহাতেই আমি बक्त शांहेनाम । विन नान, পুলোমার এই বাক্য শ্রবণে অত্যন্ত ক্রোধাৰিত হ্আমার

"অদ্যাবধি তুমি সক্ষ ভিক্ষ হইবে' বিশ্বা আমিকে। শাপ প্রদান করিলেন।

সপ্তম তাধ্যায়।

উগ্রশ্রবাঃ কহিলেন, ভৃগু এইরূপ শাপ প্রদান করিলে অগ্নি সাতিশয় কুদ্ধ হইয়া কহিলেন, হে ব্ৰহ্মন্! আপনি কেন অকারণে আমাকে এই নিদারণ অভিসম্পাত করি-লেন। আমি তৎকর্ত্তক জিজাসিত হুইয়া ধর্ম প্রতিপাল-নার্থ সত্য কথা কহিয়াছি, ইহাতে আমার দোষ কি? যে ব যুক্তি জিজ্ঞাসিত হইয়া জানিয়া শুনিয়াও মিথাা বলে, দে আপনার উর্জভন সপ্তপুরুষ ও অংস্তন সপ্তপুরুষকে নরকে পাতিত করে। আর যে ব্যক্তি যথার্থ জানিয়াও না কহে, সেও সেই পাপে লিপ্ত হয়, ইহাতে সন্দেহ নাই। বাহা হউক আমিও আপনাকে শাপ প্রদান করিতে পারি, কিন্ত আমি ত্রান্ধণদিগকে মানা করি,এই নিমিত্ত বিরত হইলাম। আপনি সর্বান্ত, তথাপি আপনাকে কিছু কহিতেছি এবণ করুন। আমি যোগবলে আত্মাকে রহুধা বিভক্ত করিয়া শরীরভেদে অগ্নিছোত্র, গর্ত্তাধান ও জ্যোতিষ্টোমাদি ক্রিয়াকলাপে অধিষ্ঠিত আছি। বেলোক্তবিধিপূর্বক আমাতে হত যে হবিঃ তদারা দেবগণ ও পিতৃগণ পরিতৃপ্ত हरवन। दूबमान मामद्रमानि माम्बी नकन प्रविश्व পিতৃগ**ের শরীররূপে পরিণত হয়, দেবগণ ও পিতৃগ**ণকে উদ্দেশ করিয়া একতা দর্শ ও গৌর্ণমাস যজের অমুষ্ঠান হয়, অতএব দেবগণ ও পিতৃগণ অভিমন্তরপ, এবং প্রতি পর্বে কথন একত্র কথন বা পৃথক্ পৃথক্ পূজিত হইয়া পাকেন। আমাতে যে আন্তি সকল প্রদত্ত হ সেই সকল আছতি দেধগণ ও পিতৃগণভক্ষণ করেন। তরি-ভ আমি দেবগণ ও পিতৃগণের মুথ স্বরূপ। অমা-ত পিতৃগণকে ও পূর্ণিমাতে দেবগণকে উদেশ শৌনক সামাতে আহতি ৩ গত হয়, তাঁহারাও আমারই महर्षि (तमवारि'हा छक्तन करतन, अञ्चेत जीमि कि अकारत ছিলেন, তুমিও র ? তোমার পিতাঅগ্নি ক্ষণকাল চিন্তা করিয়া বিপ্রগণের অগ্নি-কথা সকলাদ যক্সজিয়া হইতে আপনাকে তিরোহিত করিলেন।

💶 ব অন্তর্জানানস্তর প্রজাগণ ওঁকার, বষট্কার, ও

ষণাখাহা বিবৰ্জিত হটনা ছঃপাৰ্ণবে নিমগ্ন হটল। ঋষিপণ তদৰ্শনে উদিগমনে দেবগণ সন্নিধানে উপস্থিত ইইনা নিবেদন করিলেন, হে দেবগণ! অগ্নির অন্তর্জান প্রযুক্ত ক্রিয়ালোপ হওরাতে ক্রিলোকী ইভিকর্ত্তব্যতা-বিমূচ্ হইরাছে, অতএব এ বিষয়ে যাহা কর্ত্তব্য হয়, শীঘ্র নিধান করুন, আর কালাতিপতে করিবেন না।

অনস্তর ঋষিগণ ও দেবগণ ব্রহ্মার নিকট গমন করিয়া অগ্নির শাপ ও তলিবন্ধন ক্রিয়ালোপের বৃত্তাস্ত নিবেদন করিয়া কহিলেন, হে ব্রহ্মন। মহর্ষি ভ্রপ্ত কোন কারণ বশতঃ অগ্নিকে " সর্বভক্ষ হও " বলিয়া শাপ দিয়াছেন. কিন্তু অগ্নি দেবগণের মুখ ও যজের অগ্রভাগ-ভোক্তা হইয়া किक्रा मर्खा के इरेरान। विधाल के शिला प्राप्त प्राप्त বাকা প্রবণ করিয়া অগিকে আহ্বান করিলেন এবং মধুর বাক্যে সাম্বনা করিয়া কহিতে লাগিলেন, বৎস ৷ ভূমি সর্বা-লোকের কর্ত্তা ও সংহর্তা এবং অণি-হোতাদি ক্রিয়া কলাপের প্রবর্ত্তরিতা, তুমিই এই ত্রিলোকী ধারণ করি-তেइ; অতএব হে অিলোকেশ ছতবহ! একণে याहाত ক্রিয়াকলাপেয় উচ্ছেদ না হয় তাহা কর। তুমি সর্বা-লোকের ঈশ্বর হইয়া এরূপ বিমৃঢ় প্রায় হইতেছ কেন? তুমি সর্বলোকে সর্বাদা পৰিত্র এবং সর্বেজীবের গতি-স্বরূপ; অতএব আমি বলিতেছি তুমি সর্ব্বশুব্রীরে সর্বভক্ষ হইবে না। অপানদেশে তোমার যে সকল শিখা আছে, তাহা-রাই সকল বস্তু ভক্ষণ করিবে, এবং তোমার মংসভক্ষিকা যে তমু আছে সেই সর্বতক হইবে। যেমা রবিকিরণ সংস্পর্শে সকল বস্তু শুচি হয়, সেইরূপ তোমার শিথা দাবা দক্ষ হইয়া সকল বস্তু শুচি হইবে। হে ছতাশন। তুমি সর্বশ্রেষ্ঠ তেজঃপদার্থ, তুমি আপনার প্রভাবে আপনি বিনিৰ্গত হইয়াছ, একণেও স্বৰ্ণীয় তেজ:প্ৰভাবে ঋষিরা শাপ সত্য কর এবং তোমার মুথে ছত দেবভাগ ও জ.অ-ভাগ গ্রহণ কর।

অগ্নি সর্বালেক-পিতামছ ব্রহ্মার এই বাক্য শ্রবণ করিয়া "যে আজ্ঞা" বলিয়া তলীয় আজ্ঞা পালনার্থে গমন করিলেন। দেবগণ ও ঋষিগণ আ্ফুলাদিত হইয়া স্ব স্ব স্থানে প্রতিনিবৃত্ত হইলেন। মহর্ষিগণ পূর্বের ন্যায় যাগ-যজ্ঞাদি ক্রিয়া সকল সম্পন্ন করিতে ল'গিলেন। স্বর্গে দেব-গণ ও ধরাতলে নরগণ অতাত্ত স্কুইচিত্ত হইলেন। অগ্নিও শাপ-বিনিম্ কৈ হইরা সাতিশর প্রীত লাভ করিলেন। পূর্ক-কালে ভগবন্ অগ্নি মহর্ষিভৃত হইতে এইরূপে শাপগ্রন্ত হইরাছিলেন। অগ্নির শাপ, পুলোমা রাক্ষসের নিধন, ও চাবনের জন্ম-বৃত্তান্ত ঘটিত প্রাচীন ইতিহাস এই।

অষ্টম অধ্যায়।

স্ত কহিলেন, হে ব্রহ্মন্! ভ্রুনন্দন চাবন স্থকন্যার পুরে পরম তেজন্বী প্রমতি নামে এক পুত্র উৎপাদন করেন। ত্বতাচীর গর্ব্তে প্রমতির করনামা এক সম্ভান হয়। করুর ঔরসে প্রমন্ধরার গর্বে শুনক নামে তন্ম জন্মে। সেই মহাতেজাঃ করুর সমন্ত বৃত্তান্ত স্বিভার বর্ণনা করিতেছি প্রবণ করুন।

প্রকালে সর্বভৃতহিতৈষী, সর্ববিদ্যাবিশারদ, তপো-নিরত, সুলকেশ নামে এক মহর্ষি ছিলেন। ঐ সময়ে গন্ধব্যাজ বিশ্বাবস্থার সংযোগে অঞ্সরা মেনকা গর্ভবতী অকরণা মেনকা প্রসবকাল উপস্থিত দেখিয়া মহর্ষি স্থলকেশের আশ্রমে গমন এবং তথায় গর্ড-विरमानन कतिया निषीजीरत भनायन कतिन। त्मरे गर्द এক পরমস্থলরী কুমারী জন্মিয়াছিল। তপোধনাগ্রণী স্থলকেশ কিয়ংক্ষণ পরে আশ্রমে উপস্থিত হইয়া, সেই স্ব্রক্তাতুঁলা সদাপ্রস্ত ক্সাকে অসহায়িনী নির্জনে পতিতা দেখিয়া, কারুণা-রসে আর্দ্রচিত্ত হইলেন এবং তং-ক্ষণাৎ তাছাকে গ্রহণ করিয়া ঔরসক্ত্যা-নির্কিশেষে লালন পালন করিতে লাগিলেন। তিনি স্বয়ং ভাষার জাতক. 'কর্মাদি সমস্ত কর্ম বিধিপুর্বক নির্বাহ করিলেন। কল্লা সেই আশ্রমে শশিকলীর ক্সায় দিনে দিনে পরিবর্দ্ধিত হইতে লাগিল। মহর্ষি স্থলকেশ সেই কন্যাকে কি রূপে, कि खान, कि भीरन, मर्बाधकार्दिके ममछ ध्यमनागन অপেকা শ্রেষ্ঠ দেখিয়া ভাছার নাম প্রমন্বরা রাখিলেন।

একদা প্রমতিনন্দন কক স্থলকেশের আশ্রমে দেই প্রমন্ত্রাকে নিরীক্ষণ করিয়া অত্যন্ত কামাত্র হইলেন। পরে আপন বয়স্যগণ নারা পিতার নিকট স্বীয় অভিলাষ জানাইলেন। প্রমতি তদন্ত্রারে মহর্ষি স্থাকেশের নিকট গিয়া আপন প্রেম্ব নিমিত্ত দেই ক্যা প্রার্থনা করিলেন।

মহার্বি স্থলকেশ ফর্জণীনক্ষত্রস্কু দিবসে বিবাহের দিন নির্দ্ধারিত করিয়া ক্ষক্তক প্রমন্বরা সম্প্রদান করিলেন।

একদা বরবর্ণনী প্রমন্ধরা আপন সহচরীগণ সমভিব্যাহারে ক্রীড়া-কোতৃক করিতে করিতে দৈবগভ্যা প্রস্থপ্ত
ও কেলি-ভূমিতে পতিত এক ক্রফসর্গকে পাদাহত করিল।
সর্প ক্র হইয়া বিষাক্ত দশন-পংক্তি নারা তৎক্ষণাৎ তাহাকে
দংশন করাতে সে বিবর্ণা, বিচেতনা, ও ভ্রষ্টাভরণা হইয়া
ছিয়মূল কদলীর ন্যায় ভূতলৈ পড়িল। তদীয় স্থীগণ
তাহাকে মুক্তকেশা, ভ্রষ্টবেশা ও ভূপ্ঠে পতিতা দেখিয়া
বিষাদ-সাগরে নিময় হইয়া হাহাকার করিতে লাগিল।
কিন্তু প্রমন্ধরা ভ্রুলবিষে অভিভূতা ও বিবর্ণা হইয়াও প্নঃর্বার প্র্রাপেক্ষা অধিকতর রমণীয় হইয়া উঠিল। ফলভঃ
তখন তাহাকে বোধ হইতে লাগিল, যেন অকাতরে নিজা
যাইতেছে।

তদীয় পিতা মহর্ষি স্থলকেশ ও অন্যান্য মুহাবগণ প্রমীছরাকে বিগতান্ত ভূতলে পতিত দেখিলেন। তদনস্তর
স্বস্ত্যাত্রেয়, মহাজান্ত, কুশিক, শঙ্কামেখল, উদ্দালক, কঠ,
মেত, ভারদ্বাজ, ক্টেণকুৎস, আষ্টি ষেন, গোতম, প্রমতি,
কক ও অন্যান্য তপোবনবাসা, তপোধনগণ কারুণ্য-রসপরবশ হইয়া তথায় উপস্থিত হইলেন। পরে সেই পরমস্থানী কন্যাকে আশীবিষ-বিষার্দিত, মৃত ও ভূতলে পতিত
দেখিয়া সকলেই রোদন করিতে লাগিলেন। কক প্রিয়তমাকে তদবস্থ দেখিয়া নিতান্ত উদ্ভান্ত ও একান্ত কাতর
হইয়া তথা হইতে বহির্গমন করিলেন।

নবম অধ্যায় ৷

শৈতি কহিলেন, দেই সকল অহাত্ম দ্বিজ্ঞগণ তথার উপবিষ্ট ক্ষলে, ক্রক সাঠিশর ছংখিত হইয়া অরণ্যানী প্রবেশপূর্বক উচৈচঃম্বরে বোদন করিতে লাগিলেন এবং শোকে একাস্ত নাকুল হইয়া স্বীয় প্রিয়তমা প্রমন্ধরাকে অরণ করিয়া ক্ষরণম্বরে এইরূপে বিলাপ করিতে লাগিলেন ৮ আমার ইহা অপেক্ষা আর ছংখের বিষয় কি হইতে পারে যে আমার ও বন্ধুবর্গের শোক-বর্দ্ধিনী সেই সর্ব্বাস্থলরী রমণী ধরাতলে পড়িয়া আছে। আমি যদি দান, তপশ্চরণ, ও গুরুজনের শুক্রারা করিয়া থাকি, তবে আমার

প্রিয়া পুন:সঞ্জীবিতা হউক। আমি জন্মাবধি আঁত্ম-সংযম ও ব্রতামুকান করিরাবে সকল পুণ্য সঞ্চর করিয়াছি, এক্ষণে আমার প্রাণপ্রিয়া প্রমন্বরা সেই পুণ্যবলে ভূমি-প্রা হইতে গাব্রোখান করণক।

क्रक चीत्र श्रिमञ्जा श्रमहर्ताटक উদ্দেশ कतिया এই करण বিলাপ করিতেছেন,ই ত্যবসংর দেবদৃত তৎ সরিধানে আসিরা কহিলেন, কৃক! তুমি ছংখার্ত হইরা যেরূপ প্রার্থনা করি-তেছ, উহা নিতান্ত অসম্ভব ; বেহেতু সমুষ্য একবার কাল-গ্রাদে পতিত হইলে আর কদাচ পুনৰ্জীবিত হয় না। ,এই । श्रममता शक्तरस्त्र क्षेत्ररम अभागार्क समा अहल करत, এক্ষণে আয়ঃশেষ হইরাছে বলিয়া মৃত্যুমুথে পতিত ইই ষাছে। অতথ্য তে বংস ! তুমি আরি গোকসাগরে নিমরা হইও না। পূৰ্ব্বে দেবগণ এই বিষয়ে একটা উপায় নিৰ্দেশ করিয়াছেন, যদি তাহা করিতে পার তবে পুনর্কার প্রম-हेतारक नोज कत्रिटा शांतिरव। ऋक कहिरनम, रह रमवम्छ! দেবগণ এই বিষয়ে কি উপায় স্থির করিয়াছেন যথার্থ कतिया वन, आमि এই मट अहे जमस्यायी कर्म कतित। त्ववृत्र कहित्वन, ८६ ज्ञन्यन ! पूमि चीत्र ভार्यात्क আপনার পরমায়র অর্দ্ধেক প্রদান কর, তাহা হইলেই সে পুনজীবিতা হইবো ক্লক কহিলেন, আছো আমি প্রম ম্বরাকে আপন পরমায়্র অর্দ্ধভাগ প্রদান করিলাম, সে মৃত্যুশ্যা হইতে গাত্রোখান কফ্ক। তথন গ্রুক্রাজ ৮ रम्यम् छ छ छ रत्र यममभीरभ गमन कतिया निर्यमन कतिरणन হে ধর্মরাজ ! ষ্দি আপনি অমুমতি করেন, তবে ককর মৃতভার্য্যা প্রমন্বরা স্বীর ভর্তার অর্দ্ধায়: লইয়া প্রজীবিত इत्र। धर्म-त्राक्ष कहिलान, द्राप्तवम् । यनि जामात हेम्हा হইয়া থাকে, তবে ককপদ্দী ককর অর্দ্ধ পরমায়ু প্রিয়া পুनर्ज्जीविक इंडेक।" धर्मत्राक धर्रे कथ। कहिराशिक धामसत्रा ककृत कर्स अत्रमाशः श्रीश इरेन এवः उंदक्तार স্থাখিতার ন্যায় ধরাতল হুইতে গাত্রোখান করিল। वंदेक्त था या बता भूनच्यों विक एरेल, क्रक्र भिका विवर প্রমন্ত্রার পিতা উভয়ে আনন্দ্রাগরে মধ ইইয়া ওজ্লুখে পুল कञ्चात्र विवाहविधि निर्द्धाह कतिरमन। जैस्तिंत्रां পরস্পরের হিতসাধনে তৎপর হইরা পরমাননে কাবাতি-পাত করিতে লাগিলেন। রুক্ত এই রূপে কমল-সমপ্রভা স্থল্লভা প্রিয়তমাকে পুনর্গাভ করিয়া সর্পবংশ ধ্বংস

করিতে প্রতিজ্ঞান্ত হইলেন। সর্পু অবলোকন করিবামাত্র তিনি ক্রোধে কম্পান্থিত-কলেবর হইয়া শল্লাঘাতে তাহাকে বিনাশ করিতেন।

একদা তিনি এক নিবিড় অরণ্যানী প্রবেশ করিয়া দেখিলেন এক অতি জার্গ-কলেবর ডুঞ্জ-সর্প্রিণমন করিয়া রহিয়াছে। ক্লক্ষ তাহাকে দেখিবামাত্র ক্রোধান্ধ হইয়া যমদণ্ডের স্থায় নিজ্ঞ দণ্ড উদ্ধৃত করিয়া তাহার নিধনসাধনে উদ্যত হইলেন। ডুঞ্জ তাঁহাকে জিঘাং হ্ল দেখিয়া কহিল, হে তপোধন! আমি ত তোমার কোন অপরাধ করি নাই, তবে কেন অকারণে রোষ-পরবৃশ হইয়া আমার প্রাণবধে উদ্যত হইতেছ?

मन्य व्यथाय ।

ক্ষুক কহিলেন, হে ভুজ্কম! এক গৃষ্ট সর্প আমার প্রাণ্ডুল্যা প্রেয়নীকে দংশন করিয়াছিল, সেই অবধি আমি এই অফুলজ্বনীয় দৃঢ়প্রতিজ্ঞা করিয়াছি যে, সর্প দেখিতে পাইলেই ডাহার প্রাণ সংহার করিব। অভএব আমি তোমাকে হত্যা করিতে প্রবৃত্ত হইয়াছি। আদা আনার হত্তে তোমার প্রাণ সংহার হইবে। ভূঙ্ভ কহিল, হে ব্রহ্মন্। যে সকল সর্পেরা মহ্বাদিগকে দংশন করে, তাহারা স্বভ্ত জাতি; ভূঙ্ভেক্তা সেরপ নহে। ইহারা কথন কাহারও হিংসা করে না; অতএব হে মহর্ষে! কেবল সর্পনামের গন্ধমাত্র পাইলা নির্পরাধী ভূঙ্ভিদিগের স্থভোগাভিলায অস্থান্য ভূজকের সদৃশ নহে, কিন্ত ইহারা অনর্থ ঘটনার সমর তাহাদের সমভাগী, অভএব ভূমি ধার্মিক হইয়া এবস্কুত হতভাগ্য নিরপরাধী ভূঙ্ভিদিগকে বধ করিও না।

. কক ভয়ার্ত্ত ডুগু,ভের এই কাতোরোক্তি প্রবিশ্ অত্যন্ত লয়ার্ত্ত হইয়া তাহার প্রাণসংহারে পরামুধ হইলেন এবং শাস্তবাক্যে তাহাকে জিজাসা করিলেন, হে ভুজকম! তুমি কে, কি কারণেই বা সর্পযোনি প্রাপ্ত হইয়াছ, আমাকে বল। সর্প কহিল, আমি পূর্ব্বে সহস্র-পাদনামা মুনি ছিলাম। পরে ব্রহ্মশাপ-গ্রন্ত হইয়া ভুজজ-কলেবর ধারণ করিয়াছি। ইহা শুনির্মা করু কহিলেন, হে ভুজকোত্তম! ব্রাহ্মণ কি নিমিত্ত কুছা হইয়া তোমাকে শাপ্থ প্রদান করিয়াছিলেন, আর কত কালই বা তোমাকে এই শরীরে থাকিতে হইবে, সবিস্তর শুনিতে ইচ্ছা করি।

একাদশ অধ্যায়।

উ্ত ভ কহিল, সত্যবাদী ও তপোবীর্যা-সম্পন্ন থগম নামে এক ত্রাহ্মণ আমার বাল্যকালের স্থা ছিলেন। একদা তিনি অগ্নিছোত্র কার্যায়ন্তানে অত্যন্ত বাাসক আছেন, এমত সময়ে আমি বালসভাবস্থলত কৌতুকের প্রতন্ত্র হইয়া তৃণনিশ্মিত ভুজঙ্গম দারা তাঁহাকে বিভাষিকা প্রীদর্শন করিয়াছিলাম। তদর্শনে তিনি সৃচ্ছিত হইয়া মেদিনীপৃষ্ঠে পতিত হইলেন। কিয়ংক্ষণ পরে চৈতন্য প্রাপ্ত হইলে ক্রোধে ছুই চক্ষু রক্তবর্ণ করিয়া আমাকে কহিলেন, ভূমি আমাকে ভয়প্রদর্শন করিবার নির্মিত যাদৃশ বার্য্যহান সর্প নির্মাণ করিয়াছ, আমি তোমাকে শাপ দিতেছি তুমি সেইরপ নির্মীণ্য সর্প হও। আমি তদীয় তপঃপ্ৰভাব অবগত ছিলাম; অতএব অত্যস্ত উদ্বিচতে তাঁহার সন্মুখে দণ্ডায়মান হইয়া ক্লভাঞ্জলিপুটে নিবেদন করিলাম, "ভ্রাতঃ। আমি স্থা বলিয়া পরিহাসার্থ তোমার প্রতি এই কুকম্মের অনুষ্ঠান করিয়াছি; অতএব একণে কমা প্রদর্শন পুরঃসর আমাকে শাপ হইতে বিমৃক্ত কর।"

থগুন আনাকে এইরপ ব্যাকুলিত দেখিয়া বারম্বার দীর্ঘনিখাদ পুরত্যাগপুর্বক কহিলেন, আমি নাহা কহিয়ছি তাহা কদাচ মিগ্যা হইবার নহে; অতএব এক্ষণে বাহ। কহিতেছি তাহা সাধাণানে শুনিয়া দর্শকাল মনে করিয়া রাখিবে। মহাত্মা প্রমতির ক্রক নামে এক পরম পবিত্র পুত্র জন্মিবে, তাঁহাকে দর্শন্ত করিলেই তোনার শাপমোচন হইক্রে। আপনি সেই প্রমতিপুত্র ক্রক, আজি আমি আপনকাব সন্দর্শন পাইয়াছি, এক্ষণে আমি স্বীয় পূর্বে রূপ লাভ করিয়া আপনাকে কিছু হিতোপদেশ দিক্টেছি, শুরুন।

শাণু এই সহস্রপাদ এই বলিয়া স্প-কলেবর পরিত্যাগ প্র্ক ক নিজ ভাষরমূর্ত্তি পুন:প্রাপ্ত ইলৈন এবং কহি-লেন, হে মহাত্মন্ করো ! অহিংসা পরম ধর্ম্ম, এই নিমিন্ত ব্রাক্ষণেদিগের কথন কোন জীবহিংসা করা উচিত নহে। বেদে এইরূপ কথিত আছে যে, ব্রাক্ষণেরা সর্ব্বদা শান্তমূর্ত্তি, বেদবেদাঙ্গবেতা ও সর্ব্বজীবের অভরপ্রদ হইবেন। অহিংসা, সত্যবাক্য, ক্ষমা ও বেদবাক্য-ধারণ এইগুলি বাক্ষণের পরমধর্ম। দণ্ডধারণ, উপ্রার ও প্রজ্ঞাপালন এই সমস্ত ক্ষতিয়ের পরমধর্ম। আপনি, বাক্ষণ, বাক্ষণের ক্ষতিয়-ধর্ম অবলম্বন করা অমুচিত। দেখুন, পূর্ব্বকালে রাজা জন নেজ্বের যজ্ঞে সর্পকৃল বিনষ্ট হইতে আরম্ভ হইয়াছিল। কিন্তু তপোবল-সম্পার, বেদবেদাক্ষপারগ, ব্রাক্ষণাপ্রগণ্য, আন্থীক মহাশয় ভয়ার্ভ সর্পকৃণকে পরিব্রাণ করেন।

দ্বাদশ তাধ্যায়।

কক কহিলেন, হে দিজোতম ! ভূপতি জনমেজয় কি
নিমিত্ত সর্পকুল ধ্বংম করিতে আরস্ত করিয়াছিলেন, আর
কি জনাই বা ধীমান আস্তীক মৃনি তাহাদিগকে রক্ষা করিলেন,আনি সবিশেষ শুনিতে ইচ্ছা করি। "আপেনি রাক্ষণদিগের মুথে আস্তীক-নৃত্তাস্ত আদ্যোপান্ত শ্রবণ করিবেন"
এই বলিয়া মহর্ষি সহস্রপাদ অস্তর্হিত হইলেন। করু তিরোহিত ধারিকে অন্নেষণ করিয়া সমস্ত বন ভ্রমণ করিলেন।
পরিশেষে নিতান্ত প্রাস্ত ও একান্ত মোহ পরতম্ন হইয়া
অচেতন-প্রায় ধরাতলে পড়িলেন। অনস্তর চৈতনা লাভ
করিয়া সহস্রপাদের উপদেশ-বাক্য পুনংপুনং অরণ করিতে
করিতে অকীয় আশ্রমে প্রত্যাগমন করিলেন এবং স্বীয়
জনক-সমিধানে সমস্ত বৃত্তান্ত নিবেদন করাতে, তিনি
তাঁহাকে আন্তীকাখ্যান সবিভার শ্রবণ করাইলেন্ত্র

পৌলোম পার্বাধ্যায় সমাপ্ত।

আন্তীক পর্ব।

ত্রয়োদশ ভা্ধ্যায় ৷•

শৌনক কহিলেন, হে সেষ্ট্রত ! মহারাজ জনমেজয় কি
নিমিত্ত সপ্যক্ত করিয়া সপ্লণকৈ ধ্বংস করিয়াছিলেন
এবং কি কারণেই বা তপ্শেধনাগ্রগণা আস্ত্রীক মূনি
প্রা
াশন হইতে ভূজসম্দিগকে রক্ষা করিয়াছিলেন,
তাহ বর্ণন কর। যে রাজা সপ্দত্রের অন্ত্র্তান
করিয় তিনি কাহার পুল, এবং সেই দিজবর
আস্ত্রীও বা কাহার পুল, ইহাও বর্ণন কর। উগ্রশ্রাঃ কহিলেন, হে মুনিবর ! আমি আপনার নিকট অতি
বিস্তীর্ণ আস্ত্রীকোপাধ্যান আন্তুপুর্বিক রণনা করিটেছি

শ্রবণ করুন। শৌনক কছিলেন, ছে স্তপুত্র। প্রাচীন মহর্ষি আন্টাকের ঐ মনোহর উপাধ্যান আন্যোপান্ত প্রবণ করিতে আমার নিতান্ত অভিলাষ করিয়াছে।

উগ্রশ্রবাঃ কছিলেন, আমার পিতা নৈমিষারণ্যবাসী বিপ্রগণকর্ত্তক অভার্থিত হইয়া,সর্ম্বপাপ-বিনাশক ব্যাসোক্ত ঐ পুৰাতন ইতিহাস তাঁহাদিগকে শ্ৰবণ করাইয়া-ছিলেন। আমি তৎসমীপে বে প্রকার প্রবণ করিয়াছি, অবিকল সেইরপ বর্ণন করিতেছি, শ্রবণ করুন। তপো-ধন আন্তাকের পিতা জরৎকারু মুনি সাক্ষাণ প্রজাপতি-সদৃশ বন্ধচারী, উর্দ্ধরেতা ও পরম ধার্মিক ছিলেন। তিনি সর্বদা বতামুষ্ঠান, উগ্রতপত্তা ও আহার-সংযমে একাত তৎপর থাকিতেন। সেই তপোবল সম্পন্ন মহাত্মা সর্বাদা তীর্থ-পর্যাটন ও তীর্থে অবগাহন করিয়া অবনীমগুল পরি-্রমণ করিতেন, এবং যে স্থানে সায়ৎকাল উপস্থিত হইত, সেই স্থানেই অবস্থিতি করিতেন। এইরূপে বছকাল আহার-নিজা পরিত্যাগ ও ইতন্তত: পর্যাটন করিয়া তিনি শীণ-কলেবর হইয়াছিলেন, তথাপি বায়্মাত্র ভক্ষণপূর্বক কঠোর ব্রতের অমুষ্ঠান ক্রিতেন।

একদা জরৎকার মুনি ভ্রমণ করিতে করিতে কোন স্থানে উপস্থিত হইয়া দেখিলেন, কতিপয় ব্যক্তি উৰ্দ্ধ-পাদ ও অধোন্তক হইরা মহাগর্তে লম্মান রহিয়াছেন; তদ-र्मात क्विति कुशाश्यवम इटेया जाहानिशतक किकामिर्तनन, আপনারা কে ? কি নিমিত্তেই বা মৃষিকচিছন-মূল উশীর-স্তম্মাত্র অবলধন করিয়া অংধামুখে এই মহাগর্ত্তে লম্বমান রহিয়াছেন ? পিতৃগণ কহিলেন, আমরা যাযাবর নামে ঋষি ; সম্ভানক্ষম হওয়াতে অধঃপতিত হুইতেছি ! জ্বামরা নিতান্ত হতভাগ্য ৷ আমাদিগের করৎকারু নামে এ\. পুত্র .আছে; সেই দুর্ঘাডি, পু্লার্থ দারপরিগ্রহ না করিয়া সংসার স্থা জলাঞ্জলি প্রদান-পূর্বাক অহর্নিশি কেবল তপস্যায় 'কালাভিপাত করিতেছে। স্বতরাং কুলক্ষর উপস্থিত **मिश्रा এই মহাগর্তে লম্মান রহিয়ছি। আয়াদিগের** বংশ বর্দ্ধন জরৎকার থাকিতেও আমরা অনাথ প্র ক্রতীর-ন্যায় হইয়াছি। তুমি কে, কি নিমিত্তই বা আমানিগ্রিয় হু:খ দেখিয়া বান্ধবের ন্যায় অনুশোচনা করিতেছ, ভানিতে বাসনা করি।

লেন, আপনারা আমার পূর্বে-পুরুষ; আমারই নাম জরৎ-কারু; একণে আজা করুন, কি করির। পিতৃগণ কহি-লেন, বৎস ! তোমার এবং আমাদিগের পারত্তিক মন্তল मन्नामन कतिवात निमिष्ठ कूनतका विषया यष्ट्रवान् इष्ट । লোকে পুলোৎপাদন বারা যেরূপ সদগতিসম্পন্ন ইম, ধর্ম-কল দারা সেরপ সদাতি লাভ করিতে পারে না।

অতএব হে পুত্র! আমাদিগের নিদেশামুসারে দার-পরিগ্রহ করিয়া সন্ধানোৎপাদনে যদ্ধবান্ হও। ইহা করিলেই আমাদিগের প্রম হিত্সাধন করা হইবে। অসরৎকাক कहिल्लन, जामि मच्छानादर्थ नात-পत्रिश्रह वा कोविकादर्थ ধনোপার্জন করিব না, কেবল আপনাদিগের হিতসাধনার্থে উদ্বাহ করিতে সম্মত হইলাম; কিন্তু তদ্বিধ্যে এই এক र्श्वां ब्रिट्स (य, यनि कना। आभाव ननावी रव धवर তাহার বন্ধ-বান্ধবগণ স্বেচ্ছাপুর্বক আমাকে সেই কন্যা ভিক্ষা-স্বরূপ সম্প্রদান করে, তাহা হইলেই আমি তাহাকে যথাবিধি বিবাহ করিব। কিন্তু আমি অতান্ত দরিজ, বোধ করি দরিদ্রকে কনা। সম্প্রদান করিতে কেইই সম্মত ইইবে না। হে পিতামহগণ! আমি এই নিয়মে দারপরিগ্রহ করিতে যত্নবান্ হইব, অন্যথা এবিষয়ে প্রবৃত্ত হইতে পারিব না। এইরূপে পরিণীতা ভার্যার গর্ত্তে সন্তান জন্মিলে আপনারা উদ্ধার হইবেন এবং অক্ষয় ষ লাভ করিয়া পরম স্থাথ কাল্যাপন করিতে পারিবেন।

চতুৰ্দিশ অধ্যায় I

উগ্রশ্রবাঃ কহিলেন, তদনস্তর জরৎকারু মুনি গাহস্থ-আশ্রম করিতে ক্রতসঙ্কর হইয়া পদ্মীলাভার্থ সমস্ত মহী-মণ্ডল ভ্রমণ করিতে লাগিলেন, কিন্তু কেহই তাঁহাকে ক্রমণ প্রদান করিল না। একদা তিনি পিতৃলোকের বাক্য স্মরণ করিয়া বন-প্রবেশ পূর্ব্ধক উল্লৈ:স্বরে তিনবার কন্যা ভিকা করিলেন। তাঁহার দেই ভিকা-বাক্য প্রবণে নাগরাক বাস্থকি খীয় ভগিনীকে আনম্বন করিয়া অম্প্রদান করিতে উদ্যুত इटेल्न । किस संबद्धकार (मेटे कना। मनान्नी नरह এই ভাবিরা, তাহার পাণিগ্রহণে পরাত্মধ হইলেন; কারণ মহাত্মা জরংকার প্রতিঞা করিরাছিলেন, ধদি সমামী ' সরংকার তাঁহাদিগের কাতরোক্তি শ্রবণ করিয়া কহি- বিন্যা পান, ও তাহার বন্ধ-বান্ধবৰ্গণ স্বেচ্ছাপূর্বকৈ ডিকা-

অরুগ তাঁলাকে সেই কন্যা সম্প্রদান করে, তারা হইলেই । তাহাকে সহধর্মিণী করিবেন।

অনস্তর মুহাপ্রাক্ত মহাতপাঃ জরৎকার বামুকিকে জিজ্ঞাসা করিলেন, হে ভূজকম! তুমি যথার্থ করিয়া বল, তোঁলীর এই ভগিনীর নাম কি; বামুকি কহিলেন, হে ছিজোত্তম! আমার এই অমুজার নাম জরৎকারু, আমি আপনাকে এই ভগিনীটি সম্প্রদান করিতেছি, আপনি ইহাকে গ্রহণ করুন। এই বলিরা বামুকি জরৎকারুকে স্বীর ভগিনী প্রদান করিলেন। তিনিও বিধিপূর্ব্বক তাহার পাণিগ্রহণ করিলেন।

পঞ্চদশ অধ্যায়।

উগ্রশ্রবাঃ মহর্ষি শৌনককে সংখাধন করিয়া কহিলেন, হে বক্ষজ্ঞান-পারদর্শিন্! পূর্ব্বকালে সর্পগণ স্থীয় জননীর নিকট এইরপ শাপ-গ্রন্থ ইয়াছিল যে, রাজা জনমেজরের যজে জারি তাহাদিগকে দক্ষ করিবেন। ভুলকরাজ বাছ্কি সেই শাপ বিমোচনের অভিসন্ধি করিয়া মহাত্মা জরংকারুকে স্থীয় ভগিনী প্রদান করেন। জরংকারু বিধিপূর্ব্বক তাহার পাণিগ্রহণ করিয়া তদগর্দ্ধে আন্তীক নামে পূজ্র উৎপাদন করেন। মহাত্মা আন্তীক বেদবেদাঙ্গশাস্ত্রে পারদর্শী, সর্ব্বভূতে সমদৃষ্টি ও তপশ্চর্য্যায় নিভান্ত অন্তর্মক ছিলেন। তিনি পিতৃ মাতৃ উভয়কুলের দাহভয়্ম নিবারণ করেনে। পাঞ্জুবলান্তব রাজা জনমেজয় বছকালের পর সর্পাত্র নামে এক মহাযজের অন্তর্চান করিয়াছিলেন। সেই সর্পকুল-কালান্তক যক্ত আরক্ষ হইলে মহাতপাঃ আন্তীক ল্রাভ্রগণ, মাতৃকাগণ ও অন্যান্য সর্পগণকে রক্ষা করিয়াছিলেন।

জরংকার পুত্রোৎপাদন ও তপশ্চর্যা ছারা পিতৃলোকের উদ্ধার-সাধন, বিবিধ ব্রতাহ্নতান ও বেদাধ্যয়ন
ছারা মুনিগণের তৃষ্টিসম্পাদন এবং নানাবিধ বক্তাহ্নতান
ছারা দেবগণের পরিতোষ সমাধান করিলেন। তিনি এই
রূপে পুত্রোৎপাদন, বেন্ধচর্যা ও যক্তান্থর্তান ছারা পিতৃঞ্বণ,
ঋষিঋণ, ও দেবঋণ-স্বরূপ গুরুতর ভার হইতে মৃক্ত হইরা
পূর্ব্ব-পুরুষগণের সহিত স্বর্গে আরোহণ করেন। হে
ভৃত্তবংশাবতংস! আমি যথাক্রমে এই আতীকোপাধ্যান

কহিলাম, এক্ষণে আর কি কহিতে হইবে, আজ্ঞা কল্পন।

ষোড় শ অধ্যায়।

শৌনক কহিলেন, তে স্তনন্দন! তুমি যাহা কার্ত্তন করিলে, পুনর্কার তাহাই সবিশুরে বর্ণন কর; আন্তীক বজান্ত বিশেষরূপে শ্রবণ করিতে আমাদিগের নিতান্ত উইস্কর্য ফুর্ট্রাছে। আতীকোপাথানটি অতি স্থললিত ও স্থমধুর বোধ হইল। ইহা শুনিয়া আমরা পরম পরিতোষ প্রাপ্ত ইয়াছি। ফল্ড: তুমি পুরাণ-কীর্ত্তন বিষয়ে স্বীয় পিতার নাায় পাঞ্জিত্য প্রকাশ করিয়াছ। তোমার পিতা যেমন অনন্যবিষয়ামূরক হইয়া প্রতাহ আমাদিগকে পুরাণ শ্রবণ করাইতেন, এক্ষণে তুমিও সেইরূপ অনন্যমাণ ও অনন্যকর্মা হইয়া আমাদিগকে পুরাণ শ্রবণ করার

উথ্যবা: •কছিলেন, হে মহাম্বনু! আমি পিতার নিকট আন্তীকোপখ্যান যেরূপ শুনিয়াছি, অবিকল সেই-• রূপ কহিতেছি, শ্রবণ করুন। ° মৃত্যযুগে দক্ষপ্রকাপতির কক্র ও বিনতা নামে ছই পরমত্মনরী কল্পা ছিলেন। মহর্ষি কশ্যপ ঐ ছই কম্যার পাণিগ্রহণ করেন। একদা তিনি সেই ধর্মপদ্মীদম্বের প্রতি অতিমাক্ত প্রসূত্র হইরা[।] তাঁহাদিগকে বরপ্রদার করিতে চাহিলেন পরস্পার সমান পরাক্রান্ত, এইরূপ সহুত্র নাগ আমার পুত্র হউক বলিয়া কজ বর প্রার্থনা করিলেন; কিন্তু বিনতা এই বর চাহিলেন, আমার হুইটা মাত্র পুত্র হউক; কিন্তু ভাহারা যেক্বিল, বিক্রম ও শরীরে কক্র পুত্র অপেকা শ্রেষ্ঠ হয় মহর্ষি কশাপ তথা ও বলিয়া তাঁহাদিগকে দেই অভিল্যিত ৰর প্রদান করিবল। ,বিনতা স্থামি,স্লিধানে স্বাভিশ্বিত বর সংপ্রাপ্ত হইয়া সাতিশয় সম্ভূটা ও কৃতঃএ-শ্বন্য হইলেন কেজও তুলী তেজন্বী পুত্ৰ সহত্ৰ লাভে भारी रेकिक क्रवकेवा कान कतितन। महावशाः कथाश পদ্মী গৈকে "তোমরা স্বীয় প্রযত্নে গর্ভধারণ করিও" **এই औरमण मिया अवगानी अरवण कविरानन।**

বছকালের পর কক্র অত সহস্র ও বিনত। অওবয় প্রস্তুর করিলেন। পরিচারিকাগণ সেই সমূদ্য অও

উপস্বেদযুক্ত ভাওমধ্যে পঞ্চশত বৎসর রাথিলেন। তৎ-পরে কল্ল প্রাসুত অণ্ড-সহস্র হইতে এক একটা পুত্র বহির্গত হইল। কিন্তু বিন্তার অগণ্ডবয় তদবস্থই রহিল। পুলার্থিনী বিনতা তদর্শনে মাতিশয় লজ্জিতা হইয়া স্প্রস্ত অওম্বয়ের অন্যতর ভেদ করিয়া দেখিলেন যে, পুত্রের পূর্মার্ককায়মাত্র স্থাত্তিত হইয়াছে, অন্যার্ক অভিশয় অপকাবস্থায় রহিয়াছে। তথন দেই সদ্যঃপ্রস্থত পুল সাতিশয় জ্বন হইয়া খীয় জননীকে অভিসম্পাত করিলেন, "লোভ পরতন্ত্র হইয়া অপকাবস্থায় সেও ভেদন পুর্বক আমাকে তন্মধ্য হইতে বাহির করা তোমার নিতাত অসদৃশ কর্ম হইয়াছে; অতএ্ব তুমি যে সপত্নীর সহিত স্পর্দ্ধাপ্রযুক্ত এই অন্যায্য কার্য্যের অমুষ্ঠান করিলে. পঞ্চাশত বংদর তোমাকে দেই স্পত্নীর দাদী হইয়া থাকিতে হইবে।" আরও বলিলেন, এই অপর অওমধ্যে তোমার যে পুত্র আছে, যদি অকালে অওভেদ না কর এবং তাহাকেও আমার ন্যায় হীনাঙ্গ বা বিকলাঙ্গ না কর, তবে সেই ভোমাকে দাদীত্ব হইতে মোচন করিবে । যদি তুমি আপন পুত্রকে বিশিষ্টরূপে বলবিক্রমশালী করিতে চাহ, তবে ধৈর্য্য ধারণপূর্বক ইহার জন্মকাল প্রতীক্ষা কর। ইহার জন্মের আরও পঞ্চশত বৎসর বিলম্ব আছে।

অরুণ এইরপে জননীকে শাপপ্রদান করিয়া আকাশ
।পথে আরোহণপূর্বক স্থ্যদেবের সার্থ্য কার্য্যে নিযুক্তহইলেন। সপ্রভাজী গরুড়ও যথাকালে জন্মিলেন। তিনি
জন্মিবামাত্র কুথাতুর হইয়া স্থীর জননী বিনতাকে পরিত্যাগপূর্বক বিধাত্-বিহিত স্বকীয় আহার সংগ্রহার্থে
আকাশমগুলে উভ্ডীন হইলেন।

সপ্তদশ কাধ্যায়।

ত উগ্রশ্রবাঃ কহিলেন, হে তপোধন । ঐ সমরে উচিচঃশ্রবাঃ, কক্র ও বিনতার সমীপ দিয়া গমন করিতেছিল।
দেবগণ, অমৃত-মন্থনকালে উৎপন্ন সেই সর্বোধিয়া
প্রশংসা করিতে লাগিলেন।

শৌনক কহিলেন, হে স্তপুত্র ! তুমি কহিলে, সেই
মহাবীর্যা, অখরাঞ্জ স্থামন্থন সময়ে উৎপন্ন হয়; অতএব

জিজ্ঞাসা করিতেছি বল, দেবগণ কি কারণে ও কোন্ স্থানে অমৃত মন্থন করিয়াছিলেন ?

উগ্রাপ্রবাঃ কহিলেন, স্থামেরু নামে এক পরম রমণীয় মহীধর আছে। যাহার স্থবর্ণময় শুঙ্গপরস্পরার প্রভাজাল প্রদীপ্ত সর্যোর প্রভামগুলকে তিরস্কৃত করে, যে অপ্রমেয় ভূধর দেবগণ ও গন্ধর্শগণের আবাস-স্থান, যাহাতে তুর্দাস্ত হিংস্র জন্তুগণ সর্ব্বদ। বিচরণ করে, যে পর্বত প্রতিদিন রজনীযোগে নানাপ্রকার ওয়ধি দ্বারা আলোকময় হয় এবং যে পর্বতে উন্নতি দারা অমরলোক আচ্চন্ন করিয়া রহি-য়াছে,নানাবিগ নদনদী ও তক্লতাগণ যাহাকে স্থােভিড' করিয়াছে, মনোহর বিহঙ্গমগণ যাহার বৃক্ষশাথায় বসিয়া मर्त्राना स्थापुत चारत कलत्रव कतिराज्यक, त्य स्वर्गभग मही-ধর প্রাকৃত জন-সমূহের মনেরও অগোচর, একদা তপো-নিয়মানুরক্ত, প্রবল পরাক্রাম্ভ দেবগণ সেই পর্বতের নানারজ্বশোভিত শিধরদেশে উপবেশনপূর্বক অমৃত-প্রাপ্তি বিষয়ক মন্ত্রণা করিতেছিলেন। ভগবান ভূতভাবন নারায়ণ দেবতাদিগকে এইরূপে মন্ত্রণা করিতে ব্যাসক্ত দেখিয়া ব্রহ্মাকে কহিলেন, দেবগণ ও অসুরগণ একঅ হুইয়া জল্ধি মন্থন করিতে আরম্ভ কর্মন। মন্থন করিলে সমুদ্র হইতে অমৃত উথিত হইবে। তদনস্তর দেবগণকে ক্ছিলেন, হে স্থুরগণ। তোমরা সমুক্রী মন্থুন কর, কিন্তু वह्रविध अविध अवर तकु-ममृह शाहेगा अ मद्दन का छ हरे अ না। ধৈর্ঘাবলম্বনপূর্বক অনবরতই মস্ব থাকিবে, তাহা হইলেই তোমাদের অমৃতলাভ হইবে, मत्मर नारे।

অফীদশ অধ্যায়।

উপ্রশ্রবাঃ কহিলেন, দেবগণ অমৃত-মন্থনে আদেশ পাইরা মলর-ভূধরকে মন্থনদণ্ড করিতে মনস্থ করিলেন, কিন্তু গগনস্পনী শিশ্র মালায় স্থশোভিত, বহুতর লতা-জালে জড়িত, না নাজাতীয় বিহল নিনাদে নিনাদিত, বহুবিধ ব্যালকুল সমাকীণ, অঞ্চরাগণ ও কিন্তরগণ কর্তৃক নিরম্ভর সেবিত, একাদশ সহল্র যোজন উন্নত এবং তৎ-পরিমাণে ভূগর্জে নিথাত, গিরিবর মন্দরের উত্তোলনে অশক্ত হইয়া ব্রহ্মা ও নারারণের সমীপে গিরা ক্বতাঞ্চলি- পুটে নিবেদন করিলেন, আপনারা আমাদিগের হিতসাধ-নার্বে কোন সহপায় নির্দ্ধারণ ও মন্দরোদ্ধরণৈ প্রয়ত্ব করুন।

অপ্রমেয়ায়া ভগবান্ বিষ্ণু ও ব্রহ্মা দেবতং দিগের প্রার্থনায় সম্বতি প্রকাশপূর্ব্বক ভ্রন্ত ধিপতি অনস্কদেবকে মন্দর্বোতোলনে অসুমতি করিলেন। মহাবল পরাক্রাস্ত অনস্ত তাঁহাদের আদেশ পাইয়া সমস্ত বন ও বনবাসিগণের সহিত সেই গিরিবরের উদ্ধরণ করিলেন। অনস্তর দেবগণ অনস্তদেবের সহিত নীরনিধিতীরে সম্পৃস্থিত হইয়া সম্ত্রকে সম্বোধন করিয়া কহিলেন, আমরা অমৃত লাভের জন্য তোমার জল মহুন করিব। অর্ণব কহিলেন, মন্দর-ভ্রমণ দারা আমাকে অনেক ক্লেশ সহ্য করিতে হইবে, অত্রত্ব আমিও মেন লাভের অংশ পাই। তদ্ব-স্তর সমস্ত দেবগণ ও অস্বরগণ কৃর্মরাজকে কহিলেন, তুমি গিরিবরের অধিঠাক হও। কৃর্মরাজ তথান্ত বলিরা স্বীয় পৃষ্ঠে মন্দর গিরি ধারণ করিলেন। দেবরাজ ইন্ত্র, ক্র্মরাজ-পৃষ্ঠে অধিষ্ঠিত গিরিরাজকে যন্ত্রসহকরের চালিত করিলেন।

এইরপে দেবগণ মন্দরগিরিকে মন্থনদণ্ড ও বাস্থিকিকে মন্থন-রজ্ করিরা অস্তোনিধি মন্থন করিতে আরম্ভ করি-লেন। মহাবল পরাক্রাপ্ত দানবদল রজ্জুভূত বাস্থিকির মুখ-দেশ ও স্থরগণ পুচ্ছ দেশ ধারণ করিলেন। ভগবান্ অনস্তদেব সাক্ষাৎ নারায়ণের অংশ-স্বরূপ, এই নিমিত্ত তিনি আপেন ছংসহ বিষ-বেগ সম্বরণ করিলেন। মন্থন-কালে দেবপণ নাগরাজকে এমত বলপ্র্কক আকর্ষণ করিতে লাগিলেন যে, তাঁহার মুখ হইতে নিরম্ভর ধুম ও অগ্নি-ক্লুলিক্লের ক্ষতি নিংখাস-বায়ু নির্গত হইতে লাগিল। ঐ গুমায়ি সহিত নিখাসবায়ু সচপলা মেঘমালার্রণে পরিণত হইয়া, নিতান্ত প্রাস্থি একান্ত সম্ভপ্ত দেবাস্থরের বারিবর্ষণিকরিতে লাগিল; এবং সেই গিরিবরের শৃক্ষ হইতে চারিদিকে পুশার্ষ্টি হইতে আরম্ভ হইল।

দেবাস্থরগণ মন্দর-ভ্ধর দারা এইরপে সম্প্রমন্থনে প্রবৃত্ত হেইলেন। মথ্যমান মহোদ্ধি হইতে ঘোরতর বন-ঘটার গভীর গর্জানের ন্যায় ভয়ন্কর শব্দ উঠিল। মন্দরা-দ্রির মন্দনে সমুদ্রস্থ শত শত জলচরগণ বিনিপিষ্ট হইয়া প্রথম্ম পাইল এবং পাতাল-তলস্থ অন্যান্য নানাবিধ জল-জন্তুগণও প্রাণত্যাগ করিতে লাগিল। সেই গিরিরাজ

অনবরত জামামাণ হওরাতে তাহার শিখরন্থ প্রকাণ্ড বৃক্ষ
সকল পরস্পর সভ্যুট হইরা বিহঙ্গক্লের সহিত ভৃতলে
পতিত হইতে লাগিল। মন্দর-গিরি সেই সকল তরুগণের
পরস্পার সভ্যর্থণে সম্ভূত হতাশন-শিণা ঘারা সমাবৃত হুইরা
তড়িত-পটলাবৃত নবীন নীর্দের ন্যায় সাতিশর শোভমান
হইল। পরে ঐ অনল ক্রমেক্রমে প্রবল হইয়া অরণ্যাণীবিনির্গত কুঞ্জর কেশরিগণ ও অন্যান্য বন্য জন্ত্রগণিকে দগ্ধ
করিতে লাগিল। সভ্যর্থজ ইতাশন এইরাপে পর্বতম্ব
সমস্ত জীবজন্তগণ দগ্ধ করিতে আরম্ভ করিলে, স্কুর্পতি
ইক্র মেবসম্ভূত সলিল সেচন ঘারা তাহা নির্বাণ করিলেন।

অনস্তর নানাবিধ মহীকহগণের নির্যায় ও মহৌষধিরস গালিয়া সম্দে পতিত হইতে লাগিল। অমৃতসম-গুণসম্পন সেই সমস্ত বৃক্ষনির্যাস ও কাঞ্চন-নিস্তবের প্রভাবে
দেবগণ অমরত্ব প্রাপ্ত হইলেন। সম্দ্রকল প্রেষ্ণিক বহবিধ উৎকৃত্ব রস বারা মিশ্রিত হইয়া ক্ষীররূপে পরিণত
হইল। সেই ক্ষীর হইতে মৃত উৎপন্ন হইল।

তদনস্তর দেবগণ পদ্মাসনস্থ ব্রহ্মার নিকট উপস্থিত হয়া নিবেদন করিলেন, ভগবন্। নারায়ণ ব্যতিরেকে আমরা সকলে নিতান্ত পরিশ্রাম্ভ হইয়াছি। কোন্ কালে মন্থন আরম্ভ করিয়াছি কিন্তু এপর্যান্ত অমৃত সম্থিত হয় নাই। তথন ব্রহ্মা নারায়ণকে সম্বোধন করিয়া কহিলেন, ভ্রমি ইইাদের বলাধান কর; ভ্রমি ব্যতিরেকে এবিষর্পে আর গতান্তর নাই। নারায়ণ কহিলেন, যাহারা এই কার্য্যে ব্যাপ্ত আছেন, আমি তাঁহাদের সকলকেই বল প্রদান করিতেছি, তাঁহারা সকলে একত্রিত হইয়া অস্থোন্ধিকে আলেই ভিত কয়ন।

সন্ধান্ত দেবদানবগণ বিষ্ণুক এই রাক্য শ্রবণ করিবামাত্র বলপ্রাপ্ত হইলেন এবং সকলে, একত্র হইয়া পুনর্কার পূর্কা-পেক্ষা প্রবলরপে জলনিধি মন্থন করিতে আরম্ভ করিলেন। তদনস্তর মধ্যমান, মহাসাগর হুইতে স্থানীতলরশ্মি-সম্পন্ন সৌমা কি, নির্মাল, শীতাংশু উৎপন্ন হুইলেন। তৎপরে মৃত হা ত খেতপুলোপবিটা লক্ষ্মী ও স্থরাদেবী উঠিলেন। উচ্চৈ: বা: নামে খেতবর্ণ হ্ররত্নও মৃত হুইতে উৎপন্ন হুইল। পরে মহোজ্জল কৌস্বভ-মণি মৃত্ত হুইতে সমুৎপন্ন হুইন। নারামণের বক্ষঃস্থলে লহুমান হুইল। লক্ষ্মী, সুরা

(मरी, ठळ ७ मत्नाकर जारबाखम উटेकः अवाः चर्गमांगी-वनस्त-श्रुक्तक ञ्चत्रशत्क शंभन क्तिरणन। शतिरमस्य मृर्खि-মান ধরস্তরি অমৃতপূর্ণ খেতবর্ণ কমগুলুহতে লইয়া সমুত্র হইত্রে আবিভূতি হইলেন। দৈতাগণ এই অভূত ব্যাপার নিরীক্ষণ করিয়া "এই অমৃত আমার, এই অমৃত আমারা" এই বলিয়া দোরতর কোলাহল করিতে আরম্ভ করিল। তদনস্তর খেতকায়, দস্তচতুষ্টয়-বিশিষ্ট, এরাবত নামে মহাগজ সমৃৎপল্ল হইল। বজ্ঞধর ইক্স তাহাকে অধিকার করিলেন। স্বাস্বগণ তথাপি কান্ত না হইয়া অনবরতই। মন্থন করিতে লাগিলেন। তাহাতে কালকৃট গরল উৎপন্ন হইল। সধুম জলদগ্রির ভাষে সেই ভয়ক্ষর গরল ধরণীতল আকুল করিল।, কালকুটের কটুগদ্ধ আদ্রাণ করিয়া जिल्लाको मुद्धि ७ इहेन। जन्ना जनवलाकत छोछ इहेन्रा অহুরোধ করাতে সাক্ষাৎ মত্রমৃত্তি ভগবান্ ভবানীপতি তৎক্ষণাৎ 🗗 বিষম রাষিরাশি পান করিয়া কর্চে ধারণ-পূর্ব্বক ত্রৈলোক্য রক্ষা করিলেন। তদবধি ডিনি নীলকণ্ঠ নামে বিখ্যাত হইয়াছেন।

দানবগণ এই অভ্ত ব্যাপার নিনীক্ষণে হতাশ হইয়া অমৃত ও লক্ষী-লাভার্থে 'দেবতাদিগের সহিত ভয়ক্ষর বিরোধ আরম্ভ করিল। তথন ভগবান্ নারায়ণ মোহিনী-মায়া আশ্র করিয়া নারী রূপ ধারণ পূর্ব্বক অস্ত্র সমূহের সন্থ্য উপস্থিত হইলেন। মৃঢ্যতি দানবদল মোহিনী-রূপ-ধারী ভেগবানের অপূর্ব্ব রূপনাবণ্য দশনে মোহিত ও তদগত চিত্ত হইয়া তাঁহাকে অমৃত সমর্পণ করিল।

ঊনবিংশ অধ্যায়।

উপ্রশ্রা: কহিলেন, অনস্তর সমস্ত দৈত্যগণ আ বিত হইয়া নানাপ্রকার অন্ত শস্ত গ্রহণপূর্বক দেবগণকে মাজ্র-মণ করিল। তদবলোকনে মুক্তপ্রতাবশালী ভগবান নারা-মুণ নরদেব সমভিব্যাহারে দানবেক্তদিগকে বঞ্চনা করিয়া অমৃত হরণ করিলেন। অনস্তর দেবগণ বিষ্ণুর নিকট হইতে সেই অমৃত লইয়া পরমাহলাদে পান ক্রিভে বিদ-লেন। দেবগণ অমৃত পান করিতে আরম্ভ করিছে নাহ নামে এক ছাই দানব অবসর ব্রিয়া দেব-রূপ ধারণ পূর্বক স্থরগণের সহিত অমৃত পান করিতে বসিয়াছিল। অমৃত, রাছর কণ্ঠদেশমাত্র গমন করিয়াছে, এমত সময়ে চক্ত ও স্থা, দেবতাদিগের হিতসাধনার্থে ঐ গুপ্ত বিষয় ব্যক্ত করিয়া দিলেন। ভগবান্ চক্রপাণি স্বীয় স্থদর্শনার্ত্ত দারা তৎক্ষণাৎ সেই ছষ্ট দানবের শিরশ্ছেদন করিলেন।

রাহর পর্বত-শিথরাকার প্রকাণ্ড মন্তক ছেলন-মাত্রে গগনমণ্ডলে আরোহণ করিয়া ভীষণ নালে গর্জন করিতে লাগিল। তাহার কবন্ধ-কলেবর সকাননা, সন্ধীপা, সপ-র্বতা, বস্থকরাকে কম্পিত করত: ভূপৃষ্ঠে পভিত হইল। তদবধি চক্র ও স্থাের সহিত রাহ্মুখের চির-শক্রতা ক্রিল। এই নিমিত্তই আলাপি ঐ রাহ্মুখ তাঁহাদিগকে প্রাস করিয়া থাকে। পরিশেষে ভগবান্ নারায়ণ মোহিনী-বেশ পরিত্যাগ করিয়া অন্ত্র শত্র গ্রহণ পূর্বক দানবগণকে আক্রমণ করিলেন।

ু তদনস্তর লাবণার্ণব-তীরে দেবাস্থরগণের ঘোরতর সংগ্রাম সমুপস্থিত হইল। প্রাস, তোমর, ভিন্দিপাল প্রভৃতি সহস্র সহস্র তীক্ষাগ্র শস্ত্র-বর্ষণে রণম্বল আচ্চর হইল। ধড়া, চক্র, গদা, শক্তি প্রভৃতি শল্পাঘাতে দানবগণ ক্ষির ব্যনপুর্বেক মৃশিত্ত হইয়ারণশায়ী হইল। তাহা-দিগের তথকাঞ্চনাকার মন্তক্তপাল পট্টিশাঘাতে ছিন্ন ভিন্ন হইরা অনবরত ধরণীতলে পতিত হইতে লাগিল। যুদ্ধে হত দানবগণ ক্ষিরাক্তকলেবর হইয়া ধাতুরাগ রঞ্জিত গিরি-কৃটের ভার ভূমি-শ্যার শ্রান ুরহিল। পরস্পরের শস্ত্র প্রহার দেখিয়া রণস্থলে হাহাকার শব্দ উঠিল। দেব-গণ দূর হইতে লোহময় পরিখাবাত ও নিকটে দুঢ়মুষ্টি-প্রহার করিয়া রণ করিতে আরম্ভ করিলেন। দানবেরাও ঐ রপ যুদ্ধ করিতে লাগিল। সংগ্রামের কলকল ধ্বনি গগনমঙল আচ্ছাদিত করিল। চারিদিথে কেবল, "ছিন্দি, ভিন্দি, প্রধাব, ঘাতয়, পাতয়, মারয়,'' ইত্যাদি ঘোরতর শক্ষাত্ৰ শ্ৰুত হইতে লাগিল। C

এইরপে ভরন্ধর সংগ্রাম হইতেছে, এমত সমর্যে নর ও নারায়ণ রণস্থলে আগমন করিলেন। ভগবান্ নারায়ণ নরদেবের হত্তে দিবাধয়ঃ সন্দর্শন করিয়া দানবকুল ধ্ম-কেতৃ স্বীয় চক্রাপ্র স্মরণ করিলেন। মহাপ্রভাবশালী, স্থাসম-তেজ্সী, অপ্রভিহতবীর্যা, ভীমদর্শন, সেই অরিনি-স্থান, স্পর্শনচক্র স্মরণমাজে নভোমগুল হইতে অবতীর্ণ হইল। আজামুলবিভভ্জ, ভগবাদ চক্রণাণি সেই প্রজ্ঞানত-হতাশনাকার, ভরন্ধর চক্র বিপক্ষপক্ষে প্রক্ষেপ করিলেন। নারারণ-বিক্ষিপ্ত ভীষণ স্থদর্শনাক্ত মহাবেগে ধাক্যান হইরা সহস্র সহস্র দানবদলের প্রাণ সংহার করিল। কোন স্থলে সম্জ্জত হতাশনের স্থার প্রজ্জালিত হইরা দৈত্যকুল নিপাত করিল, কোথাও বা আকাশমগুলে ও ধরতিলে পরিভ্রমণপূর্বক পিশাচের স্থায় তাহাদিগের ক্রিমি পান করিতে লাগিল।

্নবমেঘাকৃতি, মহাবল পরাক্রান্ত, দানবেরাপ্ত আকাশে উথিত হইয়া সহস্র সহস্র পর্বত নিক্ষেপ হারা দেবগণকে আকুলিত করিল। তৎকালে ভয়সাত্ম অতি প্রকাপ্ত মহীদরগণ পরস্পরাভিষাতে ভয়ন্তর শব্দ করিয়া যোরতর মেঘের ফ্রায় চতুর্দিকে পতিত হইতে লাগিল। হর্দান্ত দানবগণ এইরূপে গভীর গর্জনপূর্বক নিরস্তর পর্বত বর্ষণ করিয়া সকাননা সন্ধীপা মেদিনীকে কল্পাদ্বিত করিল । তথন নরদেব স্থবর্ণম্থ শিলীম্থ হারা দানববিক্ষিপ্ত পর্বতসমূহ বিদারণপূর্বক নভোমগুল ব্যাপ্ত করিলেন। মহাবলপরাক্রীন্ত দানবগণ দেবগণকর্ত্ক ভ্যাবল হইয়া এবং আকাশমগুলে কল্পাগ্রিসদৃশ স্থদর্শন চক্রকে ক্রম্ম দেখিয়া কেহ ভূগত্তে কেছ বা লবণাবর্ণ গর্ত্তে প্রবিষ্ট হইল।

স্বরগণ এইরপে জয়লাভ করিয়। যথোচিত সৎকার
প্রঃসর মন্দরগিরিকে স্বস্থানে সংস্থাপিত করিলেন। জলধরগণ নভোমগুল এবং স্থালোক নিনাদিত করিয়া যথাস্থানে প্রতিগমন করিল। অনস্তর ইস্রাদি দেবগণ আহলাদসাগরে মশ্ব হইয়া সেই অন্তপূর্ণ কমগুলু স্থারকিত
করিয়া নারায়ণের নিকট সমর্পণ করিলেন।

বিংশ অধ্যায়।

তি গ্রন্থবাং কহিলেন, হে ঋষিবর! অমৃত্যইন সমরে
প্রীমান অতুলভেন্ধাং উটেচঃপ্রবানামক যে অম্বরাজ জলনিধি হইতে সমুখিত হয়, তাহার সমীন্ত বিবরণ বিশেষরূপে বর্ণিত হইল। কক্র সেই আম্বরাজকে অবলোকন
করিয়া স্বীয় সপত্নী বিনতাকে কহিলেন, বিনতে! বল দেখি উটৈচঃপ্রবাং অম্বের কিরূপ বর্ণ ? বিনতা কহিলেন,
উটিচঃপ্রবাং শুক্লবর্ণ; তোমার কি বোধ হর? আইস এ
বিষয়ে তুইজনে পণ করি। কক্র কহিলেন, হে মধুর-

হাসিনি! আমি বোধ করি এই অখের পুচ্ছ কুফাবর্ণ: আইস এ বিষয়ে এই পণ করা যাউক যে, যাহার অনুমান মিথা। ছইবে, সে দাসী হইয়া থাকিবে। তাঁছারা এইরূপে পরস্পর দাসাবৃত্তি অবলম্বনে প্রতিজ্ঞার্চ হুইয়া ''কল্য এই অখকে দেখিব'' এই ধনিরা স্ব স্থ আবাদে প্রত্যা গমন করিলেন। কক্র নিজ নিকেতনে আগমন করিয়া কৌটিল্য করিবার মানসে স্বীয় সহস্রপুত্রের প্রতি আঞা করিলেন, ভোমাদিগকে কৃষ্ণদ্মপ ধারণপূর্বক উচ্চৈ:শ্রবাঃ অশ্বের পুছেদেশে শব্মান হইয়া তৎপুছের রুফ্ড সম্পা-দন করিতে ইইবে, দেখিও যেন আমাকে দাসীত্রভালে বন্ধ হইতে না হয়। যে সকল ভুজকন তদীয় আজা প্রতিপালনে পরাম্বুণ হইল, তিনি তাহাদিগকে এই অভিসম্পাত করিলেন, তোমরা পাণ্ডুবংশাবতংস রাজর্ষি कनरमकरावत नर्भनत्व व्यक्तिराज मध्य इटेरव। नर्सरलाक পিতামহ বন্ধা কজ্ঞানত সেই অতি নিষ্ঠুর খ্রাপ স্বক্রি শ্রবণ করিলেন। পরে সর্পসংখ্যার আতিশ্যাপ্রযুক্ত কজ-দত্তী শাপ প্রজাবর্গের পরম শ্রেয়ক্ষর হইয়াছে বিবেচনা করিয়া অন্যান্য দেবুগণের সহিত সাতিশয় আনন্দ প্রকাশ করিতে লাগিলেন, এবং কহিলেন, "এই সকল মহাবল" হিংস্ত্র সর্পাণের বিষ অতিশয় তীত্র ও বীর্যাবং ; সেই তীব্রবিষে প্রজাগণের সর্ব্বদাই অনিষ্ট ঘটনা হইয়া থাকে; অতএব কক্র ইহাদিগুকে এই শাপ দিয়া উত্তম কর্ম করিয়াছেন। ভাহারা যেমন সর্বদা প্রজাগণের স্থাইভা-চরণ করে, তেমনি দৈব তাছাদের উপর প্রাণান্তিক দগুপাত করিয়াছেন।"

রক্ষা দেবগণের সহিত এইরপে আনন্দপ্রকাশ করিয়া
কল্পুক সমৃতিত সম্মান প্রদান করিলেন, এবং মহর্ষি
কল্পুপকে স্বীয় সন্ধিবানে আহ্বানশ্র্কক কহিলেন, হে
পূণ্যশালিক্! যে সকল তীক্ষবিষ, মহাফণ, ভূজসমগ্র
তোমার ওরসে জন্মগ্রহণ করিয়াছে, কক্র তাহাদিগকে
শাপ প্রদান করিয়াছেন, স্কুতএব হে বৎস! এ বিবর
তে র ক্রোধ করা বিধেয় নহে। যজে সর্পকৃল বিনষ্ট
হই। পূর্কাপর বর্ণিত আছে। ব্রহ্মা, কশ্যপপ্রজান্তিকে এইরলে প্রসন্ধ করিয়া তাহাকে বিষহরী বিদ্যা

একবিংশ অধ্যায়।

উগ্রস্রবা: কহিলেন, কক্র ও বিনতা এইরূপে পরস্পর দাস্যবৃত্তি পণ করিয়া এবং তজ্জন্য সাতিশয় অমর্বাবিষ্ট ও রোষপরবশ হইয়া সেই রাত্রি অভিবাহিত করিলেন। পর্দিবস প্রভাতে সুর্যোদ্য হ'ইবামাত্র তাঁহারা ছইজনে অনতিদূরবর্তী উটচঃশ্রবাং তুরঙ্গমকে দেখিবার মানসে कियुमृत गमन कतिया अथामत्, अठिश्वनीय, अगाप, नर्ख-ভূত-ভয়াবহ, পরমপবিত্র, অংস্তোনিধি অবলোকন করি-লেন। যে জলাধ তিমি, তিমিঙ্গিল, মৎস্য, কচ্ছপ, মৃকুর, নক্রচক্র প্রভৃতি সহস্র সহস্র ভয়ন্তর বিক্রতার্কীর জলচর-গণে এবং ভীষণাকার সর্পগণে নিরস্তর সমাকীণ; চক্র, लन्ती, डेटेक: ख्यां; ख्यां, शाक्कना, गंधां, ख्यांठ, वाफ्वानल ও সকাপ্রকার রত্ব যাহা হইতে উৎপর্ন, পকাতাধিরাজ टेमेनाक ও जनाधिताज वक्रगतन याशास्त्र मञ्ज वाम করেন; যে, সমুদ্র দানবগণের পরম্মিত ও স্থলচর জন্তগণের সাতিশয় ভয়াবহ শক্র; বাহাতে ভয়ন্বর জলজ্ত সকল সর্ক্রা বোরতর শব্দ করিতেছে, এবং বায়ুর্বেগে অনবরত পর্বতাকার তরঙ্গমালা সম্থিত হইতেছে, দেখিলে বোধ হয় যেন সমুদ্র তরঙ্গরূপ হস্ত উত্তোলন পুর্বাক নিরস্তর মৃত্য করিতেছে; চন্দ্রের ব্রাস বৃদ্ধি অহ-সারে যাহার ভাসবুদ্ধি হইয়া থাকে; অমিততেজাঃ ভগবান্ नातायण वताह्रक्षण धात्रणभूक्षक मत्था श्राटम क्रिया যাহার জন, বিক্ষোভিত ও আবিল করিয়াছিলেন, এবং যাহাতে যোগনিক্রা অমুভব করিষ্ঠাছিলেন; ব্রতপ্রারণ ব্রহ্মর্ষি অত্রি শতবংসরেও যাহার তলস্পর্শ করিতে পারেন নাই; অসুরগণ অরাজক যুদ্ধে পরাভূত হইয়া যাহার মধ্যে বাস করে; যে সমুদ্র স্থীয় গর্তন্থ বাড়বানা কে সর্বাদা তোয়ক্রপ হবিঃ প্রদানু করিতেছে; সহস্র বৃদ্ধ হহানদী পরস্পর স্পর্কা করিয়া ধ্যেন অভিসারিক বি স্থায় যাহাতে সভত সমাবেশ করিওেছে।

্রোবিংশ অধ্যায়।

সৌতি কহিলেন, নাগগণ মাতৃশাপ শ্রবণানস্তর পরা
ত্মি আর পরিবর্দ্ধিত হইও না, ত্মি কি আর

মর্শ করিল, আমাদিগের জননীর অন্তঃকরণে প্রেহের

লেখমাত্র নাই, স্থতরাং তাঁহার মনোভিলাষ সফল না লিত অগ্নিরাশি ইতন্ততঃ প্রস্ত হইতেছে।

হইলে রোবপরবশ হইরা আমাদিগকে ভশ্মসাৎ করিবেন।
কিন্তু মনোবাছা পূর্ণ হইলে প্রসন্না হইরা আমাদিগের
শাপ বিনোচন করিতে পারেন। অতএব চল সকলে
একমত হইরা উটকঃশ্রবার পূচ্ছ রুফবর্ণ করি। নাগেরা
এই অভিসন্ধি করিয়া ঐ অথের পূচ্ছদেশে রুফক্ণের্শরপে
পরিণত হইল। ইত্যবসরে দক্ষতনয়া কক্র ও বিঁঘতা
গগনমার্গে উঠিয়া বায়্বেগে বিচলিত, গভীর নিনাদমূরু,
তিমিঙ্গিল মকরসার্থসন্তুল, বহুবিধ ভীষণ জন্তগণে সমাকীর্ণ,
সকল রত্তের আকর, বরুণ দেবের আবাসস্থান, নাগগণের
বাসভবন, স্থানে স্থানে স্রোতস্বতীগণে পরিপূর্য্যমাণ,
অপ্রেমের, অচিন্তনীয়, অগাধ, অতি হুর্দ্ধর্ম, অক্রোভ,
পবিত্রজ্ববিশিষ্ট, রমণীয় জলনিধি দর্শন করিতে করিতে
পরম্প্রীতিসহকারে তাহার অপরপারে উপস্থিত চইলেন।

ত্রয়োবিংশ অধ্যায়।

উগ্রশ্রবাঃ কহিলেন, কজ ও বিনতা সমুদ্র অতিক্রম করিয়া অতি সম্বর ত্রগ্নসমীপে উপস্থিত হইয়া দেখিলেন, অষটি শশান্ধকিরণের স্থায় শুত্রবর্ণ; কেবল তাহার প্ছেলেশের কেশগুলি ক্রম্বর্ণ। তদবলোকনে বিনতা অতিমাত্র বিষধা হইলেন। পরে কজ তাঁহাকে দাসীর কার্য্য করিতে আদেশ দিলেন। বিনতা পরে পরাজিতা হইয়াছেন, স্বতরাং তাঁহাকে অগত্যা সপত্নীর দাস্য কর্ম্ম আশ্রয় করিতে হইল।

এই সময়ে গরুড় অবসন্থ বুঝিয়া মাতার গ্রেছবাতি-রেকে স্বয়ং অগু বিদারণপূর্বক বহির্গত হইলেন।
মহাসত্ব, মহাবলসম্পর্ম, সোদামিনী-সমনেত্র, কামরূপ,
কামবীর্যা, কামচারী, বিহঙ্গমরাজ প্রাদীপ্ত হুতাশনরাশির আর স্বকার প্রভামগুলে সহসা দেশদিক আলোকময় করিয়া আকাশে আরোহণ ও ঘোরতর বিরাব পরিত্যীগ পূর্বক ভরত্বর প্রকাণ কলেবর ধারণ করিলেন। তাহা দেখিয়া দেবগণ ভীত ও বিশ্বিত হইলেন। পরে তাঁহারা আসনস্থ বিশ্বরূপী ভগবান্ অগ্রির শরণাগত হইয়া যথাবিধি প্রগতিপূর্বক অতি বিনীতবচনে কহিলেন, হে হুতাশন! তুমি আর পরিবর্দ্ধিত হইও না, তুমি কি আমাদিগকে দথ্ম করিতে ইচ্ছা করিয়াছ ? প্র দেখণপর্বতাকার প্রজ্বশ্বত অগ্রিয়াশি ইতস্কতঃ প্রস্তত হুইতেছে। অগ্রি

63

इद

41

वार

এব

निवा

इहेर

কছিলেন, হে অক্রনিক্দন ক্রগণ! তোমাদিপের আপাততঃ বাহা বোধ হইতেছে উহা বন্ধতঃ সেরপ নছে। আমার ভুলা তেজখী, বলবান, বিনতানন্দন, গরুড় জন্ম প্রহণ করিরা কলেবর বৃদ্ধি করিতেছেন; তাঁহার তেত্রীরাশি নিরীকণ করিয়া ভোমরা মোহাবিট হইরাছ। के मानकृतासक कन्नभाषाक नर्सना (मन्डानिश्तत विडा-মুদ্রান ও দৈতারাক্ষ্সদিগের অনিষ্ট চেষ্টা করিবেন। অত-এব ভোমাদিগের কোন ভয় নাই, আইস আমরা সমবেত হটরা গরুড়ের নিকট যাই।

অনম্বর,দেবগণ ও অধিগণ তৎসরিধানে গমন করিয়া গ্রুডকে তথ করিতে আরম্ভ করিলেন। হে মহাভাগ পতগেশ্বর! ভূমি ঋষি, ভূমি দেব, ভূমি প্রভূ, ভূমি স্ব্র্যা, ভূমি প্ৰজাণতি, ভূমি ব্ৰহ্মা, ভূমি ইক্স, ভূমি হয়গ্ৰীৰ, ভূমি শর, তুমি জগৎপতি, তুমি ছখ, তুমি হঃখ, তুমি বিংশ. ভুমি অগ্নি, ভুমি প্রম, ফুমি ধাতা, ভুমি বিধাতা, ভূমে বিষ্ণু, তুমি অমৃত, তুমি মহংযশঃ, তুমি প্রতা, তুমি আমা-দিগের পরিত্রাণস্থান, তুমি বল, তুমি সাধু, তুমি মহাস্থা, তুমি সমৃদ্ধিমান, তুমি অস্তক, তুমিই স্থিরাস্থির সমস্ত পদার্থ, তুমি অতি গ্:সহ, তুমি উত্তম, তুমি চরাচরস্বরূপ, হে প্ৰভূতকীৰ্ত্তে গৰুড় ! ভূত ভৰিষ্যৎ ও বৰ্ত্তমান তোমা ছই-তেই ঘটিতেছে,ভূমি স্করম গুলে দিবাক্রের শোভা প্রাপ্ত হইরাছ। ভুমি স্কীয় প্রভাপুঞ্জে স্থ্যের তেজরাশি ন্যাক্ষিপ্ত করিতেছ ১ হে ছতাশন-প্রভ !.জুমি কোপাবিষ্ট দিবাকরের নাার প্রজা-সক্লকে দগ্ধ করিতেছ, তুমি সর্বাসংহারে উদ্যত যুগাল্ল-অযুর ন্যার নিতান্ত ভরকর রূপ ধারণ করি-,বাছ। আমরা মহাবল-পরাক্রান্ত, বিহুৎসমানকান্তি, গগন-বিহারী, অমিত পরাক্রমশালী, ধগকুলচ্ডামণি, গফড়ের শক্ষ লইলাম। হে ক্ষাৎপ্রভো! ভোমার ভপ্তস্থবর্ণসম तमगीत एकानाति बाता करे अभ्यक्षण नित्रकृत मक्छ তুমি ভরবিহ্মণ ও বিমানারোহণ পূর্বক আকাশপথে ইডস্ততঃ প্রারমান স্থরগণকে পরিবাণ কর। হে খন্বর ৷ ভূমি পর্ম দরাকু মহাত্মা কণ্যপের পূত্র, অত-এব জ্বোপ স্থারণ করিয়া জগতের প্রক্রিন্রা প্রকাশ কর। कृति वेषत्र, धक्रार्श देशशायगयन भूक्तक व्यावातिशयक कर् कण्णा कता। जामश्री विषय विश्वप प्राक्तां हरेशाहि। ट्यामात्र वस्त्रितिषाय-मधुण व्यात्तर्व नटकायथन, विद्युखन,

দেবলোক, ভূলোক ও আমাদিগের ছানয় সতত কম্পানান হইতেছে। তুমি অগ্নিতুলা খীর শ্রীরের সঙ্গোচ কর। কুপিত ক্লতান্তের ন্যায় তোমার অতি ভীষণ কলেবর দর্শনে আমাদের মন ব্যথিত ও শুভিত হইতেছে। হে জগবন্ ধগাধিপতে। প্রাসর হইরা শর্ণাগত জনের স্থাবহ হও।

চভূর্বিংশ অধ্যায়।

গৰুড়, দেবতা ও ঋষিদিগের এইরূপ স্কৃতিবাদ শ্রবণ করিয়া এবছ আপনার অতি প্রকাণ্ড কলেবর অবলোকন করিয়া স্বীয় তেজঃপুঞ্জের প্রতিসংহার করিলেন এবং কচিলেন, আমি আত্মতেজের সংকাচ করিতেছি আর कांशाकि छ छोल इरेटल इरेटन ना। धर विनया विश्वम-রাজ গরুড় অরুণকে আত্মপুঠে আরোহণ করাইয়া পিতগৃত হইতে সমুজের অপরপার-বর্তিনী স্বীর জননীর সলিধান্ত গমন করিলেন। ঐ সম্য়ে হুর্যাদের দেবভাদিগের প্রতি क्षां इरेश अथेत कत्रकान विकातभूर्तक जिल्लाको मध করিতে° উদাত হুইয়াছেন দেখিয়া, ধগরাক্ষ শ্বীয় কনিষ্ঠ ভ্রাতা অরুণকে পূর্বদিকে স্থাপন করিলেন।

ক্লুক কহিলেন, হুৰ্যা কি নিমিছে ত্রিলোক দল্প করিছে উদাত হইরাছিলেন ? এবং দেবতারাই বা ভাঁছার কি অপকার করিয়াছিলেন যে, তিনি তাঁহাদিগের প্রতি এই রীপ কুপিত হইলেন ? প্রমতি কহিলেন, যংকালে ১জ ও হ্র্যা রাইকে প্রজ্য়ভাবে অমৃত পান করিতে দেখিয়া দেবতা দিগের নিকট প্রকাশ করিকা দেন, তদবীধি তাঁহাদিছোর সহিত বাছর বৈরাহ্বন হ ওয়াতে ঐ জুলুগ্রাহ রাহ মধ্যে াদেবকে আদ করিত। পরে ভগবান তথা এই ा त्त्राकानिके करेरणून त्य, कामि दहवजानिरशतरे নত্ত নিমিত্ত রাত্র কোপে পড়িলাম এবং তজ্জভ ামি একাকী বৃহ অনুষ্ঠির পাপের ফলভাগী বৈপংকালে কাহাক্লেই সাহাযা করিতে দেখি যথন, আমাকে প্রাস করে, দেবতারা স্বচক্ষে ায়াও তাহা অনায়াদে সহ করিয়া থাকে: অত हा नमछ लोक विनाम कब्रिक सत्मह नाई। ইরূপ অভিসন্ধি করিয়া অভাচলচুড়াবলখী विष-नरमात्र मरहात्र कतियात्र मानुरम ककीय পরিবর্জিত করিতে লাপিইখন।

মহর্বিগণ দেবতাদিগের নিকট গমন করিরা কহিলেন, অদ্য নিশীথসময়ে সর্বলোক ভরাবহ মহাদাহ আরম্ভ ছইবে।

उथन दावश्य मक्तिमित्शव मम्बिकाहादव नर्कत्नाक পিতামহ ব্ৰহাৰ নিকট উপনীত হইয়া বিনীতবচনে নিবেদন कतिरामन, जगनन्! तकांथा इटेर्ड जनन महामार जैन-হিত হইন ? স্থা লক্ষিত হুইতেছেন না অথচ সর্বানোক-ক্ষম উপস্থিত। না জানি স্থা উদিত চইলে কি ছৰ্দণা ষ্টিবে। পিতামহ কহিলেন, দিবাকর সর্বসংহারে উদ্যত হইয়াছেন! তিনি উদিত হইয়া কণকাল মধ্যেই আমা-নিগের সমকে সমস্ত লোক ভত্মসাৎ ক্রিবৈন। কিন্তু ইতি-পূর্বেই আমি ইহার প্রতিবিধান করিয়া রাণিরাছি-। মহাত্মা কৃশ্যপের অরুণনামে এক মহাবীগ্যসম্পন্ন পুত্র র্জন্মিরাছে। সে কর্যোর সশ্বুথে থাকিরা তাঁহার সারণা কার্য্য করিবে এবং জনীর তেজঃ প্রতিসংহার করিবে; তাহা हरेलरे (प्रवर्गन, श्वित्रन ७ नमछ लाटकत्र मकन नाटं ज সম্ভাবনা। প্রমতি কছিলেন, তদনস্থর অরুণ পিতামছের আদেশাত্সারে স্গ্য উদিত হইলেই তাঁহাকে আবরণ করির। তদীয় সমুধে উপবিষ্ট রহিলেন। স্থাদেব বে কারণে কোপাক্রান্ত হইয়াছিলেন এবং অরুণ যে নিমিত ভাঁছার সার্থ্য কার্য্য স্বীকার ক্রেন, তাহা আদ্যোপান্ত সমুদর তীর্তন করিলাম। একণে প্রেরিখিত প্ররের প্রভ্যুত্তর প্রদান করিতেছি, শ্রবর্ণ কর।

পঞ্विংশ অধ্যায়।

উপ্রশ্রাং কহিলেন, তৎপরে মহাবলপরাক্রার ব্যান্ত চারী বিহলমরাজ গলত সন্ত্রের অপরপারত থকীর বিন্তাস্থিপনে গমন করিলেন। তথার তাঁহার মাজ্য বনতা
পরেক হংসহতঃথে কালজেপ করিতেছিলেন। কিলা বিনতা প্রের নিকট উপবিষ্টা আছেন এমন সক্ষ
তাঁহাকে আহ্বান করিয়া বলিলেন, দেও বিনক্ষে বিশ্বেষ
মধ্যে এক পরম রমণীর বীপ আছেন এ বীপে বাস
করে, তথার আমাকে লইরা চল। বিনতা করে বাসিং
মাত্রে কক্রকে প্রদেশে আরোহণ করাইর বলেন

এবং গরুড়ও মাড়নিংগশক্রণে কক্রপুত্র-নাগগণকে পৃঠে লইরা তাঁহার অন্ত্সরণ করিলেন। বিনভানন্দন গরুড় ভ্যাভিমুখে গমন করাতে পরগগণ হংস্থ তপন ভাপে অত্যন্ত সম্ভন্ত হইরা মুদ্ধিত হইডে লাগিল।

কজ স্বীয় পূজ্ঞদিগের তাদুলী হরবস্থা দেখিলা বৃষ্টি মুনায় স্থরপতি ইক্সকে স্তব করিতে আরম্ভ করিলেন। হে শচী-পতে, महत्रानाहम, दनवताल । कृषि वन, मधूहि ও वृद्धा-স্থাকে নষ্ট করিয়াছ। একণে তোমাকে নমন্বার করি। थान्छ त्रविकित्रग-मख्य मंत्रोब भूखितिरगत छैभत वाहिवर्षण কর। হে হারপতে। সম্প্রতি তোমা ব্যভিরেকে আমা-দিগের প্রাণরকার আর কোন উপারাস্কর নাই; বে হেতৃ তুমিই প্রচুর বারিবর্বণ করিতে সমর্থ। তুমি বারু: তুমি মেঘ; তুনি অগ্নি; তুমি গগনমগুলে গৌদামিনীরূপে প্রকাশনান হও এবং ভোমা হইতেই ঘনাবলী পরিচালিত চইরা থাকে; তোমাকেই লোকে মহামেঘ বলিয়া নির্দেশ করে; ভূমিই ঘোর ও প্রকাও বস্তজ্যোতিশ্বরূপ; তুমি আদিতা: তুমি বিভাবস্থ; তুমি অত্যাশ্চর্য, মহাভূত; তুমি নিখিল দেৰগণের অধিপতি; ভূমি বিষ্ণু; ভূমি সহস্রাক্ষ্, ভূমি দেব; ভূমি পরম গতি; তুমি অকর অমৃত; তুমি পরমপ্তিত সৌমামৃতি; তুমি সহর্ত্ত ; তুমি তিথি ; তুমি বল ; তুমি কণ ; তুমি গুরুপক; তুমি ক্লাক ; তুমিই কলা, কাঠা, ক্লীট, মাস, ঋতু, সম্বং-সর ও অহোরাত ; ডুমি সমত পর্বত ও বনস্মাকীণা বস্থ-দরা; তুমি ভিমিরবিরহিত ও ক্রানংকৃত আকাশ; তুমি তিমি-তিমিলিল সহিত ও উন্ধৃতরকর্ণসভ্ল মহার্ব ; ভূমি অভি যশনী। এই নিমিত্তই প্রতিভাসম্পন্ন মহর্ষিগণ প্রশান্তমনে ভোমার আরাধনা করির। থাকেন। আর তুমি তবে পরিতৃই হইয়া জলমাদের হিত্সাধনার্থে বজীর পৰিত হবিঃ ও সোমরস পান করিয়া থাক। আক্ষাদেরা এক মাত্র পার্থিক কভলাভের প্রভাশার সভত ভোনার উপাসনা করিয়া থাকেন। হে বিপুলবিক্রমশালিন। অখিল বেদ ও বেদাস তোমারই অচিস্থনীয় অনত মহিনা কীর্ত্তন करत्र धावर वक्कणत्रोद्दश विकाष्ट्रिणन (जाभात चक्रण कावधा-রণেয় নিমিন্ত প্রাৰম্ভ সহকালে সভত সেই সকল বেদবেদা-(क्रम नीमारमा क्रिमा थाटकम।

মাত:

আয়

CYNG

निया

शानः

本年15

गर्का

9 73

রাজণ ক্যান্তিশ

বড়বিংশ অধ্যায়।

উঞ্জনঃ কহিলেন,দেবরাজ ইক্স কক্ষকত তবে প্রবংশ সম্ভৱ হইরা নীলুবর্ণ জলদজালে দিয়াওল আচ্চর করিলেন এবং নেম্বদিগকে জনবরত মুবলধারে বারিবর্বণ করিতে আলে দিয়াওল লাকর ত্রার্কির করিছের গালির গর্জনপূর্বক মুহুমুহ: সোলামিনীক্ষুবণ ও প্রচুর বারিবর্বণ করিতে লাগিল। তৎকালে বেগব হইল যেন আকাশে প্রলর্কাল উপস্থিত হইরাছে কিছা মেঘনির্ঘোষ, বিহাৎপ্রকাশ ও বায়্চালিত নীলধারা হারা যেন আকাশ-মণ্ডল নৃত্য করিতেছে। সেই মেঘাচ্ছর ছর্দিনে চক্র প্র্যা এককালে সম্বর্ছিত হইলেন। তথন নাগগণ যংপরোনাত্তি সম্ভাই হইল। বিশ্বমণ্ডলী সলিলভারে ময়প্রায় হইল। স্পীতল বিমল জলধারা রসাত্রে প্রবিষ্ট হইতে লাগিল। পরিশেবে সর্পাণ মাৃতার স্বিত্য রামণীরক বীপে উপনীত হইল।

সপ্তবিংশ অধ্যায়।

উপ্রশ্রবা: কহিলেন, নাগগণ প্রচুর জলগারার অভি-বিক্ত হইয়া অতিপ্ৰস্তুট মনে সুপৰ্ণ-পূৰ্তে আরোহণপুর্বাক সেই মকরসমূহের আকর ভূমি, বিশ্বকর্মবিরচিত, রামণী-मकदीत्न छेशनीछ इट्रेन । उथाम याहेमा धारमणः अछि ভয়ত্বর লবপু-মহার্ণব অবলোক্র করিল। দীপের অন্তর্মতী পরমশোভাকর এক পবিত্র কাননে প্রবেশ করিয়া বিছার করিতে লাগিল। ঐ কানম সাগর-खूल मित्रसत चाछितिक इटेएएइ ; छेशएछ वहाविश विद-क्रमशंग नर्वता मधुतक्रांव क्रमत्रव कतिरुष्ठ : वृक्ताः अभी নির্দ্ধর ফলপুশেপ স্থাপোডিত রহিয়াছে; ঘন সরিবিট তরুরাজি, স্থরমা হর্মা, পদ্মাকর ও স্বঞ্চ সলিলপূর্ণ অলো-किक हमत्रमूठ नर्समा छेहात अनुस्व[®] (नाछा नन्नामन করিতেছে ; তথার স্থান স্বীরণ অকুক্রণ ইতন্ততঃ সঞ্ त्र कतिराहर ; अक्राहर हन्त्र अस्तांना वह किर वृक्त्वांश সভত বিরাজিত রহিয়াছে; এ সঞ্চল বুক্ত ব্যন্ত্রেল সহ-কারে বিকল্পিত তেইয়া , অবিরত :পুশার্কণ ,কারিভেছে, : · मधुकप्रशंगः मधुगटकः काक ऋषेत्रा मुद्यस्य बार्व व्यानस्यकः वाकित मानाइत्रण कतिरक्टह। को छेनाम शक्क छ

অপরাদিগের প্রীতি-স্থান এবং উহা দেগিলে তদতেই অস্তঃকরণে আনন্দের সঞ্চার হইরা থাকে।

कल-शूरखता (महे कांमरन किय़ क्ल विहांत्र कतिया মহাবলপরাক্তান্ত গৰুড়কে কুহিল, দেখ ভূমি আমাদিগকে অন্য কোন নিৰ্মান জল সম্পন্ন স্থারম্য দ্বীপে দইনা চল। তুমি সমস্ত মনৌহর স্থান অবশাই জান ; কারণ তুমি প্রথনে উত্তীন হইলে কোন রমণীর স্থান তোমার নয়নের অপোচর থাকে না। গরুড় সপদিগের এইরূপ আদেশ বাকাঁ শ্রবণ করিয়া অতি বিবল্গমনে সীম্ব জননী সন্নিধানে নিবেদন করিলেন; মাতঃ। আমাকে কি কারণে দর্পগণের আদেশ প্রতিপালন করিতে হইবে, তাহা বল। বিন্তা कहिलान, वर्त्र ! जीमि श्रवपृष्ठे क्राम नागर्गेत्वत मोत्राकाल পতিত ও পণে পরাজিত হুইয়া সপত্নীর দাস্যবৃত্তি অবলম্ম করিরাছি। গরুড়, মাতৃ-সন্নিধানে এই কারণ প্রবণ করিয়া। অতিশয় পরিতাপ পাইলেন ও অনতিবিল্যে সর্পগণের निक्षे अमन कतियां कहिरानन, ८इ नाश्रंश । (कान বস্তু আহঁরণ বা কিরূপ পৌরুষ প্রকাশ করিলৈ আমরা দাসৰ শৃথাৰ হইতে মুক্ত হইতে পারি, তাহা জানিতে ইচ্ছা করি। তাভা শ্রবণ করিয়া দর্শেরা কছিল, ছে বিহ-ক্ষরাজ। যদি তুমি পৌৰুষ প্রকাশ করিয়া অমৃত আহরণ कब्रिट नमर्थ इ.स. छात्रों इटेटनटे मानक इटेट मूक ছইতে পারিবে।

व्यक्तेविश्न व्यक्षाय ।

বাঃ কহিলেন, গক্ত এইরূপ অভিহিত ইইরা

চট বাইরা কহিলেন, জনবি! জামি অমৃত

রক্তে চলিলাম; পুরুথ কি আহার করিব, বলিরা

তা বলিলেন, বংস সমৃত্য মধ্যে বহু সহজ্ঞ
করে, তুমি ভাহালিগুকে ভোজন করিয়া অমৃত

; কিন্ত হে বংস! দেখিও যেন রাক্ষণ করেয়া

রুদ্ধি না জয়ে। অনল-সমান, ব্রাক্ষণগণ

বেধা। ব্রাক্ষণ কুপিত হইলে ক্ষায়া, স্থা, বিস্ন

হরেন। ব্রাক্ষণ সর্কাশীবের গুলা। এই নিমিন্ত

তর আলণ সর্কাশীবের গুলা। এই নিমিন্ত

তর আলণ ব্যাক্ষণার আক্ষণের হিংসা

বা তাঁহাদিগের সহিত বিজ্ঞোহাচরণ করিও না। নিত্য নৈমিত্তিক জপহোমাদি কিলাকলাপে নিরত, বিশুদ্ধ আদণ জুদ্ধ হইলে যেরূপ দক্ষ করিতে পারেন, কি অগ্নি, কি সূর্যা, কেছই সেদ্ধপ পারেন না। ত্রাদ্ধণ সর্বজীবের অগ্রজাত, সর্ব্ববেশ্বর শ্রেষ্ঠ এবং সর্বভৃত্তের পিতা ও গুরু।

গৰুড মাতৃস্ত্লিধানে বান্ধণের এইরপ অভাবনীয় প্ৰভাৰ অবগত হইরা জিজাসা কৰিলেন, মাতঃ! ভ্ৰাশ-(गत्र कीमृण आकात, कि आकात प्रजात ও कित्रभरे वा भवाक्तम। बाक्सम कि क्छामानव नाव मह्मा धानीखे, কিখা অভিশন্ন সৌমামূর্তি; যে সকল শুভলকণ স্বারা ব্রাহ্মণকে চিনিতে পারা বার, তুমি হেতু নির্দেশপূর্বক তাছা আমাকে স্বিশেষ-রূপে কহিয়া দেও। कहिएन, विनि द्यामात कंत्रतमान कारतम कतिरम विपानत 'নাার নিতান্ত হঃসহ ক্লেশদারক হইবেন এবং প্রন্ধানিত অঙ্গারের নাায় কণ্ঠদাহ করিবেন, তিনিই স্থপ্রাহ্মণ। তুমি অতিমাত্র ক্রদ্ধ হইরাও ব্রাহ্মণকে বধ করিতে প্রবৃত হইও না। বিনহা পুল-বাৎসলাপ্রযুক্ত পরক্তকে পুনর্কার कहित्तम, बदम ! विमि जिमान कठन-पारण कीर्ग इहेरवम না, তাঁহাকেই সুব্ৰাহ্মণ বলিয়া জানিবে। সৰ্পৰ্যক্ষিতা পরম হাখিতা বিনতা পুজের অতুল পরাক্রম বুঝিতে পারিয়াও অতি প্রীতমনে তাঁহাকে আশীর্কাদ করিলেন, ৰংস্বায় তোমার চুই পক রকা করুন, চক্র ও ইঁর্যা তোমার পৃষ্ঠ, অগ্রি মন্তক এবং বস্থাণ ঘদীর সর্বাঙ্গ সর্মদা নির্কিছে রাখুন। থে পুত্র! আমিও তোমার ছুড়ি শান্তি বিষয়ে তৎপর হইয়া নিরস্তর দ্দীর ওভায়বাদীনে এই স্থানেই রছিলাম। তুমি কার্যালিছির নিষ্কি মিরা-পদে প্রস্থান কর ?

গঞ্জ মাত্যাক্য প্রবণানত্তর পক্ষর । বিশ্ববিদ্যাক গগদমার্গে উড্ডীন ইরা বুড়কা প্রযুক্ত সাক্ষাহ জ সাজের নাার নিষানগরীতে উপনীক্ত ইইলেন এবং নিশ্ব বিশ্বত রের নিমিন্ত গ্লিরাশি দারা নভ্যেমগুল সমুজের কল শোবণ করিয়া সমীপত্ব সম্ভ বিচলিত করিতে লাগিলেন। পরিশেষে বিহল্পার ক্রিয়াও নুখবাালামপূর্কাক নিয়াল-নগরীর পথ কর করিয়া নিলেন। বিষাদসাগরে নিম্ম নিয়ালগৰ প্রবল্বাভাাত্ত লিপ্টলে আর্থার হইরা, ভুক্তভোজী গলুড়ের বিশ্বতিশি আননাভিমুখে ধাৰমান ছইল। বেমন প্ৰবল বায়ুবেগে সমস্ত বন বুৰ্ণিত ছইলে পক্ষিগণ আকাশমাৰ্মে উঠে. সেইরূপ নিবাদেরাও গক্ষড়ের অতি বিশাল মুখবিবরে প্রবিট ছইল। পরিশেষে কুধার্ক বিছল্পরাল মুখ, মুদ্রিত করিরা বছসংখ্যক নিবাদ ভক্ষণ করিলেন।

উনতিংশ অধ্যায়।

উগ্রশ্র কহিলেন, এক ব্রাহ্মণ ভার্যা সমভিব্যাগ্রে शक्रा कर्शकाल थात्र कतिशाहित्वन । তিনি জগত অকারের ক্রায় তাঁছার কর্মণাই করিতে লাগিলেন। তথ্ন গৰুড় মাতৃবাকা স্থাবণ করিলা কহিলেন, ,হে ছিজোত্তম। ৰ্মামি মুথ ব্যাদান করিতেছি, তুমি অতি দ্বর বহির্গত হও; ব্রাক্ষণ সর্বাদা পাপাচার-তৎপর হইলেও আমার অবধা। ত্রাহ্মণ থগাধিরাজ গরুড়ের এই কণা শ্রবণ করিয়া প্রত্যুদ্ধর করিলেন, "তবে আনার ভার্যা। নিষাদীও আমার সহিত বহির্গত হউক।" গঞ্জ কহিলেন, ভাল, তুমি নিব।দীকে লইয়া অবিলয়ে আমার আস্য-বিবর হইতে বহিগতি হও। তুমি এখনও আমার উদরে প্রবেশ করিরা ভত্মাবশেষ হও নাই; অতএব বিলম্ব না করিয়া শীর আত্মরকা কর। তথন ব্রক্ষিণ নিহাদীর সহিত নিকৃত্তি হইয়া গ্ৰুড়কে সম্বৰ্জনা করিয়া অভিলবিত धाराण धारान कतिरामा

এইরপে রাঙ্গণ ও তলীয় ভাগ্যা নিধাদী বহিগত
কাইলে থগরাজ অকীয় পক্ষজাল বিস্তার করিয়া প্রবল
বেগে অন্তরীকে উথিত হইলেন, এবং অনতিবিল্লে স্থীন
শিতা কল্পকে দেখিতে ভাইলেন। মহর্ষি কল্পপ
আপন সন্তানের সন্দর্শন পাইরা কুশলপ্রশানন্তর লিট্রাসা
করিলেন, বংস! কল্পনালেকে তোমার পর্যাপ্ত আহার
লাভ হইরা থাকে? গুখন গরুড় কহিলেন, পিতঃ! আমার
মাতা ও প্রাভা কুশলে আছেন এবং আমারও সর্কালীন
মলল বটে, কিছু মর্ভলোকে আমার প্রচুর আহারপ্রবা
প্রাপ্ত হুছরা হুছর হুইরাছে। আরও কহিলেন, নাগেরা
আমাকে অমৃত আহরপ করিতে প্রেরণ করিরাছে; আমি
লননীর লাগীভাব মোচন করিবার নিমিত্ত অদ্য তাহা
আনরন করিব। যাতা নিবাদগণ ভক্ষণ করিতে কহিরা-

ছিলেন,বহুসংখ্যক নিবাদ ভক্ষণ করিয়াছি, তথাপি আমার সমৃচিত তৃথিলাভ চর নাই। অভএব হে ভগবন্! এক্ষণে অপর কোন ভক্ষাক্রবা নির্দেশ করিয়া দিন, বাহা আহার করিলে আমি অমৃত আহরণ করিতে সমর্থ হইব। হে প্রভাগে বলবতী কুংপিপাদার আমার কণ্ঠতালু ভক্তপ্রায় হইরাছে।

তথন মহর্ষি কশাপ কহিলেন, বৎস ! অনতিদ্বে ঐ
পবিত্র সরোবরটি দেখিতেছ,উহা দেবলোকেও বিখ্যাত।
ঐ স্থলে দেখিতে পাইবে, এক হতী অবাদ্মুখ হইয়া কৃষ্মরূপী অকীর জোঠ সহোদরকে আকর্ষণ করিতেছে।
উহাদিগের আকারের পরিমাণ ও জন্মান্তরীণ বৈরবৃত্তাত্ত
আদ্যোপান্ত বর্ণন করিতেছি, শ্রবণ কর।

বিভাবস্থু নামে অভিকোপন-খভাব এক মহর্বি ছিলেন। তাঁহার কনিষ্ঠ সহোদর মহাতপাঃ সুপ্রতীক ভাতার সহিত একারে থাকিতে নিতাম অনিচ্ছক, এই নিমিত্ত তিনি আপন জ্বোষ্ঠ লাতার নিকট সর্বাদা পৈতক ধনবিভাগের কথা উত্থাপন করিতেন । একদা বিভাবস্থ कुद दरेश च्लीजकरक कहिरनन, स्मर्थ चरनरकरे त्याह-প্রৰশ হইয়া পৈড়ক-ধন বিভাগ করিতে অভিলাব করে; কিন্তু বিভাগানন্তর ধনমদে মন্ত হইরা পরস্পার বিরোধ আরম্ভ করে। ব্যার্থপর মৃচ ব্যক্তিরা স্বীয় ধন অধিকার করিলে শত্রুপুক্ষ মিত্রভাবে প্রবেশ করিয়া জাহাদিগের आञ्चित्रक्त क्यारिया (मत्र, এবং क्रमणः (माय मर्नारेया পরস্পরের রোববৃদ্ধি ও বৈরভাব বন্ধমূল করিভে থাকে। **प्रेक्ष** इहेरन जाहानिश्वत मस्त्राहे मर्सनाम विवाद অভিপ্রেত নহে। কিই ভূমি নিতাত্ত অনভিজ্ঞের ন্যার के अहार वात्रचात्र छेथानन कतिया थोक। आमि वात्रन করিলেও ভাহাতে কর্ণপাত কর না; ক্ষতএব ভূমি বার-বোনি প্রাপ্ত হও। সুপ্রতীক এইরপে পাপগ্রত হইর। বিভাবস্থকে কহিলেন, ভূমিও কছেপবোনি, প্রাপ্ত হও।

এইর্ন্নণে শ্রপ্রতীক ও বিভাবস্থ পরস্পরের শাপপ্রভাবে গজম ও কচ্ছপদ প্রাপ্ত হইরাছেন। এক্ষণে তাঁহারা রোবুদোবে ভির্বাপ্রোলি-প্রাপ্ত, পরস্পর বিদেশরত এবং লরীরের গুরুষ ও বলদর্শে একান্ত দর্শিত হইরা জ্বান্তিরীণ বৈরাপ্রসারে এই সরোবরে অবস্থান করিতেছেন। ঐ দেশ গলের রংহিত শব্দে মহাকার কচ্ছপ সরোরর আলোড়িত করিরা জলমধ্য হইতে সম্বর উথিত হইতেছে। গল তাহাকে দেখিতে পাইরা অতি প্রকাশু শুপাদও, আফালনপূর্বক জলে অবগাহন করিতেছে। উহার শুণাদও,লালুল ও পাদচড়ুইরের তাড়নে সরোবর বিক্ষোভিত হইতেছে। অতি পরাক্রাক্ত ক্রিরা বৃদ্ধার্থ অভ্যাগত হইতেছে। গলের কলেবর ছর যোজন উরত ও হাদশ যোজন আরত। কৃর্মা তিন শুণাদ্বর উরত ও তাহার পরিধি দশ যোজন। হে বৎস! উহারা পরস্পরের বিনাশে ক্তস্কল্ল হইরা বৃদ্ধে মত হইরাছে, উহাদিগকে ভক্ষণ করিরা আপনার অভীইসিদ্ধি কর। যাও তৃমিও এই মহাগিরিসদৃশ যোরক্ষণী হস্তাকৈ ভোজন করিরা অমৃত আহরণ কর।

মহর্বি কশাপ গরুড়কে ভক্ষ্য-দ্রব্য নির্দেশ করিয়া দিয়া আশীর্ঝাদ করিলেন, বৎস! দেবতাদিগের সহিত সংগ্রাহে প্রবৃত্ত হইলে তোমার শ্রেরোলাভ হইবে। পूर्वकुछ, त्राक्ष, वाक्षण ध्वतः चात्र त्य किछू मात्रता वर्ष काटक, সে সকলই তোমার ভটিপ্রদ হউক। হে মহাবল-পরা-ক্রাস্ত ৷ ৰংকালে ভূমি দেবতাদিগের ক্রাইত যুদ্ধে প্রবৃত্ত इटेरव, उथन अपक्, यक्ट्र, नाम, এই जिन (वह, यक्कीय পবিত হবি:, ও রহ্দা, ভোশীর বলাধান করিবে। গরুড় পি আর আশীর্কাদ গ্রহণ করিয়া অনতিদ্বে গেই নির্মল-জল-পূর্ণ এদ দেখিতে পাইল্রেন এবং তাহাতে নানীবিধ জ্বাছ্র পক্ষী সকল কলরব করিছতছে দেখিলৈন, তথন াক্য স্মরণ করিয়া এক নথে গল ও অপর সংখ হণ করিয়া সভরে আকাশপথে উথিত চইলেন। ानामक जीर्थ हामून हिन्छ इहेग्री (एव-दुक्त नटनंत १९ क्रिंडि हैक्श क्रिंडितनं। विष्टेशिय अनी উপ বিনে আহত হইনা শাখাভদভৱে শ্লিভ शक्र • তৈ লাগিল। বিহঙ্গরাজ দেই অভাই ফল-্রণমর ত্রুদিগকে ভঙ্গভয়ে কল্পিত দেখিয়া अन, त्र ক্যান্য বুকের সমীপে গমন করিলেন। ******* কণ্ডলির ফল সকল কাঞ্চনময়, শাখা সমুদ্র (महे ३ উহাদিগের মৃলদেশ मर्सना সাগরভালে প্রবাল हरह। जनार्या अकाक अर्क वहेंविहेंनी প্রকারি

ক আগমন করিতে দেখিরা কৃছিল, বে

পক্ষিয়াৰ

গক্ষান্! ত্নি আমার এই শতবোজন বিস্তীর্ণ, অতি প্রকাণ্ড শাধার উপবেশন করিয়া গঙ্গকছেপ্ ভঙ্গণ কর। মহীধর-ভূল্যকলেবর পতগেখর প্রবলবেগে বহুসহত্রপক্ষি-বেবিত সেই বৃক্ষশাধার আরোহণ করিবামাত্র ভাহা ভগ্ন হইল।

ত্রিংশ অধ্যায়।

· উগ্রখবাঃ কহিলেন, মহাবল পরাক্রান্ত্র গরুড়, «পাদ[ে] স্পূৰ্ণমাত্ৰেই ভক্ষণাথা ভগ্ন হইল দেখিয়া তৎক্ষণাৎ তাহা ধারণ করিলেন। বিহলমরাজ শাথাত্ত করিয়া বিময়-विकातिकार्गाटन रेक्डडः अवंदत्तांकन कतिरक्रहन, ইতাবসরে দেখিতে পাইলেন, তপঃপরায়ণ বালখিলা ঋষি-গণ অধঃশিরা ছইয়া বৃক্ষশাখায় লক্ষ্মান বহিয়াছেন । গরুড় उक्तर्गर्टन व्यक्तिमां कि उन्हें वा मरन कतिरतन, भाषा ভূতলে পতিত হইলে নিশ্চয়ই ঋরিদিগের প্রাণনাশ হইবে অতএব গছ ও কচ্ছপকে নথ ধারা দৃঢ়ক্ষপে ধরেণ করিয়া অষিদিগের প্রাণ রক্ষার্থে ঐ অতিবিশাল বৃক্ষশাথা চঞ্পুট ছারা গ্রহণ করিলেন। মহর্ষিগণ গরুড়ের এই অলৌকিক কর্ম দর্শনে বিশ্বয়াবিষ্ট হইরা কারণ নির্দেশপূর্বক তাঁহার এই নাম রাখিলেন, যেহেডু এই বিহঙ্গন অতি গুরুতার अहन कतिशा व्यविष्ठनिष्ठिष्ठि नगनमार्ग छेष् ्षीन इरेन ; অভএব অদ্যাবধি ইহার নাম একড বলিয়া প্রসিদ্ধ হইবে। অন্তর গর্মত পক্ষপবনারা পার্বস্থ সমস্ত পর্বত বিচলিত ক্রিয়া বায়ুবেগে গমন ক্রিভে লাগিলেন।

সক্ষত্ব গজকত্বল নইরা বালখিলা ধাবিগণের প্রাণরক্ষার্থে এইরনে নানা দেশ প্রহণ করিলেন, ক্রি ক্রাণি
উপবেশনের উপযুক্ত স্থান পাইলেন না বিরিলেবে
গর্জমানন পর্বতে উপনী হ ইরা খীর পিতা বা কিলাপ প্রেক তপ্রাার অভিনিত্তি দেখিলেন। তার কিলাপ দেই বলবীর্বা তেজঃসম্পর, মন ও বার্সম ক্রে কিলাপ দেই বলবীর্বা তেজঃসম্পর, মন ও বার্সম ক্রে ক্রিনিখার ন্যার বম্জ্রল, অধ্বা, হর্জর, সর্বাপর্ক ক্রিনিখার ন্যার বম্জ্রল, অধ্বা, হর্জর, সর্বাপর্ক ক্রিনিখার ভীমদর্শন, উত্ত্রগিরি-শৃলাকার, দিব্যর্কী ক্রিন্তাভ্যমম ভীমদর্শন, উত্ত্রগিরি-শৃলাকার, দিব্যর্কী ক্রেক্সরাজ ধক্ষড়কে জভ্যাগত দেখিরা এবং তাহার আহি ক্রিব্রিতে পারিয়া কছিলেন, তে পুক্ত ! তুমি সহলা সাহসের কর্মা করিও না, তাহাতে অশেববিধ ক্লেশ পাইবার সম্ভাবনা । স্থামরীটিমাত্র-পায়ী বালখিলাগণ রোষ-পরবল হইলে তোমাকে এই দণ্ডে ভক্ষপাৎ করিবেন। এই কথা বলিয়া, মহর্ষি কশ্রপ পুত্রবাংসলা প্রযুক্ত মহাভাগ ব্যাখিলা খাবিদিগকে প্রসন্ন করিতে লাগিলেন। তে মহর্ষিগণ! প্রজাদিগের হিতোদেশে গরুড় এই মহৎ কর্ম সাধন করিতে অধ্যবসায় করিয়াছে, তোমরা অম্বুক্তা কর! বালখিলাগণ মহর্ষি কশাপের অভার্থনার সেই বৃক্ষশাথা পরিত্যাগপুর্ব্বক তপশ্চরণার্থ পর্বত্তশ্রেষ্ঠ পবিত্র হিমালরে প্রস্থান করিলেন।

বালখিলাগণ গমন করিলে খিনভানন্দন নিজ পিতা क्नांगरक मिरवहन कतिरानन, छगरन । आधि अथन अहे বিশাল বৃক্ষশাখা কোথার নিকেপ করি, আমাকে কোন নিৰ্মান্তৰ দেশ নিৰ্দেশ করিয়া দিন। তথন কশাপ মাতুৰ-শূন্য ও নিরবচ্ছির তুবাররাশি-সমাকীর্ণ এক পর্বাত কহিয়া मित्न। **शक्तित्रार्क भाषा ও शक्तकक्त् ग नहे**त्रा वाशुत्वरत সেই পর্ব্যতের অভিমুখে যাত্রা করিলেন। গরুড় যে শাবা লইয়া গমন করিলেন, উহা এমত ছুল যে, শতগোচর্ম-নিৰ্ম্মিত রক্ষ্ম বারাও বন্ধন বা বেষ্টন করা যায় না। পতগে-খর গরুড অনডিবিল্যে শতস্থী বৌজনান্তরে স্থিত সেই মহাপর্বতে উপনীত হইরা পিতার আদেশাসুসারে তত্বপরি প্রকাণ্ড বৃক্ষশাধা নিক্ষেপ করিলেন। তদীয় পক্ষপ্রনে আছত ছইরা পিরিরাজ কম্পিত চ্ইল, তঞ্গণ পুশ্বুটি করিতে লাগিল, এবং বে সকল মণিকাঞ্চনমর লৈগদুক পৰ্কডের শোভা সম্পাদন করিত,ভাহারা বিশীণ इहेमा इंड्डिंड: पिंडिंड इरेडिंड गांतिन। दुक्स्टानी भन স্পরের শাখাঘাতে অভিহত হইরা সৌদামিনীন্তভিত নবীন নীরদের ন্যার কাঞ্চনময় কুম্বম সমূহে স্থাভিত हरेन। रिश्तिकदीशतकि भाग मनन अधिकन जुलान পতিত হইয়া অপুর্ক শোডা ধারণ করিল। তৎপরে शक्फ (मरे शिविश्वाक जैभविष्ट स्टेमा शक्कक्ष एकन क्तिरामन । अभवाक धरेन्नरम राष्ट्रे कृष छ कुक्षवरक छेश-याश कतिका छथा बहैरा महारवरम् छे छ छीन बहेरान् ।

অনস্তর দেবতাদিগের উপর অতি ভরত্বর উৎপাত । আরম্ভ হইন। ইক্লের বন্ধ ভরে প্রাক্তিত হইয়া উঠিল। লক্ষরীক্ষ হইতে ধুম ও অগ্নিলিখার সহিত উকাপাত হইতে
লাগিল। বস্থু, কল্ল, আনিত্য, সাধ্য, মক্লং ও অন্যান্য
দেবগণের অল্প শল্প সকল পরস্পার বিক্রম প্রাকাশ করিতে
আরম্ভ করিল। দেবাস্থর-সংগ্রামেও এরুপ অভ্তপুর্ব
ত্রিনী কলাচ ঘটে নাই। বায়ু, প্রবলবেগে প্রবাহিত
হইতে লাগিল, শত সহল্র উকাপাত হইতে লাগিক এবং
মেয়শ্ন্য নভোমগুল অতিগভীররবে গর্জন করিতে আরম্ভ
করিল। অধিক কি বলিব, যিনি দেবাদিলেব তিনিও
অনবরত শোণিতবর্ষণ করিতে লাগিলেন। দেবতাদিপের
গ্লদেশের মাল্য দ্লান ও তেজোরালি ক্রমশং ব্রাস হইয়া
গেল। প্রালম্কালীন অতিভীষণ মেঘের ন্যায় ঘনাবলী
মুবলধারে রক্ত বৃষ্টি করিতে লাগিল। ধ্লিজাল গগনমার্গে
উড্ডীন হইয়া দেবগণের মুকুট সকল নিক্রভ করিল।

অনস্তর দেবরাজ ইক্স ও সমস্ত দেবগণ এই রূপ অভি
নিদারণ উৎপাদ শর্শনে ভীত ও বিশ্বিত হটয়া বৃহস্পভিকে জিজ্ঞাসা করিলেন, ভগবন্! যুদ্ধে আমাদিগকে
আক্রমণ করে এরূপ শক্ত ত লক্ষা হর না। তবে কোথা
হইতে এতাদৃশ ঘোরতর উৎপাত সহসা উপস্থিত হইল ?
বৃহস্পতি কহিলেন, হে দেবেক্স! তোমারই অপরাধ ও
প্রমাদবশতঃ মহাঝা বালখিলাগণের তপোবলে বিনতাগর্বে মহর্ষি কশ্যপের পক্ষিরূপী এক পুঞ্জু জিরিরাছে।
সেই কামরূপী, মহাবল, বিনতানন্দন অমৃতহরণে সমর্থ।
ভাহাতে সকলই সম্ভব হয় বটে। সে অনারাসে অসাধ্য
সাধন করিত্বে পারে।

ইক্স তদীর বাক্য প্রবণ করিয়া অমৃতরক্ষকদিগকে আদেশ করিলেন, "মহাবীর্য্য মহাবল এক শক্ষী অমৃতহরণে উদ্যত হইয়াছে, আমি তোমাদিগকে সতর্ক করিয়া
দিড়েছি, দেখিও বেন সে বলপ্র্রুক অমৃত হরণ করিতে
না পারে; বৃহস্পতি কহিয়াছেন, সে অতুল বলশালী।"
তাহা শুনিয়া দেবতারা বিক্সয়াবিট হইয়া অতি সাবধানে
অমৃত বেইন করিয়া রহিলেন এবং ইক্সও বক্সহন্ত হইয়া
তথার অবস্থিতি করিলেন। বিচিত্র বসন-ভূমণে বিভ্বিত,
পাপস্পর্শ রহিত, নিক্ষণম বলবীর্যাসম্প্রম, অম্বর প্রবিদারণে পটু, স্বরগণ, কাঞ্চনময় বৈদ্বামশিময় ও চর্মাত্রক
মহামূল্য প্রভাজান্ত্র স্থান্ত, কবচ; ভীক্ষণায়, ভয়য়য়য়,
বিবিধ অত্য শস্ত্র; ধূম, অগ্রি ও ক্ষ্রিক্স সহিতে চক্র;

পরিষ; তিশ্ল; পরত; বহুবিধ স্থতীক্ষ শক্তি; নির্মান করবাল; এবং উপ্রদর্শন গদা; এই সমস্ত অন্ত শক্ত লইয়া অমৃত রক্ষার্থে সেই স্থানে অবস্থান করিতে লাগিলেন। তাঁহারা এইরপে স্ব স্ব অন্ত শক্ত প্রহণপূর্বক যুদ্ধার্থে প্রসাজ্জিত হইয়া ক্র্যাকিরশবিকাশিত বিগলিতাদ্ধকার আকাশমগুলের ন্যায় শোভা পাইয়াছিলেন।

একত্রিংশ অধ্যায়।

শৌনক কীলেন, হে স্তনন্দন! ইন্দ্রের কি অপরাধ ও তাঁহার অনবধানতাই বা কিরূপ? বালখিল্য অবিগণের তপঃ-প্রভাবে গরুড়ের সম্ভব ও মহর্ষি কল্যুপের পক্ষিরূপী পুত্র ইহারই বা কারণ কি ? ঐ পক্ষিরাজ কিরূপে সর্ব-ভূতের অবধ্য, অনভিভবনীর, কামবীর্ণ্য ও কামচারী হই-লেন ? আমার এই সকল বিষর প্রবণ ক্রিছে নিতান্ত কৌতৃহল জ্বিরাছে, যদি পুরংণে বর্ণিত থাকে, কীর্ত্তন কর।

উপ্ৰস্ৰবাঃ কহিলেব, মহাশয় ৷ আপনি আমাকে যাহা বিজ্ঞাসা করিতেছেন পুরাণে এই সমত বর্ণিত আছে, আমি সংক্ষেপে কীর্ত্তন করিতেছি, প্রবণ করুন। কোন সময়ে প্রজাপতি কশাপ পুত্রবাসনায় এক মহাযক্ত আরম্ভ করেন। তাঁহার যজামুদ্রানকালে ঋষিগণ, দেবগণ, ও গদ্ধর্কগণ সাহায্যদান করিবার নিমিত্ত তথায় স্মাগত হঁইয়া-हिल्म । महर्वि कमान (प्रविदास हेस्राक ध्रुवः वालविना कुनिश्रण ও धानाना (प्रवर्णामगरक रक्षीय कार्डकार धाहतन क्तिएक मिरब्रक्षा क्तिएनन । देख काशन बीर्याञ्चल धारूव ानवनकारण शिक्त्या (एथिएमन, चक्रुकंख्यांग कार्ध । সকলে সমবেত হুইয়া বহুকটো একটি প্রবৃত্ত বাল রৈভেছেন। ভাঁহার। অতি ধর্কাক্তি, হুর্ল ও আহ ভরাং জলপূর্ণ এক গোম্পদে ময় হইয়া ক্লেপ নিরা ন। • বলদৃষ্ঠ পুরুদর তদ্দনি বিসয়াবিট भा स्ट ুলৈকে উপহাস ও অবমাননা করিলেন, এবং হইয়া অতি সহর-পদে তথা হইতে প্রস্থান করি-गुज्यन এইরপে অবমানিত হইয়া সাতিশর রোধা-(नन। धवः देख्यत अन्नावह धहेन्ने भाक अखि भहर. विष्ठे व क्तिरंगन। छाँशाओं थे यस्क अहे कामनात्र কজ্ঞ অ

100

আছতি প্রদান করিতে লাগিলেন, বে আমাদিগের তপঃ-প্রভাবে ইন্দ্র হইতে অধিকতর শৌর্যবীর্য্য-সম্পন্ন, কামরূপ, কামবীর্য্য, কামগামী, সর্ব্যদেবের অধিপতি অন্য এক দারূণ ইন্দ্র উৎপন্ন হউন।

দেবরাজ ইক্স ভাষা জানিতে পারিয়া প্রজাপতি কশ্য-পের শরণীগত হইলেন। কশাপ ইক্রমুথে সমুলার বৃত্তান্ত অবগত হুইরা বাল্ধিল্য মুনিগণের নিকট গ্রম করিরা कार्यानिषित्र आर्थना कतिर्मन । मठावानी वानिधना मुनिगन उरक्रमार ''कछोडेनिकि इहेरन" और कथा बनिरमन। उपन প্রজাপতি কশাপ ভাঁহাদিগকে মধুর সম্ভবিণে পরিভৃপ্ত कतिया नामत-वहरन कहिएल नानिर्दान, राम्थ उन्नात নিরোগক্রমে ইনি তিভুবনের ইক্র ছইয়াছেন, ভোমরা आयात हेक्कान्डन व्यार्थना क्रिटिंग्ड ; छोहा क्रिटिंग उन्होंन নিয়ম অন্যথা করা হুইবে. কিন্তু তোমাদিগের সম্বর মিথ্যা হুর ইহার আমার অভিপ্রেত নহে, অতএব তোমরা যে ইক্সের নিমিত্ত কামনা করিতেছ, তিনি পতগেক্স হউন। হে ঋৰিপণ দেবরাজ প্রার্থনা করিতেছেন, ভোমরা তাঁচার প্রতি প্রসর হও। এইরপ, অভিহিত হইরা বাল-ৰিলাগণ কশাপকে বথাবিধি পূজা করিয়া প্রভ্যুতর করি-লেন, হে প্রস্থাপতে! আমরা ইস্তার্থে এবং তোমার পুজার্থে এই মহাবজ্ঞের অফুর্কান করিতেছি, এক্ষণে এই কৰ্মের ভার তোমার প্রতি ক্লপিত হইল, তুমিই ইহা थाणिकार कतिया गाहा (अतकत हत, कता।

ত্র কালে, কল্যাণবতী কীর্ত্তিমতি, ব্রতপরারণা, দক্ষহতা, বিনতা দীর্ঘকাল তপোহঠান করণান্তর অত্যান
করিয়া প্রা-বাসনার স্থামি-সরিধানে আগম্মন করিলেন।
মহর্ষি কশাপ বিনতাকে সরিহিতা দেখিয়া ব হলেন,
দেবি ! অর্দা তোমার মনোরথ পূর্ণ হইবে, রালামা ইনিগণের তপঃপ্রভাবে ও আমার সন্ধর-বংশ তোমার গর্মে
বহাভাগ ও ভ্রমবিজয়ী হই বীর প্রা ক্রিবর্ধি হিলার
ক্রিন্দ্রনপুজিত ও ত্রিলোভীর অধীষ্য হইকে
ত্রমাদশ্ন্য হইরা এই স্মহোদয় গর্ড ধারণ কর্মি
লোক-সংকৃত কামরূপী ও ছই বিহলম সমস্ত বাতির
উপর ইক্রম্ব করিবে। অনক্রর মহর্ষি কশ্যপ
মনে ইক্রম্বে কহিলেন, সেই ছই মহাবীর্যা বিহ্না
ভ্রমার
ভ্রাতা ও সহার হইবে, এবং তাহারা তোমার ক্রিকেন

অপচর করিবে না। তোমার সকল সন্তাপ দ্র হউক, তুমিই ইক্স থাকিলে, কিন্ধ হে বংস ! তুমি অহলার পরতক্ত হইরাবেন আর কদাচ ব্রহ্মবাদী ঋষিদিগকে পরিহাস বা অব্যাননা করিও না। তাঁহাদিগের বাক্য বক্সস্থ প্রং তাঁহারা অভিশয় কোপনসভাব।

দেবরাজ ইক্স মহর্ষি কশ্যপ কর্ত্তক এইরূপ অভি.হিত্ত

হইয়া নিঃশঙ্চিতে স্থরলোকে প্রস্থান করিলেন। বিনতাও

চরিতার্থা হইয়া পরম পরিতোব প্রাপ্ত ছইলেন। পরে
কশ্যপবনিতা বিনতা যথাকালে অরুণ ও গরুড় নামে চ্ই
পুত্র প্রস্ব করিলেন। অরুণ অক্টবকল্য প্রযুক্ত স্থোর

সারথী হইয়াছেন, তদীর ভ্রাতা গরুড় পক্ষিগণের ইক্রড্বপদে অভিবিক্ত চইয়াছেন। হে ড্রেগ্ডনন্দন। সেই বিনতানন্দুন গরুড়ের অভি বিচিত্র চরিত্র কীর্ত্তনি, করিতেছি,
প্রবণ করুন।

चांकिः न चशाय।

উপ্রস্রবাঃ কহিলেন, হে ছিজেক্স ৷ দেবতারা সকলে সমবেত হইরা অতি সাবধানে অমৃত রক্ষা করিতেচেন এই অবদরে গরুড় অতিসম্বরে তাঁহ।দিগের নিকট উপ-ক্লিছ হইলেন্_ন্দেবতারা সেই মহারল গরুড়কে দেখিয়া ভীত ও কম্পিত হইলেন এবং আপনারাই পরস্পর জন্ধা-ঘাত করিতে লাগিলেন। তথার অপ্রমের বন ও অগ্নির নাার উজ্জ্ব বিশ্বকর্মাও অস্থৃতরক্ষার্থে নিযুক্ত ছিলেন। তিনি মুহুর্তকাল গরুড়ের সহিত খোরতর সংগ্রাম করিয়া পরি শেবে তদীর পক্ষা, নথ ও চঞ্পুট ছারা ক্ষত বিক্ষত ও মুদ্ধিত হইরা মৃত্যুমুখে পতিত হইলেন। পরে গগনচারী বিহগরাজ পক্ষপবনে ধৃলিপ্রবাই উত্থাপিত ক্রিয়া সুমুভ লোক ও দেবগণকে আছের করিলেন। দেবভারা ধৃলি-बाल बाकीर्ग इरेहा त्माइखाख इरेलन अवर उरकाल অমৃত রক্ষকেরাও অন্ধ্রার হইলেন। এইরূপে গরুড় দেবলোক আলোড়িত করিয়া পক্তাড়ন ও তুওপ্রহারে দেবগণকে বিদীৰ্ণ-কলেৰর করিলেন। তথন সহললোচন हेल भवनक जालम कतिलान, त्रथ भवन। जुनि अह ब्राज्यावर्षण निवास्त्रण कब, देश लामाबेहे स्म । वाबू र्छ-ক্ষণাৎ তাহা অপসারিত করিবেন।

অনম্বর অক্সকার নিরম্ভ হইলে দেবগণ পক্ষিরাজ গরুড়কে° প্রহার করিতে আরম্ভ করিলেন। স্থরগণ বধ
করিতে উদ্যত হইলে মহাবল পরাক্রান্ত গরুড় মহামেঘের
নাায় শর্কাভৃতক্তর্যকর ঘোরতর গর্জন করিতে করিতে
নিভারতিল উথিত হইলেন। দেবতারা গরুড়কে অস্ত্ররীক্ষে আর্কাড় দেখিরা পট্টিশ, পরিষ, শৃল, গদা, প্রজ্ঞানিত
ক্রপ্রে ও স্থ্যাক্রতি চক্র ইত্যাদি নানা শস্ত্রবারা তাঁহাকে
আর্কীর্ণ করিলেন।

পক্ষিরাজ গক্ষড় দেবগণ কর্ত্ত এইরূপে আহত হইয়াও তুমূল সংগ্রাম করিতে কিছুমাত্র বিচলিত বা সস্কৃতিত
চইলেন না। বরং পক্ষম ও বক্ষঃস্থলের অধিকতর
আঘাতে তাঁহাদিগকে ইতন্ততঃ বিক্ষিপ্ত করিলেন। সুরগণ
এইরূপে গরুড়াযুদ্ধে পরাভূত ও ক্ষধিরাজ্য-কলেবর হইরা
পলায়ন করিতে লাগিলেন। গরুর্ব ও সাধ্যগণ পূর্ব্বদিকে,
ক্রুত্র বস্থগণ দক্ষিণদিকে, আদিত্যগণ পশ্চিমদিকে, এবং
অধিনীকুমার ছুইজনে উত্তর্দিকে প্রস্থান করিলেন।

অনস্তর পতগেক্ত গক্ত অখ্যুক্তন, রেণুক, ক্রথনক, তপন, উল্ক, খনন, নিমেব, প্রকল্প ও পুলিন এই সমস্ত বক্ষের সহিত ঘোরতর যুদ্ধ করিতে লাগিলেন। প্রলয়কালে মহাদেব রোবপরবল হইলে যেরপ অতিভীবণ হরেন, বিনতানন্দনও সেইরপ অত্যাগ্র ইয়া পক্ষ, ক্রুণ্ডাগ্র দ্বারা সকলকে ছিন্ন ভিন্ন করিলেন। সেই মহাবল, মহোৎসাহ, বীরপুক্তবেরা ক্ষত বিক্ষত হইনা ক্ষধিরবর্ষী ধারাধরের লাার শোভমান হইলেন।

থগেশ্বর সেই সমস্ত বক্ষদিগের প্রাণ সংহার করিরা গেন্থানে অমৃত ইহিনাছে তথায় উপস্থিত হইলেন, এবং দৈথিলেন অমৃতের চ্তুম্পার্শ্বে অগ্নি প্রজানত হইতেছে। সেই জাগ্রর শিখা অতি ভগ্নিত্বর এবং তদ্ধারা আকাশমগুল আছিল হইগাছে, দেখিলে বোধ হয় যেন বিভাবস্থ বায় কর্ত্বক প্রেরিত হইলা স্ব্যুদেবকে দগ্ধ ক্রিতে প্রবৃত্ত হইনাছেন। অনস্তর মহাত্মা গরুড় শতাধিক অইসহস্র মুখ নির্গত্ত-করিলেন এবং ঐ সকল মুখ হারা নদী পান করিয়া প্রচিশ্ববেগে তথায় আগমনপূর্ণক নদীজলে ঐ জনত্ত অনল নির্মাণ করিলেন। অগ্নি নির্মাণ হইলে গরুড় ভাহার মধ্যে প্রবেশ করিবার নিমিত্ত অন্য এক শ্রীর ধারণ করিলেন।

ত্ৰয়ক্তিংশ অধ্যায় ।

উগ্রপ্রবাঃ কহিলেন, পক্ষিরাজ অতি ভয়ম্বর স্থপময় কলেবর ধারণ করিয়া তমাধ্যে প্রবেশ করিলেন, এবং **पिरितन, अमृ**रण्ड निक्छे लोहमत कृद्वत नाम शक्किशत এক থানি শাণিত চক্ত নিরম্বন্ধ ভ্রমণ করিতেছে। অগ্নিত্রা প্রাদাপ্ত প্রয়াসমতেজন্ত্রী ঐ ঘোররূপ যন্ত্র অমৃত হরণার্থ আগত বাজিব্যাহের কণ্ঠনালী ছেদন করিবার নিমিত্ত নিশ্বিত হইরাছে। গরুড় অক সংকাচপূর্বক কণমাত্রেই তাহার মধ্যাবকাশ দারা প্রবেশ করিয়া দেখিলেন, নেই চক্রের অধঃ**ইলে জলন্ত অগ্নির নাা**য় উজ্জল, মহাবীর্যা, মহাঘোর, নিয়ত কুদ্ধ ও নির্মিনেষনেত্র, চুই দর্প অমৃত-রক্ষা করিতেছে। তাহাদিগের বিত্যতের ন্যায় মুথ হইতে অনবরত অগ্নিক নির্গত হইতেছে এবং চকুর্য নির-স্তর বিব উদ্গার করিতেছে। তাহাদিগের একতর বাহার প্রতি একবার দৃষ্টিপাত করে, সে তৎক্ষণাং ভক্ষমুৎ হইয়া যায়। তথন বিহলমরাজ ধৃলিনিক্ষেপপূর্বক ঐ উভয় সর্পের নয়নধন আছেন করিলেন এবং অদৃশাভারে জাকাশ হইতে তাহাদিগের কল্পেবর ছিল্ল ভিল্ল করিরা অমৃত প্রহণ পূৰ্ব্বক অভিক্ৰভবেগে গগনমগুলে ঐথিত হইলেন। কিন্তু তিনি স্বরং অমৃতপান না করিয়া স্ব্যাপ্রভা আবরণপূর্বক व्यविवास मन्त्र छथा हहेर्छ खहान कविलान।

ুবিনতানক্ষন অমৃতহর্গ করিয়া আকাশপথে গমন क्रिंडिएहन, এই अवगदत अविनाभी दिनवानितन मात्रात्र : পের সহিত তাঁহার সাক্ষাৎকার হইল। নার্বারণ গরুড়ের লোকাতিশারিনী ক্রিয়া দর্শনে প্রমস্কৃত্ত হুইয়া ক্**চিলেন**. হে বিহলমরান্ত ৷ প্রার্থনা কর আমি তোমাকে অভিলবিত বর প্রাাত করিব। গরুড় -কছিলেন, আমি আপনার অবস্থান করিতে বাসনা করি। এই বলিয়া ারারণকে কহিলেন; আর আমি যাহাতে অসূত-পুন মকে অজর ও অমর হইতে পারি এইরপ বর পান ন। বিষ্ণু কহিলেন, "ভোমার অভীষ্ট সিদ্ধ প্রদ रुषे १ ছুখন গাঁকুড় আপনার অভিল্যিত ব্র লাভ विश्वास किता कर्ता कर्ता कर् W. 1 मारक वद्रश्रामान कदिव। 司事项 हिला, " जूमिल जागात्र बाह्न हल" व्यवस ात व्यनाथा ना रह थर बना भूनकीत कृष्टि-

লেন, "তোসাকে আমার রণের ধ্বস্ত ছইরা থাকিতে ছইবে।" পতগেশব "তথাস্ক" বলিয়া বায়ুবেগে গমন ক্রিলেন।

দেবরাজ ইক্র অমৃতাপহারক পক্ষীকে অন্তরীকে গমন করিতে দেখিয়া রোবভারে ১জ্রপ্রহার করিলেন। গরুড় বজাঘাতে আছত হইয়াও হাস্যমুখে কহিলেন, "দেখ দেব-রাজ ! বজাঘাতে আমার কিছুমাত্র বাথা জন্মে নাই ; কিন্ত বে মুনির অহি হইতে এই বজের উৎপত্তি হইলাছে, তাঁহার বজাস্ত্রের ও তোমার সন্মানের নিমিত আমি একটি পক্ষ পরিভাগে করিতেছি, এই পক্ষের অত্ত নাই" এই বলিয়া পাক্ষরাজ একটা পক্ষ পারত্যাগ করিবেন। দেবগণ के छेरकृष्ठे शक्ति जिल स्नित प्रिया करे मान कहिलान, এই পর্ণ (অর্থাৎ পক্ষ) অতি ফুদ্দর, অতএব অদ্যাবধি গ্রুড়ে নাম স্থুপ্র ইল। সহস্রাক্ষ ইক্র এইরূপ অব্যা-শ্বর্যা ব্যাপার দর্শনে বিশ্বিত হুইয়া মনে করিলেন, এই পন্ধী সামান্য পন্ধী নছে, ইনি অবশাই কোন মহাপ্রাণী इहेर्टिन। अडेक्स कज्ञना कित्रिया छाँडाटक कहिरलन, अटह বিহল্প ৷ আমি তোমার অলৌলিক বলবীয়া জানিতে এবং অনন্তকালের নির্দেষ্ত তোমার সহিত মিত্রই সংস্থা-পন করিতে বাসনা করি।

চতুক্তিংশ অধ্যায়।

গরুড় কহিলেন, হে দেবরাজ! তোমার স্বেচ্ছাক্রমে অদ্যাবধি তোমার সহিত আমার মিত্রত্ব সংস্থাপন হইল। আমার বল নিতান্ত ছঃসহ ও একান্ত মহৎ ৮ যদিচ অকীর গুণকীর্ত্তন ও বল প্রশংসা করা পণ্ডিতমগুলীর সম্বন্দেরিক নহে, বিশেষতঃ অকারণে আত্মপ্রশংসা কলিশর অন্যার, তথাপি, ভূমি আমার সথা এবং আমা বিশেষত সহকারে জিজ্ঞাসা করিতেছ এই নিমিত্ত করিছে ক্রিপ্রেড ইলাম, প্রবণ করা আনার বলের কথা কি কি বলিব, আমি পর্যতকাননাদি-সহিতা এই সেই ক্রিমের করেশে এক পক্ষে বহন করিতে ক্রিমের বিশিত্ত প্রথমিত পক্ষ অবলম্বন কর, তবে ক্রিমের বিশিত্ত পারি। এই চরাচর বিশক্ষের বিশ্বক্ষে ক্রিমের কিছুমাত্র পরিশ্রম বোধ হর্মা

গক্ত এইরূপে তীর বলের পরিচর প্রদান করিলে नर्कालाक-श्विकाती स्वताक कहिलान, एव विश्वमधान ! ভূমি বাহা কহিলে তোমাতে সকলই সম্ভব; একণে আমার সহিত স্থা সংস্থাপন কর এবং অমৃতে বদি প্রয়োজন না থাকে তবে আমাকে প্রতার্পণ কর'; এই অমৃত যাহাদিগকে অর্পণ করিবে, ভাছারাই আইচনের উপর উপদ্রব করিবে। গঞ্জ কহিলেন, ছে সহজ্র-লোচন! আমি কোন কারণবশত: এই অমৃত লইয়া যাইতেছি প্রার্থনা করিলে ইহার বিন্দুমাত্রও কাহাকে প্রদান করিব না : কিন্তু আমি বেস্থানে ইহা রাধিব ভুনি उरक्षनार उथा इटेटि अभइत्रन कति । हेक्क कहित्तन. হে বিহলমরাজ। আমি তোমার এই কথা প্রবণ করিয়া युष्पदानान्ति मञ्जूष्ठ इंहेलाम, এकर्ण चामात्र निकृ चि-লবিত বর প্রার্থনা কর। তথন গরুড়, কদ্রুপ্রদ্রদিগের দৌরাত্মা ও নাতার ছলকত দাদীভাব অরণ করিয়া कहित्वन, व्यामि नकत्वत्र क्रेचेत इहेबाड लायात निक्रे এই বর প্রার্থনা করিন্তছি যেন মহাবল সর্পদকল আমার ভকা হয়। দানব-নিস্দন ইক্স "তথাস্ত" বলিয়া দেব-দেব যোগীখর মহাত্মা হরির নিকট গমন করিলেন। চক্র-পাণি দেবরাজ-মুখে সমস্ত বৃত্তাত অবগত হইয়া গ্রুড়া-ভিল্বিত বিষ্ণুলে অনুমোদন কুরিলেন। পরে ভগবান ত্রিদশেষর গর্ফীড়কে পুনর্ব্বার কহিলেন, তুমি অসুতস্থাপন করিলেই আমি তাহা অপহরণ করিব; এই বলিয়া সাদর সম্ভাবণে তাঁহাকে বিদায় দিলেন। গক্লড় খনতিবিলং चीत्र जननीत गतिशास्त প्रकाशमन शृक्षक शहेमरन मर्भ-দিগকে কহিলেন, এই আমি অমৃত আহরণ করিয়াছি: একণে ইহা এই কুশের উপর রাখিতেছি, তোমরা শীর मानशृका कतिया भान कता राष्ट्र टामता यादा कृषिया ছিলে তাহা আমি সম্পাদন করিলাম, অত্তর্ত্তীৰ অদ্যাবিধি আমার মাভা দাুুুুুরুতি হইতে মুক্ত হউন। "তথান্ত" বলিয়া স্থান করিতে গমন করিশ। এই অব-সরে দেবরাজ ইক্স অমৃত অপহরণ করিয়া মর্গে প্রাহান করিলেন। সর্পেরা স্থান, পূজা ও মঙ্গলাচরণ সমাপন क्रिया ध्राष्ट्रह मरन व्यव्यक्षान क्रिएक व्यक्तिया (प्रविन, প্ৰুত্ ৰে কুশাসনে অমৃত রাখিব বলিয়াছিলেন ডথায় व्यमुख नाहे। পরে বিবেচনা করিল, আমরা বেমন ছল-

ক্রমে বিনতাকে দাসী করিরাছিলাম, তেমনি ছলে অমৃত হরণ করিরাছে। তথন নাগগণ এই স্থানে অমৃত রাধিরাছিল, এই বিবেচনা করিয়া সেই কুশাসন অবলেহন করিতে লাগিল, •ভাহাতেই তাহাবিগের জিল্লা তই বতে বিভক্ত হইরাছে এবং পরম পবিত্র অমৃত কুলে সংস্ট হইরাজিল বলিয়া, তদবধি কুশের নাম পবিত্রী হইরাছে। মহাত্মা পরুড় এইরূপে অমৃতের হরণ ও আহরণ করিয়াছিলেন এবং সর্পদিগকে ছিজিন্থ করিয়াছিলেন।

অনন্তর থগরাজ পরিভূষ্ট মনে সেই কাননে বিহার করিয়া ভূজক্ষমগণ ভক্ষণপূর্ব্বক স্বীয় জননী বিনতাকে আনিক্ষিত করিলেন। যে ব্যক্তি ব্রাহ্মণগণ সরিধানে এই অপূর্ব্ব উপাধ্যান শ্রবণ বা পাঠ করিবে, সে মহাত্মা থগ বাজ গরুড়ের চরিত কীর্ত্তন প্রযুক্ত পাপম্পর্শন্ন্য হইরা স্থানিয়াহণ ক্রিবে, সক্ষেহ নাই।

পঞ্চত্রিংশ অধ্যায়।

শৌনক কহিলেন, হে স্তনন্দন ! তুমি ভুজজমগণের মাতৃশাপ ও বিনতার পুজ্রশাপের কারণ এবং বিনতাগর্ত্ত-সভ্ত পক্ষিব্যের নাম কীর্ত্তন করিলে, আর কক্র ও বিনতা স্বভর্ত্তা কণ্যপের সরিধানে কিন্ধপ বর প্রাপ্ত হয়েন, তাহাও কীর্ত্তন করিলে। কিন্তু এ পর্যান্ত স্পদিগের নাম কীর্ত্তন কর নাই। স্মামরা এক্ষণে প্রধান প্রধান পর্যুগণের নাম প্রবণ করিতে বাসনা করি, বর্ণন কর।

উপ্রশ্রবা: কহিলেন, হে তপোধন। সর্পসংখ্যার বছছ প্রযুক্ত সকল সর্পেল্ল নামোলেধ করিব না, কেবল প্রধান প্রধান সর্পের নাম কীর্ক্তন করিতেছি, শ্রবণ করুন।

শে নাগ প্রথমতঃ জন্মগ্রহণ করেন ৷ তদনন্তর বাস্থাক, তাহার পর প্ররাবত, তক্ষক, কর্কোটক, ধনজয়, কালিয়, মণিনাগ, স্মাপ্রণ, পিঞ্জরক; এলাপত্র, বামন, নীল, অনিল, কল্মায়, শবল, আর্য্যক, উগ্রক, কলপোতক, স্থরামুণ, দধিমুথ, বিমলপিগুক, আগু, করোটক, শব্ম, বালিশিথ, নিষ্ঠানথ, হেমগুহ, নহুব, পিলল, বাহ্যকর্ণ, হস্তিপদ, মুকারণিগুক, কম্বল, আম্বতর, কালীয়ক, বৃত্ত, সম্বর্ত্তক, শব্মুণ, ক্র্মাণ্ডক, কেমক, পিগুরক, করবীয়, পুলাদংট্র, বিদ্ধক, বিশ্ব পাণ্ডর, মুক্লাদ, শব্ম শিরাঃ,

পূর্ণভদ্র, হরিদ্রক, অপরাজিত, জ্যোতিক, প্রীবহ, কৌরব্য, ধৃতরাই, শব্দপিও, বিরজাঃ, স্থবাহ, শালিপিও, হস্তিপিও, পিটরক, স্থস্থ, কৌণপাশন, কুটর, কুঞ্জর, প্রাভাকর, কুম্ন, কুম্নাক, ভিতিরি, হলিক, কর্দম, বহুমূলক, কর্কর, অকর্কর, কুণ্ডোদর এবং মহোদর। হে হিজোত্তম ! প্রধান প্রধান পর্বাদর নাম কীর্ত্তন করিলাম, বাহুল্য প্রযুক্ত অন্যান্যের নামোলেথ করিলাম না। হে তপোধন ! ইহা ব্যতিরেকে আরও সহস্র সক্ষ্য, প্রযুক্ত প্রযুক্ত, অর্কু দ্ স্থাক্তি, তাহাদের সংখ্যা করা অভিশর হুংসাধ্য।

ষ্টব্ৰিংশ অধাায়।

শৌনক কহিলেন, বৎস স্তনক্ষন! তুমি, মহাবল পরাক্রান্ত অতি ছর্দ্ধর্ব প্রধান প্রধান সর্পগণের নামু কীর্ত্তন করিলে, এক্ষণে ঐ সকল সর্পগণ জননীদন্ত শাপ প্রবণা-নম্ভর°কি করিয়াছিল, তাহা বর্ণন করিয়া আমার কৌতৃ-হলাক্রান্ত চিতকে সন্তই কর।

উপ্রশ্নবাং কহিলেন, তাহাদিগ্রের সর্বব্যেষ্ঠ মহাযদাং তগবান্ লেষ নাগ স্বীয় জননী কজকে পরিভাগে করিয়া, বায়্ভক্ষা, প্রতপরায়ণ, একাস্তচিত, জটাবল্ধল-ধারী ও জিতেপ্রিয় হইয়া গল্ধমাদন, বদরিকাশ্রম, গোকর্ণ, পুছর, হিমবান্ প্রভৃতি পুণাতীর্থে গমনপূর্ব্যক অভি কুঠোর তপদ্যা করিতে লাগিলেন। তপোহুষ্ঠানকালে তাহার গাতের মাংস, চর্ম ও শিরাসমূলায় শুক্পায় হইয়া গেল।

সর্কা লোকুপিতামহ এলা তাঁহার তপদ্যার একাপ্ত
অফু: দেবিয়া স্বরং তৎসুরিধানে আগমন পূর্বক
কহি গরাজ ! তুমি এ কি কর্ম করিতেছা অতঃপর ক্ষারাল হিতসাধনে সচেষ্ট হও, তোমার তীর
তপা ক্ষানাল প্রজাগণ সাতিশ্য সম্ভপ্ত হইয়াছে,
আর ক্ষার প্রয়োজন নাই, ফ্লাভিল্যিত বর প্রার্থনা
কর্ম

ন, আমার সহোদর প্রাভূগণ অভি মৃচ,
আনি ' 'দিগের সহিত একতা বাস করিতে বাসনা করি
না, অ ভিষয়ে অভ্যতি প্রদান করুন। ভাহারা
শক্তর ভাগরিদা পরস্পার বিবাদ বিস্থাদ করে,অভএব

আমার আর যেন তাছাদিগকে দেখিতে না হয়। এই অভিলাবেই আমি তপস্যা করিতে আসিরাছি। তাছারা সর্কানা সপ্তা বিনতার অনিষ্ট চেষ্টা করে। বিহঙ্গম-শ্রেষ্ঠ বৈনতেয় আমাদিগের বৈমাত্রের ব্রাতা,তিনি পিতা কশ্যাপের বরপ্রভাবে মহাবল পরাক্রান্ত হইরাছেন। আমার সহোদরগণ সর্কানা তাহার প্রতি স্বর্বাপ্রকাশ করে। তরিমিত্ত আমি স্থির করিরাছি যে তপোছ্টান করিরা কলেবর পরিত্যাগ করিব, তাহা হুইলে লোকান্তরেও আর সেই ছ্রাআদিগের মুখাবলোকন করিতে হুইবে না।

ব্রহ্মা শেষ-নাগের এই বাক্য শ্রবণ করিয়। কহিলেন, বংদ শেষ। আমি ভোমার সোদরগণের আচার ব্যবহার বিলক্ষণরূপে, অবগত আছি এবং তাহারা জননা কর্তৃক অভিশপ্ত হইয়াছে তাহাও জানি। অতএব তোমার শ্রাতৃগণের দোরায়া প্রবৃক্ত আর শোক করিবার আবশাক্তা নাই, আমি অদ্য তোমাকে ব্রদান করিতেছি, অভিলবিত বর প্রার্থনা কর। হে প্রগোত্তম! আমি তোমার প্রতি পরম সন্তই হইয়াছি। সৌভাগাক্তমে তোমার ধর্ম্মে মন হইয়াছে, দেখিরা যৎপরোনান্তি প্রীত হইলাম; আশীক্ষাদ,করি, তোমার বৃদ্ধি ধর্ম্মে স্থান্তির, হউলা স্থানী

শেষ কহিলেন, হে সর্বলোক-পিতাম হ! আমি এই বর প্রার্থনা করি বেন ধর্মে, শ্মগুণে ও তপদ্যার আমার অচপা ভক্তি থাকে। বন্ধা কহিলেন, বংস! আমি তোমার শমূও দম দেখিয়া সাতিশয় সম্ভষ্ট হইলাম ; কিন্তু হে বংস! তোমাকে 'এই সর্বলোক হিতকর কার্যাট সম্পাদন করিতে হইবে। পর্বতকাননাদি, সমবেত এই ধরণীমগুলকে তোমায় এইরূপে ধারণ করিতে ছা কে যেন উহা আরু বিচনিত না হইতে পারে। শেষ का मिन, হে বরদ প্রজাপতে ! হে ধরাবাথ ! হে ভূতনাৰ ক্রিজ জগ লার্থ আপনি বেরপ আজা করিতেছেন, আই জরুরপ महीधात्रण कतिव; किन्ह व्याणिन शृथिवीत्क वाहित व्यापन পরি ছাপন ককন। ত্রন্ধা কহিলেন, হে 💇. 😹 ম ! পৃথিৱী अबर জোমাকে পথ প্রদান করিবেল, कि সেই পথ निया धतिजीत जारधाकारण शमनश्रक के बातन কর, তাহা ছ্টুলেই আমার পরম প্রীতিকা इट्रेंद ।

উগ্রশ্রথাঃ কহিলেম, ভূজকমাগ্রস শেষ "বে আজ্ঞা" বলিরা পৃথিবীদন্ত বিবর ছারা রসাতলে প্রবেশপূর্কক রসাগরা বস্থারাকে মন্তকোপরি পারণ করিলেন। এইরপে মহাত্রতশালী ভগবান্ অনন্ত, ত্রজারু নিদেশাহুসারে একাকী ধরা ধারণ করিরা পাতালতলে বাস করিওেলাগিলেন। সর্জামরোভ্যম ভগবান্ পিতামহ, পাগবর বিনতানক্ষাকে অনন্তদেবের স্থা করিরা দিলেন।

সপ্তত্তিংশ অধ্যায়।

উগ্রপ্রবাঃ কহিলেন, ভুজঙ্গোত্তম বাস্থুকি মাড়দন্ত শাপ শ্রবণ করিয়া কিরূপে সেই শাপ মোচন ছইবে, ভদ্বিষয়িণী চিস্তায় একান্ত মগ্ন হইলেন। তুদনস্তর তিনি ধর্মপরায়ণ ঐরাবত প্রভৃতি ভ্রাতৃগণের সহিত পরামর্শ করিলেন যে, মাতা আমাদিগকে যে শাপ প্রদান করিয়াছেন, ডাহা তোমরা সকলেই জান; অতএব আইস আমরা যাহাতে সেই শাপ হইতে মৃক্ত হইতে পারি এরপ চেষ্টা করি। দর্বপ্রকার শাপেরই প্রতিবিধানোপায় আছে, কিন্তু মাতৃ-म्ह भाभागात्राहरूत कान **डे**भाग एपि ना। सननी खराग्र. অপ্রমেয়, সনাতন, ব্রহ্মার সমক্ষেই আমাদিগকে শাপ প্রদান করিরাছেন,এবং সর্কলোক প্রতামহ ব্রহ্মা তাঁহাকে শাপ প্রদানে উদ্যতা দেখিরাও নিরুত্ত করেন নাই, ইহা শুনিরা আমার হুৎকল্প উপস্থিত হুইতেছে।' ঝেধ করি निक्तरे आमानिशक मगुल बिनडे इहेट इंडेरव। उथानि সম্প্রতি বাহাতে সমন্ত ভুক্তসগণের মঙ্গল হয়, ভদ্বিয়ে পরামর্শ করা যাউক। আমরা সকলেই বৃদ্ধিমান ও বিচক্ষণ, মন্ত্রণাদারা অবশাই কোন না কোন উপায়, স্থির করিতে পারিব। দেধ পূর্বকালে আমি গুছামধ্যে ভিত্রাহিত रहेशाहित्यन, किन्द त्मराग शतामर्ग बाता . छांदात श्रेमक-ভাবন করেন। অতএব এক্ষণে বাছাতে জনমেজন্নের यस ना रत, अगवा निक्त रत, छारांत्र (हडी (मथा যাউক।

মত্রণাবিশারদ সর্পর্গণ ভূজদরাজ বাস্থকির এই কথা শুনিরা তৎকার্য্য সম্পাদনে দৃঢ়প্রতিজ্ঞা করিলেন। ভাঁহা-দিগের মধ্যে কেহ কেহ কহিলেন, "আইস আমরা আন্ধণ-বেশ ধারণ করিরা জনমেজনের নিকট বাইরা, তিনি যাতাত্ত্ব সর্পষ্ট না করেন এইরপ তিক্ষা প্রার্থনা করি। কোন কোন পণ্ডিতাভিমানী ভূজকম কহিলেন, চল আমরা সকলে গিরা তাঁহার মন্ত্রী হই; তাহা হইলে তিনি অবশ্যই আমাদিগের পরামর্শ দইরা সকলকার্য্য অফুটান করিবেশী তিনি বজবিবরিণী কোন মত্রণা বিজ্ঞাসা ক্রিলে, আমরা ভদ্মুটানে ইহলোকে ও পরলোকে নানা প্রকার দোব ঘটিতে পারে, ইহা প্রদর্শন করিয়া এবং অভাত কারণ দর্শাইরা যাহাতে সেই যজ্ঞ না হয় এরূপ পরামর্শ দিব। কেছ কছিলেন, রাজার হিত্সাধনে তৎপর एय (कान मर्भवक्क-विधानक वाकि (महे यटका **छे** भाषाम হইবেন, কোন ভুজ্জম বাইরা তাঁহাকে দংশন করিবে; উপাধ্যারের মৃত্যু হইলে স্থতরাং যজাত্র্চানের বিষম বাাঘাত জন্মিবে; তম্ভিন্ন অন্যান্য যে সকল সর্পসত্ত বাক্তি দেই ৰজে ঋত্বিক হইতে আসিবেন, আমরা সকলে यहिया छाशामिशदक मः मन कृतित, छाश बहेताहे आत যক্ত হইতে পারিবে না।

এই কথা শুনিয়া অন্যান্য ধর্মপরীয়ণ দ্যাবান নাগগণ কহিলেন, ভোমরা যাহা কহিতেছ, এ অতি অসৎ পরামর্শ ; রশ্বহত্যা করা কোন ক্রমেই বিধেয় নহে, বিপৎকালে ধর্ম-'পথ অবলম্বনপূৰ্ক্ক প্ৰতীকার চেষ্টা করাই কর্ন্তব্য, কারণ অধ্যামুঠনে সমস্ত জগতের বিনাশকারী। ক্তকশুরি ज्ञानम किहिलान, जामता खलधत-करनवत धातन कित्रा भ्वनभारत कन्दर्यन होता প্রজালিত বজালি নির্বাণ করিব, কিখা রাত্রিকালে ঋত্বিক্গণ মনবহিত হইলে কোন সর্প তণায় উপন্থিত হইয়া শ্ৰুগ্ভাণ্ড প্ৰভৃতি যঞ্জীয়দ্ৰব্য সমু-দায় অপহরণ করিবে, তাহা হইলে যজের বিশ্ব ঘটবে। অথবা শুক্ত শত ভূজন্ম দেট্ট বক্ষন্থনে এককালে উপস্থিত হইয়া তত্ত্ৰতা সমস্ত লোকদিগকে দংশন করিতে উদাত इरेदि, जाहा हरेलि जाहामित्रात अदुश्चरे खब्र अमिरित। किया मर्लना मः कुछ बखीत नामधी नमुनाव चीत मृत अ প্রীৰ দ্বারা দ্বিত করিবে ভাষাতেও ৰজ্ববিছের বিশক্ষণ সন্তাৰনা।

অন্যান্য নাগগণ কহিল, আমরাই ঐ বজ্ঞে ঋতিক্ হইয়া প্রথমেই দক্ষিণা প্রদান কর বলিয়া ষজ্ঞবিশ্ব সমূৎ-পাদন করিব,তাহা হইলেই রাজা আমাদিগের বলীভূত হই-বেন, এবং বাহা বলিব ভাহাই করিবেন। অপর ভূজকমগণ কহিল, রাজা যথন জলজীড়া করিবেন, সেই সময়ে তাঁহাকে ধরিয়া আপনাদিগের আলরে আনয়নপূর্মক বদ্ধ করিয়া রাখিব। কোন কোন পণ্ডিতাভিমানী ভুজসম কহিলেন, আইস আমরা অন্যান্য চেষ্টা পরিত্যাগ করিয়া রাজা জন-মেজয়কেই দংশন করি, তিনি মরিলে সকল অনর্থের সূল-চ্ছেদ হইবে। পরিশেষে সকলে বাস্থকিকে সলোধন করিয়া বলিলেন, হে রাজন্। আমরা স্ব স্ব বৃদ্ধি অমুসারে কহিলাম, একণে আপনার যাহা অভিক্রচি হয় করুন, আর কালকেশ্ব করা কোনক্রমেই বিধের নহে। এই বলিয়া সমস্ত নাগগণ তাঁহার মুথ নিরীক্ষণ করিতে লাগিলেন।

বাস্থিক তাঁহাদিলের বাক্য প্রবণানস্তর ক্ষণকাল চিন্তা করিয়া কহিলেন, হে ভুক্তক্ষমগণ ! তোমরা সকলে যে যে উপায় নির্দেশ করিলে তন্মধ্যে একটিও আমার মনোগত হইতেছে না, যাহাতে সকলের হিতসাধন হয় তাহাঁই করা কর্ত্তবা, অতএব এবিবরে ভগবান্ ক্ষণাপকে প্রসন্ন করাই আমার শ্রেমাকর বোধ হইতেছে। জ্ঞাতিগণের প্রতি সৌহার্দিও আত্মন্দেহবশতঃ আমি তোমাদিগের বাক্যামুসারে কর্ম্ম করিতে ইচ্ছা করি না,কারণ এক্ষণে আমি তোমাদের সর্ম্মজ্যের, যাহাতে সমস্ত বান্ধবগণের মকল হয়, আমার সর্মজ্যেরি, যাহাতে সমস্ত বান্ধবগণের মকল হয়, আমার সর্মজ্যেতাবে তাহাই করা কর্ত্তবা, এ বিষয়ে দোষগুণ যে কিছু ঘটিবে, তোমরা কেহই তাহার অংশভাগী হইবে,না, সমস্তই আমার উপর পড়িব্লে, এই নিমিন্ত আদি স্বিশেষ সম্প্র ইইভেছি।

অফতিংশ অধ্যায়।

এই •

किरः

সর্পর

রাকা

विकर

टेमवर

खादव

রকা

কুহিলেন, বাস্থ কির ও জন্যান্য নাগগণের
কা প্রবণ করিরা কালাপত্রনামক সর্প কাস্তন করিরা কহিলেন, হে তৃজ্জনাও! সেই

াই হইবে সন্দেহ নাই, এবং বে জনমেজরী
লামাদিগের মহৎ ভর উপস্থিত, তাঁহাকেও
পারা বাইবে না। হে রাজন্! বে ব্যক্তি

াহার দৈবের উপর নির্ভর করাই স্ক্রতোকারণ সে স্থলে দৈব ব্যক্তিরৈকে তাহার
ভার কোন উপারান্তর নাই। হে প্রান্

গোন্তম ! আমাদিগের এ ভরকে দৈব ভর বলিতে হইবে,
কাতএব দৈব অবলম্বন করাই উত্তম করা বোধ হইতেছে।
এ বিষরে আমি যাহা কহিতেছি তোমরা অবধানপূর্বক
শ্রবণ কর । যথন মাতা আমাদিগকে শাপ দেন, আমি
সেই সমরে ত্রালাকুলিভচিত্তে তাঁলার ক্রোড়ে বিদয়া দেবগণের এই কথা শুনিয়াছিলাম । দেবগণ সাতিশয় তঃধিত
ছইয়া ত্রজার নিকটে পারা কহিলেন, হে পিতামহ!
পাবাণস্থদয়া কক্র আপনকার সন্থার স্বীর প্রিয় প্ত্রগণকে
যেদ্রপ দারুণ অভিসম্পাত করিলেন, মাতৃ! হইয়া পুর্ত্তের
শ্রতি সেরূপ শাপ প্রদান করিতে কেইই পারে না।
আপনিও "এবমস্ত" বলিয়া তাঁহার সেই বাকো অনুমোদন
করিলেন; অতএব হে ত্রজন্! আগনি কি নিমিত্ত তাঁহাকে
স্ব সমক্ষে শাপ প্রদানে উদ্যতা দেখিয়াও নিবারণ করিকেন না, তালা শুনিতে বাসনা করি।

ব্রহ্মা কহিলেন, সর্পগণ অতিশয় তীক্ষবিব, থল ও প্রজাগণের অভিতকারী, অতএব আমি প্রজাগণের হিত-কামনার শাপপ্রদানোদ্যতা কজকে নিবারণ করি নাই। কিছু সর্পদত্রে কেবল তীক্ষবিষ, নীচাশয় ও পাপাচার বিষ ধরদিগেরই বিনাশ-ছইবে। ধার্ম্মিক নাগগণের কোন অপ চয় ছইবে না। তৎকালে তাঁহারা যে প্রকারে ঐ শাপ হইতে মুক্ত হইবেন, তাহা প্রবণ কর। যাযাবর-বংশে অমাধারণ ধীশক্তিসম্পার, তপোনিরত, জিতেক্সিয় ধরৎ কার্মানামে এক মৃত্র্যি জন্মগ্রহণ করিবেন। তাঁহার ঔরসে আতীক নামে এক প্রভ্রাক্ষরিবেন। তিনি মহারাজ জনমে জয়কে সর্পযজ্ঞের অমুষ্ঠান করিতে নিষেধ করিবেন। তাহা ছইলে ধর্মাশীল সর্পগণের পরিত্রাণ ছইবে।

ব্রন্ধার এই,বাক্য শ্রবণ করিয়া দেবগণ জিল্ল রা করি লেন, হে ব্রন্ধন । মহাতপাঃ মহাবীর্য মূলকার তিথেকার কাছার গর্ডে সেই মহাস্থাতিব পূজ আতীককে ইংপাদন করিবেন । প্রন্ধা কহিলেন, "বীর্যাবান জরৎকার সনামী কলাতে দেই মহাবীর্যাসম্পদ্ধ পূজ উৎপাদক রিবেন। সর্পরাল বাইকের জরৎকান্ধনামী এক ভা শিতেন। উচ্চার গর্প্পের প্রক্রিজ জরিবেন এবং তথা কি স্প্রক্রিলা হইবে।" দেবগণ ব্রন্ধার এই স্প্রক্রিলা হইবে।" দেবগণ ব্রন্ধার এই ব্যাহ্রিকার জরিয়া "তথান্ত" বলিলেন। সর্কলোকা

অভএৰ হে নাগাধিরাজ বাহুকে! নাগগণের ভয়শান্তির নিমিত্ত সেই স্কুত্ত, ভিক্ষমাণ মহর্ণিকে ভোনার
জনংকারুনামী ভাগিনী ভিক্ষান্তরপ সম্প্রদান কর। ভাহা
হইলেই নাগকুল পরিত্তাণ পাইবে। আমি নাগগণের এই
মাক্ষোপার প্রবণ করিয়াছি।

উনচত্বারিংশ অধ্যায়।

উপ্রশ্রবাঃ কহিলেন, নাগগণ এলাপত্ত্রের এই বাক্য শ্রবণে সাভিশর আফলাদিত হইরা তাঁহাকে সাধুবাদ করিতে লাগিলেন। নাগরাজ বাহ্দকিও সেই কথা শ্রবণ করিয়া পরম পরিভাষ প্রাপ্ত হইলেন এবং তদক্ষি জরং ফাঙ্গনালী নিজ ভগিনীকে অতি প্রযত্ত্বে রক্ষণাবেক্ষণ করিতে লাগিলেন।

কিরৎকাল পরে দেবাস্থরগণ একত হইয়া সমুদ্র মন্থন ।
আরম্ভ করিলেন। সর্বনাগ-শ্রেষ্ঠ বাস্থিকি তাহাতে মন্থন-লেরজ্ব হইয়াছিলেন। সমুদ্রমন্থন সমাপ্ত হইলে দেবগণ বাস্থিকিকে সমভিব্যাহারে লইয়া ব্রহ্মার নিকটে গমন পূর্বাক নিবেদন করিলেন, ভগবন্! এই নাগকুলাপ্রণী বাস্থকি মাতৃশাপে ভীত হইয়া অভ্যন্ত সম্ভপ্ত হইয়াছেন'। আপনি অনুগ্রহ করিয়া এই জ্ঞাতিকুল হিতৈয়ী নাগরাজের মাতৃশাপস্থাক্রপ হাদরশলা উৎপাটন করুন। ইনি আমা দিগের অভ্যন্ত প্রির্কারী ও হিত্যাধনে তৎপর, অভ্যন্ত অনুকৃল হইয়া আপনাকে ইহার মনোবাধা নিবারণ করিতে হইবে।

দেবগণের এই প্রার্থনা শ্রবণ করিয়া ব্রহ্মা কহিলেন, পূর্বে এলাপত্র সূপ ইহাঁকে যাহ্বা কহিরাছেন, দে আমারই বাক্য। ইনি সেই বাক্যাছসারে কার্য্য কলন, ভাহাব সময়ও উপস্থিত হুইয়াছে। যাহারা ছ্রাচার ও পাপিট তাহারাই স্প্রতি বিন্ত হুইবে। ধর্মপ্রায়ণ নাগপণের কিছুই ভয় নাই। সেই জ্বংকাক জ্বাগ্রহণ করিয়াছেন এবং কঠোর হুপসার অফুটান করিতেছেন। নাগরাছ বাস্থিকি তাহাকে যথাকালে ভগিনী প্রদান কলন। হে দেবগণ! এলাপত্র যাহা কহিয়াছেন উহা নাগক্রলের পর্ম হিতকর, উহাতে কোন সন্দেহ নাই।

ভিত্রশ্রা কহিলেন, নাগাধিপ রাস্ত্রকি সর্মলোক

পিতামহ বন্ধার এই বাকা শ্রবণ করিয়া অবধি জরৎকার্লকে ভগিনী প্রদান করিতে সন্ধর্ম করিলেন, এবং ঐ
সঙ্করে বছসংখ্যক সর্পদিগকে তদীর সরিদানে সক্ত অবভান করিতে প্রেরণ করিলেন। ভূজকম-রাজ তাহাদিগকে
এই ক্রিয়া দিলেন, 'ভেগবান্ জরৎকারু যে মুহুর্ত্তে দারপরিপ্রাহ করিতে অভিলাব প্রকাশ করিবেন, তোমরা তৎক্রণাং আসিয়া আমাকে সংবাদ দিবে।''

চত্বারিংশ অধ্যায়।

শৌনক কহিলেন, হে স্তনন্দন! তৃমি জরৎকাকনামা

নৈ মহর্ষির বিবরণ কহিলে, জিনি কি নিমিত্ত জগতে

জরংকার রামে বিখাতি হটয়াছিলেন এবং জরংকার
শংকর যগাশত অর্থই বা কি, তাতা আমি শুনিতে ইচ্ছা
করি, বর্ণন কর।

উপ্রশ্রবাঃ কহিলেন, জরাশন্দের অর্থ ক্ষর, কারুশন্দের অর্থ-দারুণ। সেই মহর্ষির শরীর অভিশয় দারুণ জিল, তিনি কঠোর তপস্যা দারা ক্রমে ক্রমে সেই দারুণ শরী রকে ক্ষীণ করিয়াছিলেন, ভরিমিত্ত তাঁহার নাম জরৎকার হুইল এবং উক্ত কারণবশতঃ বাস্থাকির ভগিনীও জরৎকার নামে বিখ্যাত হইলেন। মহর্ষি শৌনক তংশ্রবণে কিঞ্চিৎ হল্পে করিয়া কহিলেন, হাঁ তুমি যাহা বলিলে ইহা মুক্তিসিজ বটে। তুমি ইতিপুর্বে যাহা যাহা কীর্ত্রন করিলে ভংসমস্তই আমি শ্রবণ করিলাম। এক্ষণে আন্তী

উগ্রহ্রাঃ শৌনকের এই বাক্য প্রবণ করিয়া শাস্ত্রা হুসারে কহিতে লাগিলেরু। মহামতি বাস্থিকি ভূজক্ষমগুণের প্রেটি উক্তরপ আদেশ দিরা মহর্ষি জরৎকারুকে ভগিনী প্রদান করিতে উদ্যত হইয়া রহিলেন। বছকাল অতীত হইল, তথাপি উর্দ্ধরেতাঃ স্বাধ্যায়নিরত সেই মহান্ত্রা দার-পরিপ্রহে অভিলামী হইলেন না । তিনি কেবল তপস্তাদি ধর্মকর্ম্বে বিতান্ত অক্রক্ত হইয়া নির্ভয় হাদরে সমস্ত মেলিনীমগুল পরিভ্রমণ করিতেন।

কিয়ৎকাল পরে কৌরববংশীয় পরীক্ষিৎ পৃথিবীর অধি-রাজ হইলেন। তিনি স্বীয় প্রপিডামহ পাঞ্রাজার নাায় অবিতীয় ধন্ত্র্বর, যুদ্ধবিশারদ ও মৃগ্রাপ্রিয় ছিলেন। মহা-

রাজ পরীক্ষিত সর্বাদাই নৃগ, বরাহ, তরক্ষু, মহিব ও
অন্যান্য বিবিধপ্রকার বনাজত শীকার করিয়া মহীনওল
পরিভ্রমণ করিতেন। একদা তিনি স্বকীয় আনতপর্বা শরদারা এক মৃগকে বিদ্ধ করিয়া পৃষ্ঠে শরাসন ধারণপূর্বাক,
যজ্ঞরূপী মৃগের অসুসারী ভগবান্ ভূতনাথের ন্যায়, সেই
মৃগের অসুসরণক্রমে নিবিড় তরণ্যানী মধ্যে প্রবিষ্ট হইলেন। পরীক্ষিতের বাণে বিদ্ধ হইলে কোন মৃগই জীবিতাবস্থায় পলায়ন করিতে পারে না; কিছ এই মৃগ যে
বাণরিক হইয়াও পলায়ন করিল, উহা কেবল তাঁহার
অচিরাৎ স্বগলাভের প্রতি হেতু হইয়া উঠিল।

রাজা পরীক্ষিৎ মৃগের অনুসরণ প্রসঙ্গে ক্রমে ক্রমে অতি দ্রদেশে উপুনীত হইলেন। পরে সাতিশল পরি-শ্রাম্ভ ও পিপাদার্ভ হইয়া এক গোপ্রচারে উপস্থিত হই-লেন এবং অবলোকন করিলেন এক তপন্থী, স্থন্যপারী বংসগণের মুখনিঃস্ত ফেনপুঞ্জ পান করিয়া জীবন ধারণ করিতেছেন। অত্যস্ত কুৎপিপাসাম্বিত রাজা সেই মুনির স্মিধানে, সমুপ্রস্থিত হইয়া জিল্লাসা করিবেন, তে মুনিসভম। আমি অভিমন্থার পুত্র রাজা পরীকিৎ, তোমাকে জিজ্ঞানিতেছি আৰি এক মুগকে বাণ-ছারা বিদ্ধ করিয়াছিলাম দে পলায়ন কোন দিকে পলায়ন করিল, তুমি কি দেখিয়াছ? भूनियत सोनवडायनदी किलन, क्लान कथारे कहिलन না। তথন রাজা ক্রোধাজ হইয়া আপন ধহুর অগ্রভাগ দারা এক মৃত সর্প উত্তোলন করিয়া মহর্ষির ক্ষদেশে অর্পণ করিলেন; ঋষি তাহাতে ক্রোধ করিলেন না এবং क कि इंडे विगाम ना। बाका छाँदारक कृपवञ्च ভাল । পরিত্যাগ্পুর্বক ব্যথিতমনে আপন রাজধানী (मिव म। किছ मिट्रे वैशि छम्बङ्हे बहिरलम। अ शमह ্ামুনি, রাজা পরীক্ষিংকে অধর্মানরত বলিয়া W 41 कारि এই নিমিত্ত তৎকর্ত্ক অবমানিত হইয়াও ভিসম্পাত করিদেন না। কুরুবংশাব্যুৎ **₫1** ঐকিৎও তাঁহাকে তাদৃশ ধ্মপ্রারণ ব**লি**রা না মহা ্রিয়াই তাঁহার তাদৃশী অব্যাননা করিলেন। enth রি শুলীনামে এক ভক্ষণবয়ত্ব পুত্র ছিলেন। য়ে রোষ পরবৃশ। তিনি আক্বার কুদ্ধ হইলে मृजी

,ক প্রসর করা ছ:সাধ্য হইয়া উঠিত। তিনি

আৰু

नमदा नमदा स्नारम् हरेता नस्कृष-हिदेखती अर्गनान् প্রজাপতির উপাসনা করিতে বাইতেন। একদা শৃসী সর্ক-লোক-পিতামহ ব্রহ্মার উপাসনানস্তর তদীর আদেশ লইয়া আপুন আশ্রমে প্রভ্যাগমন করিতেছেন, এমত সময়ে তাঁচার স্থা ক্লশ নামে এক ঋষিপুত্ত হাসিতে তং-সরিধানে তদীর পিতার অপমান-বৃত্তান্ত-বর্ণন করিলেন। কৃক্-স্ভাৰ শৃক্ষী কৃশমূথে পিতার অপমানবার্তা প্রবণ করিয়া ক্রোধে প্রজ্ঞলিত হুইয়া উঠিলেন। কৃশ হাসিতে হাসিতে কহিলেন, তুমি অভাস্ত তপোবলসম্পুত্র ও তেজখী, কিন্ত তোমার পিতা খীর কমদেশে মৃতদর্প বহন করিতে-ছেন, অতএব হে শৃঙ্গিন্! বাও বাও আর তুমি বৃথা গর্ক कत्रिष्ठ ना ध्वरः मामृत निक, उक्तविर, कृतयो सवित्र् ख्रान কোন কথা কছিলে তাহাতে প্রভ্যুত্তর প্রদান করিও না। হে শৃলিন্! কৈ একণে তোমার সেই পুরুষদাভিষান এবং ভাদুশ দর্গর্ক বাকাই বা কোথার রহিল। ভোমার পিতা দেইরূপ অব্যানিত হইরাও ওলাসীন্য অব্যয়নপূর্বক রহিরাছের। তদিবরে যাহা কর্ত্তব্য কিছুই করেন নাই। আহা ! ইহা দেখিয়া আমি অত্যন্ত হংখিত হই রাছি।

একচত্বারিংশ, অধ্যায়।

উত্প্রপ্রা: কহিলেন, মহাডেজা: শৃদী বীর জনত্ত্বর করে মৃত্সর্প রহিরাছে শুনিরা সাতিশর সংক্রম হইলেন। এবং মৃত্মধ্রথেরে ক্লকে, জিজাসা করিলেন, কণ! কিরপে আমার পিতার করে মৃত সর্প সংলগ্ন হইল ? কণ কহিলেন, সথে! অদ্য মৃগবিহারী রাজা পরীকিং এই তপোবনে মৃগরা করিতে আসিরাছিলেন, তিনিই বিমার পিতার করে মৃত সর্প সমর্পণ করিরা গিরাছেন শুমার পিতার করে মৃত সর্প সমর্পণ করিরা গিরাছেন শুমার শিতা সেই চলা: রক্তর্থ করিরা কহিলের শামার শিতা সেই চরালা নরাধ্য রাজার কি অপরার শিতা সেই চরালা নরাধ্য রাজার কি অপরার শিতা স্থান করিরা বল, আজি তোমাকে আজি

ক্লণ কহিলেন, অভিমন্থ্য-তনর রাজা প্রাই প্রশাস মৃগরা করিতে আসিয়াছিলেন। তিনি এক ব্যাধনাণ-বিদ্ধ করেন। বাগাহত মৃগ প্রাণভরে দৌড়িক বিল। রাজাঞ্জ তাহার পশ্চাৎ গশ্চাৎ বাবমান হইলেন ক্লেণেবে রাজা পরীক্ষিং মৃগের অনুসরণক্রমে নিবিড়কাননে প্রবিষ্ট হইলেন। মৃগও ক্রমশং তদীর দৃষ্টিপথের বহিড় ও ইল। রাজা বহুক্ষণ অরণ্যমধ্যে পর্যাটন করিরাও ভাহার অন্থাসন্ধান পাইলেন না। তথন তিনি ক্র্পোপাসার প্রকাস্থ কাতর ইইরা ফুলীর শিতার সন্নিধানে গমনপূর্কক শ্রেষার জিজ্ঞাসিতে লাগিলেন, মহাশয়! আপনি একটি শরবিদ্ধ মৃগকে এস্থান দিরা পলায়ন করিতে দেখিরাছেন ? তোমার পিতা মৌনব্রভভাবাবলন্ধী, স্কুতরাং ভাল মন্দ কিছুই বলিলেন না। তরিমিত্ত রাজা ক্রম হইরা নিজ শরাসনের অগ্রভাগ দারা এক মৃত সর্প উত্তোলনপূর্কক তাঁহার ক্রমদেশে সংলগ্ন করিয়া দিলেন। তোমার পিতা তথাপি সেইরূপ মৌনাবলম্বন করিয়াই রহিলেন। পরে রাজা পদ্ধীক্ষিৎ স্বীয় রাজধানী হস্তিনানগবে প্রস্থান, করিলেন।

শৃঙ্গী কুশের মূথে নিরপরাধী পিতার এইরূপ অপমান বৃত্তাত প্রবণ করিয়া কোপোপরক্ত নয়নে আচমনপূর্ব্যক রাক্সাকে এট বলিয়া অভিসম্পাত করিলেন "বে নূপাধম মৌনএত:বলদী মদীর্ষ বৃদ্ধ পিতার ক্ষন্ধে মৃত সর্প সমর্পণ করিরাছে, আমার বাক্যাত্মসারে তীক্ষ বিষধর পরগেশ্বর তক্ষক সপ্তরাত্রির মধ্যে ব্রাহ্মণের অপমানকারী সেই পাপাত্মাকে যম সদনে প্রেরণ করিবে।" শুঙ্গী রাজ্যকে এইরূপে শাপগ্রস্ত করিয়া গোচারীত স্বকীয় পিতা শনী-কের সরিণানে উপস্থিত হইরা দেখিলেন সতাই ভাঁহার ক্ষে মৃত সপ রহিয়াছে। তিনি তদর্শনে পুনুর্বার সাতি-শর সংক্রন্ধ হইয়া মনোহ:থে রোদন করিভে লাগিলেন। পরে স্বীয় পিতাকে সম্বোধন করিয়া কৃছিলেন, পিতঃ! ত্রাত্মা পরীকিৎ বিনা অপরাধে আপনার এই অপমান করিয়াছে শুনিরা, আমি তাহাকে এই উত্র শাপু প্রদান করিরাছি যে "পরগরাজ তক্ষক সেই কুঞ্কুলাধমকে ১১শন করিয়া অদ্য হইতে সপ্তম দিবলে ধ্যালয়ে প্রেরণ করিবে।"

শমীক কুপিত পুত্রের এই অহিতাস্থান শ্রবণ করিরা কহিলেন, হে পুত্র! তুমি রাজা পরীক্ষিৎকৈ শাপ দিরা অতি কুকর্ম করিরাছ। জামি ইহাতে প্রীত হইলাম না। তপস্বিগণের এরূপ ধর্ম নহে। আমরা সেই রাজার অধি-কারে বাস করি। তিনিও ন্যারপূর্মক আমাদিগকে রক্ষা করিরা থাকেন,কখন কোন অত্যাচার করেন না। ন্যায়-

রাছে

পরায়ণ রাজা যদিও কদাচিৎ কোন অপরাধ করেন, তাহা আমাদিলের অবশ্রই সহ্য করা উচিত। আরও দেশ, यनि রাজা আমাদিগতক রক্ষানা করেন, তাহা হইলে আমা-किरशक यर भरतानाञ्चिक है उड़े वांत्र मञ्जावना । धर्मा भर्तामंग जुनिर्माण आमानिशत्क बक्ना करतन विविद्यादे आमता विश्व ধর্ম উপার্জন করিতেছি। অস্মহপার্জিত ধর্মে রাজা-দিগেরও ধর্মতঃ অধিকার আছে। অভএব হে পুত্র! রাজা যদিও কোন অপরাধ করেন তাহা আমাদের ক্ষমা কবা উচিত। বিশেষতঃ রাজা পরীকিং আপন প্রপিতা-নহ পাণ্ডর ন্যার আমাদিগকে রক্ষা করিতেছেন। প্রজাগণের রক্ষণাবেক্ষণই রাজার প্রধান ধর্ম ও অবশ্য বৰ্ত্তব্য কৰ্ম। • সেই মহামুভৰ রাজা পরীকিৎ কুধিত ও পরিশান্ত ইইয়া আমার আশ্রমে আগমন করিরাছিলেন। ইহা স্পষ্ট বোধ হইতেছে বে, তিনি আমার মৌন-द्वडादनश्रमत विषय ना खानिया এই कूकर्य कवित्राह्म। অপিচ দেশ অরাজক হইলে তাহাতে সর্বাদ নানাবিধ ताय घटडे थवर ताक नकन छेक्ड्यन ও উदिश इटेश কোন ধর্মকার্য্যের অনুষ্ঠান করিতে পারে না। রাজা উচ্ছ-গ্রাপ লোকদিগের প্রতি দণ্ড বিধান করেন। রাজ-দণ্ড-ভায়ে পুনর্কার ধর্ম ও শাস্ত্রির সংস্থাপন হয়, এবং ধর্ম-হইতে স্বৰ্গ সংখাপিত হয়। রাজার প্রভাবেই সমু-भाग यक्षांक्रिया सहाज्ञताल अस्त्रिक इटेशा शास्त्, यज्ञास-ষ্ঠান স্বারা চদবগণ পরম প্রীক্ত হরেন, দেবগণ হইতে वृष्टि इत, वृष्टि बाता भाषा सत्य धारा मण बाता मनूरवात পরমোপকার দর্শে। ভগবানু মহু কহিয়াছেন, রাজা মহুব্য-• দিগের বিধাতা-স্বরূপ ও দশ শ্রোত্তিয়ের সমান। সেই রাজা সুধিত ও পরিপ্রাপ্ত ইইরা আমার মৌনব্রতের বিষয় না জানিতে পারিষাই এবস্কৃত গর্হিত ব্যাপারে প্রবৃত হইর। খাকিবেন, সন্দেহ নাই। • অতএব তুমি কি নিমিত্ত বাল-কতা প্রযুক্ত হঠাৎ সেই রাজর্বির প্রতি এই কুকর্ম্বের অসু-ষ্ঠান করিলে। সেই ভূপতি কোন মতেই আমাদের শাপ প্রদানের পাত্র নছেন।

विष्णंदिः न व्यशांत्र।

শৃলী পিতার তির্ভার-বাক্য শ্রবণ করিয়া কহিলেন, দ ছে পিতঃ ৷ এই শাপ প্রদান করাতে আমার সাহস নিক্ট

প্রকাশ করাই হউক বা হুড়র্শ্ব করাই হউক, এবং ইহাতে আপনি সম্ভটই হউন বা অসম্ভটই হউন, যাহা করিয়াছি, তাহা মিথা। হইবার নছে। মহাশয় আমি আপনাকে বথার্থ কহিতেছি ইছা কখনু অন্যথা হইবে না। আমি পরিহাসছলেও কখন মিখ্যা কহি না, অতএব মং প্রদত্ত শাপ কিরূপে মিথ্যা হটবে। শমীক কহিলেন, পুত্র। আমি উত্তমরূপে জানি, তুমি রাভিশয় উঞ্জালভাবশালী সভাবাদী এবং পূর্বে কখন মিথ্যা কহ নাই; স্তরাং তোমার দেই শাপ কখনই মিগ্যা হইবে না। কিছ হৈ পুজ। পিতা বয়ঃস্থ সম্ভানকেও শাসন করিতে পারেন, रिरह्कू उद्याता कंत्रिकरम शूखत खन ও वरणात्रिक সম্ভাবনা; তুমি বালক অতএব ভূমি অব্স্থাই আমার শাসনাই। আমি জানি তুমি সর্বাণা তপোর্স্তান করিয়া থাক, তপঃপ্রভাবশালী মহাত্মারা অভিশয় কোপন-সভাব হইয়া থাকেন। কিন্তু হে বংস। তুমি একে ত আমার পুত্ৰ, বিশেষতঃ বালক, ভাহাতে আবার অত্যন্ত সাহসেব কার্য্য করিয়াছ, এই সকল ভাবিয়া চিন্তিয়া আমি তোমাকে ভৎ সনা করিলাম। একণে তোমাকে কিছু উপদেশ দিতেছি, প্রবণ কর। তুমি শান্তিগুণ অবলম্বন করিয়া বন্য ফল মূলাদি আহার দ্বারা ক্রমে ক্রমে ক্রোধের উপশম কর, তাহাঁ হইলে শাপদান জন্য তোমার আর ধর্মকর হইবে না। দেখ ক্রোধ, সংধ্যীততপশ্বিপণের वहराज मक्षिष्ठ धर्मातानि भाग करता धर्माविशीन लाकः দিগের স্কাতি লাভ হয় না। শ্রমগুণই ক্ষমাশীল তপস্থি-গণের সর্বাত্ত দিছি-দায়ক। কি ইহলোক কি পর-ানের সর্বাট্ মুক্ল। অভএব হে পুঁছা। লোক ক্ষাণীল ও জিতেজিয় ছইয়া কাল্যাপন ভূমি क्व। গুল অবলম্বন করিলে চরমে পরম পদ প্রাপ্ত इहर^क মি শম-পরায়ণ অতিএব এক্ষণে আমার যত-म्ब ः ় নরপ্তির উপকায় করা কর্ত্তব্য। সম্প্রতি এই সংবাদ পাঠাই যে, আমার পুত্র বালক न्श গুঁপরিণত-বুদ্ধি, সে বংকৃত মদীয় অবমাননা ও অ পরতন্ত্র হইয়া তোমাকে শাপ প্রদান করি-गर्भव

> মহাতপাঃ শমীক ঋৰি, রাজা পরীক্ষিতের বাদ প্রদান করিবার নিমিত্ত প্রতলীল বিশিষ্ট

পৌরমুথ নামে শিবাকে প্রেরণ করিলেন। তিনি তাঁহাকে কহিরাদিলেন বে, তুমি অথ্যে রাজার ও রাজকার্য্যের কুশল किकानिटन, ७९ नटत वह अ ७७ नरवाम मिटव। त्रीत्रमूच শুকুর আজ্ঞানুসারে অবিলয়ে,হন্তিনামগরে উপস্থিত হুইয়া चार्य बादभाग बादा मःवाम मिर्गम, भरत त्रोक्छवरन প্রবেশ করিলেন। রাজা তাঁহাকে দেখিরা পরস সমাদর भुक्षक भागाव्यद्यानि बाता भूका कतिरमन । रगीतमूब त्राक-ক্লুক্ত সংকার গ্রহণ ও কির্থক্ষণ প্রান্তি দূর করিরা শ্রী-कांश्री वाका मकन अविकल कहिएक नार्शितन। किनि कहित्तन, महाब्राक । भाख, हांख भद्रमशर्षिक, भयौक नारम এक মহাতপাঃ মহর্ষি আপদকার অধিকারে বাস করেন। আপ্নি শ্রাসনের অগ্রভাগ খারা সেই মৌনব্রভাবলখী মহর্ষির রঞ্জে এক মৃত সর্প অর্পণ করিরা আসিরাছিলেন। नमञ्जादनको महामृति नमीक जाननात त्रहे जनताथ ক্ষমা ক্রিয়াছিলেন। কিন্তু তদীয় পুত্র শৃদ্ধী সাভিশয় তিনি আপনার গঠিত অহুটান দর্শনে ক্রোধে অধীর হইয়া আপনাকে এই অভিসম্পাত করি-बाट्डन रव, मध्यमिबर्ग उक्कमः भरन व्यापनकात थान विरत्नाश इटेरव । भंगीक मूनिभाश निवात्रशर्थ श्रुखरक यर्थडे অমুরোধ করিয়াছিলেন, কিন্ত কাছার সাধা যে সে শাপ ব্দন্যথা করে। মহর্বি কোপাবিত পুত্রকে কোনক্রমে শাব कतिएजू ना भातिमा ज्याभनकात विভार्य जामारक वह नान-अचान निष्ठ भाठाहरतन।

রাজা পরীক্ষিৎ গৌরমুখের মুখে এই দারণ সংবাদ শুনিরা এবং আপন ছক্ষ মরণ করিরা অত্যুম্ভ বিষয় হই-লেন। সুনিবর শনীক নৌনপ্রভাবলন্ধী হিলেন এই নিমিন্তই 'তাঁহাকে প্রভাতর প্রদান করেন না ইহা শুনিরা রাজার শোকাটি ছিগুণ প্রজানত হ'বা ইন। তথন তিনি ভাবিতে লাগিলেন, "ননীক সুনি এম শোজ-মুজার বে, তিনি মংক্রত তাদৃশ অ্রমান হয় বিয়াও দরা প্রদর্শন করিরাছেন, লার! আমিন্তি কুক নাছি, সেই পরম কার্কণিক মুনিবরের উপর তল করা আমার নিতান্ত অন্যায় হইরাছে।" গ্রাম্নিরা রাজার আর প্রিভাপের পরিসীমা রহিল নাল্য ম্বান্তেন সেই মুনিবরের ভাক্ষী অব্যানক্ষ্মী আহেন বিলার বেরপ শোকার্ভ হইলেন, আপনার দুক্ষী সেরপ ইইলেন না। জনস্কর রাজা গৌরম্থকে এই বলিরা বিদার করিলেন বে, মহাশর! জাপনি জনুগ্রহ করিরা সেই মুনিবরকে এই কথা বলিবেন, বেন তিনি জামার প্রতি স্থাসর থাকেন।

রাজা এইরূপে পৌরম্থকে বিদার করিয়া শিতান্ত উদ্যিমনে আপন মন্ত্রিগণ সমভিব্যাহারে মন্ত্রণা করিছে লাগিলেন। মন্ত্রণানন্তর এক একন্তন্ত স্থর্কিত প্রাসাদ নির্দ্ধাণ করাইরা তথার নানাবিধ ঔষধ, বহুসংখ্যক চিকিৎসক ও মন্ত্রসিদ্ধ ব্রাহ্মণগণ নিযুক্ত করিলেন এবং সেই প্রাসাদে স্থরক্ষিতরূপে অবস্থান করিয়া মন্ত্রিগণ সম ভিব্যাহারে রাজকার্য্য সম্পাদন করিছে লাগিলেন। ভাঁহার সমীপে কেহই গ্রন করিতে পারিতেন না। অধিক কি বলিব, সর্ক্ত্রগামী বায়ুরও সে হানে সঞ্চার রহিল না।

বিষ্বিদ্যা-বিশারদ শ্বিজোক্তম কাশাপ মুনি শ্রবণ করিয়া-ছিলেন বে, রাজা পরীকিৎ ভুজন্মপ্রেষ্ঠ তক্ষকের দংশনে প্রাণ পরিভ্যাগ করিবেন। ভরিমিন্ত তিনি মনে মনে বিবেচনা করিয়াছিলেন যে তক্ষক রাজাকে দংশন ক্রিলে আমি মল্লৌষ্ধি-বলে তাঁহাকে সঞ্জীবিত করিব, তাহা इटेल जामात धर्म ७ वर्ष छेखु है लाख इडेरव। शरत নিৰ্দারিত সপ্তম দিন উপস্থিত হইলে ভিনি রাজাকে রকা করিবার বাসনায় একাপ্রচিত্ত হইয়া রাজভবনে গমন করি-ভেছেন, এমত সময়ে বুছব্রাহ্মণ-বেশধারী না ারাজ তক্ষক পৰিমধ্যে তাঁহাকে দেখিতে পাইয়া জিজ্ঞাসা করিলেন, তে मुनिवत । তुनि व्यननामनाः इरेबा এত नचत गमत कि অভিপ্রায়ে কোথার চলিয়াছ ? কাশাপ কহিলেন, অন্য कूक कूरनार्भन्न ताला भतीकिए जेत्रगताक कक्राकेन विवा-নলে দগ্ধ হইবেন ওনিরা তাঁহাকে রক্ষা করিবার নিমিত্ত প্ৰথম করিতেছি। তক্ষক কহিলেন, হে ব্ৰহ্মন্ ! আমিট সেই তক্ষক, আমি জন্য সেই মহীপালের প্রাণসংহার করিব, তুমি কান্ত হও, আমি দংশন করিলে ভোমার সাধ্য কি যে তুমি তাঁহাকে রক্ষা কর। কাশাপ কহিলেন, তুমি **१९**भन कतिल जामि शीत विमाञ्जलाद अवभाडे ठाँशांदक निर्कित कतिव, मर्ल्य नारे।

ত্রিচড়ারিংশ অধ্যায়।

छक्क किर्ांचन, (२ कांक्रण! वित जानि दक्कान वर्ष দংশন করিলে ভূমি চিকিৎসা হারা ভাচাকে রক্ষা করিতে পার ছবৈ সন্মধন্ত এই বট-বুক্তে দংশন করিতেছি তুমি ইহাকে রক্ষা করিয়া আপনার বন্তপ্রভাব বেধাও। কাশাপ কহিলেন, হে ভূজগেক্ত ৷ তুমি দংশন কর, আমি এই মৃহর্তে ইহাকে পুনর্জীবিত করিতেছি। ভূজদেশর তক্ষক মহাত্মা কাশাপের এই বাক্য প্রবণ করিরা সন্মুখস্থ সেই বটবুক্ষে দংশন করিলেন। বটবুক্ষ ভক্ষকের তীব্র বিবানলে মূল অবধি পরবাগ্র পর্যাম্ভ প্রজলিত হইরা উঠিল, এবং কণ্ণকাল মধ্যে ভত্মসাৎ চইয়া গেল। তথন उक्क कामाथ मुनिक कहिलान, (इ विक्रांडम ! বৃক্কে পুনৰ্জীবিত ক্রিতে যদ্ধান্ত্ও। মহর্ষি কাঞ্প তক্ষকের বাকা প্রবণ করিয়া সেই ভন্মীভূত বুক্ষের ভন্ম রাশি গ্রহণ পূর্বক তক্ষককে কহিলেন. হে ভূজগেন্তা! আমার বিদ্যাবল দেখ, আমি তোমারসমকেই এই ভন্মী-ভূত বনম্পতিকে পুনজ্জীবিত করিতেছি। অনস্তর বিজ-সন্তম কাশাপ স্বীয় বিদ্যাপ্রভাবে সেই ভন্নীকৃত ক্সপ্রোধ পাদপকে প্রক্ষীবিত করিলেন। প্রথমে অস্কুর,ভংপরে পত्रदत्त, जननस्त ने नम्ह, श्रतिरम्द माथा ध्रमाश প্রভৃতি সমূলার অংশ সুচারুরূপে প্রস্তুত হইল।

এইরপে মহর্ষি কাশাপের মন্ত্রবল ঐ বট-বৃক্ষ প্নজ্জী বিত হইল দেখিয়া জক্ষক তাঁহাকে কহিলেন, হে ব্রন্ধন্। জুমি যে, বিদ্যাবলে আমার বা মাদৃশ অন্য ব্যক্তির বিব-ক্ষর করিবে ইহা বড় আশ্চর্য্যের বিবর নহে, যেহেড় ভবা-দৃশ মন্ত্রশারদ তেজবী লোকের কিছুই ছংসাধ্য নাই। এক্ষণে জিজাসা করি, তুমি কি নিমিত্ত তথার গমন করিভেছ ? ভূমি যে বন্ধর লাভাকাজ্বায় সেই নৃপের নিক্ট বাইতেছ, তাহা অতি-ছ্প্রাপ্য হইলেও আমি তোমাকে লিব। ব্রক্ষণাপে রাজার আহুংশের হইলাছে, অভঞ্জ বাদিগের ভাহার রক্ষণ বিষয়ে কতকার্যা হইতে পার দিন্দ্র বাদি ভূমি ভাহাকে রক্ষা করিতে তেজ হইতেছি। আমরা জোমার ত্রিলোকী বিশ্রুত বশোল ভাহাকেও কালনির্ম্নিত নার একবারে অন্তর্জিত হই কাশ্যপ ভক্ষক বাক্য?

লম! আমি ধনাথী হইরা তথার প্লাক্তন করিছেছি, ভূমি আমাকে প্রচ্র ধন দেও তাহা হইলেই নির্ভ হইতেছি। তক্ষক কহিলেন, হে বিজ্ঞান্তম! তুমি যত ধন আকাজ্যা করিয়া রাজার নিকট গমন কুরিতেছ, আমি ভেদপেকা অধিক দিতেছি, তুমি নির্ভ হও। বিজ্ঞোত্তম কাশ্যপ তক্ষকের বাক্য প্রবণানস্তর দিবাজ্ঞান প্রভাবে ধ্যান করিয়া দেখিলেন যে, সত্যই রাজা পথীক্ষিতের আয়ুংশেষ হইরাছে। তথন তিনি তক্ষকের নিকট হইতে স্বাভিশ্বিত অর্থ লইয়া স্বহানে প্রহান করিলেন।

এইরূপে মহাত্মা কাশ্যপ প্রতিনিবৃত্ত হইলে তক্ষক অবিলয়ে হস্তিনা নগরে উপস্থিত হইলেন। গমন সমরে শুনিলেন, রাজা বিষ্ঠির মন্ত্র ও ঔষধ সংগ্রছ করিয়া অভি সাবধানে রছিয়াছেন। তথন তিনি মনে মনে চিন্তা করি-লেন বে, রাজাকে মারাপ্রভাবে বঞ্চিত করিতে হইবে: মতএব এক্ষণে কি উপায় অবলম্বন করা কর্মবা। তদ नखत्र नागताञ एकक जनामा नर्शनारक जात्रम कति-लन, তোমরা আঙ্গণরপুর ধারণপুর্বক বিশেষ প্রয়োজন चाट्ड এই ছन कतियां चवार्थाहित्य, ब्रांकनभीत्न नियां कन. পুষ্পা, কুষ্প ও জল প্রদান দারা তাঁহাকে আশীর্কাদ করিবে। নাগগণ তক্ষকর্ত্ক এইরূপ আদিট হুইয়া প্রাহ্মণবেশ পরিগ্রহপূর্মক রাজসরিধানে গমন করিয়া কুশ, জল ও कर्ण नित्रा बाब्हाटक जानी जीन कतिरल, बांका त्यह भगक গ্রহণ করিলেন; পরে কার্য্য সমাধানস্তর তাঁহাদিপকে विश्वात क्रिल्म । इग्राकालम्बर्भी जुक्तम्यता ग्रम क्रिल ব্লাজা অমাজাগুণ ও স্থল্পণকে কহিলেন, আইস আম্বা मकरक अकत स्टेशा अटे मुकन जानमच च्यान कन ছরি। ছদৈবৰশতঃ ভুপতির ফলভোজনে প্রবৃত্তি 41: ka करनात मरथा छक्त थे श्रेष्ठारव हिर्निम. टेन्द আৰ্ क्राय छिनि त्मरे क्नार्टि चत्रः छक्न क्रिएं नहे द्रश् শ করিবার সময় ঐ ফল হইতে এক অনু-इहें क्रमनत्रम, ভাত্রবর্ণ কীট বহিগত হইল। রাজা লেই প্রত্য করিরা সচিবদিগকে কহিতে লাগিলেন. षदग्र ছাচলে গমন করিতেছেন, জাজি জার আমার अन्ति লোই। একণে এই কীট ভক্ষক হইরা আমাকে ज्ञान । कं। তাহা হইলে শাপেরও মোচন হয় এবং হয়। মন্ত্রীরাও কালপ্রান্ত্রিত

হইরা তাঁছার সেই বাক্যে অন্নোদন করিলেন। মরণোম্থ রাজার হবু দি তাঁটল। তিনি সেই কীট স্বীর গ্রীবার রাথিরা ছাসিতে লাগিলেন। কীটরূপী তক্ষক নিজ দেহ বারা তৎক্ষণাৎ রাজার গ্রীবাদেশ বেটন করিল। তথন রাজার চৈতন্য হইল। তক্ষক অতিবেগে রাজার গ্রীবা-দেশ বেটনপূর্ষক ভীবণ গর্জন করিরা তাঁহাকে দংশন করিল।

চতুশ্চত্বারিংশ অধ্যায়।

উপ্রশ্রমাঃ কছিলেন, মন্ত্রিগণ পাঞ্চাকে তক্ষকের শরীর ম্বারা বেষ্টিত দেখিরা বিষয় বদনে ও হুঁ:খিত মনে রোদন করিতে লাগিলেন। তদনস্তর তক্ষকের সেই ভয়ন্ধর গর্জন अवरा जी उ इरेब्रा मिहान इरेट भनावन कतिलन। তাঁহারা পদারনকালে গগনমগুলে দৃষ্টিপাত করিয়া দেখি-লেন, ভুজন্বাজ তক্ষক দীপ্তাগ্নি-শিখাদদুশ স্বীর শরীর দ্বারা নভোমগুল দ্বিশুভিত করিয়া স্বতিবেগে গমন করি-তেছেন। পরিশেষে সেই একস্তম্ভ পুত তক্ষকের বিবায়ি ষারা প্রজ্বিত হইয়া উঠিল। মন্ত্রিবর্গ তদর্শনে শ্রাকুলিত-চিত্তে ইতন্তত: প্লায়ন করিতে লাগিলেন, এবং রাজাও বজাহতের ন্যার ভূপুঠে পতিত চু মৃদ্ধিত হইলেন। রাজা পরীঞ্জিৎ এইরপে তক্ষকদংশনে প্রাণত্যাগ করিলে ভদীয় মদ্রিপণ ও রাজ্পুরোহিতগণ সমবৈত হইয়া ভাঁহার পার-ত্রিক ক্রিরাকলাপ সম্পাদন করিলেন। পরে পুরবাসী সমস্ত প্রজাগণকে একত করিয়া তাঁহার শিশু পুত্রতে পিতরাজ্যে অভিবিক্ত করিলেন। ঐ অমিত্রবাতী কুরুপ্রবীর মূপাত্ম-**८कात नाम केनटमर्कत ।. क्रान्टर**गाउँ ७२ महामिक জর শিশু হইরাও মন্ত্রিগণ ওঁ-পুরোহিতগণের সঞ্জি ইটিল। করিরা আপন প্রপিতামহ ধর্মাত্মা বৃধিষ্ঠিরের ন্যান্ত্র রপে রাজ্-শাসন করিতে লাগিলেন। অনত नवीन बाबाब बाबकार्या मण्यानत्न विनक्ती हिलाहि, জিমমাছে দেখিয়া, তাঁহার পরিণমার্থে কাশীসা বর্মার নিকটে গিরা তদীর কন্যা বপুটমাকে াবিয়া লেন। কাশীষ্প সেই কুকপ্রবীরকে বেদ্ধি वश्रदेश धारान कतिराम । ताका कनरमकत्र ললামভূতা নিত্তিনীকে পাইয়া পর্ম পরিঞ্জ

হইলেন্। তিনি কলাচ জান্য রমণীর প্রতি কটাক্ষপাত ও করিতেন না। পূর্বকালে পার্ছিবাগ্রণী পূরুরবা বেমন উর্বাধীকে পাইরা তাঁহার সহিত বিহার করিরাছিলেন, তক্রপ ইনিও সেই মনোহারিণী বরবর্ণিনীকে পাইরা করাচিৎ স্থরম্য সরোবরে, কলাচিত বিচিত্র উপবনে, ক্রাধার সহিত বিহার করিরা পরমন্থথে কাল্যাপন করিতে লাগিলেন। রপলাবণ্যবহী পভিত্রতা বপুটমাও বিহারকালে সাতিশর প্রেম প্রদর্শন হারা প্রিরপতিকে বৎপরোমান্তি সম্ভট্ট করিতেন।

পঞ্চত্বারিংশ অধ্যায় ৷

উত্তপ্র কহিলেন, এই সময়ে মহাতপ্ত জর্ৎকার মুনি বায়ুমাত্র ভক্ষণে শীর্ণকলেবর হইরা তপোফুঠান ও পুণাতীর্থে স্থান করিয়া অবমীমগুল পরিভ্রমণ করিতেন এবং যে স্থানে সায়ংকাল উপস্থিত হইত সেই স্থানেই অব-স্থিত করিতেন। একদা তিনি প্রাটনক্রমে এক স্থানে উপস্থিত হইরা দেখিলেন, নিরাহারে শীর্শকলেবর, বায়-মাত্রভোজী, পরিত্রাণেচ্ছু অতি দীনভাবাপর,স্বকীর পিতৃ-গণ উৰ্দ্ধপাদ ও অধোমগুকে ত্ৰুমাত্ৰাবশিষ্ট উশীরস্থ অবলম্বন করিয়া এক মহাগর্ভাভিমুথে লম্মান রহিয়াছেন। ঐ গত্তে এক প্রকাও মৃবিক বাস করে। গে প্রতিদিন त्रहे दीव्र**ण्डाक्षत मृ**ण मळण क्राम क्राम क्राम कवि-তেছে। মহর্ষি জরৎকার তাহাদিগকে নিতাত দীন-ভাবাপর ও পরিত্রাণেচ্ছু দেখিয়া দরার্দ্রচিত্তে জিজ্ঞাসা क्रित्नम, जापनाता (क এवः कि निमिन्नहे वा अहे छे भीत-खन अवनवन कतिया केर्नाम • ७ अट्यामूट्य मेक्श्वार्छा-ভিমুখে ব্যমান রহিয়াছেন ? আপনাবা বে উশীর্টছয অবলম্ম করিয়া আছেন উহার একমাত্র তত্ত অবশিষ্ট আছে। এই গৰ্ন্তনিবাসী সুবিক তাহাও ক্ৰমে ক্ৰমে চেদন করিছছে। ইহা ছিল হইলেই আপনারা এই গর্জমধ্যে কি বে উপেতিত হইবেন। আপনাদের এই ছর্দশা দর্শনে मरमन कतिराम **कामिंग इःथ इंटे**एक । जास्का करून निर्कित कतिन, गरमह नां। कतिन ? स्थापात छल्छात हरूर्थ-মুজভাগ দইয়া বদি আপ-

মুক্তাগ লইয়া যাদ আপ-ি হইতে পারেন, লউন। অধিক কি কহিব, যদি সমগ্র তপদ্যা দ্বারাও আপনাদের এই হংসহ হংগ নিবারণ হর, তাহাতেও আমি সমূত আছি।

পিড়গণ তাঁহার দেই বাকা শ্রবণ করিয়া কহিলেন, হে বুটু বৃদ্ধানির ় ভূমি তপঃ প্রভাবে আমাদিগকে পরি-ত্রাণ করিতে চাহিতেছ, কিন্তু তপসাা দ্বারা আমাদিগকে উদ্ধার করিতে পারিবে না। আমাদিগেরও তপঃসিদ্ধি আছে। কেবল বংশক্ষোপজ্ম হইয়াছে বলিয়া আমরা এই অপবিত্র নরকে নিপতিত হইতেছি। **দর্বলোক** পিতামত ব্রহা কতিয়াছেন "সম্ভানত প্রম ধর্ম।" আমর। এই গতে লক্ষান হট্যা ২তজ্ঞান হট্যাছি, ভ্রিমিত্ত তোমার পৌরুব সর্বলোক বিশ্রুত হইলেও তোমাকে চিনিতে পারিতেছি ন।। তুনি আমাদিগের ছঃখদশনে মাতিশ্র কাতর হইরাছ, অতএব তোমাকে পবিচয় প্রদান করিতেছি, এবণ কর। আমরা বাষাবর নামে ব্রতশীল আবি, সম্ভানক্ষরের উপক্রণ হওয়াতে এই প্রিক্ত লোক হইতে ভ্রষ্ট হইতেছি। আমাদের ফঠোর তপস্যার ফল অদ্যাপিও বিনষ্ট হয় নাই। আমাদের জরংকাঞা নামে এক সন্তান আছেন। তিনি বেদ বেদান্ধ শাস্ত্রে পারদর্শী, নিয়তাত্মা, ব্রতনিরত ও তপঃপ্রভাব-সম্পর। কিন্তু তাঁহার থাকা না থাকা উভর সমান হইয়াছে। তাঁহার স্ত্রীপুত্র বন্ধুবান্ধৰ কেছই নাই। কেবল কঠোর তপদ্যা করিয়াই কাল্যাপন কুরেন। তিনি তপ্দ্যা-লোভে নিতাম্ভ আক্রান্ত इल्प्याटल्डे चामानिर्गत वह इर्फ्ना चित्रारह। वह रय উभीतक्षत्र (पिंटिक, देश कामात्मत वश्यवर्षक कृतक्ष । আর ইহার যে সঁকল মূল দেখিতেছ, উহা আমাদিগের কাল ক্সুলিত সম্ভান-সমূহ। অদ্ধ ভক্ষিত যে মূলটি আমরা অবস্থান করিয়া আছি, উহা সেই তপোনিষ্ঠ জরৎকার। আর এই যে মুবিক দেখিতেছ, ইনি মহাবল পরাক্রান্ত कान। देनि त्रारे छ लामुक, मृहमिंड अत्र काकरक क्य কবিতেছেন। জরৎকারুর কঠোর তপস্যা আমাদিগকে রক্ষা করিছে পারিবে না। আমরা অভি মন্ডাগ্য, আমাদিগের মূল ছিরপ্রায় হইরাছে। এই দেখ আমরা কলোপহতচিত হইরা ছ্রাম্মাদিলের ন্যায় অধংপতিত হইতেছি। আমরা স্থান্তবে এই গৰ্ছে পতিত হইলে তাঁহাকেও কালনিয়ন্ত্ৰিত হইবা নিরম্পামী হইতে হইবে। হে ব্রহ্মন ! কি তপস্যা, কি

যক্ত কি অন্যান্য পুণ্যকন্ম, সম্ভানের সনৃশ কিছুই দেখিতে পাই না। ছে বংস! এক্ষণে ভূমি আনাদের নাথবরণ। তোমার সহিত সেই মৃত্মতি জরকার্মর সাক্ষাংকার হইলে তাহার নিকট আমানিগের এই ছর্দশা বুস্তান্ত আদ্যোপান্ত পরিচয় দিবে এবং কহিলে ভূমি ত্রায় দার-পরিগ্রহ করিয়া সন্তানোৎপানন দারা তাঁহাদিগের পরিআাণ কর। সে যাহা হউক ভূমি যে আমাদের ছর্দশা দেখিরা পরম বন্ধর ন্যায় অনুতাপ করিতেছ, তরিমিত

উগ্রশ্রঃ কহিনেন, অরংকাক ঠাহাদের এই বাকা শ্রবণে সাতিশর শোকার্ত্ হইরা স্বাম্প গণ্যদম্বরে কহিতে লাগিলেন। হে নহর্ষিগণ! আপনারা আমারই পূর্ব্ব পুরুষ; আমিই আপনানিগের সেই পাপায়া, নরাধ্ম ও কৃত্যু পূজ; আমার নাম জরংকাক। সম্প্রতি আপনা-, দিগের কি প্রিয় কাষা করিতে হইবে, আজ্ঞা কটন এবং আমার এই অপরাধের ব্পোচিত দ্ভবিধান করন।

ষট্চত্মারিংশ অধ্যায়।

পিতৃগণ কহিলেন, বংস ! আমাদিগের সৌভাগ্য-বলে
তুমি যদৃচ্ছাক্রমে এই স্থানে আসিয়া উপস্থিত হইয়াছ,
এক্লণে জিজ্ঞাসা করি, ভূমি কি নিমিত্ত দারপরিগ্রহ কর
নাই ? জরংকাক কহিলেন, হে পিতৃগণ ! আমার মনে
সর্বাদাই এই ভাব উদিত হয়ৢ৹য়ে আমি উর্দ্ধরেতাঃ হইয়া
ব্রহ্মচর্যা অবলম্বনপূর্বক দেহ ত্যাগ করিব, কদাচ দার
পরিগ্রহ করিব না। এক্ষণে আপনাদিগকে এই মহাগর্ভমারে বায়র লক্ষ্মানী দেখিয়া আমার ব্রহ্মচর্যার

র নাগ লম্বুমান দেখিয়া আমার একচর্য্যের

নীত হইল। আমি আপনাদের হিতসাধনার্থে

বাহ করিব, কিন্তু তুদিবয়ে এই এক প্রতিজ্ঞা

নদি আমার সনামী কন্যা ভিকা-স্বরূপ প্রাপ্তহাকে ভরণপোষণ করিতে না হর, তাহা হুইল

পাণিগ্রহণ করিব, প্রকারান্তর হুইলে ভদ্দিইব না। আমার সেই পদ্দীর গর্ম্ভে যে প্রে

আপনাদিগকে উদ্ধার করিবে। হে পিতামহা

নাপনারা অক্ষয় স্বর্গলাভ করিয়া প্রয় স্থ্যে

রিতে পারিবেন।

বা

আ.

রছি হই

লেই

ষয়ে

कन्त्रि

न् ।

উগ্রহ্মবাঃ শৌনককে সম্মোধন করিয়া কহিলেন, ছে ভৃত্তবংশাবতংস। মহর্ষি জ্বরংকাক্ষ এইরূপে পিতৃ-গণকে আখাদিত করিয়া সমস্ত মহীমগুল ভ্রমণ করিতে লাগিলেন। কিন্তু তিনি বুদ্ধ বলিয়া কেহই তাঁহাকে कना। धनात्म উनाज इडेन ना । यथन जिनि शिज्गात्म व আদেশামুদারে বিবাহ করিতে ক্রতসকল হইয়াও তৎ-সম্পাদনে কৃতকার্য্য হইতে পারিলেন না, তথন ছঃখার্ডমনে অরণ্যানী প্রবেশপূর্বক উচ্চৈঃম্বরে রোদন করিতে লাগি-लन। পরিশেষে পিতৃলোক-হিতৈষী মহাপ্রা**ন্ত** জরং. কারু এই বলিয়া ক্রমে ক্রমে তিনবার কন্যা ভিক্ষা করি-লেন, "এম্থানে যে কোন স্থাবর বা অস্থাবর বস্তু বর্তমান আছ অথবা বাহারা অন্তর্হিত আছ, সকলে আমার -বাক্য শ্বণ কর। জামি যায়াবর বংশে সমুদ্<u>ভত।</u> আমার নাম জেরৎকারু। জন্মাবধি এতাবৎ কাল পর্যান্ত কেবল ব্রহ্ম-চর্যামুষ্ঠান দ্বরো কাল্যাপন করিয়াছি। সম্প্রতি আ্নার পিতৃগণ বংশলোপভাষে আমাকে পাণিগ্রহণ করিতে আদেশ দিয়াছেন। আমি অত্যন্তদরিদ্র-ইইয়াও পিতৃগণের আজাক্রমে দারপরিগ্রহাভিলাষে নিথিল ধরণীমাওল প্রি द्यभ्य कविनाम किन्दु कुर्काणि कनाःनां छ रहेन मा । अठ-এব একণে আমি বাঁহাদের নিকট কন্যা প্রার্থনা করি তেছি তাঁহাদের নধ্যে যদি কোন ব্যক্তির মং স্নামী চুহিত্যু থাকে, আরু যদি আমাকে সেই কন্যা ভিক্ষা-স্বল্প শৃশ্রদান করেন এবং তাছাকে যুদি ভরণপোষণ করিতে না হয় ভাবে আনমূল করুল,আমি তাহার পাণি গ্রহণ করিব।"

শনস্তর যে সকল সর্প জরৎকার র দারপরিগ্রহাতিলাবের অনুসন্ধানে নিযুক্ত ছিল, তাহার। সহর যাইয়া বাস্থিকি সংবাদ দূল। নাগরাজ বাস্থিকি তাহারে র মুখে এই বাক্য প্রবণ করিবামাত্র সাতিশয় সাজোষ্ প্রকাশ প্রকাশ বিশ্ব জিলানাক বিচিত্র বসন্ভ্রণে বিভূষিত করিব সর্প্রকাশ সরিধানে লইয়া গেলেন, এবং তাহাকে জিলানাক বিশ্বে সন্দিহান হইয়া লাখি বিশ্বে সন্দিহান হইয়া লাখি বিশ্বে সন্দিহান হইয়া লাখি বিশ্বে সন্দিহান এবং বাস্থিকি ভাহার নাম জিলানা করিলেন এবং বাস্থিকি ভাহার নাম জিলানা করিলেন এবং বাস্থিকি বাস্থিকি করিবে পারিব নাম করিবে পারিব নাম করিবে পারিব নাম করিবে পারিব নাম করিবে ভাহার ভ্রণপোষণ করিবে পারিব নাম করিবে ভাহার ভ্রাছিবেন।

সপ্তচত্বারিংশ অধ্যায়।

উগ্রশ্রাঃ কহিলেন, নাগরাজ বাস্থ্য জরৎকারুকে কহিলেন, হে তপোধন। আমার এই ভগিনী আপনার, সনায়ী এবং ইনি তপঃপরারণা। আপনি ইহার পাণিগ্রহণ করন। আমি ইহাকে আপনকার সহধর্মিণী করিয়া দিব বলিরাই এতাবৎকাল পর্যান্ত অভিলাষ করিয়া আছি। আর অঙ্গীকার করিতেছি আমি সাধ্যান্ত্রসারে ইহার ভরণপোষণ ও রক্ষণাবেক্ষণ করিব। ঋষি কহিলেন, তবে এই নিশ্চয় হইল যে, আনি কদাচ ইহার ভরণপোষণ করিব না এবং ইনিও আমার কোন অপ্রিয় আচরণ কবিবেন না, যদি করেন ভাছা হইলে তৎক্ষণাৎ পরিজ্ঞাগ করিব।

বাস্থকি ভগিনীর ভরণপোষণের ভার গ্রহণ করিলে মহাতপাঃ জবৎকাক তাঁছার বাসভবনে গমন কবিয়া যণাবিধানে তদীয় ভগিনীর পাণিপীতন কবিলেন। বিবাহ-কালে মহর্ষিগণ উটোকে স্তব করিতে লাগিলেন। অনস্থর জরংকাক ভার্যা-সমভিবাাহারে ভুক্তস্বাজেব রমণীয় অস্তঃপ্রে প্রবেশপূর্বক স্তচাক আন্তরণ-পটে আচ্ছাদিত বিচিত্র শ্বাার শ্বন করিলেন। পরে ভার্যার সহিত এইরপ নিয়ম করিলেন যে, তৃমি কদাচ আমার অপ্রেয় আচরণ করিবে না, অপ্রিয় কীর্য্যের অন্তর্গন করিলে আমি তদ্ধপ্রেই তোমাকে পরিত্যাগ করিব ওুতদীর বাস্তৃহে আর ক্ষণমাত্রও অ্বস্থিতি করিব না। দেখিও যাহা কহিলাম যেন কদাপি ইছার অন্যথা না হয়। পিতৃ-কুল ছিতৈবিণী নাগ-বাজ-ভাগনী অতিমাত্র ঘুংথিত ও উদ্বিধ চিত্তে অগত্যা তথান্ত বলিয়া স্বামী-বাক্য অস্কীকার করি-লেন, এবং অতি সতর্কমনে ভার্ত্বশ্রেষা করিতে ক্রিগোলন।

কিরৎকাল পরে ভ্রুক্সরাজভাগিনী ঋতুস্সাতা হই এথা বিধি স্বামিসেবার নিযুক্ত হইলেন। মহর্ষির সহযোগে তাঁহার গার্ত্ত সঞ্চার হইল। ঐ গার্ত্ত ক্রপক্ষীর শশিকলার ন্যার দিন দিন পরিবর্দ্ধিত হুইতে লাগিল। একদা মহাযশাঃ জরৎকাক একান্ত ক্রান্ত হইরা প্রিয়তমার অভ্নয্যায় শিরঃনিবেশপুর্বাক শ্বিত ও নিজিত হইলেন। দিজেক্র নিজাক্রান্ত হইলে দিন-মণি অন্তাচলে গমন কবিলেন। মনস্বিনী নাগভগিনী সায়ং-কাল উপন্থিত দেখিয়া স্বামীর তৎকালোচিত সন্তা বন্দ-নাদি ক্রিয়ালোপের আশক্ষায় চিন্তা করিলেন, সম্প্রতি

আমার কি কর্ত্তব্য, ভর্ত্তার নিজ্ঞাভঙ্গ করি কি না ? ইনি অতি কোপন-স্বভাব, নিদ্রাভঙ্গ করিলে নিশ্চয়ই কোপ করিবেন। কিন্ত জাগরিত না করিলেও নিত্যক্রিয়ার ব্যতি-ক্রম ঘটে। আবত্তীব একণে কি করা উচিত। ফলতঃ ক্রোপ প্রধার্মশীল বাক্তির ধর্মলোপ এই ছইএর মধ্যে ধর্মলোপই নিতাম্ভ দ্যণাবহ। অতএব বাহাতে ব্রাহ্মণের ধর্মারকা হয় তাহাই করা কর্ত্তবা। এইরপ নিশ্চয় করিয়া মধ্রভাষিণী বাস্থকি-ভগিনী জলস্কতভাশন-সমিভ তেজঃ-পুঞ্জাক্তি স্থপ্রস্থ মহতেপাঃ জরৎক্রেকে সম্বোধন कतिता अठि विभी उ वहरन कहिलन, महाजा प्रशासिव অন্তাচল-শিথর দেশে আরোহণ করিয়াছেন। সন্ধ্যাতিমির পশ্চিম্দিক অল্প অন্ত আচ্চন্ন করিতেছে। গাঝোখান করিয়া সন্ধ্যোপাদনা করন, অধিহোতের দমর উপস্থিত। ভর্ম বান জরংকার জাগরিত হইয়া ওঠাধর পরিক্রণপূর্বক রোষভরে কহিলেন,হৈ ভুজস্বনে ৷ তুমি আনার অবমাননা করিলে অতএব আনি আর তোমার নিকট অবস্থিতি করিব না, যথান্তানে গমন করিব। ইে বামোর । আমার এরপ দৃঢ় নিশ্চর আছে, আমি নিদ্রাভাবস্থার থাকিলে সূর্যোর সাধা কি যে তিনি হথাকালে অন্তগত হন। অপ-মানিত হইলে গামানা লোকেও তথায় বাস করে না, আমার বা মাদৃশ ধর্মশীল ব্যক্তির কথা কি বলিব।

তদীর এতাদৃশ নির্দ্ধ বাকা শ্রবণে বাস্থকি ভগিনী কহিলেন, ভগ্বন্ ! ধর্মলোপের আশকার আনি আপনকার নিজাভক করিয়াছি, অপমানের উদ্দেশে করি নাই। তখন করৎকার ক্রোধাবিষ্ট হইরা ভার্যা পরিত্যাগ-বাসনার বলি লেন, হে ভ্রুক্সমে ! আমার কথা মিথ্যা হইবার নহে. আমি অলাই এছান হইতে প্রস্থান করিব। আমি ত পূর্ব্বেই তোমার সহিত এইরপ নিরম করিবাছিলাম। অভএব হে ভল্লে! এত দিন তোমার নিকট পরমন্থপ ছিলাম, একণে চলিলাম; আমি গমন করিলে তোমার লাতাকে বলিও সেই মুনি গমন ক্রিয়াছেন এবং তুমিও মদীয় অদর্শনে শোকাভিভ্তা হইও না।

তাঁহার এই দারুণ কথা শুনিয়া নাগ-স্থসা জরৎকারুর মুধ শুদ্ধ হইল ও হৃদর কম্পিত হইতে লাগিল। পরি-শেষে তিনি ধৈর্যাবলম্বাক বাস্থাকুল লোচনে ও গদ্যদ্বচনে কুডাঞ্জলিপুটে নিবেদন করিলেন, হে ধর্ম্ম ।

নিরপরাধে আমাকে পরিত্যাগ করিও না। আমি কখন অধর্মাচরণ করি নাই এবং প্রাণপণে আপনকার প্রিয়কার্য্য ও হিতামুটান করিয়া থাকি। ভ্রাতা যে অভিসন্ধি করিয়া আপদার হতে আমাকে সম্প্রদান করিয়াচেন, ত্রদুষ্টক্রমে আমি অদ্যাপিও তাহা প্রাপ্ত • হইলাম না। তিনিই বা আমাকে কি বলিবেন। আমার জ্ঞাতিবর্গ মাতুশালে অভিত্ত আছেন: আপনকার ঔরসে আমার গর্ম্ভে একটি প্ত জন্মিবে এবং ঐ পুত্র হইতে তাঁহাদিগের শাপমোচন ∎ইবে, এই তাহাদিগের অভিপ্রেত, কৈ তাহার o ত কোন বিশেষ চিহ্ন দেখিতে পাইতেছি না। অভএৰ একণে যাহাতে তাঁহাদিগের ঐ মনোরথ নিক্ষল না হয় তাহা সম্পাদন করুন। হৈ ভগবন্! আমি জাতিবর্গের হিত-সাধনে প্রবৃত্ত হইয়াছি, আমার গুতি প্রসন্ন হউন। এই অপরিফুট গর্ত্তাধানপুক্ষক নিরপরাধে আমাকে পরিত্যাগ করিয়া কোথায় গমন করিবেন। নহর্ষি জরৎক্রারু সহ ধর্মিণীর এইরূপ অন্ধরূপ বাক্য শুনিয়া কহিলেন,হে স্কুভগে। তোমীর গর্ডে পরম ধার্ম্মিক বেদবেদাক্ষ-পারগ অগ্নিকল এক ঋষি জন্মিবে, এই ৢবলিয়া অতি কঠোর তপশ্চরণে কৃতনিশ্চয় হুইয়া দে স্থান হইতে প্রস্থান করিলেন।

वकेठ इंदिश्य व्यथाय ।

উগ্রশ্র কহিলেন,হে তপোধন ৷ অনন্তর নাণ্ড্রিতা ভাতৃদ্বিধানে আগমন করিয়া অভতার গমনবৃত্তান্ত चामािशास नियमन कवित्वन । उथन छुक्रकाक वास्त्रिक অতিশয় অপ্রিম সমাদ শ্রবণ করিয়া যৎপরোনান্তি পরিতাপ भारे कि अब कि हिला ने अब ! আমি যে অভিপ্রায়ে রৎকাক-হতে সম্প্রদান করিয়াছিলাম, বোধ ে হা াহা সমাক্রণে অবগত আছ। যদি তাঁহার कि ात मञ्जान छेरशत क्या ठाहा हरेला मर्शाम्रशत खेत्रद कांद्र मर्निटन, व्यर्थाएं के शूख दाङा कराय স্বি ১ হইঙে আমাদিগকে পরিত্রণে করিবে; स्टब তামহ ভগবান ব্ৰহ্মা, পূৰ্বেদেবগণের নিকট সর্ব্ব য়োছিলেন, অতএব জিজাদা করি, দেই মুনি এই : র গরসঞ্গর হইয়াছে কি না ৫ আমার এই इहे(দেশা এই যে, জরংকারকে ভগিনী সম্প্রদান नि क

করা কতদ্র সকল হইল জানিতে ইচ্ছা করি। নতুবা তোমাকে জামার এরপ প্রশ্ন করা কোনক্রমেই ন্যাব্য নহে,কিন্তু কি করি নিতান্ত গুরুতর কার্য্য বলিয়াই অগত্যা এরপ অস্কৃতিত প্রশ্ন করিতে হইল। তোমার ভর্ত্তা তপ-স্যায় একান্ত অস্কুরক্ত ও নিতান্ত রোবপরবশ, বোধ করি আমি অসুনর করিলেও তিনি প্রতিনিবৃত্ত হইবেন না। বরং আমাকে অভিসম্পাত করিলেও করিতে পারেন। এই নিমিত্ত আমি তাঁহার অসুগমন করিতে চাহি না। অতএব হে ভল্তে! তোমার ভর্ত্বতান্ত, আদ্যোপান্ত পরিচ্ন্ন দিন্ন। আমার চিরপ্রোত ক্লের্শন্য উন্ধানিত করী।

ভারৎকারু নাগরাজ বাস্থাকিকে আখাস প্রদানপূর্বাক কহিলেন, ব্রাভঃ! সেই মঁহাত্মা বংকালে গমন করেন তথন আমি পুত্রের নিমিত প্রার্থনা করিরাছিলাম। তংশরে "কন্তি" অর্থাৎ আমার ঔরসে তোমার গর্ত্তসঞ্চার হইনাছে, এই উত্তর দিরা তিনি প্রস্থান করিবান। আমি তাঁহাকে ব্রহক্তমেও মিথা কহিতে শুনি নাই, স্থতরাং এরপ বিষয়ে কথনই মিথা কথা কহিবেন না। তিনি গমনকালে আমাকে কহিলেন, হে ভ্রক্তমে। আমি নিক্রান্ত হইলে তুমি আমার নিমিত্ত মন্তাপ করিও না। অগ্রিসমপ্রদীপ্ত প্রত্যার ন্যার তেজ্বী তোমার এক পুত্র উৎপন্ন হইক্তির আত্মার কেই মনোছংখ দূর হউক। বাস্থাকি তথান্ত বলিয়া ভগিনী ব্রাকা স্বীকার করিলেন এবং আহ্লাদ-সাগরে মন্ন হইরা মধ্র সন্তারণ, সন্মান ও প্রার্থনাধিক অর্থদানে ভাহাকে সন্তই করিলেন।

অনন্তর সেই মহাপ্রভাবশালী গর্ত শুক্লপন্ধীর শশধরের ন্যার দিন দিন পরিবর্জিত হইতে লাগিল। পরে
নাগ-ভগিনী জরৎকাক যথাকালে পিতৃ যাতৃ উজ কুলের
ভরাপহারক দেবকুমার-সদৃশ এক কুমার প্রমার করলেন।
ঐ কুমার নাগরার্জ-গৃহে অবস্থিত থাকিয়া আলিত
ভুইতে লাগিলেন, এবং দ্বীর অসাধারণ বৃদ্ধিনা বাল্যকালেই ভূগুনন্দন চ্যবনের নিকট নিশ্বিল বিদ্বাদি
অধ্যয়ন করিলেন। তাঁহার গর্ত্তাবহান-কালে
ভাতি ধলিয়া প্রস্থান করিয়াছিলেন এই ভিনি
আতীক নামে বিখ্যাত হইলেন। বাহ্যকি

করিতে লাগিলেন। তিনিও দিন দিন পরিবর্দ্ধিত হইয়া নাগকুলের আনন্দ বর্দ্ধন করিতে লাগিলেন।

একোনপঞ্চাশত্তম অধ্যায়।

শৌনক কছিলেন, রাজা জনমেজয় পিতার সুর্গারোহণ বুজাস্ত মন্ত্রিগণকে বেরূপে জিজ্ঞাসা করিয়াছিলেন, হৈ সূত-নৰ্ম। তুমি একণে তাহা স্বিস্তরে কীর্ত্তন কর। উগ্র-अवाः कहिलान, ८२ विकास ! त्राका जनसम्बद्ध रव क्षकारत মন্ত্ৰীদিগকে পিতার নিধনবার্তা ক্ষিক্তাদা কংখন এবং তাঁহারা ষেরপে সেই বুভাস্ত বর্ণন করেন তাহা কহিতেছি. खेरन कक्रन। এकना बाजा जनस्मवत्र चीत्र महीनिशत्क কহিলেন, হে অমাত্যগণ। তোমরা আমার পিতার নিধন-বুড়ান্ত সমুদায় জান, একণে জামি তোমাদিগের নিকট তাহা আদ্যোপান্ত শ্ৰবণ করিয়া বথোচিত প্রতিবিধান চেষ্টা ধার্মিক ও প্রেক্তাসম্পন্ন 'অমাতাণ্ণ মহারাজ জনমেল্য কত্ৰি এইরপ অভিহিত হইয়া কহিলেন, রাজন ৷ আপনকার পিতা নহাত্মা পরীকিতের যেরূপ চরিত্র ও তিনি যে প্রকারে লোকাস্তরে গমন করিয়াছেন তাহা কীর্ত্তন করিতেছি, প্রবণ করুন। ধর্মাত্মা প্রবল পরাক্রান্ত রাজা পরীক্ষিৎ মূর্জিমান ধর্মের ন্যায় প্রজা-পালনপূর্ব্বক ভগবতী ভূতধাত্রী 🗭 রক্ষা করিতেন। তদীয় অধিকার কালে ত্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শুদ্র এই চারিবর্ণ স্ব স্ব ধর্মে অনুরক্ত ছিলেন। তিনি কাহারও বেষ্টা ছিলেন না এবং তাঁহার প্রতিও কেহ বিছেষ করিছ না। তিনি প্রজাপতির ন্যায় সর্বভূতে সমদর্শী ছিলেন এবং বিধবা, विकलाल, खनाथ, मीन, महिज्ञमिनक उत्रन्तावन कहि-**८७न। उमीय करलवत विजीय अभयरतत नाम् स्मारकत** প্রেরদর্শন ছিল। মছারাজ প্রীকিং শার্রং হই।ত ধ্যু-কোঁদ শিক্ষা করেন ও ভগবান ভৃতভাবন বাস্থলেবের অতি প্রেরপাত ছিলেন। প্রজাগণ সকলেই জাহার প্রতি সবি-भिव अबुबक्त हिल। कुंककूल পরिकीन इहेटल आপনকার পিতা, অভিমন্তার প্রবাদ উন্তরার গর্কে উৎপন্ন হরেন; এই নিষিত্ত তাঁছার নাম পরীক্ষিৎ হইয়াছিল। তিনি রাজধর্মে স্থানিপুণ, নীতিশাল্তে পারদর্শী, জিডেক্সিয়, মেধাৰী এবং বড় वर्ग विष्कुछ। ছিলেন। রাজাধিরাজ পরী-কিৎ বৃষ্টিবর্ষ বয়ক্রম পর্যান্ত প্রজাপালন করিয়া সংসার-

লীলা সম্বরণ করেন। তদীয় নিধনকালে সকলেই শোকা ভিতৃত হইয়াছিলেন। তৎপরে আপনি কুলজেমাগত এই রাজাতর ধর্মতঃ লাভ করিয়াছেন, এবং অতি শৈশবা বস্তাতেই রাজ্যে অভিবিক্ত হইয়া সহস্র বংসর প্রজাবর্গ শাসন্ক্রমিতেছেন।

জন্মেজয় কহিলেন, মদীয় পূর্বে পুরুষদিগের বিচিত্র টারিত্র পর্য্যালোচনা করিয়া দেখিলে বোধ হয়, এই বংশে এমত কোন রাজা ছিলেন না যে তিনি প্রজাবর্গের প্রিয়-কার্যা সম্পাদন না করিতেন। অতএব আমার পিতা তথাবিধ রাজা হইয়াও কি প্রকারে বিনাশ প্রাপ্ত হইলেন তাহা যথার্থরূপে বর্ণন কর, আমি শ্রবণ করিতে বাসন্। করি। রাজার প্রিয়হিতাভিলাধী মন্ত্রিগণ তদীয় আদেশ-ক্রমে পরীক্ষিতের নিধনবুত্তান্ত যথাবৎ বর্ণন করিছত बादस्र कतित्वन । छांशांत्रा कहित्तन, मशांतां । व्यापन-কার পিতা পাওুরাজার নাার অসাধারণ ধহুর্দ্ধর ও মুগরা-তংপর ছিলেন। একদা তিনি আমাদিগের প্রতি সমস্ত দান্রাজ্যের ভারার্পণ করিয়া মুগয়ার্য অরণ্যানী প্রবেশ-পৃক্ষক শাণিত বাণ দ্বালা একটি মুগকে বিদ্ধ কৰিয়া-ভিলেন। বিদ্ধ করিয়া অন্ত শস্ত্র সহিত অতি সহরপদে তাহার অমুসরণে প্রবৃত্ত হঠলেন। কিন্তু পলায়িত বাণ-विम मुश्रंत किछ्टे अञ्चलकान कतिए भातित्वन ना । ७९-কালে তিনি ষ্টিবর্ষ-বয়ত্ব ও অতি জীর্ণকলেবর হইয়া ছিলেন, এই নিমিত্ত অতি অলকালের মধ্যে একান্ত ক্লান্ত ও কুংপিপাসার নিতান্ত আক্রান্ত হইলেন। পরে ইতন্তত: পর্য্যটন করিতে করিতে অরণ্যমধ্যে এক মূনিকে দেখিতে পাইলেন। ঐ মুনি মৌনব্রতাবলম্বনপূর্বক একতান-মনে ধ্যান ক্সতেছিলেন। বাজা তাঁহার নিকট উপনীত হুইফ মুগের কথা জিজ্ঞানা করিলেন। কিন্তু তিনি কিছুই প্রভাত্তর করিলেন না। রাজা কুধার্ত ও পিপাসার্ত ছিলেন, স্থতরাং তিনি মুনিকে উত্তরদানে পরাত্মথ দেখিয়া ত क्नोर क्वाथाविष्ठ इहेलन, वरः छाहा क श्रीकारवाधिक ना क्रिक्स द्वाबादवम প्रकामशृक्षक ध्वाडल इहेटड धरू-ছোটি ছারা এক মৃত দর্প উদ্ভ করিয়া দেই শুদ্ধচিত্ত म्निवरतत्र इक्षामाण निर्माण कतिरामा। কিছুই না বলিরা অকুর-চিত্তে ক্ষরে মৃত দর্প ধারণপূর্বক পূৰ্বাবং অবস্থিত রহিলেন।

পঞ্চাশতম অধ্যায়।

অমাত্যগণ কহিলেন, মহারাজ ৷ কুৎপিপাসার্ত্ত রাজা পরীকিৎ এইরপে সেই মূনির কল্পে মৃত সর্প নিক্ষেপ করিয়া স্থানগরে প্রত্যাগর্মন করিলেন। উক্ত ঋষির মহাবীৰ্য্যসম্পন্ন অতিকোপন-শ্বভাৰ শৃঙ্গী নামে এক গোগর্জ-সমূত্ত পুত্র ছিলেন। ঋষিকুমার প্রজাপতির আরাধনানম্বর তদীয় অনুমতি লইয়া ব্রহ্মলোক হইতে ভূলেকে প্রত্যাগমনপূর্কক স্থাসন্নিধানে নিজ পিতার অশ্মান বৃত্তান্ত প্রবণ করিলেন। তাঁহার স্থা কহিলেন, বয়সা ! তোমার পিতা একতান-মনে ধ্যান করিতেছিলেন, এই অবসরে রাজা ৢপরীকিং আসিয়া অকারণে তাঁহার স্বাদেশে এক মৃত সর্প নিক্ষেপপূর্বক প্রস্থান করিয়াছেন। মহারাজ । শৃসী অলবয়স্ত হটরাও প্রাচীন-প্রায় ছিলেন। তিনি স্থা মুখে নিজ পিতার এইরূপ অপ্যান বুতাস্ত শ্রবণ করিবামাত্র ক্রোধে অধীর হইয়া আচমনপূর্বক আপনার পিতাকে এই অভিসম্পাত করিলেন, "যে বাক্তি নিরপরাধে আমীর পিতার ক্ষমে মৃত সর্প নিকেপ করিরাছে, ছবিনহবীর্ঘা-সম্পন্ন নীগরাজ তক্ষক আমার বাক্যাত্রসারে সপ্তাহের মধ্যে সেই পাপাত্মাকে ভস্মসাৎ করিবে।" ঋষিকুমার এই অভিশাপ দিয়া স্থাকে সন্ধোধন করিয়া কহিলেন, বয়স্য। আলা আমার তুপঃ প্রভাবে দেখ। পরে শৃঙ্গী, পিতার নিকট আগমনপুর্বক স্ব দত্ত শাপরভাস্থ সমুদায় নিজেদন করিলেনী। 'তথন সেই সদাশয় মুনিবর নিরুপায় ভাবিয়া, সুশীল গুণসম্পন্ন शोत्रमूथ नामक शिवारक अहे कथा विवास जाशनकात পিত 🧖 কট প্রেরণ করিলেন, "আমার পুত্র ,আপনাকে অভি 'য়ুছে, নাগরাজ তক্ষক আসিয়া সপ্তাহের गरधा তেজঃ স্বারা আপনাকে দগু করিবে, অভ্তব হে ম ়া তুমি অদ্যাবধি সাবধান হও।" গৌরমথ উপনীত इहेबा विद्यामात्य श्रविवासन आहिता রাজ মৈ করিলেন। হে মহার্জি ! আপেন্কার পাত্ত পিত মন্তর বাক্য শ্রবণ করিয়া তক্ষকের ভয়ে সতত সাব: श्तन । সেই সপ্তম দিবস উপস্থিত হুইলে মহর্ষি ার নিকট আগমন করিতেছিলেন। ব্রাগাণ-

বেশধারী নালারাজ তক্ষক পথিমধ্যে তাঁহার সন্দর্শন পাইয়া জিজ্ঞাসা করিলেন, আপনি এত সম্বন্ধে কোথায় যাইতে-एकन. **এবং कि यान कतियां है** वा यांडेर उरहन ? কাশ্রপ কহিলেন, হে দ্বিজ! শুনিলাম অদ্য নাগরাজ তক্ষ কুরুরাজ পরীকিংকে দংশন করিবেন, আমি ভাঁচাকে আবোগা করিব বলিয়া অতি সত্ত্র তথার গমন कतिराजि । आभि मन्त्राय थाकिरन जनक जांशास्क मध कतिरा भातिरायन ना। विकत्नभी एकक कहिरायन, महर्ष ! আমিই সেই ভক্ষক। আমি তাঁহাকে দুংশন করিলে ভূমি কিছুভেই প্রতীকার করিতে পারিবে না। বুণা কেন কর্মভোগ করিবে। তুমি আমার অন্ত, বীর্যা দেখ, এই बिन्या नागतास भूतावछी अक वर्षेत्रक् मः मन क्रिलन। वनम्मिक पर्भनमावहे जन्मावर्णय रहेल ; नहर्षि अ विमान ्यान ७९क्न गांद छाञारक भून ब्लीविष्ठ कतिरान । ज्यन ভক্ষ বি ময়াবিষ্ট হইয়া কহিলেন, থবে ! তুমি কি অভি-नाद उथाय शमनं कति एड इ. वह विद्या डाहारक नाना-প্রকার প্রদোভন দেখাইতে গাগিলেন ৷ কাশ্যপ প্রত্যু-ত্তর করিলেন, আমি ধন লাভের প্রত্যাশায় তথায় গমন করিতেছি। তক্ষক,কাহলেন, রাজার নিকট যত ধনের আকাজকায় যাইতেছ, আমি তদপেকা অধিক দিতেছি, তুনি নির্ভ হও। তদীয় এতাদৃশ প্রমোদকর বাক্য শ্রবণ করিয়া কাশ্যপ আপনার অভিলানারুরূপ অর্থ গ্রহণপূর্ব্ধক প্রতিনির্ভ হইলেন। আদাপু নির্ভ ইইলে তক্ষক ছন্মবেশে প্রার্থে করিয়া ক্ষীর হঃসহ বিষবহ্লি ছারা প্রাসা-দোপবিষ্ট ধার্ম্মিক-বর জদীয় পিতাকে ভস্মাবশেষ করিলেন। তংপরে আপনি পিতৃরাজ্যে অভিষিক্ত ইইয়াছেন। মহারাজ। এই निमाकन तृत्वास आगता राजन निमन ও শ্রবণ করিয়াছি, তাহা আদ্যোপান্ত সমুদ্র নিজে কৈরি-লাম ? এক্ষণে আপনকার প্লিতার ও মহর্ষি উদ্ভাগ পরা-ভব বিবেচনা করিয়া বাহা, সমুচিত হয়, অবিকলে সাদন किंकने ।

রাজা জনমেন্ত্র পি ব লোকার্ত্র গম্পুর প্রাথ করিখা জিজাসা করিলেন (ছি জ্মাত্যগণ চুট্টিক যে বটরক্ষকে ভ্রসাৎ করিয়াছি কাশ্যপ ত ক্রম্পন জ্জীবিত করেন, এই অন্ত কণ তোমরা ক্র্যী এই বিবেচনা করিয়াছিল যে, আমি রাজাকে দংশন করিলে, কাশ্যপ মন্ত্রলে তাঁছার প্রাণরকা করিতে পারিবেন সংশর নাই; স্নতরাং আমাকে সর্বলোকের উপহাসাস্পান হইতে হইবে, অতএব এই ব্রাহ্মণকে পরিতৃত্তি করিয়া প্রতিনির্ত্ত করাই শ্রেয়:কর। সে বাহ্ম হউক এক্ষণে আমি এক উপায় অবধারণ করিয়াছি তদ্বারা তাহাকে সম্ভিত প্রতিকল প্রদান করিব। কিন্তু বল দেখি, কাশ্যপ ও তক্ষকের এই অন্তৃত বৃত্তান্ত নির্ক্তন অবণ্যমধ্যে ঘটিয়াছিল, ইহা কে প্রত্যক্ষ করিয়াছে? এবং কি প্রকারেই বা তোমাদিগের কর্ণগোচর হইল? আমি এই সমস্থ বিশন্ন উত্তমক্ষণে জানিয়া সর্পক্ল সংহার করিব।

মন্ত্রিগণ কহিলেন, মহারাজ ! আমরা ত ক্ষক ও কাশাপের এই অন্তুত বৃত্তান্ত বাঁহার নিকট শুনিরাছিলান,শ্রবণ
কর্মন। এক ব্রাহ্মণ শুক্ষকাষ্ঠ আহরণ করিবার নিনিত্ত
সেই বট-বৃক্ষে আরোহণ করিয়াছিলেন। তক্ষক ও কাশ্যপ
উভয়েই তাহা জানিস্থে পারেন নাই। তক্ষকের বিধানলে
বৃক্ষের সহিত ঐ ব্রাহ্মণের কলেবরও ভন্মাবশেষ হয়।
কিন্তু কাশাপের অলৌকিক মন্ত্রবলে উভরেই পুনর্জীবিত
হইয়াছিল। পরে সেই ব্রাহ্মণ আসিয়া আমাদিগকে এই
সন্থান প্রদান করেন। মহারাজ! বেক্রদ্বিরাছে ও
আমরা যেরপ শুনিয়াছি, তাহা নিবেদন করিলাম, একণে
যাহা কর্ম্বন্য হয় কর্মন।

তাহা শ্রবণ করিয়া রাজা জনমেজর অতিশর সম্বপ্ত
হইলেন এবং রোষভরে করে করে পরিপেবণ করিতে
লাগিলেন। অনস্তর দীর্ঘ ও উক্ত নিখাস ত্যাগ এবং অঞ্চমোচনপূর্বাক কিয়ংক্ষণ মৌনাবলম্বনে থাকিয়া মট্টা দ্বিগকে
কহিলেন, হে অমাত্যগণ! পিতার পরাভব-বৃত্তাক্ত
ইল্প্রণ
করিয়া যাহা অবধারণ করিলাম, বলিতেছি শ্রবণ কর।
ত্রাম্মা তক্ষক,শৃপ্পাকে উপলক্ষ্যমাত্র করিয়া পিতার প্রাণহিংসা করিয়াছে। এক্ষণে তাহার সমুচিত প্রতিফল দিতে
হইবে। যদি কাশ্যপ আসিতেন, তাহা হইলে পিতা অবলাই বাঁচিতেন, কিন্তু তক্ষক এরূপ ছরায়া যে তাঁহাকে
অর্থ দিয়া প্রতিনিবৃত্ত করিয়াছে। যদি পিতা কাশ্যপের
প্রসাদে ও মন্তিদিগের মন্ত্রণাবলে জীবন লাভ করিতেন,
তাহাতে তক্ষকের কি ক্ষতি হইত। তাহার এ অত্যাচার

আর কিছুতেই সহা হর না। অতএব একণে আমি, আর্মার আপনার, ভোমাদিগের ও উত্তের সম্ভোবের निमिख शिजांत्र देवतिर्गाज्यन कृष्ठ निम्हत्र कतिलाम ।

একপঞাশভ্য অধ্যায় ৷

' छेश श्वा: कहिलान, बाबा बनायक्य এই कथा विवा মন্ত্রিগণের অমুমোদনক্রমে সর্পবংশ ধ্বংস করিতে প্রতিজ্ঞা-রাচ হইলেন। পরে স্বীয় পুরোহিত দারা ঋত্বিকগণকে জাহ্বান করিয়া আপন কার্য্যের অমুকুল এই বাক্য বলি-লেন, ''গুরান্মা তক্ষক আমার পিতার প্রাণহিংসা করিয়াছে, একণে আমি তাহার প্রতীকার করিতে অভিলাষ করি, আপনারা অনুমতি করুন; হে মহাশরগণ ! আপনাদের এমরু কোন কৰ্ম বিদিত আছে, যদ্ধাৰা আমি সেই গুৱাত্মাকে ও তাহার বন্ধবান্ধধনিগকে প্রজ্ঞানিত হতাশনে নিকেপ করিয়া সবংশে ধ্বংস করিতে পারি ? সে যেমন আমার পিতাকে তীব্ৰ বিষাগ্নিতে দগ্ধ কৰিবাছে, ভজ্ৰপ আমিও সেই পাপাত্মাকে ভত্মসাং করিব।" ঋত্বিকগণ কহিলেন, মহারাজ। পুরাণে বণিত আছে দেবভার। তোমার নিমিত্ত দর্পদত্র নামে এক অভি মছৎ দত্ত সৃষ্টি করিয়াছেন। পৌরাণিকেরা কছিয়া থাকেন, আপনি বাতীত সেই যজের অমুষ্ঠান কর্ত্ত। আর কেহই নাই। সেই যজের অমুষ্ঠান-প্রণালী ও আমাদিগের বিদিত আছে, অতএব আপনি সর্প সত্র আরম্ভ কঞ্জন; তাহাতেই হুরাত্মা তক্ষকের বিনাশ इटेंदि, गत्मक नार्टे। बाक्स वि वह बाका खबन कतिवा-মাত্র বোধ করিলেন যেন তক্ষক প্রজ্ঞলিত হতাসনে দগ্ধ হইয়াছে 🖋 পরে মগ্রক্ষ ত্রাহ্মণদিগকে ক্রিলেন, আমি ट्रिकेट अपूर्वान कदित, आश्रनात्रा आहम् करून. কিরূপ ষজ্ঞীয় দ্রব্য সামগ্রী আহরণ করিছে ছইবে। তথন বেদক ও বিচক্ষণ ঋষিক্গণ শাস্তামুসারে মকভুমির পরি-মাণ করিয়া মহামূল্য রত্ন সমূহে ও প্রভৃত ধনধান্যে সেই यकाम्रजन भतिश्रीत्र कतिरागन । अधिकृत्र पर्देक्त भ यका-ভূমি প্রস্তুত করাইয়া সেই সত্তে আপনারা ত্রতী হইলেন, এবং রাজাকে যথাবিধি দীক্ষিত করিলেন,কিন্তু যজ্ঞারভের পুর্বেই যজবিষ্কর এক মহং ব্যাপার উপস্থিত হইরা ছিল। যজারতন নির্দাণকাবে একজন বাস্তবিদ্যাবিশারদ

পুরাণবৈত্তা হাত্রধার তথায় উপস্থিত হুইয়া কহিলেন, "্য প্রদেশে ও যে সময়ে যজায়তনের পরিমাণ করা হইরাছে. তদ্বারা বোধ হইতেছে যে, এক জন ব্রাহ্মণ হইতে এই ৰজ্ঞের ব্যাঘাত জুমিবে।" রাজা এই কথা প্রবণ করিয়া मोक्कि रहेवात शूर्विर बात्रभीनक बाळा कतिशाकितन "বেন আষার অজাতসারে কোন ব্যক্তি এথানে প্রবিষ্ট হইতে না পারেন।"

দ্বিপঞ্চাশত্তম অধ্যায়।

তদনস্কর বিধানামুসারে সর্পসত্র আরম্ভ হইল। পুরো-হিতগণ স্ব ক্কেমে নিযুক্ত হুইয়া কুষ্ণৰণ ব্যান্যুগল পরি-ধান ও মন্ত্রোচ্চারণপূর্বাক বহিতে আছতি প্রদান করিতে नागित्नन । अनवत्र धुममन्त्रार्क छांशांतिरगत हकः त्रकः বর্ণ হইয়া উঠিব। সর্পগণের নামোলেধপুর্ব্বক আছুক্তি দিতে আরম্ভ করিলে,তাহাদিগের হৃৎকম্প উপস্থিত হইল। পরে নাগগণ ত্বিতান্ত ব্যাকুল ও একান্ত অন্থির হইয়া খন খন নিখাস পরিত্যাগ এবং শরস্পর মন্তক ও লাঙ্গুলদ্বারা বেইন করিয়া সকরুণস্বরে পরস্পারকে আছ্বান করিতে করিতে সেই প্রদীপ্ত হতাশনে অনবরত পতিত হইতে লাগিল। (यंजवर्ग, नीनवर्ग, क्रकावर्ग, वानक, वृष्त, यूवा, रकाम श्रमांग, যোক্লন প্রমাণ, অস্বাকার, করি-গুণ্ডাকার, মহাকায় মহা-বল পরাক্রান্ত, শত শত, সহস্র সহস্র, প্রযুত প্রযুত, অর্ক্র্দ অর্ক, বছবিধ মহাবিষ বিষধরপ্রণ মাতৃশাপ-এদাবে অবশ হইয়া সেই প্রজলিত তত্বল-মুখে পতিত হইতে লাগিল।

ত্রিপঞ্চাশীত্র-অধ্যায় 1

্ 🗃 জাসা করিলেন, দুহ স্তায়জ ! সপ্রুল-ংশাবতংস বাজা জুন্নমেজয়ের (সেই সাপসত্তে भः इ**र्ड**् কোন , ৰবি পাতিক ক্ৰিইয়াছিলেন, তবা নাগ্ৰ বিষাদ ' সেই দীক**ে** যজে কোন কোন খৰিই বা महमा . ছিলেনু + > (হ্র, ধংস। তুনি তৎসমুদায় বর্ণন ইঠলৈ আমি স্পদত বিধানক মহর্ষিগণের ্রিত পারিব। উত্তাশ্রবাঃ কহিলেন, রাজা जनाः 👈 ं यर्फ (य नकन मनीविश्व अधिक ও मन्मा

\$31

নাম

ছিলেন, তাঁহাদিগের নাম কীর্ত্তন করিতেছি, প্রবণ কর্মন। অদাধারণ বেদবেন্তা চ্যবনবংশীর স্থবিখ্যাত চণ্ডভার্গব সেই মহাযভে হোতা ছিলেন। বৃদ্ধ স্বিদ্ধান্কে। শ উল্লান্তা, এবং জৈমিনি त्रको ছিলেন। আর পিঙ্গল, অসিত, দেবল, নারদ, পকাত, আত্রেয় কুণ্ডকঠর, কাল-वर्षे, वाष्त्रा, क्षांकश्चवाः, त्कांबल, त्मवभन्ता, त्योक्शना, त्रम-সৌরভ প্রভতি অনেক বেদজ্ঞ ব্রাহ্মণ সকল তাহাতে मनग इरेशा हिल्ला। देशांता मकत्व तंत्ररे समहान मर्भ-সত্রে আহতি প্রদান করিতে আরম্ভ করিলে, অতি ভীষণাং কার দর্প দকল প্রজ্ঞানত হোমানলে পতিত ও বিনষ্ট হইতে লাগিল। ভাহাদিগের ৰসা ও মেদ: ছারা শত শত কৃত্রিম সরিং প্রবাহিত হইল এবং প্রতিগন্ধে চারিদিকে ব্যাপ্ত হইরা উঠিল। অনলে পতিত ও পতনোমুথ গগনস্থ নাগগণের তুমুল আর্ত্তনাদে সেই প্রদেশ প্রতিধ্বনিত হইতে লাগিল। নাগেন্দ্ৰ তক্ষক রাজা জনমেলয়কে সত্তে দীক্ষিত শুনিয়া তৎক্ষণাং ইক্সালয়ে গমন করিল এবং व्याचामारवत भतिहत मित्रा भूतन्मद्वत भत्नाशुक रहेन। দেবরাজ প্রসর হইয়া তক্ষককে কহিলেন, নাগেক্র! তুমি ভীত হইও না, আমি ধ্রামার নিমিত্ত পুর্বেই পিতামহকে প্রসন্ন করিয়াছি, অতএব আর তোমার ভয়ের বিষয় কি? মনোছ: थ দুর কর।

উত্তর্গ্রের শৌনককে কহিলেন, হে ব্রহ্মন্। নাগেক্স
এইরপে আখাসিত হইরা ইক্রালয়ে পরমস্থাথ কাল্যাপন
করিতে লাগিলেন। এদিকে সর্পকৃল ক্রমে ক্রমে ভত্মাবলিষ্ট হইতেছে দেখিরা, স্বন্ধন হিতৈবী বাস্থাক বন্ধ্রান্ধবগণের বিরহে সাতিশয় কাতর, উদ্ভাস্তচিত্ত-ও ক্রণে ক্রে
মৃদ্ধিত হইতে লাগিলেন। অনম্বর নাগরান্ধ গেরিবারবর্গের অত্যর্ক্তমাত্র অবশিষ্ট আছে দেখিরা নিক্র্যা পরিবারবর্গের অত্যর্কমাত্র অবশিষ্ট আছে দেখিরা নিক্র্যা পরিবারবর্গের অত্যর্কমাত্র অবশিষ্ট আছে দেখিরা নিক্র্যা পরিবারবর্গের অত্যর্কমাত্র অবশিষ্ট আছে দেখিরা নিক্র্যা করিলেন, ভদ্রে! আমার ক্রিরাত্রাক্র
সকল শোকাশলে দক্ষ হইতিত্বে, শরীর অবসম্বর্গত শাদিক্
তিছে এবং ক্রমিন বিদার্গ হইরা বাইতেছে,
বিদার্গ হইরা বাইতেছে,
ক্রমের করিবার নিমিত্তই সর্পদত্র

সন্দেহ নাই। হে ভগিনি! আমি যে অভিপ্রায়ে ভোমাকে জরংকারুহত্তে প্রদান করিয়াছিলাম, এক্ষণে ভাহার সময় উপস্থিত, অতএব আমাদিগের প্রাণরক্ষা করিয়া সেই চিরাকাজ্জিত মনোরথ পরিপূর্ণ কর। পূর্বে পিতামহের মুথে প্রবণ করিয়াছি আন্তীক জনমেজ্যের সর্পস্ত্ নিবারণ করিবেন। অতএব হে বংসে! অধুনা তুমি আমার ও আমার পরিজনবর্গের জীবন রক্ষার্থ অন্বিতীয় বেদবেত। আপন পুত্রকে আদেশ কর।

চতুঃপঞ্চাশত্তম অধ্যায়।

উগ্রশ্রবাঃ কহিলেন, তদনত্তর নাগরাজ-ভূগিনী জরৎ-কাক স্বীয় সন্তান আন্তীককে আহ্বান করিয়া বাহুকির বাক্যাসুদারে কহিলেন, পুত্র ! আমার ভ্রাতা যে অভি-প্রায়ে আমাকে তোমার পিতৃহত্তে প্রদান করিয়াছিলেন, একণে ভাহার সময় উপস্থিত হইয়াছে, অতএব যাহা কৰ্ত্তৰা হয় কর। স্বান্তীক কহিলেন, মাতঃ। মাতৃল কি নিমিত্ত আপনাকে মদীয় পিতার হতে প্রতিপানন করিয়া ছিলেন আজা করুন জানিয়া প্রতিবিধান করিতেছি। তথন বাদ্ধবহিতৈষিণী নাগভগিনী কহিলেন, বংগ! এবণ কর। সর্পকুলজননী কজ্ঞ, সপত্নী ৰিজতাকে পণে পরান্ত করিয়া দাসীত্বশৃথলে বন্ধ করিবেন এই অভিসন্ধিতে আপন পুত্রদিগকে আদেশ করেন, তোমরা সত্তর বাইয়া উচ্চৈ:-खेवा अत्यंत अन्नरवंडेन कतिया शोक. छारा रहेल अधा-ধিপের শুল্রবর্ণ তিরোছিত হইয়া রুঞ্চবর্ণ ছইবে। কিন্ত তন্মধ্যে কেহ কেহু মাতৃ আজ্ঞায় অদন্ধতি প্রকাশ করাতে কক্ষ জ্রোধভারে তাহাদিগকে এই বলিয়া কাভিসম্পাত कतित्वन ; " (जामता जामात जाका वज्यन दे तित्व, অতএব এই অপরাধে রাজা জনমেজরের সর্পদত্তে দগ্ধ ও পঞ্চত প্রাপ্ত হইলে।" সর্কলোক পিতামহ ব্রহ্মাও "তথাস্ত" वित्रा त्रहे नाभवादका अबूरमामन करत्न। नाभवास वाष्ट्रिक ध्वजाशिंडत (मन् अक्ट्रामन बाका अवन कतिया ছিলেন। অনস্তর তিনি সমুদ্রমন্থনকালে ক্ষমা প্রার্থনা বাসনায় দেবগণের শরণাগত হইলেন। দেবগণ ছল্লভ অমৃতলাভে স্টচিত হইয়া আমার ভাতাকে সঙ্গে লইয়া, ত্রসার নিকট উপস্থিত হইলেন এবং নানাপ্রকার স্তৃতিবাক্যে

কমল-যোনিকে প্রসন্ন করিয়া কহিলেন, ভগবন্! ইনি নাগরাজ বাস্থকি, ইনি জ্ঞাতিবর্গের নিমিত্ত অত্যন্ত কাতর হইরাছেন, একণে কিরপে মাতৃশাপ হইতে মুক্ত হইতে পুরেন, আজ্ঞা করুন।

ব্ৰহ্ম কহিলেন, জরৎকাক্ন মুনি জরৎকাক্নান্নী যে স্ত্রীর পানিগ্রহণ করিবেন, তাঁহার গর্ত্তে এক সস্তান উৎপন্ন হইবেন, তিনিই সর্পগণকে মাতৃশাপ হইতে মোচন করি-বেন। নাগরাজ বাস্থকি এই কথা শ্রবণ করিয়া সর্পদত্ত আরস্তের কিয়ৎকাল পূর্ব্বে আমাকে তোমার পিতার হত্তে সম্প্রদান করেন, হে বৎস ! তাহাতেই তুমি আমার গর্ত্তে জন্ম গ্রহণ করিয়াছ। অধুনাদেই অভীষ্ট সিদ্ধির সময় উপস্থিত হইয়াছে, অতএব আসন্ন বিপদ হইতে মাতৃল-কুলের পরিঝাণ করিয়া নাগরাজের আশালতা ফলবভী বর।

আন্তীক যে আজা ব্লিয়া জননীর আদেশ গ্রহণ করিলেন এবং নানা প্রাকার প্রাবোধ-বাক্যে বাস্থকিকে আখাসিত করিয়া কহিলেন, হে ভূজুক্তেখর ! আমি নিশ্চর বলিতেছি তোমার শাপমোচন করিব, এবং যাছাতে তোমার মঙ্গল হয় তদ্বিধয়ে সর্ব্ধতোভাবে যত্র করিব। আর ভীত বা ছংখিত হইবার প্রয়োজন নাই। আমি ভ্রমক্রমেও কলাপি মিণ্যা প্রয়োগ করি না; হে মাতৃল! আমি অদাই দেই দীক্ষিত রাজা জনমেজয়ের নিকট প্রমন করিয়া আশীকাদাদি দারা তাঁছাকে পরিতৃষ্ট করিব এবং যাহাতে যজ্ঞাসুষ্ঠান রহিত হয় তাহা করিব। আপনি আমার বাক্যে কিছুমাত সংশয় করিবেন না, নিশ্চিত্ত থাকুন।

বাসুকি কহিলেন, বংস আতীক ! আমি ত্রন্ধার এই গুরুতর দণ্ডের ভরের হতজ্ঞান হইয়াছি, দশ দিক্ শ্না দেখিতেছি এবং আমার হৃদ্য উদ্বৃণিত হইতেছে। তথন আন্তীক কহিলেন, আপনি সন্তাপু পরিত্যাগ করুন, আমি নিশ্চয় বলিতেচি অচিরাৎ সেই প্রচণ্ড ব্রহ্মদণ্ডের নিরা-করণ করিব। আন্তীক এইরূপ আশাস্বচনে বাস্থকির মনোছ:খ দূব করিয়া স্বরং সমস্ত ভার গ্রহণপূর্বক সর্প-গণের পরিত্রাণার্থ রাজা জনমেজয়ের সেই সর্বাবয়ব-সম্পন্ন यद्ध छेनभोठ इरेलन। जिनि छ्वाय याहेबा दम्बिदनन, বজ্ঞভূমি স্থাকর ও অধিকর সদস্গণে অলকৃত হইরাছে।

তপোধন তদ্ধর্শনে প্রীত হইয়া সেই স্থানে প্রবেশ করিতে বাসনা করিলেন। দারপালগণ প্রবেশ করিতে না দেও-য়াতে তিনি সেই যজের নানাপ্রকার গুণকীর্ত্তন করিতে লাগিলেন। অনন্তর বজ্ঞভূমিতে উপনীত হইয়া ভাহার চতুম্বার্থবিত্তী স্থ্যসদৃশ ঋতিক ও সদস্যগণের, এবং রাজার ও ছোমাগ্রির স্তব করিতে লাগিলেন।

পঞ্চপঞ্চাশত্তম অধ্যায় !

আতীক কহিলেন, হে ভারতবংশাবতংস ৷ চন্দ্র, বরুণ ও প্রজাপতি প্রয়াগে যে প্রকার যক্ষাত্রগান করিয়াছিলেন, আপনার এই মহাযুক্ত ও তদ্রপ সর্বাঙ্গ-স্থাদর হইয়াছে, কিন্ত হে পরীক্ষিতাত্মজ ৷ আমি প্রার্থনা করি, আমার বন্দ্-বর্গের মঙ্গল হউক। দেবরাজ ইক্স একশত অখনেধ যজ্ঞ করিয়াছেন, আপনকার এই সর্পদত্ত তত্ত্ত্ত এক অযুত অখ্নেধের সদৃশ, কিন্তু হে পরীক্ষিতায়জ ! আমি প্রার্থনা করি, আনার বন্ধুবর্গের মঙ্গল হউক। যমু, হরিমেধা: ও त्रिस्ति तालात ये एवं एक प्रशाहिल, जाशनकात अहे যজ্ঞও তজ্রপ হইয়াছে, কিন্তু হে পরীক্ষিতাত্মজ। আমি প্রার্থনা করি, আমার বন্ধবর্গের মঙ্গল হউক। গ্রহাজা, শশবিশুরাজা, বৈশ্রবণ, নৃগরাজা, অজমীত্রাজা এবং রাম-ব্লা থেরপ যজ্ঞ করিয়াছিলেন, আপনকার এই ব্রুত্ত তংসদৃশ হইয়াছে, কিব্ৰু হে পরীক্ষিতাত্মজ ু আমি প্রার্থনা করি, আমার বন্ধবর্দের মঙ্গল হউক। ধর্মপুত্র যুধিষ্ঠির ও আজমীত রাজার যক্ত অতি স্থপ্রসিদ্ধ, আপন-कात थहे रें छ उम्रांभिका नान नार, किन्न दर भेती-

া আনি প্রার্থনা করি, আমার বনুরর্গের মঙ্গল সত্যবতীর পুত্র ব্যাসদেব এক মহাদত্র করিয়া-াই সতে তিনি স্বয়ং ঋদ্লিকের কর্মা-করেন • এই দর্পদত্ত তদ্মুরপ হইয়াছে, কিন্তু হে

জ ৷ আমি আর্থনা করি, আমান বন্ধুবসের মঙ

> র যজ্ঞাতা এই সকল স্ব্যা-সমতেজাঃ ক্রর যজাত্তান কর্তাদিগের সদৃশ, ইইাদিগের া করা অতি গ্রহর, ইইাদিগকে দান করিলে আগনার এই ঋতিকের কথা অধিক কি

गर. खार

বলিব, ব্যাসদেব কহিয়াছেন, ইহাঁরে সমান লোক जिल्लारक लक्का इस ना, वेहात्रहे निरवानिवानन च धर्म নিরত হইয়া এই ভূমগুল ব্যাপিয়া আছেন ৷ আপনকার এই প্রজ্ঞলিত ভোমাগ্নি দক্ষিণাবর্ত্ত শিধা দারা দেবোদ্দেশে-প্রদত্ত হব্য গ্রহণ করিতেছেন। মহারাজ। আপনকার সমান প্রজা-পালন কর্তা ভূপাল অতি বিরল। আপনি সাক্ষাং ধর্মরাজ, বরুণ ও ভগবান্ বজ্পাণির ন্যার এই ভুমগুল রক্ষা করিতেছেন। আর আপনার বিষয়-নিস্পৃহতা एमिश्रा आमि यद भरतानाखि महाहै इहेताहि। क्रांभनि शहोत्र, নাভাগ, দিলীপ, য্যাতি, মাশ্ধাতা ও ভীম প্রভৃতি রাজেজ্র-গণের সদৃশ, মহর্ষি বাল্মীকির ন্যায় নিগূড়-মহত্ব, বশিষ্ঠের ন্যায় জিতকোধ, ইক্সের ন্যায় প্রভুত্রশালী, নারায়ণের নাায় কান্তিদম্পার, ওর্কতিত হুই ঋষির ন্যায় তেজ্সী, ্থমের ন্যায় ধর্মনিয়স্তা এবং ক্তম্ভের ন্যায় সর্বভিণালকৃত। আপনি থৈমন অতুল ঐশ্বরোর অধিপতি ভজপ যাগাদি দংক্রিয়ার পথপ্রদর্শক। মহারাজ। অধিক কি বলিব, ধৈৰ্য্য, বীৰ্য্য, গান্তীৰ্য্য প্ৰভৃতি যে সকল সদ্প্ৰণ প্ৰভাবে লোকে খ্যাতি ও প্রতিপত্তি লাভ করিতে পারে এবং बामानित नाम हिक्यावंगीय श्रेटिक शाद्य, व्याशनि रमरे সমস্ত গুণরাশিতে বিভূষিত হইয়াছেন। আতীক এই-রূপ স্তৃতিবাদ ছারা নূপতি, সদস্য ঋষিক্ ও হব্যবাহ প্রভত্তি সকলকেই প্রদান করিলেন। অনম্ভর রাজা জনমেজ্য আকার ও ইঙ্গিত ছারা তাঁহাদিগের সকলের অভিপ্রায় বুঝিতে পারিয়া ছহিতে লাগিলেন।

যট্পঞ্শতম অধ্যায়।

জনমেজয় কহিলেন, ইনি বালক কিন্তু, ইহাঁই বেরপ অভিজ্ঞতা দেখিতেছি তাহাতত বালক বলিয়া কেলিজন প্রতীতি হয় না। যাহা হউক আমি ইহাঁর আৰু নৰিত কি অমুমতি হয় ? সিবৈসাগণ কহিলেন, মহারাজ 🖟 ব্রাহ্মণ বালক হইলেও রাজাদিগের পৃত্তন সন্দেহ কৰা বিশে वठः देनि नर्जनात्त्र महामदहाशाधात्र, अवस्ति किन्द বাতিরেকে আর যাহা প্রার্থনা করিবেন, তাহা লাইতে পারেন। অনন্তর রাজা আদ্মণকে বর প্রদাসী ক্রিতে রাজ । আর চিন্তা নাই, তক্ষক আপনার বশবদ হইয়াছে।

উদাত হইলে হোতা কিঞ্চিৎ অসম্ভোষ প্রাই তে তাঁহাকে কহিলেন, মহাবাজ। ভক্ষক অদ্যাপিও এই বি সম্ম দনে উপস্থিত হইল না। তখন জনমেজয় কহিলেসেই যাহাতে আমার ক্রিয়া স্থ্যম্পর হর এবং সেই বিষম শত্র-তক্ষক শীঘ্ৰ সমুপস্থিত হয়, তদ্বিয়ে আপনারা ব্থাসাগ্য যত্রবান হউন। ঋত্বিকগণ উত্তর করিলেন, আনরা শাস্ত্র-প্রভাবে ও অগ্নির মাছাত্মো জানিতে পারিয়াছি, তক্ষক ইক্সের শরণাগত হইরা তথায় অবস্থিতি করিতেছে। পৌরাণিক মহাত্মা লোহিতাক স্তও এই কথা কহিয়া ছিলেন। রাহ্বা তৎশ্রবণে স্তকে জিজ্ঞাসা করিলেন। তিনি কহিলেন, রাজন ! ঋতিকেরা যাহা কহিতেছেন, তদিষয়ে কোন সন্দেহ নাই। আমি পুরাণে অবগত হইয়'ছি যে, তদেক প্রাণভয়ে ভীত হইয়া দেবরাজের শরণাগত হই-য়াছে। স্থররাজ এই বলিয়া তাহাকে অভয় প্রদান করিয়া-ছেন, "তুমি অতি গোপনে আমার ভবনে বাস কর, অগ্নি ভোমাকে দগ্ধ করিতে পারিবেন না।" রাজা হত-বাক্য अवर्ण অত্যন্ত विषक्ष इंदेश द्रांजीत्क निर्वतन कविर्णन. মহাশয়। আপনি ইচ্ছের আরাধনা করুন। হোতা তদ্ম সারে দেবরাজের আরাধনা আরম্ভ করিলে. অমরেক্ত বিমানে আরোহণ করিয়া তৎক্ষণাৎ অমুরনগরী হইতে যাত্রা করিলেন। চতুর্দ্ধিকে দেবতারা স্তুতি পাঠ করিতে লাগিলেন। মেঘমালা, বিদ্যাধরগণ ও অপ্ররোগণ তাঁতার অফুগমন করিল। তক্ষক প্রাণভয়ে ভীত ও সঙ্চিত হইয়া দেবরাজের উত্তরীয় বঙ্গে লুকায়িত হইল। এদিকে রাজা ক্রম হইয়া আজা করিলেন, যদি সেই ছরায়া তক্ষক ইক্সের নিকট পলায়ন কবিয়া লুকায়িত থাকে, ভবে ইক্সের সহিত তাহাকে আমিদাৎ কর। হোঁতা রাজাক্র[ী] পাইরা তক্ষককে উল্লেখ করিয়া অগ্নিতে আছতি প্রদান ক্রিকা-মাত্র নাগের কম্পিত-কলেবর হইয়। ইব্র-সম্ভিব্যাহায়ে আকাশপথে উপস্থিত হইল। ইন্দ্র সেই যজ্ঞের আড়মর দর্শনে ভীত হইয়া তক্ষককে পরিত্যাগপুর্কক অ-স্থানে প্রস্থান করিলেন। তথন ভয়বিংকণ তক্ষক ঋষ্ট্রিক্গণের মন্ত্রপ্রভাবে অবশেক্তিয় হইয়া ক্রমে জ্ঞামে প্রজ্ঞানত পাবক शिथात मभीभवछी इहेल।

ঋতিকেরা তক্ষককে স্মাগত দেখিয়া কহিলেন, মহা-

বোধ হয় ইক্স উহাকে পরিত্যাগ করিয়াছেন। ঐ দেখুন সেই পরগেক্স আমাদিগের মন্ত্র-প্রভাবে বিকলেক্সির ও বিচেতনপ্রায় হুইরা দীর্ঘনিশ্বাস পরিত্যাগপূর্কক উঠিচঃ-সুরে আর্তনাদ করিতে করিতে ঘূর্ণিত-কলেবরে স্বর্গ হুইতে আকাশ পথে আগমন করিতেছে। অতএব আপনার অভীঠ সিদ্ধির আর বিলম্ব নাই। এক্ষণে ম্মিক্সবরে বর প্রানান করন। রাদ্ধা প্রসন্ন হুইয়া কহিলেন, হে ব্রাহ্মণ-কুমার! অভিলবিত বর প্রার্থনা কর। প্রার্থিত বিষয় অদেয় হুইলেও আমি তাহাতে পরায়ুথ হুইব না।

. উগ্রশ্রবাঃ কহিলেন, হে ব্রহ্মন। তক্ষকের অনলে পতিত হইবার অব্যবহিত পূর্বেই আন্তীক কহিলেন, হে নরেন্দ্র । যদ্যপি আমাকে বর প্রদান করেন তবে এই বর দিন যে, অপুনার এই যক্ত নিবৃত্ত হউক এবং ইহমত त्यन आंत्र मर्पता मक्ष ना इया। देश अवन कतिया ताका क्रमामक्ष व्यमिक्ष क्रिकेश्वर्म अकारत क्रित्मम, व्यापनि स्वर्ग, রজ্বত,গো প্রভৃতি যে কোন বস্তু প্রার্থনা করিবেন,সামি অবি-লম্বে প্রদান ক্রিতেছি, কিন্তু যক্তাইছিটানে নিবুত হইতে পারিব না। আন্তীক কহিলেন, মহারাজ। আমি স্থবর্ণ, বজত, গো, অখাদির নিমিত্ত আপনার নিকট আসি নাই। মাতৃলকুলের হিতার্থে আপনার নিকট অর্থিভাবে আসি-রাছি। অতএব যদি সেই অভিন্যিত অর্থসাধনে কৃত-কার্য্য হইতে না পারিলাম, তবে রজত স্থবর্ণাদি লইয়া কি করিব। আস্তীকের এইরূপ অতর্কিত্তর বর প্রার্থনায় রাজা বিষাদৃশাগরে নিমগ্ন হইলেন, এবং বরান্তর দিবার নিমিত্ত পূন: পুন: অমুরোধ করিতে লাগিলেন। কিন্তু তাঁহাকে বাবসায় হইতে বিচলিত করিতে পারিলেন না। তদনস্কু বেদজ সদস্যের এক বাক্যে भविद्यान, মহারাজ! পুর্ব্ধে অন্থীকার করিয়াছেন অতএব বর প্রদান করা আপ-নার সর্বতোভাবে কর্টব্য।

সপ্তপঞ্চাশতম অধ্যায়।

শৌনক কছিলেন, হে প্তনন্ধন! যে সকল সর্প নর্প-স্বারে দক্ষ হইরাছে ভাহাদিগগের নামোরেথ কর, আমি শুনিতে অভিলাব করি। উগ্রেখ্বাঃ উত্তর করিলেন, হে বিজ্ঞান্তম! সেই ব্জে সহল্র প্রবৃত প্রবৃত, ক্ষর্

Marie Jan . The

অর্কাদ সর্পাণ বিনষ্ট চইয়াছে। বাহুলাপ্রযুক্ত সকলের নামোলেথ করা অসাধা বোধ হইতেছে। তথাপি স্বতি অনুসারে কতিপর বিবোৰণ প্রধান প্রধান সর্পের নাম করিতেছি, প্রবণ করুন। পূর্ণ, খল, পাল, হলীমুক, शिष्हल, दकीनश, ठक, काँनदिश, अकालन, हिद्रगुर्वाह, শরণ, কক্ষক, কালদস্তক, ইহারা বাস্থকির পুত্র: এই সকল সর্প এবং বাস্থকির কুলজাত মহাবল পরাক্রান্ত সহত্র সহত্র ভরম্বর দর্প মাতৃশাপে দগ্ধ হইরাছে। প্রচা-🗣 ক,•মণ্ডলক ু পিণ্ডদেক্তা, রভেণক, উচ্ছিথ, শরভ, ভঙ্গ, বিশ্বতেজাঃ, বিরোহণ, শিলী, শলকর, মৃক, স্থকুমার, প্রবে-পন, মুদার, শিশুরোমা, স্থরোমা, মহাহত্ব, ইহারা তক্ষকের वः भका छ : अरे मक्ल विषयत अनीश गृहरम नक्ष रहेता ए । পারাবত, পারিজাত, পাওর, হরিণ, কুষ,বিহল, শরভ,নেদ, প্রমোদ, সংহতাপন, ইহারা ঐরাবতকুলে জাত; এই সমস্থ নাপগণ অনলে প্রবেশ করিয়াছে। এরক, কুওল, বেণী, বেণীক্ষন্ধ, কুমারক, বাছক, শৃঙ্গবের, ধৃর্ত্তক, প্রাতরাতক, कोत्रवकुरलारभक्त धरे मकल मर्भ जन्ममार • इरेग्नार । শত্বর্ণ, পিঠরক, কুঁঠার, মুখদেচক, পূর্ণাঙ্গদ, পূর্ণমুখ, প্রহাস, শকুনি, দরি, অমাহঠ, ঝামুঠক, স্থারণ, মানস, বায়, ভৈরব, মুগুবেদাঙ্গ, পিশঙ্গ, উদ্রপারক, ঋষভ, পিণ্ডা कत्र, त्रुकाक, मर्खमातक, ममुद्ध, भठवामक, वताहक, वीत-ণতু, স্থৃচিত্র, চিত্রবৈগিক, পরাশর, তরণক, নণিক্ষর, অরুণি, ধৃতরাষ্ট্রকুল জাত এই সকল নাগগণ ভশীভূত হই-য়াছে। বাহলাপ্রযুক্ত ইহাদিগের পুত্ত•পৌত্তের নাম করিতে পারিলাম না। এতদব্যতিরিক্ত ত্রিশিরাঃ, সপ্ত-ি শং, দশমুভ, মহাবেগবান, পর্ব্বভাকার, যোজনবিস্তীর্ণ, বৈতীর্ণ, কামবুল, কামরূপী, অতি ভয়ঙ্কর নানা-

াবিষ বিষধরগণ প্রজাপতির শাপদত্তে নিপী

ড়ি 📑 🏥 অনবরত প্রদীপ্ত দুহনে দেহত্যাগ করিয়াছে।

ু . অউপঞাশত্তম অংশ

इल्

নাঃ কহিছে হৈ একন্ । অধুনা আন্তীকের মতাদুই উপাথ্যান প্রবণ করুন। দেবরাজ-প্রতীনাগরাজ তক্ষক অতিনীত্র ভীত হইয়া তাশনে পতিত হইতেছে না দেখিয়া বালা জনমেজন নিতান্ত চিন্তাকুল হইলেন। শৌনক জিজাসা করিলেন, বংস স্তনন্দন! বল দেখি তক্ষক কি নিমিত্ত সেই সকল মনীবী বিপ্রগণের মন্ত্র-বলে হোমানলেপতিত হইল না ? উগ্রশ্রবাঃ উত্তর করিলেন, মহাশন! অলৌকিক ক্ষমতাপর মহাতেলাঃ মহর্ষি আন্তীক ইক্স হইতে ভ্রষ্ট নাগরান্তকে ভন্নবিহ্বল দেখিয়া উচ্চৈঃস্বরে তিনবার ''তিষ্ঠ তিষ্ঠ' এইবাক্য বলিয়াছিলেন। ভাহাতেই নাগেক্স ভূতলে পতিত ও ভন্মীভূত না হইয়া অন্তরীক্ষে কাল্যাপন করিতে সমর্থ-হইয়াছিল।

আনন্তর রাজা সদস্যগণের প্রবর্তনা-পরতন্ত্র ইইয়া
আন্তীককে অভিলয়িত বর প্রদানপূর্কক কহিলেন, নির্ব্ত
ইউক, সপ্রকৃল নিরাপদ্ ইউক, আন্তীক ঋষি প্রসন্ন ইউন,
এবং সেই স্তবাক্য সত্য ইউক। আন্তীককে এই বর
দেওয়াতে সমাগত জনগণ মৃক্তকঠে জয়ধ্বনি করিতে
লাগিল, এবং যজ্ঞ নির্ব্ত ইইল। রাজা প্রীতমনে ঋষিক্
ও সদস্যগণকে প্রার্থনাধিক অর্থনান হারা সন্তই করিয়া
বিদায় করিতেন। পূর্কে যে লোহিতাক্ষ-স্ত "এক ব্রাহ্মণ
এই যজ্ঞের অন্তরায় স্বরূপ ইইবেন '' এই কথা উল্লেখ
করিয়াছিলেন, ভূপাকি তাঁহাকেও বিপুল ধনদান করিয়া
দীক্ষান্ত স্থান করিলেন। পরিশেষে অশন বসন প্রভৃতি
নানাবিধ জ্বাসামগ্রী প্রদানপূর্ধক আন্তীককে পরিভৃত্ত
করিয়া, গৃহে প্রেরণ কালে আতি বিনীতভাবে নিবেয়ন
করিলেন, মহাশয়! আমার অশ্বনেধ যজ্ঞে আপনাকে
সদস্য ইইতে ইইবে।

আতীক অতি মহৎকার্য্যের অনুষ্ঠানে সন্তুষ্ট হইয়া রাজ্যক্ষা স্বীকারপূর্বক স্বগৃহাভিমূপে প্রস্থান করিলেন। তিনি প্রথমতঃ জননী ও মাতুলের সমীপে গমন করিয়া আল্যোপান্ত সমস্ত বৃত্তান্ত বর্ণন করিলেন। সর্থাপ আপনা-দিগের কুশল সম্বাদ প্রবণে আনন্দিত হইয়া আন্তীককে অগণা ধন্যবাদ প্রদানপূর্বক কহিল, বৎস! অন্যু তুনি আমানান করিলে, আনুরা তোমান্ত প্রতি অভিশয় প্রীত হইয়াভি এক্ণে বর প্রার্থনা কর। ভাহারা ভ্রোভ্রঃ বলিতে লাগিল, ব্রুক্ত হইয়াভি, একণে বল তোমার কি প্রিয়নাতি সন্তুষ্ট হইয়াভি, একণে বল তোমার কি প্রিয়নাতি সন্তুষ্ট হইয়াভি, একণে বল

,আন্তীক কহিলেন, যদি আপনারা আমার প্রুতি প্রসর

হইয়া থাকেন তবে এইমাত্র অমুগ্রহ করিবেন যে, যে সকল ধর্মপরায়ণ গ্রাহ্মণ ও অপরাপর বাক্তি সায়াছে বা প্রাত:কালে অসিত, আর্ত্তিমান ও স্থনীথের নাম স্মরণ করিবেন কিন্না (যে আন্তীক মুনি জনমেজরের সূর্পদত্ত হইতে তোমাদিগতে রক্ষা করিয়াছেন, আমি তাঁহাকে শারণ করিতেছি, হে সর্পাণ । আমাকে হিংসা করিও না, জনমেজয়ের যজাবসানে আস্টোকের বচন স্মরণ করু, যে সর্প আন্তীকের নাম শুনিয়াও হিংসা করিতে নিবুত্ত না হইবে, শালালী বুকের ফলের ন্যায় তাহার মন্তক শতধা বিদীর্ণ হইবে;) এই ধর্মাখান পাঠ করিবেন, আপনারা তাঁহা-দিগের কোন অনিষ্ট করিবেন না। সর্পেরা প্রসল্ল-মনে আত্তীকের প্রভাবে সম্মত হইরা উত্তর করিলেন, হে ভাগিনেয়। আমরা কদাচ তোমার প্রার্থিত বিবয়ের অন্যথা-চরণ করিব না। স্থত শৌনককে সম্বোধন করিয়া বলিলেন, হে দ্বিজোত্তম। আন্তীক সমাগত নাগেক্সগণের এই বাক্য শ্রবণে পরম প্রীতমনে স্বভবনাভিমুথে প্রস্থান করিলেন। কিয়ৎকলি পরে তিনি পুত্র পৌত্রাদি রাখিয়া লোক্যাতা সম্বরণ করেন। (হ ভৃগুত্ম। আপনকার পূর্বজ প্রমতি স্বীয় পুল রুরুর কৌতুক নিবৃত্তি নিমিত্ত আন্তীকোপাথ্যান যেরূপ কীর্ত্তন করিয়াছিলেন, আমি তাহা অবিকল বর্ণনা করিলাম। এই শুণাবর্দ্ধক আন্তীকো-পাখ্যান প্রবণ করিলে সর্পভিন্ন বিনষ্ট হয়, অন্তঃক্লরণে বিশুদ্ধ স্থের সঞ্চার হয়, এবং পবিত্র ধর্ম্মলাভ হয়।

আন্তীকপর্কাধ্যায় সমাপ্ত।

আদিবংশাবত্তরণিকা।

একোন ষষ্টিতম অধ্যায়।

শৌনক কহিলেন, বংশ স্তনন্দন! ভৃগুবংশ বর্ণন প্রভৃতি অতি রুম্ণীয় উপাধান সকল কীর্ত্তন করিয়া তৃমি আমাদিগকে পরম সম্ভষ্ট করিলে, এক্ষণে সেই অতিবিক্তীণ সর্প্যক্ষে দৈনন্দিন কর্ম সমাধানস্তর সদস্ভমগুলী প্রসক্ষমে যে সমস্ত বিচিত্র কথা কীর্ত্তন করিয়াছিলেন, তাহা বর্ণন করিয়া আমাদিগকে চরিতার্থ কর। উপ্রশ্রবাং কহিলেন, সর্পস্তে দৈনন্দিন ক্রেয়াস্টানের মুধ্যাবকাশে

বিজ্ঞাণ বেদগান করিতেন, তৎপরে মহর্ষি ব্যাসদেব
মহাজারতীয় উপাখান শ্রবণ করাইতেন। শৌনক কহিলেন, জগবান্ বাদরারণি রাজা জনমেজর কর্ত্ব প্রার্থিত
হর্যা পাণ্ডবদিশের গুণগান-স্বরূপ মহাজারত নামে যে
ইতিইনি, কার্ত্তন করেন, আমি তাহা শ্রবণ করিতে অভিলাষ করি। হে স্তপুত্র! তোমার মুখে যে সকল মনোহর ইতিবৃত্ত শ্রবণ করিলাম, তাহাতেও আমার অস্তঃকরণ
পরিতৃপ্ত হইতেছে না, অতএব সেই বিশুদ্ধায়া মহর্ষির
মনঃ-সাগরসমুদ্র অমৃত-নির্জিশেয মহাভারতীয় কথা
কীর্ত্তন কর। তথন উগ্রশ্রবাঃ ঋষিপ্রশ্রে সন্তুত ইয়া কহিকেন্দ্র, হে ম্নিবর! ক্ষেইপোয়ন-প্রোক্ত সেই অতি মহৎ
মহাভারতীয় কথা প্রথমাবিধি কার্তন করিতেছি। উহা
বর্ণনা করিতে আমারও অতিশয় কোতুক হইতেছে।

ষ্ঠিতম অধ্যায়।

উত্তাশ্রাঃ কহিলেন, যিনি যমুনাদ্রীপে শক্তিপুত্র পরা-भारतत केतरम कविवाहिं कालीत गाउँ समाधारण करतन, যিনি জাতমাতে যাপজিয়া ছারা আপনার দেহপুষ্টি এবং নিখিল বেদ, বেদাঙ্গ ও ইতিহাস অধ্যয়ন করেন, তপোতু-ষ্ঠান, বেলাধায়ন, ত্রত, উপবাস, সম্ভান ও রোষ দারা যাঁছাকে কেছই অভিক্রম করিতে পারেন নাই। যিনি এক বেদ্ধের চতুর্দ্ধী বিভক্ত করেন, যিনি শাস্তম রাজার বংশ-রক্ষার্থে তদীয় কেত্রে পাঞ্, ধৃতরাষ্ট্র ও বিহুরকে উৎপাদন করেন, পাঞ্ডবগণের পিতামহ সেই ত্রিলোকীবিশ্রত মহা-কবি ব্রন্ধর্মি বেদব্যাস শিষ্যগণ সমভিব্যাহারে পরীক্ষিৎ-পুত্র রাজ্য জনমেজয়ের সর্পয়জ্ঞ দর্শনার্থ সভামওপে প্রবেশ পূর্বক রাজগণ ও সদর্ভগণে পরিবৃত স্থাসীন রাজা জনমেজয়ের সহিত সাক্ষাৎ করিলেন। জনমেজয় ঋ্যিকে সমাগত দেখিয়া সভাগণ সমভিব্যাহারে সম্বর উথিত হইয়া অতি প্রীতমনে তাঁহার প্রাষ্ট্রাকামন করিলেন, এবং मानत्रमञ्जाषगभूक्तक छेभदिगनार्थ स्रुवर्गमा स्नामन आगान क्तिरलन। महर्दि जागरन अधागीन इटेरल जनरमजग বিধিপুর্বাক তাঁহার সংকারাদি করিয়া পিতামহ ব্যাস-त्वरें भागा, व्यर्ग, वाहमनीय ७ मधुलर्क निर्देशन कतिया দিলেন। মহর্ষি তদত্ত পূজা প্রতিগ্রহ করিয়া পরম সন্তুষ্ট

হইবোঁন। রাজা জনমেজয় এইরপ ভাক্ত সহকারে পূজাবিধি সমাপন করিয়া সমীপে উপবেশনপূর্বক তদীয়
কুশলবার্তা জিজ্ঞাসা করিলেন এবং মহর্ষিও রাজার অনাময় প্রেল্ল করিলেন। তৎপরে ভগবান বাদরায়ণি সভাস্থ
সমস্ত ব্যক্তিকর্ত্ব পূজিত হইয়া তাঁহাদিগকে প্রতিপূজা
করিলেন।

পরিশেষে রাজা জনমেজয় ক্বতাঞ্লি-পুটে নিবেদন করিলেন, ভগবন্! কুক্র ও পাশুব এই উভর পক্ষের বাবভীয় বুরাস্ত আপনি স্বচক্ষে প্রভাক্ষ করিয়াছেন, অভএব জিজাসা করি ইইাদিগের পরম্পর ভেদ ও তাদৃশ সর্কভৃত-ভয়য়র বোরতর সংগ্রাম ঘটনার কারণ কি? এই সমস্ত বৃত্তান্ত আদ্যোপান্ত কীর্ত্তন করিয়া আমাদিগের একাস্ত কৌত্হলাক্রান্ত চিত্তকৈ পরিভৃপ্ত করুন। বেদবাসে তাঁহার প্রার্থনাবাক্যে সন্তই হইয়া সন্মুখোপবিষ্ট নিজ্ঞাশিষ্য বৈশম্পায়নক আদেশ করিলেন, বৎস বৈশম্পায়নু! তৃমি আমার নিকট কুক্র ও পাওবদিগের ত্রাভ্বিচ্ছেদ প্রভৃতি যাবতীয় বুরান্ত প্রবণ করিয়াছ, এক্ষণে তাহা কীর্ত্তন কর। বিপ্রশ্রেষ্ঠ বৈশম্পায়ন্ত উপাধ্যায়ের আদেশক্রমে রাজা, সদস্য ও অন্যান্য ভূপতিগণের সমক্ষে কুরুপাওবদিগের গৃহবিচ্ছেদাদিঘটত অভিপ্রাচীন মহাভারতীয় ইভিহাস বলিতে আরম্ভ করিলেন।

এক ষষ্টিতম অধ্যায়।

বৈশল্পায়ন প্রথমতঃ কায়মনোবাক্যে গুরু-চরণে প্রণিপাত করিয়া ত্রাহ্মণগণ ও অন্যান্য বিদ্ধাণ্যকে প্রণাম করিছেন। পরে মহর্ষি বেদব্যাস-প্রণীত অপূর্ব্ব উপাধ্যান কীর্ত্তনিবিষয়ে ক্রুসন্থর ইয়া রাজা জনমে-জয়কে কহিলেন, মহারাজ! ভগবান্ বাদরায়ণির মুথ-নিঃস্থত এই অমৃতকল্প মহাতারতীয় কথা যেমন রমণীয়, অপেনাকেও তদম্রপ উপীযুক্ত পাঁত লাভ করিয়াছি; অতএই ভারত কথনে আমার অস্তঃকরণ অতিমাত উংসাহিত হইতেছে। হে মহারাজ। তালিল প্রযুক্ত ক্রুপাণ্ডবদিগের গৃহধিছেন ও স্ব্রভ্তবিনাশক সংগ্রাম এবং পাণ্ডবদিগেন গৃহধিছেন ও স্ব্রভ্তবিনাশক সংগ্রাম

রজর্ষি পাতুর মরণানস্তর যুধিষ্টিরাদি পঞ্চপাত্তব

অরণাবাস পরিত্যাগপৃন্ধক অগৃছে প্রত্যাগমন করিয়া ष्यितिकान मर्या रामिता। ७ धमूर्विमात्र मण्लूर्व थाछि-লাভ করিলেন। পুরবাসিগণ তাঁহাদিপের এতাদৃশ অসম্ভাবিত নৈপুণ্য প্রদর্শন করিয়া সকলেই নিতান্ত অহ-রক্ত হইয়া উঠিল ৷ কৌরবতুল তদর্শনে সহসা অস্মা-পরবশ হইলেন। তৎপরে মহাবল সৌবল, কুরকর্মা, कर्ग ७ इन्प्रें इत्राधिन, देशां श्रीक्रमण अवनयन भूक्तिक পাত্রবলিগের নিগ্রহচেষ্টা ও নির্বাসনের বাসনা করি-লেন। হুর্য্যোধন শকুনির পরামর্শক্রমে রাজ্যলাভার্ণ পাণ্ডবদিগের উপর নানাবিধ উপদ্রব করিতে আরম্ভ করিলেন। একদা তিনি অলে বিষ সংযোগ করিয়া ভীমকে উপয়োগ করিতে দিলেন। ভীমদেন সবিশেষ না জানিয়া বিষায় ভক্ষণ ও তাহা জীর্ণ করিলেন। অপর এক দিবস ভীম গলাতটে নিদ্রিত ছিলেন, এই অবসরে ছুৰ্মতি ছুৰ্যোধন তাঁহার হন্তপদাদি বন্ধনপূৰ্কক জলে নিক্ষেপ করিয়া স্থ-নগরে প্রত্যাগমন করেন। পরে ভীম জাগরিত হইবামাত্র স্বয়ং বন্ধন ছেদন করিয়া উথিত হইলেন। একঁদা বুকোদর নিদ্রায় অভিভূত আছেন, এমত সমরে হুর্য্যোধন এক ভয়ত্বর ক্রক্ত সর্প দারা তাঁহার স্কাল দংশন করান, তাহাতেও তাঁহার প্রাণ বিয়োগ হইল না। মহামতি বিছর পাওবদিগের সেই সেই বিপদ উদ্ধার বিষয়ে সতর্ক থাক্সিলেন। যেমন দেবরাজ স্থাত হুইয়াও জীবলোকের হিত্যাধন করেন, তজপ বিহুর হুর্য্যোধনের পক্ষে থাকিয়াও পাগুবগণের শুভসাধন कविएक नाशितन ।

ছুর্যোধন গুছা ও বাহা বিবিধ উপায় দ্বারা পাওবদিগকে বিনই করিতে না প্রারিয়া পরিশেষে বৃষ্কেন ও
ছংশাসন প্রভৃতি কতিপয় ব্যক্তির পরামর্শ গ্রহণপূর্বক
ধৃতরাষ্ট্রের অন্থমতান্থসারে বারণাবতে অতুগৃহ প্রস্তত
করাইলেন। তৎপরে পূর্ত্রবৎসল রাজা ধৃতরাষ্ট্র রাজ্যলেশগের লোভ সম্বরণ কনিতে না পারিয়া পাও দিগকে
নির্বাসিত করে পাওবগণ মাত্ সম্ভিব্যাহারে হন্তিনা
ছইতে বারণাবতে প্রস্তান বিত্রেলন। তৎকালে বিছর
তাহাদিগের মন্ত্রী ছিলেন। পরে মহ্ম প্রতরাষ্ট্র পাওবদিগকে জতুগৃহ বাসের আদেশ দিলেন; তাঁহারা এক
বৎসর কাল তথায় নির্বিদ্ধে বাস করিয়া পরিশেষে বিছ্-

রের পরামর্শজ্ঞমে এক স্থারত নির্দাণ করিলেন। পরে সেই অভুগৃছে অগ্নি প্রদান করিয়া এবং ছর্গোধনের ছর্মন্ত্রী পুরোচনকে দগ্ধ করিয়া সাভিশয় শঙ্কিত মনে तकनी रार्थारत कननी नमा विशाहारत करता अल्यान करि-বেন। প্রস্থানকালে পৃথিমধ্যে বিক্টাকুতি ছিডিম্ব রাক্ষ-সকে দেখিতে পাইলেন। হিড়িম্ব মুখব্যাদানপূর্ব্ধক তাঁহা-দিগকে ভক্ষণ করিতে উদ্যত হইলে ভীমদেন শ্ববিক্রম-প্রভাবে তাহাকে বধ করেন। অনন্তর আত্মপ্রকাশ-ভরে ভীত হইয়া ঐ রজনীতেই তথা হইতে প্রস্থান করিলেন। প্রস্থান কালে ভীমসেন হিড়িম্বানামী রাক্ষদীর পাণিগ্রহণ ক্রিয়া তাহার গর্ভ্তে বটোৎকচ নামক এক পুত্র উৎপাদন করেন। পরে পাওবেরা ত্রন্ধচারিবেশে একচক্রা নগরীতে এক ব্রাহ্মণের আবাসে উপনীত হইয়া বেদাধায়নে মনো-নিবেশপূর্বক কিয়ৎকাল অতিক্রম করেন। একদা মহাবল মহাবাছ ভামদেন স্বীয় বাহবলে ক্ষুধার্ত্ত বকনামক রাক্ষসকে वंध कविया अकठका नगरवद छेशक निवादण कविरासन। তৎপরে পাওবেরা ফ্রোপদীর স্বয়ম্বর-ব্রতাস্ত প্রবণ করিয়া পাঞ্চাল-দেশে আগমনপূর্ব্বক দ্রৌপদীলাভ করেন এবং তথায় এক বংসর বাস করিয়া পরিশেষে হস্তিনাপুরে প্রত্যাগত হয়েন। তথন মহরাজ ধুতরাষ্ট্র অভ্যাগত পঞ্চপাণ্ডবকে কহিলেন, তোমাদিগের ভাতবিগ্রহ হইবার বিশক্ষণ সম্ভাবনা দেখিতেছি, যেহেতু আমি খাওবপ্রস্থে ভোমাদিগের বাসস্থান অবধারণ করিয়া দিয়াছিলাম, কিন্তু ভোমরা ভাহাতে প্রত হইলে না। অভএব একণে তোমরা কতিপয় গ্রাম লইয়া বাসার্থ সেই বিশাল-র্ণ্যাক্লাপ-মন্তিত খাভবপ্রস্থে প্রস্থান কর। পাভবগ্র তাঁহার আদেশক্রমে বহুমূল্য রত্নাশি গ্রহণপূর্ব গ স্বজন-গণ সমভিব্যাহারে খাওবপ্রস্থে গমন করিলেন । পরে বাহবলে অন্যান্য ভূপালগণকে পরাভূত করিয়া এক-বংসর •তথায় অবস্থিত করেন। ধর্মপরায়ণ পাণ্ডব-গণ এইরপে শক্-দমন ছারা ক্রমণ: অভাদয় লাভ कतिष्ठ नाशिष्तनं। মহাयभा ভीমসেন পূর্কদিক্, অর্জুন উত্তরদিক, নকুল পশ্চিমদিক, ও সহদেব দক্ষিণদিক জয় করিয়া এই স্বাগরা ধরামগুলে একাধিপতা স্থাপন করি-लान । पूर्वा ७ पूर्वाममुण शक्षशाख्य धात्रा धत्रीम ७ न रेयन ষট কৰ্ষো উদ্ধাসিত হইল।

একদা ধর্মরাজ বৃধিষ্ঠির কোন বিশেষ কারণবশতঃ था। हैरेज थियाजत लाजा अर्क्ताक वान गारेज कहि-লেন; পুরুষশ্রেষ্ঠ অর্জুন তদীয় আঞ্চাক্রমে বনে প্রবেশ করিয়া ত্রোদর্শ মাস তথার বাস করিলেন। পরে এক দিবস দারবতী নগরীতে গমন করিয়া ক্রঞের সহিত সাক্ষাৎ করেন এবং তাঁছার স্কুভন্তানারী ভগিনীর পাণি-खर्ग करतन। रामन नहीं देखरक भारेता अवः नकी कुकारक शारेशा बाह्नामिछ इरेग्नाছित्नन, खुख्छ। बर्क्न्नरक পতিলাভ করিয়া তজপ আহলাদিত হইলেন। পরে বাস্ক-দেব সম্ভিব্যাহারে অর্জুন থাগুব বন দগ্ধ করিয়া ভগবান্ ছতাশনকে পরিভৃপ্ত করিলেন। অগ্নি পরিভৃষ্ট হইরা অজ্রুনকে গাভীবধমুঃ, অক্ষয় তুণীর ও কপিধবন্দ রখ প্রদান করিলেন। অর্জুন সেই সমস্ত বস্তু প্রতিগ্রহ করি-লেন, এবং খাওবাগ্নি হইতে ময়দানবকে মোচন করিয়া দিলেন। ময়দানব ভাঁছার প্রদাদে পরিত্রাণ পাইয়া নানা-বিধ মণিকাঞ্চন-মণ্ডিত ও পরম রমনীয় এক সভামগুপ নির্মাণ করিয়া দেন। হৃত্মতি হুর্যোধন মন্ত্রনির্মিত সভার লোভ সম্বরণ করিতে না পারিয়া শকুনির পরামর্শাহসারে কৃট পাশ-ক্রীড়া দ্বারা যুধিষ্ঠিরকে পরাব্দত করিয়া দ্বাদশ বর্ষ বনবাস ও এক বংসর অজ্ঞাতবাসের আদেশ দিলেন। ধর্মাজ তদমুসারে ত্রোদশ বংসর অভিবাহিত করিয়া নিজ রাজ্যে প্রত্যাগমনপূর্বক স্বকীয় ধন-সম্পত্তি প্রার্থনা করেন। ভাঁহা না পাওয়াতেই তাঁহাদিগের ঘোরতর সমরানল প্রজ্ঞলিত হয়। পরিশেষে তাঁহারা বিপুল-পরা-ক্রমা প্রকাশপূর্বক তুর্ব্যাধনের প্রাণসংহার করিরা পুনর্বার আপন রাজ্য সম্পত্তি সমুদার অধিকার করেন। হে মহা-রাজ ! টুভন্ন পকে বেরলে আত্মবিচ্ছেদ ও সংগ্রাম উপ-खिंछ।इहेबाहिन, छाहा चामि मःक्तिं कीर्डन कविनाम।

ু দিষ্ঠিতম অধ্যায়।

ক্ষনিষ্টেশ্ব কহিলেন, হে বিজেক্ত । আমি ভারতীয় উপাধ্যান সংক্ষেপে শ্রবণ করিলাম। এক্ষণে কুরুবংশীর-দিগ্রের অভি বিচিত্র চরিত্র সবিস্তার কীর্ত্তন করিয়া আমার কৌত্হলাক্রাস্ত চিত্তকৈ সম্ভষ্ট কর। পূর্বপুরুবদিগের বিশুদ্ধ চরিতাবলা সংক্ষেপে শ্রবণ করিয়া আমার অস্তঃকরণ পরি-

তপ্ত হইল না। ধর্মপরায়ণ পাগুবগণ যে কারণে অবধ্য জ্ঞাতিকুল সংহার করিয়াও লোকের প্রশংসাপাত্র হইয়া-ছিলেন, বোধ করি সে কারণ সামান্য কারণ নছে। আর তাঁহারা নিরপরাধী ও প্রতিবিধান-সমর্থ হই রাও শত্রুকৃত इः मह द्रम महा कतिशाहितान, देशतह वा कारन कि ? মহাবল মহাবাছ ভীমদেন এত কট্ট স্থীকার করিয়াও কি কারণে ক্রোধ সম্বরণ করিয়াছিলেন ? পতিব্রভা ভৌপদী সভামধ্যে তাদৃশ অপমানিত ইইয়াও কেন ক্রোধ চকু: আরা সেই ছরাত্মা কৌরবদিগকে ভদ্মাবশেষ করিলেন না ? यथन धर्मनमन गुधिष्ठित गाउ जामक रात्रन, ज्यन भीमा-র্জুন ও নকুল সহদেব কেন তাঁহাকে নিবারণ ক্রিলেন না? কি প্রকারেই বা অর্জুন একাকী ছইয়া একমাত্র ক্ষের সহায়তায় সেই প্রভূত কুক্সেনা পরাভূত করিয়া-ছিলেন ? হে তপোধন ! আপনি এই সকল সুতান্ত এবং পাওবদিগের আচরিত অন্যান্য বুতান্ত আদ্যোপান্ত কীর্ত্তন করুন।

বৈশস্পায়ন কৃহিলেন, মহারাজ! কৃষ্ণবৈপায়ন-প্রোক্ত এই পৰিত্ৰ উপাখ্যান অতি বিস্তীৰ্ণ, অতএৰ ইহা প্ৰবৰ कतिवात ममत्र निर्द्धम कक्रन, আমি আপনকার निक्छे উহা সবিস্তার কীর্ত্তন করিব। সত্যবতী-পুত্র ভগবান ব্যাস-দেব এই গ্রন্থে একলক শ্লোক রচনা করিয়াছেন। যে मक्न वाकि देश अवन क्यारेतन এवर याहाय अका ७ ভক্তি সহকারে প্রবণ করিবেন, তাঁহারা ত্রন্থলোকে গমন করিয়া দেবতুলা হইবেন। বেদুবাাস-প্রণীত এই পরম পবিত্র রমণীয় ইতিহাস সাক্ষাৎ বেদ স্বরূপ। মহর্ষিগণ এই মহাভারতের যথেষ্ট প্রশংসা করিয়া থাকেন। ইহাতে অর্থ ও काम विवयक जामव डिनटनम প্রাপ্ত হওয়া যায় এবং এতংখ্রণে পরিনিষ্ঠাবতী বৃদ্ধি জন্ম। বিধান ব্যক্তিরা দানশীল সত্যস্তাব ধর্মপরায়ণ ও অক্লপণ ব্যক্তিদিগকে মহাভাষ্ণত শ্রবণ করাইয়া প্রচুর অর্থলাভ করেন। শ্রোতা चि वि इहेरनि ध वह चन्त्र हेरिहान <u>अवस्त</u> হইতে মুক্ত চল্লের নাায় জণহত্যাদ্রিক্তিক হইতেও আশু বিমুক্ত হইতে পাত্রে বিজিগীয় ব্যক্তিদিগের এই জ্যাণ্য ইতিহাস স্বৰ্ণ করা কর্তব্য। রাজারা ইহা এবণ করিলে রাজ্য লাভ ও শত্রু পরাজয় করিতে পারেন। যদি কোন যুবা রাজা মহিষীর সহিত এই পুত্রফলপ্রদ প্রম

বস্তায়নস্বরূপ মহাভারত শ্রবণ করেন, তাহা হইলে জাঁহা-দিগের বীর পুত্র বা রাজ্য-ভাগিনী কন্যা জন্ম। মহর্ষি বেদব্যাস-রচিত এই মহাভারতই পবিত্র ধর্মশাস্ত্র, অর্থশাস্ত্র ও মোকশার। এক বাজি বক্তা ও অন্যে ইহার শ্রোতা হরেন। শ্রোতাদিগের পুত্র পৌত্রেরাও শুশ্রষাপরায়ণ এবং ভৃত্যেরা প্রভুপরায়ণ হইয়া থাকে। যে নর মহাভারত শ্রবণ করেন, তিনি কায়িক, বাচিক ও মানসিক ত্রিবিধ পাপরাশি হইতে বিমুক্ত হরেন। বাঁহারা বিশ্বেষ বুদ্ধি শূন্য হইয়া এই ভারতবংশীয় ইতিবৃত্ত শ্রবণ করেন, তাঁহাদিগের ব্যাধিভয় ও পরলোকভয় নিবারণ হয়। বেদব্যাস স্ব-গ্রন্থে नर्किविना-भारतमी महाव्यकावमानी भाखविनत्भत्र उ ष्यनामा ताकरिनिरगत कीर्डि विद्यात कवित्राष्ट्रम । देश অতি বিচিত্র ও পবিত্র, শ্রবণ করিলে শ্রোত্রযুগল চরিতার্থ স্দাচার পরায়ণ ব্রাহ্মণগণকে ইহা প্রবণ করান, তিনি স্নাত্র ধর্ম লাভ করেন। যিনি অতি পৃত্যনে সর্বলোক-প্রথাত এই কুক্সবংশীয় ইতিহাস কীর্ত্তন করেন, তাঁহার বংশপরম্পরা ক্রমশ: বিস্তার হইতে থাকে। যদি বেদপারগ ব্রাহ্মণ ব্রতামুঞ্চান-পরতম্ভ হইয়া চারি বংসর ও চারি মাস মহাভারত অধায়ন করেন, তিনি সকণ পাপ হইতে মুক্ত হইতে পারেন। এই মহাভারতে দেবতা,রাজর্ষি ও বন্ধবি-দিগের বিষয় বর্ণিত ও ভগবান নাম্নদেবের স্কুচরিত কীর্ণ্ডিত আছে, ইহাতে ভগবান ভৃতভাবন ভবানীপতি ও प्रिची शार्क्क छोत्र व्यक्तिक । प्रिचा प्रविध्य कार्किक । উৎপত্তি ও গো ত্রাহ্মণের মাহাত্মা বর্ণিত আছে। এই মহাভারত নিথিল বেদের সমষ্টিশ্বরূপ। অওএব ধর্মবৃদ্ধি লোকদিগের ইহা সর্বদা শ্রথণ করা কর্ত্তব্য। রিনি প্রতি পর্বাহে ব্রাহ্মণগণকে মহাভারত শ্রবণ করান তাঁহার পাপ-নাশ ও নিতাকাল বন্ধলোকে বাস হয়। আনকালে বান্ধণ-দিগকে ভারতের অন্ততঃ এক চরণমাত্রও প্রবৃণ করাইলে িত্রত অক্ষয় অরপানে পরিতৃপ্ত হয়েন। মন ও ইজিয় দারা অহোরাত্র : ব্রাজ্ঞানকৃত যে সকল পাপ সঞ্চিত হয়, মহাভারত প্রবণ করিলে তাই তুৎক্ষণাৎ নষ্ট হন। এই গ্রন্থে ভরতবংশীয় রাজাদিগের মহাবং ্রণিত আছে বলিয়া ইহার নাম মহাভারত হইরাছে। বিনি এই নহাভারতের সমূলায় সিদ্ধান্ত স্থির করিতে পারেন, তাঁহার সকল পাপ

অপগত হয়। এই অভুত ইতিহাস প্রবণ করাইলে প্রোতা মহাপাতক হইতে পরিত্রাণ পায়। মহর্ষি ব্যাস প্রতিদিন প্রাতঃক্ত্যাদি সমাপনানম্বর নিয়মিত তপোজপাদির অব্যাঘাতে তিন বৎসরে এই মহাভারত রচনা করেন: অতএব নিয়মবিশিষ্ট হইয়া ইছা শ্রবণ করা কর্ন্তব্য 🦯 ক্লিষ্ট-বৈপায়ন-প্রোক্ত এই অপুর্ব মহাভারতীয় কথা যিনি এবণ করান ও বাঁহারা ভক্তি ও শ্রদ্ধা সহকারে শ্রবণ করেন. তাঁহাদিগকে জমমৃত্যুত্রপ হর্ডেদ্য শৃত্বলে বন্ধ থাকিয়া আর পাপপুণোর ফলভোগ করিতে হয় না। যে নর ধর্মকামনায় এই ইতিহাসের আদ্যোপাস্ত সমুদায় এবণ করেন, তাঁহার সকল বাসনা সফল হয় ও চরমে দেবলোকে গমন করিয়া পরম সস্তোধ লাভ করেন। সমুদ্র ও মহা-গিরি স্থেক যেমন রক্ষাকর বলিয়া প্রসিদ্ধ: সেইরপ বছ-বিধ স্থচার শব্দে অলক্ত এইরমণীয়তর মহাভারতও এক অত্যুৎকৃষ্ট ইতিহাস বলিয়া প্রাসিদ্ধ। যে ব্যক্তি व्यर्थी निगरक अंदे अंदर्श-स्थकतं महाजात्रज अनान करत्रन, তাঁহার স্বাগরা পৃথীদানের ফল লাভ হয়। মহারাজ। পুণ্যসঞ্চয় ও বিজয়লাভের নিমিত্ত এই অন্তুত কথা শ্রবণ কফন। এই মহাভারতে যাহা বর্ণিত আছে তাহা অক্তব্ৰও থাকিতে পারে, কিন্তু ইহাতে যাহা নাই তাহা আর কুত্রাপি দেখিতে পাইবেন না। 🕳

ত্রিষষ্টিতম অধ্যায়।

বৈশশ্পায়ন কহিলেন, পুরুবংশে উপরিচ্র নামে এক পরম ধার্মিক রাজা ছিলেন। তাঁহার অপর নাম বস্থ। তিনি সর্বাণা মৃণরায় আসক্ত থাকিতেন। মহারাজ বস্থ ইচ্ছের উপদেশ ক্রমে রমণীয় চেদিরাজ্য অধিকা করেন। পরে অত্র শস্ত্র পরিত্যাগপূর্বক আশ্রমে প্রবেশ করিয়া অতি কঠোর তপস্থা আরম্ভ করিলেন। একদা ইক্রাদি দেবগণ তদীয় আশ্রমে উপন্থিত হইয়া ভাবিলেন, ইনি যেরপ তপস্যা করিতেছেন, ইহাতে বোধ হয় ইশ্রম্থ গ্রহণ করিবনে, এই ভাবিয়া সাম্ভ বাক্য বারা তাঁহাকে তপস্যা হইতে নির্ত্ত করিলেন। দেবতারা কহিলেন, মহারাজ! যাহাতে পৃথিবী মধ্যে ধর্ম্ম সন্ধার্ণ না হয়, তাহাই ভোমার অবশ্য কর্ত্ব্য কর্ম্ম। তুমি ধর্মা প্রতিপালন করিতেছ বলিয়া, লোক সকল অধ্ব্যে ব্যবস্থিত আছে। ইশ্রম কহিলেন, হে

নরনাথ ! তুমি অবহিত ও নিয়মশালী হইয়া সতত ধর্মের অফুষ্ঠান কর,তাহা চইলেই নিত্য ও পবিত্র লোক দৈখিতে পাইবে । তুমি ভূলোকে থাকিয়াও আমার প্রিয়মথা হইলে । তোমাকৈ এক সত্পদেশ দিতেছি প্রবণ কর, এই ভূমঞলের মধ্যে যে প্রদেশ অতি রমণীয়, পবিত্র ও উর্কাকেত্র-বিশিষ্ট এবং পখাদির আবাস ও বিচিত্র ধনধান্য-সম্পন্ন তুমি সেই দেব-মাতৃক প্রদেশে অবস্থিতি কর।

হে চেদিরাজ! চেদিদেশ প্রভূতধনরত্নাদি-বিশিষ্ট, তুনি তথায় গিয়া বাস কর। ঐ জনপদের অধিবাসীরা ধর্মপরায়ণ ও সাধু। অধিক কি বলিব, তাহারা পরিহাস-ক্রমেও কদাচ মিথ্যা ব্যবহার করে না। পুজেরা পিতার ত্তিকার্য্যে তৎপর হইয়া একারে বাস করে। তত্ততা cलारकता कुर्खेण वलोवर्फिनिशरक ভाর বাহন বা कृषिकार्रग्र নিয়োগ করে না। তথায় রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শুদ্র এই চারিবর্ণ সতত সাবধান হইয়া স্ব স্ব ধর্ম প্রতিপালন করিয়া থাকেন। হে মানপ্রদ! ত্রিলোকে যে সকল ঘটনা হইবে আমার প্রদাদে কিছুই তোমার অবিদিত থাকিবে না। মহুষোর মধ্যে কেবল তুমিই মদত্ত এই দিব্য ক্টকনির্মিত আকাশগামী বিমানে আরোহণ করিয়া বিগ্রহবান দেব-তার ন্যায় গগনমার্গে সঞ্চরণ করিতে পারিবে। আর তোমাকে এই বৈজয়ন্তীনায়ী অমানপক্ষকা মালা অর্পণ ক্রিতেছি.এই মালা সংগ্রাম কালে তোমাকে রক্ষা করিবে ও ইহার প্রভাবে তুমি অকত শরীরে রণস্থল হইতে প্রত্যাগত হইতে পারিবে। এই স্থবিখ্যাত ইক্সমালা তোমার একমাত্র অসাধারণ চিত্রস্বরূপ হইবে।

বৈশক্ত্রীয়ন কহিলেন, দেবরাজ ইন্দ্র রাজার প্রীতিবিস্তার করিবার উদ্দেশে শিষ্টপ্রতিপালনী নামে এক বেণ্যৃষ্টি প্রদান করিলেন। সম্বংসর অতীত হইলে ভূপতি
শচীপতির আরাধনার নিমিত্ত সেই বেণ্যুষ্টি পৃথিবীতে
প্রোথিত করিতেন। পরদিবস সেই বেণ্যুষ্টি গন্ধনাল্য ও
বসন ভূষণে বিভূষিত করিয়া উত্থাপনপূর্বক তাহাতে ইন্দ্রের
পূজা করিতেন। তদ্বধি অন্যান্য ক্রিতিপালেরাও তরিক্রিষ্ট পদ্ধতি অবলম্বন করিয়া ইক্সের উপাসনা করিয়া
গ্রাকেন। ভগ্রান্ ইক্স বস্তরাজের প্রতি প্রসন্ম হইয়া
হংস্কীপ গরিপ্রভ্পুক্ক অবনীতে অবতীর্ণ হইতেন, এবং

সেই প্রকার আকারেই পূজা স্বীকার করিয়া কহিতেন,
নহারাজ! তৃনি যেরপ সৎকার করিলে ভাহাতে আমি
পরম প্রীতি লাভ করিলাম। একণে কহিতেছি যে দকল
রাজা আমার প্রীতাদেশে এই উৎসব করিবেন বা অনা
দারা এই উৎসব করাইবেন, হাঁহাদিগের রাজ্যে ধনসমৃদ্ধির
বৃদ্ধি ও বিজয়লাভ হইবে, এবং তংপ্রদেশবাসীরা সর্কা
সস্ভোবে থাকিবে। হে মহারাজ! এইরপে বস্থরাজ ইপ্র
কর্ত্বক অভিহিত হইয়াছিলেন। ফলত: যে নর ভূমি ও
জ্যাদি প্রদান করিয়া ইস্রোংসব করিয়া থাকেন, তিনি
পূজিত হয়েন। চেদীশর বস্থ বরদান ও শক্রোৎসবের
উপদেশ কথন দারা ইস্রা কর্ত্বক স্থানিত হইয়া এই পৃথিবী
ধর্মত: পালন করিতেন এবং স্থরপতির সভ্যাবার্থে মধ্যে
মধ্যে ইক্রোৎসব করিতেন।

মহারাজ। বস্তুর মহাবল পরাক্রাস্ত পাঁচ পুত্র ছিল। তিনি তাঁহাদিগকে পৃথক্ পৃথক্ রাজ্যে অভিষিক্ত করেন। তাঁহার এক পুল্লের নাম বৃহদ্রও। ইনি মগধদেশে মহারও বলিয়া বিখ্যাত হইয়াছিলেন। অপর পুজের নাম প্রতা-গ্রহ। আর একটির শাম কুশাস্ব, কেহ কেহ ইহার নাম মণিবাহন বলিয়া নির্দেশ করেন। অন্য পুত্রের নাম মাবেলা। অপরের নাম বছ। অমিত পরাক্রমশালী বহু-রাজার এই পঞ্চ পুত্র জন্মে ১ তন্মধ্যে বিনি যে দেশে অভি-বিকু হইয়াছিলেন সেই দেশ তাঁহার নামে বিখ্যাত হই-রাছে। সেই ইক্সতুলা পঞ্ভূপতির পূণক্ পূগক্ বংশাবলী হইয়াছিল। যথন সেই বস্থরাজ্ঞা ইন্দ্রের প্রশাদলক্ষ সেই ক্ষটকনির্দ্মিত রথে আরোহণ করিয়া পৃথিবীর উপরিভাগে আকাশপথে গঞ্চরণ করিতেন, তৎকালে গন্ধর্ম ও অপুরা সকল স্থাসিয়া তাঁহার আরাধনা করিতের। তিনি উপরি ভ্ৰমণ করিতেন এই নিমিত্ত উপ্রিচর নামে প্রখ্যাত হইয়া-ছিলেন। তাঁহার রাজধানীর নিকটে ভক্তিমতী নামে এক নদী ছিল। কোলাহল নামে এক সচেতন অচল কামান্ধ হইয়া স্রোত্মতী-সম্ভোগাভিলাষী হওয়াতে তাহার শিরোদেশে পদাঘাত করিয়া ডিশান। রাজার পাদ-প্রহারে পর্বতবর বিদীর্থ কা। অতি বেগবতী স্লোত-সতী ভক্তিমতী ক্রাই প্রহারমার্গরারা বহির্গত হইতে লাগিল। উক্ত নদীর গর্ত্তে কোলাহলের এক পুত্র ও এক 🖜 নদী প্রীতমনে সেই কন্যা ও পুত্র

লটয়া রাজাকে সমর্পণ করিল। বস্তুপ্রদ বস্থরাল সেই পুত্রকে আপন সৈন্যাধিকারে নিয়োগপূর্বক কন্যাকে পত্নীরূপে স্বীকার করিলেন। গিরিবালা গিরিকা ঋতুস্মাতা ও শুচি হইয়া সন্তান বাসনায় রাজাকে আপন অবস্থা निर्वेष्टन क्रिन । देववर्षारंग रम विवम तासात शिक-লোকেরা প্রসন্ন হইয়া তাঁহাকে মুগ্রা করিতে আদেশ मित्न । ताका **डांश**मिरंगत बाका आखि मार्क मृगवार्थ নির্গত হইলেন, কিন্তু অলোকসামানা রূপলাবণাবতী সাক্ষাৎ লক্ষীস্বরূপা গিরিকা ওঁহোর স্বতিপথে সতত জাগ ক্রক ছিলেন। রাজা সেই রম্ণীয় বসস্তকালে মুগ্রাক্রমে অশোক, চম্পক, চুত, অতিমুক্ত, পুরাগ, কণিকার, বকুল, পাটল, চন্দন, অৰ্জ্জুন, প্ৰভৃতি বছবিধ বৃক্ষে পরিশোভিত; কোকিলালাপ মুখরিত; মধুমত্ত মধুকরের ঝন্ধারে সন্ধ্-শিত; হৈত্ররণতুল্য মনোহর; এক কাননে প্রবেশ করিলেন। কিন্তু প্রিরিকাবিরহে নিভান্ত কাতর ও হর্দান্ত মদনবাণে একাস্ত অধীর হটরা যদুছোক্রমে ইতন্তত: ভ্রনণ করিতে ক্ষিতে এক বিক্ষিত অশোক তক্ত অবলোকন ক্রিলেন। তিনি সেই তক্ষ্লে সুধাসীন হইয় বায়ুদেবন দারা অতি-শয় আহলাদিত হইলেন। এই অবসরে তাঁহার রেতখালন ত্ইল। রেতঃ নিতার নিকল না হয় এই মনে করিয়া চেদিরাজ এক পত্রপুটে তাহা গারণ করিলেন। পরে পত্নীর श्रक्रकान ७ व्यापनात (त्रजः विक्रन ना इत्र मत्न मत्न धरे विरचिता क्रिया ताका मध्याकात्र न्यू क वीक स्नाधन ক্রিয়া স্মীপ্রভী অতি ক্রতগামী এক শ্যেন পক্ষীকে কহিলেন, হে সৌমা! অদ্য আমার মহিধীর ঋতুকাল, অতএব তুমি অতি সম্বর আমার এই রেত: গইয়া তাঁহাকে প্রদান কর।

বেগবান্ শোন সেই শুক্ত লইয়া আকাশ পথে উড্ডীন হইল। পথিন্ধ্যে আর একটি শোন পক্ষী ঐ জতগামী শোনের তুওাঁগ্রে হিত শুক্ত দেখিয়া আমির আশহা

ক্রিয়ে তুরির নিকট আদিল, এবং মাংসথও বলপূর্কক
লইব এই ভাষি ক্রিয়ের সহিত তুওবৃদ্ধ আরম্ভ করিল।

বৃদ্ধ করিতে করিতে সেই শুক্ত অমনার কলে পতিত হইল।

তথায় অজিকা নামে এক অজারা বিশ্ব প্রভাবে মীনরূপ প্রাপ্ত হইয়া বাস করিত। সেই নংশ্রেপা অজিকা
শীঘ্র আসিয়া শোন-তুপ্ত-পরিত্রই বীক্ত জকণ করিল। বীক্ত

ভক্ষণের পর দশম মাদে মৎসেগপঞ্জীবীরা দেই মৎস্টাকে জালে বন্ধ করিল অনন্তর তাহার উদরাভান্তর হইতে এক कना। ও এক পুত্র বহিভূত হইল। মৎসাজীবীরা এই অত্ত ব্যাপারদর্শনে চমৎকৃত হইয়া ঐ ছই সন্তানকে ভূপাল সমকে লইয়া গিয়া নিবেদন করিল "মহারাজ। এক নৎস্যার গর্ব্তে এই ছই মানুষ জন্মিয়াছে।" উপরি-চর রাজা সেই মৎসাগৈর্ডসম্ভূত পুত্রকে গ্রহণ করিলেন। সেই মংস্টাপুত্র পরম ধার্মিক ও স্থির-প্রতিজ্ঞ মংসারাজ নামে বিখ্যাত হইরাছিলেন। শাপপ্রদান কালে ভগবান ইক্স অপ্ররা আদ্রিকাকে কহিয়াছিলেন, তুমি মাতুষ প্রস্ব করিয়া শাপ হইতে পরিতাণ পাইবে। একণে সেই নিৰ্দিষ্ট কাল উপস্থিত দেখিয়া মৎসাৱপা অপ্সরাঃ মৎসাৱপ পরিত্যাগপূর্বক স্বকীয় পূর্ব্বাকার স্বীকার করিয়া আক।শ-পথে প্রস্থান করিল। মৎস্যীগর্ত্তসম্ভূতা হহিতা রাজার আদেশক্রমে সেই মৎসাজীবীর কনা। ইইল। মৎসাঘাতীয় সম্পর্কে তাহার নাম মৎসাগনী হইয়াছিল, ফলতঃ তাহার নাম স্তাবতী। সভাবতী পিতৃ-ওলাবার নিমিত বমুনা নদীতে নাবিকের কার্য্য করিত।

একদা পরাশর ঋষি ভীর্থ-পর্যাটন ক্রমে যমুনায় উপ-স্থিত হইয়া অলোকিক রূপলাবণ্যবতী মুনিজন-মনোহারিণী ञ्चठाक्रशिमी मामनिमनी कि लिखामाक मननरवननाय অতিমাক্র ব্যাকুল হইয়া কহিলেন, হে কল্যাণি ! তুমি আমার মনোভিলাব পূর্ণ কর। সে কহিল, ভগবন্। ঐ দেখুন নদীর উভয় পারে পার হইবার নিনিত ঋষিগণ উপস্থিত আছেন, এ অবসরে কিরপে আপনার মনোরথ সিদ্ধ হইবে। তাহার এই কথা শুনিয়া ঋষিবর প্রাশ্র कुल्यां का शृष्टि कतिया जर्वाम् ज्यामय देवितान। ঋবিস্ট কুজ্বটিকা দৃষ্টে কন্যা লাক্ষতা ও বিসমাবিষ্টা হইয়া কহিল, ভগবন্! আমি পিতার অধীন। অদ্যাবধি আমার বিবাহ হুয় নাই। আপনার সহযোগে আমার কুমারীভাব দ্বিত হইবে। কন্যাভাব দ্বিত হইলে কিরপে গুহে প্রবেশ করিব এবং কি প্রকারেইবা লোক সমাজে জীবন ধারণ করিব। হে ভগবন্! এই সমন্ত আদ্যোপাস্ত অভুধাবন করিয়া যাহা উচিত হয়, বিধান করুন। পরাশর अनिया ब्लीजगत्म कन्तारक कहिरतमं, रह जीक ! आंत्राद्धः অভিলাষ পূর্ণ করিলে তোমার কন্যাভাব দূবিত হইখেন।

আমি তোমার প্রতি প্রসন্ন হইরাছি। ইচ্ছামুরণ বর প্রার্থনী কর। আমার প্রসন্নতা কথনই নিজল হন্ত নাই। তাঁহার এই কথা শুনিরা কন্যা কহিল, আমার সর্বাঙ্গ হইতে সোগন্ধ নির্গত হউক। ঋষি "তথাস্ত" বলিয়া শুনির জাভিলাবামূরণ বর প্রদান করিলেন। অনস্তর ধীবরকন্যা অভীষ্ট বরলাভে সন্তই হইরা মহর্ষির মনোবাহা পরিপূর্ণ করিল। তদবধি সেই যুবতীর নাম গন্ধবতী বলিয়া ত্রিভ্রনে বিখ্যাত হইল। লোকে এক বোজন মন্তর হইতে ভাহার গাত্রগন্ধের আঘাণ পাইত, এই নিনিত্ত ভাহার অপর একটি নাম বোজনগন্ধা হইয়াছিল।

সত্যবতী এইরপে যম্না নদীর দ্বীপে এক পুত্র প্রসব করিলেন। প্রভূততেজাঃ পরাশর-পুত্র নাতৃ-নিদেশক্রমে তপ্যায় অভিনিবেশ করিলেন, এবং জননীকে কহিলেন, নাতঃ! কার্যাকাল উপন্থিত হটলে আনাকে স্মরণ করিলেই আমি আসিব। এইরপে পরাশরের ওরসে ও সত্যবতীর গর্বে ব্যাসদেব জন্ম পরিগ্রহ করেন। তিনি যম্নান্ত্রীপে জন্মেন এই নিমিত্ত তাঁহার নাম দ্বৈপায়ন হইল এবং মৃগে মৃগে ধন্মের পাদক্ষর ও মমৃয্যদিগের আয়ুঃ ও শক্তির হাস দেখিয়া বেদের স্থায়িত্ব ও ব্যক্ষণগণের প্রতি অমুক্লতা প্রযুক্ত বেদের বিভাগ করিয়াছিলেন, এই নিমিত্ত তাঁহার নাম বেদবাসে হয়। মহর্ষি বেদবাস স্মন্ত, কৈমিনি, পৈল, বৈশম্পায়ন এবং আপন পুত্র শুক্তের পৃথক্ মহ্ভোরত অধ্যয়ন করান। তাঁহারাই ভারতের পৃথক্ পৃথক্ মংছিতা প্রকাশ করেন।

নহাবীর্যা মহাযশাঃ শান্তমুপ্ত ভীশ্ন অন্তবস্থর সহযোগে গঙ্গাগর্যে জন্ম প্রহণ করেন। অণীমাগুবা-নামক এক মহর্যি জিলোকে বিখ্যাত ছিলেন। সেই বেদবেতা মহাযশাঃ ভগবান চৌর্যাপবাদে শুলে আরোপিত হরেন। তিনি শ্লারোপণ কালে ধর্মকে আহ্বান করিয়া এই কথা কহিলেন, হে ধর্ম ! জামি শৈশবকালে ইনীকান্ত দারা এক শকুন্তিকাকে বিন্ধ করিয়াছিল্যম। আমার শ্বরণ হইতেছে, সেই এক হুন্দর্ম করিয়াছি। উত্তির আর কোন পাপকর্ম করি নাই। কিন্তু আমি তদপেকা সহস্তগুণ তপস্যা করিয়াছি, তদ্ধারা কি আমার সেই পাপের শান্তি হর্ম নাই ? অন্যানী প্রাণিবধ অপেকা বান্ধণৰধ গুক্তর

একণৈ তোমার অন্তরে পাপের সঞ্চার হইয়াছে, আমি অভিশাপ দিতেছি তুমি শুক্তবোনি প্রাপ্ত হইবে। ধর্ম তদীয় শাপপ্রভাবে বিহর্রপে শুদ্রযোনিতে জন্ম গ্রহণ করেন। বিছরের শরীরে সাক্ষাৎ ধর্ম আবিভুতি আছেন। স্ত গ্ৰলগণ ছইতে মুনিতুল্য সঞ্জয় সঞ্জাত হয়েন। কুন্তীর কন্যকাবস্থায় সূর্য্যের ওরদে তদীয় গর্ডে মহাবল কর্ণ জন্ম গ্রহণ করেন। সর্কলোক-পুজিত, জগং-কর্ত্তা, অনাদিনিধন নারায়ণ ক্লোকদিগকে অনুগ্রহ করিবার 🚽 নিমিত্ত বস্থদেবের ঔরসে দেবকীগর্ভে আবিভূতি হয়েন। लाटक याहारक व्यवाक, व्यवनाभी, तका, विश्वनांयक, আত্মা, অব্যয়, প্রকৃতি, প্রভব প্রভু, পুরুষ, বিশ্বকর্মা, সহ-खनमण्यात, ध्रव, खंक्यू, ध्रवस्थ, घानस, त्रव, दःम, नादायन, বিধাতা, অজ, মোক-স্বরূপ এবং নির্ভূণ বলিয়া নির্দেশ করে; সেই সর্বভৃত পিতামহ ধর্মসম্বর্জনের নিমিত্ত অন্ধক বৃষ্ণিবংশে অবভীর্ণ হয়েন। অস্ত্রজ্ঞ ও স্বশাস্ত্র-বিশার্দ মহাবল পরাক্রাস্ত সাত্যকি ও কৃতবর্গা সত্যক ও হৃদিকের ঔর্বৈ জুনাগ্রহণ করিলেন। এক দ্রোণীতে অর্থাৎ কুস্তে উগ্রহণাঃ মহর্ষি ভ্রম্বাজের রেতঃপাত হয়, ভাহাতেই দ্রোণাচার্য্যের জন্ম হইল। অশ্বথামার জননী রূপী ও মহাবল রূপ, শরংকালীন শরন্তত্তে প্রসিক্ত গৌতনের বেতঃ হইতে উদ্ভ হইলেন। জোণাচার্য্য হইতে অখ্থানা জন্ম গ্রহণ করিলেন। প্রভূত-পরাক্রমশালী প্রদীপ্ত অনল সম তেজন্বী ধৃষ্টত্যম জ্রোণবিনাশের নিমিত্ত ধর্মগ্রুকক यक्षादिनी इहेट आदि क्रिंड इराम । के गुंक दिनी इहेट व्यानोकिक ज्ञाननावनावडी खगैवडी छोननी अ अम धरन করেন। পরে প্রহলাদের শিষ্য নগ্নজ্ঞিং ও স্থবলের জন্ম হইল। গান্ধাররাজ স্বরের শক্নি নামে এক পুত্র ও क्र्र्याध्यात्र अननी शक्काती नाम कनी अधिन। किन्छ দৈবকোপে শকুনি অধাশ্বিত ইইয়াছিল। রাজা ধৃতরাষ্ট্র ও মহাবল-পরাক্রান্ত পাণ্ডু বাাদের ঔরংস মহারাজ বিচিত্র-বীর্যোর কেত্রে জ্বা গ্রহণ করিলেন। বৈপায়নের ঔরসে শুদ্র বোনিতে ধর্মার্থবৈক্বা ধীমান্ বিছর জ্বিত্র পিশিছু রাজার ছই জীর গর্বে পাঁচ পুত্র হয় ব্য হইতে যুধিষ্টির,বাযু হইতে ভীম, ইন্দ্র হইতে প্রশান্ত বিশারদ অর্জুন, এবং অখিনী-তনরহর হই ত অতি রূপবান যমল মকুল ও সহদেব। তন্মধ্যে যুধিষ্ঠির সর্বাপেক্ষা অধিক গুনবান ছিলেন।

ধীমান ধৃতরাষ্ট্রের চুর্যোধন প্রভৃতি একশত পুত্র জব্মে, এবং তাহার মুমুৎস্থ ও করণ নামে আর ছই পুত্র জানিয়া-ছিল। তদনস্তর হঃশাসন, হাসহ, হুর্ম্মরণ, বিকর্ণ, চিত্রসেন, বিবিংশতি, জয়, সতাত্রত, পুরুমিত্র, বৈখ্যাপুত্র, যুযুংস্থ, এই একাদশ মহারণ জন্মিয়াছিলেন। অর্জুনের ঔরসে স্বভদার গর্ব্তে অভিমন্থার জন্ম হয়। অভিমন্থা ক্লেয়ের ভাগিনের ও মহাত্মা পাওুর পৌত্র। এক দ্রৌপদীর গর্ভে বুধিষ্টিরের ঔরদে প্রতিবিদ্ধ,ভীমসেনের ঔরদে স্তসোম, অর্জুনের ঔরদে শতকীর্ত্তি, নকুলের ঔরদে শতানীক, এবং, সহদেবের ঔরদে শ্রুতমেন, এই পঞ্চপুত্র জন্ম। ভীমের ঔরসে হিডিম্বার গর্ডে ঘটোৎকচের জন্ম হয়। ক্রপদ বাজার শিখণ্ডী-নামী এক কন্তা জ্যো স্থলনামে এক যক্ষ আপন প্রিয়কার্য্য সম্পাদন করিবার অভিপ্রায়ে যাহাকে পুরুষ করিয়া রাথিয়াছিল। এতত্তির কুরুপাওব-্দিগের যুদ্ধে শতসহস্র রাজা সংগ্রাম-বাসনায় স্মাগত হইয়ছিলেন। সেই অসংখ্য রাজগণের নাম অযুত ব্রেও নির্দেশ করা ছঙ্কর, অতএব এই উপাখ্যানের মধ্যে याशाहा व्यथान जांशामिशाहर नाम की खिंठ रहेता।

চতুঃষষ্ঠিতম অধ্যায়।

জনমেজর কহিলেন, হে ত্রহ্মন্! বে সমস্ত রাজার
নাম কীর্ত্তন করিলেন, এবং বাহাদিগের নাম অকীর্ত্তিত
রহিল, তাহাদিগের সমস্ত বৃত্তান্ত প্রবণ করিতে ইচ্ছা করি।
হে মহাজাগ! সেই মহারথ, দেবকর ভূপালেরা যে
নিমিত এই পৃথিবীতে আবিভূতি হইরাছিরেন, তাহার
আদ্যোপান্ত সম্লার বৃত্তান্ত বলুন। বৈশম্পান্ন কহিলেন,
মহারাছ! আপনি বাহা আদেশ করিতেছেন, এই রহস্ত
দেবতারাও জানেন কি না সন্দেহ। একণে মরস্ত্ বন্ধাকে
নমস্থার করিয়া সেই রহস্ত আপনার নিকট নিবেদন
করিতেছি, অবধান করুন। পূর্ককালে পরত্রাম পৃথিবীকে
একবিংশাত্রাম করেন। পূর্ককালে পরত্রাম পৃথিবীকে
একবিংশাত্রাম করেন। প্রকালে করেন। ভগবান্ ভার্গব
ক্ষার্মক্র তপস্যার মন্যোলক্ষ্ম করেন। ভগবান্ ভার্গব
ক্ষার্মকৃল কর্ম করিলে ক্রির্যাম্বর্মনী প্রত্তার্থিনী হইয়া
রাক্ষণদিগের নিকট গমন করিলেন। ব্রাক্ষী প্রত্তার্থিনী হইয়া
রাক্ষণদিগের নিকট গমন করিলেন। ব্রাক্ষী প্রত্তার্থিনী করিন

তেন। কিন্তু কামত: বা ঝুকুকালাভিক্রমে তাঁহাদিগের সহবাস করিতেন না। ক্ষরিয়ালনারা এইরূপে ব্রাহ্মণ-সহযোগে গর্ত্বতী হইয়া যথাকালে সাতিশয় বীর্যাবান পুত্র ও কলা সকল প্রসব করিতে লাগিলেন। তাহাতেই ক্ষত্রিরবংশ পুনর্কার ক্রমশঃ পরিবর্দ্ধিত হইল, এবং ত্রিক্র প্রভৃতি চারি বর্ণ পুন: সংস্থাপিত হইল। তৎকালে তির্যাগ্-যোনি প্রভৃতি অন্তান্ত প্রাণিগণও প্রকাল উপস্থিত হইলেই ভার্যা। সম্ভোগ করিত। কামতঃ বা ঋতুকালাতি-क्रा कनां छीत्रश्तर्भ कति छ ना। दक्त अञ्चाल স্ত্রীসম্ভোগ করিলে যে সম্ভান জন্মে, ভাহারা ধর্মপরায়ণ, निवाधि ७ निवाधि इरेशा भीर्घकान कोविङ शास्त्र। ক্ষত্রিয়েরা পর্ব্ব তবন-সুমাকীণা এই সুসাগরা পুথীর অধীশ্বর হইয়া ধর্মানুসারে প্রজাপালন করিতে লাগিলেন দেথিয়া ব্রাহ্মণ প্রভৃতি বর্ণচতুষ্টয় সকলেই অতিশয় প্রীত হইলেন। তাঁহারা কাম ক্রোধ প্রভৃতি হুম্পুরুতির বেশীভূত না হইয়া দোষাশ্রিত ব্যক্তিদিগের প্রতি ধর্মতঃ দণ্ডবিধানে তৎপর হইলেন, এবং তাঁহাদিগের ধর্মপরায়ণতা প্রযুক্ত দেবরাজ ইক্স বথাকালে বারি বর্ষণ করিয়া প্রজাপালন করিতে লাগিলেন। হে মহারাছ। তৎকালে লোকের অকাল্যতা হইত না বা যোবনকাল আগত না হইলে কেছ দারপরিগ্রহ করিত না। এইরূপে স্যাগরা ধরা প্রার্থীবী প্রজাপুঞ পরিপূর্ণ হইল। সেই সময়ে ক্ষতিয়েরা প্রচুর ধনদানপূর্ব্বক यळाळूठान कतिएछन। बाक्सनगन द्यम, द्यमान, छेननियद প্রভৃতি/অধায়ন করিতেন ৮ তাঁহারা কদাচ বেদ বিক্রয় वा मुख अतिशास्त (वामाकात्रण कतिराजन ना । देवराधात्र वन-वान् वलीवर्ष द्वादारे कृषि कन्त्र कदिछ। इर्धन शामकनारक ভারবাহন কার্য্যে নিযুক্ত না করিয়া তাহাদিগত্যে প্রতি-পালন করিত। ফেনপারী বংর্স সত্তে কেছ গো-দোহন ক্রিত না। বণিকেরা কৃট পরিমাণে ত্রব্য সামগ্রী বিক্রয় করিত না। সকল লেকেই ধর্মপরায়ণ ও সদাচার তৎপর किन। उदकारन धर्मात किছूमाळ व्यापत्र दत्र नारे। নারীগণ ও ধেমুগণ যথাকালে সন্তান প্রসব করিত। তরু-মওলী যথাসময়ে ফলপুম্পে পরিপূর্ণ হইত। সভাযুগে পৃথিবী এইরূপ বস্তুসংখ্যক লোকে সমাকীর্ণ হয়।

মহ্বালোকের অভ্যুদরকালে রাজাদিগের কেজে অহ্রেরা কল গ্রহণ করিতে আরম্ভ করিল। অহ্*ভুর*ী

স্তুরগণ কর্ত্তক বছশঃ পরাজিত এবং ঐশ্বর্যা ও স্বর্গ হইতে দ্রীকৃত হুইয়া ধরাতল আশ্রয় করিতে লাগিল। তাহারা ভূলোকে দেবতুলা প্রভাব অভিলাষ করিয়া গো, মৃগ, হন্তী, অ্ব, গর্দভ, উট্র, মহিন, রাক্ষ্য প্রভৃতি ভৃতযোনিতে উৎপর ছইতে লাগিল। জাত ও জায়মান অম্বরের ভবে ধরাম এল আপনাকে ধারণ করিতে জাক্ষম হইল। জনস্তর দন্তর ওরসে দিতির গর্ম্মে কতকগুলি সম্প্রক্রিল। প্রবল পরাক্রান্ত অতি ছর্দান্ত মদোৎসিক্ত দানবেরা এইরূপে সমাগ্রা পৃথিধী ব্যাপিয়া ত্রাহ্মণ, ফল্লিয়, বৈশ্য, শুদ্র, এই हाति वर्ष ७ वामाना श्राणिशास्त्र नाना श्राप्तात छे -পীড়ন কবিতে আরম্ভ করিল। ভাহারা দলবদ্ধ হইয়া প্রাণীদিগকে নিহত ও আহত করিয়া আশ্মনবাসী মহর্ষি দিগের উপর বৃত্তবিধ উপদ্রব করিত এবং পৃথিবীর চার্বি-দিকে ভ্রমণ করিয়া সর্কাদা লোকের অনিষ্ট চেষ্টা করিত। হে মহারাজ ! তংকালে অনন্তদেবও দৈতাভারাক্রান্ত সমাগ্রা সপর্কতা ধরা ধারণ কবিতে অসমর্থ হউলেন। পরে বস্তুমতী নিতাত শক্ষিতা হইীয়া স্কৃত্ত-পিতামহ প্রস্থার শরণাগত হঠলেন। ধরণী তথায় উপনীত হইয়া মহাজভাব দেব, দিজ ও মহর্ষিগণে পরিবৃত্ত, গ্রুক্তিও অপেরাগণ কর্তৃক দেবিত, অবিনাশী, স্প্রতিক্তা, লক্ষাকে দেখিলেন, এবং ভাহার সন্মুখীনা হুইয়া প্রণাম করিলেন। শরণার্থিনী অবনী সমগেত সমস্ত লোকপালনিগের সমকে লক্ষাকে আত্মগন্ধান নিবেদন ক্রিলেন। সক্ষান্তর্যামী ভগ-বান্ একা ইতিপুকোই ভূমির অভিপ্রায় অবগত হইয়া ডিলেন। বিশ্বনির্মাতা বিধাতা সর্বদা সকল লোকের মুনোনন্দিরে জাগরক আছেন, স্নতরাং ভাঁহার পূথিবীর শ্ভিপ্রার জানা নিতান্ত বিস্মাকর ব্যাপার নহে। তথন তিনি পূর্ণীকে সম্বোধন করিয়া কহিলেন, ছে বস্থন্ধরে। ভূমি যে কারণে আমার শরণাপর হ্ট্যাছ, আমি ভোমার সেই বিপদ্ নিরাকরণের নিমিত্ত দেবতীদিগকে নিয়োগ করিব। এইরূপ সাম্বনা বাক্যে পৃথিবীকে বিদায় করিয়া ভূতভাবন ভগবান একা দেবগণকে আদেশ করিলেন, তোমরা ভূমির ভার হরণ ও অহ্রেদিগের অনিষ্ট সাধন করিবার নিমিত্ত অংশক্রমে ভূতবে জন্ম গ্রহণ কর এবং অর্ক ও অপ্রাগণকে আহ্বান করিয়া কহিলেন, তোমরা নরলোকে বাইয়া উদ্ভত হও। স্থবগুক-একার এই হিত-

কর বাকা শুনিয়া ইঞ্জাদি দেবগণ ভাষাতে স্থাতি প্রদান করিলেন, এবং পৃথিনীতে অবতার্গ হইতে ক্লুভানিশ্চর হইয়। বৈকুঠে নারায়ণের নিকট উপনীত হইলেন। ইক্ল ভগ বান্ চক্রপানিকে ভ্ভার হরণের নিমিত্ত জিজ্ঞাসা করিবে তিনি তাঁহানিগকে অংশক্রমে ভ্তরে অবতীর্গ হইতে পরাম্ম দিলেন।

আদিবংশাবতরণিকা সমাপা।

সম্ভবপৰ্বাধ্যায়।

পঞ্ষষ্ঠিতম অধ্যায়।.

বৈশশ্পায়ন কহিলেন, দেবরাজ ইজ নারায়ণের স্থিত ।
এইরূপ মন্ত্রণা করিয়া দেবরাণকে অংশক্রমে পৃথিবীতে,
অবতীর্ণ হুইতে আদেশ দিলেন। হে রাজন্। তদনস্তর
দেবুরণ অন্তর-বিনাশ দারা প্রজাগণের হিত্যাধন করিবার মান্ত্রণ ভুইতে অবতীর্ণ হুইয়া স্কেজ্জেনে কেও
রক্ষরিংশে কেহ বা রাজ্রিংশে জন্ম গ্রহণ করিলেন।
ভাহারা বাল্যকালেই এরূপ বলিষ্ঠ, হুইয়া উঠিলেন যে,
দানব, গল্পরু, প্রগ্ রাক্ষণ ও নর্মাংস লেল্পে অন্যান।
জন্ত্রগণকে অবলালাক্রমে এন করিতে লাগিবেন।

জনমেলয় কহিলেন, হে মুনিসভম! আমি দেব, দানব, গদ্ধবর্ধ, অপারা, মানব, ও যক রাজস প্রভৃতি অন্যান্য জীবগণের জন্মগুতান্ত আদ্যোগান্ত উনিতে বাসনা করি, অন্তগ্রহ করিয়া সবিস্থার বর্ণন করুন। বৈশম্পায়ন কহিলেন, মহারাজ! আমি ভগবান্ স্বাস্ত্রে নুময়ার করিয়া স্বাস্ত্র প্রভৃতির জন্ম মরণ-বৃত্তান্ত স্বিশেষ রূপে বর্ণন করিতেছি, প্রণ করুন। স্বল্যান্ত প্রভৃত্ত করু নামে চয় মানস প্র জন্মেন। মরীচির পুলু কশ্যাপ, কশ্যাপ হইতেই এই সমস্ত প্রজার স্পৃতি হইয়াছে। হে মহাজ্পেন লালিতি, দিতি, দল্প, কালা, দনায়ু, সিংহিকা কলিবা, প্রধা, বিশ্বা, বিশ্বা, কলিলা, মৃতি কল্পা, এই এয়োদশ দক্ষকনা কশ্যাপের ভার্যা হলেন। ইহাদের গর্প্তে কশ্যাপের মহাবল পরাক্রান্ত অসংখা সন্তান সমুপের হয়। হে রাজন্! অদিতির গর্প্তে অসংখা সন্তান সমুপের হয়। হে রাজন্! অদিতির গর্প্তে বিথাক্রমে ধাতা, মিল, অর্ম্বনা, শত্রং, ১৯৭০,

षरभ, छश, विवयान, शृश, मिरा हो ७ विकृ गाम षाम् आमिতा জत्मन। आमिতाश्वात मर्खक्तिक विकृ সর্বাপেকা গুণজ্যেষ্ঠ। দিভির গর্ব্তে একমাত্র পুল জন্ম। তাঁছার নাম হিরণাকশিপু। হিরণাকশিপুর পঞ্পুত্র; अञ्चाम, गःझ्नाम, अञ्चलाम, भिनि ও वायन; हेटाँदा गকলেই সুবিখাত ছিলেন। প্রহলাদের তিন পুত্র; বিরোচন, কুন্ত ও নিকুন্ত। বিরোচনের পুল বলি ; ইনি ভূবন-বিশ্রুত ছিলেন। বলির পুত্র মহাবল পরাক্রাস্ত বাণ; ইনি বছকালাবধি ভূতনাথ ভ্ৰানীপতির আুরাধনা হরিয়⁸ মহাকাল নামে বিখ্যাত হন। প্রপম, রাজা, বিপ্রতিত্তি, মহাবশাঃ, শন্তর, নমুতি, পুলোমা, বিশ্রুত, অসিলোমা, (कभी, इर्क्कत, मानवन, अयःभिताः, अधिनताः, अधिनतः, বীষ্যবান, গগনমুদ্ধা, বেগবান, কেতুমান, অভাত্ম, অখ, ুঅশ্বপতি, বুষপর্কা, জ্ঞাক, অশ্বগ্রীব, স্ক্রা, তুহ ও, মহাবল, একপাদ, একচক্র, বিরূপাক্ষ, মহোদর, নিচন্ত্র, নিকুন্ত, ্ কুপট, কপট, শরভ, শলভ, ভুগ, চক্রমাঃ, এই চত্তা-রিংশং পুত্র দমুর গর্ত্তে জন্মে। একাক্ষ, অমৃত্রণ, প্রালয়, নরক, বাতাপী, শত্রুতপন, শঠ, গ্রিষ্ঠ, চবনায়, দীর্ঘজিহব, এই দশ দানবের পুত্র পৌত্রাদি অসংখ্য। চন্দ্রার্ক-বিদ্বেষী ताङ, स्रुटल, हल्लाङ्का ও हल्लार्फन, এই करत्रकृष्टि शुल् সিংহিকার গরেও জন্মগ্রহণ করেন। সিংহিকা ক্রুরস্বভাবা ছিলেন, এই নিমিত তাঁহার পুরুপৌরগণ কোধ পরবুশ, কুরকর্ম। ও অরিমর্দন বলিয়া লোকে বিখ্যাত। দনাযুর চারি পুত্র; বিকর, বল, বীর ও রুত্র। বিনাশন, ক্রোধ, ক্রোধহন্তা, শক্র প্রভৃতি শমন সদৃশ প্রহর্তা দানবেরা কালার পূত্র। ইহারা সকলেই মহাবল পরাক্রাস্ত ও অরি মর্দন ছিলেন। প্রষিপুত্র শুক্র অসুরগণের উপাধ্যায় ছিলেন। শুক্রের চারি পুল : ছঠাণর, অত্তি এবং অপর ছুই জন। ইহারো চারি জনেই স্বাসম তেজস্বী ও এক-লোক-প্রায়ণ ছিলেন। ইহাঁরাই অস্ত্রগণের মাজনক্রিয়া স্থাবা বিদ্যা হে রাজন। পুরাণে যেরপ শত আছে তদমুদারে দৈ দেখেবগুণের বংশ কীর্ত্তন করিবাম। किछ त्य त्य त्वनचा वा मानत्यस्भात्मात्वथ कतिनाम, তাহাদের পুত্র-পোত্রাদি অসংখা। অশেক পুপ তাঁহাদিগের নাম নির্দেশ করা অতিশয় ছঃসাধ্য। তাকী, রিষ্টনেমি, গরুড়, অরুণ, আরুণি ও বারুণি ইহারা বিনহার পুত্র।

শেষ, অনস্ক, বাস্থকি, তক্ষক, কৃর্ম ও কুলিক, ইইারা কজ্র পুত্র। ভীমদেন,স্থপর্ণ,বরুণ,গোপতি, ধুতরাষ্ট্র, স্থাবর্চাঃ, সত্যবাক, অকপর্ প্রযুত, ভীম, চিত্ররণ, শালিশিরাঃ, পর্জন্য, কলি, নারদ, এই যোড়শ পুত্র মুনির গর্ডে ভূরেন। ইহাঁদের মধ্যে কেহ দেব হা, কেহ কেহ গন্ধৰ্ম। প্রাধার গর্বে অনবদ্যা, মন্তু, বংশা, অন্তরা, মার্গণপ্রিয়া, অন্তুপা, স্থভগা, ও ভাগী, এই করেকটি কন্তা এবং দিদ্ধ, পূর্ণ, বহাঁ, পূর্ণায়ু:, বন্ধচারী, রতিগুণ, স্থপর্ণ, বিশাবস্থ, ভাতু, ও সুচক্র, এই দশ পুল্র জন্মগ্রহণ করেন। পুরাণে কথিত আছে মহাভাগা প্রধাদেবী দেবর্ষির ঔর্সে পর্ম পরিত্র र्यविशां क कार्यावश्य मन्दर्भ हम। कनस्या, मिलाक भी. বিচাৎপর্ণা, তিলোভমা, অরুণা, রক্ষিতা, র্স্তা, মনোরমা, কেশিনী স্থাল, স্বতা সুরজা ও স্থপ্রিয়া এই কুএকটি কলা এবং অতিবাহ, হাহা, হুহু, হুমুক প্রভৃতি গন্ধগণ ও বান্ধণ, অমৃত গো, গদ্ধৰ্ব প্ৰভৃতি নানাবিধ অপতা কপিলা ছইতে সমুংপল হয়। হেরাজন । আমি তোমার নিকট গল্পর্ক. অপরা, ভুজন্ন, সুপর্ণ, রাদ্র, মরুং এবং গোবান্ধণ প্রভৃতি সমস্থ শীবগণের জন্মবৃত্তান্ত বর্ণন করিলাম। যে ব্যক্তি चर्याम्ब कर्या धरे ज्वाननमायक मर्क्याणिशास्त्र জনাবৃত্তান্ত শ্রণ করে ও অন্তাকে শুনায় ভাহার আয়:. পুণা ও যশ: বৃদ্ধি হয়। আর যে বার্ত্তি ব্রাহ্মণগণ সরিধানে নিয়মপুলাক ইভা পাঠ করে, তাছার ইছকালে ধন ও যশঃ এবং পরকালে সদগতিলাভ হয়।

ষট্ষষ্টিতম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, হে মহারাজ ! পুর্ব্বে আপনাকে কহিয়াছি দে, মরীচি প্রভৃতি অতি বীর্যাবান্ ছয়জন মহর্ষি ব্রহ্মার মানদপুত্র। মুগবাাধ; দর্প, নিশ্বতি, অজৈকপাদ, অহি, বৃধা, পিনার্কী, দহন, কপালী, স্থাণু, ও ভর্গ, স্থাণুর এই একাদশ পুত্র, ইহাঁদিগকেই একাদশ করে কহে। অক্রিরার তিন পুত্র, বৃহস্পতি, উত্যথ্য ও সম্বর্ত্তা; ইহাঁরা সর্বলোকবিখ্যাত। হে নরনাথ! শ্রুত আছে অত্রির অনেক পুত্র; তাঁহারা সকলেই বেদজ্ব, দিদ্ধ ও শমগুগ্রাবদ্ধী মহর্ষি। হে নরশ্রেষ্ঠ! রাক্ষ্য, বানর, কিরর ক্রিপ্রাক্তা, ধীমান্ প্রত্যের পুত্র। শলভ, সিংহ, কির্মুক্তর,

ব্যাঘ্র ও ঈহামুগগণ পুলহ হইতে সমুংপর হয়। ক্রতুর পুত্রগণ স্বীর পিতার সদৃশ প্রতাপশালী স্থাসহচারী ত্রিভুবন-বিশ্রুত ও স্তানিষ্ঠ ছিলেন। ছে ধ্রানাথ! শাস্তিখণাবলম্বী, তপঃপরারণ ভগবান দক্ষ্মিবি একার দক্ষিণ অক্ষয় হইতে ও তাঁহার পত্নী প্রকাপতির বানাক্ষ্ঠ হুইতে উৎপন্ন হরেন। মহর্ষি দক্ষ ঐ ভার্যার গরে পঞ্চাশং ক্রা উৎপাদন করেন। মহর্ষির প্রক্র জন্মে নাই, এই নিমিত্ত ভিনি ঐ সকল সর্বাঙ্গস্থলারী ক্যাগণকে পুত্রিক। করিয়াছিলেন। হে রাজন।মহর্ষি দক্ষ ঐ পঞ্চাশটি কলার মধ্যে ধর্মকে দশন্তি, কশ্যুপকে ত্রয়োদশটি ও চক্রকে সাভাইশটা বেদ-বিধানসারে সম্প্রদান করেন। ধর্ম, চক্র ও কখ্যপের ধর্মপত্নীদিগের নাম কীর্ত্তন করিতেছি, শ্রবণ करून। कीहिं, वन्ती, श्रृति. (मश्रा, शृष्टि, श्रृत्ता, जिया, तृ के, লজ্জাও মতি এই দশ্টী ধর্মের পত্নী। লোকবিঞাতা সময়বোধিকা নক্তরেপেণী অধিনী ভরণী প্রভৃতি মাতাইশটী চক্রের ভার্যা। সর্কলোক-পিতামহ ব্রহ্মার পুলু মতু। মতুর পুলু প্রজাপতি। ধুর, ধ্রুব, সোম, আহঃ, অনিল, অনল, প্রভাষ ও প্রভাস এই অষ্ট্রক্স প্রজাপতি হটতে সমুৎপর হয়েন। ইহাঁদের মধ্যে ধর ও এক্ষবিৎ ধ্ব ধুনার গর্ত্তে জন্মেন; সোম মনস্বিনীর গর্ত্তে, অহঃ রতার গর্ডে, অনিল খাসার গর্ডে, অনল শাণ্ডিলার গর্ডে, প্রভাষ ও প্রভাগ প্রভাতার গর্ব্বে জন্মগ্রহণ করেন। ধরের ছই পুত্র, জাবিণ ও ত্তহবাবহ ৷ সংখারকর্ত্তা ভগবান্ কাল জবের পুঁত্র। সোমের পুত্র বর্চাঃ, যদ্বারা লোক বর্চসী হয়। শিশির, প্রাণ ও রমণ ইছারা মনোহরার পুত্র। জুেটিঃ, শৃষ, শাস্ত ও মুনি ইহাঁরা অহের ঔরসে জন্মেন। শর্বনবাসী আমিন কুমার অগ্নির পুত্র। শাখ, বিশাথ ও নৈগমের এই তিনজন কার্তিকেয়ের অফুজ। কুমার ক্রুতিকা কর্ত্ব পালিত হইয়াছিলেন বলিয়া কার্ত্তি-কেয় নামে বিখ্যাত হইয়াছেন। স্থানিলের ভার্যা শিবা, তাঁহার গর্বে মনোজব ও অধিজ্ঞাতগতি, নামে অনিলের इटे शृक्ष करना। (मवन श्वि श्रेकारवर शूख। (मवरनत घु रे शूल, जाहाता नाजिभत कमावान् अ विवान् कित्नन। वृह्म्क्षांडित छात्रनी जुकाराणिनी त्यागामञ्ज्। वत्रज्ञी ममन्द्र পুরিবী পরিভ্রমণ করেন। ইহাঁর গর্মে অষ্টম বস্থ প্রভাদের ওরনে শ্রিরপ্রজাপতি দেবস্থার বিষক্ষা জন্মগ্রহণ

করেন। ইনি সর্ক শিল্পকরৈর মধ্যে শ্রেপ্ট। দেবতাদিগের সমৃদয় অলঙ্কার ও বিমানাদি বিশ্বকর্মা নির্মাণ করেন। ইহাঁর শিল্পকার্য্য উপজীব্য করিয়া মহুষ্যেরা জীবিকা নির্বাহ করে এবং শিলোপজীবী লোকেবা সেই অক্ষয় বিশ্বকর্মাকে পূজা করিয়া থাকে।

সর্কলোক স্থাবহ ভগবান্ ধর্ম নর কলেবর ধারণ প্রঃসর ব্রহ্মার দিজিণ স্তন ভেদু করিয়া বিনিগ্ ত হয়েন। ধর্মের ভিন প্র ; শম, কাম ও হর্ম। শমের পত্নী প্রাপ্তি কার্মের স্ত্রী রুতি ও হর্মের ভার্মান নদা। ইইাদিগকে অবলম্বন করিয়া লোক্যাতা নির্কাহ হুইতেছে। ঘোটকী-ক্রপধারিণী স্থান্তী স্বিভার স্ত্রী। ইনি অন্তরীক্ষে অম্বিনী ক্র্মার-ম্বরকে প্রস্বকরেন। হে রাজন ! মরীচির প্র ক্রম্প হইতে স্বরাম্রগণ জ্বেনন। অত্তব্র ভগবান্ কশ্রপ হইতেই সমস্ত লোকের উৎপত্তি হইয়াছে, বলিতে হুইবে।

ুঅদিতির গর্বে ইন্দ্রাদি হাদশ পুত্র জন্মেন। সর্বাহ্নগৎ-পালনকর্ডা ভগবান্ বিষ্ণু তাঁহাদিগের সর্কানীষ্ঠ। রুদ্র, সাধা, মরুং, বস্থু, ভার্গব ও বিশ্বদেব এই নবতি দেবতার नाम की खिंड बहेल। अकरण हे हैं। एस दर्भावनी, शक छ গণ কীর্ত্তন করিতেছি। বিনতানন্দন গরুড় ও বলবান অরুণ এবং বুহস্পতি ইহাঁরী আদিতা মধ্যে পরিগণিত। অবিনী কুমারদ্য, গুঞ্কগণ, যাবতীয় ওবণি ও সমস্ত পশুগণ দেবতা মধ্যে পত্রিগণিত। লোকে আরুপুর্বিক इंडालित नाम की ईन कतित्व मुख्ये शाय इटेट विमुक्त इत्र। ভগবান্ ভৃগু বেক্ষার জ্বয়দেশ ভেদ করিয়া বিনির্গত इरात । ज्युत भूव कक, देनि भन्नम थाक उ कविद्रमंह। গ্নি ইঅলোক্যের প্রাণয়াতার্থে বর্ষাবর্ষ-ও ভয়াভয় বিষয়ে ভগবান্ স্বয়স্তু কর্ত্ক নিযুক্ত হুইয়া ত্রিভ্বন ভ্রমণ করিতে-ছেন, সেই অসাধারণ ধীশক্তি-সুম্পন্ন যোগাচার্য্য শুক্রাচার্য্য देवजात्वक अक । जिनि द्याधाकम मन्त्रावनार्थं विभाजाः কর্ত্তক নিযুক্ত হইলে ভগবান ভৃষ্ণ চাবন নারে शुक्त छेर भागन करतने। यिनि चीन जनमात इः श्रामाहरनत নিমিত্ত কোধভারে পুর্তিতে বহিগতি হরেন। মহুর कन्ना आकृषी विद्वार्ण हायत्मत्र ভार्या । आकृषीत जेकलम टिन क्रिया शिक्तार थक शूल निर्शठ श्रेयन । देनि বালাকালেই সাতিশর তেজঃশালী, মহাবশ পরাক্রান্ত ও

নানাগুণযুক্ত হুইয়াছিলেন। ওর্বের পুত্র ধাচীক। ধাচীকের পুত্র জনদ্যি। মহাত্মা জামদ্যির চারি পুত্র। রাম তাঁহাদের সর্বাকনিষ্ঠ কিন্তু সর্বাপেকা গুণজোষ্ঠ, সর্বাশান্ত বিশারদ ও ক্ষত্রিরকুলাম্বক। ঔর্ব্বপুত্র ঋচীকের জনদগ্রি প্রভৃতি এক শত পুত্র। সেই শত পুত্রের সহস্র সহস্র পুত্রগণ পৃথিবীতে ব্যাপ্ত ছইয়াছেন। এবং তাঁহার ধাতা ও বিধাতা নামে অপর ছই পুত্র আছেন; পদ্মালয়া লক্ষ্মী তাঁহাদের ভগিনী। আকাশগানী তুরঙ্গনগণ লক্ষীর মানস পুল বরণের জোষ্টা ভার্যা। শুক্রাদেবী, উল্লোর গার্ডে বল নামে পুত্র ও সুরানাত্রী কঞা জন্ম। অরাণী প্রজাগণের পরস্পর ভক্ষণ হইতে সর্বভূত-নাশকারী অধর্মের জন্ম হয়। অধন্মের ভার্যা নিশ্বতি, নিশ্বির গরের রাক্ষণ-গণের জন্ম হয়; এই নিমিত্ত উহারা নৈশ্তি নামে ু বিখ্যাত। অধর্মের নিরন্তর পাপকারী তিন প্রভ্র; ভয়, নহাভয় ও ভৃতান্তক মৃত্যু। মৃত্যুর পুলুকলম কিছুই नाहै। जाना (मवी नर्कालाक-विक्रजा काकी, (अनी, ভাগী, शृडताही ७ छकी धरे शांठते कना। आगत करतन। ় তন্মধ্যে কাকীর গর্ব্বে কাক, শোনীর গর্ব্বে শোন, ভাদীর গর্বে ভাদ ও গুধ, লোকবিখ্যাত ধৃতরাষ্ট্রীর গর্বে হংস, কলহংস ও চক্রবাক এবং যশবিনী শুকীর গর্বে শুক क्राया। कन्यां १ छ । प्रस्ते भन्न । मुनी, मुनामका, इती, , जनमा:, माठकी, मार्भ नी, (घठा, अति ७ कृर्य नकर्गारभे जा क्रुतमा अहे नग क्या काम इंटेर अस्य। হে নরোভন । মৃগদম্দায় শৃগীর পুঞা। ভল্ক ও কুড জাতীয় হরিণ মৃগমন্দার পুত্র। ভদ্রমনাঃ হইতে মহাগজ দেবনাগ ঐরাবত সমুংপর হয়েন ৷ বলশালী বানরগণ ह्दौद गर्द्ध, खरच । रागाञ्चल , नारम रय रानकरिर नय, তাহারাও হরী হইতে সমুংপর। মহাস্ত সিংহ, বাছে ও দীপিনাণ শার্দ্ নীগর্রনভূত,। মাতক্ষণ মাত্রপীর গরে ও খেতাথা জ্ৰুতগতি দিগ্গল্প খেতা হইতে জন্মে ৷ হে মহা ति विकास (तारिनी 'अ यमिनी' शक्तवी, अतिकत कना। विभनी, ने प्राप्त (शामभूमात द्वारिनी इहेटड জন্ম। অশ্বরণ গন্ধকার প্র মৃত্যুমলা হইতে পিওফল সপ্তর্ক ও ওকীনামী কন্যা সমুৎপর 🔪 স্থরসা হইতে কম্বপদীর উৎপত্তি। অক্রণের ভাষ্যা শানীর গর্ত্তে সম্পাতি ও জটায়: নামে ছই মহাবল প্লক্ৰান্ত পুত্ৰ

জব্ম। হে ধীমন্! সমস্ত মহং প্রাণিগণের জন্মর্তান্ত বিশেষরূপে কীর্ত্ত করিলাম। ইছা প্রবণ করিলে লোক পাপপুঞ্জ হইতে বিমৃক্ত হয়, সর্বজ্ঞ লাভু করে ও চরমে পদ প্রাপ্ত হয়।

সপ্তমপ্তিতম অধ্যায়।

জনমেজয় বৈশম্পায়নকে কহিলেন, তে ভগ্বন। (मर, मानर, गक्तर्य, जाकत्र, निः इ, त्यां छ, मृग, नर्श, दिङ्क्रम, প্রভৃতি সমুদর জীবগণ কি উদ্দেশে মহুষ্যলোকে ভারা গ্রহণ করেন ও তাঁহারা মহুষালোকে জন্মিয়া কি কি কর্ম্ম করিয়াছেন এই সমুদায় আতুপূর্ব্তিক শ্রবণে আমার সাতি-শার বাসনা হইতেছে মহাশয় : অতুগ্রহ ক্রিয়া কার্তন করন। বৈশম্পায়ন কভিলেন, মহারাজ। মনুষালোকে বে বে দেবগণ ও দানবগণ জ্যা গ্রহণ করিরাভিলেন, অংগ তাঁহাদের বিষয় ক্লুহিতেছি, শ্বণ করুন। বিপ্রচিত্তি নামে रा मानरवक किलान, जिनि मर्जलाक अना शहन कविशा জরাসন্ধ নামে বিথাতি হরেন। হিরণাকশিপু নামে যে দিতির পুত্র,তিনি নরলোকে জিনারা শিশুপাল নামে বিখ্যাত হয়েন। প্রফাদের অনুজন্তাতা সংক্রাদ পৃথিবীতে জনিয়া শলা নানে বাহ্লিক দেশের অধীৰী হয়েন। অনুহলাদ নামে প্রহলাদের অপর এক অনুদ্র নরলোকে, জ্মিরা মহা-রাজ ধৃষ্টকেতৃ নামে বিখ্যাত হয়েন। শিবি . নামে দিতি পুত্র ভূমগুলে জন্মগ্রহণ করিয়া মহারাজ ক্রম নামে বিখ্যাত হয়েন। বাস্থলনামা অস্ত্ররাজ ভূতনে জনিয়া ভগদত নামে বিথাতি হয়েন। অয়:শিরাঃ, অশ্বশিরাঃ, অয়:শৃদ্ধ গগনমূর্রা ও বেগবান, এই পাঁচ মহাবদ-পরাক্রাপ্ত মহাত্র, কেকেয়দেশে জন্মিয়া অতি প্রধান প্রধান ভূপতি হয়েন। কেত্মান্ নামে মহাপ্রহাপবান্ অক্র. ভূমগুলে জনিয়া অমিতৌজা: নামে অতি নির্দয় নরণতি হরেন। স্বর্জার-নামা স্থবিখ্যাত দানব উত্তাসেন নামে অতি নুশংস ভূপতি হয়েন। ভূবনবিখ্যাত অখ নামে মহাস্থর অবনীনওলে জন্ম গ্রহণ করিয়া অংশাক নামে বিখ্যাত হয়েন; ইনি অসাধারণ বলশালী ছিলেন; কোন ব্যক্তি কথন ইহাঁকে পরাজিত করিতে পারেন নাই। অখপতি নামে আনুদু≨ ক্ৰিঠ ভাতা ভূমণ্ডলে হাদিকা ভূপতি নামে ক্ৰণাত

হয়েন। বৃষপর্কা নামে স্থবিখাত মহাত্রর দীর্ঘপ্রজনামা ভূপতি হয়েন। বৃষপর্কার অনুদ্র অজক শাস্থ নামে স্থবি-থাত মহীপাল হয়েন। যে বীর্যাবান মহাত্তর অখ্ঞীব নিচ্যু বিখাতি, তিনি অবনীমগুলে রোচমান নামে স্থবি-খ্যাত নৃশতি হয়েন। স্কু নামে অস্থ্র ভূতলে বস্থাধিপ বৃহদ্রথ নামে বিখ্যাত হয়েন ৷ দানবেল তুহু ও সেনাবিলু নামে মহীপতি হয়েন। ইবুপ নামে মহাবল পরাকান্ত মহাত্রর নগ্নজিৎ নামে প্রভৃত প্রতাপশালী নরপতি হয়েন। একচক্রনামা যে মহামুর ছিলেন, তিনি ভূতলে জন্মগ্রহণ করিয়। প্রতিবিদ্ধা নামে বিখণত হয়েন। বিরূপাক্ষ নামে চিত্রবোধী দানবাগ্রণী ভৃতলে জলিয়া চিত্রধর্মা নামে ঞ্বিগাত নৃপ্তি হ্রেন। শত্রুপক্ষয়কারী সূত্রনামা দানৰ অবনীতেলে স্থবিখ্যাত বাহলীক নামে ভূপতি হয়ে। নিচক্র নামে পরম স্থানর দানব ভূতলে মহারাজ মুঞ্জকেশ নামে বিখ্যাত হয়েন। নিকুন্ত নামে যে মহাবল পরাক্রান্ত দানৰ ছিলেন, তিনি নরলোকে ভূপ্তিশ্রেষ্ঠ দেবাধিপ नारम् विथाणि ब्रायन । भत्रजनायी महामानव त्राक्षि গৌরব নামে বিখ্যাত হয়েন। কুপণ নামে মহাবল পরা-ক্রান্থ মহাস্থর, স্থপার্থ নামে স্থাবিখ্যাত ভূপতি হয়েন। ক্রম নামে মহাস্থর ধরাতলে জিলায়া পাকতেয় নামে বিখ্যাত হয়েন। ইহাঁর কলেবর স্থমের পর্বতের সদৃশ ছিল। শৃল্ভ নামে মহাস্ত্র বাহলীক দেশে প্রহলাদ নামে নরপতি হয়েন। চক্রদদৃশ রূপবান চক্রনানক অন্তর মর্ত্তালোকে জন্মগ্রহণ করিয়া কাখোজ দেশাধিপতি চন্দ্রবর্মা নামে স্থাবিখ্যাত ভূপতি হয়েন। অর্ক নামে যে স্থবিখ্যাত मानवर शर्ध हिलान, जिनि मर्खारलारक बार्खार्य अधिक বলিয়া বিখ্যাত হয়েন ৮ মৃত্পা নামে দানবেক্স ভূতবে পশ্চিমাঝপক নামে প্রথিত হয়েন। গরিষ্ঠ নামে তিভুবন বিখাতি মহাবল পরাজান্ত মহাত্র নরলোকে জ্মদেন নামে বিপ্যাত নৃপতি হয়েন। মৃয়ুরনামা শ্রীমান্নহাস্কর ধরাতলে বিশ্ব নামে ভূপতি হয়েন। স্থূপর্ণ নামে তাহার সহোদর অবনীমগুলে কালকীর্ত্তি নামে মহীপাল হয়েন। অন্তর-প্রধান চক্তহন্তা, রাজর্ষি শুনক নামে বিখ্যাত হয়েন। য়ে দানৰ বিনাশন বলিয়া বিখ্যাত ছিলেন, তিনি ভূতলে ভানকি নামে বিখ্যাত ভূপাল হয়েন। नीर्पाकस्य नाम দান শ্রেষ্ঠ পৃথিবীতে ,কাশিরাজ নামে বিখ্যাত হয়েন। ।

চক্রত্যা মদনকারী যে ক্র গ্রহ সিংহিকা গরে জন্মগ্রহণ করিয়াছিলেন, তিনি ক্রাথ নামে বিখ্যাত ভূপতি হয়েন। অনায়ুর চারি পুদ্রের মধ্যে সর্কাজ্যেষ্ঠ বি**ক্ষরনামক অহ**র ভূমণ্ডলে বহুমিত নামে বহুধাপতি হয়েন। দিতীয়, পাঙারাষ্ট্রাধিপ নামে বিখ্যাত ভূপতি হয়েন। বলীন নামে হ্যবিখ্যাত অহার ভূতৰে পৌঞ্মংজক নামে ভূপতি হয়েন। মহাস্থর বৃত্ত রাজ্বি মণিমান্নামে প্রণিত হয়েন। মণিমানের কনিষ্ঠ ভ্রাতা ক্রোধহন্তা দণ্ড নামে বিখ্যাত ৰূপতি হয়েন। 🕳 ক্রোধবর্দ্ধন নামে যে অন্তর ছিলেন,ভিনি দ গুাধার নামে স্থবিগাতে নৃপতি হয়েন। কালেয়দিগের বাংঘতুলা বিক্রমশালী যে আট পুত্র ভ্রওলে জন্মেন, তাঁহাদের সর্বজ্যেষ্ঠ মগধ দেশে জয়ংসেন নামে স্থবিধ্যাত न्पि इतान । विशेष, देखजुना पताक्रमानी हिलन. তিনি অপরাজিত নামে নূপাল হয়েন। মহাতেজা: মহাবল. পরাক্রান্ত মহামারাবী। তৃতীয়, নিষাদ দেশের অধিপতি হয়ের। চতুর্থ, শ্রেণিমান নামে বিখ্যাত নূপতি হয়েন। পঞ্ম, মতোজাঃ নামে শত্রকুলাত্তক নূপতি হয়েন। তাঁহা-দিগের মণ্যে সর্বাপেক। বৃদ্ধিমান ষষ্ঠ, মহান্ত্র অভীক নামে স্থবিখ্যাত রাজর্ষি হয়েন। সপ্তমু, সমস্ত অবনীম গুলে স্থবিখ্যাত সমুদ্রাসন নামে নরপাত গ্রেন। কালেয়দিগের অন্তম বৃহৎ নামে দানৰ পুতলে স্বালাকহিটত্বী প্রম ধর্ম্বিক ভূপতি হয়েন। কুলি নামে মহাবল পরাক্রান্ত মহাস্থর ক্ষিতিতলে পার্বেত্রীয় নামে বিখ্যাত ভূপতি হয়েন। हेहँ। त करलवत काळन भना रिक्र मगान हिनै। महावीयं। সম্পন্ন নহান্ত্র ক্রণন স্থ্যাক্ষ নামে বিখ্যাত ছয়েন। স্থ্য নামে পরম স্থলর মহাস্তর বাহলীক দেশে দরদ নায়ে সর্কা-শ্রেষ্ঠ ভূপতি হয়েন। হে রাজন্! গণ নামে যে জুল-সভাব দানবের নাম পূর্বে, উল্লেখ করা গিয়াছে, জাঁহা হউতে অনেকানেক মহাবল পুরাক্রাস্ত্মহীপতি মহীতলে जब शहक कतियाष्ट्रम । मजुरू, कर्गत्वहे, मिक्कार्थ, कीहरू, स्वीत, स्वाक, महावीत, वास्तिक, क्रव, विकास, स्वत्थ, नीन, ठीवराण:, जीमशान, मस्टब्ल, इंजी, क्की, आवाए, বায়ুবেগ, ভ্রিতেজ্ঞুকলব্য, স্থমিত্র, বাটঘান, গোমুথ, কারুষক, ক্ষেত্রুর্ভি, প্রতায়ঃ, উবঙ, বৃহৎসেন, কেম, অগ্রতীর্থ, প্রহর, মতিমান্ত ঈশ্বর, এই সমন্ত মহাবীয়া মহাযশা∮ ভূপতিগ**ণ কিতিতলে জন্মগ্রহ4** করিয়াছিলেন ৷ মহাবল পরাক্রান্ত মহাস্থর কালনেমি উপ্রসেদের ঔরসে জন্মগ্রহণ করিয়া কংশ নামে বিখ্যাত হয়েন। দেবরাজ তুল্য দেবক নামে দানব ধরাতলে গন্ধর্মপতিনামক প্রধান ভূপতি হয়েন।

ছে ভরতকুল-তিলক। প্রিত্রকীর্ত্তি দেবর্ষি বুহস্পতির जः भ ভतप्रक्रिक वः भाव छः म श्रायानिक (जागी हार्या कर्मान । এই মহাত্মা অসাধারণ ধহুর্ত্তর, অদি তীর পরাক্রমশালী, ष्यकृत यमन्नो अवः त्वन ७ ध्यार्कान स्निभूग हितन। মহাদেব, যম, কাম ও ক্রোধ এই চারিজনের সমষ্টিভূতী অংশ হইতে মহাকীর অখ্পামার জন্ম হয়। এইবস্থাণ বশিষ্ঠের শাপে নিয়ন্ত্রিত হইয়া ইক্রের আদেশামুদারে শাস্তমুরাঞার ঔরসে গঙ্গাগর্ত্তে জন্মুগ্রাহণ করেন। ভীম্ম তাঁহাদের সর্কাকনিও। ইনি কুরুকুলের অভয়প্রদ,বৃদ্ধিমান, বিদ্বান, সদক্তা, শত্রুপক্ষরকারী ও সর্বশন্তবিশারদ ছিলেন। ' মহাত্মা ভীত্ম জমদ্ধিনন্দন পরভ্রামের সহিত যুদ্ধ করিয়া জয়লাভ করেন। অসাধারণ পুরুষকারসম্পন্ন বে ব্রহ্মর্যি পৃথিবীতে জন্ম গ্রহণ করিয়া ক্লপ নামে বিখ্যাত হয়েন. তিনি একাদশ কদ্রের অংশে জন্ম গ্রহণ করিয়া-ছিলেন। শত্রুকাস্তক মহারথ শকুনি দ্বাপরের অংশে জন্মন। সভাপ্রতিজ্ঞ অরাতি-কুলনাশক বৃষ্ণিকুল্ভিল্ক সাত্যকি বায়দেবতাদিগের অংশে জন্ম গ্রহণ করেন। সর্ক-শাল্লবেতা রাজ্যি জ্পদ, ক্রিয় স্ত্য নর্নাণ কুত্বপা ও পররাজ্য-প্রাপীড়ক শক্রনাশক ভূপতি বিরাট্ এই তিন ভূপতিও বায়ুর অংশে জন্ম গ্রহণ করেন। অরিষ্ঠার পুত্র रुश्म कुक्कुत्न सम् श्रद्भ कतिया शक्किश्राभित त्राका रहान। দীর্ঘবাল, মহাতেজাঃ, প্রজাচক্ষ: ভূপতি ধৃতরাষ্ট্র কুষ্ণ-देवशायत्वत छेतरम लाया । हैनि माजुरमायजना कृष्य-দৈপায়নের কোপে জন্মান্ধ হযেন। তৎকনিষ্ঠ পাঁও নহাবল, সত্যনিষ্ঠ ও ধর্মপরায়ণ ছিলেন। ধীমান্বিছুর অতি মুনির পুত্র। চুর্মতি চুর্যোধন কলির অংশে জন্ম গ্রহণ করেন। ইনি অতি প্রাক্তির ও কুক্রুলের কলত্ত্ত্রপ ছিলেন। যে কলি সনন্ত জগতের ক্ষেত্রাম্পদ এবং "যিনি "জীবুমাত্তের সংহারকর্তা, তিনিই হুর্য্যোধনর মুদ্রবনীতলে অবতীর্ণ इरेबाहित्नन। এरे कृत्याधन इरेट उरे पकत देवताधि উত্তেজিত হয়। পৌলভ্যেরা ছর্ব্যোধনের শুদ্রাভারপে জন্মেন। ছঃশাদন, হকুপ, ছঃসহ আভৃতি ছবীপাধনের

শত লাতা। ইহাঁরাও অতিশয় ক্রকর্মা। এই শ্তপুত্র ব্যতীত ধৃতরাষ্ট্রের বৈখাগের্র সভ্ত অপর এক পুত্র জন্মেন, তাঁহার নাম যুযুৎস্থ।

জনমেজয় কহিলেন,ধৃতরাষ্ট্রে পুত্রদিগের মধ্যে কাছার কি নাম ও তাঁহারা কাহার পর কে জন্মেন, আত্মপুর্লিক कीर्जन करान। देवभाष्यासन कहित्तन, पूर्वापन, युव्यू, তঃশাসন, তঃসহ,তঃশল, তুল্ম থ,বিবিংশতি, বিকর্ণ, জলসন্ধ, स्राहिन, विन्न, अञ्चित्र, इर्फर्स, स्रवाह, स्राधिस्थन, इर्स्नर्ग, হৃষ্থ, হৃষ্ণ, কর্ণ, চিত্র, উপচিত্র, চিত্রাক্ষ, চাক্চিত্র,অঙ্গদ, कृषाप, कुलाहर्स, विविश्वस, विकृष्ट, नम, छेपनाछ, भग्ननाछ, নন্দ, উপনন্দ, সেনাপতি, স্থাসেন, কুণ্ডোদর, মহোদর, চিত্র-বাছ, চিত্রবর্মা, স্থকর্মা, ছব্রিরোচন, স্বয়োবাল, মহাবাল, চিক্রচাপ, স্থকু গুল, ভীমবেগ, ভীমবল, বলাকী,ভীমবিক্রম, উগ্রায়ুণ, ভীমশর, কনকায়ুণ, দুঢ়ায়ুণ, দুঢ়কর্মা, দুঢ়কর, সোমকীর্ত্তি, অনুদর, জরাসন্ধ, দৃঢ়সন্ধ, সতাসন্ধ, সহস্রবাক, উগ্রশ্বাঃ, উগ্রনেন, কেমমূর্ত্তি, অপরাজিত, পণ্ডিতক, বিশালাক, ছরানল, দুট্হস্ত, স্ত্স্ত, বাতবেগ, স্থবর্চাঃ, चामि डाटक डुः, वस्तानी, नागम छ, असूगः ग्री, कत्ती, निगर्शी, म धी, म धांथात, थल र्राट. উত্তা, ভोমत्रण, वीत, वीतवाह. অলোলুপ, অভয়, রৌদ্রকর্মা, দৃঢ়রণ, অনাধ্যা, কুণ্ডভেদী, विवावी, नीर्यत्नाहन,नीर्यवाह, महावाह, वाद्वादन, कनकानन, কুওল, ও চিত্রক; এই একশত গুল্ল ও তুঃশলীনানী কলা ধুতরাষ্ট্রের ঔরসে জন্মেন। এতদ্বিল বৈশ্রার গর্বে পুতরাষ্ট্রের যে পুত্র জন্মেন তাঁহার নাম যুষ্ৎস্থ । গুতরাষ্ট্রের পুলগণের আহুপুর্বিক নাম কীর্ত্তন করিলাম; ইহাঁরা मकरनरे (वमत्वछ।, बाजनी छि-भा बनभी अ युक्षविना।-विभाः রদ; এবং সকলেই স্বস্থানুরূপ দরেপরিগ্রন্থ করিয়াছিলেন। রাজা গৃতরাষ্ট্র সৌবলের অসুমতিক্রমে যথাকালে সিন্ধ দেশাদিপতি জয়দ্রথের সহিত ছঃশলার উদ্বাহক্রিয়া সম্পর করিয়াছিলেন।

হে নরনাথ। রাজা বৃধিষ্ঠির ধর্মের অংশে জন্ম গ্রাহণ করেন; ভীমসেন বায়ুর অংশে, আর্জুন দেবরাজ ইক্সের অংশে এবং সর্বভূত-মনোহর অপ্রতিমরূপশালী নকুল এবং সহদেব অমিনীকুমারশ্যের অংশে জন্মেন। স্থবিখ্যাত সোমতনয় বর্চা: অর্জুনপুত্র অভিমন্থারূপে জন্মগ্রহুপ্র করেন। বর্চার পৃথীতলে অবভীগ্রহবার পুর্বে স্থিবান্ সোমু দেবগণকে কহিলেন, চে দেবগণ ৷ এই পুত্র আমার প্রাণ হইতেও প্রিয়তর অতএব ইহাঁকে দিতে আমি সমত নহি। ভবে যদি ভোনরা এই নিয়ন কর ভাহা হইলে প্রিয় পুত্রকে তোমাদিগের হস্তে সমর্পণ করিতে পারি। অস্থ্রবধ কৈবল দেবগণের কার্যা নছে, উহাতে আমা-দিগেরও সাহাযা করা কর্ত্তবা, এই নিমিত্ত, অগত্যা ইহাঁকে দিতে স্বীকৃত হইলাম, কিন্তু এই ৰচ্চাঃ পৃথিবীতে জন্ম গ্রহণ করিয়া চিরকাল,থাকিতে পারিবেন না,হে অমরগণ। ইক্ষের অংশে পাণ্ডরাজার অর্জুন নামে অতি প্রতাপশালী যে পুল্ৰ জন্মিবেন, বৰ্জাঃ তাঁহারই পুল্র হইয়া পৃথীতকে জন্ম গ্রহণ করিবেন ও প্রাসিদ্ধ অতির্থগণনায় পরি-গণিত হটয়া মোড়শ বংসর পৃথিবীতে করিবেন। তে দেবগণ। তোমরা অংশাবভার হট্যা বৈ সংগ্রামে অস্থ্রনিপাত করিবে, ইহার ষোড়শ বর্ষ বয়ংক্রম পূর্ণ হইবার অনতিপূর্বেই ঐ, যুদ্ধ উপস্থিত হইবে, কিন্তু সেই মুদ্ধে কুফ ও অর্জুন পাকিবেন না, কেবল তোমরা চক্রবাহ সংস্থাপন করিয়া অস্থরগণের সহিত যুদ্ধ করিবে। আমার এই পুত্র সমস্ত শত্রুপক্ষীয় দৈন্যগণকে বিমৃথ ক্রিবেন। ইনি ছর্ভেন্য বাহ ভেদ ক্রিয়া তন্মধ্যে প্রবেশ-পূর্বক দিনার্দ্ধভাগের মধ্যে সংগ্রামনিপুণ অতিরণ ও মহারথগণ এবং বিপক্ষ-পক্ষীয় চতুর্থাংশ দৈন্য শমনসদনে প্রেরণ কুরিলেন। তৎপরে দিবদাবদান সময়ে সংগ্রামে নিহত হইয়া পুনরায় আমার সমীপে আগমন করিবেন। অভিনত্নরপী মদীয় পুত্রের যে প্র জিরিবে, সেই পুত্র প্রনষ্টপ্রায় ভারতবৃংশের পুনরুদ্ধার করিবে। দেবগণ ভগ-ুবান্ সোন্মের এই বাক্য শ্রবণ করিয়া তথাস্ত বলিয়া স্বীকার করিলেন, এবং তাঁহার যথে চিড পুজা কলিলেন। হে নর নাণ ! তোমার পিতামহ এইবাদি অবুনীমগুলে অবতীৰ হইয়াছিলেন।

হে মহারাজ! মহারথ ধৃইত্যুর আয়ির অংশে জন্মেন।

ত্রীপূর্বনামা রাক্ষস পৃথিবীতে শিথগুী নামে বিখ্যাত হন।

দ্রৌপদীর গর্ব্তে যে পঞ্চ পুত্র জন্মেন, তাঁহারা পূর্বজন্ম

বিশ্ব নামে দেবগণ ছিলেন। এই পঞ্চ পুত্রের মধ্যে প্রতিবিদ্ধা যুধিছিরের গুরুদে, শ্রুতনাম তীমের গুরুদে, শ্রুত
ক্রেজ্বনের গুরুদে, শতানিক নকুলের গুরুদে ও শ্রুত
সেন সহদেবের গুরুদে জন্ম গ্রহণ করেন। যহ্বংশাবতংস

শূর নামক রাজা বস্থদেবের পিতা। তাঁহার পূথানামী এক পর্ম রূপবতী কন্যা ছিল। শূর স্বীয় পিতৃস্বস্রীয়পুত্র অন-পতা কুস্তীভোজের নিকট প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, "আসার প্রথম সন্তান তোমাকে প্রদান করিব।" তিনি পূর্বকৃত প্রতিজ্ঞামুসারে সেই স্বাগ্রজাতা কন্যাটি তাঁছাকে প্রদান করিলেন। পূথা কুন্তীভোজের গৃহে শশান্ধ-কলার ন্যায় দিন দিন পরিৰ্দ্ধিতা হইতে লাগিলেন। তিনি ব্রাহ্মণ ও অতিথিগণের সেবায় নিযুক্ত থাকিতেন। একদা জিতেকির উগ্রতপদ্বী মুনিপ্রবর হর্কাসাঃ কুন্তী-ভোজের আলয়ে আতিথা স্বীকার করেন। অতিথিসৎ-কার-নিপুণা পুণা সাভিশয় যত্নসহকারে তাঁহার যথোচিত পরিচর্য্যা করিলেন। মুনিবর পৃথার শুশ্বায় পরিতৃষ্ট হইয়া তাঁহাকে এক মন্ত্র প্রদান করিলেন, এবং কহিলেন,বংসে। এই মন্ত্র দ্বারা ভূমি যে দেবতাকে আহ্বান করিবে তিনি • তংকণাৎ আগমন করিয়া তোমার গরে সামুরপ পুত্র উৎপাদন করিবেন। ত্র্বাসা বিদায় হইলে কুমারী পৃথা বালাস্থলত চপলতা প্রযুক্ত সেই মন্ত্র দারা স্প্রদেবকে আহ্বান করিলেন। ভগবান ভাকর সেই মন্ত্রপ্রভাবে পৃথা-সলিধানে সমুপত্তি হইয়া তাঁহার গার্ত্তাধান করিলেন। সেই গুরু হইতে সর্কশাস্ত্রদক্ষ বিচিত্রকুগুল-ধারী কবচী স্থাসমতেজন্বী এক পুত্র যথাকালে ভূমিষ্ঠ হইল। কুন্তী কন্তকাবস্থায় সন্তান হইয়ীছে বলিয়া, লোকাপবাদুভয়ে সেই সদ্য: প্রস্ত পুলকে জুলে নিকেপ করিংলন। যশবী রাধাভর্তা সেই স্থকুমার নবকুমারুকে জল হইটে গ্রহণ করিয়া স্বীয় সহধর্মিণী রাধাকে প্রদান করিলেন। অনন্তর তাঁহার। ঐ প্রত্রের বস্থাবেণ নাম দিয়া লালন পালন করিতে আগি-लान । • वस्रविश कियमित मर्देश है अलाख वनतान, अज-বিদ্যা-বিশারদ 🔉 বেদাঙ্গবেতা হইয়া উঠিবেন। এই সত্য-পরাক্রম ধীশক্তি-সম্পন্ন বস্থাব্য যথন জ্বপ করিছে বসি-তেন, তথক যে কোন ত্রাহ্মণ তাঁহার নিকট যাহা প্রার্থনা করিতেন, ভিনি তৎক্ষণাৎ তাহা দিতেন । वान् हेन जानागदाम थात्रण कतिया नहीत मित्रियान भगन-পুন্ধক আপন পুলেক্ত্রনির্ভ তাঁহার কুগুলম্ম ও কবচ প্রার্থনা করিলে বস্থাবণ তৎক্ষণাৎ স্বীর শরীর হইতে ক্রচ ও কুপুর উন্মোচন করিয়া তাঁচাকে প্রদান করিলেন। ইক্স তাঁহাৰ এই অসামান্য বদান্যতা দৰ্শনে বিষয়াপর

হইয়া তাঁহাকে একপুক্ষঘাতিনী শক্তি প্রদান করিলেন, এবং কহিলেন, হে ছর্ক্ষণ তুমি দেব, দানব, মহুষা, গদ্ধর্ম, উরগ ও রাক্ষদ প্রভৃতি যাহার প্রতি এই শক্তি অস্ত্র নিক্ষেপ করিবে তাহার অবশাই মৃত্যু হইবে সন্দেহ নাই। ইক্ষ এই বলিয়া তিরোহিত হইলেন। তদবধি বহু বেণের নাম বৈকর্ত্তন ও কর্ণ হইল। যে মহায়া বহুষেণ নামে বিখ্যাত ছিলেন, তিনিই কর্ণ নামে প্রথিত হইয়া স্তক্লে পরিবর্দ্ধিত হইতে লাগিলেন। হে নরনাথ! এই কর্ণকে সর্বাস্ত্র-হিশারদ নরপ্রেষ্ঠ ছুর্যোধনের প্রধান সচিব এবং সুর্যোর অংশ বলিয়া জানিবেন।

হে রাজন্ ৷ প্রতাপশালী বাস্থদের দেবদেব নারায়ণের অংশ। মহাবল বলভদ্র শেষ নাগের অংশ। মহোজাঃ গ্রেছার সনৎকুমারের অংশ। এইরূপে বস্থদেববংশে দেব-গণের परिष्म बङ्ख्य नरबक्त जना গ্রহণ করেন। হে মহা-त्राख । शर्व्य (य ममन्य जन्मत्रागरणत कथा किताछि, ठाँशामत चारम हेत्सत चारमभास्मारत साड्म महन्त দেবীগণ ভূতলে জন্ম গ্রহণ করিয়া ভগবান বাহ্নদেবের পরিগ্রহ হয়েন। ক্রিল্লনী নারায়ণের প্রীতিসাধনার্থ লক্ষ্মী-দেবীর অংশে ভীম্মক রাজার কুলে সমুৎপন্ন হয়েন। সর্বাধ লক্ষণ-সম্পন্ন ড্রৌপদী জ্রপদ রাজার কুলে শচীর অংশে জ্বোন। এই কন্যা বেদিম্বাইটতে বিনির্গত হয়েন। ইনি নাতিহয়। ও নাতিদীর্ঘা। ১ ইহার গাতে নীলোৎপল-গ্রু, চক্ষু: প্রপ্রের ন্যায় বিশাল, নিতম্ব অতি মনোহর ও বর্ণ বৈত্র্যা মণির ন্যায় ছিল। ইনি পাঁচ প্রধান পুরু-বের চিত্তপ্রমোদ জন্মাইয়াছিলেন। সিদ্ধি ও শতির অংশে কুন্তীও মাদ্রী জন্মেন। ইহারা পঞ্চ পাওবের স্মাতা। मिंजनामी कना। स्वतलात । श्वेतरम खना श्रंहन करतन। रह नतनाथ ! ८ तत, मानव, शक्तर्स, व्यन्तता ও ताक्रमिरशत অংশাবভার কীর্ত্তন করিলাম। যে সমস্ত সংগ্রাণম-লোলুপ মহাম্যিক কিবল বিশাল বছকুলে জন্ম গ্ৰহণ করেন, এবং रा नकत बाक्रान, क्यांचा व दिनागर्ग के जनतक धता-তলে জন্মেন, তাঁহাদিগেরও নাক दिन कतिनाम । প্রাক্ত वाकि षर्वाभूना सम्दर्भ धहेरे उरे पर अध्याव उर्ग-वृक्तास अवन कवितन छोहाति ছर्य्याधरनव रेख, वःभवर्षन ও সর্ব্বত বিজয়লাভ কা হংসহ আভূতি ছাণ্ডিন লোকে

দেবাস্থর প্রভৃতির উৎপত্তি ও বিনাশ অবগত হইয়া অত্যস্ত ক্লেণদায়ক অবস্থায়ও অবসন্ন হয় না।

শকুন্তলোপাখ্যান।

ত্বিষ্ঠিতম অধ্যায়।

জনমেজর কহিলেন, হে ব্রহ্মন্! দেব, দানব, গর্রুর্ব, অপ্ররা ও রাক্ষসগণের অংশাবতরণ স্বিশেষ প্রবণ করিলাম। একণে কুরুদিগের বংশর্ক্তাস্ত আদ্যোপাস্ত প্রবণ করিতে বাসনা কবি, মহাশয় অমুগ্রাহ্ করিয়া এই সকল ব্রহ্মর্বিগণ সন্নিধানে বর্ণন করুন।

 देवभाष्णाञ्चन कहिलान, ८३ ७ तक्तृत अतिथ। श्रृक्तः কালে পুরুবংশের আদিপুরুষ ছুমন্ত নামে এক মহাবল পরাক্রান্ত মহীপাল ছিলেন। সেট মহাত্মা রাক্ষণ ক্ষতিয়াদি চতুর্বর্ণাধিষ্ঠিত ও যবনাদি মেচ্ছজাতি-সুনাকীণ স্পাগরা ধরার প্রধান চারি খণ্ডে এবং নানাবিধ দ্বীপ ও উপদ্বীপে একাধিপতা করিতেন। তাঁছার রাজাশাসন সময়ে বর্ণসঙ্কর, এবং প্রদার নির্ভ বা অন্ত কোন প্রকার পাপাসক্ত লোক ছিল না। সকলেই ধর্মপরায়ণ ছিলেন। कि চৌर्गाच्य, कि क्यांच्य, कि वार्षिच्य, उरकात किछूहे ছিল না। তৎকালীন সমস্ত লোকেই সেই, মহীপালকে আশ্র করিয়া অকুতোভয় ও অন্যান্যকর্মা হইয়া কেবল স্বধর্মে ও দৈবকর্মে তৎপর থাকিত। তাঁহার অধিকার कारल घनावली यथाकारल वाति वर्षण कति छ, मञ्च अकल অতি স্বরস হইত, এবং পৃথিবী নানাবিধ রত্নে ও পশুমণে পরিপূর্ণ থাকি । সেই অস্ঞারণ কলবীর্যাস্পীর রাজার শরীর বজুের জায় দৃঢ় ছিল। তিনি শ্বহস্তে সন্দরপর্বত উত্তোলন করিয়া অনায়াদে বহুন করিতে পারিতেন এবং **ठ** ज्ञिष गेनायूर्क ७ मर्ज श्रकात भेज यूर्क व्यमाधात्रगा नाख क्रियाहित्नन। , भिट्टे नर्व्यत्नाक-स्विधां अजावक्षक ভূপতি বলে বিষ্ণুত্লা, তেজে ভাষরতুলা, গাঞ্চীযোঁ সাগরতুলা ও সহিষ্ণুতার ধরাতুলা ছিলেন। তিনি ভার-পরতা ও ধর্মপরতা দারা সকল লোকের মনস্তুষ্টি সম্প্রাদন করিতেন।

একোনসপ্ততিত্ব অধ্যায়।

জনগেজয় কহিলেন, হে তত্ত্বিং! মহামতি ভরতের জন্ম ও চরিত, শকুন্তলার উৎপত্তি এবং মহাবীর রাজা তুম্মস্ত কিব্রুপে শকুস্থলা লাভ করিয়াছিলেন, এই সমস্ত আফুপুর্বিক শুনিতে বাসনা করি। বৈশস্পায়ন কহিলেন, একদা সেই মহাবাহ রাজা হ্মস্ত শত শত হস্তাম পরিবৃত ও খড়ন, শক্তি, গদা, মুধন, প্রাস, তোমর প্রভৃতি বিবিধ শস্ত্রধারী দেনাগণেবেটিত হইয়া মৃগয়ার্থ মহাবনে যাতা कतित्वत । छाँश्व याजाकात्व तमनाभराव मिश्हनान, শঙ্খত্বনৃতিধ্বনি,রণচক্রনির্ঘোষ, করিবুংহিত, অখন্তেষিত ও নানাবিধ অস্ত্র শস্ত্রের ভয়ত্কর নিঃস্থন ছারা ঘোরতর কোলাহণ-ধ্বনি উপস্থিত হইল। নগরবাসিনী মহিলাগ্ণ অট্টালিকার শিণরদেশে আরোহণ করিয়া সেই যশস্বী, শক্রস্থা, ইক্সদৃশ, মরপতির সৈত্যশোভা সন্দর্শনে সাতি-শন্ত সমুষ্ট চলল এবং প্রশংসাপুর্বক তদীয় মন্তকোপরি পুষ্পবৃষ্টি করিতে লাগিল। বাহ্মণ, ক্ষতিয়, বৈশ্ব ও শুদ্র এই চারিবর্ণ সেই নারায়ণতৃল্য পরাক্রমশালী হল্পস্তকে আশীকাদ ও জয়ধ্বনি করিতে করিতে তাঁহার পশ্চাৎ পশ্চাং গ্রমন করিতে লাগিলেন। তাঁহারা কিয়দ্র গ্রমন ক্রিয়া রাজার আজামুদারে ক্রমে ক্রমে সকলেই প্রতি-নিবৃত্ত হুটলেন। পরে রাজা স্থবর্ণপ্রভ রণোপরি আরো-হুণ করিয়া গৃহন বনমধ্যে প্রবেশপুর্ক্ত দেখিলেন সেই অরণা বিহু, আর্ক, কপিখ, ধব, খদির প্রভৃতি নানাবিধ বৃক্ষে সমাকীর্ণ ; পর্বভন্ত অনল্প পাষাণগণ্ডে ব্যাপ্ত এবং সিংহ বাাল প্রভৃতি বছবিধ হিংস্র জন্ত ছারা সমারত 'রহিয়াছে 🕬 বন ব**হা**বাজুন বিস্তুত, কিন্তু উহার মধো (कान शाम्ह कत नाहे, जदः मस्यात नमानम नाहे। মহারাজ গুম্বস্ত সেনাগণ সম্ভিব্যাহারে বিবিধ মৃগ্রধ্নারা সেই বনকে আলোড়িত করিলেন। "দ্রুত্ব মৃগগণকে বাণ দারা এবং সনীপক্ষণিকে খড়সাঁ দারা বিনাশ করিয়া ভূতলশায়ী করিতে লাগিলেন। সিংহ, শার্দ্দুল, বরাহ প্রভৃতি পশুগণ অসাধারণ বলবীর্যাসম্পন্ন সদৈক রাজার আক্রমণভরে আলোড়িত বনভূমি পরিভ্যাগ করিয়া প্রাণ ভারে ভয়ানক স্বারে চীৎকার করিতে করিতে প্লায়ন ছু আরম্ভ করিল । / তাহারা পলায়নবেগ জন্য কুৎ-

পিপাঁদায় বিচেতনপ্রায় হইয়া কেছ নদী মধ্যে, কেছ
ভূপুঠে, কেছ ঝু-ভক্তলে পতিত হইতে লাগিল। দৈন্যগণ অগ্নি প্রজ্ঞালনপূর্ব্বক ঐ সমস্ত হত পশুর নাংস দগ্ধ
করিয়া ভক্ষণ করিতে লাগিল। ঐরাবত ভূল্য পরাক্রমশালী
মন্ত গল্প যুথ সকল শস্ত্রাঘাতে ক্ষত বিক্ষত হইয়া শোলি
মোক্ষণ ও শক্তুমুত্ব পরিত্যাগপুর্ব্বক শৃগুগুগু সংলাচ করিয়া
মহাবেগে পলায়ন করিতে করিতে সহস্ত সহস্র জীবের
প্রোণ বিয়োগ করিল। এইরাপে রালা ভূমন্ত সেনগেণ
ক্ষভিক্র্যাহারে সিংহ ব্যাঘ্ প্রভৃতি বিবিধ পশু বধ করিয়া
সেই বন এককালে পশুহীন করিলেন।

সপ্রতিত্য অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, এইরূপে রাজা ছ্মন্ত দৈন্য সনভিব্যাহারে সহত্র সহত্র মুগের প্রাণবধ করিষ্কা অন্য এক বনে প্রবেশ করিলেন। মহারাজ হল্পন্ত মুগের অঞ্-সরণক্রমে, সেই ব্নের প্রান্তভাগে এক মহঃ প্রান্তর দেখিতে পাইলেন। অব্যন্তর সেই প্রান্তর অতিক্রম করিয়া সুশীতল সমীরণভরে সঞ্চালিত, আশ্রমসমাকীর্ণ, অন্য এক প্রম রম্ণীয় মহারণ্যে প্রবিষ্ট হইলেন। ঐ বন স্পু পিত পাদপসমূহে সমাকীর্ণ, হুকোমল বালতুণ দারা আচ্চাদিত ও বুক্ষগণের শাথাচ্ছায়ায় স্নাবৃত। উহার কোন স্থানে ময়র, পুংস্কোকিল প্রভৃতি নানাবিধ পক্ষিণণু স্মধুর্মরে কলরব করিতেছে; কোন স্থানে ঝিলীগণ নিনাদ করি-তেছে; কোথাও বা ভ্রমরগণ ঝন্ধার করিতে করিতে এক পুষ্প হইতে পুষ্ণান্তরে বিসতেছে। ঐ বনে কোন বৃক্ষই ফলপুপুহীন বা কণ্টকাবৃত ছিল না, এবং যে পুপে ভ্রমর नाइ वमन भूल हिन न। ताला विश्वकृतिनानिक, বহুবিধ সংগলি কুস্তমে সংগাভিত, সর্বর্তুকুস্মাকীর্ণ স্থচ্চায়া-স্মার্ত, সেই মনোহর বনে প্রবেশ করিবামাত্র স্পুপিত তরুগণ সমীরণবেগে সঞ্চালিত হইয়া তাঁহার মন্তকোপরি পুন: পুন: পুন্বর্ণ ক্রিলেইন্সিন ; বিচিত্র কুসুমযুক্ত অত্যন্ত বৃক্লেণ্ট্রত প্রিগণ স্থমধুরস্বরে গান করিতে লাগিল ; ক্রিলিভারাবনত তরুপল্লবে মধুলুর মধুকরগণ ক্রান্ত বস্থাপ শুন ধানি •করিতে আরম্ভ ৰ উন্মোচন করিয়া বগুপে স্নাকীৰ্ ভত্ৰত করিল। এই অসামান্য বদান_____

, 11 ×

পরম রমণীয় প্রদেশ সকল অবলোকন করিয়া সাতিশয়
আহ্লাদিত ছইলেন; এবং দেখিলেন, পুশ্ভারাবনত ভির
ভিন্ন বৃক্ষসমূহের শাখাসকল পরস্পার সংশ্লিষ্ট ছইয়া ইক্রধ্বব্দের শোভাসম্পাদন করিতেছে; সিদ্ধ, চারণ, গন্ধর্ব,
অক্লরাগণ,মত্ত বানরযুণ ও কিন্নরসমূহ তথায় নিরস্তব বাস
করিতেছে; এবং পুশ্রেগ্বাহী, স্থম্পর্শ, স্থাতল, স্থাদ্ধ
গদ্ধহ সর্বাদা বহিতেছে।

এ ইরপে রাজা সেই পরম রমণীয় নদীকচ্ছত্ব বনের শোভা নিরীক্ষণ করিতেছেন, ইতাবসবে তম্বধ্যে এক भाखतमाम्लाम आधामशाम दमिश्ट शाहितन। आधामि नानाविध तुरक नमाकीर् ७ छाहात मधाङ्गल आहतनीत অমি প্রজ্ঞানত রহিরাছে; বালিথিলা প্রভৃতি মুনিগণ চারিদিকে উপবিষ্ট রহিয়াছেন; এবং পুস্পাশংস্তরণযুক্ত অগ্নিগৃহ সকল শোভা পাইতেছে। ঐ আশ্রমের সমীপে হংস, বৰু, চক্রবাক প্রভৃতি বহুবিধ জলচর পক্ষিগণে त्र कीर्वा, भूरणामका, सूथम्पर्ना, मानिनी ननी अवाहिक হইতেছে। তথায় সিংহ ব্যাঘ্ত প্রভৃতি হিংস্র শাপদগণও শান্তি গুণাবলমী। তদ্দনি রাজ্য সাতিশয় আহলাদিত ও চমৎক্রত হইলেন ৷ মহারাজ গুরুত্ত অমরলোক সদৃশ त्महे मताहत चाल्याय मभीभवर्षिनी मर्वकीय-कननीजुना।, প্ৰাতোৱা,সেই মালিনী নদীর শোভা অবলোকন করিতে করিতে ভ্রমণ করিতে লাগিলেন। ভাগার পুলিনে চক্রবাক সকল, সতত জ্রীড়া করিতেছে; কিল্লরগণ সর্বাদা বাস করিতেচে; বানর ভল্কাদি জন্ধগণ অবিরত বিচরণ করিতেছে; তপোধনগণ নিরস্তর বেদধানি করিতেছেন; এবং মত্ত হতিষ্ণ, শাদি লষ্ণ ও ভুলগেছগণ জনবরত कीषां कतिरहरू।

ঐ আশ্রম ভগবান কাশ্রণের প্ণাশ্রম। মালিনী
নদী এবং মহর্বিগণসৈবিত নদই পরম রমণীর আশ্রম
দর্শনে রাজা ছমত্ত অত্যন্ত কৌত্কাক্রান্ত হইরা তর্মধ্য
প্রবেশ করিতে বাসনা করিলেন। রাজা মালিনী নদী
ছার্মণ, ক্রিকের প্রক্রিধানবং স্থানেতিত, মন্তমর্মনাদে

তলে জন্মন, তাঁহাদিগেরও নাম্প্রিক্রেহারণাের সমুধে সমুপদ্তিত ব্যক্তি অস্বাশ্না জনরে এই ইতেই তেই অংহরি কণুকে দর্শন বৃত্তান্ত প্রবণ করিলে তাঁহানি ভ্রোধনের ক্রিক্র বিজয়লাভ ক্র, ভ্রমহ অভ্তি হুলে লোচেপােধনকে

দর্শন করিতে চলিলাম; যতক্ষণ না প্রত্যাগমন করিব, তোমরা এই স্থানেই অবস্থান কর। তাহাদিগকে এই কণা বলিয়া সমস্ত রাজচিত্র পরিত্যাগপুর্বক কেবল অমাত্য ও পুরোহিত সমভিব্যাহারে তন্মধ্যে প্রবেশ করিয়া নানা প্রকার আশ্চর্যা শোভাসন্দর্শনে রাজা কুৎপিপাসা বিশ্বত ও সাতিশয় আহলাদিত হইলেন। আরও দেখিলেন, কোন স্থানে কুমুমিত তক্ষকলাপে অলিগণ ঝন্ধার করি-তেছে; কোন স্থানে বিহগকৃণ বৃক্ষশাথায় বৃদিয়া কলরব করিতেছে; কোন স্থানে ঋগ্বেদী বিপ্রগণ যজ্ঞকার্য্যে উদাত্তাদিশ্বরে নেদধ্বনি করিতেছেন; কোন স্থানে. চতুর্বেদবেতা নিয়তত্রত মহর্ষিগণ উপবিষ্ট রহিয়াছেন; স্থানান্তরে যতাত্মা, জিতেন্দ্রিয়, অণর্কবেদবেতা ও সামগাতা সকল পদক্রমাদি সহিত সংহিতা উচ্চারণ করিতেছেন: কোথাও বা শব্দসংস্কার সম্পন্ন দ্বিজ্ঞগণ বেদগান দ্বারা সেই ব্ৰন্ধলোকসদৃশ আশ্ৰমকে নিনাদিত করিতেছেন: কোন इत्त यकाश्र्वीनक्रम প्रतान, नाग्न, छद, आधारितक. শব্দান্ত, ছন্দঃ, নিরুক্ত ও বেদবেদান্ত প্রভৃতি নানাশাল্লে পারদশী, বিশেষ কার্যাক্ত, মোক্ষদর্মপরায়ণ, উহাপোহ-निकास-कूणन, जवाकर्षात्र खनळ, कार्याकातनत्वला, शकी ও বানর প্রভৃতি জীবগণের বাক্যার্থ-বোদ্ধা মহর্ষিগণ নানা-শাল্কের বিচার করিতেছেন 🗫বং বৌদ্ধমতাবলম্বী লো-কেরা নিজ ধর্মের আলোচনা করিতেছেন। শতুহন্তা त्राका प्रश्न जनरहामनतात्रन तारे नकन धकनिष्ठं विश्र গণকে সন্দর্শন করিতে করিতে আশ্রমসমীপে উত্তীর্ণ হইলেন। মুনিগণ অতি প্রযন্তপূর্বক রাজাকে যে সকল বিচিত্র আসন প্রদান করিলেন, তদ্ধনি তিনি বিশ্বয়াপর **इटेलन । तास्नर्थि, महर्षि कर्लुत एत्रिक ७ वि. विश्वनयुक** त्रहे आध्यमभन ये व्यवनाक्ये कतिए नाशित्मम, उउहे তাঁহার দর্শনৌৎস্থকা বাড়িছে লাগিল।

একসপ্ততিত্য অধ্যায়।

বৈশাপায়ন কহিলেন, অনস্তর রাজা মন্ত্রী ও পুরো-হিতকে আশ্রমের বাহিরে রাধিরা একাকী তক্মধ্যে প্রবে-শিয়া দেখিলেন, আশ্রম শৃক্ত রচিয়াছে; মহর্ষি কণু তথাছু নাই। তথন তিনি উটৈচঃশ্বরে কহিলেন, বৃত্তির অভ্যন্তরে কে আছ বহির্গত হও। তাঁহার সেই থাক্য প্রবণমাত্র তাপদী-বেশধারিণী লন্ধীর নাায় এক কম্যা কৃটার হইতে বহির্গত হইলেন। তিনি রাজাকে সমাগত দেখিরা পাল্য, অর্থা, আসন হারা তাঁহার যথোচিত আতিথ্য বিধানপূর্ক্ত আগতপ্রশ্ন ও কুশলানি জিজ্ঞাসা করিলেন। অনস্তর ঐ কন্যা বিনীতভাবে তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, মহারাজ। এজানে কি উদ্দেশে আপনার আগমন হইন্যাছে? আজা কর্মন আপনকার কোন্ কার্য্য সম্পাদন করিতে হইবে? রাজা সর্কাজস্ক্ররী মধ্র-ভাষিণী কন্যার বাক্য শ্রবণানপ্তর তাঁহাকে ক হলেন, ভদ্রে! আমি মহর্ষি কণ্বের উপাদনা করিতে এস্থানে আসিরাছি; মহর্ষি কোথার? কন্যা কহিলেন, পিতা ফল আহরণার্থ বনাস্তরে গমন করিয়াহেন, তিনি শীঘ্রই প্রেত্যাগমন করিবেন; আপনি ক্ষণকাল অপেক্যা করিলেই তাঁহার সহিত্য সাক্ষাৎ করিতে পারিবেন।

রাজা ঋবিকে আশ্রমে অমুপন্থিত দেখিয়া এবং সেই মধুরহাসিনী, রূপযৌবনবতী, লোক লামভূতা ললনার चालाकमामाना ज्ञणनावण मन्तर्भन कतित्रा, मुक्कथात्र किछा-সিলেন, স্থন্দরি ! তুমি কে ? কাহার রমণী ? কি নিমিত্তই ৰা এই মহারণ্যে আদিরাছ ? আর তুমি কি প্রকারেই বা এরপ রপবতী হইরাছ ? তুমি দর্শনমাত্রেই আমার মন হরণ করিয়াছু। রাজার এই বাক্য শ্রবণ করিয়া ক্সা মধুর স্বরে কহিলেন, মহারাজ ! আমি ধৃতিমান্ পর্মঞ মহাত্মা কণুতপোধনের কন্তা, আমার নাম শকুষণা। রাজা কহিলেন, হে বরবর্ণিনি ! সর্কলোক পুজিত ভগ-বান্ কণু উর্বেতাঃ; ধর্মও কদাচিৎ বিচলিত হইতে পারেন, কিন্তু উর্ত্তরেতাঃ তপস্থীরা কখনই বিচলিত হয়েন না, তবে তুমি কিরূপে তাঁহার হহিতা হইলে ? আমার এবিবরে অতাত সংক্রেছ হইতেছে। তুমি অস্থাহ कतिया मालक छक्षन दितिया एन । "मक्चना कहिलान, মহারাজ! একদা এক ৰবি পিতাকৈ আমার লবা হভাত ভিজাসা করাতে পিতা তাঁহার সমীপে আঁল্যোপাস্ত সমন্ত वर्गन करतन। जामि त्रहे नमस्त्र छोहात निक्षेवर्दिनी ছিলাম, সমস্টই প্রবণ করিয়াছি, বলিতেছি, প্রবণ করুন। মহবি কহিয়াছিলেন, পূর্ককালে মহাতপাঃ বিখামিত্র খোন কঠোর ভণন্যা আরম্ভ করেন। তাঁহার তণ:- প্রভাবে ত্রিলোকী তাপিত হইল। দেবরাক ইক্র,
তণোবীর্য্যসম্পন্ন বিখামিত্র এই কঠোর তপস্যা দারা পাছে
আমার ইক্রত্ব পদ গ্রহণ করেন, এই ভরে ভীত হইরা
অপরা মেনকাকে আহ্বান করিয়া কহিলেন, মেনকে!
অপরাদিগের মধ্যে তৃমিই সর্কপ্রেধান, অভএব তৃমি
আমার কিঞ্চিৎ উপকার কর। স্থ্য-সদৃশ-তেজস্থী,
ক্রিতেক্রিয়, মহাতপা: বিখামিত্র কঠোর তপস্যা আরম্ভ
করিয়াছেন। তাঁহার তপোহুর্চান দর্শনে আমার হৃৎকম্প
ইতৈছে। অভএব তোমাকে আমি এই ভার অর্পণ
করিতেছি, যাহাতে সেই হুর্ম্ব বিখামিত্র তপস্যা দারা
আমাকে পদচ্যত ক্রিতে না পারেন, এমন কোন উপার
উদ্ভাবন কর। ছে বরারোহে! রূপ, প্র্যাবন, মধুরবাক্য, অক্রভান, কটাক্ষ, হাব, ভাব, হাস্য প্রভৃতি
প্রলোভন দারা তোমাকে ঐ মহর্ষির তপোবিশ্ব করিতে
হইবে।

स्मिका है स्वाद अहे वाका अवग कतिया कहिरान. হে দেবর্জ ! আপনি ত জানেন, ভগবান বিখামিত অতিশয় তেজমী, ছপমী ও ক্রমভাব। আপনি জৈলোকোর অধিপতি হইয়াও মাঁহার তপ্রা তেল: ও কোপে ভীত হইতেছেন, আমি অবলা জাতি. কি প্রকারে তাঁহার অনিষ্ট মাধন করিতে সাহস করিব ? যে মহর্ষি মহাভাগ বশিষ্ঠের প্রাণসম শত পুত্রের প্রাণ-সংহার করিয়াছেন, যিনি ক্তিরকুলে জন্ম গ্রহণ করিয়াও বলপূর্বক ব্রাহ্মণ হইয়াছেন, যিনি অভিবেক ক্রিয়া সম্পাদনার্থে পরম পবিত্রা অগাধ সলিলা এক মহানদীকে चौत्र आअमनभीरा आनत्रन कतिशारहन, याहात्र प्रहिमात्र के नहीं अन्तानि की निकी नाम विशाख आहर, यिनि कुछ इरेग्रा अिख्डां पूर्विक अग्रे धक नक्तवानाक ও নক্ত সমুদাম কটি করিয়াছেন, যিনি গুরুণাপগ্রস্ত ত্রিশহুকে অভয়দান করিয়াছেন, হে বিভো! বিনি এই সমস্ত অলৌকিক • কার্য্য করিয়াছেন, আম্রিকোন সাহসে তাঁহার ওপন্যা ভঙ্গ করিতে কাইব। আপনি यि चामां क अक्षे उन दीनान करवन (य, जिनि ক্রোধায়ি দারা ত্রাকৈ দথ করিতে পারিবেন না. তবে আমি যাইতৈ সাহস করিতে পারি। হৈ হুরেশ্বর। যিনি তেকোঁছারা তিলোকী দথ করিছে পারেন, যিনি ভাত! আমি মহারাজ গুমন্তকে বরণ করিয়াছি। আপনি অমুকল্পা প্রদর্শনপূর্বক তাঁহার প্রতি প্রসর হউন। কণ্ কহিলেন, বংসে! আমি তোনার নিমিন্ত রাজার প্রতি প্রসরই আছি। একণে তুমি স্বাভিল্যিত বর প্রার্থনা কর। শকুন্তনা মহর্ষির বাকা প্রবণ করিয়া রাজা গুমন্তের হিতাকাজ্ঞনার কহিলেন, হে পিতঃ! যদি প্রসর হইয়া থাকেন, তবে এই বর প্রদান করুন যে, পুরুবংশীয়েরা যেন কখন রাজাচ্যত বা অধ্যাপরায়ণ না হন। মহর্ষি কণ্তথান্ত বলিয়া বর প্রদান করিলেন।

,চতুঃসপ্ততিতম অ্ধ্যায়।

বৈশস্পায়ন কহিলেন, সহারাজ! তদনস্তর ব্রবর্ণিনী ্শকুন্তলা যণাকালে মহাবল পরাক্রান্ত দীপ্তাগ্নিসম তেজন্বী অলৌকিক রপগুণ-সম্পন্ন এক স্থক্মার কুমার প্রস্ব করিলেন। ঐ কুমারের বয়:ক্রন তিন বৎসর পরিপূর্ণ হইলে মহাত্মা কণু বেদবিধানুসারে ভাঁচার জাতক্মাদি সংস্থার সম্পাদন করিলেন। মহাবল-পরাক্রান্ত শক্সলা-পুত্র মুনির আশ্রমে দিন দিন দেবকুমারের ভার বৃদ্ধি পাইতে नाशितन। পরে ছয় বৎসর বয়ঃক্রমকালে সিংহ, ব্যান্ত্র, বরাহা, নহিদ, হন্তী প্রভৃতি বস্তু স্বাপদগণকে আশ্রম-সমীপার বৃক্ষে বন্ধন করিয়া দিমন করিতেন। তদ্রানে কণাশ্রমনিবাসী তাপসগণ আঁহাকে সর্কাদমন বলিয়া डाकिएजन। उनविध छाँदात्र अक नाग नर्सनगन इटेन। महर्षि कन् वानरकत्र अमाधातन वन ७ अरनोकिक कर्य मर्गात मक्खनारक कशिलन, वश्ता । छामात श्राह्मत বৌবরাজ্যপ্রাপ্তির, সময় উপস্থিত হইরাছে। অভঃপর তোমার এ স্থানে থাকা কর্ত্রা নছে। পরে মুনিবর স্বীয় नियाग्गरक जारमण कतिरानन, राग्यता श्वरणी भक्छ-লাকে ভাৰ্ছভবনে লইয়া যাও়; যেহেতু নারীগণের চিরকাল পিভৃগৃহে আস কুরা অবিধের ; এবং তাহাতে কীর্ডি, চরিত্র ७ धर्ममहे इरेवार विकास मुखावना । ﴿ भिवाशन य ब्याखा विनशं श्रीवाका श्रीकात्रशृक्षके अश्री नक्छनाटक मम-ভিবাহারে गইয়া হতিনানগরে গমন के र्गन । भक्खना দেবকুমার তৃণ্য আপন কুমারকে কোঁড়ে \'ইয়া ক্রমে क्ट्रिय इम्रास्थव ७वटन উপश्चिष्ठ इहेरनन । बैंगुनिवाराग

রাজসমীপে সম্পৃছিত ছইয়া যথাবিধি আশীর্কাদ বিধান
পূর্কক সপুত্র। শকুন্তলাকে অর্পণ করিয়া আশ্রমে প্রত্যা
গমন করিলেন; তাঁহারা আশ্রমে প্রস্থান করিলে শকুন্তলা
কুডাঞ্জলিপুটে রাজাকে কহিলেন, মহারাজ! এই পুত্র
আপনার ঔরনে আযার গর্ত্তে জন্মিরাছে; অপেনি কণ্
মূনির আশ্রমে আমাকে বিবাহ করেন। পরিণয়কালে
প্রতিজ্ঞা করিয়াছিলেন যে,মদগর্ত্তজাত পুত্রকে যৌবরাজ্যা
আভিষিক্ত করিবেন। একণে এই পুত্রের যৌবরাজ্যা
প্রাপ্রির সময় উপস্থিত, অতএব আপনি প্রকৃত প্রতিজ্ঞা
মরণপূর্কক ইহাকে যুবরাজ কর্জন।

রাজা চ্মস্ত শক্তলার বাক্য প্রবণাস্তর অনেককণ চিন্তা করিয়া কহিলেন, তাপসি ৷ তুমি যাহা কহিলে, তাহা অংমার কিছুই শারণ হইতেছে না। ভোমার স্হিত যে কথন সন্দর্শন হইয়াছিল তাহাও অরণ হয় না। কিম্বা তোমার महिত আমার কোন সমন্ধ আছে ইহাও বোধ হইতেছে না। অতএব হে ছষ্ট তাপদি! তুনি এই স্থানেই থাক বা ছানান্তরে যাও, যাঁহা ইচ্ছা হয় কর। শকুঞ্জলা পতির মুথে এই অশ্নিপাতসদৃশ বিষম বাক্য শ্রবণ করিয়া ঈষৎ नष्कित ও इ: १४ एडिए अभि इनेशा मधासमान तहित्तन। কিয়ংক্ষণ পরে সংজ্ঞালাভ হউলে ক্রোধভরে তাঁহার চুই চক্ষ্: ৰক্তবৰ্ণ হইয়া উঠিল এবং ওঠাধন কম্পিত হইতে লাগিল। তিনি এক একবার বক্রনমনে বাজার প্রতি এরপ কটাকপাত করিতে লাগিলেন, বোধ হয় যেন নয়ন বিনির্গত ক্রোধাগ্নি স্বারা রাজাকে একবারেই দক্ষ করিতে উদাত হইয়াছেন। পরে ক্রোণ সম্বরণ করিবার যথেষ্ট চেষ্টা করিলেও তাঁহার সে ভাব অপ্রকাশিত বুছিল না। ক্ষণকাল এই অবস্থায় অবস্থানে করির৷ রোবক্ষায়িত नग्रत्न वाजात थां जि मृष्टिभा जभूकों क कहिर्द्ध नाशिरनन, মহারাজ! তুমি জানিয়া ওনিয়াও কেন ইতর লোকের नााय जनक्षिण हिद्द केहिए " आमि किছूरे জানি না।" আমি বাহা কহিলাম, তাহা সত্য কি মিথা। ভবিবয়ে ভোমার জন্তঃকরণই সাকী। বরংই সতামিগা বাক্ত কর। আত্মাকে অবজ্ঞা করিও नां। रावाकि मान এक ध्रकांत्र कानिता मृत्य कागा প্রকার বলে, সেই আত্মাণহারী চৌরের কোন্ চুল্ নাকর। হর। তুমি মনে করিতেছ একাকী 🛩 🗥

করিয়াছি, অন্য কেহই জানি পারে নাই, কিছ তুমি কি জান না যে মহর্ষি কণু অন্তর্যামী? তিনি স্বীয় रगागवत्न भाभ भूगा ममुनाम आनित्क भारतन। 'ঠাহার কাছে গোপন করিতে পারিবে না। পাপকর্ম করিয়া মনে করে আমার হৃষ্ণ কেহই জানিতে भारत नार्डे, कि हु (भवशन ও अहर्यामी शुक्रस्तता मकनरे कांनिएक शादन। जात कर्गा, हक्क, वायु, कश्चि, चर्ग, পৃথিবী, জল, মনঃ, যম, দিবা, রাত্রি, প্রাতঃকাল, সায়ংকাল এবং ধর্ম ইহারা মহুধ্যের সমস্ত বুতান্ত জানিতে পারেন। পাপ পণাের সাকিষরপ জনমন্তিত আত্মা সম্ভষ্ট থাকিলে বৈবস্বত যম স্বরং মমুষ্টোর পাপ নাশ করেন। আর যে ছরাত্মার আত্মা সম্ভষ্ট নহে, যম দেই ছুরুচারের পাপ বৃদ্ধি করেন। যে পাপাত্রা আত্মাকে অপ্যান করিয়া সতা বিষয় মিথাারূপে প্রতি-পাদন করে, দেবভারা ভাহার মঙ্গল বিধান করেন না। আমি পতিরভা। আমি স্বয়ং উপস্থিত হইয়াছি বলিয়া আমাকে অপমান করিও না। আমি তোমার স্মাদরণীয়া ভাগা। তুমি কি নিমিত্ত এই সভামধ্যে আমাকে সামা-নাার নাায় উপেকা করিতেছ? তুমি আমার এই সকল সকরুণ ৰাক্য কি কিছুই শুনিতেছ না ? আমি কি অরণ্যে রোদন করিতেটি ? হে চ্মন্ত! তুমি যদি আমার কণায় অবজ্ঞা প্রদর্শনপূর্ব্বক উত্তর প্রদান না কর, তাহা হইলে অন্য তোমার মন্তক শতধা বিদার্থ হইবে। পৌরাণিকের। কহেন, "পতি স্বরং ভার্যার গর্ব্ধে প্রবেশিয়া পুত্ররূপে জন্মাহণ করেন, এই নিমিত্তই জারার জারাত্ব চইরাছে।" পুত্র জন্মগুত্র করিয়া পূর্বমৃত পিতামহদিগের উদ্ধার করে এবং পিতাকে পুলামক নরক হইতে পরিতাণ করে, এই বলিয়া স্বয়স্ক বন্ধা উহাকে পুত্র বলিয়া ব্যাখ্যা করি-রাছেন। গৃহকশাদকা পুত্রবৃতী পতিপুরায়ণা ভার্যাই যণার্থ ভাষা। ভাষা। ভর্তার অর্জাল-শ্বরুগ,পরম-বন্ধু এবং তিবর্গ-नाट्डत मृन कात्रन। ভाষ্যাবান লোকেরাই ক্রিয়াশালী হয় ; ভাষ্যাবান্ লোকেরাই গৃহী বলিয়া পরিগণিত চয়; ভাগ্যাবান্ লোকেরাই সর্বাণ স্থী হর এবং ভাগ্যাবান্ ল্যেকেরাই সৌভাগাসম্পন্ন হন। প্রিরবলা ভার্যা অস-ল্লুর সহায়-অন্নপ, ধর্মকার্য্যে পিতা-অন্নপ, আর্দ্র ব্যক্তির ক্লিপ এবং পথিকের বিশ্রানন্থান-স্বরূপ। ভার্যান

বান বাক্তি সকলেরই বিখাসভাজন। মরণানন্তর আর কিছুই অনুগানী হয় না, কেবল পতিব্ৰতা পত্নীই সহ-গামিনী হইয়া থাকে। পতিব্ৰতা ভাৰ্য্যা যদি পূৰ্কে প্র-লোক প্রাপ্ত হয়, তাহা হইলে দে তথায় গিয়া পতির অপেকা করে। আর যদি পূর্ণের পতির পরলোক হর, তবে তাঁহার সহমূতা হয়। হে মহারাজ ! যেহেতু পতি ভার্য্যাকে ইহলোকে ও পরলোকে সহায়-স্বরূপ প্রাপ্ত হন, এই নিমিত্তই লোকে পাণিগ্রহণ অভিলাষ করেন। পতি चैयः ভার্যার গ্রুর্ত্তে প্রবেশ করিয়া পুজ্রনামধারী হইয়া जग्रश्न करत्न। অতএব প্রপ্রপাবিনী ভাষাাকে সাক্ষাৎ মাতা বলিয়ামনে করা কর্ত্বা। (যুম্ম আদর্শ-তলে মৃথ-প্রতিবিদ্ধ, পুত্রও তদ্মপ পিতার প্রতিবিদ্ধ স্বরূপ। এই নিমিত্তই লোকে পুত্রমুথ নিরীক্ষণ করিয়া স্বর্গতোগের স্থাত্বত করে। মথুবা শারীরিক বা মানসিক পীড়া দ্বরা, যতই কেন কাতর হউক না, প্রিয়তমা ভার্যাকে অব-লোক্ন করিলে স্থীতল জলে প্রগাঢ় আভপভাপিত ব্যক্তির ন্যায় সর্বাত্রংথ বিশ্বত হইয়া প্রম প্রিভাষ লাভ করে। ভার্যাকর্ত্ব ^{*} সাতিশয় ভর্মিত হইলেও তাহার অপ্রের কার্য্য করা কলাপি বিশেয় নহে; কারণ রতি, প্রীতি ও ধর্ম এই তিন সুগদাধনই ভার্যার আয়ত্ত। ত্তীলোক আত্মার পবিত্র জন্মকেত্র; এবং স্ত্রীলোক ব্যতীত পুরুলৎপাদন হয় না। পুত্র পিতৃপদে প্রণাম করিয়া ধূলি-ধুসরিত কলেবর হয় এবং পিতাকে আলিক্স করে; এই অসার সংগারে ইহা অপেকা ছণ আর কি আছে। অত-এব হে নহারাজ ! স্বাং আগত এই প্রাণসম পুত্রকে কেন অব্যানিত করিতেছ। দেখ কৃষ্ণ জীব পিপীলিকারাও সীয় মণ্ড সমৃদায় সাতিশুয় বৈত্বসহকারে রকা করে, তুমি ধর্মজ হইয়াও কি নিমিত্ত আপুন পুলকে পালন করিতে পরাবাব হটতেছ ? শিশু পুলের আলিঙ্গনে লোক ্যাদৃশ ত্থাসূভক করে, বসন স্ত্রীগাত রা ত্রীতল জল স্পর্ণ করিয়া कि छातृम अथात्रीतन कतिए शादा ? यमन विभएत মধ্যে রাহ্মণ শ্রেষ্ঠ, চতুপাদের মধ্যে পৌ শ্রেষ্ঠ, গুরুজনের मस्या शिका (अहे का श्री का निवास भाग विकास का भाग भाग निवास का भाग निव সর্বশ্রেষ্ঠ। অভ্যাত্ত এই প্রিয়দর্শন পুত্র ভোষাকে আণিঙ্গন করিয়া ত্যোলির ম্পর্লম্থ উৎপাদন করক। হে অরিকুল-काला छक । जिन वरमत वत्रक्रम भतिशृर्ग इत्रित महर्षि कर्

ইহার ক্রিয়োচিত সমুদাম সংকার সম্পাদন করিয়াছেন, অতএব এই পুত্র সর্বাংশে তোমার মনস্তাপ নাশ कतित्व। (इ शूक्तवः नावछः म । यथन এই शूख ভृतिष्ठे हम, দেই সময়ে আমার প্রতি দৈববাণী হইয়াছিল "এই কুমার यथाकारम मञ्जरशक अर्थांगर यस्त्र कतित्वत।" आतस्य দেখ, পিতা বছ দিনের পর স্থানান্তর হইতে আগমন করিয়া পুল্রকে ক্রোড়ে গ্রহণপূর্বক তাহার মন্তক আত্রাণ ও বদন চুখন করিয়া প্রম সম্ভোগ লাভ করেন। কুমারের জাতকর্ম কালে ব্রাহ্মণেরা এই সকল মন্ত্র, উচ্চারণ করিনী। থাকেন, বোধ হয় তুমিও কোন্ তাহা না জান। "হে পুত্র ৷ তুমি আমার প্রতাঙ্গ হইবে স্ভূত হইরাছ, তুমি আমার জ্লয়ত্ইতে জ্মিয়াছ এবং ভূমি আমার প্রনাম-ধারী আত্মা, অতএব তুমি শতবৎসর জীবিত থাক; আমার জীবন তোমার অধীন; আমার অক্ষয় বংশ তোমার অধীন; অতএর তুমি স্থাী হইয়া শতবৎসর জীবিত থাক।" হে রাজন্ ! এই পুত্র তোমার শরীর হইতে সমুৎপন্ন, স্তএব নির্মাল স্পিলে আত্মপ্রতিবিশ্ব দর্শনের ন্যায় প্রস্থু নিরী-ক্ষণ কর। বেমন গার্হপত্য অগ্নিহইতে আহবনীয় অগ্নি প্রণাত হয়, সেইরূপ তোমাহইতে এই পুত্র সমুংপর হওয়াতে একমাত্র তুমিই দিধাকত হইয়াছ। হে রাজন্! একদা তুমি মৃগয়ায় গমন করিয়া এক মৃগের অমুসরণক্রমে তাত কণের আশ্রমে আমার সহিত সাকাৎ করিয়াছিলে। আমি'সে সমরে কুমারী ছিলায়। হে মহারাজ ! উর্বাণী, পূর্বাচিত্তি, সহজন্যা, মেনকা, বিশ্বাচী ও মতাচী এই ছয় জন অপারা স : श्वान। তন্মধ্যে ত্রন্ধকোক-নিবাসিনী মেন্কা স্বর্গ^দৈতে মর্জালোকে আগমন করিয়া বিশা মিত্রের ঔরসে [া]্মাতে উংগাদন করিয়াছিলেন। অভজা মেনকা হিমাহক্র্র্য প্রস্তদেশে আমাকে প্রসূব করিরা শক্ত-কন্যার ন্যায় তথায় পরিত্যার্গপূর্বক চলিয়া যান। হায়! ना जानि षामि जनाखरह कि महाभाउक कित्रशिक्षाम, বেছেতু বাল্যকালে 🙉 নান্ধবৈরা আমাকৈ পরিত্যাগ করি-রাছিল, একাৰে মানার ভুমি পড়ি হইরাও পরিত্যাগ করিলে। যাহা হউক তুমি আমাঞ্চ্ল পরিত্যাগ করিলেও আমার তত ক্ষতি বোধ হইবে না, ক্রি- আমি এক্লবেই পিত ্তাপ্রমে গমন করিব। কিন্ত তোসার শীর ঔরুসপুত্র এই স্কুমার নৰকুমারকে পরিত্যাগ করা নিত্রী অবিধেয়।

ছম্মত কহিলেন, শকুন্তলে! আমি তোমার গর্ডে যে এই পুত্র উৎপাদন করিয়াছি ইহা আমার কোন প্রকারেই স্বরণ হইতেছে না; জীলোকেরা প্রায়ই মিথাা কহিয়া থাকে; বোগ হয় তুমিও মিথ্যা কথা কহিতেছ; কে ভোমার কথায় বিখাস করিবে ? কুলটা মেনকং ভোমার জননী; তাহার মত নির্দয় লোক জগতে নাই। সে তোমাকে প্রসৰ করিয়া নির্দ্ধালাের ন্যায় হিমালয়ের প্রস্থে পরিত্যাণ করিয়াছিল। আর তোমার জন্মদাতা বিখা-মিত্রও অতি নীচাশয়; কারণ তিনি ক্ষত্রিয় কুলোম্ভব হুইয়া পরম পবিত্র সর্বাজন-মাননীয় ব্রাহ্মণত্ব পাইয়াছেন, ততাচে कांग-পরবশ इटेग्नाছिলেন। ভাল তোমাকে জিজাসা করি, যদি মেনকা অপারার মধ্যে শ্রেষ্ঠ ও বিশামিত্র, স্ব্রিবর্গের অগ্রগগণ্য, তবে তুমি জাঁহাদিগের কন্যা হইয়া কি নিমিত্ত পুংশ্চলীর ন্যায় মিথ্যা বাক্য প্রয়োগ করি-তেছ ? এই সভাসদ্গণের সমক্ষে বিশেষতঃ আমার সমক্ষে এই সকর অশক্ষেয় কথা কহিতে তোমার কি লজা হই ব তেছে না ? অতএব বৈ হট্ট চাপদি ৷ তুমি এফান হটতে প্রস্থান কর। মহর্বিশ্রেষ্ঠ বিশ্বামিত্র ও অপ্সরাপ্রধানা মেন-কাই বা কোথায় ? আর তাপনী-বেশধারিণী ভূমিই বা কোথায় ? ভোমার এই পুত্রকে বাল্যকালেই মহাবল পরাক্রান্ত ও মহাকায় দেখিয়া কোনরূপেই ভোমাকে বিশাস হইতেছে না। তুমি আপনিই কহিতেছ, স্থনি কৃষ্টা দৈরিণী মেনকা তোমার জননী। সে কামরাগে অন্ধ হইয়া তোমাকে উৎপাদন করিয়াছে। আর তুমিও-**११ क नौत नाात्र क था नार्छ। क हिर्छ ह। जूमि रय मक न** কথা কহিলে, আমি তাহার বিন্দ্বিসর্গও জাল্লি না এবং তোমাকেও চিনি না; অতএন তুমি ৰথায় ইচ্ছা, চলিয়া वा छ।

শকুন্তলা কহিলেন, মহারাজ! সর্বপ্রমাণ প্রদোষ
নিরীক্ষণ কর, ডিন্ত বিষ পরিমিত আত্মদোষ দেখিতে
পাও না। মেনকা দেবগণের মধ্যে গণনীয়া ও আদরনীরা, অতএব তোমার জন্ম হইতে আমার জন্ম উৎকৃষ্ট
তাহাতে সন্দেহ নাই। আরও দেখ,ভূমি কেবল পৃথিবীতে
ভ্রমণ কর, আমি পৃথিবী ও অন্তরীক্ষ উভার স্থলেই গতারাত করিতে পারি; অতএব আমার ও তোমার প্রস্কৃত্ম
স্থ্যের ও স্বপ্রের প্রভেদের ন্যার। আমার এক

আছে, আমি ইন্দ্রম, কুবের, বরুণ প্রভৃতি দেবগণের ভবনেও অনায়াদে যাতায়াত করিতে পারি। হে মহারাজ! আমি এন্থলে এক লৌকিক সতা দুৱান্ত দেখাইতেছি, लावन कत : कहे बडे ब ना। (मभ, कुक्रभ वाख्य (य भर्याख আদৰ্মভালে আপন মুগমণ্ডল না দেখে, ততকণ আপ नाटक अर्व्वाटनका जलवान् द्वाध कदत । किन्तु यथन व्यान-নার বিক্লত মুগশ্রী নিরীক্ষণ করে,তথন আপনার ও অত্যের রূপপ্রভেদ জানিতে পারে। যে ব্যক্তি অতান্ত স্থানী, সে कथन जनारक जनका करत ना। त्य जिथक नांकानाम करत. লোকে ভাহাকে মিগাবাদী ও বাচাল কচে। যেমন শুকর নানাবিধ স্থপাদা মিষ্টার পরিত্যাগ করিয়া পুরীষ্মাত গুত্র করে, সেইরূপ,মুর্থ লোকেরা শুভাশুভ বাক্য শ্বণ করিলে च्छ कथा अतिङ्गानश्रक्ति ज्ञ छुडे शहन कतिया थारक। আর হংস যেমন সজল গুগ্ধ হইতে অসার জলীয়াংশ পরি-ত্যাগুরুক তথ্যরূপ সারাংশই প্রহণ করে, সেইরূপ পণ্ডিত ব্যক্তিরা লোকের শুভাশুভ বাকা শ্রবণ করিয়া তাহা ছটাত শভট গ্রহণ করেন। সজ্জনেরা পরেব অপবাদ শ্রবণ করিয়া অতিশয় বিষয় হয়েন, কিন্তু চুক্তনেরা পরের নিন্দা করিয়া বংপরোনাতি সম্ভূত হয়। সাধু ব্যক্তিরা মান্য লোকদিপতে সম্বৰ্জনা করিয়া যাদুশ সুগী হন, অসাধুগণ সজ্জনগণের অপমান করিয়া ততোধিক সম্ভোব লাভ 🖟 করে। অদেঃষদশী সাধুও দোনৈকদশী অসাধু উভয়েই ল্পে কালাভিপাত করে; কার্ন্থসাধু সাধুবাক্তির নিন্দ। करत, किन्तु मांधू वान्ति अमाधूक क्र अभगागिक द्रेगां अ তাছার নিন্দা করেন না। বে বাক্তি স্বরং ছর্জন, সে সুজ্জনকে ক্রুজন বলে, ইহা হইতে হাস্যকর আর কি আছে? ক্রিকালসর্পর সভাধর্মচাত পুরুষ হইতে যখন না∫তকেরাও বিরক্ত হয়, তখন মাদৃশ আভিকেরা কোথার আছেন। যে ব্যক্তি স্বয়ং স্ব সদৃশ পুত্র উৎপাদন কাৰিয়া/ গাহাৰ সমাদর না করে, দেবতারা তাহাকে জীভট कर्दन विवाद स्त अडीहे-लाक आख इहेट शाद ना। পিতৃগাঁ পুত্রকে কুল ও বংশের প্রতিষ্ঠা এবং সর্বাধর্মো-ত্তম বলিকা নির্দেশ করেন, মতএব পুত্রকে পরিত্যাগ করা **अञ्चल वि**तिरश्य । ভগবান্ यन कहिशास्त्र, छेद्रम, नक्त, পালিত এবং ক্ষেত্রজ এই পঞ্জিধ পুত্র মনুবোর ু 🏘 জুঁ কাৰ্ডি ও মন: প্ৰীতি বৰ্দ্ধন করে এবং পর-

কালে নরকৃষ্টতে পরিতাণ করে। অভএব ছে নর্নাথ। ভূমি পুত্রকে পরিত্যাগ করিও না। ছে ধরাপতে। আযু-কত সতাও ধর্ম প্রতিপালন কর। হে নরেক্স। কপটতা পরিত্যাগ কর। দেখ শত শত কপ খনন অপেকা এক পুষরিণী প্রস্তুত করা শ্রেষ্ঠ: শত শত পুদরিণী ধনন করা অপেকা এক যজামুঠান করা শ্রেষ্ঠ; শত শত যজামুঠান অপেকা এক পুলোৎপাদন করা শ্রেষ্ঠ; এবং শত শত পুত্র উৎপাদন অপেকা এক সত্য প্রতিপালন কর। শ্রেষ্ঠ। **অঁক দিকে সহস্ত্র অশ্বমেশ ও অন্য দিকে এক সত্য রাথিয়া** তুলা করিলে সহস্র অখনেধ অপেকাও এক সত্যের গুরুষ অধিক হয়। হে মহারাজ। সমুদায় বেদ অধ্যয়ন ও সর্ব-তীর্থে অবগাহন করিলে সত্যের সমান হয় কি না সন্দেহ। যেমন সভোৱ সমান ধর্ম নাই এবং সভোৱ সমান উৎ-কুষ্ট আর কিছুই নাই, তজ্ঞপ মিথ্যার তুল্য অপকৃষ্টও আর কিছুই দেখিতে পাওয়া যায় না। হে রাজন ! সভাই পর-ব্দুমত্য প্রতিজ্ঞা প্রতিপালন করাই প্রমোৎকৃষ্ট ধর্ম, অতএব ভূমি সত্যপরিভাগে করিও না। আরু যদি ভূমি মিপ্যামুগামী হইয়া আমাকে অশ্রদ্ধা কর, তবে আমি আপনিই এস্থান হইতে প্রস্থান ক্রিব, তোমার সহিত আর কদাচ আলাপ করিব না; কিন্তু হে গুল্পন্ত। তোমার অবিদামানে আমার এই প্রল্ল এই সদাগরা বস্কুরা অব-শাহু প্রতিপালন করিবে, সন্দেহ নাই !

বৈশপায়ন কহিলেন শকুন্তলা রাজ্যকে এই কণা কহিয়া নিরস্ত হইবামাত্র ঋত্মিক, প্রোহিত আচার্যা ও মরিগণে পরিবেটিত রাজার প্রতি এই ক্লাক্ষ্য কাশবাণী হইল। "মাতা ভল্লাম্বরূপ, পিতারই প্রজ্ঞার ক্রান্ত শিক্তাম্বর বিভিন্ন নহে, অতথেব হে দুলা তুমি আপন প্রকে প্রতিপালন কর, শব্দু শুলাক অসমান করিও না। হে নরদেব। ওরদ পুত্র পিতাকে যমালয় হইতে উদ্ধার করে। শকুন্তলা সতাই কহিতেছেন, তুমিই এই প্রের উৎপাদক। জনয়িত্রী স্বকীয় অঙ্গকে দ্বিওও করিয়া অন্ধিভাগ প্রস্তরা প্রতি করেন, অতথেব হে য়াজন্তাগ প্রস্তরাপ্রক্রী শেলম্বর নহে, অতথেব হে য়াজন্ত শক্ষ্যাগর্জনিত এই স্বায় প্রতেক লাগন পালন কর। থাক্স্তলাগর্জনিত এই স্বায় প্রতেক লাগন পালন কর। বেহেতু অন্নাদিগের উপরোধে তোমার এই প্রত্বে ভরণ

করা আবশ্যক হইল,এই নিমিত্ত ইনি ভরত নামে বিখ্যাত হইবেন ।"

রাজা ছন্মস্ত দৈববাণী প্রবণে সাতিশন্ন সম্ভট্ট হইয়।
পুরোছিত ও অমাত্যবর্গকে কহিলেন, আপনারা দেবদূতের
বাক্য শুনিলেন? আমিও এই কুমারকে আমারই আত্মজ্ব
বিলিয়া জানি; কিন্তু যদি সহসা ইহাকে গ্রহণ করি, তাহা
হইলে লোকে আমাকে দোবী করিবে এবং পুলুটিও কলন্ধী
হইবে এই ভয়ে শকুন্তলার সহিত বিভণ্ডা কবিভেছিলাম।
তাঁহাদিগকে এই কথা বলিয়া রাজা হুইচ্চিতে পুলুকে গ্রহণ
করিলেন।

অনস্তর রাজা পিতৃকর্ত্তব্য সম্পায় কার্যা নির্বাহ করিয়া পুজের মন্তকান্তাণপূর্বক আলিঙ্গন করিলেন। তৎকালে রান্ধণগণ তাঁহাকে ধন্যবাদ করিতে লাগিলেন, এবং বন্দি-গণ স্ততিপাঠ করিতে লাগিল। অনস্তর রাজা ধর্মপত্নী শক্সালকে যথোচিত সমাদরপূর্বক সাম্বনা বাক্যে কহিতে লাগিলেন, প্রিয়ে! নির্জন কাননে তোমার পাণিগ্রহণ করিয়াছিলাম, কেহই জানিত না; দোবৈকদণী লোক পাছে তোমাকে কুলটা, আমাকে কামপরবশ এবং রাজ্যে অভিষক্ত পুল্লকে জারজ মনে করে, এই ভয়ে আমি এত-ক্ষণ এতজ্ঞপ বিচার করিতেছিলাম। তুনি ক্ষা হইয়া আমার প্রতি বে সকল কটু রাক্য প্রয়োগ করিয়াছ, হে প্রিয়তমে! আনি তাহ। ক্ষমা করিয়াছি।

বৈশশ্পান্তন কহিলেন, হে ভারত! রাজা ছন্মস্ত মহি-বীকে এইরূপ কহিয়া বন্ধান্তপানাদি দাবা পরিভূষ্টা করি-লেন; এবং শকুষ্টার পুত্রের নাম ভরত রাখিলেন। পরে রাজাধিরাজ হাত্ত্বজ্ঞ পুত্রকে যৌবরাজ্যে অভিষিক্ত করিলেন। ভ_{্রু} যুবরাজ হইয়া কতিপর দিবসের মধ্যে সমস্ত মহীপালগণ পরাভ্রুকরিয়া ধর্মাষ্ট্রান দারা পরম যশসী হইলেন। অনস্তর রাজচক্রবন্তী হইরা অনর অখ-মেধ্যজ্ঞের অষ্ট্রান দারা স্বরগণের নিকট ইল্রের ন্যায় আদরণীয়া হইয়া উঠিলেন। হে মহারাজ! সেই ভরত হইতে ভারতী ক্রি প্র ভোমাদিগের ভারতনামক স্বি-গ্যাত কুল সমুৎপন্ন হইয়াছে।

আদিপর্কান্তর্গত সম্ভবপর্কাধ্যায়ে ক্রন্ত্লোপাখ্যান

मण्णूर्व। <u>'</u>

পঞ্চপপ্ততিতম অধ্যায়।

বৈশস্পায়ন কহিলেন, হে পুণাাত্মন ! মহারাজ হল্পন্ত ও পতিপরায়ণা শকুন্তলার উপাথান কীর্ত্তন করিলাম: একণে দক প্রজাপতি, বৈবস্বত মত্ন, ভরত, কুল, পুরু, আজমীত, যত, কৌরব ও ভারত ইইাদিগের বংশী কীর্ত্তন করি, শ্রুণ করুন। ইহারা সকলেই মহর্ষির স্থান তেজন্মী এবং ইহাঁদিপের বংশকীর্ত্তন অতি পবিত্র, আয়ুষ্কর ও যর্ষা-সর। প্রচেতার প্রথমতঃ দশ পুত্র জন্মে। তাঁছারা সক-লেই রাক্ষস হইয়াছিলেন। ভগবন প্রচেতাঃ মুধনির্গত অগ্নিদারা সেই মহাতেজম্বী রাক্ষসরূপী পুত্রশ্বকে দগ্ধ করেন। পরে প্রচেতার দক্ষ নামে অপর এক পুঞ্জ জন্মেন। দক্ষ হইতে এই সমস্ত প্রজা সৃষ্টি হইয়াছে ৷ হে পুরুষ-সিংহ। এই কারণ বশতঃ লোকে তাঁহাকে পিতামহ বলিয়া নির্দেশ করে। দক্ষ খীরিণীর গর্বে আত্মসদৃশ সম্প্রাক্ষণাক প্রত্র উৎপাদন করেন। মহর্ষি নারদ সেই সহস্রসংগ্যক **দক্ষসন্তানগণকে অত্**যুহকুষ্ট শাঙ্খ্য শাস্ত্র অধ্যয়ন করাইয়: মোক্ষোপদেশ প্রদান করিয়াছিলেন। (হ জ্ঞানমেজ্য অনন্তর প্রজাসিস্ফু প্রজাপতি দক্ষ পঞ্চাশং কনা। উৎপা-দন করিলেন। তিনি তাঁহাদিগের সকলকেই পুত্রিকা করিয়া তন্মধ্যে দশটি ধর্মকে, ত্রায়োদশটি কশাপকে ও সাভাইশটি চক্রকে সম্প্রদান করেন। কণ্যপের ত্রেরোদশ পত্নীর মধ্যে দাক্ষায়ণী প্রধান ছিলেন। তাঁহার গর্ডে घामण जामिका छेरशन हरमन। छरशरत कन्नाश हहेरड ইক্রাদি দেবতা ও বিৰম্বান জন্ম গ্রহণ ক্রিলেন। বিৰম্বা নের ছই পুত্র; বৈবস্বত মন্তু থম। ধীমান্ধু মন্তু ছইতে ব্রাহ্মণ ক্ষত্রিয় প্রভৃতি মানবঙ্কাতি উৎপন্ন হয়, এই নিমিড তাহারা মানব বলিয়া প্রথ্যাত হইয়াছেন। তক্ষ্ণা বাক্ষ (गंत्री मात्र दिव व्यक्षायन कतित्वन। (देश, श्री के निवार নাভাগ, ইক্ষাকু, কারুষ, শগ্যাতি, ইলা, প্রঞ্জ ত্র্বা, না গারিষ্ট ; মহুর এই দশ সন্তান ক্ষরিয়ধর্ম-পরার মহুর আরও পঞ্চাশটি পুত্র জন্মে, কিন্তু আমরা ১৯৮৪ তাঁহারা পরস্পর বৈরভাব অবলম্বন করিয়া বিন্দীতে ইলা হইতে পুরুষবাঃ উৎপন্ন হইন্নাছিলেন ৷ ই পিতাও মাতা উভরই ছিলেন। পুরুরবাঃ মং 🚓 🗅 ধারণ করিয়াও সর্বাদা দেবগণে বেটিত থাকি চে:

এরোদশ খীপের অধীশ্বর হুইরাছিলেন। তিনি তে হইরা বিপ্রবর্গের সহিত যুদ্ধ করিয়। তাঁহা-'সঞ্চিত রুত্মুলা রত্ব সকল অপহরণ করিতেন। ঠাছার উপর সমূচিত আকোশ প্রকাশ করিয়াও ুপ্রতীকার করিতে পারেন নাই। অনস্তর সনৎ-েলোক হইতে উপস্থিত হইয়া পুরুরবাকে অনু-ীক্ষিত করিলেন। কিন্তু তিনি তাহা সীকার া। তৎপরে ক্রোধাবিষ্ট মহর্ষিগণের অভিশাপে **ভ-পরতন্ত্র বলদপ্ত নরাধিপ সদাই বিনষ্টপ্রায়** তিনি যজাদিক্রিয়া নির্বাচার্থ গর্মবলোক ্ঠায়ি ও উর্বাদীকে আনয়ন করেন। ইলাপুত্র ें किनीत शर्द्ध जायु, शीमान, जमावस, मृहायु, ্শ,তায়ু এই ছয় পুত্ৰ জন্মে। নহয়, বৃদ্ধশৰ্মণ, াবং অনেবদ এই চারিটি আয়ুর ঔরদে ও স্বর্ভা-ার্ট উৎপর হয়েন। হে পৃথিবীপাল ! ধীমান্ া ন নত্য রাজা ধর্মাত্বারে এই পৃথিবী পালন াগন। নহয়; পিতলোক, দেবতা, ঋষি, গন্ধৰ্ক, দস, ক্ষত্রিয় ও বৈশ্য এই সকলকে সমভাবে করিতেন। তিনি দস্যুদ্ধ এরপ দ্যন করিয়া তাহারা ঋযিদিগকে করপ্রদান ও প্রষ্ঠে বহন নি স্বকীয় তেজ:প্রভাবে ও তপোবলে দেবতা-ভবে করিয়া ঋষিগণকে ইক্সত্ব ভোগ করাই-ুনি যতি, যযতি, সংযাতি, আয়াতি, অয়তি ও ্টিছয়টি পুদ্র উৎপাদন করেন। তত্মধ্যে যতি ্রিন হইয়া চরমকালে পরত্রন্ধে লীন হন। য্যাতি প্রভাবে সম্রাট্ হইরা এই স্সাগরা পৃথিবী বিধ যজ্ঞানুষ্ঠান ও একাস্ত ভক্তির সহিত পিতৃ ক্ষ অর্চনা করিয়া স্থতনির্বিশেষে প্রজাপালন

রাজ! সভাপরাক্রম থ্যাতি সন্তাট্ ছিলেন।

রাজ্যশাসন এবং প্রেজাবর্গের প্রতি যথেট

শূর্ণন করিতেন। মহারাজ য্যাতি, সর্বাদা

ববং ভ্রি-পূর্বাক পিতৃও দেবগণের শুলারা

সেব্যানী ও শর্মিটা নামে য্যাতির ছই মহিবী
ভন্মধ্যে ক্রিন্সানীর পর্বে বছ ও তুর্বাস্থ নামে

মান। _ গ্রার গর্বে ক্রন্তা, অমু ও পূরু নামে

তিন পুত্র জন্মেন। তাঁহারা সকলেই মহাধহর্দ্ধর ও সর্বাগুণ সম্পন্ন ছিলেন। মহারাজ ম্যাতি বছকলে ধর্মতঃ প্রজা-পালন করিয়া অবশেষে শুক্রাচার্যোর শাপে জরাগ্রন্ত হই-লেন,। তথন তিনি সেই রূপনাশিনী জরার প্রভাবে ভোগস্থাৰ বিষ্ণুত হইয়া পুত্ৰদিগকে সংখাদনপূৰ্ব্বক কহি-লেন, হে পুত্রগণ ! আমি তোমাদিগের যৌবন দ্বারা যুবতি-গণের সহিত বিহার করিতে বাসনা করি, তোমরা তদ্ধি-বয়ে আমাকে সাহায় কর। ইহা শুনিয়া দেব্যানীর ভৌষ্ঠ পুত্র যহ স্কৃহিলেন, মহারাজ! আমাদিগের যৌবন দারা আপনার কিরুপ সহায়তা সম্পাদন করিব, আজ্ঞা করুন। য্যাতি করিলেন, তুমি আমার জরা গ্রহণ কর, আমি তোমার যৌবর লেইয়া ইচ্ছামুরূপ বিষয় সভোগ করিব। দীর্ঘ সত্রাক্রপ্তানকালে মহর্দি উপনার শাপে কামার্থবিনাশিনী জরা আমাকে আক্রমণ করিয়াছে, আমি তজ্জন্য সাতিশয় সম্ভপ্ত হইতেছি; অতএব হে পুলগণ। তোমাদিগের মধ্যে একজন আমার জীণ কলেবর লইয়া রাজ্য শাসন কর। । যিনি জরা গ্রহণ করিবেশ, আমি তাঁহার নবীন তমু আশ্রু করিয়া বিষয় সম্ভোগ করিব। তাহা ত্রিয়া বহু প্রভৃতি চারি জন তাঁহার জরা গ্রহণ করিতে সন্মত হইলেন না। পরিশেষে সর্বাকনিষ্ঠ পূক কহি-লেন, মহারাজ ! আপনি অব্যার নবযৌবন-সম্পন্ন স্কুকুমার কলেবের আশ্রয় করিয়া অভিলাষামূরণ বিষয় সম্ভোগ কুরুন, আমি আপনার জ্বা গ্রহণ ক্রিয়া রাজ্য শাসন করিব। পরে রাজর্ষি য্যাতি তপোবলে পুত্রশনীরে স্বকীয় জারা সঞ্চারিত করিলেন। অনন্তর সেই নুপতি পুরুর বয়োলাভ করিয়া যৌবনশালী হইলেন,এবং পূরু তদীয় বয়ঃ প্রভাবে জয়াগ্রন্থ হইয়া সাজা শাসন করিতে, লাগিলেন। মার্দ্দলসম বিক্রান্ত রাজা য্যাতি, সূহস্র বৎসর উভয় পত্নীর সহিত পর্ম স্থথে বিহার করিয়াও পরিভৃপ্ত হঁইলেন না। নামক কুকেরোদ্যানে বিশ্বাচি নামী এক অপ্সরার সহিত কিছুকাল বিহার করিয়াও পরিতৃপ্ত হইলেন না। পরিশেষে মনোমধ্যে এই পৌরাবিকী গাথা প্রত্রধ্যান করিলেন। কাম্য বস্তুর উপভোগে কাম্বের উপশ্ম হওয়া দূরে থাকুক প্রত্যুত ঘুতসংযুক্ত বহিছে ন্যায় উহা ক্রমশঃ পরিবর্দ্ধিত হইত थाक । या विकलान वह तक्षाई! श्रीवेरीत प्रमुमग्र হিরণা, সব্দ পশু এবং সমস্ত মহিলা উপভোগ করে,

তত্রাপি তাহার তৃপ্তলাভ হওয়া ছর্যট; অতএব শান্তিপথ অবলম্বন করাই শ্রেমঃকর। লোক যথন কায়মনোয়াকের কাহারও অনিষ্টটেষ্টা না করে, তথন ব্রহ্মতুলা হয়। মহারাজ বয়াতি বৈরাগ্যের সারহ ও কামের অসারহ আলোচনা করিয়া পুত্র হইতে আপন জরা গ্রহণ করিলেন ও তদীয় যৌবন তাহাকে সম্প্রদান করিলেন। পরিশেবে পূর্ককে রাজ্যে অভিষিক্ত, করিয়া কহিলেন, বৎদ! ভূমিই মথার্থ প্রক্রার্য্য সম্পাদন করিয়াছ. তোমার দ্বারাই আমার বংশরকা হইবে, অভএব ভোমার বংশ শৌরব বংশ বলিয়া লোকে বিগ্যাত হইবে। মহারাজ বয়াতি এই বলিয়া তপশ্রক দেহত্যাগ করিয়া সন্ত্রীকে হর্গারোইণ করিলেন।

ষট্দ প্রতিতম অধ্যায়।

জনমেজয় কহিলেন, হে তপোধন! দশম প্রাক্লাপতি
যুগাতি রাজা আমাদিগের পূর্বপুরুষ। তিনি পরম
ফুর্লভা শুক্রতনয়া দেব্যানীকে কিরপে লাভ করিলেন,
আমি ভাষা সবিশেষ শ্রবণ করিতে বসনা করি। আপনি
এই বুত্তান্ত এবং ভাষার বংশপরস্পরা কীর্ত্তন করিয়া
আমার একান্ত কৌতুকাক্রান্ত চিত্রকে পরিভূপ্ত করুন।

বৈশাপায়ন কহিলেন, দেবরাজসম প্রভাবসম্পন্ন নহযপূল্র ব্যান্তি রাজাকে শুক্র ও বৃষপর্ব বেরূপে বরণ করেন,
এবং তির্নি যে প্রকারে দেবযানীকে লাভ করেন, হে
মহারাজ! আমি সেই সমস্ত বৃত্তান্ত কীর্ত্তন করিতেছি
শ্রন করুন। পূর্বে এই সচরাচর বিশ্বরাজ্য লাভার্থে
দেবতা ও অন্তর্নিগের পরম্পর তুমুল সংগ্রাম হর্ত্তরাছিল।
তৎকালে দেবতারা জীরীশাপরবশ হইরা বৃহস্পতিকে যজ্ঞান্তর্গান প্রোহিতরূপে বরণ করিয়াছিলেন। অন্তর্গণ
শুক্রাচার্য্যকে তৎকর্মে রতী করিয়াছিলেন। অন্তর্গণ
শুক্রাচার্য্যকে তৎকর্মে রতী করিয়াছিলেন। একরূপ
কর্মে দীক্ষিত হইয়াছেন বলিয়া বৃহস্পতি ও শুক্রাচার্য্য
ইন্ত্রার প্রতিনিয়ত সরম্প্রেরর প্রতি, শুর্মা করিতে লাগিলেন। ঐ যুদ্ধে দেবগণ যে সক্ল প্রস্কর সংহার করিতেন,
শুক্র মৃতসঞ্জীবনী বিদ্যাবলে তাহাণি কে প্নক্ষজীবিত
করিতেন; সেই সকল প্রজ্জীবিত অন্তর্মে উথিত হুইয়া
দেবতাদিগের সহিত সংগ্রাম করিত। বিস্তু অন্তর্ম্বর

युष्क एर नकन मित्रकात थान नाम कत्रिक श्रेत्रोहिंगी বহস্পতি আর তাঁহাদিগকে পুনজ্জীবিত করিছে পারিট্রন না ; কারণ মহর্ষি শুক্রাচার্যা যে বিদ্যাপ্রভাবে ক্লিব্রগত্ত পুনকজীবিত করিতেন, বৃহস্পতি তদিবকে সমাজিত ছিলেন। পরে দেব ভারা বিষাদাপর ও শুক্রাট্রাইটার ভরে উল্লিখ হইয়া বৃহস্পতির জে: ঠ পুত্র কচের নিক্ট উপস্থিত হইয়া কহিলেন, ছে কচ! আমরা তোমার শর্মাপ্র ছই-লাম, তোমাকে আমাদিগের এক মহৎ কার্ক সম্পাদন করিতে হইবে। অনিততেজাঃ গুক্রাচার্য্য যে মুল্লনজীবনী বিদ্যা জানেন, তুমি সত্তর তাহা অপহরণ কর । এই কর্ম করিলে তুমি সর্কবিষয়ে আমাদিগের অংশভাগী হইতব । সম্রতি বুষপর্কার নিকটে তুমি ওক্রাচার্যাকে দেখিতে পাইবে। তিনি তথার দানবগণকে সর্বার**কা করিতে** ছেন, কিন্তু দেবতাদিগের প্রতি কটাক্ষপতেও করেন না। তুমি অলবয়ক বালক। তুমি তাঁহার জ্বারাধনায় সক্ষম इटेरव। त्मर्थे मशासात तनवर्गानीनामी अक कमा चाष्ट्रम. তাঁহাকেও আরাধনা করিতে তোমা ভির স্ক্র সমর্থ হইবে না। দলাদাকিলা স্শীলভাদি ব যানীকে সম্ভষ্ট করিতে পারিলে ভূমি নিশ্চয়ইংপা वनी विना लाख कतित्व।

অনন্তর বৃহস্পতিতনয় কট তথান্ত বলিক ও
সমীপে গমন করিলেন। দেবগণপ্রেরিত কারাদশ
তথার উপনীত হতয় অহ্রেক্স বৃষপর্যার কার্লেরে
দেখিয়া কহিলেন, মহাশয়! আমি মহর্ষি আলি
সাকাৎ বৃহস্পতির পুত্র, আমার নাম কচ, আরু
সাকার করিলাম। আপনি আমার গুরুতে বৃত্ত,
সহস্র বৎসর ব্রহ্মচর্যা অহুদ্ধান করিব, আলু
অহুমতি কর্মন। গুরু কহিলেন, হে কচ!
বৃহস্পতি পূজনীয়, অতএব আমি জোমালার
কার করিলাম। একংগ তোমাকে ব্রহ্মান

বৈশাশারন কহিলেন, হে মহারাজ
ভক্তাচার্য্য কর্তৃক আদিউ ব্রহ্মচর্য্য-ব্রক্ত
ত্বাচার্য্য কর্তৃক আদিউ ব্রহ্মচর্য্য-ব্রক্ত
ত্বাহার ব্রহ্মানার অবাধানা করিতে লাভিক্ত

প্রাপ্রযোবনা দেবঘানীর পরিভোষ াদেরী দেব্যানীও গীত বাদ্য দারা ব্রহণারী কচের া। ॥তৈ লাগিলেন। এইরূপ ব্রতাচরণ করিতে मिहित পঞ্" ত বর্ষ অতীত হইল। অনস্তর দান-🖟 অভিযান ব্রিতে পারিয়া উপাধ্যায়ের গো-्रिक्छन-कानमञ्ज कहरक विनास क्षित, धदः ার্ক্ত থণ্ড করিয়া শুগাল কুকুরগণকে ভক্ষণ ।। । তথ্ন গোসকণ গোপশুনা হইয়া স্বস্থ নি গ্রাগত হটল। পরে দেববানী কচকে না ্র ভার নিকট নিবেদন করিলেন, হে পিতঃ ! ্রী পুর্বেতে আছতি প্রদান করা হইল, স্থাদেব আ বি:রিলেন, এবং গো সকল গোপশুনা হইয়া ন বাৰ্ম করিল, কিন্তু কচকে প্রত্যাগত দেখিতেছি মন্ত্ৰিক্ষাই বোধ হইতেছে, কচ আহত বা কাল-্লামি সভা কভিতেডি, কচ বাভিরেকে ুয়া। ক্রিতে পারিধ না। শুক্র কহিলেন, বংসে! ুরা ত চে এই মুহুর্ত্তেই আসিবে, আমি মুত কচকে कित्व. बङ बिलया अशोवनी विना अध्यात কি উচ্চৈ: স্বরে আহ্বান কবিতে লাগিলেন। ৰ ৰঞ্জীৰনী বিদাপ্ৰভাবে পুনন্ধার জীবন প্ৰাপ্ত ह । বিশ্ব কুরগণের দেহ বিদার্থ করিয়। হও মনে ্যাপে উপস্থিত হুইলে দেব্যানী কহিলেন, কচ। সিতে এত বিলয় ২ইল কেন? কচ উত্তর হ ভাবি 👃 আমি,সমিংকুশ এবং কাঠভার ৈও একী এপরিশ্রাস হইয়। গোগণেব সহিত , কি বটবুকের ছায়ায় আশ্রয় বইয়াছিলাম। মহুরগণ তথায় আসিয়া আমাকে জিজাসা , কে ? আমি কহিলাম, আমি বৃহস্পতির পুত্র, ম কচ। এই কথা কহিবামাত্র তাহারা আমাকে তদ্ধতে আমার শরীর থও থও করত শুগাল ভক্ষণার্থ প্রদানপূর্বক পর্মস্থে স্ব স্ব গৃহে হইল। এক্ষণে মহাত্মা ভার্গবের বিদ্যাবলে ু'বন পাইয়া তোমার নিকট উপস্থিত হইলাম। শৃষ্ব একদা দেবযানী পুস্পতয়নার্থ কচকে অরংণ্য । গুলন। ,দানবেরা কাননস্থ কচের শবীর চুর্ণ खल रिन्तिक कतिया निवा। धनिटक मिरयानी

কচের বিলম্ব দেশিয়া পিতার নিকট নিবেদন করিলেন। তথন শুক্র বিদ্যাপ্রভাবে কচকে আহ্বান করিলে কচ পুনর্বার আসিয়া গুরুসরিবানে সম্প্রবৃত্তান্ত নিবেদন করি লেম। তৃতীয়বার অ**স্ত**রেরা কচকে বিনষ্ট ও ভস্মাবশিষ্ট করিয়া শুক্রাচাযোর স্থারার মহিত নিশ্রিত করিয়া দিল। তথন দেবঘানী প্রভার পিতাকে নিবেদন করিলেন, হে পিতঃ। আমি পুষ্পাঠ । িকচকে প্রেরণ করিয়াছিলাম, কিন্ত এখনও ভাঙাকে প্রভাগেত দেখিতেছি না। বোধ ুুুুুুুুুু, সে আহত বা মৃত হইয়া থাকিবে। হে পিতঃ ! আনি নিশ্চয় কহিতেছিঁ, কচ বাতীত জীবন ধারণ করিতে পারিব না। ভকাচার্য্য কহিলেন, হে পুলি। বুহপেতির পুল कह निकार गृह इंदेशाए। आगि मञ्जीवनीतिमाा-अভाव ধারম্বার ভাহার জাবন রকা করিতেছি, কি করি, অস্করেরা তগাপি তদ্বিনাশে বিরত ২ইতেছে না; অতএব হেঁদেব-যানি । ভূমি শোক বা বেদেন করিও না। তোমার স্পৃথী মহিলারা স্মানা মউলোকের নিমিত শোক যোহে অভিভৱ হন না। দেশ রকা, ভ্রাহ্মণগণ, ইন্দ্রাদি দেবগণ, অষ্টবন্ধ, নমজ অধিনীকুমার, অন্তরগণ এবং সমস্ত জগং ভোমাকে প্রভাবশালিনী জানিয়া নমস্বার করেন। করের জীব্য রক্ষা করা বুগা বোধ হইতেটে, গেছেতু অস্করেরা স্যোগ পাইলেই পুনস্তার গুছোর প্রাণসংহার করিবে। দেব-যানী কহিলেন, বুলতম মহর্ষি অঙ্গিরাঃ যাহার পিতামহ, তপোনিধি বৃহস্পতি বাঁহার পিতা, তাঁহার নিমিত কেনই বা রোদন ও শোক করিব না। কচ নিজেও সামানা লোক নহেন। তিনি বৃন্ধচারী, তপোধন ও সর্ব্ব কার্য্যে স্থানিপুণ। ৫ছ তাত। আমি নিরাহারে প্রাণ ত্যাগ করিয়া কচের অনুগানিনী হইব। কুচ আমার নিতান্ত প্রিয়পাত। আমি তাঁহাকে না দেখিয়া ক্ষণমাত্রও জাবন ধারণ করিতে পারিব না। •

মহর্ষ শুক্র দেববানী কর্তৃক এইরপ অভিহিত হইরা কচকে আঁহবান করিয়া ক্রেণ্ডভরে কহিলেন, নিশ্চরই অস্থরেরা আমার প্রতি বিদ্বোপর হইরাল, এবং এই নিমিত্তই বারস্বার ভামার শিষ্যের প্রাণনাশ করিতেছে: হুদান্ত দানবেরা, এই পৃথিবীকে ব্রাহ্মণশূন্য করিবার অভি-লাবে আমার প্রতি এইরপ অত্যাচার করিতে প্রবৃত্ত হইয়াছে প্রতাল আমি একণেই ভাহাদিগের এই প্রপের

দ্রুবিধান করিতেছি। ব্রহ্মহত্যাক্ত পাপ ইক্রকেও করিতে পারে; এই বলিয়া কচকে বিদ্যাবলে আহ্বান করিতে লাগিলেন। সমাছত কচ গুরুর ভয়ে ভীত হইয়া জঠর হইতে অল্লে অল্লে উত্তর দিলেন। গুক্রাচার্য্য নিজ ভঠর হইতে তাঁহার কথা শুত্তিতে পাইয়া কহিলেন, কচ। তুমি কি প্রকারে আমার উদরে প্রবিষ্ট হইয়াছ? কচ কহিলেন, আপনকার প্রসাদে বলবতী স্মরণ শক্তি আমাকে পরিত্যাগ করে নাই, এই শিনিত আমার যথাবং বুড়াস্ত শারণ ২ইতেছে। আর আমার তপদ্যা কুছুমাত্র কুর ইনু নাই, এই নিমিও এই দারুণ ক্লেশ সহা করিতে সমর্থ হই-शांकि। अञ्चलता आभारक मध ७ हुन करिया • आश्रमात স্থবার সহিত মিল্লিভ করিয়া দিয়াছিল। আপনি বিদ্যমান থাকিতে আমুরী নায়া কথনই ত্রাফী নায়াকে অভিক্রম করিতে পারিবে না। শুক্র কহিলেন,বৎসে দেবযানি। অদ্য [●]কিরুপে[©] টোমার প্রিয় কার্য্য সম্পাদন করিব? আমি প্রাণ পরিত্যাগ না করিলে কচের প্রাণ রক্ষা হয় না। কচ আনার উদুরের অভ্যস্তরে অবস্থিতি করিতেছে। স্কুঠরাং कृष्किविमात्रण वाভित्तिक कह किन्नार्ण निगंड इटेरव। দেব্যানী কহিলেন, ভাত ৷ কচের বিনাশ ও আপনার উপঘাত একণে এই উভয়ই আনার পকে সাকাৎ অগ্নি-কল্প বোধ হইতেছে। কচের বিনাশ হইলে আনার জাবন নষ্ট হইবে এবং আপনার, বিয়োগে কিরূপেই বা ल्यान रीव्रन कवित ? उपन एक छेन्द्र कारक करिर्देगन, হে বৃহস্পতি-পুল্ল কচ ! যেহেতু দেবযানী ভোমাকে ভক্ত ৰলিয়া আদর করেন, অভএব বোধ হয় তুমি কোন সিদ্ধ পুরুষ অথবা কচরূপী ইন্দ্র হইবে। যাহা হউক অদ্য ভোমাকে এই সঞ্জীবনী বিদ্যা প্রদান করিব। এতান্ধণ ব্যতীত অন্য কেই পুনজীবিত হইয়া আনার উদর হইতে বহিৰ্গত হইতে পাৱে না, অতএৰ অঙ্গীকার করিতেছি, ভোমাকে বিদ্যা দান করিব, কিন্তু বংব! তুমি পুত্ররূপে আমার দেহ হইতে নিষ্তে হইয়া পুনব্বার বিদ্যাবলে আমাকে জীবিত করিবে। দেখিও এই ধন্ম প্রতিপালনে বেন পরাত্মথ হইও না।

খনস্তর কচ শুক্রসির্নানে সঞ্জীবনীবিদ্যা প্রাপ্তিপূর্বক কুক্ষি ভেদ করিয়া পূর্ণিমা শশাঙ্কের ন্যাধ্ তৎক্ষণাৎ নিক্ষান্ত হইলেন। নিক্ষান্ত হইয়া দেখিলেন দ্বত শুকা-

চাৰ্যা ভূতলে পতিত আছেন। কচ অৰি দারা তাঁহাকে ভীবিত করিয়া অভিবাদনপু করিত ক্রিটার্টার ভগৰন! বিনি কর্ণে অমৃত নিবেক স্থাপ্টিরিক করেন, আমি তাহাকে পিতামাতা-স্বরূপ স্থাইৰ ক্ষেত্ৰখণত कानवाकि अमन मृह (व डाट्ट किटेडवी (लाट क्या कि চেষ্টা করিবে গ সভাক্তপ্রাদ নিবির নিধি কার্ত্তীর ভরে পুজনীয় গুরুদেবকে যে ব্যক্তি আদর ন নিক্ট ভাইছ পাপিষ্ঠ ইতলোকে অপ্রভিত্তিত তইয়া প্রশোধি শালীবৈদ্ধ হ হয। মহাজভব ভক্র সুধাপান জনিত অর কার্ অভিন্নপ কচকে সুরাস্থকারে উদ্বস্থ করিয়ানি পুর্বাধীক বলিয়া স্কররে অতি ভাতত্রেশ হইলেন। शर्मत लिय मण्यामनार्थ क शिर्मन, अमाप्ति विशेष करेट्द ব্রাহ্মণ ভ্রান্থিজমেও মদাপান করিবে, সে^{র্বাহে} **পেথি**ছে तकारा इरेना टेटकाल ও পतकारन पृति विकास किरिक হইবে। আমি বিপ্রদশ্যের এই সীমা সংস্থাত আরেশ লা গুরু গুলুষ। প্রায়ণ বাহ্মণগুণ ও জন্মানা লে বিশিনার সক্ষর করন। তপোনিধি এই বলিয়া মুচ্বুদ্ধি কিন্<u>য় ক্রিছ</u> আহ্বান করিয়া এই কথা কচিলেন, "ভ দানবগণ ৷ আমার তুলা প্রভাবশালী মহায়া বিদ্যা-প্রভাবে রক্ষভূত হইয়া আমার নিক্ট বং এই কথা ক*হিয়া তিনি* বিরত ২ই*লেন*। বিষয়াবিষ্ট হুইয়া ব ব নিকেতনে গমন ক সহস্র বৎসর গুরুগুছে বাস করিয়া পরিশেশে মতি লইয়া দেবলোকে প্রস্থান করিলেন।

বৈশাপারন কহিলেন, ত্রতপরারণ কচ্চী বারাক্ত্র আদিউ হইরা ত্রিদশালয়ে প্রস্থান করিতে উদ্দিন্দি দেবযানী কহিলেন, হে নহর্ষি অলিরার পুত্র কুল, শীল, বিদ্যা, তপস্যা ও শন দ্যাদি ইইরাছ ৷ মহাবশাঃ অলিরা যেনন ঘ তোমার পিতা বৃহস্পতিও আমার সেইর বারেন নীর। এই সকল আলোচনা করিয়া আহি লান শ্রবণ কর ৷ ছে তপোধন ! তুনি ক্রিয়ার ক্রিয়া হইলে আমি তোমার স্বিশেষ ক্রিনার্ম্ব

হইয়াছ, আমি তোমার প্রতি অভএব মন্ত্রোচ্চারণপূর্বক আনার পাণি-ট্হিরে , হে ভভে। ভোমার পিতা মানাও পূজ্নীয় ত্মিও ত্রুপ **ভলে** ়ু তুমি ভগবানু ভার্গবের প্রাণ 🚁 ন্যা। তুমি ধর্মতঃ আমার গুরুপুত্রী। কণা বলা তোমার উচিত হই-যানী কহিলেন, ভূমি আমার পিতার ত্তর পুলের পুল। কেবল এই 2 মার মান্য ও পুরনীয়। কিন্তু অস্তরের। 9 স্থার নষ্ট করিয়াছিল। সেই অবধি আমি অনুরক্তা ১ইয়াছি। তোমার প্রতি আমি দীহাদ্য ও অনুৱাগ করিয়া থাকি ভাহার কি-অবিদিত নহে। অভএব হে ধন্মজ্ঞ। এখন তুমি ধিনীকে,পরিতাাগ করিও না। কচ কহিলেন, अनिरगाका विषय आभारक निर्माण कता হে বালে ৮ তুমি আমার গুরু 🗫 তরা। একণে ভূমি আমার প্রতি প্রসন্না হও। কি। তুনি বে ওফের ওরসে উংপর হইয়াছ রই উদরে বাদ করিয়াছিলান; স্তরাং তুমি ার ভগিনী হইলে, অতএব এরূপ কথা আর ভে ভটো । এতদিন এই স্থলে স্থা বাস কংণ **অনু**মতি কর, গৃহে গমন করি এবং র, যেন ধ্থিমধ্যে আমার কোন বিল্ল ঘটনা আমাকে একএকবার স্থরণ করিও লাবধানে আনার গুরু শুক্রাচার্যোর পরিচর্যা ব্যানী কভিত্তেন, হে কচ! ভূমি আমাকে রিলে ভোমার সঞ্জীবনী বিদ্যা ফলবতী । ভূা কচ কহিলেন, আমি কোন দোষাশহায় ভ্যাথ্যান করিভেছি এম্ম নহে, গুরুপুত্রী খান করিতেছি; এবং এ বিষয়ে গুরুরও স্ত্রাং তুনি অকারণে আনাকে অভি হে দেবযানি! আমি তোমাকে আৰ্যা-^{ট্রান}্ত প্রদান করিজে, হিলান; তথাপি তুমি অর্টাশাপ দিল্পে ফলক আমি শাপের উপযুক্ত শাপ্ত ধর্মতঃ নহে, কানতঃ;

অত এব আমি তোমাকে প্রতিশাপ প্রদান করিতেছি, তৃমি
যাহা অভিলাষ করিতেছ ভাহা নিক্ষল হইবে, এবং অগ্
কোন ঋষিকুমারও ভোমার পাণিগ্রহণ করিবেন না।
আর তৃমি আমাকে অভিসম্পতে করিলে যে ভোমার
অধীত বিদ্যা সিদ্ধ হইবে না। ভাল তাহা আমি স্বীকার
করিলাম, কিন্তু আমি বাহাকে ঐ বিদ্যা অধায়ন করাইব।
সে ভদ্দিয়ে কতকার্য্য হইতে, পারিবে। কচ দেব্যানীকে
এইরূপ প্রতিশাপ প্রদান করিয়া সত্ত্ব দেবলে
নীত হইলেন।ে, ইক্রাদি দেবগণ কচকে অভ্যাগত দেবি:
রহম্পতির সমক্ষে উহিচিকে এই কথা কহিলেন। হে কচ।
তৃমি আমাদিগের যে প্রমান্ত হিতকার্য্য-সম্পাদন করিলে
ভাহাতে ভোমার যশঃ চিরস্থায়ী হইবে, এবং তৃমি আনা
দিগের অংশভাগীতইবে।

অফসপ্রতিতম অধ্যায়।

বৈশস্পায়ন কহিলেন, মহারাজ! কচ ক্লতবিদা চট্যা দেবলোকে প্রভ্যাগমন করিলে দেবগণ প্রভীব সম্ভাচতে তাখার নিকট সেই স্জীবনী বিদ্যা অধ্যয়ন করিয়া চবি তার্থ হইলেন। অনন্তর তাঁহারা সকলে ইকুস্লিধানে গ্রন क्रिया निरंत्रमन क्रिटलन, ८० श्रुवक्रय । ट्रामाद विक्रम-প্রকাশের উপযুক্ত অবসর উপস্থিত হইয়াছে..একণে শত্রুক্লসংহারের নিমিত্ত প্রস্তুত হও। ইল্র, দেবগণ্ কতৃক এইরপ অভিহিত ও উত্তেজিত চইয়া তংকুণাং যাতা করিবেন। কিয়দূর গমন করিয়া চৈত্ররখোপম প্রম রমণীয় এক কাননে কতকগুলি স্ত্রীলোক দেখিতে পাই-লেন। তাহারা স্ব স্ব পরিধেয় বস্ত্র স্রোবর-ভীরে রাথিয়া জনবিহার করিতেছিল।° দেবুরাজ এই অবৈসরে বায়ুরূপ ধারণ করিয়া কন্যাদিগের বস্ত্রসকল একত্ত মিশ্রিত করিয়া দিলেন। তৎপরে কন্যাগণ সক্লে জলহইতে উঞ্জিত হইয়া যিনি সে বল্ল সন্মুথে পাইলেন, তাহাই :রিধান করিলেন। তন্মধ্যে বুঁষপর্ব্ব-ছহিতা শর্মিষ্ঠ। না জানিতে পারিয়া দেবযানীর বস্ত্র গাহণ করিলেন। তহুপলকে তাঁহা-দের উভয়ের বিরোধ উপস্থিত হইল। দেব্যানী কৃহি-লেন, রে অস্বর্কন্যা! তুই আমার শিষ্যা হুইরা কোন সাহদে আমর্গ্র বস্ত্র পরিধান করিতেছিস। এই অত্যাচারে তোর শ্রেলাভ হইবে না। শর্মিছা কহিলেন, দেখ

দেবযানি! আমার পিতা যথন শন্ত্রন বা উপবিষ্ট থাকেন, তোমার পিতা নিম্নাসনে উপবেশন করিরা অতি বিনীত-ভাবে স্ততিপাঠকের নাায় তাঁহাকে নিয়ত স্তব করিয়া থাকেন। যে বাজি স্তব, প্রতিগ্রহ ও যাচ্ঞা দ্বারা জীবিকা নিজাহ করে, তুমি তাঁহারই কনাা। আর সকলে গাঁহার আরাধনা করিয়া থাকে, যিনি প্রার্থনাধিক অর্থ দান করিয়া যাতকের মনোবাঞ্জা পূর্ণ করেন, আমি তাঁহার কনাা। তুমি যত পার জোভ কব, হিংসা কর, দেয় কর বা শাপ দেও, আমি তোমাকে কথনই স্মকক্ষ বলিষ্টা গণনা করিব না।

শন্মিষ্ঠার এইরূপ অতি কঠোর বাক্য শ্রবণ করিয়া দেবযানী ক্রোবে অধীর ছইয়া বলপুর্বাক আপনাব পরিধেয় বসন আকর্ষণ করিতে লাগিলেন। তদর্শনে শর্মিষ্ঠা কোপাক্রান্ত ও কম্পিতকলেবর হইয়া দেববানীকে সন্নিহিত এক কপে নিক্ষেপ করিলেন। দেবগানা কুপে পতিত হইয়া নিশ্চয়ই প্রাণপরিত্যাগ করিয়াছে এই প্রির করিয়া निर्मिष्ठी च-छव्रास शमस कतिरलम् । मृश्या-विद्याती सहया-অুজ ব্যাজি রাজা অখারোহণে সেই অরণো ভ্রমণ করিতে-ছিলেন। তিনি মূগের অনুসরণক্রমে পিপাসায় শুক্ষকণ্ঠ হইয়া জল অম্বেন্ করিতে করিতে সেই কুপের সামিতিত হইলেন। রাজা জল প্রার্থনায় কুপমধ্যে দৃষ্টিপাত করিবামাত্র ্র্ অগ্রিশিপার ন্যায় এক কামিনীকে নয়নগোচর করিয়া ্তি । তীৰ বিস্থানসে নিমগ্ছ ইকেন। তিনি সেই রম্ণীকে অতি করণ হঁরে বিলাপ'ও পরিতাপ করিতে দেখিয়া মধুর সাম্বনাবাকো জিজ্ঞাসিলেন, ভদ্রে ! তুমি কে ? কাহার কনাা? কেনই বা এত শোকাকুল হইয়াছ ? আর কিরপেই বা এই অন্ধকৃপে পতিত হুইয়াছ? দেব্যানী কহিলেন, দানবেরা দেবগণ কর্তৃক যুদ্ধে নিহত হইলে, বিনি সঞ্জীবনীবিদ্যাবলে তাহাদিগকে পুনজ্জীবিত করেন, আনি দেই শুক্রাচার্য্যের কন্যা। আমি যে এই বনমধ্যে একাঞ্চিনী অন্ধকূপে পতিত আছি, তাহা তিনি জানিতে পারেন নাই। হে মহারাজ। আপনি মহাবংশপ্রকৃত. অসামান্য যশস্বী ও শাস্তপ্রকৃতি f ; অতএব আপনি আমার দকিণ হস্ত ধরিরা আমাকে এই কৃপ হইতে উদ্ধার করুন। রলে। ঘরতি তাঁহার পরিচয় পাইয়া ত্রাহ্মণী শ্বাদে দক্ষিণ হস্ত ধারণপূর্বক কৃপ হইতে উক্ত ক^{্রেম}সন, এবং

সাদরসভাষণপূর্বক তাহার নিকট বিদায় প্রত্যাগমন করিলেন।

নহ্যতন্য রাজা ম্যাতি নিজ রাজ্ধানী वृर्गिकानाम्रो এक नामी महमा (नववानी म হটল। দেবগানী বাস্পাকুললোচনে ভাছাত ঘূর্ণিকে! তুমি সহর আমার পিতার নিকট শর্মিষ্ঠা সামার এই হর্দ্দশা করিয়াছে, মার রাজার নগরে প্রবেশ করিব না। তাঁছার नज्ञगानिष्टे हिट्ड एकग्रानियात्न छेपछित्र इहेर्द র্ভান্ত আদ্যোপান্ত সমস্ত নিবেদ্ন করিল। s শ্তিমাত্রেই উথিত হইয়া বন্দ্রে কন্যার অন্ कतिलान, धानः अधिनासुट छणात्र छिलनी ह যানীকে দৃষ্টিগোচর করিয়া বাৎসলাভাবে भागाम्बहरम किटलम, वश्टम एमबगामि । जाल ও গুরুতি অন্নগারে সকলে স্থেন চঃখ ভোগ :^{নাই} বোধ হয়, ভূমি কোন পাপকর্ম করিয়া থাকিট্না আছেন, क्लट्डांश कतिरूठ ठठेबार्छ। दम्बगानी करि পাপের ভোগ হউক বা না হউক, একণে শবিষ্ঠা আমাকে দেৱপ করিয়াছে, তাহা এব এই বলিয়া পিতার নিকট সমস্ত পরিচয় নিলেন শেষে कश्टितन, भिष्यंश (य श्राकांत करियां (इ, যথার্থ ই সেইরূপ হুই, তবে তাহার নিকট •আ শীকার করা ও ক্যা এর্থেনা করা কর্ত্তবা, অহন্ধারের প্রতীকার করিতে ভূটবে। বংসে ! ভূমি ত স্থাবক বা প্রতিগ্রহোপর্জ্ঞ দ ভোমার পিতা কাছারও চাটুকার নভেছে তাঁহার তব করিয়া থাকে। বৃষ্পর্কা, ইত্র তনয় রাজা যথাতি ইহাঁরা সকলেই জানে। নিয় শি পররকাই আমার বল। সরস্ত ও প্র আপনি কহিয়াছেন, পৃথিবীতে বা স্বর্গে বা বৈতে আছে, আমিই তাহার ঈশ্ব। আমি কহিতেছি, প্রজাদিগের প্রিয়কার্য্য সম্প व्यामिहे वातिवर्षन ७ ९विध नकन शृह के पृथिवीटल মহাহতের শুক্র, বিষাদমগা ক্রোধাকুলা দেবধালই প্রতা মধুর ৰাক্যে সাত্রনা করিতে লাগিজান।

কান অশীতিত্য অধ্যায়। इति हेटलन, ट्रान्वधानि ! त्य वार्रि स्माख्टल ্ৰার-বাকো উপেকা প্রদর্শন করেন, এই # তাঁহারই আয়ত্ত। সাধু লোকেরা অশ্ব-রশ্মি 🐂 শা বলিয়া বিনি উত্তেজিত ক্রোধকে ূ্ণ নিএহ করিতে পারেন, তাঁহাকেই মথার্থ 🛊 । থাকেন। বিনি উদ্রিক্ত ক্রোধনেলে ক্ষমা-করিতে পারেন, এই স্থাবরজ্পমায়ক জগৎ করা হয়। যেমন দর্প নির্মোক পরিত্যাগ যিনি ক্রোধ পরিত্যাগ করিতে পারেন, ন ক তাহাকেই সংপ্রুষ কহেন। যিনি কোধাবেগ-,ক তিরকারে উপেকা প্রদর্শন করেন, এবং য়াও অভাকে তাপিত করেন না,ঠাহারই স্কার্থ য়া থাকে! সে ব্যক্তি শত সংসর বাাপিয়া বা বা বজামুষ্ঠান করেন, স্ব নিবিনি কাহারও শৃতি কুদ্ধ হয়েন না, এই উভক্তে মধো অকো ই অপেকাকৃত উৎকৃষ্ট। বালক-বালিকারা ব প্রাবৃক্ত ক্রোধান্ধ হইয়া পরস্পার বিরোধ করিয়া ন্ত প্রাক্ত সেরপ করেন না। দেবগানী ু াট আনি অল্লবয়স্তা বালিকা বটে, কিন্তু ু বিবেচনা করিতে নিভাস্ত অগমর্থ নহি, এবং ুদ্মীক্ষা এই উভয়ের বলাবল পরিজ্ঞানেও অক্ষম হৈ যে বাজি শিষ্য হইখা অশিষ্যের স্থায় আচরণ क्रनाथी वाष्ट्रिहारक कि इटिंह का ना अपनेन মত এই ুই ভ্রষ্টাচার দেশে বাস করিতে ণুষ নাই। যে সকল লোকেরা আচার होनीक्यानि नहेशा तर्यना भवनिन्न। करत, বাক্তি দেই সকল পার্শিষ্ঠ লোকের সংনর্গ করি-জুনির যে স্থানে বাদ করিলে আচার ব্যবহার দির গৌরব থাকে, নেই স্থানে বাস করাই ্রিতে তাত : বুষপক্তন্য। শশ্বিভার সেই সকল i शिल्लीपत सनग्र नग्र कतिरङ्खा अधिक कि विनव, বাক্তি যংকিঞ্চিৎ লাভ প্রত্যাশায় ধনিগণের ব্যেশ্বর তদপেকা তাহার মৃত্যু হওয়া

অশীতিত্য অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, অনস্তর গুক্র ক্রোধভরে সিংহা-সনোপবিষ্ট রাজা বৃষপর্কার নিকট উপস্থিত হইয়া অস্কু-চিত্তিত্তে কহিলেন, হে দামববাজ ৷ অধ্যা আচরণ করিলে সদাই তাহার ফল দশে না বটে, কিন্তু পরিণামে সেট পাপপরায়ণ ব্যক্তিকে সমূলে উচ্ছেদ করিয়া গাকে। যদিও অমুষ্ঠানকর্ত্তার তাহার ফলভোগ না হয়, ততাপি তাহার পুক্স বাপৌজুদিগকেও তাহার ফলভোগ করিতে হয়। বুহস্পতিত্নয় কচ বিদ্যালাভ কবিবার নিমিত্ত আমার নিকট আসিয়াছিল। সে ধর্মপরায়ণ, স্থশীল ও সুশ্রষাপর। তুমি অভাদারা নিরুপরাদে বারশার তাহার প্রাণহিংসা কুরিয়াছিলে। আজি আবার ভোমার কন্তা শব্দিষ্ঠা আমার দেব্যানীর প্রাণ নষ্ট করিবার আশয়ে তাহাকে এক গভীরু কৃপে নিকেপ করিয়াছিল। এই দকল অত্যাহারে আর্থি অদাই তোমাদিগকে পরিত্যাগ করিলান। আমি আর তোমার অধিকারে বৃদ্ধে করিব না। তোমরা আমার কথা প্রলাপ বরিয়া বিবেচনা কর নতুবা আপন দোষ সংশোধনে প্রতীক্ষা করিতে না। বুষপর্কা কহিলেন, হে ভার্গব ! আমি আপনাকে অধাত্মিক বা নিগ্যাবাদী বলিয়া বোধ করি না, প্রভাত প্রমধান্ত্রিক ও সতাপরায়ণ বলিয়া জ্ঞান করিয়াথাকি। তোমার এপ্রতি আমি কখনই ছণা বা অশ্রদ্ধাকরি না, অতএব ক্রেণ্ড সম্বরণ করু এবং আমারী প্রতি প্রদল্প হও। যদি ভূমি আমাদিগকে পরিত্যাগ করিয়া অন্যত্র গমন কর, তাহা হইলে আমরা সমুদ্রগতের প্রবেশ করিব, সংশয় নাই। শুক্র কহিলেন, ভোমরা সাগরেই প্রবেশ কর বা বেশাস্তরেই হাও, তোমার কন্যা আমার দেব্যানীকে যেরপ অপুমান করিয়াছে,ভাছা আমি কুখনই সহ্ত করিব না । আমি দেবখানীকে অভিশয় গ্লেহ করিয়া থাকি,যেমনু বৃহস্পতি ইন্দ্রের খ্রোগক্ষেকর, আমিও সেই-রূপ ভোমার যোগকেম সম্পাদত্ত করিয়া থাকি। অভএব यि आभारक द्रारका दाबिएक वामना शारक, जरव रमव-যানীকে প্রান্ন কর । দেবগানী আমার জীবনম্বরূপ। বৃগপর্কা কহিলেন,ভগবন্! অস্থরেরা যে কিচ্ 🕆 বা গো, হন্তী, অশ্ব প্ৰভৃতি অধিকুশ সমূদ্যের ও/আমার ক্রীন্তারীতার কোন

শুক্র কহিলেন, আমি দানবাদগের সমুদ্য সম্পত্তির ঈশব হই, গুহা হইলেও যদি দেব্যানীকে সাস্থনা করিতে পারি। দানবরাজ ব্যপর্কা তংক্ষণাং তাহার বাক্যে সম্মতি প্রকাশ করিলেন।

পরে ভগুনন্দ ভক্র দেবধানীর নিকটে গ্রমন করিয়া এই কথা আদ্যোপাস্ত অবগত করাইলেন। তথন দেব-गानी कहिरलन, ८२ थिए:। एमि य अञ्चत्रिशत मकल সম্পত্তির ঈশ্বর, তাহা বুষপর্কা স্বরং আমার নিকট অঙ্গী-কার করুক, নঙুবা আমার বিখাস হয় না। তাহা গুনিয়া मानवताक व्यवस्ता कहिएयन, ८२ ठाकहामिनि (भवयानि । জোমার যাহা অভিলাষ হয় বল, অভিশয় গুলুভি বস্থ ধ্ইলেও অমি'ভোমাকে প্রদান করিব। তখন দেববানী কহিলেন, শশ্মিষ্ঠা সহস্র অস্থর কন্যার সহিত আমার দাসী-•ভাব খনলম্বন করকে, এই আমার অভিলাষ, এবং আমি বিবাহিতা হইয়া যংকালে ভর্গুছে গুমন করিব, তথনও ভাহাকে আমার অন্নরণ করিতে হইবে। তাহা শুনিয়া বুষপর্কা মনীপবর্ত্তিনী এক পরিচারিকাকে আদেশ করি-লেন, তুমি যাও শীল্প শিষ্ঠাকে আমার নিকট ডাকিয়া আন। দেবযানার যেরূপ অভিলাষ, শর্মেষ্ঠা আসিয়া তাহা অবিলয়ে সম্পাদন ক্রু, ব পরিচারিকা রাজার আদেশ ক্রমে শশিষ্ঠার নিকট উপনীত হইয়া নিবেদন করিল, রাজনুদিনি! মহারাজ তোমাকে আহবান করিতেছেন, চল এবং জ্ঞাতিকলের গুভ সুস্পাদন কর। গুঞাচার্য্য দেববানী কর্ত্তকৈ উভেজিত-হুইলা অস্ত্রকুল পরিভাগের উপজ্ঞ করিয়াছেন, একণে দেবঘানীকে প্রসন্ন করিবার নিমিত্ত ভোমাকে ভাহার নিদেশারুসারে সমস্ত কম সম্পন্ন করিতে ২ইবে। তাহা ওনিরা শ্মিষ্ঠা কহিলেন, তিনি रथन याज्य ज्ञारतम कतिरद्रन, ज्यामि विष्ठांत्र मा कतिश्रा তংফ্রণং তাহা সম্পাদন করিব। আর দেব্যানীকে সাম্বনা করিবার নিমিত মহর্ষি গুক্রও বাহা আনেশ করি-বেন, তাহাতেও আমার অসমতি নাই। আমার দেয়ে শুক্র ও দেব্যানী নগর পরিত্যাগ করিবেন, ভাহা কখনই অন্তিক্ত না। এই বলিয়া শশ্মিষ্ঠা শিংবকায় আরোহণপ্রবক

অসা-ত্র না। এই বালয়া শশিষ্ঠা শিবকায় আরোহণপূর্বক দক্ষিণ হস্ত বাস পরিবৃতা হইয়া সম্বর অস্তঃপুর হইতে নির্মাতা রাজা যবাতি উহার পান বুলিধানে উপনীত গ্রমা কহিলেন, হস্ত ধারণপূর্বক কৃপ হইতে দাশুকত্ম করিব এবং তৃমি পরিণীত। হইয় যথন ।
গমন করিবে,তৎকালেও আমি দাসীভাবে তোমালু
বাছারে যাইব। দেবযানী কছিলেন, দেখিও তু
নন্দিনী হইয় কিরপে চাটুকার ও ভিক্সুকের না
ভাব অবলম্বন করিবে। শাল্পটা কছিলেন, জ্ঞা
বিপদ ঘটলে যে কোন উপায় দাবা হটক,তাহার
চেষ্টা করা কর্ত্বা, এজন্য আমি ভোমার দাসীবৃহ্
কিরলাম। এইরপে শলিষ্ঠা দাসীভাব অস্পীকা
দেবযানা নিজ পিতা শুকুকে কহিলেন, হে তাত
ক্রোধ সম্বরণ করিয়াছি, চল একংল নগরে প্রেই
ভানিলাম তোমার বিজ্ঞান ও বিদ্যাবল আমোয়।
শুক্র, কন্যা কর্ত্বক এইরপ অভিতিত এবং দানবর
সমাল্ত শুসংকৃত হইয়া স্টেচিডে পান্কার বি

একাশীতিত্য অধ্যায় চুন

বৈশব্দান্তন কহিলেন, নহারাজ। কিন্তংকা হিল বরবণিনী দেববানী ক্রীড়াভিলাবে প্রক্রের বনে প্রবেশ করিলেন। তিনি সুর্থচিতে শুলিষ্ঠ সমস্থ স্থাগণ সমভিবাহাবে বংগচ্ছ নেবিহার ছেন। কেই প্রভ্রুল মনে মধুপান করিতে ক্রেরাদ ফল দংশন করিতেছে, কেই বা অন্যাদ করা উপবােগ করিতেছে, ইতবসরে সুগরাকিছা তন্ম ব্যাতি মুগের অহুসরণক্রমে একান্ত রাজ্য সার্গ্র হইনা জলাবেষণ করিতে করিতে পুন্তুলন উপস্থিত ইইলেন। তিনি দেগিলেন, ভূবিতা ক্রাকাগণ-বেষ্টিতা মধুরহাসিনী এক প্রক্রিয়া উপবেশন করিয়া আছেন, বি

রাজা ক্রমশঃ তাঁহাদিগের সরিচিত হুই
সমাদর প্রদশনপূর্বক দেব্যানীকে বিজ্ঞান
ভজে ৷ তোমরা জন্মগ্রহণ করিরা কোন্
করিয়াছ ৷ তোমার ও তোমার এই পরিদ্
কি এবং এই সকল স্থীগণই যা
কহিলেন, আমি স্থিশেব নিবেদন

মহারাজ। আমি দৈত্যগুরু ওফের মার আমার এই পরিচারিকা দানবরাজ বৃষ-^{হিলি}িত। ুইনি দাসীভাবে সততই আমার অরু 🎚 কেন। ভাছা শুনিয়া রাজা কৌতুহল-পরতন্ত্র বির জিজ্ঞাগা করিলেন, স্থলরি। ইনি দানবরাজ ाङ कना दिशा कि कांबरा छात्रांत मानी इंटेरनन, বি ।ম্ভ ওংহকা চইতেছে। , নৈ নিকান কেইই অভিক্রম করিতে পারে প্র াং রাজকলা আমার পরিচারিক। হইবে ইছা ৰ্য্য নতে, অভএৰ দে বিষয়ের আর বিশেষ অন্তু-রিবার অবেশাক লানাই। মহাশ্য় ! পাপনার ন 🧖 ও বেশ দ্বিয়া রাজা ও বাখিনাসেপটুতা দেখিয়া ্^মা† •বোৰ ইংতেছে, অভিএৰ বলুন অংপনি কে? শিক্তি ৷ এক ৷ এবং .কাথা হইতে আগ্ৰন করিতেছেন ? ৰ্মাণ ি হিলেন, 'আমি শৈশবকালে ব্লচ্যা চুক্তিবিষ মস্ত বেদ ও বদায়ৰ অধায়ন করিয়াছি। আমি 🥍 📆 জকুলে উংগন্ন বটে , সামার নাম ব্যাতি। দেব-ভিলেন, মহারাছ। আপনি কি উদ্দেশে এই ^{নচটে} আসিরাছেন, ভনিতে খভিলাস করি। রাজ। : ী, জুণুরি। আমি মুগুলুথ নগুরী ২ইতে নিগত ূগাল গুর অন্তর্গজ্নে বনে বনে ভ্রমণ করিয়া একাস্ত ন এও বলবুটী পেপাসায় নিতাত অভিভূত হুইয়া শিভিলাযে এই প্রদেশে উপস্থিত হইয়াছি, কিন্তু ওআমার আভিদ্র ও পিপামা নিবৃত্তি হইয়াছে, সঙ্গে গুগনকাল অভিকাপ হইতেছে, অভএব । इब छाष्ट्राम क्रि। छथन स्मन्यामी कशिस्मन, ৈ এই এই সহস্কু কন্যা ও পরিচারিক। শুমিষ্ঠার ানি ভোমার অধীন হইলান অন্যাবধি তুনি আমার उदी हरें ल।

ারা নহস এই অসস্থাবিত আয়ুসনর্পন-বাাপার
বিক্রের বিক্রেরাংকুর, লোচনে ও বিনয় বচনে
বিক্রের বিক্রেরাংকুর, লোচনে ও বিনয় বচনে
বিক্রের কিছিলেন, হে জক্রতনরে । এ ভোনার শ্রেরবিক্রিরার উপযুক্ত পাত্র নহি, আর ভোনার
বিক্রিরার উপযুক্ত পাত্র নহি, আর ভোনার
বিক্রিরার কিলাচ এ বিবরে সম্মতি প্রান্ধনার সর্বনাই

ক্তিয়দিগের সহিত সংস্ট হইয়াথাকেন এবং ক্জিয়েরাও কোন কোন সময়ে ব্রাক্ষণের সভিত সংস্কৃত হইয়া থাকেন. স্তরাং এই উভয়ের মেরূপ থনিই সম্বন্ধ তাহাতে আমাকে ভাষ্টাইরপে অসীকার করা তোমার পক্ষে নিভাস্ত লোধা-বং নতে; বিশেষতঃ তুমি পুরং খাষি ও খাবিপুতা; অতএব এ বিষয়ে কোন সংশয় না করিয়া আমার পাণিগ্রহণ কর। য্বাতি কহিলেন, হে স্করি! চারি বর্ণট একের অঞ্চ হইতে উৎপন্ন হইবাছে সভা বটে, কিন্তু সকল বনের প্র ্ও খাচার বাজহার বিষয়ে বিস্তর বৈলক্ষণা লক্ষিত তেইয়া থাকে। ভরাধ্যে বাকাণের ধ্যাপ্রধানী ও আচারপর প্রা সকাপেক। উৎক্ত, প্রত্রাং এক্ষণই প্রেষ্ঠবর্ণ বলিয়া নিদ্দিষ্ট, অতএব আমি হীনৱৰ্ণ হইয়া কিন্তুপে শ্ৰেষ্ঠনৰ্তের কন্যা গ্ৰহণ করিব ? তথন দেব্যানী কহিলেন, মহারাজ! পাণিগ্রহণ করিনেই বিবাহ্জিয়া নিকাহ ২ইয়া থাকে এ প্রথা পুরুষ্ পর প্রচলিত আছে, অত্এব বিবেচনা করিয়া দেখুন যংকালে আমি অস্কুপে প্তিত হ্**ইয়াছিলাম, তথন তু**মিই আমার পাণিগ্রহণ করিয়া উদ্ধার করিয়াছিলে: এই নিনিত্ত তোনাকে পতিয়ে বুরণ করিতে এত আগ্রহাতিশ্য প্রকাশ করিতেছি। হল্ম বিবেচনা করিয়া দেখিলে তদ্ধবিই ত্নি আমার পতি ১ইরাছ, অতঃপর আর কেই আমার পাণিস্পূর্ণ করিবেক না । তথন য্যাতি কহিলেন, হে দেববানী ৷ মহাবিব আশীবিষ ও স্থতীক শর অপেকাঞ কোপাক্রার ব্রাহ্মণ সাহিশ্য হর্মর্য, এই কথা সকলেই चौकात कतिया थाटकन। श्रीवयानी कहिर्देशन, महाताक। কি কারণে এরপ কবিতেছেন হির করিতে পারিতেছি না। বাজা প্রত্যুত্র করিলেন, দেখ সর্পা**ঘাতে ও ধার্ম**পাতে একের প্রাণ বিনষ্ট হইতে পারে, কিঞ্চ ব্রাহ্মণ কৃপিত হইলে ্রান, নগর, বুন উপবন প্রাভৃতি সকলই ভশ্বসাং করেন। স্ত্রাং আমার মতে ব্রাহ্মণ নিতান্ত্র্র্ম। অভএব হে দেব্যানী ৷ তোমার পিতা⁶ সম্প্রদান না করিলে আমি তোমার পাণিএইণ করিতে পারি না। তথন দেব্যানী कहिलान, भेहाबाज । आणि आशनारक खग्नर बन्न किन রাছি, এ কথা শুনিলে পিতা আসিয়া অবশাই আপনকার হতে আমাকে সম্প্রনান করিবেন। অবাচিত। বা পিতৃদত্তা কন্যা গ্রাঞ্জা করিলে পাণিগ্রহী ভার কোন বিপ্রের, শ वना नार्र । এই वनिया (मवधानी कीस

দারা পিতৃসরিধানে আপন অভিপ্রায় নিবেদন করিয়া পাঠা-ইলেন। মহর্ষি শুক্র ধাত্রীমুখে আন্যোপাস্ত সমস্ত অবগত ছইয়া রাজদর্শনার্থ সেই কাননে উপনীত হইলেন। রাজা যযাতি শুক্রাচার্যাকে তথার আগত দেখিয়া অভিবাদন পুর্বাক কৃতাঞ্জলিপুটে দণ্ডায়মান রহিলেন। এই অবসরে দেববানী পিতাকে কছিলেন, হে তাত। ইনি নহযতনয় রাজা যথাতি। আমি অস্ককৃপে পতিত হইলে এই মহায়া আমার পাণিগ্রহণ করিয়া উদ্ধার করিয়াছিলেন। স্থতরাং ইনি তাহাতেই আমার পাণিগ্রহীতা হুইয়াছেন, অভএব ই আপনি এই সংপাত্তে আমাকে সম্প্রদান করুন আনি আর অন্য ব্যক্তিকে পতিত্বে বরণ করিব না। তথন শুক্রাচার্য্য बोजारक मरबायन कविश। कहिरलंग, ट्र नष्ट्यनकन ! আমার কন্যা তোমাকে পতিত্বে বরণ করিয়াছে, অতএব আমি প্রসন্নমনে সম্প্রদান করিতেছি, তুমি ইহাকে মহিবী-রূপে গ্রহণ কর। যথাতি কহিলেন, ভগ্রন। ক্ষত্রিয় হইয়া ব্রাহ্মণনন্দিনীর পাণিগ্রহণ করিলে বর্ণসক্ষর জনিত দোবে পরিলিপ্ত হইতে হয়, এই ভয়ে আমি মাপনার কন্যাকে বিবাহ করিতে সমত নহি। শুক্র কহিলেন, মহারাজ। তুমি অভিলাষামুরপ বর প্রার্থনা কর, আমি ভোমাকে অণ্ম হুইতে মোচন করিব, এ বিষয়ে তোমার কোন আশ্রা নাই, সতাই আমি তোনার পাপাপনোদন করিব, ত্মি কিধানামুসারে দেব্যানীর পাণিগ্রহণ কর,প্রার্থনা করি তোমার্দের উভায়ের অতিমাত্র সন্তাব হউক। কিন্তু এই অস্থ্ররাজকুমারী শর্মিষ্ঠা তে:মার পূজনীয়া হইবেন; ভূমি কদাচ ইহাঁকে পরিণয় করিও না।

রাতা ন্যাতি এইরপ আদিপ্ট হইয়া হারীমনে শুক্রকে প্রদক্ষিণ পূর্বক বিধানালুসারে দেন্যানীর পাণিগ্রহণ করি-লেন। অনস্তর তিনি মহর্ষি শুক্র ও দানবগণ-কর্তৃক সমা-দৃত ও সংক্রত হইয়া সেই ছাই সহস্র কন্যার সহিত্র শর্মিষ্ঠা ও দেব্যানীকে সম্ভিব্যাহারে লইয়া নিজ রাজ্বানীতে প্রত্যাগ্যন করিলেন।

দ্যশীতিত্ম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন,মহারাজ ! রাজা ব্যাতি স্থনগরে
প্রাগত হইয়াঁপরম সমাদরে দেব্যানীকে অন্তঃপুরে

সংক্ষাপ্ত হার বিদেশক্রমে ই শোক্রমন

সলিবানে এক গৃহ নিম্মাণ করাইয়া বুষপক্ষতন ষ্ঠাকে তথায় বাস করিতে আদেশ দিলেন। রাজা^{ইইয়া যথন} চ্ছাদন প্রদানগর্কক শ্রিষ্ঠাকে প্রতিপালন ও সহিত প্রম্মতে বৌধনস্থ চরিতাথ করিতে লু কালক্ৰমে দেব্যানীর ঋতুকাল উপস্থিত হইল, ি^{ক্লুকের} ন্যা महत्याल गर्वत की व गर्भाकात श्रुक्त की हहेता है लिन, छ। রূপে সহস্র বৎসর অভিবাহিত হুইলে, একদ^{ক্},ভাহার। আপন নৰংঘীৰনও গ্ৰীধানকাল আবিভূতি দে^{লির দাসীবৃতি} করিতে লাগিলেন, আমার ত ঋতৃকাল উপস্থি অদ্যাপি বিবাহ হইল না এক্ষণে কি করি, কি উর্গ ^{হে তাত}ু স্বীয় মনোরণ সম্পাদন করি। দেব্যানী এ: প্রস্ব করিয়া স্বকীয় বাসনা চরিতার্থ ব কিন্ত আমার যৌধনকলে বুঝি নিক্ষণ হইল যানী যেরপ কৃতকাষ্য হইয়াছে, আমিও টে মহারাজকে পতিজে বরণ করিয়া চরিতার্থ আমি স্থানকামনায় নিজ্ঞানে তাঁহার সহযোগ করিলে বোধ করি তিনি কথনই তাহাতে পরাফুয় 👬 🥒 奪 এই অবসরে রাজা ব্যাতি অন্তঃপুর হুইতে হটয়া যদুচ্ছাক্রমে অশোক্রন-সন্নিধানে আগ্রন ব^{ট রহ্ক} স্কুচারুহাদিনী শুমিছা রাজাকে নিজ্জনে পাইয়া প্র পুৰুষ কুতাঞ্জলিপুটে নিবেদন করিলেন, মহারা শিল্মিষ্ঠ চক্র, বিষুণ, যম ও বরুণের অন্তঃপুরে কিয়া বিশ্বর অন্তঃপ্ররে যে সকল স্ত্রীলোক বাস করে,ভাহাদিগর্টেরভে নয়নগোচর করিতে পান না। হে রাজন ! আফ^{ম্না} শীল, রূপ যৌধন প্রভৃতি কিছুই আপনার নহে। সম্প্রতি আনি বিনয়পূর্বকে প্রার্থনা ক^{ে ক্লা}জ অত্থাহ করিয়া আমার ঋতরকা করুন। কহিলেন, হে স্থলরি ৷ তুমি অতি স্থশীলা, স্ এবং ভোমার রূপ কোন অংশেই নিক্নীয় না দেব্যানীর পাণিগ্রহণকালে শুক্র আমাকে কহিয়া বুষপর্বতনয়া শব্মিষ্ঠাতে তুমি কলাচ খ্যায় করিও না। শর্মিষ্ঠা কহিলেন, মহারাজ। পরিহার্মী জীর মনোরঞ্জনের নিমিতে, বিবাহকালে, প্রাণ্ সর্কাথনাশকালে মিথ্যাব্যবহার ক্লাচ পা^{ন্} সাক্ষ্যপ্রদানে বা বিচারস্থলে মিথা। বৃহিতে পরিলিপ্ত হইতে হয়।

াদের)।হিলেন, রাজাই প্রজাদিগের দৃষ্টান্তম্বন, মিথা। া। । অবশাই বিনষ্ট হন, অতএব আমি অর্থকষ্টেও - চলি ∳চ স্মত নহি। তখন শ্ৰিষ্ঠা পুনৰ্কার কহি 🕴 🏄 জ ় স্থীর পতি ও আপন পতি উভয়ই 🦦 একের বিবাহে অন্যের বিবাহ দিদ্ধ হইয়। াক্তৰত্ব যুগন আমার স্থী তোমাকে পতিত্বে ে গ্ৰাছেন, তখন আমারও বরণ করা ইইয়াছে। দিল ছলেন ু বনরে। অর্থীদিগের প্রার্থনা পরিপূর্ণ প্রাপ্ত ক্রামান ধর্ম ও অবশা কর্ত্তব্য কর্মা। প্রীর নিকট প্রার্থনা করিতেছ, অতএব বল অঃ প্রিয়কার্য্য সম্পাদন করিতে হইবে। শক্ষিঠা ন ব মহারাজ। আমাকে অধর্ম হটতে পরিতাণ শিমার ধর্মসাপন করুন, অতঃপর আমি আপন-াস্ট্রদ পুত্রবতী হইয়া পৃথিবীতে ধর্মামুষ্ঠান করিতে া ক্রীবরও দেখুন ভাষ্যা, দাস ও পুত্র ইহারা যে ্টিনীউপার্জন করে, সে ধনে, তাহাদিগের অধিকার ি দিগের প্রভূরই সম্পূর্ণ আৰু 🎉 🎉 মি দেব-াৰ 🕽 এবং তিনি তোমার বশ 🔭 🚉 ব আমা 😕 াচতারই মনোরথ সফল করিবেন, এট অঙ্গীকার 🏋 🗗 মার পাণিগ্রহণ করুন। বৈশস্পায়ন কছিলেন, ্বগার্বপরায়ণ রাজা যথাতি শর্মিষ্ঠার প্রার্থনায় সম্মত াশ্সন্থার ঋতুরকা করত পরম্পর প্রিয় সন্তাষণ 💢 🎼 ানে প্রস্থান করিলেনু। রুষপর্বতনয়া শর্মিষ্ঠা াৰ ইয়োগে গর্ভবতী হট্যা যথাকালে এক পরম 🎳 🎙 প্রস্ব করিলেন।

্ৰ বাশীতিত্ম অধ্যায়।

না বি কহিলেন, দেবযানী শন্মিষ্ঠার পুত্রোৎপত্তি

ায়া। করিবামাত্ত সাতিশয় ক্র হইয়া নানাপ্রকার

াট্টেড লাগিলেন। অনস্তর শন্মিষ্ঠার সমিছিতা

হত কন, হে হুক্র! তুমি কামান্ত হইয়া প্রেকি

আলপরলে? শন্মিষ্ঠা কহিলেন, হে চারুহাসিনি!

তর বর্ত্তপরায়ণ ও বেদবেদাঙ্গপারগ ঋবি আমার

ারিটান ক্রিয়াছিলেন। আমি ঝতুরকার্থ প্রার্থনা

শম্ত্রী আমার মনোবাঞ্চা পরিপূর্ণ করেন। আমি

অস্থায়ত: কামপ্রবৃত্তি চরিতার্থ করি নাই। আমি সতা কহিছেছি, আমার এই সন্তানটি সেই ঋষির ঔরসে জন্ম গ্রহণ করিয়াছে। তথন দেববানী কছিলেন, শর্মিষ্টে। যদি ধর্ম প্রতিপালনার্থে এই কর্মা করিয়া থাক দে উত্তমই হইরাছে, কিন্তু যদি সেই ঋষির গোত্র, নাম ও আভিজ্ঞাত্য জানিতে পারিয়া থাক তবে বল, শুনিতে আমার নিতান্ত ঔৎক্ষ্যা হইতেছে। শর্মিষ্টা কহিলেন, সেই ঋষি স্থেয়ের নাায় তেজন্ধী ও তপংপ্রভাবসম্পর; ভাছাকে ইম্বনাই। কেবমানী কছিলেন, যাহা হউক, যদি তুনি শ্রেষ্ঠজাতির ঔরসে, সম্ভানলাত করিয়া থাক, তাহাতে আমার ফোত বা পরিত্যাপ নাই। তাহারা পরস্পর এইরপ হাস্থ পরিহাসপূর্বক কিয়ৎক্ষণ কথোপকথন করিলেন। পরশেষে দেববানী এই বৃত্তান্তের প্রতি বিশ্বাস করিয়া স্বীয় আবাসে প্রবিষ্ট হউলেন।

্ষনস্তর য্যাতি দেব্যানীর গর্ট্রে যহ ও তুর্বাহ্ন নামে চ্ই পুল এবং শর্মিষ্ঠার গর্ম্বে জফ্, অফু ও পূক নামে ভিন পুল্ল উৎপাদন করিলেন। কিয়ংকাল অভীত হইলে একদা দেখযানী প্রিয়তম সম্ভিব্যাহারে এক নির্জ্জন বনে গমন করিয়া দেবরূপী তিন্ট বালক দেখিতে পাইলেন। ভাহারা অসম্কৃতিভটিতে জীড়া ক্রিতেছিল ! দেব্যানী ভাগদিগের অসামান্য রূপণাবণ্য সন্দর্শনে বিশ্বিত হুইয়া কহিলেন, মহারাজ ৷ এই সুকাঙ্গস্থলর বালকগুলি কোন ভাগাবানের পুদ্র, বলা যায় না 🛊 ইহারা দেবকুমারতুল্য স্থ্যার। ইহাদিগের আকার প্রকারে ভোমারই ঔরস-জাত বলিয়া বোধ হইতেছে। দেবযানী রাজাকে এইরূপ किशानाकिकारक मरश्यन किशा किशामितन, दूरम ! তোমরা কোন্ বংশে উৎপন্ন হুইয়াছ, কাহার পুত্র এবং তোমাদিগের পিতার নাম কিঁ? ভনিতে আমার নিতান্ত বাসনা হইতেছে। দেব্যানী কাঁৰ্ড়ক এইরপ জিজ্ঞাসিত হইলে বালকেরা তর্জনী-সঙ্কেত দারা মহারাজ য্যাক্রি পিতা নির্দেশ করিয়া কছিল, আমাদিগের মুঞ শর্মির। এই বলিয়া ভারারা হর্ষেঞ পিতা য্যাতি সন্নিহিত হইল। বলিয়া তিনি কাহাদিগকৈ বালকেরা প্রাতার

করিতে করিতে জননী-সন্নিধানে গমন করিল। वालकितात्र कथात्र क्रेयर लब्बिक इटेलन । एनवरानी. द्राकात श्राह्म वानकिमिरशत महाव मन्तर्गत एम विषयात মর্ম্মোদ্যাটনপর্বক অনতিবিশবে শর্মিষ্ঠার নিকট উপস্থিত হইয়া রোবভরে কহিলেন, দেথ শর্মিটে ! তুমি আমার অধীন হইয়া আমারই অপ্রিয়কার্য্য করিয়াছ, ইহাতে কি ट्यामात मत्त मकात जिल्ला रहा नाहे ? भविष्ठी कहिटलन. আমি ঋষির কথা উল্লেখ করিয়াছিশাম,দে ত মিথ্যা নতে ! আমি ন্যায়তঃ ও ধম্মতঃ বলিয়াছি; তোনার নিকট স্মামা ভাষের বিষয় কি ? আরও ভূমি মহারাজকৈ পতিত্বে বরণ করিয়াছ, তাহাতে আমারও বরণ করা হইয়াছে, কারণ স্থীর পতি ধর্মতঃ পতি হইতে পারেন। ভূমি আহ্মণ-কন্যা, তুমি আমার পূজ্যা ও মান্যা। আর আমি এই রাজর্ষিকে তোমাহইতেও সন্মান ও পূজা করিয়া থাকি, তাহা 🗤 তুমি জান না। দেবযানী শব্দিষ্ঠামুখে এই সমস্ত বাক্য প্রবণ করিয়া কহিলেন, মহারাজ ! ভুমি আমার অতিশয় অপ্রিয় কার্য্য করিয়াছ, মতএব অদ্যাবধি ভোমার আলয়ে আর অবস্থান করিব না, চলিলাম, এই বলিয়া পিতৃগৃহে প্রস্থান করিতে উদ্যতা হইলেন। রাজা দেব-যানীকে বাষ্ণাকুললোচনে সহসা গুজসলিধানে গমন করিতে উদাত দেখিয়া বাথিত মনে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ धावयानं श्रेटलन এवः नानादिश প্রবোধনাক্যে ভারাকে भाषनी कतित्व नाशित्नत । द्वायतक-त्नाहमा दमवर्षामी কিছতেই ক্ষান্ত হইলেন না। তিনি রাজাকে ভাল মক কিছুই না বলিয়া রোদন করিতে করিতে পিভৃসরিধানে উপস্থিত হইলেন, এবং অভিবাদনপূর্ব্ধক ভাঁহার সন্মুখে प्रशासमान तहिरलन। ताका ७ (प्रवर्गानीत **अध्**तरण करम তথায় উপস্থিত হটয়া বিধানাত্সারে গুক্রাচার্য্যের পূজাদি করিয়া অতি বিনীতভাবে একাত্তে সমাসীন হইলেন। जमनखत्र (मवगानी अक्तादाः कहित्तन, जाउ । अधन्त धर्माक পরাজর করিয়াছে। নিষ্কুষ্টেরা মহতের সহিত নীচ-ব্যবহারে প্রবৃত্ত হইয়াছে। দেখুন বুষপর্বতনয়া শশিষ্ঠা আমাকে অতিক্রম করিয়া উঠিনাছে। রাজা য্যাতি তাহার গর্ব্বে তিনটি পুত্র উৎপাদন করিয়াছেন। আমি ছর্ভাগা আমার ছইটি বৈ পুত্র নহে। হে ভৃত্তকুল তিলক! এই

একণে এইরূপ গহিতাচরণে প্রবৃত্ত হইয়াছেন। দ আমি সভ্য বলিভেছি, সম্প্রতি ইনি শাস্ত্রমর্য্যান্ করিতে আরম্ভ করিয়াছেন। শুক্র এই সম্ আদ্যোপান্ত শ্রবণ করিয়া কোধভরে রাজা, অভিসম্পাত করিলেন, মহারাজ ! তুনি ধাডি প্রিরবোধে অধর্মাচরণ করিয়াছ, অতএব ফু অচিরাৎ তোমাকে আক্রমণ করিবে। রাজা স রপ শাপগ্রস্ত হইয়া শুক্রকে কহিলেন, ভগবন্ !! ঋতুরকার্থে প্রার্থনা করিয়াছিল, আমি ধর্ম্ম নিমিত্ত সেই কর্ম অহুষ্ঠান করিয়াছিলাম, নিকুট্ আর্থ করিবার উদ্দেশে করি নাই। ধর্মানার আছে, যে পুরুষ ঋতুরকার্থিনী জীলোককর্তৃত্ হইয়া ভদীয় ঋতুরক্ষা না করে, সে ভ্রণহত্যা-পা হটয়া নিবয়গানী হয়। এই সমস্ত প্র্যালোচ ধর্মলোপের আশস্থায় আমি শব্দিঠার বাস্না সুফ ছিলাম। শুক্র কহিলেন, ম্হারাজ। আমি যে কশা করিতে প্রতিবেদ করিয়াছিলাম, कदित्व १ তুমি জান, মিণাাবাদী বাত্তি চরণকে ও একপ্রকার চৌর্যা বলিলে বঙ্গ পারে।

য্যাতি শুক্রকর্তৃক এইরপে অভিশপ্ত হইয়া/ পরাক্রান্ত হইলেন। পরে তিনি শুক্রকে কহিলে আমি অদ্যাপি যৌবনহৃথ অহুভব করিয়া ব নাই, অতএব প্রদান হইয়া যাহাতে জুরা হইতে পারি, এরূপ কোন উপায় অবধারণ করিয়া। কহিলেন, মহারাজ ! আমার শাপ অন্যথা কু তবে এইমাত্র ছইতে পারে, জমি ইচ্ছা কৃরি। শরীরে স্বকীয় জরা সঞ্চারিত করিতে (রি त्रांका कहित्तन, (इ बक्षन् ! धक्रांत धहें क त्य कामात शक्ष शृत्कंत्र माधा त्य शृत्क मनीय করিয়া আমাকে বৌবন প্রদান করিবে, সে 🖨 পুণ্যাধিকার ও কীর্ত্তিলাভ করিবে। শুক্র श्रे নছৰতনয়! তুমি আমাকে শ্বৰ করিয়া জ জরা সঞ্চারিত করিতে পারিবে। ভাহাতে হইবে না। আর তোমার বে প্রীকরা ভোগাকে योजन श्रानान कतिरव,

. 11 0

· 5 = 4

ाटनत्र श्राब्दान्, कीर्डिमान् ও প্রেপৌঞাদিমান্

চতুরশীতিতম অধ্যায়।

्राङ अन कहिलान, महाताक । उरश्रत ताका ্ ্ থ ক্লুত হুইয়া নিজ রাজধানী প্রত্যাগমন পূর্বক প্র মহাঘোর জরা আমাকে আক্রমণ করিয়াছে, প্রশাসামি বিষয় ভোগ করিয়া পরিত্রপ্ত ইই অ ব তুমি মদীয় পাপুও জরা গ্রহণ কর। ন বার থৌবন লইয়া ইচ্ছাত্রপ বিষয় ভোগ ্যা বংসর পূর্ণ হইলে পুনর্কার তোমার যৌবুন া এখুদুমুদ্দ করিয়া আমি পাপের সহিত আপন জরা 🗝 🖟 । যদু •কহিলেন, মহারাজ। জরার অনেক ित्र शान ट्रांकरने यर्थहे वार्षार कत्म, भारा- বং মাংস শিথিল ও সক্ষৃতিত হওয়াতে জীর্ণ 🚉 🐰 निवानक '७ সর্বাবার্যো নিরংসাই হয়। का का बाबीर्वाक शाम शाम शताख्य करता। ু ৮১ মি দেই জরা গ্রহণে সম্মত নহি। আপনার ালিকও প্রিয়তর অনেক প্রভ্র আছে, তাহাদিগকেই ্রীস্থা করুন। য্যাতি কহিলেন, ভুমি যেহেতু বৈস পুত্র হইয়া অংকীয় যৌবন প্রদানে সক্ষত মতএৰ তোমার বংশ পরম্পরায় কেছই রাজ্যাধি-বে না। তৎপরে রাজা যযাতি তুর্বস্থর নিকট বিশ্বীয়া কঁছিলেন, বৎস ! আমার পাপ ও জরা ্রেশামি ভোমার যৌবন লইয়া বিষয়োপভোগ 🛦 ছিল বংসর অভীত হইলে পুনর্কার তোমার - নামকে সমর্পণ করিয়া পাপের সহিত আপন ায়া করিব। তুর্কার্ম কহিলেন, নহারাজ। রূপ-ুষ্ঠে মুম্বাকে ইচ্ছাত্রপ ভোগস্থ বঞ্চিত করে। কুত্রম বৃদ্ধিত্রংশ ও পদে পদে প্রাণনাশের আশস্কা ন্দ্ৰে অন্তএৰ আমি আপনার জরা গ্রহণে সমত किर्म कहिर्लन, वर्म। जूनि आमात आयक हिंदी व्यार्थना श्रुत्ता मण्ड हरेल वा जाउन्नर গ্ৰুদ্ৰতিছি, ভূমি নিৰ্কাংশ হইবে এবং স্থীৰ্ণাচার-

ধর্ম-সম্পন্ন, প্রতিলোমজ, রাক্ষস, চাণ্ডাল, গুরুদারনিরত, তির্যাগ্যোনিজাত, পশুধর্মা ও পাপিষ্ঠদিগের রাজা হইবে।

এইরপে তুর্বস্থকে অভিশাপ দিয়া রাজা যযাতি শশ্বি-ষ্ঠাপুত্র জ্বস্থুকে কহিলেন, বংস ় সহস্র বংসরের নিমিত্ত আমার এই রূপনাশিনী জরা গ্রহণ কর; আমি ভোমার যৌবন লইয়া ভোগবাসনা চরিতার্থ করিব। নিশিষ্ট কাল অতিকান্ত ইইলেই পুনর্কার পাপের সহিত জরা গ্রহণ করিয়া তোমার যৌবন তোনাকৈ প্রদান করিব। জভ কহিলেন, মহারাজ ! মহুষা জীণ হইলে হন্তী, অশ্ব ও রথে আংগাহণ করিতে বা কামিনী-দন্তোগ করিতে অসমর্থ হয়, এবং জীর্ণ ব্যক্তির বাক্য স্থালিত হয়, অতএব আমি জরা গ্রহণে সমত নহি। তাহা ভনিয়া রাজা রোষাবিষ্টচিত্তে কহি-লেন, ক্ৰছো ! তুমি আমার আত্মজ হইয়া যৌৰন প্ৰদানে পরাঘুথ হইলে; অতএব অতঃপন্ন তোমার কোন বাসনা ফলবতী হইবে না। আর যে স্থানে, গজ, বাজী, রথ ও শিविकामि यात्मव ममाशम नाहे, त्कवन छेड़, श वा मस्रवन দারা গম্নাগমন কুরিতে হয়, তোমাকে সেই স্থানে যাইয়া वाज कतिरु इटेरव । • लामात्र वर्ष्य (कहरे ताछ। इटेरव না। রাজা ক্রহুকে এইরপ অভিশাপ দিয়া অমুকে কহিলেন, বংস! তুমি আমার পাপ ও জরা গ্রহণ কর; আমি তোমার যৌবন লইয়া এক সহস্র বৎসর বিষয় ভোগ করিব। অনু কহিলেন, মহারাজ। জীর্ণ ব্যক্তি অওটি ও বীলকের ন্যায় অনিয়ত কালে ভোজন ক্রিতে প্রবৃত্ত হয় এবং যথাকালে অগ্নিহোত্তাদ্রি ক্রিয়া সম্প্রাদন করিতে পারে না। অতএব আমি জরা গ্রহণ করিব না। তখন রাজা কহিলেনী, তুমি আমার ওরস পতা হইরা জ্বার rारिश्वार शृक्षक योदन अनात भन्नाजुश इहेरन; अठ-এব আমি তোমাকে অভিশাপ দিতেছি, তুমি অচিরাং मिडे खत्रारमार निश्च हरेरव eदः তোমার সন্তান সন্ত**ি** যৌৰন প্ৰাপ্তিমাত্তেই কালগ্ৰাসে পতিত ইইবে। দৰ্মশেৰে পুরুর নিকট উপস্থিত হইয়া ক্রিলেন, বৎদ পুরো! আমি 🎚 ওকের শাপে জুরাগ্রন্থ হইয়াছি; আমার কেশ পূদ্ মাংস লোলিত হইয়াছে; কিন্তু আমি যৌবন ক্রিরা পরিতৃপ্ত হই নাই; অতএব ত সহিত জরা গ্রহণ করণ; আফি

কাল ইচ্ছাত্ত্ৰপ বিষ্ঠ

ভেছি.সহস্র বৎসর অভিক্রান্ত হুইলে ভোমার যৌবন ভোমাকে পুনর্বার প্রদান করিয়া পাপের সহিত আপন জরা গ্রহণ করিব। হে পূরো! তুমি আমার প্রিয়তম পুত্র, এইরূপ করিলে সর্বাপেকা স্রেষ্ঠ হুইতে পারিবে। পুত্র এইরূপ অবিহিত হুইয়া কহিলেন, সে আখ্রা মহারাজ! আপনি বেরূপ অমুমতি করিতেছেন, আমি ভাহা পালন করিব। আমি পাপের সহিত আপনার জরা গ্রহণ কবিব। আপনি আমার যৌবন লইয়া বাসনাহরূপ বিবয় সম্ভোগ করুন। তথন যযাতি কহিলেন, বৎস! ভোমার এইরূপ অচলা ভক্তি খন্পগাঢ় অমুরাগ সন্দর্শনে আমি বৎপরোনান্তি প্রীত ও প্রসার হুইলাম; এক্ষণে আশীর্কাদ করি, ভোমার রাজ্যে প্রজারা সর্বার স্ক্রিসম্পার হুইয়া সর্বারণ পরম্পুথে বাস করিবে। এই বলিয়া রাজা, শুক্রকে স্মরণপূর্বাক স্থীয়পুত্র পুরুর শীররে স্করীয় জরা সঞ্চারিত করিলেন।

পঞ্চাশীতিত্র অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, মহারাজ ৷ এইরূপে নছ্যতনয় রাজা যথাতি যৌগন সম্পন্ন হইরা প্রসন্ন মনে অভিলাষামূ-রূপ বিষয়ভোগে প্রাবৃত্ত হুইলেন। তিনি ধর্ম্মের অধ্যাবাতে বাসনা ও উৎসাহের অফুরূপ বিষয় ভোগ করিতে আরম্ভ করিলেন। মহারাজ যবাতি যক্ত দারা দেবগণকে, প্রান্ধ ধারা পিতৃলোককে, অহুগ্রহ ধারা দীন বাক্তিকে, অভিনাষ সম্পাদন দ্বারা দ্বিজ্ঞগণকে, অরপান দ্বারা অতিথিগণকে এবং ধর্মত: পারিপালন দারা প্রজাগণকে অমুরঞ্জন করিয়া এবং নিগ্রহ দ্বারা দম্বাদিগ্রকে শাসন করিরা সাক্ষাৎ স্থরে-দ্রের ক্লার রাজাশাসন করিতে লাগিলেন। সেই সিংহ-বিক্রাম্ভ ভূপতি ধর্মের অবিরোধে বিষয়বাসনা চরিতার্থ করিতেন। তিনি স্বর্গবিদ্যাধরী বিশ্বাচীর সহিত কখন नक्त वर्ता, कथने कालकाय, कथन वा छेखत स्म्यू अ বিহার করিয়া পরিভৃপ্ত জনিম্পৃহ হইলেন। পরে প্রতি-ब्लाज महत्य वरमत ऋत्रग क्तित्वन। यथन प्रिथितन, যৌবনস্থথে সহস্র বৎসর অতিবাহিত হইয়াছে,তথন আপন পুত্র পুরুকে কহিলেন, বৎস পূরো! আমি ভোমার যৌবন বহিয়া ইচ্ছাত্মপ্রও উৎসাহাত্মপ্রপ বিষয় ভোগ করিয়া লোম, কামাবস্তুর উপভোগে কামের উপন্ধম না হইরা

প্রভাত মতদানে বহির নাায় ক্রমশ: লুইর थारक ; এই পृथिवीटि दा किছू धन, ध রমণী প্রভৃতি উপভোগের দ্রব্য আছে, সমুদার পাইলেও ভাহার পরিভৃপ্ত হয় 🕍 🕅 ব্যক্তি তৃষ্ণা পরিত্যাগ করাই কর্ত্তব্য। হৃশতি ৰ किन कि रहेश পাশ হইতে মুক্ত হইতে পারে না এব लि उरा जामा कोर्न इम्र ना, त्मरे ५ শ্বরূপ আশাকে পরিত্যাগ করাই সর্কা আমি ইচ্ছাত্রপ বিষয় সভোগ করিয়া সু 🖟 বাহিত করিলাম, তথাপি আমার ভোগ উত্তেজিত হইতেছে। একণে আমি পরিত্যাগ করিয়া তপোবনে প্রবেশপূর্ব্বক নারিক প্রাথিত নিবেশ করিব। বৎস ! তোমার স্থালভান । ভেকে লিঞ্চ সাতিশয় প্রীত ও প্রসর হইয়াছি, আশীর্কা করিয়া मझन इडेक। अकरन जानन शोवन अ महे कूई दी গ্রহণ কর। বংস! ভূমিই আমার প্রিরকারী জ্বার্থনা তোমা হইতে যথেষ্ট স্থৰ ভোগ করিলাম ব

অনস্তর নহবতনয় ব্যাতি পুনর্কার -লঃ করিলেন, এবং তৎপুত্র পূরু যৌবন-মহারাজ গ্যাতি কনিষ্ঠ পুত্র পূরুকে র कतिरवन এই कथा श्रात कतिया निर्वानः চারিবর্ণ তথায় উপস্থিত হইয়া তাঁহাকে ি মহারাজ! দেববানীগর্ত্বস্তুত, শুক্রের দে মান থাকিতে, পূরু কি প্রকারে রাজ্য 🕈 📢 🙀 যছ আপনকার জোষ্ঠ পূত্র, তংপরে তুর্বায় 🐚 🥞 ষ্ঠার ক্রন্থ, অহ ও পুরু নামে তিন পুলু য**্থার স্থি** হরেন। অতএব হে মহারাক ! , আমর 🙀 জোর্চকে অতিক্রম করিয়া কনীয়ান বি 🛵 🗟 হইতে পারেন ? একণে যাহা উচিত হা রাজা কহিলেন, েহ বর্ণচতু ইয় ! আমি যে 🖟 🙀 রাজ্যে অভিষেক করিব না তাহা সবিটো প্রবণ কর। জোট পুত্র যত্ আমার নিয়ে। নাই, স্তরাং যে পুজ পিতার প্রতিক্ল- না পুত্র বলিয়া পরিগণিত হইতে পারে না সাব্য পার্প মাতার আজাবহ এবং কার্মনোবাক্ষেই । ব সাধন করে, ভাহাকেই বথার্থ পুত্র বলা/

इन्छ वाद

🕳 অহু ইহারা আমার আক্রাপালন না করিয়া অতি-ক্রিয় কার্যা করিয়াছে, কিন্তু পূক্ত আমার বাক্যরকা হ্রীমরকা ক্রিয়াছে। পুরু আমার জরা গ্রহণ করিয়া ্রির যৌবন আমাকে সম্প্রদান করিয়াছিল এবং পুরুই 🖓 মিত্ররূপে সমুদার অভিলাব সম্পাদন করিয়াছিল, ারণে সে কানিষ্ঠ হইয়াও রাজ্যের অধিকারী হই-আর শুক্র আমাকে এই বর প্রদান করেন ্বীত্র তোমার আজ্ঞাবহ হইবে সেই রাজ্যভাগী 🦥 অতএব তোমাদিগকে অমুনয় করিতেছি, তো-ক্লকে রাজ্যে অভিষিক্ত কর। রাজার এই কথা প্রস্থারা কহিল, মহারাজ ় যে পুত্র সর্বান্তণ-বং পিতা মাতার হিতকারী সে সর্ব্রকনিষ্ঠ হই-মন্ত কলাণের পাত্র হইতে পারে। পুরু আপর-প্রায় কার্য্য সম্পাদন করিয়াছেন, বিশেষতঃ শুক্তের বির আছে, অতএব এ বিষয়ে আমাদিগের কোন ভিনাই, স্থতরাং পুরুই রাজা হইবে। পুরবাসী ও क्रमें नारकता महुष्टे मत्न এर कथा कहिता त्राजा ুঁ পুঁজ পূরুকে রাজ্যে অভিবিক্ত করিলেন। তিনি 📭 নাজাভার অর্পণ করিয়া বিষয়বাসনায় জলাঞ্জি শুদাক বনবানের মানসে তপস্বী ব্রাহ্মণগণের সহিত 📶 , হইতে নিৰ্গত হইলেন। তৎপরে যতু হইতে 🌉 শৰ্ব হু ইহতে যবন, জুফাু ছইতে বৈভোজ, অনু 🙀 📭 জাতি এবং পুরু হইতে পৌরব বংশ উৎপর ীঁহে মহারাজ ! আংপনি সেই বংশে জন্ম গ্রহণ

ষড়শীতিত্ম অধ্যায়।

বাশ্লাঘন কহিলেন, মহারাজ। এইরপেরাজা ব্যাতি
রাজ্যে অভিবিক্ত করিয়া ফুইচিন্ডে বানপ্রস্থাপ্রম ন করিলেন। অনস্তর তিনি অবস্থাপ্রত ফল্ম্লমাঞ্জ শুর্কক ত্রাহ্মণগণের সহিত কিছুকাল বাস করিয়া ক্ত ভ্রমণ করিলেন; তথায়কিয়দিন পরমন্থ্যে অবস্থান ব্যাতি ইক্ত কর্তৃক পুনর্কার ভূতলে পাতিত হই-স্থামার ক্লিক্ত আছে, স্থাপ্তই ব্যাতি এককালে বাশাশ জ্বিত না হইরা কিছুকাল অস্তরীকে অবস্থান করেন। পরে সেই অন্তরীক হইতে বস্থমান্, অষ্টক প্রত-র্জন ও শিবি রাজার সহিত সমবেত হইরা পুনর্বার দেব-লোকে গমন করেন।

জনমেজর কহিলেন, হে ব্রহ্মন্! কুরুবংশাবতংস মহাতেজাঃ যথাতি মর্ত্রালোকৈ ও স্বর্লাকে যে সকল কার্য্য করিয়াছিলেন আপনি সভাগণ সরিধানে তাহা কীর্ত্তন করুন, এবং তিনি কি কারণে পুনর্বার স্বর্গে গ্রন করেন তাহা অন্তপূর্ব্যিক সমুদায় বলুন, শুনিতে আমার নিভান্ত অভিলাধ হইরাছে।

বৈশম্পারন কহিলেন, মহারাজ। সর্ব্রপাপ প্রণাশিনী ভূলোক ও হার্লোকে বিশ্রুতা তদীয় পর্ম পবিত্র কথা कीर्डन कतिएडिछ, अन्यंशन कक्रन । नष्ट्य उनम् ययां कि कहे-চিত্তে কনিষ্ঠ পুত্রকে রাজ্যে অভিষেক করিয়া এবং বহু প্রভৃতি পুত্রদিগকে অন্তাজ জাতিমধ্যে সন্নিবেশিত করিয়া বানপ্রস্থাপ্রম অবলম্বন পূর্বক অর্ণো প্রবেশ করিলেন। জিকেন্দ্রিয় জিতকোণ রাম্বা তথায় শ্রাক ও যজাদি ক্রিয়া-কণাপ দারা পিতৃগণ ও দেবগণকে পারতৃপ্ত করিলেন। তিনি বানপ্রস্থাম্ম-স্মৃতিত বিধানার্সারে জলত ত্তা-শনে আছতি প্রদান করিতেন; বদ্য ফুলমূল ও ঘুত ছারা অতিথি সংকার করিতেন, এবং উশ্বৃত্তি দারা উপরপূর্তি করিতেন। সহস্র বংসর অতিবাহিত হইলে, তিনি त्योनावनवन श्र्वक जिःनः वरतं कवन अनाशतो । इहें লেন। পরে এক বংসর রায়ুনাক্ত ভক্ষণ এবং অপর এক বৎসর পঞ্চায়ির মধাবর্তী হইনা অতি কঠৌর তপসাার অফুষ্ঠান করিয়াছিলেন। অনন্তর ছয় মাস বায়ুমাত্র ভক্ষণ ও এক পদে ভূমিস্পর্শ করিয়া নিরবচ্ছির দণ্ডায়মান থাকি-তেন। এইরপে তপোফুরান-পরায়ণ রাজা প্রভূত পুণ্য-मक्षत्र कतिया चर्न चारताइन क्राइन ।

সপ্তাশীতিতম, অধ্যায় ।

বৈশশ্যারৰ কহিলেন, মহারাজ ! এইরূপ ফ্রান্ত রাজা ব্যাতি অর্গারোহণপূর্বক দেবতা, ক্লিম্ন্ত ও কংক্রার বাস করেন। তিনি স্ক্রান্ত ও সংক্রান্ত ও সংক্রার বাস করেন। তিনি স্ক্রান্ত ও সংক্রান্ত ও সংক্রার বাস করেন। তিনি স্ক্রান্ত ও সংক্রান্ত ও সংক

একদা ইন্দ্রসরিধানে উপস্থিত হইলে দেবরাজ রাজার কথাবসানে জিজ্ঞাসা করিলেন, রাজন ৷ পূক ভোনার জরা গ্রহণ করেন; তুমি তাঁহাকে রাজ্যে অভিবিক্ত করিয়া কি উপদেশ দিয়াছিলে, সত্য করিয়া বল, আমার শুনিতে নিতাম্ভ বাসনা হইতেঁছে। য্যাতি কহিলেন, হে দেবরাজ ৷ আমি পুরুকে সমস্ত রাজ্যভার অর্পণ করিয়া কহিলাম, বৎদ ! গন্ধা ও যমুনা এই উভয় নদীর অন্তর্গত সমস্ত রাজা তোমারই অধিকারভুক্ত হইল; তুমি এই ধরিতীর একমাত্র অধীশর হইলে; সোমার ভাতৃগর্ণ তোমারই অধীনে থাকিয়া অন্তাজ জাতিমাক শাসন করিবে। অক্রোধন ক্রোধপরায়ণ অপেকা শ্রেষ্ঠ ; ক্ষমাবান অক্মী অপেকা শ্রেষ্ঠ; অতএব ছেবৎস। তোমাকে **धरे উপদেশ প্রদান করিতেছি, শ্রবণ কর: মামুষ অনামুষ** इटेट अधान; विदान मूर्य इटेट अधान; य वाकि আক্রোন করিবে, তাহার উপর আক্রোশ না করিয়া ক্রোধ সম্বরণ করাই কর্তবা ; যেহেতু আক্রোষ্টা কোপানলে মনে মনে দগ্ধ ২ইতে থাকে, কিন্তু অনাক্রোটা তাহার পুণাভাগী হয়! লোকের মর্মপীড়ক ও নৃশংসবাদী হওয়া নিতান্ত অবিধের। বে কথায় অস্তে উদিয় চয়, এমত কথা উচ্চারণ করা অহিচিত। অর্থহীন বাক্তির নিকট প্রচুর অর্থ লওয়া অক্সাযা। যে বাজি লোকের মর্ম্মণীড়ক, পরুষভারী ও বাকারপ কণ্টক দারা অন্যের 'হৃদয় বিদ্ধ করে, ভাছাকে অলক্ষ্রীক বলে। ভাহার মুখে অলক্ষ্রীর চিত্র সকল স্থুস্পষ্ট श्राचित्रमान इत्र। সচ্চয়িত্র ব্যক্তি অগ্রপশ্চাৎ ভাবিয়া সাধুদিগের প্রশংসাযোগা কর্ম করেন, সর্বাদা অসাধুদনের অভিবাদ সহু করেন, এবং সন্মার্গে চলিয়া থাকেন। অস-তেরা আপন মুখ হইতে নির্গত বাক্যরূপ সায়ক দ্বারা অনাকে আহত করে। আহত ব্যক্তি ঐ স্থ তীক্ষ শরাবাতে জর্জারত হইয়া অহর্নিশ য়শ্রণীভোগ করে, অতএব পণ্ডি-তেরা তাহা কন্মিনকালেও অন্যের প্রতি নিক্ষেপ করেন ना । जीरवत थाकि मशां,रेमजी, मान ও मधुतवाका थाशाश, ইহা অপেকাধর্ম আর লক্ষা হয় না। অতএব স্ক্রিনা माचवाका-প্রয়োগ করা কর্ত্তব্য, কদাত কঠোর বাক্য উচ্চা-রণ করিও না। পূজাবাঞ্জির পূজা ও দান করা কর্ত্তব্য কিন্তু যাচ্ঞা অভিশয় নিধিক।

অফাশীতিতম অ্ধ্যায়।

डेख कहित्वन, (इ नष्ट्यनमन ! जुद्दि नर्स कर्षा 🐃 দনপূর্বক গৃহ পরিত্যাগ করিয়া বনপ্রবেশ করিছা অতএব জিজ্ঞাসা করি, তুমি কাহার তুলা তই করিয়াছ। যথাতি কহিলেন, হে দেবরাজ! দেবক গন্ধৰ্ম ও মহৰ্ষি ইইাদিগেৰ মধ্যে কেহই অদ্যাৰ্থি তুলা তপোতুটান করিতে সক্ষম হন নাই। ত কহিলেন,মহারাজ। যেহেতু অন্যের তপঃপ্রভাব ন, ভনিয়া উৎকৃষ্ট, নিকৃষ্ট ও সমকক লোকের আ করিলে তলিমিত্ত তুমি অদাই কীণপুণা হইয়া দে হইতে পরিভ্রত্ত হইবে। য্যাতি কহিলেন, হে দেখ **८एवर्षि, शक्षर्क ७ नव्रत्नारकत व्यवमानना कृ**हित्र দেবলোকভ্ৰত হইতে হইল, তবে যাহাতে সাধুদ পতিত হই, এইরূপ অনুকম্পা করুন। ইক্স ক মহারাজ ! তুমি সাধুসলিধানেই পতিত হইছা যথেই ও প্রতিপত্তিলাভ করিবে; কিন্তু সাবধান যেন এ আর কাহারও অব্যান করিও না।

রাজা যযাতি দেবরাজ-কর্তৃক এইরূপ আদিষ্ট ও হট্য়া ভূমগুলে পতিত হইতেছেন, ইতাবস্ত্রে রাজর্ধি অষ্টক তাঁহাকে অন্তরীকে নিরীক্ষণ করিরা হে যুবক ! তুমি কে ? তোমার রূপ ইচ্ছের ম্যা অগ্নির ন্যায় দেখিতেছি; তোমাকে প্রচণ্ড মার্ক্ত অকস্মাৎ গগনমগুল হইতে পরিভ্রন্ত দেখিয়া আম বিষ্টটিত্তে নানাপ্রকার বিত্তর্ক করিতেছিলাম। তোমাকে সমিক্ট দেশিয়া পতনকারণ জিজা ুার্থ দামন করিলাম। অগ্রে তে\$মার পরিচয় লইতে দিগের সাহস হইতেছে না, এবং তুমিও আমাকে জিজাসা করিতেছ না, অতএব জিজাসা করি, তুর্নি धवः कि निभिड्डे वा दमवरनारक आशमन হে মহামুভব ৷ তোমার ভয় নাই, শীষ্ক বিবাদ পরিভাগে কর। এই সাধুসমাজে বল নাম হস্তা ইক্স ও ভোমাকে পরাভব করিতে সমর্থ নৃ <u> বাধুলোকেরা সম্বর্থ</u> দেবরাজকল ! আখ্র, সম্প্রতি তুনি সাধুসরিধানে জাসিয়া कि? (तमन जाननादन व्यक्ति, श्रीकाशाद

লানে স্থোর প্রভূত আছে, সাধুদিগের নিক্ট ক্লু ব্যক্তিরও তাদৃশ প্রভূত।

ক্ষতি কহিলেন, আনি নহুষের পুত্র এবং পুরুর আমার নাম যয়তি। আমি ইকুসরিধানে আত্ম-ैं कित्रवाहिनाय विनवा क्यीपपूर्गा ও দেবলোক দ্রষ্ট হটয়া পৃথিবীতে পতিত হটতেছি। আমি াকত অধিকবয়স্ক এই নিমিত্ত তোমাদিগকে অভি-করি নাই; কারণ যিনি বিদ্যা, তপস্থা ও জন্মদারা হয়েন, তিনিই পুজনীয় ৷ অষ্টক কহিলেন, মহা-इमि कहिएड एय, यिनि वर्त्यावृक्ष, जिनिहे नकरनत . ও পূজা, কিন্তু বস্তুতঃ তাহা নহে, যিনি বিদ্যা ও 'ছারা সকলের প্রধান হয়েন, তিনিই সর্কশ্রেষ্ঠ ও া য্যাতি কভিলেন, সংকর্মের প্রতিকুলত ।ই ণাপাসক হইলেই নিরয়গানী হইতে হয়; সাধু ে ক্লাচ পাপকমের অমুঠান বা আমুক্লা করেন ফুমার বিস্তর অর্থ ছিল, এফণে তাহা বিনষ্ট হই-্ৰি কৰে অনুসন্ধান কৰিলেও তাহা আৰু পাইব ্রপু অবধারণ করিয়া যিনি আপনার হিত্সাধনে ন, তিনিই যথার্থ সাধু। যিনি বছবিধ যাগবজ্জের ं कट्टन, यिनि गर्कविनाश शावनशी, यिनि द्वना-্রপান্ন ও তপংপরায়ণ হইয়া পরিণানে স্করলোকে तेन, छोडाटकरे महाधन वला यात्र । वहधरनत्र িহুইয়াও অভিমাত্র প্রকৃত্ন হওয়া বিধেয় নহে। किछ इहेग्रा नर्राना (वनाशायन करा कर्छवा, 🖁 জীবলোকে এবম্বিধ বছবিধ পদার্থ বিদ্যমান হা/চেষ্টার বহিতৃতি কেবল দৈবপরতম্ভ; অতএব ं ने देनदरक दगवान्। कानिया नक त्रहे त्रहे वर्ष 🚜 है कतित्वन ना। सूथ अ इःथ नकन है देनवाधीन, क्ष्यूम (कह कथन सूथी वा इःथी इंटेंड भारत ना, ্রীদ্বই বলবান, এই বিবেচনা করিয়া কদাচ হঃথে-ा प्राप्त हिला हिल इरेट ना । भी मान वाकि इर्थ-্ৰী হর্ষে উদাত হয়েন না। ভাহার। স্থ হঃশ स क्रित्तन, त्यार्क् ऋथ इःश देनबाग्नेख, खेशाटक कथन ं विषेश्च हरेटव मा। ८इ अष्टेक ! विश्वाडा - ८वक्रश ीतित्राद्रिष्ट्रम, हिं। हा कता व वनाशा वहेवात्र मटर, ध्वहे ी प्राभि कथन छत्त्र मुद्ध हहे ना, व्यवः व्यामात्र मदन

কদাট সন্তাপের সঞ্চার হয় না। কি খেদক, কি অওজ, কি উদ্ভিদ্, কি সরীস্থা, কি কমি, কি মংক্তা, কি প্রস্তির, কি ত্ণ, কি কার্চ, প্রারম্ভ ক্ষয় হইলে সকলেই নাই হয়। হে অইক! স্থা হংথের অনিতাতা ব্রিয়াছি, অতএব আর কি বলিয়া সম্ভপ্ত হইব। কি করিব, কি করিলেই সম্ভপ্ত না হই, এইরূপ নানাপ্রকার বিত্তক্ করিয়া আমি অপ্রমন্তিত্তি সন্তাপ বিস্ক্তন ক্রেয়াছি।

অনম্ভর অষ্টক, দর্ব্ব গুণ-সম্পন্ন নাতানহ য্যাতির এই র রূপ ধর্মসম্ভ একথা ভাবণ করিয়া পুনর্কার কহিলেন, মহারাজ! আত্মবেদী পুরুষের ন্যায় বত্রিধ ধর্মসংক্রান্ত কথার উল্লেখ করিতেছ, তাহা প্রাণ করিয়া আমাদিগের কর্ণয়গল চরিতার্থ হইতেছে; অতএব তুমি বঁতকাল যেরূপে যে সকল লোকে অবস্থিতি করিয়াছিলে,তাহা আমুপুর্নিক সমুদ্য বল । যথাতি কহিলেন, আমি নিজ বাছবলে সমস্ত দিখিজয় করিয়া এই সদাগরা পৃথিধীর সম্রাট হইয়া-ছিলাম। সহস্র বংসর পরমস্থপে সাম্রাজা ভোগ করিয়া পরলোকে গমন করি। পরে শতবোজন-বিস্তার্থি সহত্র-দার-সংযুক্ত পরম রমণীর অমরাবতী নগরীতে সহস্র বংসর অতিবাহিত করি। অনম্বর পর্ম ছর্লভ ব্রহ্মলোক লাভ করিয়া তথার বর্ষদহস্র বাস করি। তৎপরে দেবদেব মহাদেবের বাসভূমি কৈলাগভূমিতে বিহার করিয়া দেবগণ ও क्षेत्रज्ञ कर्क्क मरकुछ इंटेग्रा कियरकान यालन कवि। তদনত্তর নন্দনবনে ক্সুফুগন্ধামোদিত চাফরুপ পর্বত नकन नित्रीक्रण ७ नक्ताश्रञ्जनती विमानतीर्गणात नहिल পরমস্থথে বিহার করিয়া অযুত শতান্দী বাদ করি। দেব-লোক-স্থলত স্থাপে আদক্ত হইয়া তথায় এই স্থলীর্থকাল वान कैतिरन धकना धक (चात्रत्रभी एनवन्छ व्यक्तिता পুত্ররে তিন ব্রার কৃহিল, "তুমি স্থেন্ট হও।" সম্প্রতি व्यामि कीनभूना इहेगा नक्तन्त्र इहेट ब्रह्म इहेट कि वरः দেবগণ অন্তরীকে আনার নিমিত্ত অতি করুণস্বরে রোদন করিতেছেন, ইছাও শুনিতেছি। ছে নরেল। আমি ইহা বাতীত আর কিছুই জানি না। আমি জাঁহাদের "হা পুণাকীর্তি যয়তি। তুনি কীণপুণা হইয়া স্বর্গ হইতে खंडे इटेटाइ" এইরপ বিলাপ ওনিয়া कहिलाम, ce cra-গণ! আনি, যাহাতে সাধুসরিধানে পতিত হই, এমত कान छेनाविधान कत्र। **छाहाता जान**नातिहरू करे ভূমিতে যাইতে কহিলেন। আমি হবি-গদ্ধের অস্থারণ-জমে যজভূমির অস্থান করিয়া সত্ত্র আদিতেছি।

নবতিত্য অধ্যায় ।

ष्यदेक किटिनन, गराताज ! रेखकानतन व्ययुक भडाकी বাস করিয়া কি কারণে তাহা পরিত্যাগপুর্বাক পৃথিবীতে পুনরাগ্নন করিলেন? রাজা কহিলেন, হে অষ্টক! যেমন জ্ঞাতি বা স্থছজ্জন নির্দ্ধন মনুষ্যকে গ্রেরিভ্যাগ করে, त्मरेक्ष रेखानि (मवडाता कीनश्रा वाक्तिक (मवत्नाक इटेट निक्लभ कविया थाक्न। जशन खहैक कहिलन, মহারাজ। আপনি তত্তানী, অতএব বলুন দেখি, সংর্গ कि कांत्रर कौनश्र्ना इय, धवर कि श्र्ना कतित्व कांन ধামে গমন করিতে পারে, এ বিষয়ে আমার অতীব সন্দেহ আছে। যথাতি প্রভাতর করিলেন, পুণ্য কর হইলে মমু-যোৱা বিলাপ ও পরিতাপ করিতে করিতে দেবলোক হইতে এই মর্ত্তালোক রূপ ঘোর নরকে পুনর্য়ে পতিত হয়, এবং ভৌনকলেবর পরিগ্রহপূর্মক বিবিধ উপভোগে আসক্ত হইয়া শৃগাল কুরুরের তৃপ্তিসাধনের নিমিত্ত পুত্র-পৌক্রাদিক্রমে বংশ পরিবর্দ্ধিত করিতে থাকে। অতএব যে কর্ম করিলে এই পৃথিবীতে অতিশয় কষ্ট ভোগ করিতে হর, এমত গর্হিত কার্যো নিতাস্ত অবজ্ঞা ও একাস্ত অশ্রহ্মা अपूर्णन करा कर्छवा। (इ अक्रेक । यादा कर्छवा उৎम्य-দায়ই বলিলাম, একণে আর কি শুনিতে বাদনা কর, वल। अष्टेक कहिल्लन, महाताल ! अर्गहा इहेगा नत-লোকে আগমন করিবার কালে পথিমধ্যে পতক্ষেরা নর-কলেবর ভক্ষণ করিয়া থাকে, তবে কিরূপে তাহারা এই পৃথিৰীতে আবিভূতি হয় ? আর কেনই বা এই নরলোককে नद्रकः विद्या निर्फ्न कदिर्णन। दाञ्चा कहिर्णन, गश्-(यात्रा सननीसर्वत्र स्टेटिंड कियात्रक (मह नाड:नखत এই পৃথিবীতে দঞ্রণ করে এবং ইহাতেই পতিত হইয়া লক লক্ষ বংসর অতিবাহিত করে, এই নিখিত্ত গৃথিবীকে নরক বলিয়া উল্লেখ করিলাম। পৃথিবীডে পতিত হইবার সময় তীক্ষদং ট্র, ভরম্বর, ভৌম রাক্ষদগণ পতনোমুধ ব্যক্তিকে कहे मान क्रिया थारक। अहेक क्रिकांत्रिरनन्, महात्रांख ! 'जारव (प्रवरताकहाङ मधुराभगरक यिनि जीमक्री

রাক্ষসগণ পথিমধ্যে গ্রাস করে, ভবে ভাছারা পুনরায় এই পৃথিবীতে আবিভূতি হয় ? কিরক্টে সম্পন্ন হয়, আর কি প্রকারেই বা ভাহারা প্রক্রে হয় ? রাজা প্রাক্তান্তর করিলেন, অশ্রুপ্রবাহে জলী মহযা-কলেবর রেভোরূপে পরিণত হইয়া পৃথি🕏 স্পতি, ওষধি, ফল, পুষ্প ও পঞ্চভূতে অমুপ্রবিষ্ট হ ফলাদি ভক্ষণ করিলে রেতঃ জন্মে। সেই রেতৠ 🔆 🕒 সিক্ত হইলে গর্বের সঞ্চার হয়, তাহাতে চতুপা প্রভৃতি জন্তগণ গর্ৱে আবিভূতি ছইয়া থাকে 🗟 কহিলেন, মহারাজ! গর্ভত জন্ত কি শার্ বারা কিমা স্বশরীর মারা গর্কে অনুপ্রবিষ্ট্র আর কিরূপেই বা দেহের ঔরতা, চকু:বেত ইব্রিয়বর্গ এবং চৈতনা লাভ করে? এই আমাদের মহান্ সংশয় আছে; আপনি তত্তত্ত, 🖠 🕏 এই সন্দায় বিশেষরূপে বর্ণনা করিয়া আমাদিগে 🚉 ভঞ্জন করুন। রাজা প্রত্যুত্তর করিলেন, পুশ্রসাম্পুক্ত রেড: গর্রুবোনিকে আকর্ষণ ক বেতঃ প্রথমতঃ তরাত্তরপী হইরা ক্রমণঃ গ্র বর্দ্ধিত করিতে থাকে। তদনস্তর সেই গ্রে ব স্কৃতি সম্পন্ন হইয়া প্রতিন বাসনা অবলম্বনপ্রতিক ছ আবিভূতি হয়। মহুষ্য জাতমাত্রে চৈতনা লা🍇 अवरणिय बाबा नक, ठक् बाबा क्रम, जारणिय 🐙 জিহবা বারা রস, ত্রিক্তির বারা শীত, উষ্ণ প্রকৃতি অমুভব করিতে এবং মন দারা সম্দার ভাক অবগ্র পারে। অষ্টক কহিলেন, মহারাজ। মৃত বাক্তির দগ্ধ, নিখাত বা নিক্ষিপ্ত হইয়া খাকে, তবে ক্ষ্মি অভাবভৃত পুরুষ কিরূপে পুনুর্বার চৈতনা ব পুরুষ প্রাণত্যাগ করিয়া স্বকীয় পুণ্য পাপের ব অচিরাৎ অন্য যোনি আশ্রয় করে। পুণ্যবা প्गारवानि ও পাপকারী ব্যক্তিরা পাপবোনি कीं ७ পडमानि भागकाती सद ; धरे निमित्र भाभरयानित्र व्यक्षर्गछ । ठजून्नम, विभम, बर्षेशम, পাণস্বভাব; এই নিমিত্ত ইহারাও পাণবোদি হে রাজসিংহ! যাহা বক্তব্য ভাহা সবিব ^{যে} अकरन जात कि किकामा जाएक, वकै। करें। करें। करें। মহারাজ! মহুব্য তপদ্যা, বিদ্যা বা বেরুপ

ঠিলোক প্রাপ্ত হয়, আমি জিজ্ঞাদা করিতেছি, আমুপূর্ব্বিক বর্ণন ক্রুন। ব্যাতি কহিলেন, ৷ তপস্যা, দান, শম, দম, লজ্জা, সরলতা এবং সাভটি স্পর্বের দার স্বরূপ। সাধুলোকেরা কহিয়। ্তুবোরা অজ্ঞান কুপে মগ্ন হৃইয়া অহ্কারদোবে ্বনষ্ট হয়। অধ্যয়নশীল বা পণ্ডিতাভিমানী যে গাবলে অনোর যশোলোপ করে, সে পুণালোক চিরাৎ ভ্রষ্ট হয় এবং তাহার দেই অধায়নাদি দ হর না। মানাগ্রিছোত, মানমৌন, মানাধায়ন এই চারিটি কর্ম্ম ভয়ম্বর নহে ; কিন্তু অমুষ্ঠানের ৰ ইহা নিতাক্ত ভীৰণ হইয়াউঠে।মানে হৰ্ষ অপমানে সন্তাপ করিও না। সাধুবাজিরা সাধু-ধাদা সংকার করিয়া থাকেন। অসাধুরা কদাচ শিভে করিতে পারে না। ''এত দান করিলাম '' 🚁 করিলান ?' ়ি এত অধ্যয়ন করিলাম '' '' এবং ফুষ্ঠান করিলাম " এইরূপ অহস্কার অতি ভয়-ু ইহা যত্নপূর্বক পরিত্যাগ করা কর্তবা। যে ্ষী সকলের আশ্রয়ভূত তাঁখদিগের সহিত সঙ্গত লোকে কীর্ত্তি ও পরলোকে সলাতি লাভ হয়।

একন্বতিত্য অধ্যায়।

কহিলেন,মহারাজ। ত্রন্ধচারী,গৃহী, বানপ্রস্থ ও ইরা কিরূপ আচরণ করিলে সংপথে থাকিয়া রূল করিতে পারেন, এই বিষয়ে নানা প্রকার মদ্দে আপনকার মত কি ? যযাতি কহিলেন, ত্রন্ধ-র্ম এই যে,অধ্যাপন্দি গুরু কথেন তাঁহাকে আ-রেবেন, তথন অধ্যয়ন করিবেন; গুরুর শরনের ও গাত্রোখানের পূর্কে পাত্রোখান করিবেন; লাস্ত,মন্তই স্থভাব অপ্রমন্ত ও বেদাধ্যরনে নিরত । গৃহস্থের ধর্ম এই যে, ধর্মতঃ ধনোপার্জান ভ্যারা যাগদানাদি ক্রিয়াক্লাপ সম্পন্ন করিবেন, ভাজন করাইবেন এবং অদন্ত বস্ত প্রতিগ্রহ করি-বারপ্রান্তর কর্ত্তব্য এই বে, স্বকীয় বীর্ঘ উপ-রিয়া জীবনধারণ করিবেন; কোনরূপ পাপকর্মে

আগক इहेरवन ना ; शत्रदक मान कतिरवन ; काहारक छ क्ष्ठेमान कविर्वन ना। जिक्कृत कर्खना धारे रा, भिन्नकर्य षाता जीविका निकार कतिरवन ना ; खनवान्, बिटिक्स विषयवामना इंहेट विवक ७ वृक्तमृत्रभाशी इंहेटवन এवः অধিকদেশ পর্যাটন করিবেননা। লোকে নিদ্রায় অভিভুত ও কামপরতন্ত্র হইয়া যে রঙ্গনী স্থাে অভিবাহিত করে. জ্ঞানীব্যক্তি সংযত্তিতে অরণ্যে বাস করিয়া সেই রজনী যাপন করিবেন। যিনি এইরুপৈ অরণ্যবাস আশ্রয় করিয়া ক্রথায়, কলেবর পরিত্যাগ করেন, তিনি পূর্বে দশ পুক্ষ, পশ্চাং দশ পুরুষ এবং আপনাকে এই একবিংশতি পুরুষকে পরিতাণ করেন। অষ্টক কহিলেন, মহারাজ। মুনি ও মৌনত্রতী কয় প্রকার বলুন, শুনিতে আমাদিগের সাতি-শয় বাদনা হইতেছে। রাজা কহিলেন, হে অষ্টক। যিনি পুষ্ঠভাগে গ্রাম রাখিয়া কিমা পুষ্ঠভাগে অরণ্য রাখিয়া গ্রামে वाम करत्रन, डांशांकरे भूनि वना यात्र। जार्रक कुल्लिन, গহারাজ। যিনি অরণো বাস করেন, ভাঁহার পশ্চাছাগে অর্ণা থাকে, সে কি প্রকার? রাজা কহিলেন, যিনি অরণ্যে বাসুকরিয়া প্রায়ে ফলমূলাদি ভক্ষণ করেন না, তাঁছার পশ্চান্তাগে গ্রাম: আর বিনি গ্রামে বাদ করিয়া অগ্নিছোত্রী নঙ্ন, বাসস্থান নির্দিষ্ট নাই, অগোত্রচারী ও (की भीनशाती এवः यडिमन आपमः (यात्रः उडिमन अन भारतन्हां, जाँहातरे भण्डाहारा अत्वा। आत रिनि मर्स বাৰনাপরিশৃত হইয়া সর্কর্ম বিস্জন ও ইন্দ্রিন भुर्त्तक (भोनाद**णधन** कतिश्रो शाहकन, छाहादक (भोनखडी কছে: মৌনব্রতী সর্ব্যসিদ্ধি লাভ করিতে পারেন। ধৌত-দস্ত, ছিন্নথ, লাত, অলক্ষত, অসিতকলেবর ও গুভকর্মা মুনি সকলের অর্জনীয়। যিনি তপদ্যা দারা কর্ষিত, কীণ, भीर्ग करलबब, कीर्गभारम ७ एकान्ति इरवन, त्मरे मुनि देव-লোক জগ্ন করিয়া পরলোকও জগন করেন। আর যিনি निर्वाच इहेशा (शीन ब्राज्यावन सन्भूतिक ज्ञान करतन, তিনিও ইহলোক জ্य করিয়া প্রলোক জয় করেন। যে भूनि मुथ पाता (शादः आहात अस्त्रम् करतम, देशलाक छ পরলোক উভয়ই তাহার প্রীতিকর হইয়া উঠে।

দ্বিনবভিত্তম অধ্যায়।

অষ্টক যথাতিকে জিজ্ঞাসা করিলেন, উক্ত উভরবিধ ভিক্সুর নধ্যে অগ্রে কাহার মুক্তিলাভ হইয়া থাকে ? যথাতি কহিলেন, যিনি গৃহস্থাশ্রমে বাদ করিয়াও আশ্রম-বিবর্জিত এবং কামাচার-পরাজুণ, তিনিই অগ্রে মুক্তিলাভ করেন। বর্ণার্থ জ্ঞানী হইয়া পাপাচরণ করিলেও ধারাবাহি স্বথ-ভোগ করিতে পারেন। যে ব্যক্তি পণ্ডশ্রম মনে করিয়া ধর্মোপোসনা করে, তাহার সেই ধর্মাচরণ বিফল; কেবলা কুরতা নাতা।

মহারাজ। রাজা য্যাতির এবস্প্রকার পর্ম সংগীত শ্রবণ করিয়া অষ্টক জিজ্ঞাসা করিলেন, মহারাজ ৷ আপনি যুবা, भानाभाती, (उजसी এবং দর্শনীয়; (कान वाक्ति आপ-নাকে দুভরূপে প্রেরণ করিয়াছেন ? এবং আপনি কোথা হইতে আগমন করিলেন ও কোন দিকে গমন করিবেন ? আপনার কি পার্থিব স্থানে গমন করিতে হইবে ? ব্যাতি কহিলেন, আমার পুণা ক্ষর হওয়াতে সর্গ হটতে চাত হইয়া এই পৃথিবীরপ ভৌন নরকে পতিত হইতেছি। আপনাদিগের সহিত কথোপকথন করিয়া অচিরে ভূতলে পতিত হইব: যেহেওঁ ব্রহ্মলোক বৃক্ষকেরা আমার ভূলোক পতনের নিমিত্ত ত্বরা করিতেছেন। আর পতনকালে ইজ আমাকে এই বর দিয়াছিলেন "হে নরেক্স ৷ তুমি সাধু-সমাজে পতিত হইবে' তাহাও হইল। অধক কহিখেন, ভূমি পতিত হইও না, হে রাজন্ ! যদি আমার অন্তরীকা বা দিবা কোন লোক থাকে, আমি তোমাকে তাহার অধি .কারী করিবাম। য্যাতি কছিলেন, মহার জ। যতদিন পুথিবীতে গ্ৰাখ-প্ৰভৃতি জীবজন্ত আছে, ততদিন আপন-कात चर्लाटक अधिकात आह्य। अष्ठेक कहित्तन, आमात দিবা বা অন্তরীক্ষা যে কোন স্থান থাকে, ভাহা ভোমাকে প্রদান করিলাম, কুমি অচিরাৎ সেই স্থানে গমন কব। য্যাতি প্রত্যুক্তর করিলেন, হে রাজপ্রেষ্ঠ ৷ বেদবিৎ ব্রাক্ষ ণেরাই প্রতিগ্রহ করিয়া থাকেন, মাদৃশ ক্ষত্রিয়েরা কদাচ গচিঞালৈ অ স্বীকার করেন না। বরং ব্রাহ্মণভিল অন্য-জাতির, অভাবে প্রাণত্যাগ করা কর্তবা, তথাপি যাক্তা-জনিত লঘুতা সীকার করা অমুচিত।

পরে অষ্টকের সমভিব্যাহারী প্রতর্দন কহিলেন, হে

দর্শনীয়! আমি প্রতর্পন, তুমি তত্ত্তানী, আ অন্তরীকে বা স্বর্গে আমার কোন স্থান থা তোমাকে তাহার অধিকারী করিলাম। যথাতি হে নরেক্স! আপনার অতি উৎকৃষ্ট বহুসংগ আছে। সেই সকল লোক আপনাকে প্রভীকা উহা এত অধিকসংখ্যক, যে প্রতিসপ্তাহে এক ভোগ করিলেও নি:শেষিত হয় না। প্রভর্জন আমি ভোমাকে সেই সকল লোক প্রদান করিই মোহ পরিত্যাগপুর্বক শীঘ্র তথায় গমন কর। ত্তর করিলেন, সমতেজক শ্রেষ্ঠ রাজারা অনে সাহাযা প্রার্থনা করেন না। ধর্মপরায়ণ রাজা ও যশস্তর কর্ম্ম যত্রপূর্ব্বক সম্পাদন করিয়া থাকে আপনি ব্রেরপ বলিতেছেন, মাদৃশ লোক" এর কর্ম করিতে সম্মত নহেন। মদ্বিধ লোবৈ যে, যাহা অন্যে না করিয়াছে তজ্ঞগ অপুর্বা ব मन करत । बाका गगाजि এই क्रंभ कहिए उहन. মহারাজ বস্থমান তাঁহাকে বলিতে আরম্ভাই

ত্রিনবভিত্তম অধ্যায়।

বহুমানু কহিলেন, মহারাজ! আমি উষদট আমার নাম বস্থমান। যদি স্বর্গেরা অন্তরী। ভোগ্য কোন স্থান থাকে, তাহা আমি তোমাট किताम। तांका कहिलानं, अखतीक, शृथिती. যে সকল লোক স্থাদেবের তাপে উত্তপ্ত বছসংখাক লোক আপনকার গমন প্রতীকা ক বস্ন্মান্ প্রকৃতির করিলেন, মহারাজ! নিপতিত হইতে হইবে না, আমি দেই লোক প্রদান করিতেছি, উহা আপনারই ভোগা হউ প্রতিগ্রহ করা জাপনার পক্ষে 'নিতাম্ভ দূবণায় : তৃণ দারা উহা ক্রম ক্রম। রালা প্রাত্তর হে নরেক্র ! তুমি সাধুবাক্তিদিগকে কদাচ অবম নাই, অতএব ভোমার বিদ্যাংগ্রায় অনম্ব লোক আছে। শিবি কহিলেন, মহারাজ! यদি এই সক্ ক্রম করা আপনকার অনভিমত হর, তবে তা নাকে সম্প্রদান করিতেছি, আপনি তাঁহা গ্রহ²⁷

🗱 🖛 রিয়া পুনরায় তাহা গ্রহণ করিব না, বেছেড্ ্রিকা দান করিয়া কদাচ অমুতাপ করেন না। ्रिट्रांगन, (इ नदराव ! আপনি দেবরাজতুল্য 🏂 এবং আপনার ভোগ্য লোকও অনস্ক বটে, ্ষ্ট্রার অদ্যাপি অনাদত্ত • লোকে স্পৃহা হয় নাই; িশাগনার দান আমার অভিমত নহে। তথন 🚃 লেন, মহারাজ। যদি ব্যাদন্ত এক একটি লোক করেন, তবে আমরা আপনাকে সম্পয় প্রদান ু ং নরকে গমন করিব। রাজা প্রভাতর করি-াির পক্ষে যাহা উপযুক্ত বোধ হয়,তাহা সম্পাদন ্বরান হউন ; কারণ সাধু ব্যক্তিরা স্বভাবতঃ া হইয়া থাকেন, কিন্তু যাহা আমার অদুষ্টলভা ं র্ম ভোগ করিতে আমি কথনই সম্মত হইতে ্বঁট্টিক কহিলেন, মহারাজ ়ু যে সকল স্থবর্ণময় ্ছণ করিয়া-লোকে শাখত-লোকে গমন করিতে 🗯রে, ভজ্রপ পাঁচ্থীনি রথ দেখা যাইতেছে,উহা 🍦 ব্লাজা কহিলেন, ঐ সকল 🐯 বর্ণময় রণ তোমা-্ষ্ম করিবে। উহা জলন্ত অগ্নিশিথার ন্যায় ুন হইতেছে। অষ্টক কহিলেন, মহারাজ। তুমি ্সমারোহণ করিয়া অবস্তরীকে গমন কর, এবং রিঞ্জিপান্থিত হইলে আমরাও তোমার অনুসর্ণ ্ৰীকাজা কহিলেন, আমরা কর্মফলে সকলেই তথায় 🙀 🛤 র করিয়াছি; অতএব চল, সকলে সমবেত 🚀 कরিব। এই আমাদিগের দেবলোকে প্রস্থান 🖟 নিষ্কুণ্টক পথ দেখা যাইতেছে।

বর ধর্মশীল ভূপালগণ রথারোহণপূর্বক স্থীয় স্থীর প্রারা নভোন্তল আছের করিয়া গমন করিতে । এই অবসরে অষ্টক কহিলেন, আমি মনে লাম, মহায়া ইক্র আনার স্থা, আমিই অগ্রেকট গমন করিব; কিন্তু উদ্বীনরতনর শিবি অখগণকে অভিক্রম করিয়া গমন করিতেছেন, অধায় কি পু স্যাভি প্রভাত্তর করিলেন, উদী-তি ধন উপার্জন করিয়াছিলেন, সম্পায়ই দেব-মর্পণ করিয়াছেন; অভএব শিবিরাজ আমাদিগের বিশ্রেট। অসামান্য বৃদ্ধিসম্পন্ন শিবিরাজ দান, ভা, ধর্ম, লজ্জা, ক্ষমা ও বিধিৎসা প্রভৃতি প্রভৃত

গুণে অলম্কত: বিশেষতঃ শিবিরাক অভিশয় স্থশীল ও সৌমা, এই কারণে শিবি সর্বাত্রে গমন করিতেছেন। অনন্তর অষ্টক সকৌতুকচিত্তে পুনর্কার মাতামহকে জিজাসিলেন, মহারাজ ! সিজাসা করি, আপনি কোথা হইতে আগ্মন করিতেছেন,এবং কাহার পুত্র ? আর আপনি যে সকল কার্য্যের অনুষ্ঠান করিয়াছেন, অন্য কোন ক্ষত্রিয় বা ব্রাহ্মণ তজ্ঞপ কর্ম্ম করিতে পারেন না কেন? এই সমুদ্য যথার্থরূপে বর্ণন করুন। রাজা প্রভাতর अतितन, আমি নছৰতনয়, আমার নাম য্যাতি। আমি পৃথিবীরাজ্যের সমাট্ ছিলাম, আমি তোমাদিগের সমকে সম্দায় রহস্য প্রকাশ করিতেছি। আমি তোমাদিগের মাতামহ। আমি সুমত অবনীমওল জন করিয়াছি, ব্রাহ্মণদিগকে একশত স্থরুপ পবিত্র অহাও বস্তুদান করিয়াছি, এবং শত অর্ক্র দ গো, বাহন, স্থবর্ণ ও ধনেব সহিত এই সমাগরা ধরিতী বিপ্রসাং করিয়াছি। তপ্থিবী ও স্বর্গে আমার সত্যের প্রভাব দেদীপ্যমান আছে। সত্য প্রভাবেই মুমুষ্যলোকে অগ্নি প্রজ্ঞলিত হইতেছে ৷ যাহা কহিয়া থাকি সকলই সভা। আমার যাকা কলচ বিফল হয় না; বেহেতু সাধুলোকেরা সত্যের সন্ধান করিয়া থাকেন। হে অষ্টক! আমি সভাই কহিতেছি. উষদখের পুত্র প্রতর্দন, এই,সমস্ত নরলোক, মুনি ও দেব গণ ইহারা সত্য প্রভাবেই সকলের পূজনীয় ও মানা बरेब्री छन। आमत्रा श्रीय श्रुगावत्त ख्वत्ताक जक्रकवि-রাছি; অভএব যে ব্যক্তি আমঃদিগের নিষ্ট অকপটে স্বকীয় রহসা ভেদ করিরেন, এবং বিপ্রাগণের প্রতি অহ্যাশুনা ইইবেন, তিনি উত্তরকালে আমাদিগের সালোক্য লাভ করিতে পারিবেন। এইক্রপে রাজা য্যাতি স্বীয় দৌহিত্রগণ দ্বারা তারিত হুইয়া মহীয়সী কীর্ত্তি সংস্থা পনপূর্বক পৃথিবী পরিত্যার্গ করিয়া ত্রিদশালয়ে গুমন कतिरलन।

চতুর্বতিত্য অধ্যায়।

জনমেজয় জিজাসা করিলেন, ভগবন্ ! পুরুবংশাব তংস ভূপতিগণ কিরপ শৌর্গ্য, বীর্যা, পরাক্রম,সদাচার ও স্থাব হারাদি-সম্পন্ন ছিলেন, তৎসমুদ্র সবিস্তর বর্ণন কর্ণন।

Γ

দেই সুশীল স্থবিখ্যাত মহাবল পরাক্রান্ত বিজ্ঞানশালী মহীপালগণের জীবনচরিত সবিশেষ পরিজ্ঞাত হইতে আমার সাতিশয় অভিলাব হইতেছে। বৈশস্পায়ন কছি-বেন, মহারাজ ! পুরুবংশ-সমৃত্ত মহাবল, মহাতেজা:, সর্বলক্ষণাক্রান্ত ভূপালগণের বৃত্তান্ত বর্ণন করিতেছি, শ্রবণ করুন। পৌষ্ঠীর গর্ভে পুরুরাজের তিন পুঞ করে; প্রবীর क्रेयत এবং द्रोजाय। तालकूभादत्र नकत्वर महातथ ছিলেন। সর্কজ্যেষ্ঠ প্রবীরের ভার্য্যা শুরুসেনী; তাঁছার গর্ত্তে মনস্থা নামে এক পুজ করে। মহাবল মনস্থা স্কীয় বাহুবলে অরাতিকুল নিশ্ম ল করিয়া অতি বিস্তীর্ণসাগরাম্বরা ধরিতীর একাধিপতি হইয়াছিলেন। সৌবীরীর গর্মে মনস্থার অংগভামুপ্রভৃতি তিন পুত্র জ্যে। মিশ্রকেশীর গর্প্তে রৌদ্রাখের দশ পুজ জ্থে। षाट्य, श्राष्ट्रम्, क्रकार्गम्, ए खिलाम्, वासम्, खालाम्, ए उप्सम्, সত্যেষ্, ধর্মেয়ু ও সরতেয়ু। তাঁহারা সকলেই স্থপণ্ডিত, थर्माश्रवात्रण, याग्नीत ७ श्राक्षविता विनादन हिल्लन। ত্রাধ্যে অনাষ্ট্র অসাধারণ বিদ্যোপার্জন করিয়া পৈতৃক সিংহাসনে অধিরত হইলেন। মহীপাল অনাবৃষ্টির মতি-পর্ম ধার্মিক মতিনার নার নামে এক পুত্র জন্ম। রাজসুর ও অখনেধ প্রভৃতি যজ্ঞারুষ্ঠান করিয়াছিলেন। কালক্রমে তাঁহার চারি পুত্র হইল। তংস্থ, মহান, অতিরথ এবং জান্তা। মহাবলপরাক্রাত তংশু সমস্ত বস্থারা কর করির। ভূমগুলে নির্দ্দের যশোরাশি বিস্তার করিয়াছিলেন। তংশ্ব ঈলিন নামে এক মহাবল পুত্র জন্মে। তিনিও সমুদার পৃথিবী জয় করিয়াছিলেন। মহারাজ ঈলিন স্বীয় পত্নী রুধস্থরীর গর্মে হয়ন্ত, শূর, ভীম, প্রবস্থ এবং বস্থ এই পাঁচ পুত্র উৎপাদন করেন। তর্নধ্যে সর্বজ্যেষ্ঠ হল্পস্ত দিংছাদনে অধিরাচ হইলেন। তিনি শকুস্তলার গর্ডে ভরত নামে এক পুদ্র উৎপানন করেন। সেই শকুস্তলা-তনর ভরত দারাই ভরতাংশের এতদূর গৌরব বৃদ্ধি হই-রাছে। মহারাজ ভরতের তিন মনিবী। তাঁহাদিগের গর্ত্তে রাজার নর পুত্র জন্ম। কিন্তু পুত্রের। কেহই তাঁহার षश्क्र इन नारे, धरे निमिख छिनि चीत्र मसानिमारक যথাযোগ্য সমাদর করিতেন না। মহিবীগণ রাজার অসস্তো-ষের কারণ জানিতে পারিয়া ক্রোধপরবশ হইয়া তৎক্ষণাৎ পুত্রদিগকে বিনষ্ট করিলেন। এইরূপে ভরতের অপত্যোৎ-

পাদন বুথা হইয়া গেল। অন্তর তিনি বছবিধ যাগযজ্ঞের অফুষ্ঠান করাতে মহি অমুগ্রহে ভূমমা নামে এক পুত্র লাভ করিছে **धीर्थनग्रक इंटेल बाजा छ। हाटक (य) नबाटक** করিলেন। মহিধী পুক্রিণীর পর্য্তে ভূমমার ছ 🚉 স্থাতে, দিবিরথ, স্থাতো, সুহবিঃ, সুজ্যু 🕴 সর্কজ্যেষ্ঠ স্থাহোত্র গজবাজি সমাকীর্ণ ও বা . রাজালাভ করিলেন এবং রাজসূর অখ্যেধ প্রা যাগ্যজ্ঞের অনুষ্ঠান করিতে লাগিলেন। মুহোত ধর্মত: প্রজাপালন করিছে আর্থ হতাশ্বরথ-সম্পূর্ণা ও জনতা-সমাকুলা বস্থন্ধরা হইয়া যেন র্যাভলে নিম্মা হইতে লাগিলেন । र्टेल **म**नावृद्धि, श्रञ्जावृद्धि, ও পৃথিবী हारन े ও যুপস্তত্তে উদ্রাসিত হইতে লাগিল। ঐশি স্থোতের তিন পুদ্র জন্মে; অজনীয়, স্থুমীয় 🐍 মীড়। তরাধ্যে অজমীড় সর্বশ্রেষ্ঠ ছিলেন। পত্নী; ধূমিনী, নীলী এবং কেশিনী। ইহুর্ অজমীতের ছয় পুত্র হয়; ঋক, হুমন্ত,পরমেন্ঠী, 🎋 এবং রূপিণ। ধুমিনীর গর্বে ঋক, নীলীর গ্রে পরমেষ্ঠা, কেশিনীর গর্ডে জহ্নু, ত্রজন ও রূপিৎ করেন। ত্রুস্ত ও পর্মেষ্ঠী হইতে **পাঞাল**ধ্ হইরাছে, এবং অমিতভেজা: জহু হইতে 📴 विस्तृत इहेग्राष्ट्र। नर्काकार्व क्षण, वाका हिल्ली পুত্র সমরণ। তিনি রাজীশাসন করিতে আর প্রস্থামগুলীর ক্ষয় হইতে লাগিল, এবং অন্যানা विमाण र अत्राट्य क्रमणः जनलन छेरलब्राबा हुई। শত শত লোক কুংগিপাসার কাতর হইয়া অক কৰলে পতিত হইতে লাগিল, এবং আনার্টি ও लाक नकन भक्ष भारेट नाजिन। धरे ममहि রাজ চতুরজিনী দেনা সমজিব্যাহারে রাজা काक्रमण कतिया भवाक्य कविटनन। अनस्त ता ভীত হইরা পুদ্র, কলতা, অমাত্য ও বছুবর্গের সা यम कतिया निक्रमहीत जीववर्षी अक निविष् वि वाम क्तिलान। त्रहे निकुष नदीउउ व्यवशि भा পর্যান্ত বিজুত। এই ফুর্গমধ্যে তাঁহারা বহক্ট বাহিত করিলেন। প্রার সহস্র বৎসর অভীক্ত

আৰ্থ ভগ্ৰান বশিষ্ঠ তথায় আগমন করিলেন। ভার-আহ্বিতে সমাগত দেখিয়া, প্রয় যত্ত্বে প্রভাগনন জাভিৰাখনপূৰ্বক তাহাকে অৰ্ঘ দান করিলেন এবং क्षिक विज्ञ गृद्धिक छ। हात्र यथाविधि न १ कात्र कति एनन । ৰ্মাননে উপবিষ্ট হইলে, রাজা প্রার্থন। করিলেন, क्षर् আপুনাকে আমানিগের পৌরোহিত্য গ্রহণ 🖁 ছইবে। আপনি পুরোহিত হইলে আমরা রাজ্যের ক্ষিত বছ করিতে পারি। মহর্ষি বশিষ্ঠ "তথাস্ত" বলিয়া শ্বিশার প্রার্থনার সন্মতি প্রকাশ করিলেন। **শাহিদ্দর্গাল মধ্যে তাঁহাকে সাম্রাজ্যে অভিষিক্ত করিলেন।** মহারাজ সম্বরণ রাজ্যলাভানত্তর যাগ্যক্তের অমুষ্ঠানে হ্রৎপর হুইলেন। অনন্তর সম্বরণের মহিষী তপতী এক পুঞ্জ প্রসৰ ক্ষিলেন। ঐ পুঞ্জের নাম কুরু। ভিনি অত্যুস্ত শর্মপরায়ণ ইওয়াতে প্রজাদিগের সাতিশয় প্রীতিভাজন কুরুলারলে তপস্যা **শ্রীয়াহিলেন।** মহাতপাঃ কুরু श्रीकाहित्वन दनिया. এ প্রদেশ পবিত্র ও কুরুক্ষেত্র নামে ক্ষিত হইল। কুফর পাঁচ পুত্র ; প্রাবিক্ষিত, অভিযান্ত, 🐯 🖟 बंध, মুনি এবং জনমেজয়। অবিক্রিতের আট সন্তান: **लंकीकर, गरनाय, जा**निवास, विवास, गायनि, स्टेफ्डः-ক্ষা, ভঙ্গকার ও জিভারি। পরীক্ষিতের সাভ পুত্র; 🚧 🕊 🛊 ক্লেসেন, উগ্ৰসেন, চিত্ৰসেন, ইব্ৰুসেন, স্থাৰণ 🕊 शीबरणन । জনমেজরের আট পুত্র; ধৃতরাষ্ট্র, পাতু, ক্রীক, নিষধ, জাষুনদ, কুণ্ডোদর, পদাতি ও বসতি। ক্ষিকুশারেবা সকলেই বৃদ্ধিমান, ক্ষীল, ধর্মপরারণ ও শ্বাপু ছিলেন। সর্কজ্যের ধৃতরাষ্ট্র রাজ্যে অভিবিক্ত হই-ু উচ্চার দশ পুত্র ; কুম্বিক, হস্তী, বিভর্ক, ক্রাথ, 🖟 ছবিঃ শ্রবা, ইক্লাভ ুড়ুমমূা, অপরাব্দিত, প্রতীপ, ৰ এবং শ্বনের। তরংগে প্রতীপ ভূরদী প্রতিষ্ঠা कि विदेशन । 'ভাছার'ভিন প্ত ; দেবাপি, শান্তত্ব এবং । उन्तर्धा त्वराणि धर्माभार्कन वामनात्र धाउकाा-ণ করিলেন। শাস্তম্ ও বাহলীক রাজ্যশাসন 🗯 লাগিলেন। হে নরেক্ত ় এডটির অন্যান্য বহু-বালা পবিত্র মনুবংশে অবতীর্ণ ইইরাছিলেন।

পঞ্চনবতিত্য অধায়।

জনমেজয় কহিলেন, হে ত্রহান ! উদারচরিত পূর্ব প্ৰবদিগের সংকেপ-বৃত্তান্ত ভাবণ করিয়া ভাবণেভিত্তর পরিতৃপ্ত হইল না; অতএব সুত্তাহ করিয়া পুনর্কার মন্ত্র অব্ধি রাজর্ষিগণের বিশুদ্ধ বৃত্তান্ত আদ্যোপাস্ত সবিস্থার वर्गन कक्रन। देवमण्यात्रम कहित्तम, भहाताख! शृत्या বৈপায়নের নিকট যেরপ এবণ করিয়াছিলাম, অবিকল ব্রুণন করিতেছি, মনোনিবেশপুরক প্রথণ করুন্। দক্ষের প্র অদিতি, পদিতির পুত্র বিবস্থান, বিবস্থানের পুত্র মহু, মহুর পুত্র ইলা, ইলার পুত্র পুরুরবাঃ, পুরুরবার পুত্র আয়ু:, আয়ুর পুত্র নহয', নহুষের পুত্র যথাতি। যথাতির इरे जार्या, अत्क्रत्र कैना (मवयानी अ त्रेम्पर्कात्र कना শর্মিষ্ঠা। দেবযানীর গর্টে ছই প্রভ্রুষ, যত্ এবং তুর্বাহা। শর্মিটার তিন সস্তান: জহা, অহু এবং পুরু। বৃহু হইতে যত্বংশ এবং পুরু হইতে পুরুবংশ বিস্তৃত হইয়াছে। বে পুরু ভিন বার অখ্যেধ্যজ্ঞ করিয়াছিলেন, এবং পরি-শেষে বিশ্বজিৎযক্ত ক্রিয়া অরণ্যে প্রবেশ করিয়াছিলেন। পুরুর মহিধী কৌশ্ল্যা। তাহার গর্ম্ভে জনমেজমের জন্ম জনমেজর মাধবী নামে এক কাঁমিনীর পাণিগ্রহণ करतन। माधवीत शर्द जन्दमञ्जात व्यानियान नारम अक পুত্র জন্মে। তিনি সুর্য্যোদয়ের মধ্যে পূর্ব দিক জয় कियाहित्यन विवश छाहात नाथ धारियान् इंटेन। তিনি ষহকুলসস্তৃতা অশাকীর পাণিগ্রহণ করেন। অশাকীর গর্ব্তে প্রাচিশানের সংযাতি নামে এক পুত্র হয়। দূবরভের ত্হিতা বরাঙ্গী সংযাতির সহধর্মিণী। তিনি এক সম্ভান প্রদাব করেন, তাহার নাম স্মহংযাতি। তিনি ক্রতবীর্য্য-নন্দিনী ভাত্মতীকে বিবাহ করেন। ভাত্মতীর গর্মে ভাষার এক পুত্র হয়, তাঁহায় নাম সার্কভৌম। সার্কভৌম क्यनका टककय-बाक छ्टिका सूमन्त्राटक विवाह कैतिया এক পুত্র উৎপাদন করেন, তাঁহার নাম জয়ৎদেন। জয়ৎ-সেন বিদর্ভ-রাজ-ছহিত। স্থ শ্রবার পাণি-পীড়ন করেন। স্থানার গর্মে অবাচীনের জন্ম হয়। তিনিও বিদর্ভদেশীয় মর্য্যাদা নাম্মা এক কামিনীর পাণিগ্রহণ করিয়া অরিছ नारम এक পুত উৎপাদন করেন। অরিহ,অঙ্গরাজ কন্যার পাণিগ্ৰহণ করিয়া তাঁহার গরে মহাভৌম নামে প্রু পুত্র উৎপাদন করেন। মহাভৌমের ধর্মপত্নী সুযজা। তিনি অবৃতনারী নামে এক পুত্র প্রস্ব করেন। যিনি অযুত-সংখ্যক পুরুষেধ বজ্ঞ করিয়া অযুতনায়ী এই নাম লাভ করিয়াছিলেন। অযুতনায়ী পুণুপ্রবার ছহিতা কামার পাণিগ্রহণ করিয়া অক্রোধন নামে এক পুত্র উৎপাদন করেন। আফোধন, কলিঙ্গদেশসমুতা করম্ভাকে বিবাহ করেন। করস্তার গর্ত্তে দেবাভিথির জন্ম হয়। দেবাভিথি বিদেহ-দেশোদ্ভবা মর্য্যাদা নামী কন্যার পাণিপীড়ন করিয়া অরিছ নামে এক পুত্র উৎপাদন করেন। অরিছ স্থাদ বাকে বিবাহ করেন। ঋক্ষ নামে তাঁহার এক পুত্র হয়। ঋক তক্ষকত্হিতা জালার পাণিগ্রহণ করিয়া মতিনার নামে এক পুদ্র উৎপাদন করেন। মতিনার সরস্বতীকে প্রসর করিবার নিমিত্ত দাদশবার্ষিক এক যক্ত আরম্ভ করেন। সেই যজ সমাপন হইলে সরস্বতী অভিগমনপূর্বক ভাঁহাকে পতিতে বরণ করেন। অনন্তর সরস্বতীর গর্ভে মতিনারের এক পুত্র হইল; তাঁহার নাম তংস্ক। তংস্ক কালীঙ্গীর গর্ব্বে ইলিন নামে এক পুত্র উৎপাদন করেন। ইলিনের হ্মন্ত প্রভৃতি পাঁচ পুত্র হয়। হ্মন্ত বিশামিত্র-ছহিতা শকুস্থলাকে বিবাহ করেন। তাঁহার গর্বে স্থবি-পাতি ভরতের জন্ম হয়।

শকুত্বলার প্রত্যাখ্যান কালে রাদ্রা চন্মক্তের প্রতি এই দৈববাণী হইয়াছিল "মহারাজ! শকুন্তলাকে প্রত্যাধান कतिर्देन ना ; देनि यांश कश्टिक्टिन, সমুनग्रदे मा বালকটি আপুনার ঔরস; ইহা দারা আপুনার চরমে পরম कन चर्गकन नाज श्रेत ; व्याज्य क्यू शृक्षक व्याद्यास्त्र ভরণ পোষণ করুন।" ভরণ করুন এই দৈববাণী হইয়াছিল বলিরা কুমারের নাম ভরত রহিল। ভরতভার্যা। স্থাননা ভূমত্যু নামে এক পুত্র প্রস্ব করেন। ভূমত্যুর জায়া বিজয়া স্থহোত্তের প্রস্তি। স্থহোত্ত ইক্ষুকুবংশীরা স্থবর্ণীর পাশিগ্রহণ করেন / স্থবর্ণার গর্ম্বে স্থহোত্তের এক পুত্র হয়। তাঁহার নাম হন্তী। তিনি এক নগর স্থাপন করেন। সেই নগর প্রতিষ্ঠাতার নামাত্ম্পারে হস্তিনাপুর নামে বিখ্যাত হইল। হন্তী যশোধরার পাণিঞহণ করিয়া छांशांत्र गर्रा विकूर्शन नामक धक शृञ्च छेरशानन करतन। विक्रुश्रेत्नत्र शत्रीत्र नाम ऋषिया धवः श्रुखत्र नाम स्वयीत् । অজৰীঢ়ের চারি মহিৰী; কৈকেরী, গান্ধারী, বিশালা ও

থকা। তাঁহাদিদের গর্ডে রাজার চতুর্বিংশতি পর্যন্ত হয়। তাঁহাদিগের দারা ভিন্ন ভিন্ন বংশের উৎপত্তি 📲 কেবল সম্বৰণ হইতে পিতৃকুলের জীবৃদ্ধি হইতে সামীৰ ভিনি তপতীর পাণিগ্রহণ করিয়া কুঞ্ নাঁবে এক উৎপাদন করেন। যহুবংশোত্তবা ওভাঙ্গী কুকুর মন্ত্রী তিনি বিছর্থ নামে পুত্র প্রস্ব করেন। বিছর্পের স্প্রিরার গর্ডে অনখার জন্ম হয়। অনখা অমৃতার ব্ পরীক্ষিৎকে উৎপাদন করেন। পরীক্ষিতের পদ্ধী হয়। তাঁহার গর্বে ভীমদেনের জন্ম হয়। ভীমদেনের কুমারী। তৎপুত্র প্রতিপ্রবা। প্রতিপ্রবার পুত্র প্রতীপ্র প্রতীপের তিন পুত্র ; দেবাপি, শাস্তম্ এবং বাহনী ত্রাধ্যে দেবাপি শৈশবাবভাতেই বনপ্রয়াণ করেন। শাস্ত্র প্রজাপালন করিতে পাগিলেন। তিনি জরাজীর্ণ ব্যক্তির স্পর্ণ করিবামাত্র সে তৎক্ষণাৎ যুবার ভার সবল হ উঠিত, এই निमित्र छाहात नाम णाख्य व्हेंग। माम গঙ্গাকে বিবাহ করেন। জাহুৰীর গর্ডে দেবব্রত তাঁহার এক পুত্র হয়। বাঁহাকে লোকে ভীম ৰবিয়া সৰ্টে ধন করিত। ভীম পিতার প্রিয়চিকীর্গুইয়া সভাবজী সহিত তাঁহার বিবাহ দিলেন। পূর্কে অন্ঢাবছার শর-সহযোগে সভাবতী গর্মকী হরেন। ভাহারে বৈপায়নের জন্ম হয়। অধুনা সেই সভ্যাতীর গর্মে ছাল भारकृत हुई शूल इहेन; अटकत नाम विविज्वीधा, दात नाम हिजानन। जनात्था हिजानन देवीरभनीता উত্তীৰ্ণ না হইতেই গৰ্ম হতে নিহত হইলেন। বীর্বা রাজাশাসন করিতে লাগিলেন। তাঁহার আন ও অशानिका नामी इटे महिनी हित्नन ; , किम् পরে রাজা আত্মজর বদননিরীক্ষণস্থার বঞ্চিত লোকান্তর গমন করিলেন। অনস্তর স্ভারতী বংগ্রা নিমিত চিতাকুল হইয়া ব্যাস্থেবজে শ্বরণ কৰিবলৈ তিৰি তৎকণাৎ জননীয় সম্পীৰ হইয়া স্কৃতাৰ निर्देशन कहिर्दिन, मांछः ! कि निर्मित भारत कि बि আজা করুন। সভাবতী কছিলেন, বৎস ! ভোষা বিচিত্ৰবীৰ্যা পুঞ্জবিহীন হইখা স্কালোকে সমৰ কৰিছে একণে তুমি তাঁহার সাত পুত্র উৎপাদন করিছা রকা কর। হৈপায়ন মাতার আঞায় বিচিত্রী কেত্রে যুতরাষ্ট্র, পাঞ্ ও বিছর এই তিন পুত্র উৎপাদ

্রিশ্ববং প্রতরাষ্ট্রের এক শত পুত্র হটুবে বলিয়া বর ্শ্বলেব।

্ৰুন্ন দ্বৈশান্ত্ৰের বরপ্রভাবে গাছারীর গর্মে ধৃত-कंक পত পুত্র হইল। তর্মধ্যে ছুর্যোধন, ছঃশাসন, सिर् ठिकारान এই ठाति कन नर्साध्यभान। भाकृत ा ते के अपने विश्व में कि के अपने किया के अपने াল পাণ্ডুরাজ মুগরার্থে ভ্রমণ করিতে করিতে দেখি-ক মহর্ষি কন্দর্পশরে বিদ্ধ হইয়া এক দুগীতে ছইয়াছেন। রাজা সেই অদৃষ্টপূর্ব্ব অদ্তত ব্যাপার পাচর করিয়া বিশ্বিত ও চমৎকুত হইলেন এবং কামক্রীড়ার সমাপ্তি ও পরিতৃপ্তি না হইতেই ঋষি বাণাছত হইয়া শরাঘাত করিলেন। অভিস্পাত করিলেন "তুমি অভিজ হইয়াও ্র কার্মরসাম্বাদে বঞ্চিত ও বিনষ্ট করিলে, এই ম অচিরকালমধ্যে তোমাকেও এই অবস্থার পঞ্চম-🌣 ূহিতে হইবে।" রাজা শাপ্তয়ে ভীত ও বিবর্ণ টি জবনে প্রত্যাগমন করিলেন এবঃ তদবধি মহিমী-্সহবাস পরিত্যাগ করিলেন। অনস্তর এক দিবস নিকট সমস্ত মুগরাবুভাস্ত ও আপনার অধিমুধ্য-দ স্বিস্তর বর্ণন করিয়া কছিলেন, রাজি ! স্থানি ্বিছ অপুত্র ব্যক্তি নিরয়গামী হয়; অতএব ডুমি ােশংপাদন করিয়া আনার আয়তির শুভবিধান কর। ট্রী স্বামীর স্বাক্তা পাটরা ধর্ম, মারুত এবং ইচ্চ এই 🦠 স্বারা কথাক্রমে ঘুধিষ্ঠির, ভীমসেন, এবং অর্জুন াৰ পুজ উৎপাদন করিলেন। রাজা পুজদর্শনে 🏨 ত হটুয়া কুম্ভীকে কহিলেন, তোমার সপদ্বীও 🚉 হীনা, অভএৰ বাহাতে তাহার সন্তান হয় তৰি-🍇 করা কর্তব্য। কুত্তী "যে আঞ্চা" বলিয়া তৎ-े होरक बाकर्षनी विहा श्रामन कतिरमन। माजी ্ৰিলাবেল অখিনীকুমার নামক ছুই দেবতাকে ুনমাত্র তাহারা উপদীত হইরা তাহার মনোবাছা ্রিস্কানে প্রস্থান করিলেন। অনন্তর মাজী क्षित्रम्य धरे पृष्टे शूख नाच कदितन। धकरा 👸 📲 हेरी माजीन क्रमनावर्गा स्माहिङ व्यवर माम-্ত্ৰিক হইয়া হদনান্ধ নিৰ্কাণ ক্ষিবার নিমিত্ত 👺 টাহাকে স্পর্ণ করিলেম, অমনি পঞ্ছ প্রাথ ইই-

লেন। তদর্শনে মাজী অত্যন্ত শোকার্তা ও হংখিতা হইয়া বামীর সহগমনে সকল করিলেন। তিনি চিতাগ্নিতে আরোহণ করিবার সমন্ন নকুল ও সহদেবলৈ কুতীর হতে সমর্পণ করিবা কহিলেন, ইহাদিগের প্রতি অযন্ত না করিবা যন্ত্রপূর্কক প্রতিপালন করিবেন; আমি এ জন্মের মত বিদার হইলাম। তদনত্তর কতিপর তাপস পাশুব-দিগকে কুত্তী-সমভিবাহারে হন্তিনাপুরে লইয়া গিয়া ভীম ও বিহরের সমীপে তাঁহাদিগের পরিচর প্রদানপূর্কক আইতিত, হইলেন। এই বৃত্তান্ত প্রবণ করিয়া দেবতারা হৃত্যুভিধ্বনি ও পুশ্রুষ্টি করিতে লাগিলেন।

পাশুবেরা সাদরে পরিগৃহীত হইয়া ভীয়াদির নিকট পিভার নিধমবৃত্তান্ত নিবেদন করিলেন এবং জাঁহার ঔর্দ্ধ-দেহিক বথাবিধি সমাপন করিয়া তথায় স্বচ্চন্দে কাল-যাপন করিতে লাগিলেন। তৎকালে ছুর্য্যোধন তাঁহাদিগের কোন প্রকার অনিষ্টচেষ্টা করিত না। এইরূপে প্রত্ব-গণের শৈশবাবস্থা অতীত হইল। পরে হুরাত্মা হুর্য্যোধন হর্ক্ দ্বিপরতন্ত্র হইয়া তাঁহাদিগের অনিষ্ট করিবার নিমিত্ত নানাপ্রকার কৌশল করিতে লাগিল, কিন্তু নিরপরাধী পাওবদিগের সৌভাগ্যজ্ঞমে সেই ছুর্ছের সমুদার আয়াস নিক্ষণ চইল। অনন্তর শ্বতরাই ছলনা করিয়া ভাঁহাদিপকে বারণাবত মগরে শ্রেরণ করিলের। পাপিষ্ঠ ছর্য্যোধন তত্তাপি কাৰ হইল না। সে পাগুৰগণকে জতুগৃহে দথ করিবার निभिन्ते वालविष एडिं। क्रिक्ट नानिन, किन्द, विक्रम्ब मज्ञभावत्व नुनः भाव जनम्बिनिक नुमुनाय विकल इहेन। পাঞ্চবগণ নিরম্ভর অনিষ্টাশকাম ভীত হইয়া বারণাবত नगत পরিত্যাগপুর্বীক একচকাভিমুখে প্রস্থান করিলেন। পথিমধ্যে, হিড়িখের প্রাণসংহায় করিয়া এক্চক্রায় উত্তীর্ণ হইলেন। তথার বক নামক এক ছর্দান্ত নিশাচরের প্রাণ-সংহার করিয়া পাঞ্চীলনগরে গমন করিলেন এবং জৌপ-দীর পাণি**গ্রহণু করিয়া স্বংদশে প্রত্যাগমনপূর্কক** প্রত্যেক এক একটি সর্বাকশাক্রান্ত পুত্র, উৎপাদন করিলেন। যুধিষ্টিরের পুত্র প্রতিবিদ্ধা, বুকোদরের পুত্র স্থতদোম, অর্জুনের পুত্র শতকীর্তি, নকুলের পুত্র শতানীক, সহ-দেবের পুত্র শ্রুতকর্মা। পরে যুধিষ্ঠির গোবাদনের ছহিতা (मदीकाटक अग्रयहर नाज कतिया छाष्ट्रांत गर्दछ होरधन নামে এক পুত্র উৎপাদন করেন। ভীষ্ণারের কার্শীশ্র

কুমারী বলব্ধরার পাণিপীড়ন ক্রিরা তদগর্ভে দর্বগ নামে পুত্র উৎপাদন করেন। অর্জুন বারবতীতে গমন করিয়া প্রিরবাদিনী বাস্তদেবভগিনী স্বভ্রার পাণিগ্রহণ করিয়া নির্কিন্দে স্বদেশে প্রত্যাগমনপৃর্ক্ষক অভিমন্থা নামে এক পুদ্র উৎপাদন করেন। অভিমস্থা ক্লঞের অত্যন্ত প্রিয়-পাত্র ছিলেন। নকুল করেণুমতীর পাণিগ্রহণ করিরা নিরমিত্র নামে এক পুত্র উৎপাদন করেন। সহদেব মদ্রাধিপতির কন্যা বিজয়াকে স্বর্হরে লাভ করিয়া তাঁহার গর্ত্তে এক পুত্র উৎপাদন করেন, তাহার নাম স্হোর। ভীমসেন পূর্ব্বে হিড়িম্বার গর্ব্বে ঘটোৎকট নামে অপর এক পুত্র উৎপাদন করিয়াছিলেন। এইরূপে পাওবগণের একাদশ পুত্র হইল। তকাধ্যে অভিমন্তা বংশধর হইরা-ছিলেন। তিনি বিরাটের ছহিতা উত্তরার পাণিগ্রহণ करतन। किছूमिन भरत অভিমন্থার সহযোগে উত্তরার গর্ত্ত-সঞ্চা; হইল, কিন্তু তিনি হুৰ্ভাগ্যক্ৰমে ধন্মানেই এক মৃত সস্তান প্রসব করিলেন। ভগবান্ বাস্থদেব পৃথাকে আদেশ করিলেন, তুমি এই পুত্রকে ক্রোড়ে ধারণ কর, স্বামি উহাকে স্বীবিত করিতেছি। ধাস্কদেবের তেজঃপ্রভাবে গেই মৃত পুত্র পুনজ্জীবিত ও ভৎপ্রদত্ত বল, বীর্ঘ্য ও পরা-ক্রমে প্রবলপরাক্রান্ত হইরা উঠিলেন। ফলতঃ বাস্থদেবের অমুগ্রহে তাঁহার অকাল জন্ম নিবন্ধন বলবীর্যাপ্রভৃতি কোন বিষয়েরই ন্যনতা রহিল না। সেই পুল কুলের কীগাবস্থাম জন্মিয়াছিলেন বলিয়া, বাস্থদেব তাঁহার নাম পরীক্ষিৎ রাধিলেন। পরীক্ষিৎ মাজীকে বিবাহ করেন। মহারাজ! আপনি সেই পরীক্ষিতের উরসে মাজীগর্জে জন্ম-প্র্ব করিয়াছেন। আপনার ভার্যা বর্স্প্রমা শতানীক ও मक्कर्ण नात्म इटेडि शृक्ष क्रिये क्रियाहरून। देवत्व दीत्र शर्ख শতানীকের এক পুত্র জন্মে, তাঁহার নাম অশ্বমেধদত। মুহারাজ ! পরমধনা ও পরমপবিত্র পুরু ও পাওবদিগের বংশের ইতিবৃত আপনার নিষ্ট কীর্ত্তন করিলাম। ত্রান্ধণ-দিগের নিয়মবিশিষ্ট হইয়া ইহা প্রবণ করা কর্ত্তব্য, স্বধর্ম-নির্ভ প্রজাপালন তৎপর রাজাদিগের শ্রোত্বা, বৈশ্য-দিপের শ্রোতবা ও বোদ্ধবা এবং তিবর্গগুলাবু শ্রুদিগেরও শ্রদাপূর্বক শ্রবণ করা কর্ত্তব্য। বাহারা পরস্পার নির্মৎ-সর ও নিত্তাবাপর হইয়া এই পরম পবিত ইতিহাস সমস্ত প্রবণ করান কিখা করেন, তাহারা স্বর্গধামে পমন করেন

এবং দেবতা, ব্রাহ্মণ ও মহুবাগণের প্রমপ্রাক্তির
নীয় হন, সন্দেহ নাই। ভগবান্ বাাসদেব ক্রি
ব্রাহ্মণাদি বর্ণ সকল পরস্পর নির্মণ্যর ও প্রমাধি
এই পর্মপবিত্র ভারত প্রবণ করিলে স্কৃতিকা
স্থরলোকে গমন করিতে পারিবেন। এই মহাভারত
পবিত্র, পর্মার্মণীর ও বেদস্বর্কী
আয়ুক্তর ও যশহর। অতএব ইহা অবশাই প্রোত্তি

ষধ্বতিত্ম অধ্যায়।

বৈশস্পায়ন কহিলেন, ইক্ষাকুবংশজাত রাজা সভাবাদী ও সভাপরাক্রম ছিলেন। তিনি সহজ ও শতসংখ্যক রাজস্ম্যত সম্পাদনপূর্ধক দে প্রসন্ন করিয়া চরমে পরমফল স্বর্গফল লাভ কঁরিয়া। 🐃 🗀 অনস্তর একদিবস দেবগণ, ভগৰান্কমলযোনির ধ করিতেছেন, বহুদংখ্যক রাজ্যি ও মহারাজ তথায় উপবিষ্ট আছেন, এমন সমরে সরিষ্রা গল সহিত গাক্ষাৎ করিবার নিমিত্ত তথায় উপস্থিত হাঁছ বায়ুবেগে সহদা তাঁহার অঙ্গবন্ত উড্ডীন হইল ; টু मित्रकाता नक्कांत्र कारशामूथ इहेता त्रिहरणन ; किस्स्री মহাভিষ অসম চিত্তিতি তাঁহার স্পাদমন্তক ক্রিতে লাগিলেন। তদ্দনি ব্রনা সন্দিহান হইরা কণ তাহার বিষয় চিস্তা করিরা কহিলেন, ভুলি লোকের উপযুক্ত পাত্র নহ। অতএব মর্ত্তলোটি জন্মগ্রহণ কর। কিন্তু পুনর্বার তোমার স্বর্গণাভ রাজা এই প্রকার দণ্ডিত হইয়া কাঁহার প্রবেস করিবেন, তদ্বিষ চিস্তা করিতে লাগিলেন। ভিটি রাজর্ষি এবং মহর্ষিকে চিস্তা করিয়া রাজা প্রতীক্ষে হইতে মানস করিলেন। সরিবরা মহাভিষকে बारेवर्गा त्मविमा उन्हारक मरन मरन हिन्दा कतिरख প্রত্যাবৃত্ত হইলেন। প্রিমধ্যে দেখিলেন, দেবগণ মৃচ্ছিত ও বিকলেক্সিয় হইয়া পভিত 📆

অনস্তর জাঁহাদিগকে স্থিজাদা করিলেন, ক্রিনিমিত একপ ত্রবস্থাগ্রত হইরাছ ? তোকার কোন অনিষ্ট ঘটনা হইরাছে ? তাঁহারা কহিলেক ঘরে ! অতি সামান্য অপরাধে মহর্ষি বশিষ্ঠ ক্র

আর্ক্টিসকে অভিদশাত করিয়াছেন, তরিমিত আমরা क्रमाहि । এक भिवन नाग्रश्कातन छशवान विश्व अवस्त्राम छेनविष्ठे हित्तन, आमता अखानठा अयुक् মান্ত্রী মুধাবিধি সম্মান না করিয়া প্রাস্থান করিয়াছিলাম, ক্ষীরাধে তিনি ক্রোধান্বিত হইয়া আমাদিগকে ব্যাহারীবোনি প্রাপ্ত হও'' বলিয়া অভিসম্পাত করিয়াছেন। জিলি সামানা বাজি নহেন; গেই ব্ৰহ্মবাদীর বাক্য ক্ষাণি অনাথা হইবার নহে ; অতএব আপনি নরকলেবর ধাৰণপুৰ্বক ভূমওলে অবতীৰ্ণ হইয়া আমাদিগের স্ষ্টি विश्वास कक्रम. मजुबा शायांमा माश्रुवीय गर्छ आमता खना-প্রাঠণ করিতে পারিব না। গঙ্গা বস্থগণের প্রার্থনার সম্মতা • इहेब्र ভাঁহাদিগকে জিজাসিলেন, মর্ত্যলোকে কোন মহা-প্রক্রাকোমাদিবের জনক হইতে পারেন ? তাঁহারা কহি-লেন, প্রতীপ রাজার ঔরদে শাস্তমুনামে এক স্থবিখ্যাত জ্বাল ভূমগুলে জন্মগ্রহণ করিবেন, তিনিই আমাদিগের **ভিন্ন হইবেন। গলা কহিলেন, তোমরা যাতা বলিলে** ্রীছা আমারও অভিমত বটে; অতএব তোমাদিগের **জ্বজিলবিত এবং সেই রাজার প্রিয়কার্য্য আমি অবশ্রই** ন্ধাদন করিব। বস্থগণ পুনর্কার কহিলেন, হে बिक्रार्ग। আপনার পুত্র জন্মিবামাত্র সলিলে নিকেপ अधिकन, अधिककाल रमन आमानिशतक जूटनाक्यज्ञण 🗯 করিতে॰না হয়। গঙ্গা কহিলেন, তোমরা যাহা ্বিলৈ আমি তাহাই করিব ় কিন্ত যাহাতে রাজার পুত্ৰ জীৰিত থাকে, তাহার কোন উপায় স্থির ক্ষাৰণ সেই পুতাৰ্থী ভূপতির, মৎসহবাস নিতান্ত ্ত্রিক হওর কোনক্রমেই বিধের নছে। তথন বস্থগণ कृतिनन, जामता च चं वैदिशत हुन्य जात्मत अर्काःम বালান করিব, ভাছাতেই ভাঁহার পুলু লাভ হইবে। কিন্তু শ্রীপ্রজ্ঞের মর্ত্তালোকে সন্তানসন্ততি হইবে না; অতএব হু বিপথগাষিনী ! আপনার সেই মহাবল পরাক্রান্ত শুকু হইবেন। বস্থদেবভারা, সরিহুরা গলার নিকট প্রতিভাকরিয়ানিজ নিজ অভীট প্রদেশে গ্রমন

সপ্তনবতিত্য অধ্যায় ।

বৈশৃষ্পায়ন কহিলেন, অনস্তর দর্বভূতহিতৈয়ী প্রতীপ পুথিবীর অধিরাজ হইলেন। তিনি যে স্থান হইতে ভাগী-রথী প্রবাহিত হইতেছেন, তথায় গমন করিয়া তপোরুষ্ঠান দ্বারা অনলকাল অভিবাহিত করিলেন। একদা সুরধনী রাজার রূপ ও গুণে মোহিত ভ্টয়া স্ত্রীরূপ ধারণপর্ক্ষ জুলমধ্য হইতে গাজোখান করিয়া ধাানপর রাজর্ষির দক্ষিণ উक्रप्रांटम উপरवसम क्रियान, महीशान श्रेकीश दंगरे বরবর্ণিনীকে প্রিজ্ঞাসা করিলেন, কল্যাণি! তুমি কি নিমিত্ত এখানে আগমন করিয়াছ? তোমার কি প্রিয়-কার্য্য সম্পাদন করিতে হইবে ? তিনি কহিলেন,মহারাজ। আমি অনা কোন বস্তর আকাজ্ঞা করি না. কেবল আমার অভিলাষ পূণ করুন; প্রণয়াকাজ্জিণী রমণীকে প্রত্যাখ্যান করা অতি গর্হিত কর্ম। প্রতীপ কহিলেন, চে বরবর্ণিনি। আমি ব্রতে দীক্ষিত হইয়াছি, অতএব প্রপ্রিগ্রহে অগবা স্বর্ণা স্ত্রীতে গমন করিতে পারিব না; ভাহা করিলে আমাকে अवर्यन्त्रेष्ठे इटेटि इटेटि । दारी कहिलन, মহারাজ। আমি অগ্ন্যা অগ্ৰা নিশ্নীয়া নহি, আ্যা হইতে কোন প্রকার অনিষ্ঠাশস্থা করিবেন না, আমি निवाकिना, आपनाव अवत्रभार बाक्टे इहेता अভिजयन কক্সিছি, অতএৰ আমাকে ভজনা কক্ষন; পরকলত্রবাধে প্রভ্যাখ্যান করিবেন না ৷ প্রভীপ কহিলেন, তুমি প্রির বোধে যে বিষয়ে আমাকে উংসাহ দিতেছ,আমি তাহাতে নিবৃত্ত হইয়াছি। একণে যদি তোমার প্রবর্তনাপরতন্ত্র हरेबा त्मरे जगायुकार्या अबुक इहे, जाहा इहेरन धर्मविश्वय আমাকে উৎসন্ন করিবে; সন্দেছ নাই। বিশেষতঃ তুমি কামিনীভোগ্য-কামোক পরিত্যাগপুর্বক পুদ্র ও পুত্রবধ্দেবা দক্ষিণ উরুদেশে উপবেশন করিয়া আমার পুত্রবধ্সানীয় इरेग्राष्ट्र, अउंधर किकार राजारक भन्नी विनेत्रा श्रीकात করিতে পারি। ভূমি শ্রুষাভোগ্য দক্ষিণোর আশ্রয় করি-য়াছ, এই নিমিত আমার পুত্রবর্ হইলে। আমি অঙ্গীকার করিতেছি, আমার পুত্রের সহিত তোমার বিবাহ দিব। क्षा भारति । अपने कित्रा विकास । अपने कित्रा कित्र कित् মহারাজ আপনি সুস্পরা বস্তুর্বার অধীপর। ममछ तास्रभ्य जानिकात ज्यीत । प्रतित्र मन्छनावनि

শত শত বৎসর নিরস্তর কীর্ত্তন করিলে তাহার অবধি লাভ হয় না। অতএব আপনার আজ্ঞা সর্কতোভাবে অলজ্ঞ্য-নীয়। কেবল আপনার প্রতি অবিচলিত তক্তি ও প্রীতিন্বিদ্ধন আমি ভরতকূলের কামিনী হইতে বাসনা করিয়াছি। কিন্তু মহারাজ! আমি যে সকল কার্যোর অহন্ঠান করিব, তবিবরে আপনার পুত্র বাঙ্নিশুন্তি করিতে পারিবেন না। যদাপি তিনি আমার সহিত এইরূপ বাবহার করেন, তাহা হইলে আমি তাঁহার প্রীতিবর্দ্ধন্দ্রক্রক কাল্যাপন করিব এবং তিনিও আমার গর্ভে পুত্র উৎপাদন করিয়া পরিশেষে স্বর্গপ্রাপ্ত হইবেন। এই ক্থাবলিয়া স্ত্রীরূপ্ধারিণী গলা অন্তর্হিতা হইলেন।

মহারাজ প্রতীপ পুল্লজন্ম-প্রতীকার কালকেপ করিতে লাগিলেন। এই সময়ে ক্ষতিয়াগ্রণী প্রতীপ সন্তীক হইয়া অফুরূপ পুত্রলাভার্থ তপস্থা করিতে আরম্ভ করিলেন। উল্লিখিত মহাভিষ সেই বৃদ্ধ দৃশ্ভির পুত্র হইলেন। শান্তিপর রাজার স্ঞান হইল বলিরা তাঁহার নাম শাস্তম হইল। শান্তমু জন্মান্তরীণ অক্ষয় কর্ম শ্বরণ করিয়া নিরন্তর কেবল সংকর্মের অমুষ্ঠানেই তৎপর হইলেন। তিনি **ज्रमावश थाश र्हेल खेडीन डाहारक बारम क**दि-लम, तरम ! शृद्ध এक नियानना ट्यामात्र डेरशामनार्थ नश्नकारण यागमन कतिमाष्ट्रितनः; यति (मटे ज्ञाननावना-वडी वृत्रवर्गिनी शूखार्थिनी इंडेश ट्लागात निक्रे आगमन करतम, खांश इंडेरन जुमि त्याम विठात ना कतिया ভাঁহার গাণিগ্রহণ করিও, আমি অমুমতি করিতেছি। আর, ভোগাকে তাঁহার চিতাত্বর্তন করিতে হইবে । তিনি যখন যে কাৰ্য্য করিব্ৰন, তাহা বাস্তবিক গহিত इंदेरनं कृषि किकियां व त्रांव वा अमरकार ध्येकान করিও না।

'প্রতীপ সীয় পুর শান্তমুকে এইরপ উপদেশ প্রদানানক্তর ভাঁছাকে রাজ্যে অভিবিক্ত করিয়া অরণ্যে গমন
করিনেন। অসাধারণ ধীশক্তিসম্পন্ন রাজা শান্তম্ অত্যন্ত
মৃগয়াশীল হইয়া উঠিলেন এবং মৃগয়াসক্ত হইয়া নানা
বন ও উপবন পর্যাটন করিতে লাসিলেন। তিনি প্রতিদিন
অরণ্যানী প্রবেশপূর্বক মৃগ মহিষ প্রভৃতি নানাজাতীয়
বন্য পশুর প্রাণসংহার করিয়া পরিশেষে একটা সিদ্ধচারগণ পরিসেবিত ভাগীরণীতীরে উপনীত হইলেন। এক

দিবস মৃগয়া হইতে প্রত্যাবৃত্ত হইয়া সাক্ষাৎ লগ উজ্জলতম্ব পরমন্ত্রন্দরী এক রমণীকে তর নিরীক্ষণ করিলেন। সেই কামিনীর স্থালিত : রমণীয় দশনচ্ছদ, মনোহর বেশভ্ষা, স্ক্র পরিচ্ন প্রোদরসদৃশ ক্ষতির বর্ণ নয়নগোচর করিয়া য়াভ ও চমৎক্রত হইলেন। কণ্টকিত-কলেবর হই: দৃষ্টিতে বারম্বার তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগিচে তাঁহার নয়নয়্পল পরিতৃপ্ত হইল না। তিনি বিচরণ করিতে আরম্ভ করিলেন। সেই বিদ্যালিক তদীয় প্রণয়াসক্ত হইয়া অবিতৃপ্ত-নয়নে রাজার প্র

অনন্তর রাজা তাঁহাকে নধুরবাক্যে প্রিয়সন্তান্ত্রি জিজ্ঞাসা করিলেন, হে কুশাঙ্গি! দেব, দানক করিছ অপারা, যক্ষ, পরগ ও মহ্ব্য ইহার মধ্যে ভূষি জাতিকে অলঙ্কত করিয়াছ? আমার বাসনা হয়, পাণিগ্রহণপূর্কক ভ্যোমার সহবাসে যৌবনকাল করি।

অফনবতিত্য অধ্যায় ।

देवनन्त्रायन कहिलन, त्रहे खनवानननायिने রাজার সন্মিত মৃত্মধুর বাক্য প্রবণ করিয়া অবং ব নিকট যে প্রতিজ্ঞা ক্রিরাছিলেন, তাহা ক্ষরণ 🐠 😘 कहिलान, महाताल ! आमि आंशनकात महिती क्तिश्चाश्चर्यक्रम कतिय ; किन्छ दा नमक कार्याञ्च क्त्रिव, छाहा छालई हडेक, वा मस्ट हडेक, चामारक निवादन कविएक भौतिरक मा. धारः আমার প্রতি কোন অপ্রিরবাক্য প্ররোগ করিতে " ना । यदि धरेक्रण वावहास्त्र कानराशन किर्दि हरत्रन, তবে আপনার সহবাস করিব; সংক্রত ব্যাঘাত জন্মাইলে অথবা আপনি ত্রিমিত বির্ভ অপ্ৰিয় কথা ব্লিলে তৎকণাৎ আপনাকৈ করিব, সম্মেছ নাই। রাজা এই নির্মে সমত ও इहेरलन। शका नाम्बर्दक धहेन्नरभ वस्नवस পরম পরিভূটা হইলেন। মহীপভিও দেই অলোক সৌন্দর্যাসম্পন্ন স্তীরত্বলাভে যৎপরোমাভি প্রীত

ক্রমান্থসারে কাল্যাপন করিতে লাগিলেন এবং

ক্রপচার হারা নিরস্তর তাঁহার সন্তোবোৎপাদনে

ক্রেন্ন। °ত্তিপথগামিনী গলা রমণীর কলেবর

পরম ভাগাবান্ শাস্তম্ রাজার মহিবী হইরা

ক্রেন্ত্র করিলেন। ফলতঃ রাজা রাজমহিবীর সদ্পুণে

ক্রেন্ত্র হইয়াছিলেন, যে ক্রণকালও তাঁহার অদর্শন
ই করিতে পারিতেন না। রাজীর সন্তোগম্বথে

রসম্বন্দর, ঋতু ও মাসাদি মুহুর্ত্রবৎ অতীত হইত,

ক্রেমাত্র জানিতে পারিতেন না।

ক্লপে কিয়ৎকাল অভীত হইলে রাজমহিষী ক্রমে ৰম্মদৃশ,আটটি পুত্র প্রস্ব করিয়াছিলেন। পুত্রেরা ইবামাত্র তিনি তৎকণাৎ তাহাদিগকে স্রোতে করিতেন ; তৎকালে রাজাকে এই বলিয়া আখাস করিতেন, যে ''আমি-আপনাকে প্রসর করিব''। আন্দৰ্শনে সাতিশয় অসম্ভূট হুইয়াছিলেন ৰটে, কিন্তু নি, পাছে গলা তাঁহাকে পরিত্যাগ করিয়া যান ্র ভীত হইয়া বাঙ্নি**শতি** করিতে পারিতেন না। ন্ত্র অন্তম পুত্র ভূমিষ্ঠ হইলে মহিবী হাসিতে ্ন। রাজা পুত্রশোকে নিতান্ত কাতর হইয়াছিলেন, ' এবার পুত্রটী জীবিত থাকে এই আশয়ে পত্নীকে ল, পুক্র বিন্টু ক্রিও না; তুমি কে ? কি নিমিত্ত দিগের প্রাণবধ করিতেছ ১ হে পুত্রঘাতিনি ৷ পুত্র-অপেকা আর গুরুতর পাপ কিছুই নাই; শাস্ত্রে ্ আছে উহা মহাপাতক, অতএব এই গাইত हिंदान काल हुन्।

নন সেই ত্রী কহিলেন, হে প্রকাম! আমি
স্তু বিনষ্ট করিব না; একণে পূর্বকৃত নিরম
কর, আমি অদ্যাবধি তোমার সহবাস পরিতাগে
বিম। আমি মহর্বি জয়ুর কন্যা, আমার নাম গলা।
সর্বাদার আমার সেবা করিরা থাকেন। কেবল
বিস্তু লাধনার্থ তোমার ভার্যা হইরাছিলাম। আর
ামস্ত সম্ভানগুলিকে সামান্য সমুষ্য জ্ঞান করিও না;
মহাজ্ঞো বন্ধুগণ; মহর্ষি বনিষ্ঠের অভিশাপে মনুষ্য ভ্রমাছিলেন। ভোমাভিন্ন পৃথিবীতে আর কোন পুরুষ
ক্রিগের পিতা হইবার যোগ্য হইতে পারে না এবং

আমা ব্যতীত অপর কোন স্ত্রীও ইইাদিগের জননী হইবার যোগ্য নহে; এই নিমিত্ত আমি মার্থী হইয়া
ইইাদিগকে গর্ডে ধারণ করিয়াছিলান। আর ভূমিও ইইাদিগের জনক হইয়া অক্ষয় লোক সকল জয় করিয়াছ। আমি
ইইাদিগের নিকট অঙ্গীকার করিয়াছিলান যে, আমার
গর্ডে পুত্র জন্মবামাত্র আমি সেই পুত্রকে মহ্যালোক
হইতে মুক্ত করিব। ইহারা মহায়া বলিঠের অভিসম্পাত
হইতে মুক্ত করিব। ইহারা মহায়া বলিঠের অভিসম্পাত
হইতে মুক্ত হইলেন, এবং আমিও প্রতিজ্ঞাসাগর হইতে
উত্তীর্ণ ইইলাম প্রত্রেএব এক্ষণে স্বস্থানে প্রস্থান করি,
আপনার মঙ্গল হউক। মদগর্জজাত এই প্রভাটকে গঙ্গাদত্ত বলিয়া গ্রহণ ও পালন করন। আমি এইরূপে
বস্থাণের সন্নিধানে বাম করিয়াছিলাম।

নবনবতিতম অধ্যায়।

শশস্তম জিজ্ঞাসা করিলেন, হে ম্বনদি! বশিষ্ঠ কে? বহুদেবতারা কি হু কর্মাছিলেন যে তাঁহারা মহর্ষি বশিষ্ঠের শাপে মহুষাযোনি প্রাপ্ত হইলেন এবং আপনাকর্ত্বক প্রদত্ত এই পুত্র কি অপরাধ করিয়াছিলেন যে, তাঁহাকে যাবজ্জীবন মহুষালোকে বাস করিতে হইবে? আর বহুগণই বা সর্বলোকের অধীশ্বর হইয়া কি নিমিন্ত মহুষ্যুত্ব প্রাপ্ত হইলেন? তাহা সবিশেষ বর্ণন কর। আহুবী কহিলেন, মহারাজ । প্রবণ করন। মহর্ষি বশিষ্ঠ বহুণদেবের পুত্র। তাঁহার আর একটি নাম আপব। তিনি গিরিবর স্থমেরুর সরিহিত এক পরম রমণীয় অরণ্যে তপস্যা করিতেন। সেই তপোবন, সকল ঋতুতেই নানা জাতীয় কুরুমসমৃহহে বিক্সিত ইইয়া থাকে এবং পশুপিক্ষণ অসঙ্কৃতিতিট্তে সর্বলাই ইতন্ততঃ বিচরণ করে। সেই আশ্রমপদ সক্ষেল জলাশয়ে অলঙ্কৃত এবং অলেষ প্রকার স্থান কলমূলে পরিপূর্ণ।

দক্ষ প্রকাপতির স্বরভীনায়ী এক নন্দিনী ছিলেন।
সেই সর্বকামপ্রদা স্বরজী জগতের হিতার্থে গোরূপ ধারণ
করিয়া কশাপের ঔরণে ভ্মগুলে জনগ্রহণ করিয়া মহাতপা বশিষ্ঠের হোমণেম হয়েন। তিনি মুন্জিন-সেবিত
সেই পরম রমণীয় তপোবনে নির্ভয়ে বিচরণ করিতেন।
একদা পৃথু প্রভৃতি বস্থ-দেবতারা বনবিহারার্থে স্ত্রীক

হুইয়া তথার আগমন করিলেন। তাঁহারা স্বাস্থ পদ্মী সমভিব্যাহারে তত্ত্রতা স্থরমা পর্বতে ও বনে বনে এমণ করিতে লাগিলেন। তন্মধ্যে কোন বস্থপত্নী তথার ভ্রমণ ক্রিতে ক্রিতে সেই নন্দিনীনায়ী ধেকুকে নর্নগোচর করিয়া বিশ্বিত ও চমংকৃত হইলেন। পরে তানামক वस्रक मर्सनमाकासा, शीरनाधी, स्रामधी, समात-वालिय ও বিচিত্রখুরবিশিষ্টা সেই ধেরু দর্শন করাইলেন। গ্রানন্দিনীকে নিরীকণ করিয়া তাঁহার অশেষপ্রকার গুণ-कीर्जन अर्थक तारीदक कहिलन, तारि। ता महर्षित थहे তপোবন, নন্দিনী দেই বাফণির ছোমধেম। মর্ত্যলোক-निवामी (य राकि अहे (धसूत इसाम प्रश्न भान करतन, जिनि नम मेहल वश्मद हिन्दार्यायन इटेश की विज शांदकन । এই কথা প্রবণ করিয়া বস্ত্রপত্নী আপন স্বামীকে কহি-লেন, মহাভাগ। মর্ত্যলোকে জিতবতী নামী আমার এক প্রের্মথী আছেন। সেই রূপবতী যুবতী রাজা উশী-নরের ছহিতা। তাঁহার অসামান্য রূপবাবণা পৃথিবীমধ্যে দৰ্শ্বত স্থবিখ্যাত আছে। আমি আউলাৰ করি, আপনি সম্বর হইরা তাঁহার নিমিত্ত বংসের সহিত ঐ এধরুকে আনম্বন করুন। তিনি উহার ছম্ব পান করিয়া যাব-ब्बीवन अबदा ७ ऋताशिनी इंटेब्रा शांकिरवन टेहाद श्रद ष्मास्नारमत्र विषय जात्र कि षाट्य। (इ नाथ। जामात्र অভিনৰিত সম্পাদনে তৎপর হওয়া আপনার সর্কুতো-ভাবে বিধের। হ্যু পত্নীবাফা শ্রবণ করিয়া পৃথুপ্রভৃতি ভ্রাতৃগণ সমভিব্যাহারে সেই ধেরুও তাহার বৎস অপ-ছরণ করিলেন। ভার্যার প্রবর্তনাপরতক্র হইয়া মছর্ষির অসামান্য তপ:প্রভাব স্বিশেষ পর্যালোচনা না করিয়া ধের অপহরণ ধরিলেন বটে কিন্তু তরিমিত্ত যে খোরতর অনিষ্টাপাত হইবে তাহা ক্ষিক্সাত্রও বিদেচনা করিলেন না। - অনস্তর ত্পোধন বারুণি ফলমূল আহরণ করিয়া

অনন্তর ত্পোধন বারুণি কলমূল আহরণ করিরা আশ্রমে উপস্থিত হইলেন। তিনি তথার ধেরুও তাহার বংসকে না দেখিরা ইতন্তত: অবেষণ করিতে লাগিলেন; কিন্ত কুত্রাপি দেখিতে পাইলেন না। পারশেবে জ্ঞানচকু উন্মীলন করিরা দেখিলেন, অদা বস্থদেবতারা এই বনে বিহার করিতে আসিরা তাঁহার ধেরু অপহরণ পূর্মক প্রসান করিরাছেন। তথন ঋষি ক্রোধপরবশ হইয়া বস্থাণকে অভিসম্পাত করিলেন "বেহেতু তোমরা আমার

সর্বাক্ষণাক্রাম্ভ থেকু অপহরণ করিয়াছ, অভ 🔧 रशनि खाश इहेरव।" মহাপ্রভাব বন্ধর্মি কোধাবিট হইয়া বস্থগণকে এই প্রকার শা করিয়া পুনর্কার তপ:দাধনে মনোনিবেশ 🖘 এদিকে বহুদেৰভাৱা আপন আশ্রমে উপস্থি মহর্ষি বশিষ্ঠ তাঁহাদিগকে অভিসম্পাত করিয়াং জানিতে পারিলেন। পরে তাঁছাকে প্রদন্ন করিবা তৎক্ষণাৎ ভাঁহার সমিধানে গমন করিলেন। ক্রোধানল নির্বাণ করিবার নিমিত্ত নানাপ্রকার 🦁 🕬 করিতে লাগিলেন, কিন্তু কোনক্রমেই জাহার 👵 লাভ করিতে পারিলেন না। মহর্বি কহিলেদ্ 🕢 ক্রোধপরতন্ত্র হইরা যাহা ক্রিয়াচি তাহার অন্যথা 🚲 পারিব না ; তবে এইমাত্র বলিতে পারি যে ভোষ লেই প্রতি সম্বংসরে শাপমুক্ত ছইবে; কিন্তু বাঁহার 🚉 👵 অভিশপ্ত হইয়াছ, তাঁছাকে স্বক্ত হকর্মের 🛊 🤭 कतियात्र निमिष्ठ यावञ्जीयन मञ्चतात्नात्क का করিতে হইবে। তাঁহাকে সামান্য মনুবাের ঔরা গ্রহণ করিতে হইবে না। তিনি পরমধার্মিক, স্ট্র বিশারণ ও পিতৃহিতৈবী হইয়া অকিঞ্ছিৎকর দার্ল প্রভৃতি পার্থির সুধ্রজ্ঞাগে পরাত্ম্ব ছইবেন ধ थरे कथा विनया श्रद्धात श्रद्धान क्षेत्रित वसून्न के. নিকট আসিয়া প্রার্থনা করিলেন, "গ্রন্থে 🕒 আপুরি 🕾 দিগকে গর্ম্বে ধারণ করুল; আর আমরা ভূমিট হই व्यानि व्यामानिशक मनित्व नित्कन कंतिरवन । 🖔 🕟 এব হে মহারাজ! অভিশপ্ত বস্থদেরতাদিগকে ৰ লোক হইতে ঝটিতি মুক্ত করিবার নিমিত্ত আহি 🚎 হত্যারপ অকার্য্য সম্পাদন করিয়াছি। কেবল 🐗 छा त्मरे महर्षित भारत बारकीयम बस्यारनाइक कतिर्दन। दनदी अहे कथा दनिवा अवर्डित करें রাজা তৎপ্রদন্ত পুত্র লইয়া শোকার্ত্ত ও বিষয়মনে 👫 প্রত্যাগমন করিলেন।

সেই পুজের নাম দেবত্রত ও গালের হইল। বিভা অপেকা অধিকতর গুণসন্দার হইলেন। আদি মহাপুরুবের গুণরাশি কীর্ত্তন করিব এবং মহাত্মা ক ভূপতির সৌভাগ্য বর্ণন করিব, যাহার ইতিহাস ক মহাভারত নামে বিখ্যাত হইরাছে।

শতত্য অধাায়।

ক্ষালায়ন কহিলেন, রাজা শান্তমু পরমপ্রাক্ত, প্রম ি 🖁 ও পরম ধীমান ছিলেন। জিতেক্রিয়তা দয়ালুতা ্রাইনেদ্বিওণ সকল তাঁহাকে অলম্কত করিয়াছিল। মহা-श्रीखरू (मवर्षि ও बार्जर्षिशांगत मणांन-ভाकन, धीत-🎺 🕏, क्रमादान, नाननील ७ प्रडाबानी विनया विधारि 💚 🛱 এবং দেই সর্বান্তণাম্পদ, ধর্মার্থ-কুশলী, রাজা क क्षिर्भात ७ व्यनगाना क्रमशर्भत शतित्रक क किर्मा। শৃত্তীর সমুদার লক্ষণ তাছার আলে লকিত হইত। ি 🦫 অদিতীয় ধর্মপরায়ণ ছিলেন। তাঁহার ন্যায় ধার্মিক অধ্কখন কাছারও দৃষ্টিগোচর হয় নাই। তদানীস্তন ্রিক্তরা মেট কীর্ত্তিমানের সদাচার ও সন্থাবহার দর্শন ্ৰী অৰ্থ ও কাম পরিভাগে পূৰ্ব্বক কেবল একমাত্র শ্রেপাসনা রতে ত্রতী হুইয়াছিলেন। নুপগণ শাস্ত্র ুণ ছাতিশামিনী ধান্মিকতা দেখিয়া তাঁহাকে সম্রাটপদে वैशिक कतिरामन: **এवर ठाँ**हात पृष्ठारस्त असूवर्सी া চলিতে লাগিলেন। ভাঁহাদিগের শোক, ভয় ও দীতা প্রভৃতির আশকা ছিল না। তাঁহারা স্থবংগ হবসান করিয়া শ্যা। হইতে পরমপ্তথে গাভোখান তেন। সেই দেবেক্র-প্রতিম রাজেক্সের দৃষ্টাস্তে নুপতি- সক্লের-প্রতি শিষ্টান্তার প্রদর্শন করিতে লাগিলেন িং বদান্য ও যাগশীল হইয়া, উঠিলেন। শাস্তমু-প্রমুখ ্ৰাগণ নিষ্মতন্ত্ৰ হইয়া সুশৃঙ্গলা পূৰ্ব্বক রাজ্যশাসন করিতে া क्रेस्ट করিলেন। লোকের ধর্মপ্রবৃত্তির ক্রমশঃ উন্নতি তে লাগিল : ক্রিয়েরা বিপ্রসেবায় তৎপর হইলেন ; া ক্লারা ক্রিরদেবার দীকিত হইলেন; এবং শুদ্রেরা ্ৰিশ, বৈশা ও ক্ষত্তিয় তিন বর্ণের সেবায় নিযুক্ত হই-ু 🛣। রাজা শাশুরু কৌরব্দিগের স্থরম্য রাজধানী হস্তিনা-🎇 অবস্থানপূর্বক রাজ্যশাসন করিতে লাগিণেন। তিনি ্ৰীৰ, সভ্যবাদী, ঋজু-স্বভাব, বদান্য, তুপোনিরত, রাগ-্রিশ্না, পরম স্কার ও প্রিয়দর্শন ছিলেন। তিনি জ্ঞাপে তপনের ন্যার, বেগে বায়ুর ন্যায়, কোপে যমের ্দ্ৰীয় এবং স্ছিম্মতায় পুথিবীর ন্যায় ছিলেন। সেই সর্ব্বগুণা-**শ্বিভূপাল সিংহাসনে অধির**ঢ় হইলে লোকের জিখাংসা-ব্রতি সমাকরণে নিবৃত্তি পাইয়ছিল এবং বুথা হিংসা

এককালে রহিত হইয়াছিল। ভিনি পক্ষপাত-পরিশৃত্য ও কামরাগ পরিবর্জিত হইয়া অতি বিনীতভাবে সেই ধর্মো-ত্তর রাজ্যে সকল প্রাণীকে নির্কিশেষে শাসন করিতে লাগি-লেন; দেবর্ষি ও পিতৃলোকের তৃপ্তার্থে যাগাদি ক্রিয়াকলাপ করিতে আরম্ভ করিলেন; দীন, দরিদ্র, অনাথ প্রভৃতির ও নিক্ট প্রাণিগণের পিতাস্বরূপ ছিলেন। সেই কুরুপতি রাজ্যেশ্বর হইলে লোকের মন দান ধর্মে প্রবণ হইল এবং বাক্য একমাত্র সতাকে আশ্রয় করিল। তিনি পত্নী-সহবাদ পরিত্রগপুর্বক চন্তারিংশ বংদর বনবাদ করিয়া-ছিলেন। গদাগর্ত্তমন্ত্রত তৎপত্র দেববত রূপ, গুণ, আচার, ব্যবহার, বিদ্যা, বৃদ্ধি প্রভূতি কোন বিষয়েই পিতা অপেকা नान ছिल्मन भा। , जिनि नर्कानाज-विभावन, सरावन-পরাক্রান্ত মহাসত ও মহারথ ছিলেন। এক দিবস দেবরত একটি মুগকে বাণবিদ্ধ করিয়া তাহার অনুসরণক্রমে ভাগী-রথীতীরে উপনীত হইয়া শরজালে নদীর জলতক প্রায় করিয়া ফেলিলেন। রাজা শান্তম সরিবরার এইরূপ অদৃষ্টপূর্বাণাতিরোধ-দর্শনে চিন্তা করিতে লাগিলেন, "মদা গন্ধা পুর্বের ন্যায় প্রবৃহিত হইতেছেন না কেন।" অনন্তর কারণ জিল্পাস্থ হুইয়া অনুসন্ধান করিতে করিতে দেখিলেন, দেবরাজ-সদৃশ এক পরম রূপবান কুমার তীক্ষধার অসংখ্য মার সন্তান ২ দিব্যাক্ত স্বারা গঙ্গাকে আচ্ছর করিয়া দণ্ডাস্থ্য এই অলৌলিক ব্যাপার নয়নগোচর করিয়া রাজা বি পন্ন হইলেন। তাঁহাকে, অতীব শৈশবাকস্থায় লেখিয়া-ছিলেন, স্থতরাং একণে আত্মক বণিয়া চিনিতে পারিলেন না। দেবত্রত পিতাকে চিনিতে পারিয়াছিলেন, কিন্তু কি জানি পাছে গাজা ভাঁহাকে স্বীয় পুত্ৰ বলিয়া জানিতে भारतम এই আশदाम जिनि उरक्पार अवर्धि इहेरान।

রাজা শাস্তম এই অঙ্কুত ব্যাপার নিরীক্ষণ করিয়া তাঁহাকে আপন পুত্র বিবেটনায় গলাকে দেখাইতে কহি-লেন। পঙ্গা মনোহর রূপ ধারণ করিয়া কুম:বের দক্ষিণ হস্ত গ্রহণপূর্বক রাজাকে দর্শন করাইলেন। পরম রমণীয় বেশভ্যায় ভ্ষিতা ও পরিষ্কৃত বক্তে সংস্তালী গলা দৃষ্টপূর্বা হইলেও রাজা তাঁহাকে চিনিতে পারিকেন না।

গলা কহিলেন, মহারাজ ! আপনি পূর্ব্বে আমার নিকট যে অষ্টম পূত্র প্রাপ্ত হইয়াছিলেন, ইনিই সেই মহাপুক্ষ। সুমান ইনি সর্বাশান্ত বিশারদ ও সর্ব্বেংকুট ক্ষাছেন। আমি ইহাঁকে পরিবন্ধিত করিয়াছি। একণে পুল্লকে গৃহে
লইয়া যাউন। ইনি বশিষ্ঠের নিকট বেদ বেদান্ধ অধ্যয়ন
করিয়াছেন। এই মহাবলপরাক্রান্ত রুমার ক্লভান্ত অদিতীয়
ধর্ম্বর ও ইন্দ্রের ন্যায় যোদ্ধা হইয়াছেন। ইনি স্থরাস্বরগণের পরম প্রশাসাদা। দৈত্যকুলাগুর শুক্রাচার্য্য যে
সকল শাল্র অধ্যয়ন করিয়াছেন, তৎসম্দায়ই ইহাঁর কণ্ঠন্থ।
স্থরাস্থর-নমন্ধত পুহস্পতি বে সকল শাল্র পরিজ্ঞাত আছেন,
ইনিও তৎসম্দায় অধ্যয়ন করিয়াছেন। শক্রবর্গের ছরাক্রেমা, মহাবল, প্রবলপ্রতাপ মহর্ষি জাম্দয়া বে সকল
অন্ত শিক্ষা করিয়াছিলেন, এই পুল্ল তৎসম্দায়ে স্থশিকিত
হইয়াছেন এবং রাজধর্মেও অর্থচিত্রায় স্থনিপূণ হইয়াছেন; অতএব মংপ্রদন্ত এই অ্পেরগুণ সম্পায় পুল্ল
সমভিব্যাহারে গৃহে গ্রমন করন।

রাজা গঙ্গাকর্ত্তক এই রূপ আদিষ্ট হইয়া সূর্য্যের ন্যায় দীপ্তিমাণ্ পুত্রকে লইয়া স্বনগরে প্রভাগমন করিলেন। রাজা শান্তমু পুল সমভিব্যাহারে অমরাবভীসদৃশ্রনিজ রাজধানীতে উপনীত হইয়া চরিতার্থ ও কতার্থমনা হই-লেন। অনন্তর বন্ধ্বান্ধবগণকে আহ্বান করিরা রাজ্যের কুশলের নিমিত্ত সেই সর্বান্তগাবিত পুজুকে যৌবরাজ্যে অভিবিক্ত ক্রিল্লুন ৷ যুক্রাজ সভাবহার আদর্শন দারা পিতাৰ প্ৰাদেশ প্ৰাণগকে এবং জনপদস্থ সমস্ত ব্যক্তিকে ্লিরানান্তি প্রীত করিলেন। রাজা প্রীতমনে পুত্রের সহিত তারি কংসর পরমহথে কাল্যাপন করিয়া পরিশেষে একদিবদ যমুনানদীর উভরপার্য হিত এক অরণ্যে গমন ক্রিলেন। তথায় অকস্মাৎ সৌরভের আঘাণ পাইলেন; কিন্তু কোথা হইতে সেই স্থবজি গন্ধ সঞ্চারিত হইতেছে, স্বিশেষ না জানিতে পারিয়া ইতন্ততঃ অনুসন্ধান করিতে লাগিলেন। অনস্তর অসিত্লোচনা দেবরপধারিণী এক ধীবর-কন্যাকে নিরীক্ষণ করিয়া তাহাকে জিজ্ঞাসা করি-লেন, ভীরা ! তুমি কে ? কাহার পত্নী ? এবং কি নিমিতই বা এখানে আদিয়াছ ? সে কহিল মহাশ্য ! আমি ধীবর-কন্যা, পিতার আদেশে তরণী বাহন করিয়া থাকি। রাজা नास्त्र धीरत कनात अञ्चलम जलमाधूती मनर्गाम ७ अन-দৌরভ আত্মাণে মোহিত হইয়া তাঁহাকে বিবাহ করিবার মানসে তাঁহার পিতার নিকট গ্রমনপূর্বক আপন অভিপ্রায় वाक कतिरमन।

দাসগাজ কহিলেন, হে প্রজানাথ। যথন কর্মা য়াছে, অবশ্যই তাহাকে পাত্রসাৎ করিতে হইবে; 🎆 🗀 গত্যবাদী, যদ্যপি এই কন্যাটি ধর্মপত্নীরূপে করেন, তবে আমি আপনাকে সম্প্রদান করিব আমার একটি অভিলাষ আছে, তাহা পূর্ণ করিব অগ্রে স্বীকার করিতে হুইবে। শাস্তমু কহিলেন, হে 📆 তোমার অভিলাষ প্রবণ না করিয়া কিল্লপে ডাছাভে হইতে পারি। যদি অভিল্যিত বিষয় দানবোগা নিশ্চয়ই প্রদান করিব; কিন্তু অদেয় হইলে কোনটা मिट्ड शांत्रिय ना । धीत्र कहिल्लन, महाताल । अहे 🕏 গর্ব্তে বে পুত্র জন্মিবে, আপনার অবর্ত্তনানে সেই পুত্র ক্ল অভিষিক্ত হইবে; অন্য কেহু সিংহাসনে অধিরচ্ 🕏 🍻 পারিবে না এই আমার অভিলাব। রাজা প্রদীপ্ত 🕸 🕖 নলে দগ্ধ হইয়াও ধীবরকে বরদান করিতে সম্মত হটা 🕾 ন। তিনি অনঙ্গণের বিচেতনপ্রায় ছইয়া ধীবর কৃষ্ট অত্পম রপলাবণা চিন্তা করিতে করিতে হতিনার প্রস্থান করিলেন।

অনন্তর একদিবস দেবত্রত'পিতার নিকট উপস্থিত ছাত্রাহাকে শোকার্ন্ত ও চিস্তাকুল দেখিয়া জিঞ্জাসা করিছে তাত। আপনার সর্ব্ব কুশল ও সম্পায় রাজমণ্ডল আনার অধীন, তথাপি কি নিমিত্ত নিরস্তর স্থাপনাকে আনার অধীন, তথাপি কি নিমিত্ত নিরস্তর স্থাপনাকে আনাকে প্রান্ত দেখিতেছি ই সর্ব্বদার্ভ কেন শূনাছার রহিয়াছেন, আমাকে প্রান্ত বিলয়া সন্তায়ণ করিতেছেন অখারোহণপূর্বক ভ্রমণ করেন না, কেবল দিন ছাত্রাহাণপূর্বক ভ্রমণ করেন, আমি তাহায় প্রতীক্ষাহাণ

পুক্রের কথা প্রবণ করিয়া শাস্তম্ কহিলেন, বৰ্ণ আমি যে নিমিত্ত এত উৎকটিত হইরাছি, তাহা কর । আমাদিগের বংশে তুমিই একমাত্র পুত্র, তুমি শাস্তে স্থানিকত ও পুরুষকারিধিশিট হইরাছ । কিছু পুত্র ! মহুব্যের কিছুই চিরস্থায়ী নহে ইহা বড় আক্ষেত্র বিষয় । কারণ যদি তোমার কোন অনিষ্ট ঘটনা হক্ব ভাইলে আমাদিগের কুল নির্মাণ হইবে, সন্দেহ নাই ভূমি একশক্ত পুত্র অপেক্ষাও প্রেষ্ঠ, অতএব আর ক্ব লারপরিগ্রহ করিতে আমার অভিলাব নাই ; কিছু ধ্য

শুহুরা থাকেন,যাঁহার এক পুত্র তিনি অপুত্রমধ্যেই ं । স্বদীর অনিষ্ট শান্তির নিমিত্ত নিরস্তর পর-্নিকট প্রার্থনা করি, তিনি তোমার মঙ্গলবিধান संधिरहांक, खरी धवर निश्नि भाक्ष, किछूड़े বৌড়শাংশেরও তুল্য নহে। তুমি মহাবলপরা-রিদা সশস্ত্র অমর্বপরিপ্রিত; অতএব রণ্কেত্র क কুত্রাপি ভোমার নিধন হউবে না ; কিন্তু বৎস। ক বলিব, আমি ভোমার নিমিত্ত যংপরোনাতি চ হইরাছি, অভঃকরণ কিছুতেই স্থান্তির হয় না, আমি এই অপার ছঃখার্ণবে নিমগ্ল হইয়াছি। াদেৰত্ৰত, রাজার বিষাদকারণ স্বিশেষ পরিজ্ঞাত ণকাল বিবেচনা করিলেন। অনস্তর পিতার उदी कृष সচিবের সরিধানে সহর গমনপূর্বক ° শোকবৃত্তান্ত বর্ণন করিলেন। মল্লিবর কৌরবশ্রেষ্ঠ 🏂 ক ধীবরকুমারী বুতাস্ক,আদ্যোপাস্ত নিবেদন করি-বত্রত নত্তি প্রমুপাৎ সমুদার প্রবণ করিয়া ক্রতিয়গণ াহারে ধীরব-সমীপে গমনপূর্বক পিতার নিমিত্ত ায় কন্যারত প্রার্থনা করিলেন। দাসরাজ রাজ-যথোচিত সমাদর ও অভার্থনা করিয়া বসিতে প্রদান করিলেন। রাজপুত্র আসনে উপবেশন ্ ধীরৰ সমাগতরাজগণ-সমক্ষে কহিলেন, হে ভরত-আপনি বহাবাল শাস্ত্রর কুলপ্রদীপ, আপনার . ল আর দৃষ্টিগোচর হয় না। আপনি বিবেচনা দুখুন, ঈদুশ শ্লাঘা সম্বন্ধ পরিত্যাগ করিলে কোন্ া ছঃখিত হয়; সাক্ষাৎ ইন্দ্রও এ সমন্ধ পরিত্যাগ াারেন না। ষিনি আপনার সমান গুণবান, বাঁহার বর্ণিনী সভাবভীর জীম হয়,তিনি বারম্বার আমার াম পিতার গুণকীর্ত্তনপূর্মক কহিয়াছেন যে,সেই 🌣 শাই সভ্যবভীর পাণিগ্রহণ করিবার উপযুক্ত ্ৰিষ্ পরাশর সতাবভীর নিমিত্ত অতান্ত উৎস্ক ্ৰন, কিন্তু আমি তাঁহার প্রার্থনার সন্মত না 📆 অসিতাল মুনীক্রকে প্রত্যাখ্যান করিয়াছি। ষ্টার পিতা, অতএব একটি কথা বলিব। হে াৰাধ হইতেছে, এই পরিণয় সম্পন্ন হইলে অতি য়ানল প্ৰাঞ্জলিত হইবে; কিন্তু আপনি জুদ্ধ ছব, কি অহুর, কি গদৰ্শ, যে কুলসভূত হউক

না কেন, সমস্ত শত্ৰুগণ অচিরকালমধ্যে পঞ্চ প্রাপ্ত হইবে, সন্দেহ নাই। হে রাজকুমার ! কেবল এইমাত্র দোষ দৃষ্ট হইতেছে, নতুবা এ বিষয়ে আর কোন সংশয় নাই।

পিতৃভক্ত গাম্পের ধীবরবাক্য শ্রবণ করিয়া সমাগত-রাজগণ-সমক্ষে যথাযুক্ত প্রকৃতির করিলেন; হে সতা-বানিন! আমার সভারত শ্বণ কর। আমি নিশ্চয় বলিতেছি, তুমি যাহা কহিবে, অবিকল সেইরূপ কার্য্য করিব। বিনি ইইবি গরে জন্মগ্রহণ করিবেন, তিনি আমা-मिर्गत बाजा इहेर्यन, अनुस्व कालकीवी कहिर्लन, इह ভরতর্বভ! আপনি রাজ্যের হিতার্থে অতিশয় হুম্বর কর্মে প্রবৃত্ত হইয়াছেন, অতএব আপনি ক্যার প্রভু হইলেন, স্থতরাং ইহার দানেও আপনারই সম্পূর্ণ অধিকার হইল ; কিয় আমার একটি কথা এবণ এবং তদমূরপ কার্য্য করিতে হইবে। আপনার নিকট ঈদুশ প্রস্তাব করাতে আমার°নিতান্ত বালকত্ব প্রকাশ পাইবে বটে, তথাপি দলিতান ত্রীয়া জিল্লাসা করিতেছি। তুমি স্তাবতীর নিমিত্ত ভপতিগণ সমকে যেরপ প্রতিজ্ঞা করিয়াছ, তাহা তোমার অনমুরূপ নহে; অতএব আমি তবিবয়ে অণু-মাত্রও সন্দেহ করি না, কিন্তু যিনি তোমার সন্তান হইবেন, তাহার প্রতি আমার অত্যন্ত সন্দেহ হইতেছে। পিতার প্রিয়চিকীর্ব, দেবত্রত ধীবরের অভিসন্ধি জানিয়া তত্তিয় ভূপতিগণ ও ধীবরকে সম্বোধন করিয়া কহিলেন, আমি ইতিপূর্কেই সাত্রাজ্য পরিত্যাগ করিয়াছি এবং অধুনা প্রতিজ্ঞা করিতেছি, অদ্যাবধি ত্রন্সচর্য্য অবলম্বন করিব। আমি অপুত্র হইলেও আমার অক্স অর্গ লাভ হইবে, সন্দেহ নাঁই। দাসরাজ দেবত্রতের প্রতিষ্ঠাবাক্য প্রবণ করিয়া হর্ষে পুলব্দিত হইয়া কছিলেন,"তোমার পিতাকেই কন্যাদান করা কর্ত্তব্য।" অনস্তর দেবতা তে অপ্সরোগণ অন্তরীক হইতৈ রাজকুমারের মন্তকে পুষ্পার্টি করিতে नाशितन, এবং উাহাকে "ভীম" विनिशा সম্বোধন করি-লেন। পিতৃভক্ত ভীন্ন সেই যশস্বিনীকে কহিলেন, মাত:! রথোপরি আংরোইণ করুন; আমরা গুছে গমন कति । अनखत द्रशाद्वांश्वशृक्तिक द्रष्टिनाशूद्वः आश्रमन করিয়া রাজা শাস্তমুকে সমস্ত বৃত্তান্ত নিবেদন করিলেন। রাজগণ সমবেত ও পৃথক্ পৃথক্ হইরা মুক্তকঠে তীহার

এই ছরাছ কার্যোর ভূরি ভূরি প্রশংসা করিতে লাগিলেন, এবং তাঁহাকে ভীয় বলিয়া আহ্বান করিতে লাগিলেন। রাজা শাস্তম্ম ভীমের অসাধারণ ক্ষমতা ও কুজুসাধা ব্যাপারে দৃঢ়তর অধ্যবসায় দর্শনৈ সাতিশয় আনন্দিত হইয়া তাঁহাকে এই বর প্রদান করিলেন, হে মহাম্ম্। ক্ষেছা ব্যতিরেকে তোমার মৃত্যু হইবে না।

একাধিক শত্তম অধ্যায়।

বৈশ্লায়ন কহিলেন, অনস্তৱ রাজা শাস্তমু সেই পরমস্থানরী কামিনীর পাণিগ্রহণ করিয়া তাঁহাকে আপন আলয়ে রাখিলেন। কিয়দিন পরে মহিষা গর্বতী হইলেন। সেই গর্মে রাজার এক পুত্র জন্মে, তাঁছার नाम ठिजान्त । डिनि अमाधात्र धोनक्ति-मन्त्रत, महावल-পরাক্রান্ত ও সর্কাবিষয়ে সর্কোৎকৃষ্ট ছিলেন। অনস্তর বিচিত্রবীর্ঘ্য নামে ভাঁহার অপর একটি পুত্র ভাষাল। মহাবীয়া বিবিজ্ঞীয়া তক্ষণবয়ত্ব লা ছইতেই বাজা মানব-नीना मध्यन कतितन्। भारतस्य वर्गात्वार्श कतितन छीच সতাবতীর মতাধুসারে চিত্রাঙ্গকে রাজ্যে অভিবিক্ত করিলেন। অমিত্রিক্রম চিত্রাক্ষদ স্বীয় বাত্রলে সম্পর রাজমুওর পরাজর করিয়াছিলেন। তিনি শৌর্যাবীর্যো কাহাকেও আপন সদৃশ জ্ঞান করিতেন না। চিত্রাঙ্গদ নামে এক প্রবলপরাক্রান্ত গদক্রিরাজ ছিলেন। তিনি গৈন্য সামস্ত সমভিব্যাহারে স্থরাস্থরবিজয়ী চিত্রাঙ্গকে আক্রমণ করিলেন। কুফক্ষেত্রে সমরানল প্রজ্ঞলিত হইয়া উঠিল। সরস্বতী স্রোতস্বতীর তীরে ক্রমাগত তিন বৎসর তাঁহাদের উভয় পক্ষের খোরতর সংগ্রাম হইরাছিল। অবিশ্রান্ত অন্তবর্ষণে রণকেত্র সমাকুল ও পরস্পার গাত্রবিমর্দে ভুমুল হইয়া উঠিল। মায়াবী গমর্ক মায়া-বলে চিত্রাঙ্গদের প্রাণসংহারপূর্বক স্বর্গমার্গে প্রস্থান করিলেন। সেই অমিততেজাঃ নরেক্র যুদ্ধে নিহত इटेरल खीच खाँशार मम्लाव त्थालकार्वा मण्लामन कतारे-लम এবং অপ্রাপ্তবয়স্ত বিচিত্রবীর্যাকে রাজ্যে অভিবিক্ত क्रित्न । विविद्यवीया रेপजूक मिःशामान अधिक्र इरेना ধর্মশান্ত্র-কুশল ভীমের প্রতি যণোচিত সম্মান প্রদর্শনপূর্ব্বক তাঁহার আদেশামুসারে রাজকার্যা পর্যালোচনা করিতে

লাগিলেন। মহামতি ভীন্নও তাঁহাকে প্রমন্ধ পালন করিতে ক্রটি করিতেন না।

ৰ্যধিক শততম অধ্যায়।

देवभन्त्रायम कहिलम, (इ कोत्रवसमान! নিহত হইলে বিচিত্ৰবীৰ্যোর বাল্যাবস্থায় ভীম নিদেশামুবজী হইরা রাজাশাসক করিতে লা অনস্তর বিচিত্রবীর্যাকে তরণবরক্ষরেথিয়া মহামা তাঁহার বিবাহ দিবার মানস করিলেন ক্রিছেই সমং পতির তিন কন্তা স্বয়ম্বরা হইবেন, এই কথা কর্ণগোচর হইল। মহারথ ভীমা, মাতার অনুমা 'রথারোহণপূর্বক বারাণসী নগরীতে গমন 🐠 🐇 তথায় দেখিলেন,ভূপতিগণ বিবাছার্থী হইরা নানা 🥍 হইতে সেই সময়রসভায় স্মাগত ছইয়াছেন এ কনাারাও উপবিষ্ট আছেন। অন্তর রাধাদিঞ্জী কীর্ত্তিত হইলে ভীম, ভাতার নিমিত্ত স্বরং সেই निगरक **आर्थना क**तिरामन, **এवः ठाँ**हानिगरक तर्प হণ করাইয়া অতি গন্তীরম্বরে মহীপালদিগকে লাগিলেন, কেহ কন্যাকে বিচিত্ৰ বস্ত্ৰালম্বারে আ कतिया धनमानशृक्षक खनवान भारत नर्नेभन करतन क्ट शामिथून अनानभूर्वकः क्नार्क - शाबनाद ैर्द क्ट वा প্রতিজ্ঞাত-ধনদানপুর: সর কন্যা স**প্রা**দান ट्रिक्ट वनश्रुक्तिक विवाह कतित्रा थारकन। किक् किंक्ष्र সন্তাষণে রমণীর মনোরঞ্জনপূর্বক তদীর পার করেন। কেছ প্রসন্তা নারীর পাণিগ্রহণ কেহ বা আর্ধবিধির অনুসারে দার পরিপ্রছ পাকেন। কেহ কেহ কন্যার পিতা মাতাদিগকে व्यर्थ मानभूक्तक विवाह करत्रन। धर्मनाञ्चविम् नी এই अष्टेविध विवाहविधि निर्मिष्ठ कतिबाह्न । উত্তম বিবাহ মধ্যে পরিগণিত। রাজারা স্বর্ত্ত ट्रबंदे अधिक अभारता करतन। अत्राक्तमध्येत्री অপহত কন্যার পাণিগ্রহীতাকে ধর্মবাদীরা ভূমনী ব করিয়াছেন। অতএন এই মহীপালগণ। আমি বঞ্চী ইহাদিগতে অপহরণ করি; তোদ্ধরা বৃদ্ধ অথবা कान छेलात बाता लात, देशिमात्र उक्तात-नाथरनी

কর। আমি যুদ্ধার্থে প্রস্তুত আছি। বারাণসীশ্বর
করানা রাজাদিগকে এই কথা বলিরা, মহাবল ভীর
ক্রানাদিগকে গ্রহণপূর্বক আপন রপে আরোহণ ও
ক্রেক আমন্ত্রণ করিয়া ক্রুতবেগে প্রস্তান করিলেন।
ক্রিক ভূপালগণ কোপে কম্পান্থিত কলেবর হইয়া দশনে
ন দৃঢ়তর নিম্পীড়নপূর্বক বাহ্বাম্ফোটন করিতে
ক্রেন। সকলে বাস্তু হইয়া সত্তর অলঙ্কার উল্লোচন
করচ ধারণ করাতে ব্লাজসভা খোরতর সমাকৃল হইয়া
ল। বর্ম্ম ও আভরণ সকল ইতস্তুতঃ বিকিপ্ত হওয়াতে
য় হইল যেন অস্তুরীক্ষ হইতে তারকা সকল ভূতলে
ভ হইতেছে। প্রবলপরাক্রান্ত বীরপ্রুবেরা নানা
ার অন্ধান্তে স্থাজ্বব-ঘোটক-সংযুক্ত ও স্থাত স্থাক্র
ভ রথে আরোহণপূর্বক আয়্রণ সকল উত্তোলন করিয়া
লনবের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন।

অনম্বর একাকী ভীত্মের সহিত সেই বহুসংখাক বীর-ৰের ঘোরতর সংগ্রাম উপস্থিত ইইল। সেই সমর-রের ভীষণতা দর্শনে গাত্র রোমাঞ্চিত হইতে লাগিল। কেৱা যুগপৎ দশ সহজ্ৰ বাণ তাঁহার প্রতি নিকেপ তে লাগিলেন। কিন্তু ভীম অবলীলাক্রমে সেই সমস্ত কাল প্রচাও শরবর্ষণ ছারা মধ্যস্থলেই শতধা খণ্ড খণ্ড ার। কেলিলেন। যেমন বর্ষাকালের জলদমালা পর্বতো-া মুবলধারে জলবর্ষণ করে, তদ্রপ বিপক্ষেরা চতুর্দ্দিক নৈ করিয়া ভীম্মের উপর অনবরত বাণবর্ষণ করিতে গ্লা। তিনি শরজাল দারা শত্রুবর্গের বাণবর্ষণ অপ-ब्रेंड क बिक्री পরিশেষে তিনটি বাণদারা সকলকে বিদ্ধ তাঁহারাও জ্ঞান্মের প্রতি পাঁচ পাঁচটি শর ক্ষেপ করিলেন। মহাবল ভীম্ম পরাক্রম প্রদর্শন পূর্ব্বক क्षित डाँशिनिगरक इहे इहे वान बाता विक्र कतिरान। নীক্ষ-সংগ্রামের ন্যায় সেই যুদ্ধ 'অক্তিভয়কর ও অস্ত্র-🖷 সমাকুল হইল। মহারথ ভীম পত শত্ত ও সহস্র সহস্র 🕶 । ধহ, ধ্বজাগ্র, বর্ম ও মন্তক চ্ছেদন করিলেন। তাঁহার नाबातन बन्देनश्ना ७ यूक्तस्य आक्रतका नर्गत्न भक-দীমেরাও ভূরি ভূরি ধন্যবাদ করিতে লাগিল।

ুঁঅত্রবিদ্যা-বিশারদ ভীম্ম ক্রমে ক্রমে সকলকে পরাজয় বিমা কন্যাদিগের সমভিব্যাহারে নগরাভিমুখে প্রস্থান করিলেন। পথিমধ্যে মহারথ শাব রাজা, বিজিগীবু হইয়া তাঁহার সলুখীন হউলেন। বেমন কোন বৃথাধিপ মাতল দস্তাঘাত ধারা বারণান্তরের জ্বনদেশ বিদীর্ণ করিয়া মাত-লীর প্রতি বাবমান হয়, তজাপ কামিনীকাম মহাবল-পরাক্রান্ত মহাবাত শাল মহীপতি ঈর্ঘ্যা ও ক্রোধপরবশ ছইয়া ভীন্নকে "তিষ্ঠ তিষ্ঠ" এই কথা বলিলেন। অরাতি-কুলনিহন্তা পুরুষবাান্ত ভীন্ম তাঁহার গর্বিতবাক্য প্রবণ-গোচর করিয়া ক্রোধে ব্যাকুলিত ও বিধুন অগ্নির ন্যায় এ কিল্ড হইয়া উঠিলেন। তিনি অশক্কিত ও অসমুচিত চিত্তে ক্ষত্রধর্ম অবলম্বন পূর্ব্বক ধর্ম্বাণ ধারণ ও ত্রুকুটী-বন্ধন করিয়া তৎক্ষণাৎ রথবেগ সম্বরণ করিতে আজ্ঞা দিলেন। তদশনে অন্যান্য রাজগণ সম্ৎস্ক হইয়া ভীয় ও শাবের সমর-সমারোহ নিরীক্ষণ করিতে লাগিলেন। যেমন কোন গাবীকে লক্ষ্য করিয়া মহাবল ব্রভন্বয় গভীর নিনাদ করত পরস্পারের প্রতি ধাবমান হয়ে তজ্ঞপ, মহাবলপরাকাত সেই বীর্যুগল ক্রোধভরে মহাভ্রুর-পূর্ব্বক তর্জন গর্জন করিতে লাগিলেন। শাবরাফ ভীয়ের প্রতি উপর্গেরি সহস্ত্র সহস্র বাণ বর্ষণ করাতে, শাস্তনব প্রথমতঃ সাভিশয় পীড়িত হইলেন; তদর্শনে তত্ত্রতা ভূপতিগণ বিশায়াবিষ্ট হইয়া শাখরাজের ভূরি ভূরি প্রশংসা ও বারম্বার সাধুবাদ করিতে•লাগিলেন।

শাস্তনব শাধরাজের প্রতি ক্ষত্রিয়গণের সাধ্বাদ শ্রুবণানস্তর কোধভরে 'ভিচ্চু তির্চ' এই কথা বেলিয়া সারথিকে আজা করিলেন, "নেখানে শালরাজ আছে, শীজ
তথায় রথ চালনা কর : আমি অদাই তাহাকে শমনভবনে
প্রেরণ করিব।" অনস্তর মহাবীর ভীয় বারুণাক্ত হারা
শাবেরু রথসংযুক্ত ঘোটকচকুইয় বিনাই কুরিলেন এবং স্বীয়
অল্প হারা সপদ্ধের অল্পশ্র স্কল নিবারণপূর্কক তদীয়
সারথির মন্তক্চেদন করিলেন। পরে প্রক্রাস্ত্র হারা
অপরাপর উত্যোত্তম অশ্বসকলও বিনাই করিলেন। এই
রূপে নূপবরকে পরাজয় করিয়া জীবিতাবস্থায় তাহাকে
পরিত্যাগ করিলেন। রাজা শান্ত প্রাণ পাইয়া স্বীয়
রাজধানী প্রত্যাগমন পূর্কক ধর্মপ্রমাণ রাজ্যশাসন করিতে
লাগিলেন। যে সমন্ত রাজগণ স্বয়্বর দর্শন করিতে আসিয়াছিলেন, তাহারাও স্ব স্বাজ্যে গ্রুমন করিলেন।
তদনস্তর মহাবীর ভীয় জয়লক সেই সকল মন্যারত্ব

লইরা হস্তিনাপুরে প্রস্থান করিলেন। তথার ধর্মান্থা বিচিত্রবীর্য্য রাজা ছিলেন। তিনি স্বীর্ম পিতা নূপোত্তম শাস্তম্বর ন্যার ধর্মান্থসারে রাজ্যশাসন করিতেন। অমিত-বিক্রম গঙ্গান্থত অরাতিকুল সম্লে উন্মূলন পূর্ব্ধক অচিরে নদ, নদী, বন উপবন ও ভ্ধর প্রভৃতি নানা স্থান অতিক্রম করিয়া লাতার নিমিত্ত কাশীশ্বর ছহিতাদিগকে আনর্যন করিলেন। তিনি সেই কামিনীদিগকে রুষার ন্যার, অনুজার ন্যায় এবং ছহিতার ন্যায় পরম্বত্তে আন্যন করিয়া কৌরবগণ সমীপে গমন করিলেন এ১ লাতাকে সম্ভষ্ট করিবার নিমিত্ত বিক্রমান্থত সর্ব্ধগুণ্যুত সেই কন্যাদিগকে যবিষ্ঠ লাতা বিচিত্রবীর্যার হস্তে সম্পূর্ণ করিলেন।

ভীম এই সমস্ত ছরুহকার্য্য সম্পাদনান্তে গোপনে সত্যবতীর সহিত প্রামর্শ স্থির করিয়া ভাতার বিবাহের উদ্যোগ করিতেছেন, এই অবসরে কাশীপতির জোষ্ঠা কন্যা হাসিতে হাসিতে কহিলেন,আমি ইতিপূর্ব্বে মনে মনে শাষরাজকে পতিতে বরণ করিয়াছি এবং তিনিও আমাকে প্রার্থনা করিয়াছেন, আর এবিষয়ে আবার পিতারও সম্পূর্ণ অভিলাষ আছে ; অধিক কি বলিব, আমি সমন্বর সভার মনে মনে মহীপতি শাবের করে করার্পণ করি-রাছি: ইহা বিবেচনা করিয়া আপনার ধর্মত যেরূপ অভিকৃতি হয়, তাহা সম্পাদন ফক্র। ভীম ব্রাহ্মণসমাজে সেই কন্যার এবস্প্রকার উক্তি শ্রবণে সাতিশয় চিস্তাকুল ছইলেন। অমন্তর বেদপালগ ব্রাহ্মণগণের সহিত প্রামর্শ স্থির করিয়া সর্বজ্যেষ্ঠা অম্বাকে স্বেচ্ছামূরণ কার্য্য করি-বার অমুমতি প্রদান করিলেন এবং অম্বিকা ও অম্বালি-কাকে স্বীয় যবিষ্ঠ ভ্ৰাতা বিচিত্ৰবীৰ্য্যের সহিত বিবাহ मिलन । जरूनवराक भवमञ्चलत विविधवीया मारे काश्रिनी-যুগলের পাণিগ্রহণ করিয়া এককালে কুসুমাযুধের অধীন হইলেন। সেই নিবিভূনিত দ্বিনীদ্বয়ের পয়োধন্যুগল পীন, কটিদেশ ক্ষীণ ও নথ সকল রক্তবর্ণ ছিল। ভাঁহাদিগের ঘনবিকৃষ্ণিত শ্রামল কেশপাশে কি অনির্কাচনীয় শোভা হইয়াছিল, তাহা বর্ণনাতীত। তাঁহারা আপনাদিগকে অমুরপভর্তভাগিনী জানিয়া প্রীতিপ্রফুরচিত্তে পতিদেবা করিতে লাগিলেন। অখিনীকুমারসগৃশ রূপবান্, দেবতুল্য পরাক্রমশালী ও প্রমদাজন-মনোহারী ভূপতি বিচিত্রবীর্য্য

মহিনীদিগের সহিত ক্রমাগত সাত বৎসর নির্ভাগ করিয়া যৌবনকালেই বন্ধারোগে আক্রান্ত ক্রীহার বন্ধ্বান্ধবগণ অবিচক্ষণ চিকিংসক দ্বান্ধ পীড়ার নানাপ্রকার প্রতীকার চেটা করিলেন সকলই বিফল হইল। যেমন দিননাথ নিয়াই অন্তাচলে গমন করেন, তক্রপ সেই তক্ষণবয়ন্ধ প্রশামনসদনে গমন করিলেন। ভীম ভ্রান্থশোকে ক্রান্তর ও একান্ত বিষণ্ণ হইয়া ভ্রাতিবর্গ ও ঝা সম্ভিব্যাহারে তাহার প্রেভকার্য্য সমুদার ক্রিলেন।

ত্ৰ্যধিকশততম অধ্যায়।

বৈশস্পায়ন কহিলেন, সভাবতী পুত্রশোকে হইয়া পুত্রবধুদিগের সহিত সম্ভানের প্রেতকার্য্য সা করিলেন। পরে সুষাদিগকে ও ভ্রাভূবংসল নানাপ্রকার প্রবোধবাক্যে সান্ত্রনা করিয়া পদ্মরখ বংশরকার নিমিত্ত সবিশেষ পর্যালোচনাপুর্বক 🕏 কহিলেন, হে মহাভাগ ৷ মহাযশাঃ ধর্মপরায়ণ শান্ত জলপিও প্রদান করে এমন লোক তোমা বাতীত লক্ষা হয়না ; কেবল তুমিই তাঁহার অদিতীয় আশাক তোমাতে ধর্ম অবিচলিতরূপে নিত্য বিরাজমান স্থ ছেন। তুমি ধন্মের যথার্থত বৃধ্ব ও নির্থিলবেশ্বর পারদ্দী। মহর্ষি শুক্র ও অভিবার ন্যায় তোমার নিষ্ঠতা, কুলাচারের অভিজ্ঞতা এবং হরুছ কার্য্যের 🎎 য়সী সহিষ্ণুতা আছে; অতএব হে ধর্মানন্! ফলসিদ্ধির আশায় তোমাকে কোনকার্য্যে নিয়োগ ইচ্ছা করি অগ্রে শ্রুণ করিয়া তৎসম্পাদনে যত্ত্ব হে পুরুষর্যভ! তোমার প্রিয়তম ভ্রাতা পুরুবিহী অকালে পরলো ফ্যাত্রা করিয়াছেন। তাঁহার পরস্কু ও সম্পূৰ্ণ যৌবনৰতী মহিধীশ্বর অভিমাত্ত পূজার্থিনী 🖁 ছেন অতএব আমি অমুমতি করিতেছি, তুমি বংশ্ নিমিত্ত তাঁহাদিগের গর্মে অপত্যোৎপাদন কর; তোমার পরমধর্ম লাভ হইবে,সন্দেহ নাই; একবে 🐍 অভিষক্ত হইরা প্রজাপালনে তৎপর হও এবং দারপ করিয়া পিতার বংশরকা কর।

খ্যা ভীম্ব মাতার ও স্বছার্বরে এবভাকার অমু-इ ख्रवन कतिया छेखत ध्यनान कतिरनन, भाजः ! हुनीशाम थानान कतिशाहन वशार्थ वर्छ, किन्द ্রপাদন বিষয়ে আমি যে প্রতিজ্ঞা করিয়াছি, ে বিশ্বত হইয়াছেন ? আমি দারপরিগ্রহবিষয়ে পনার নিক্ট যে সংকল্প করিয়াছি, তাহা আপনি আছেন, তথাপি আবার একণেও পুনর্বার ণ দৃঢ়তর প্রতিজ্ঞা করিতেছি, শ্রবণ করুন। ্রলোক্য পরিত্যাগ করিতে পারি, ইক্সত্ব পরি-রিতে পারি এবং ইহা অপেকাও যদি কিছু ্বস্ত থাকে ভাহাও পরিভ্যাগ করিভে সম্মত ক্তি কদাচ সভা পরিত্যাগ করিতে পারিব দুপৃথিবী গন্ধ পরিত্যাগ করে, জল যদি মধুর গ্রাগ করে, জ্যোতি: যদি রূপ পরিত্যাগ করে, ষ্পর্শগুণ পরিত্যাগ করে, স্থা যদি প্রভা পরি-্রন, অগ্নি যদি উষ্ণতা পরিত্যাগ করেন, আকাশ ার এণ পরিত্যাগ করে, শীতর্শি যদি শীতাংশুতা 🔞 করেন, ইন্দ্র যদি পরাক্রম পরিত্যাগ করেন নাশজ যদি ধর্ম পরিত্যাগ করেন, তথাপি আমি িশ্বিত্যাগ করিতে পারিব না ।

🐙 🔻 তী, মহাতেজাঃ ভীমের এইরূপ কঠোর প্রতিজ্ঞা 淋 🕆 ইলেন, হে সত্যপরাক্রম। সত্যের প্রতি তোমার 🐠 ্লিত ভক্তি ও বৰ্ষাৰ্থ প্ৰীতি আছে, তাহা আমার 🦤 াহে, এবং তুমি ইচ্ছা করিলে যে স্বীয় তেজ:-্রিতন ত্রিলোকের সৃষ্টি করিতে পার, তাহাও 🌃 ীক্ষ পরিজ্ঞাত আছি, আর তুমি আমার নিমিত্ত শত্য করিয়াছ.তাল্পও বিশ্বত হই নাই, কিন্তু ্ভামাকে আপদ্ধর্ম পর্য্যবেক্ষণ করিয়া পৈতৃক ্ক্ৰীকৰিতে হইবে। হে পরস্তপ! যাহাতে তো-ী মরম্পরা রক্ষা পার, ধর্মের উচ্ছেদ না হয় এবং ্রীণের সন্তোষ জন্মে ভাছার অনুষ্ঠান কর। সভ্য শাকে নিতান্ত কাতর হইয়া এইরূপে নিরন্তর পরিভাপ করিতেছেন এবং পুদ্রের আকাজ্যায় ক্রি ইত অধর্ম্য কার্য্যের অমুষ্ঠানে পুনঃ পুনঃ প্রবর্ত্তনা 🏭 ইন দেখিয়া ধর্মপরায়ণ ভীম কহিলেন, মাতঃ। ্রিড়িতি দৃষ্টিপাত কর; আমাদিগকে বিনষ্ট করিও না; ক্ষতিয়ের সতাভদ অতীব নিন্দনীর; অসতাসদ্ধ ক্ষতিয়ের অধর্মের অবধি থাকে না; অতএব যাহাতে রাজা শাস্তমূর বংশপরম্পরা ধরামগুলে অক্ষররূপে দেদীপামান থাকিবে, তাহার উপায়স্বরূপ সনাতন ক্ষতিয়ধর্ম্ম কীর্ত্তন ক্ষেতেছি, শ্রবণ করুন; আপদ্ধর্ম-কুশল প্রাক্ত পুরোহিতর্গণ সমভিব্যাহারে উক্ত ধর্মানুসারে কার্যারন্ড ক্রিবেন।

চতুরধিকশততম অধ্যায়।

ভীন্ম কহিলেন, যিনি পিতৃবধামর্যে প্রদীপ্ত হইয়া
তীক্ষধার কুঠার দারা হৈহয়াধিপতির প্রাণসঞ্চার করিয়াচিলেন, যিনি মহাবীর্যা কার্ভবীর্য্যের ভূজবনচ্ছেদন করিয়াছিলেন, যিনি শরাসন গ্রহণপূর্বক অনবরত মহাক্স বর্ষণ
করিয়া একবিংশতিবার পৃথীকে নিঃক্ষত্রিয়া করিয়াভিলেন,
এবং জ্বরাতিশোণিত-জলে পিতৃলোকদিগের তর্পণ করিয়াচিলেন, সেই মহর্ষি ক্লামদয়্য পরিশেষে বেদপারগ্, রাক্ষণগণ দারা অপত্রোৎপাদন করাইয়া বিনাশোম্থ ক্ষত্রিয়কুল
পুনর্বার রক্ষা করিয়াছেন।

বেদে এরপ প্রমাণ আছে যে, ক্ষেত্রজসন্তান উৎপন্ন হইলে সেই পুত্র পাণিগ্রহীতারই হইয়া থাকে; এই সনা-তন ধর্ম স্মরণ করিয়া ক্ষতিয়পত্নীরা ব্রাহ্মণগণ-সমীপে অভিগমন করিতেন, এবং ক্ষত্রিয়দিগের পুনর্ভনবিধি লোকেও দৃষ্ট হইতেছে। ক্ষতিয়কুল এইরূপে পুনর্কার বন্ধমূল হইয়াছে। হে রাজি। এই বিষয়ে আর একটি অতি প্রাচীন ইতিহাস আছে, বলিতেছি, শ্রবণ করুন। পূর্বে উত্তথা নামে এক স্থবিখাত মহর্ষি ছিলেন। ডাহার মমতানামী এক সহধর্মিণী ছিলেন। একদা মহর্ষি উতথ্যের যবিষ্ঠ প্রতি। দেবপুরোহিত মহাতেজাঃ বহস্পতি মদনাত্র হট্ট্রা মমতার নিকট উপস্থিত ইইলেন। মমতা দেবরকে সম্বোধন করিয়া কহিলেন, হে মহাভাগ ! আমি তোমার জ্যেষ্ট্রে সহযোগে অন্তর্বন্ধী হইয়াছি, অতএব রমণেচ্ছা সম্বরণ কর। আমার গর্ত্ত উতথাকুমার কুকি-मर्त्यारे विक्रम त्वम व्यवायन कतियां एक । कृमि अपमान রেতা:, এক গর্ডে ছই' জনের সম্ভব নিতান্ত অসম্ভব ; অতএৰ অদ্য এই ছুৰ্ব্যবসায় হইতে নিবৃত্ত হও। বুহুস্পতি

মদনবাণে নিতান্ত আহত ও সাতিশর অধীর হইরাছিলেন,
স্থতরাং স্বীয় চঞ্চলচিতকে কোনক্রমেই স্থির করিতে না
পারিয়া মমডার অসম্বতি থাকিলেও তিনি বলপূর্বক
ভাঁচাতে আস্কু হইলেন।

অনস্তর গর্ত্তস্থ ঋষিকুর্মার বৃহস্পতিকে কামকীড়ায় আস্ত্রু দেখিয়া কহিলেন, ভগবন্! খদনবেগ সম্বরণ করুন। স্বল্পরিসর কুকিতে উভয়ের **সম্ভব অত্যন্ত** অসম্ভব। আমি পূর্বে এই গর্ভে জন্মগ্রহণ করিয়াছি, অত্তব অমোঘরেত:পাত দারা আমাকে পীড়িত ক্রা আপনার নিতান্ত অযোগ্য কর্ম হইতেছে, সন্দেহ নাই। বুহুম্পতি বালকবাকো কর্ণপাতত না করিয়া স্বীয় নিকুষ্ট প্রবৃত্তি চরিতার্থ করিতে লাগিলেন। গর্তত্ব মুনিকুমার বৃহস্পতির এইরূপ অসাধুব্যবহার দর্শনে অসহিষ্ হইরা পাদদারা তদীয় শুক্রের পথ রোধ করিলেন। রেত: প্রবেশ্যার্গ না পাইয়া প্রতিহত হইয়া সহসা ভূতবে পতিত হইল। তরিরীক্ষণে ভগবান্ বৃহস্পতি রোষপরব্ধ হইয়া গ্রুস্থ উত্থানন্দনকে ভৎসনাপূর্বক স্মভিসম্পাত করিলেন, "বেহৈতু সর্বভৃতের অভিলবিত ঈদৃশ সময়ে আমাকে এমন কথা বলিলে এই অপরাধে তুমি বাৰজীবন অন্ধ প্রাপ্ত হইবে।" বৃহস্পতির শাপপ্রভাবে উতথা-তনম্ অন্ধ হইয়া জন্মগ্রহণ করিলেন, তাহাতেই তাঁহার নাম দীৰ্ঘতমা হইল। সেই জন্মান্ধ বেদবিৎ প্ৰাক্ত ঋষি, चीत्र विमान्तत्व धावसीनाज्ञी এक भत्रमञ्जभनावनावजी যুবতী ত্রাহ্ম-।তনরার পাণিগ্রহণ করিয়াছিলেন। পরে তিনি গৌতমপ্রভৃতি কতিপয় স্থবিখ্যাত পুত্র উৎপাদন করিয়া मंहिंस डेडार्थात वश्मतका कतिराना। अनेखत रवमरवमात्र-পারগ ধর্মান্সা দীর্ঘতমা,সৌরভেয়ের নিকট নিধিল গোধর্ম অধ্যয়ন করিয়া নিঃশঙ্কচিত্তে তদাচরণে প্রবৃত্ত হইলেন। অনস্তর তাঁহাকে অধর্মভ্র দেখিয়া তত্ত্তা সমস্ত মহর্ষিগণ ক্রোধান্ধ হইয়া কহিলেন, বে ব্যক্তি স্বীয় ধর্ম পরিজ্যাগ করে, সে স্মামাদিগের আত্রমের নিতান্ত অযোগ্য ; অতএব এই পাপিষ্ঠের সহবাস পরিত্যাগ করাই উচিত। তাঁহারা পরম্পর এইরূপ মন্ত্রণা করিয়া মহর্বি দীর্ঘতসাকে আর সাদরসভাষণ বা তাঁছার সম্ভোষজনক কার্য্য করিতেন না এবং তাঁহার পিত্নীও এক্ষণে পূর্ব্বের ন্যায় সমাদর ও শুশ্রষাদি দ্বারা তদীয় সত্তোষ্থর্দ্ধন করি- তেন না। দীর্ঘতমা পদ্দীর এইরূপ অন্নষ্টপূৰ দর্শনে তাঁহাকে জিজাসা করিলেন, তুরি বি আমার প্রতি বিদ্বেষ প্রদর্শন করিতেছ। প্রছেরী স্বামী ভার্যার ভরণপোষণ ও প্রতিপালন করে তাঁহাকে ভৰ্তা এবং পতি বলিয়া থাকে : জ 🖟 জন্মান্ধ, তাহার কিছুই করিতে পার না, প্রভু তোমার ও দ্দীয় পুত্রগণের চিরকাল ভরণপোষ নিতাম্ব প্রাম্ভ ও একাম্ব পীড়িত হট্টুয়াছি ; অতঞ পর আমি তোমাদিগের আর ভারবহন করিণে না। মহর্ষি পত্নীবাক্য শ্রবণানস্তর ক্রোধাম্বিত হইরা कहित्नन, এই অর্থ গ্রহণ কর; বলবভী অর্থশ্প হা ভোমাকে ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করিতে হইবে। কৃহিলেন, হে বিপ্রেক্ত । তুঃখের নিদানভূত ছং আ আমার অভিলাষ নাই; তোমার যেমন অভিক কর। আমি পূর্বের ন্যায় ভোমার ও ভোমার বর্গের ভরণপোষণ করিতে পারিব না। দীর্ঘ তর मगर्स्तरुन अवन कित्री कहित्नन, आमि পৃথিবীতে এই নিয়ম প্রতিষ্ঠিত করিলাম যে আ যাবজ্জীবন একমাত্র পতির অধীন হইরা করিতে হইবে। পতি জীবিত থাকিতে অৰ্থ थाथ इरेल, नाती यमि शुक्रवास्त्रक्रमा कर्जनी হইলে তিনি অবশাই পতিত হইবেন, সন্দেহ না পতিবিহীন নারীগণের সর্বাপ্রকার সমৃদ্ধি থাকিল ভোগ করিতে পারিবে না। বিষয়ভোগ করিলে ও পরিবাদের পরিদীমা থাকিবে না। ব্রাক্ষরী এই সমুদর বাকা এবণে অভান্ত কুর্শিতা ইইর প্রভৃতি পুত্রগণকে আদেশ করিলেন, ইহার্টে নিক্ষেপ কর। লোভ ও মোহাভিভৃত পাৰাণহা তাঁহাকে উড়ুপে বন্ধনপূর্বক গলার নিক্ষে স্বচ্ছদে গৃহে প্রত্যাগমন করিল। অন্ধ সেই উড়ু লম্বন করিয়া স্রোতে ভাসিতে ভাসিতে নানাদেশ্র করিরা চলিলেন। পরমধার্মিক বলিরাক গলায় করিয়াছিলেন। ' ভিনি ভরকোপরি ভাসমান দীৰী দেখিবামাক্র গ্রহণ করিলেন, এবং আলোপ বুত্তান্ত পরিজ্ঞাত হইয়া তাঁহার নিকট প্রার্থনা 🖟 মহাভাগ ৷ কুপা করিয়া আপনাকে মদীয় পরী

পুত্র উৎপাদন করিতে হইবে। মহাভেলা 🕍 প্ৰাৰ্থনায় সম্মত হইলে পর, রাজা স্বীয় মহিবী 🖣 তাঁহার 'নিকট' প্রেরণ করিলেন। রাজমহিষী 👣 ও বৃদ্ধতম দেখিয়া তাঁহার নিকট গমন করি-িতিনি আপন ধাতেয়িকাকে বৃদ্ধের নিকট শ্বিলেন। ঋষি সেই শূদ্রযোনিতে কাকীবৎপ্রভৃতি পুত্র উৎপাদন করিলেন। অনন্তর রাজা সেই ≰দিগকে অধায়**লা**মুরক্ত অবলোকন করিয়া ঋষিকে े हेहाता व्यामात शूछ। श्रीय कहिरलन, महात्राक ! শ্বীপনার পুত্র নছে; রাজমহিধী আমাকে অন্ধ ও দৈথিয়া অবজ্ঞা করিয়া তাঁহার ধাতেরিকাকে निक्रे त्थात्र करत्रन, चानि त्रहे मूज्रायानिएक িপ্লভৃতি এই একাদশ পুল উৎপাদন করিয়াছি ইহারা আমার পুত্র। তথন রাজা মুনিকে প্রসর নৈৰ্কার মহিষী সংদ্যেখাকে তাঁহার নিকট প্রেরণ । দীর্ঘতমা রাজমহিধীর অঙ্গম্পর্শ করিয়া কহি-ীগামার গর্ভে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, পুণু ও স্থন্ধ এই 🖏 ২ইবে। তাহারা সূর্যোর ন্যায় তেজস্বী হইবে িদিগের অধিকত দেশ সকল অধিকারীর নামা-্ৰেথিত হইবে। অঙ্গের অধিকৃত দেশের নাম 💤 👬 বঙ্গ, কলিঙ্গের কলিঞ্গ, পুডেূর পুঞ্ এবং 🐣 ধিক্লক্ত দেশের নামু হুন্দ হইবে। এইরূপে মহর্ষি ীরা বলিরাজের বংশ বিস্তৃত হ'ইল এবং ব্রাহ্মণ-🖟 পৃথিবীতে ক্ষত্রিয়কুল পুনর্ব্বার বদ্ধমূল হইল। 🚧 এই স্মস্ত শ্রবণ করিলেন, একণে আপনার Pि इस, चक्रशंन करून।

পঞাধিকশততম অধ্যায় I

কহিলেন, মাতঃ ! ভরতবংশ রক্ষার উপায়ান্তর করি, শ্রবণ কর্মন। কোন গুণবান্ ব্রাহ্মণকে কা পরিপৃষ্ট করিয়া গৃহে আহ্বান কর্মন। তিনি ক্রেয়ের ক্ষেত্রে প্রজা উৎপন্ন করিবেন। সত্যবতী বা হইনা সহাস্য আন্যোগদগদস্বরে ভীন্নকে কহি-ক্রাবাহো ! ভূমি যাহা কহিতেছ তাহা যথার্থ বটে, ক্রেম্য ! তোমার বিশ্বাদের নিমিত্ত আমি কোন

কথা কহিতেছি, সবিশেষ অবগত হইয়া কাৰ্য্য করিলে তাহাতে বংশ রক্ষা পাইতে পারে। তুমি ধর্মঞ, ভোমার নিকটে ভাদশ আপদ্ধর্ম কদাচ প্রভাগেয়ে হইবে না। তুমি আমাদের কুলধর্ম, তোমাকে সত্যস্তরণ জ্ঞান করি, তোমা ব্যতীত আমাদের আর কোন গতান্তর নাই। অত-এব আমার বক্তব্য সভাবুতান্ত অগ্রে শ্রবণ কর, অনস্তর যেরূপ বিবেচনা হয়, করিও। আমার পিতার এক খানি তরণী ছিল। তিনি ধর্মার্থী হইয়া বিনাপ্তক্ষে সকলকে সেই নেকাছারা নদী ইত্তীর্ণ করিয়া দিতেন। একদা পিতার আদেশক্রমে লোকদিগকে নদীপার করিবার নিমিত্ত আমি তথার গমন করিয়াছিলাম। তৎকালে আমার যৌবনো-**८उम इरेश्नाहिल । अनुस्त प्रश्**र्व প्राम्त यमूनोनमी छेखीर्ग হইবার নিমিত্ত সেই তরীর নিকট আগমন করিলেন। म्नीज, त्नेकारतार्व शृक्षक नही छेखीर्व स्टेवांत्र नमरत्र আমার রপলাবণো মোহিত ও কামার্ত হইয়া সীম্বপূর্ব मधुत्रवादका आभारक कठ कथारे विलालन এवः अछि ছ্রভ বর দান করিবেন বলিয়া আমার নিকট অঙ্গীকার করিলেন: আমি পিতার তিরস্কার ও মহর্ষির শাপভয়ে ভীত হইয়া তাঁহাকে প্রত্যাখ্যান করিতে অসমর্থা হই লাম। তিনি তপঃপ্রভাবে আমায় বশীভূত এবং চতুর্দ্দিক কুজ্ৰটিকায় আবৃত কৰিয়া দৌকামধ্যেই আপন অভীষ্ট-সিদ্ধি-তৎপর হইলেন। পর্বের আমার স্বাঙ্গ হুইতে হুর্গদ্ধ মৎসাগন্ধ নির্গত হইত, ত্রুকালে মহর্ষি পরাশর 'সেই জুগুপিত গদ্ধের নিরাকরণ পূর্ব্বক আমার শরীরে পর্ম রমণীয় সোগন্ধ সঞ্চারিত করিয়াছিলেন। অনস্তর সেই मूनि आमारक आदिश कतितन, जुमि এই यमूनादीर्भ, शई মোচন कितिया পুনর্কার আপন কন্যকাবছা প্রাপ্ত হইবে। আমি মুনির আজাক্তমে যমুনাদ্দীপে এক পুত্র প্রসব করি-লাম। সেই মহাযোগী পরাশরাত্মজ, দ্বীপে অবৃতীর্ণ হইয়াছিলেন বলিয়া তাঁহার নাম দ্বৈপায়ন হইল; চতু-র্বেদের বিভাগকর্তা ধলিয়া তাঁহার নাম বেদব্যাস হইল এবং অসিতবর্ণ বলিশা তাঁহার নাম কৃষ্ণদৈপায়ন হইল। তিনি ভূমিষ্ঠ হইবামাত্র পিকার সহিত গমন করিলেন। সেই সভাবাদী শমপর মহাতাপদকে অমুরোধ করিলে, ভিনি অবশাই ভ্রাতার ক্ষেত্রে পুত্র উৎপাদন করিবেন। তিনি গমনকালে আমাকে কহিয়াছিলেন, "মাত: ! একটে পড়িলে আমাকে শ্বরণ করিও'' অতএব যদি তোমার মত হয়, তাহা হইলে আমি একলে সেই মহাতপাকে শ্বরণ করি। তুমি অক্মতি করিলে তিনি বিচিত্রবীর্য্যের কেত্রে অপত্যোৎপাদন করিবেন, সন্দেহ নাই। তীম মহর্ষি ব্যাসদেবের নাম শ্রবণ করিয়া ক্রতাঞ্জলিপটে নিবেদন করিলেন, বে ব্যক্তি ধর্মা, অর্থ ও কাম এই ত্রিবর্গের প্রতি দৃষ্টি রাখিয়া এবং বৃদ্ধিভারা ধর্মা ও ধর্মামুবন্ধ, অর্থ ও অর্থান্থবন্ধ এবং কাম ও কামানুবন্ধ পর্যাহেলাচনা করিমা কার্যে প্রবৃত্ত হয়েন, তিনিই ব্ণাপত্তি মানি; আপনি ব্যাক্ষণ অন্থাতি করিতেছে, হহা ধর্মাযুক্ত, মঙ্গলাম্পদ এবং আমাদিগের ক্লোক্সম হিস্কের বটে; অতএব এ বিষয়ে আমার সম্পর্ণ মত আছে।

র সভ্যবতী হৈপায়নকে শ্বরণ করিলেন। বেদ-ুণিতা ভগবান ব্যাস, জননী শ্বরণ করিয়াছেন জানিয়া, তংক্রণ, অবিদিতরপে আবিভুত হইলেন। সতারতী वह निवत्त्रत्र शत् शृद्धमुथ निद्रीक्रण कतिया यथाविधि नवान ও বাহুযুগল দারা আলিকনপূর্বক সেহনিঃস্থত জনাছ্য দারা তাঁহাকে অভিষিক্ত করিলেন এবং অধিরল বিগলিত ञानसमिति जमीत समत्र भाविक इटेट नांगिन। महर्वि ব্যাসও হ:খিত জননীকে নয়নজলে অভিবিক্ত করিয়া প্রণিপাত পুরঃসর নিবেদন ভ্রিলেন, ভগবতি। আপনার অভিপ্রেত কার্য্য সাধনের নিমিত্ত আমি আসিয়াছি; এক্ষণে অমুমতি করুন, কি প্রিয়কার্য্য অমুষ্ঠান করিতে হইবে? তদনম্বর পুরোহিত আসিয়া মজোচ্চারণপূর্বাক महिंदि यथाविधि नगर्गा नमाधान क्रिट्टन । श्रविद शृका গ্রহণ করিলেন। ব্যাদদেব পুজিত হইরা প্রীতমনে আদনে উপবেশন করিলে, সভাবতী তদীয় কুশলবার্তা জিঞাসা করিয়া কহিলেন, বংস। পুলে, পিতামাতা উভরেরই সাধার্ণ ধন ; পুত্রের প্রতি পিতার বেরূপ প্রভুত্ব,মাতারও তদপেকা নান নহে। তুমি আমাৰ জ্যেষ্ঠ পুজ, বিচিত্ৰবীৰ্য্য কনিষ্ঠ। ভীম বেৰন পিতৃস্বদ্ধে বিচিত্ৰবীৰ্য্যের ল্রাভা, তুমিও তজ্ঞপ মাভূসম্বন্ধে তাহার ভ্রাতা। পতাসন্ধী ভীম প্রতিজ্ঞা করিয়াছেন, তিনি দারপরিগ্রহ ও রাজাশাসন করিবেন না। অতএব হে অনম। তীম এবং আমি তোমাকে কোন বিষয়ে নিয়োগ করিতেছি; বলি ভূমি শ্রাতার প্রতি অমুকূল ও পৃথিবীস্থ সমস্ত প্রাণিগণের প্রতি

দয়াবান্ ইইয়া আমাদিগের বংশরকার্থ সেই বিশ্বনা কর, ভাহা ইইলে অতীব প্রীত হই; শাং সম্পানা তোমার লাভ্জায়ারা সাভিদ্র প্রাথিকী ছেন, তুমি তাঁহাদিগের গর্ডে অমুরূপ পুত্র করিয়া তাঁহাদিগের মনোরথ সিদ্ধ কর। বাাসদের লেন, হে প্রাক্তে! তুমি বিশেষরূপে সর্ক্রাপ্ত আছ এবং প্রের প্রতি ভোমার প্রক্রাপ রিজ্ঞাত আছ এবং প্রের প্রতি ভোমার প্রক্রি কার্য্য ধর্মমূলক বিবেচনা করিয়া আমি ভদম্ছার লি ইলাম। আমি নিশ্চয় বলিভেছি, লাভার কেরে বরুণ সদৃশ পুত্র উৎপাদন করিব। সম্প্রতি দেবী লি সরকাল নিয়মীত্রত হইয়া আমার নির্দিষ্ট ব্রে প্রক্রন। ভাহা ইইলে তাঁহারা পবিত্র ইইনে প্রতি বর্ত্তিভা অপবিত্র রমণী কদাপি আমায় স্পর্শ ব্রত্বিজ্ঞিতা অপবিত্র রমণী কদাপি আমায় স্পর্শ প্রতিবে না।

मलावजी कहिल्लम, वर्म । याहारज दमवीन কালমধ্যে গর্ত্তিতী হয়েন, এরপ অহুষ্ঠান কর জনপদ অৱাজক হইলে প্রজাম ওলী অনাথা খ হইবে, স্থতরাং তাহার সঙ্গে সংক্ষেই ধর্মা জি বিনষ্ট ছইবে। তাহা হইলে যজাংশভাগী দেবপ্র তল্তি ও পথিবীতে পর্যাপ্ত পরিমার্থে বারিবর্থ সম্ভাবিত হইবে। ফলতঃ অভ্যানক বাস্প্রান করা কাহারও সাধ্য নহে। অতএব হে পুত্র! লছে ইহাঁর গর্ঝাধান কর। অনস্তর ভীম তাহ (बक्रम कदिर्यन। यात्रामद कहिरलन, यनि सार्थ বধ, পরমত্রতশ্বরূপ আমার বিরূপতা সহ্য করিছে তাহ। इटेल আমি अकालिक शूल थानान कति। कोमला। आभाव विकडेमुर्छि, ख्यानक द्वम छ সহ্য করিতে পারেন, তাহা ছইলে তিনি আদাৰ इटेरवन। जगवाने वाम मजावजीरक अंटे धकार निमा এবং কৌশলা। छंहि वळ পরিধান ও রমণী। সমাধানপূর্কক শরনাগারে আমার প্রতীকা ক आका कतिया अवर्डिक इटेटनन।

অনস্থর সভাবতী নির্জননিবাসিনী প্রবং গমন করিয়া কছিলেন, বংসে কৌশল্যে! পর ধশোগদেশ প্রদান করি, শ্রবণ কর ; সামার মুর্জ ইয়াছি ভাষা বলিতে পারি না এবং ভোষার
া সাভিশর বিষণ্ণ হইয়াছেন, সন্দেহ নাই।
াীয় আমাদিগকে ছ:খিত ও বিষাদসাগরে নিমগ্র
দিয়াছেন, ভাষা ভোমারই অধীন; অতএব
ম সেই ভীম্মনির্দিষ্ট যুক্তির অন্থবর্তিনী হইয়া
ধ ভরতবংশের পুনরুদ্ধার কর। বংসে! তুমি
গুল প্রত্র প্রস্ব করিবে, তিনিই আমাদিগের
গ্রহণ করিবেন। সভ্যবতী এবস্থিধ নানাপ্রকার
ক্য বছপ্রেমনের সেই ধ্যাপরারণা ভামিনীর মন
ারাজাণ, অভিথি ও দেবর্ষিপ্রভৃতিকে ভোজন

ষড়ধিকশতত্ম অধ্যায়।

াশীয়ন কহিলেন, তদনস্তর সত্যবতী ঋতৃসাতা . 🦠 গ্পাকালে শয্যায় শয়ন করাইরা মুহস্বরে কহিতে বংসে! ভোমার এক দেবর আছেন, অন্য র তিনি ভোগার নিকট আগমন করিবেন; িঃমি অপ্রমন্তা হইয়া দেবরের আগমনকাল ्कक्र- अधिका न्यक्षत्र निरम्भवर्खिनी इट्रेग्रा িংট্রীয় শ্বাায় শরন করিয়া ভীন্ন ও অন্যান্য কৌরব-্রী করিতে লাগিলেন। এই সময়ে ভগবান্ ্ষুত্র সভ্য প্রতিপালনার্থ প্রথমতঃ অধিকার ं ब्लादिण कतिरामन । छनीत्र वाज्यवन व्यक्तीश ্ 🎋 আলোকষর हिंत। অধিকা সেই কৃঞ্চবর্ণ ্ৰিজ্বল নয়নযুগল, পিল্লবৰ্ণ জটাভার, বিশাল 🎏 অতি ভর্তম আকার নিরীকণে ভীত ও क्षेत्र्या निकाम निन्नी निष्ण कतिरलम् । यात्रात्रस्य ্ত্রীষার্থে তাঁহার সহবাস করিলেন। অবিকা ্ । প্ৰরের প্রতি দৃষ্টিপাত করিতে পারিলেম না। গায়নের বহির্গমন সময়ে তাঁহার মাতা জিজ্ঞাসা क्रियन देनि चनवान भूख धनव कतिरवन ? িন-সম্পন্ন ভগবান ব্যাস মাতৃবাক্য প্রবণ করিয়া 🥍 ্রিন অলোকিক ধীশক্তিসম্পন্ন, অযুতনাগেল্র-

मृग वनवान, अविदान, महावीर्या, महाणांग, शूल अनव করিবেন, এবং দেই মহাত্মার একশত পুত্র হইবে ; কিন্তু ভিনি স্বয়ং মাত্দোষে জন্মান্ধ হইবেন। সভাবভী পুজের কথা শ্রবণ করিয়া কহিলেন, হে তপোধন। অন্ধ নুপতি কুক্ষৰংশের অনমুরূপ; অতএব এমন আর একটি পুত্র প্রদান কর, বাহাঘারা বংশরকা ও রাজ্যের মঙ্গল হইতে পারে। ব্যাসদেব 'ভথান্ত" বলিরা স্বস্থানে প্রস্থান করি-বেন। অনস্তর অধিকা যথাকালে এক অন্ধ পুদ্রপ্রস্ব করি লেন। সভাবতী শুদ্রবধুর নিকট সমস্ত রুত্তান্ত অবগত করিয়া পুনর্কার ব্যাসদেবকে আহ্বান করিলেন। তিনি পূর্ব্বের ন্যায় অতি ভয়ত্বর মূর্ত্তি ধারণপূর্বেক আবিভূতি হইয়া জন-নীর নিয়োগক্রমে অম্বালিকার নিকট আগমন করিলেন। রাজমহিবী দ্বৈপায়নের সেই অদৃষ্টপূর্ব্ব ভীষণ মৃত্তি সন্দর্শনে ভীতা ও পাভুবর্ণা হইলেন। সভাবতীপুত্র অম্বালিকাকে বিষয়া ও বিবর্ণা দেখিয়া কহিলেন, "ভত্তে! তুমি আমার বিরূপত্ব সন্দর্শনে পাঞ্বর্ণা হইরাছ,অতএব তোমার পুত্রও পাভুবৰ্ণ হইবে এবং তাহার নাম পাভু হইবে।" মহর্ষি এই কথা ৰলিয়া বহিৰ্গমন করেন, ইত্যবসরে সভাবতী जानिया भूजवृङ्ख किकांना कतित्व वर्गनत्तव कहित्वन, পুত্রটি পাঞুবর্ণ হইবে এবং ভাহার নাম পাঞু হইবে। ইহা শ্রবণ করিয়া সভাবতী পুনর্কার অপর সর্কাঙ্গস্থদর পুত্র প্রার্থনা করিলেন। মছর্বি "তথাস্ত" বলিয়া মাতাকে আঁখাস अनानशृक्षक चरात अशानै कतिता। अशानिका यथा-কালে পরমন্থনার পাণ্ডুবর্ণ এক পুত্র প্রসব করিলেন। সেই পাণ্ডুর যুধিষ্ঠিরাদি পাঁচ পুত্র জন্মে। অনস্তর জ্যেষ্ঠা বধুর পুনর্কার ঝতুকাল উপস্থিত হইলে হৈপায়নের সহযোগ করিবার নিমিত্ত সতাবতী তাঁহাকে আদেশ করিলেন। কিন্তু অধিকা পৰিব মূৰ্ত্তি ও উগ্ৰগন্ধ চিন্তা করিয়া অত্যস্ত ভীত হইরা খুশ্রর আজার সন্মত হইলেন না। অনস্তর তিনি অপরোপনা এক দাসীকে স্বীয় অলহারছারা বিভূ-ষিত করিরা ঋষির নিকট প্রেরণ করিলেন। দাসী ধ্বির নিকট গর্মন ও তাঁহাকে অভিবাদন পূর্বক ভদীয় আজা প্রাপ্ত হইয়া "পরমভক্তিসহকারে তাঁহার ওঞাষা করিতে লাগিলেন। মহর্ষি তাঁহার সহযোগে। পরমগ্রীত হইয়া গাতোথানপূৰ্বক কহিলেন, হে ভভে ! ু " কুনি मामप्रमुखन रहेरक मुक रहेरवं अवर किं। मात्र गईकार পুত্র অসাধারণ বৃদ্ধিমান্ ও পরম ধার্মিক হইবে।" সেই
দাসীগর্ত্ত বৈপায়নাম্মজ বিত্র নামে বিখ্যাত হইলেন।
তিনি গুতরাই ও মহাত্মা পাঞ্র ভ্রাতা। মহাতপা মাওবা
ম্নির শাপে ধর্মাজ বিত্রক্পী হইয়া শ্দার গর্বে অবতীর্ণ হইয়াছিলেন। মহর্ষি দৈপায়ন স্বীর প্রলম্ভ ও শ্দার
প্রজ্জমবৃত্তান্ত সভাবতীকে নিবেদন করিয়া ধর্মের নিকট
অব্দী হইয়া তৎক্রণাং অন্তর্হিত হইলেন। এইরপে
দৈপায়নের ঔরসে ও বিচিত্রবীর্যাের ক্ষেত্রে গুতরাই, প্রভু

'সপ্তাধিকশততম অধ্যায়।

জনমেজয় জিজাসা করিলেন, ভগবন ! ধর্মরাজ কি ছ্ফর্ম করিয়াছিলেন যে, তিনি শাপগ্রস্ত হইলেন এবং কোন ত্রন্ধরির শাপেই বা তিনি শূদ্রবোনি প্রাপ্ত হইলেন। देवनम्भायन कहित्नन, महाताक ! अवन कक्रन । माख्वानात्म এক সতাবাদী, জিতেক্রিয়, তপোনিরত, পরমধার্মিক, ব্রাহ্মণ ছিলেন। সেই মৌনব্রতাবলম্বী, মহাতপা, আশ্রমের দারদেশন্থ বৃক্ষমূলে উপবেশনপূর্ব্বক উর্দ্ধবাত হইয়া যোগা-ভ্যাস করিতেন। এইরূপে বহুকাল অভীত হইলে এক দিবস,লোগু হারী কতিপয় দম্মা মাণ্ডব্যের আশ্রমে প্রবিষ্ট হইব। তন্ধরেরা নগরপালদিগের ভয়ে ভীত হইরা তথায় ত্তের ধন লুকায়িত করিয়া প্রচ্ছরভাবে অবস্থিতি করিতে লাগিল। অনস্তর অহুগামী নগরপাল সকল তথায় উপস্থিত रहेशा श्रीतिक दमिशा जिल्लामा कतिन, पर विल्लाखम ! তর্মরেরা কোন পথ দিয়া পলায়ন করিয়াছে, শীঘ্র সাক্ষা করুন, আমরা সৈই দিকে তাহাদিগের অস্বেবণ করি। ঋষি মোনব্রতাবলম্বী ছিলেন, স্বতরাং ভাল মন্দ কিছুই বলিলেন না। . অনন্তর রাজপুরুষেরা ইতন্ততঃ অয়েষণ করিতে করিতে লুকায়িত তেয় ধন আশ্রমে দেখিতে পাইল। তথন ঋষির প্রতি তাহাদিগের বিলক্ষণ সন্দেহ হওয়াতে তাহারা সেই ঋষিকে ও দম্বাদলকৈ ক্লুক করিয়া রাজগোচরে আনয়ন করিল। রাজা নগরপালদিগের মুখে শমস্ত বৃত্তান্ত অবগত হইয়া ঋষি ও তম্বরগণের প্রাণ্বধ-রপ দগুবিধান করিলেন। রাজপুক্ষেরা আজা পাইবামাত্র তপোধনকে শ্লে আরোপিত করিয়া স্বতধন গ্রহণপূর্কক

তথন পাণ্ডবেরা তাহার দ্রথার্থ পরিচর হইয়া প্নর্বার নিজ রাজধানীতে প্রত্যাগমন করিয়া জোণবারিধানে এই অভ্ত র্ণ্ডান্ত আদ্যোপান্ত সমুদ্দর নিবেদশ করিলেন। তংপরে কুন্তীনন্দন অজ্জ্ন বিনীত্বচনে নির্জ্জনে জেনিকে কহিলেন, গুরো! আপনি অসীকার করিয়াছিলেন য়ে, তোমা অংশক্ষা আনার অন্য কোন শিষ্যই উৎকৃত্ত হইবে না, কিন্তু এক্ষণে তাহার অন্যথা দেখা যাইতেছে। নিষা-দাধিপতির পুত্র মহাবল একলব্য আপনার এক শিষ্য, সে ধয়ুর্কেদে আমা অংশকাণ্ড সমধিক উৎকর্ষ লাভ করি-রাছে। তথন অর্জুন মুখ্ এই স্বাদ শ্রবণ ক্রিয়া জাণ মুর্কেল চিন্তা করিয়া ইহার বিশেষ কারণ

जित्राहाटत अत्रना-धारताम जेनशिष्ठ रहेत्रा प्रिथितन. क्रोि तिशाती, मिन्यकत्त्वत्त्र, नियान-तांकक्मात अकनवा খরাসন আকর্ষণ করিয়া বারখার বাণ বর্ষণ করিতেছে। এই অবসরে দ্রোণ তাহার সন্থীন হইলেন। সে সহসা দ্রোণকে সমাগত দেখিয়া তাঁহার প্রত্যুদ্যমন ও পাদ-बक्तनश्रद्धक जामनाटक छाँहात्र भिता विनता शतिहत्र मिन, এবং বিধানাসুসারে তাঁহার পূজা ও উপবেশনার্থ আসন প্রদান করিয়া ক্লভাঞ্জলিপুটে সন্মুখে দণ্ডারমান বহিল। তথন জ্রোণ কহিলেন, হে বীর ! যদি তুমি বথার্থ ই আমার मिका इरेत्रां थांक, उत्व अकरण खक्रमिक्णा खानाम कर। ভাছা শুনিয়া একলবা প্রীতবাক্যে কহিল, ভগবন ! গুরুকে व्यामत्र किछूरे नारे, अकल किता मिकना व्याहतन कतित. षाका करून। उथन त्यांग कहित्तन, तह बीत। यनि সন্ধত হইরা থাক, তবে দক্ষিণ হস্তের একটি অসুলি ছেদন করির্দ্ধ দক্ষিণাস্থরূপ আমাকে সম্প্রদান কর। সভ্যবাক্ এক-लवा ट्याप्तत अरेक्षभ निमाक्ष्य वाका अवग कविता ज्ञाभनात প্রতিজ্ঞা প্রতিপালনার্থে প্রফুল্লম্নে ও হাইবদনে দক্ষিণ হত্তের অসুষ্ঠ ভেদন করিয়া অসমুচিতচিত্তে তংক্ষণাৎ গুরু-দক্ষিণা প্রদান ব্যরিল। তৎপরে অপর অঙ্গুলী স্বারা শরকেপ कतिया (पश्चित, भूकी(भक्का भटतत त्रभूत) हाम हरेबाटह ।

অর্কুন এইরূপ অন্ত ব্যাপার অবলোকন করিয়া অতিশন্ন প্রীত ও প্রসন্ন হইলেন। তথন তাঁহার অপকর্ষ-বিষয়ক জাশকা ভিরোহিত হুইল। এই ধরাধামে অর্জুনকে কেছই পরাভব করিতে পারিবেক না, ভোণাচার্য্যের এই व्यक्नीकात्र वाकाः ७ तका इटेल। त्कास्प्रतात्रण इत्साधन ও ভীম এই উভয়ে জোণের নিকটে গদাবৃদ্ধ অভ্যাস করিতেন " মুখখামা সর্ক রহস্যে পারদর্শী হইরা অপেকা-कृष्ठ . उर्दक्ष वाज कतिशाहित्वन । नकृष ७ महत्त्व ইইারা অসিচ্য্যায় কৃশলী ইইলেন। ঋ ধর্মরাজ যুখিটির क्क छेदक्के त्रशी इंदेलन। अर्ज्जून वृद्धिरवार्श, रन ७ छेरमार्ट अहे ममागदा पृथिवीयर्था धार्याण इहेरनन; वर्द्धनरे बाहारी जात्वत अछि बनाशासन बसूतान अमर्गन করিতেন এবং অর্কুনই সমাগত রাজকুমারদিগের মধ্যে व्यविकीय श्रम्भंत रहेया छेठित्यनः। छत्राचा शार्खतारहेता বলাধিক জীমদেন ও কভবিদ্য অর্জুনকে দেখিয়া নিতাত্ত क्रेशां भवतम रहेन।

একদা দ্রোণাচার্য্য শিষাগণের অন্তশিক্ষার শাস কুমারগণের অসমকে শিল্লিছারা একটি কুলিক পক্ষী নির্মাণ করাইরা বুক্ষের অগ্রশাখরে আরোশিক ক্র লেন। পরে সমবেত রাজকুমারদিগকে সম্বোধন করি: কহিলেন, হে রাজপুত্রগণ! সকলে শীন্ত শলাসলে শ সন্ধান করিয়া আমার আদেশবাক্য অপেকা করিয়া আন আমি তোমাদিগকে একে একে নিয়োগ করিতেছিঃ, আই ৰাক্য অবসান না হইতে হইতেই ঐ লক্ষ্যে শিল্পে করিয়া ভূতলে পাতিত কর, এই বলিয়া ফ্রোণ আইখন ধর্মরাজ বুধিষ্ঠিরকে আদেশ করিলেন, ছে ছর্ম্মর 🎉 🐞 শরসন্ধান করিয়া বাক্যের সমকালে বাণ ত্যাগ করা 🐯 যুধিষ্ঠির জোণের নিদেশামুসারে ধরু: গ্রহণপূর্বক দাক্ষ্য উদ্দেশ করিয়া দণ্ডায়মান রহিলেন। তৎপ**রে জাচা र्जा**ण कुक्रनसम् य्थिष्ठितरक मृङ्क्षकालभरका कहिरल्ला क्रा বৃক্ষের শিথরদেশে ঐ শকুন্তকে নিরীক্ষণ কর। । প্রভাতর করিলেন, হাঁ আমি দেখিতেছি। প্রোণ প্রা कहिरानन (इ धर्मेननान । जूनि এहे तुक्ता का আপন ভ্রাতৃগণকে দেখিতেছ? যুধিষ্ঠির উত্তর্থ করি ভগবন্! আমি এই রক্ষকে, আপনাকে, ভাতি বৃক্ষান্থত পক্ষীকে বারস্থার নিরীক্ষণ করিতেটি 🙀 🙀 एकान अर्थमञ्चमत्त यूधिकेत्रत्क कहित्तम, जूमि **बह**्ण বিদ্ধ করিতে পারিবে না, এস্থান হৈইতে অপস্ত্র 🐙 এইরণে ব্ধিষ্টিরকে তিরস্কার করিয়া ভোগ ধুরু হুর্য্যোধন প্রভৃতি সকলকেই পর্য্যায়ক্রমে পূর্ব্বোক্ত जिकामा कतितान, किन्न तकहरे **डां**शात मतानक धान कतिए भावित्वन ना विविधा नकत्वहै रुरेलन।

ত্রুম্বিংশদ্ধিক শত্তম অধ্যায় 🚶

বৈশিপায়ন কহিলেন, মহারাজ! অনুজ্ঞান্ত হাজমুথে অর্জুনকে কহিলেন, বংগ! এই বাকেন কেই এই লক্ষ্য বিশ্ব করিতে হইবে, অতএব প্রায়ে রোপণপূর্কক মুহুর্তকাল অপেকা কর। আমার্ক্ত বুলান না হইতে হইতে তুনি এই লফ্ষ্য অনুক্ষে অর্জুন শুকুবাক্যান্ত্রাবে শ্রাস্থ্যে শ্রস্কান

খ্রান্থ পক্ষীকে লক্ষ্য করিয়া রহিলেন। তথন জোগ कियर्था शृर्कीक थकारत व्यक्तिक किवाना ম, বংস! পৃক্ষকে, বৃক্ষস্থ পক্ষীকে, আমাকে বা াকৈ নিরীকণ করিতেছ ? তাহা শুনিয়া অর্জুন क्रं क्रिलिन, छशदन्! आमि त्रक वा जाननारक শ করিতেছি না, কেবল শকুস্তকে অবলোকন १ছि। অনন্তর জোণ প্রীতমনে পুনর্কার জিজাসি-বংস! শকুস্তকে সমাক্রপে নিরীক্ষণ করিতেছ ? প্রভাত্তর করিলেন, "না" আমি শকুন্তের অবশিষ্ট ा किছूरे अवलाकम कतिराउछि ना, तकवन छेशांत्र া দেখিতেছি। তথন লোণাচার্য্য অজ্জুনের এইরূপ इती पर्नात महारे इरेशां कहित्वन, वर्म ! ज्राव नका র, এই কথা বলিবামাত্র অর্জুন কিছুমাত্র বিবেচনা ারা লক্ষ্যে অন্তক্ষেপ করিলেন এবং বৃক্ষশিধরস্থিত যুর্জ্নের থরধার অস্ত্রারা ছিল্লমন্ডক হইরা ভূতবে 🕏 হইল। তাদৃশ অস্থারণ কর্ম সমাধানাকে শব্দুনকে আলিদন করিয়। ক্রপদ রাজাকে সংগ্রামে 🐃 🛢 कतियां हि वितियां मानित्तन।

ি মংকাল অতীত হইলে একদা শিষাগণ-সম্ভি-া জোণ লানার্থ ভাগীর্থীর উপকূলে গমন করি-👫 িতথায় সমুপস্থিত হটয়া অবগাহনপূর্বক স্থান ্চেন, এই অবসরে এব ভয়ম্বর কুম্ভীর কালপ্রেরিত 🏗 দ্রোণের জজ্যাদেশ গ্রহণ করিল। তিনি স্ববীর্যা-🐸 । কুজীরহস্ত হইতে জজ্যা মোচন করিয়া আত্মরক্ষা পারিত্রেন, কিন্তু তিনি তাহা না করিয়া পরীকার্থে গকে সমন্ত্রমে আদেশ হ্রিলেন, হে শিষ্যগণ! া কুন্ডীর বিনাশ করিরী জাঘাকে পরিতাণ কর। चारमण व्याशियारकारे व्यक्तियात पर श्रवधात ं পর বারা জলমগ্র কুজীরুকে প্রহার করিলেন এবং াৰ সম্ভ রাজকুমার ইতিকর্জবার্ডাবিমূট হইরা যথা-্টিতার্পিতের ন্যার দণ্ডারমান রহিলেন। তথন াৰ্য্য অৰ্জুনকে কৃতকাৰ্য্য দেখিলা অভিশন্ন সম্ভট र धवर भिषामश्रमीमस्या छाहारकहे मर्स्वारकहे 🧺 हा कत्रित्व।

্রেষ্টার, অর্ক্তানর শরপ্রহারে থওকলেবর হইরা গের কজ্বা পরিত্যাগপূর্কক পঞ্চ প্রাপ্ত হইল। অনস্তর

ভারদ্বান্ধ দ্রোণ, মহারথ অর্জ্জুনকে কহিলেন, হে মহাবাহো! আমি প্ররোগ ও সংহার সহিত ব্রহ্মশিরা নামে এই অনিবার্যা অস্ত্র প্রদান করিতেছি, তৃমি গ্রহণ কর, কিন্তু বংদ। মহুষ্যের প্রতি ইহা কদাচ প্রয়োগ করিও না, কারণ অল্পতেজক মহুষ্যে নিক্ষিপ্ত হইলে ইহা নিশ্চয়ই এই চরাচর বিশ্বকে ভস্মগাৎ করিবে; এই অস্ত্র সামান্য অস্ত্র নহে, অতএব সাবধানে এই, অস্ত্র ধারণ কর। দেখিও আদ্রি বাহা কহিলাম, বেন তাহার অন্যথা না হয়। হে বীর ! বিদি কোন দ্রুমাহুদ্দ শক্ত সংগ্রামে সহসা তোমাকে আক্রমণ করে, তাহার সংহারার্থে তৎকালে তৃমি এই ব্রহ্মশিরা অন্ত্র প্রয়োগ করিবে। অর্জুন তাহাই হইবে বিলাগ ভাহার বাক্য স্থাকার করিবা ক্রতাঞ্জলিপুটে দিব্যান্ত্র গ্রহণ করিলেন। তথন আচার্যা দ্রোণ পুনর্ব্বার কহিলেন, বংস! এই জীবলোকে ভোমার তৃলা ধন্থর্ধর আর কেহই জ্বিবে না।

চতুব্লিংশদধিক শততম অধ্যায়।

বৈশশায়ন কহিলেন, মহারাজ ৷ এইরূপে ধৃতরাষ্ট্রা-অঙ্কগণ ও পাওবেরা অন্ত্রশিক্ষা করিলে একদা স্কোণ, রূপ, त्राममञ्ज, वास्नीक, जोश, खाम ও विष्ट्रतत्र मित्रधारम ধুতরাষ্ট্রকে কহিলেন, মহারার্জ ! কুমারেরা সকলেই ধুরু-কেনে কৃতবিদা হইয়াছেন্। অতুমতি হইলে অৰপন ज्ञानन ज्ञञ्जनिकात পরিচয় দেয়?। ধৃতরাষ্ট্র র্জোণবাক্যে পরম পরিভৃষ্ট হুইরা কহিলেন, হে বিজ্ঞেষ্ঠ ভারবাজ ! व्यापनि व्यामानिरगत এक महर कर्ष में भन कतिरम्न। মহাশর ৽ এ সময় অল্পেকাদর্শনবিধারিই। বুরুভ্মি যে ञ्चारन (य क्षकारत निर्माण कता आवनाक (वी करत्रन, তাহা আজ্ঞা কক্ষ্ম কলাচ আপনকার আদেশের অনাই इटेटव ना। आके जामांत्र जक्क जानिवक्क निर्द्शतम् जिन्य र्केन। आपि अस्, यांश रेडेक क्र्यादाता (य नकन हर्क्-শ্বান ব্যক্তিদিগের সমকে আপন আপন অন্তশিকার সহি-শেষ প্রিচয় প্রদান করিবে, আমি তাহাদের সারিধ্যশাভের একার অভিলাব ক/ি, এই ব্লিয়া মহারাজ বৃতরাষ্ট্র সন্মুখোপনিট বিছ্রকে কহিলেন, হে ধর্মৰৎসলঃ! জাতার্যা জোণ আমাদিগের মহোপকার সাধন করিয়াছেন। একণে

বাহ। আদেশ করেন, তুমি সত্তর হইয়া অবিলম্বে তাহা
সম্পাদন কর। বিত্র রাজ্বাক্তা শিরোধার্যা করিয়া কর্ত্তরা
হাটানে প্রস্থান করিলেন। এদিকে প্রাক্তবর জোণাচার্যা
সমতল ভ্তলে রক্ষভূমির সীমা পরিমাণ করিলেন; ঐ
স্থান তরুগুল্লবিহীন, স্পরিচ্ছর এবং স্থানে স্থানে প্রপ্রবণ
ও জলাশয়ে অতীব রমণীয় হইয়াছিল। আচার্য্য জোণ
ওভনকত্রযোগ-সম্পন্ন তিথিবিশেষে বীরসমাজে ডিভিম
প্রচার করতঃ ঐ স্থলে প্রজাপহার প্রদান করিলেন। মাজশিলীরা সেই রক্ষভূমির মধ্যে শাস্তামুম্বারে অন্তর্শান্ত পরিপূর্ণ অতিবিস্তীর্ণ এক এক দর্শনাগার এবং স্ত্রীলোকদিগের
অবলোকনার্থ স্বরম্য গৃহ সকল মির্মাণ করিল। প্রবাসীরা তথায় অত্যারত মঞ্চ ও মহাম্ল্য শিবিকা সকল
প্রস্তুত ও স্বসভ্জিত করিতে লাগিল।

অনস্তর মহারাজ ধৃতরাষ্ট্র নির্দিষ্ট দিন উপস্থিত হইলে মত্রিগণ-সমভিব্যাহারে রূপাচার্য্য ও ভীম্মকে সমুধীন করিয়া মৃক্তাজালে অলঙ্কুত বৈত্ত্যমণি-শোভিত স্বৰ্ণময় রমণীর দর্শনাগারে গমন করিলেন। মহাভাগা গান্ধারী, কুন্তী ও জন্যান্য রাজমহিবীরা সুপরিচ্ছন্ন স্থপরিচ্ছদ পরি-ধান করিয়া দাসীগণ-সমভিব্যাহারে হর্ষোৎফুল্লোচনে তথায় গমন করিলেন; ব্রাহ্মণ ক্ষত্রিয়প্রভৃতি চাতুর্বর্ণা লোক রাজকুমারদিগের অন্ত্রশিক্ষা দর্শনার্থী হইয়া রাজ-ধানী হইতে ক্রতগমনে তথায় আগমন করিতে লাগিলেন। ক্ষণকলেমধ্যে রক্তৃমিতে প্রবেশার্থী বছতর দর্শকবর্গের সমাগম হইল; তৎপর্বে বাদ্যকরেরা মৃত্যধুর রবে বাদ্য করিয়া দর্শকমগুলীর কৌতৃহল উৎপাদন করিতে লাগিল। অভ্যাগত লোটকর কোলাহলে সেই সমাক্রমন্দির উচ্ছলিত মহাসমুদ্রেক ন্যায় বারষার প্রতিধ্বনিত হইতে লাগিগ। এই স্কুর্লরে শুক্লাধরধারী শুক্লকেশ শুক্লযজ্ঞোপবিত সম্পন্ন পিরশাল ওরচন্দনাহলিপ্ত-ডলেবর মারাহতব জোণাচার্য্য গলদেশে শুক্লমাল্য ধারণ করিয়া স্বপ্ত অক্থামার সহিত अन्धरत्रां शरताथम् ना शर्मान मरकीय समेश्वरत्र नाग्न बक्रमर्था थारवन क ब्रिटनन, এवः यथानिर्फिष्ट नगरत विन धानान পূর্কক বিজ্ঞ ও মন্ত্রজ্ঞ ব্রাহ্মণগণকর্তৃক মাঙ্গলিক কিরার অহুষ্ঠান করাইলেন। পুণ্য কর্মা সমাধানান্তে অহুচরের। অস্ত্রশস্ত্র গ্রহণ করিয়া রক্তমধ্যে প্রবেশ করিল।

অনস্তর মহাবীর্ঘ মহারণ রাজপুত্রগণ অঙ্গুলীতে

অসুলিত্র বন্ধনপূর্বক বন্ধতৃণ ও বন্ধপরিকর হইক জ্যেষ্ঠ যুধিষ্ঠিরকে অগ্রেকরত হত্তে ধরুকাণ লইবা কনিষ্ঠক্রমে রঙ্গন্থলৈ প্রবেশ করিলেনণ পরে অন্ত্যা অন্তর্শক্ত সমুদায় নিকেপ করিতে লাগিলেন। কেছ পতনভয়ে মন্তক অবনত করিতে লাগিল, ফে কাৰ বীর্ব্য অর্জুনকে দেখিয়া অতিশয় বিশ্বিত ছইল। কুমারেরা বেগবান ভুরঙ্গবানে আরোহণ করিয়া স্বরাষ্ট্রী বাণ দ্বারা লক্ষ্য ভেদ করিলেন। তথন দর্শকমগুরী কার্ম্বধারী অন্তরূপ কুমারসেনা সন্দর্শন করিরার্ যোৎফুললোচনে শত সহজ্ৰ সাধুবাদ প্ৰদান 🐗 লাগিলেন। মহাবল কুমারবল তৎকালে কার্ম্ব অস্থির লক্ষ্যপাত প্রভৃতি অত্যান্চর্য্য ব্যাপার সক্ষ্যান্ত্র धानशृक्षक त्रत्थ चार्त्राञ्च कतिया तक्रमाधा सांग्रे মণ্ডলাকারে ভ্রমণ ও প্রদক্ষিণ করিতে লাগিলেন চর্ম গ্রহণপূর্বক কথন গজে, কথন বা অবে 📆 🖠 হইয়া বাত্যুদ্ধ সমাধানাতে পরস্পর প্রহার করিতে 📆 🖈 লেন। তাঁহারা একমাত্র খড়া বারা কোশলক্রমে সংক্র নিবারণ করিলেন। নিরবচ্ছির ভাষামা ধ্রী পর মণ্ডল ইতন্তত: বিন্তীণ হইয়া এক অপূর্ব শৌভা कदिल। এই रूप व्यानिक्यां वी राष्ट्रक्ष विकास প্রকাশ পাইল। তাঁহাদিগের হস্ত থড়ামুষ্টি 🗫 🚜 বারও খলিত হইল না ; তাঁহারা অসি প্রয়োগে বিক্ কুশলী ছিলেন; এই সমস্ত দেখিয়া রক্ষ লোক্ষ্ বিশ্বয়াৰেশ প্ৰকাশ করিতে লাগিল ৮ অনস্থর ক্ষ পরাক্রান্ত হুর্যোধন ও ভীম উভয়ে বৃদ্ধপরিকর গদাহন্তে একশৃত্ব অত্যুত্ত স শৈলের ন্যায় রম্মুর্গে স্বামুর্গি হইলেন। মদমত কুঞ্জর বেমন করিণীর নিমিত্র চীং করিতে থাকে এবং নভোমগুলে জল্ধর যেমল গৰ্জন করে. সেই উভয় বীরপুরুষ পৌরুষ প্রকাশার্থ মধ্যে তাদুশ শিংহন্দ করিতে লাগিলেন। তৎপরে 🐗 গদাহত্তে বামভাগ অবলম্বন করিয়া মণ্ডলাকারে করিতে লাগিলেন। বিহুর ও কুঝী, ধৃতরাই ও রাজক शासातीत निवादन ताकक्मादिकतात अरे नम्द्र निद्वमन क्तिरमन।

🏿 পঞ্চত্রিং শদধিক শততম অধ্যায়। क्रिम्लायन कहिलान, মহারাজ। তুর্যোধন ও ভীমদেন র রঙ্গন্থলে প্রবৈশ করিলে উভয় পক্ষীর দর্শকমগুলী ছাগে বিভক্ত হইয়া দ্ধায়মান হইল। তৎপরে ক্রা হা বীর কুরুরাজ ! হা ভীম ! এই বলিয়া মহান্ শুহল করিতে লাগিল। ধীমান্ জোণ সেই রঙ্গুছল দ্ভিত্ব সাগরের ন্যায় অবলোকন করিয়া প্রিয়পুত্র शंबाटक मत्वाधन कतिया कहिलन, वरम ! महावीया ত্বশিক্ষিত বীর্ষয়কে গ্লাযুদ্ধ হইতে নিবারণ কর: াও, যেন ভীম ও ছর্যোধনের ক্রোধ উদ্রেক না হয়। ধাৰা পিতার অসুনতি পাইবামাত্র মহাবেগে ও যুগান্তা-🐴 সজ্জুৰ অস্তোনিধির ভাষ গ্লাযুদ্ধান্যত বীর্বরতে ক্পাৎ নিরম্ভ করিলেন। তৎপরে জোণাচার্য্য রক্ষপ্রাঙ্গণে **াল্লান হইয়া মহামেঘনির্ঘোষ-সদৃশ বাদ্যধ্বনি নিবারণ** াক কহিলেন, মদীয় শিষা অর্জুন আমার পুত্র হইতেও 🎙 ভির্সর্শস্তিশারদ ও উপেক্রত্ব্য মহাবীর ; ছে । তোমরা ইহাকে দর্শন কর। তথন অর্জুন ার্পর্বোর আদেশক্রমে গোধালতার অঙ্গুলিত্রাণ ও কাঞ্চন-ক্ষবচ ধারণপূর্বক ধহুর্বাণ হত্তে করিয়া সূর্যাসলিহিত 🔗 যুধালম্ভ নন্ধাকালীন মেঘের ন্যায় রঙ্গমধ্যে পরি-াখান হইলেন, তদ্দনি রঙ্গন্ত লোকের চিত্ত প্রফুল गं डिठिंग। क्रेडे अवगरत हफूर्षितक मध्यस्त्रनि । क्रेडे ুহিইতে লাগিল। অনন্তর "ইনি শ্রীমান কুন্তীনন্দন" ু ন পাণ্ডবদিগের ডৃতীয়" "ইনিই দেবরাজ ইক্রের পুত্র" ्री के दे को त्रवृक्षात्मत तक क'' "देनि चक्राद्व को मिर्गत मर्या ্ৰাষ্ট্ৰ" "ইনি পরমধার্মিক" "ইনি অতিশন্ত স্থশীল" দর্শক-্ৰ্ট্ৰুড এইরূপ প্রশংসালাদ বীক্ষধ্যে সর্ববেই শ্রুড ছইতে 🎕 ব্লীল। পুত্রের প্রশংসা ভনিয়া স্বাস্পত্ন্য হারা পুত্র-্বিলা কুন্তীর উরম্বল সিক্ত হইতে লাগিল।

ক্ষেত্নির সেই সকল শব্দ মহারাজ ধৃতরাট্রের প্রবণচর হইলে, তিনি হাইমনে বিহুর্কে জিজ্ঞাসা করিলেন,
নিহর ! উচ্ছলিত মহাসাগরের নাায় এই তুমূল কোলাকি নিমিত সহসা রক্ত্মি হইতে উবিত হইয়া
ভাম্ওল বিদীর্ণ করিতেছে ? বিহুর কহিলেন,মহারাজ!
ভুনন্দন অর্জ্ন বাংগ্রামিকবেশে রক্ষ্ণলে অবতীর্ণ
লৈ লোকে তাহার ভূষণী প্রশংসা করিতেছে, এই

কারণে এতাদৃশ কোলাহল উথিত হইল। তথন ধৃতরাষ্ট্র কহিলেন, হে বিছর। আমি কৃতীগর্ত্তসন্ত্ত পাওবত্তম দারা ধনা, অমুগুহীত ও রক্ষিত হইলাম।

অনস্তর সেই কোলাহল নির্ত_ুও রক্ষয় লোক সকল मस्टे इहेरन महारीत अर्क्जून, आंहार्या ट्यांग मित्रधारन আপনার অন্ত্র-কৌশল প্রদর্শন করিতে লাগিলেন। প্রথ-মতঃ আগেরাল্র পরিত্যাগপূর্বক অগ্নি সৃষ্টি করিয়া বাক্-ণাস্ত্র প্রয়োগপূর্ব্বক জল সৃষ্টি করিলেন। তৎপরে বায়বাাত্র দারী বাড্যা উত্থাঞ্জিত করিয়া পার্জন্যাক্ত দারা নভোমগুলে মেব স্থাষ্ট করিলেন। ভৌমাত্র ছারা ভূগ**্রে** প্রবেশ করিয়া পার্বতান্ত দারা পর্বত সৃষ্টি করিলেন। অন্তর্জানান্ত দারা অন্তর্হিত হইলেন। তৎপরে শিক্ষাকৌশলে কথন मीर्घ, कथन इस, कथन तथमश्रुत्थ, कथन तथम्राधा **अवस्था**न করিতে লাগিলেন এবং অবিলম্বেই ভূতলে অবতীর্ণ হই-লেন। অনস্তর গুরুপ্রিয় অর্জ্জুন বিবিধ বাণ দ্বারা ≱সুকু-मात, दूर ७ रुख रुका नका मकर बनाग्राटम विक्र कतिएड লাগিলেন। • তিনি অনণশীল লৌহময় বরাহের মুখে এক काल अमझीर्वकाल शक मत अक भारतत न्यात्र निरक्षत्र করিলেন। তৎপরে কেশময় রজ্জুছারা লম্বিত গোবিষাণ-কোষে একবিংশতি বাণ বিদ্ধ করিলেন। এইরপে অসি-চর্য্যা ধরু ও গদাশিক্ষায় আপনার বিবিধ কৌশল প্রকাশ করিতে লাগিলেন।

এই অন্ত ব্যাপার স্মাধানাকে অধিকাংশ লোক,
সমাজ হইতে নির্গত ও বাদ্য কোলাহল নিস্তর্মপ্রায় হইল।
এই অবসরে বজনির্ঘোষ-সদৃশ বাহ্বাক্ষেটন ছারদেশ
হইতে উথিত ও শত হইতে লাগিল; আ শক কর্ণগোচর
করিয়া একছ লোকেরা "ইন্থা কি বিদীণ, ক্রতের ? না
দলিত ভ্তলের? বা মেঘাছের নভোমগুলোর বোর
রব শত হইতেছে এইরূপ অনুমান করিয়া সন্তর সকর্দেই
ছারদেশাভিমুখে বারন করিল। ছর্য্যোধন গাদামাত সহায়
ও ল্রাভ্শত ঘারা পরিস্ত হইরা, পুর্ক্কালে অন্তর সংগ্রামে
দেবগণ কর্ত্বক পরিবেটিত দেবরাক ইক্রের ন্যায় শোভমান
হইলেন। সেই সম্যে পঞ্জারা-গ্রথিত হস্তাসংযুক্ত চজ্রের
ন্যার পঞ্চপাণ্ডব-পরিস্থা জোণাচার্য্য দীপ্তি পাইতেছিকেন।
তিনি অখ্যামা ও ল্রাভ্শত সম্ভিব্যাহারে উথিত ছ্র্য্যোধ্নকে নিবারণ করিলেন।

্ষট্ত্রিংশদধিক শততম অধ্যায়।

रिवमम्लायन कहिरलन, महाताज । जर्लात रलारक অৰ্কাশ প্ৰদান কৰিলে মহাবল প্ৰাক্ৰান্ত অৰ্বান্ত কৰ্ विश्वद्यारकृत्वत्नाहरम् विश्वीर्ग तक्ष्यत्न अदिन कतित्नम। তদীয় মুধমগুল কুওলহয়ে অলম্ভ। তিনি সহজাত কবচ ধারণ ও কটিলেশে থড়গা বন্ধন করিয়া পালচারী পর্কতের স্থায় শোভা পাইতে লাগিলেন। তিনি কুর্যোর ঔরসে কুমারী কুন্তীর গর্বে জন্মগ্রহণ করেন। কাঁহার যংশর পরি-সীমা ছিল না। দীখি, কান্তি ও হাতি দারা তিনি চন্দ্র, সুর্যা ও অনলের তুলা ছিলেন্। তিনি সুগরাজ সিংছ **७ इंडिमम्ट्ड**त वन धकाकी धातन कतिएक। जैत्रकात्र ७ मर्काक्रम् मत्र हिल्लम । त्मरे महावत कर्न রঙ্গম্বলে ইতন্ততঃ অবলোকন করিয়া অনতিভক্তি সহকারে Cक्षांव (3 क्रुशां हार्याटक व्यवास कवित्वन । व्यवह त्वां टक वा छाडारक नित्रीकर कदिया निकल ७ खित्रलाहन इरेन, এবং "ইনি কে" ইহা সবিশেষ জানিবার নিমিত্ত একান্ত কৌত্হলাক্রান্ত হইলা তথন স্থাতনয় কর্ণ অজ্ঞাত প্রাতা অজ্নকে জলধর-গভীরস্বরে কহিলেন, হে পার্থ ছুমি रवज्ञभ कर्ष कतियांह, नर्सन्मत्य आमिश विरमवज्ञाभ रन्हे কার্য্য সম্পাদন করিব, তুমি-বিশ্বিত হঠও না।

তাহার বাক্যাবসান না হইতেই চত্র্দিক হইতে দর্শকের যন্ত্রেৎক্ষিপ্রের নাার সন্তর উথিত হইল। কর্ণের
তালৃশ উৎসাহবাক্যে চুর্যোধনের প্রীতি ও অর্জ্বনের
লক্ষা ও ফোধের উল্লেক হইল। তংপরে জোণের
নিলেশাহসারে নার্যাপ্রির কর্ণও, অর্জ্বন যেরপ অহুটান
করিয়াছিলেন্-ভুলহুরপ কর্ম্য করিলেন। তথন হুর্যোধন
আত্নগণ্ধ শভিব্যাহারে মহাবীর কর্ণকে আলিঙ্গন করিয়া
ক্রিমনে ও সান্রবচনে কহিলেন্দ্রে মহাবাহো। আমানিলের সৌভাগ্যক্রনে তুমি গুরুলে ইপাছত ইইবাছ।
গ্রন্থ সৌভাগ্যক্রনে তুমি গুরুলে ইপাছত ইইবাছ।
গ্রন্থ সৌভাগ্যক্রনে ক্রন্তরালা উপজোগ কর। তদীর
গ্রন্থ বাক্য কর্ণগোচর করিয়া কর্ণ ক্রিলেন, প্রভা।
বোধ হর, আমি আমার কর্ত্রের কর্ম সম্পারই সমাধা
করিয়াছি, গ্রন্থ তোলার সহিত্র বন্ধতা করিছে এবং
ফর্জুনের সহিত্র হলবুদ্ধ করিতে রাদনা করি। তথন
ছুর্যোধন কহিলেন, ভাল গ্রন্থ ক্রিলে ক্র্ডা

করিয়া বিবরভোগ-বাসনা চরিতার্থ কর, পরে বি
পক্ষের মন্তকে পদার্পণ করিয়া পরম অথে কালারি
করিও। ত্র্যোধনের এইরূপ উদ্ধৃত বাক্যে উর্বেড
ও কিপ্তপ্রায় হইয়া অর্জুন ল্রাড্মধ্যে উন্নত ভ্রম্থে
অবস্থিত কর্ণকে কহিলেন, রে কর্ণ! যাহারা ক্রমা
হইয়া উপদেশ প্রদান করে, ও যাহারা অনার্ক্রে
কথা কহে, তাহারা যে লোকে গমন করে, আক্র্রে
প্রাণ সংহার করিয়া তথায় প্রেরণ করিব। তথম
প্রত্যুত্তর করিলেন, হে অর্জুন! দেখ, এই রক্ষ
সাধারণের অধিকৃত; স্ত্তরাং ইহার মধ্যে তোমার কি
কোন প্রভ্তা নাই। অভ্যাগত ভূপালগণ সকলেই
ক্রান্ত, এবং ধর্ম ও পরাক্রমের অরুসরণ করিয়া থাই
ক্রান্ত কি বলিব, যাবং গুরুজন সমক্ষে পর
শরক্রেপের আবশাক্তা নাই।

जनकर अर्क्तुन जाठांगा जानकर्तक जाहिरे ७ ·- *-গণকর্ত্তক আলিষ্ট হইয়া সংগ্রামার্থ কর্ণের সন্মধে 👵 कतिराम । সমর প্রিয় কর্ণ, ছর্য্যোধন ও তদীয় 😅 🛷 কর্ত্তক আলিঞ্চিত হইয়া ধহুর্বাণ ধারণপুর্বাক সমরাক্ষণে जवडीर्ग इटेरनन । जननखत्र हेकासूधानहृड, त्रीनास्त्रि পরিবেষ্টিত, বলাকা শোভিনী মেথমালা নভোকী ল আছা করিয়া ঘোরববে গর্জন স্করিতে লাগিল। ভাচার জীব ভগৰান ভাকর পুত্রবৎসল দেবরাজকে রঙ্গহল অবলে করিতে দেখিয়া সমিহিত মেঘন ওলী অপসারিত করিলের वर्ष्क्र न त्मरवद स्थीउन हातात बाह्य क्रवर कर्ग बाह्य ভাপে সম্ভপ্ত হইভে লাগিলেন। যে দিকে কর্ণ, সেই 🎾 शार्डवारहेबा, ट्य निटक व्यक्त्म क्यांत्र द्यांग, कृत छ প্রভৃতি অবস্থান করিতে লাগিলেন। এইরূপে क्रांक्ट সমন্ত লোক ও মহিলাগণ ছই ভাগে বিভক্ত হইরা এক পক্ষে পক্ষপাঞ্জ করিতে লাগিল। এই সন্বাদ প্রমন্ত্রী করিয়া ভোজায়াজ ইছিতা কুত্রী বিমৃদ্ধা হইলেন। ধর্মবেতা বিছুর তাঁছাকে মুক্তি তা দেখিয়া পরিচারি দিগকে সুশীতল জল সেচন ছারা পরিচর্ঘা করিতে আ निद्या कुछीदक चाचल क्रिवान । कुछी मरखानां क्रिवा श्रुक्षकरक मर्गन कहुक देखिकर्त्वश्रुष्ठाविमूह क व्यक्तिक महाक हरेलात। उथन पन युक्कुलेनी क्रम उपक्र

করিতে দেখিরা কর্ণকে কহিলেন, কুন্তীগর্ম্প সন্ত্ত
প পাপুর তৃতীয় পুত্র অর্জুন তোমার সহিত দক্ষ্ম
ন ৷ হে মহাবাহো! একণে তৃমি আপনার মাতা ও
নামোরেথ কর এবং কোন্ কুলে জন্মগ্রহণ করির কোন্ রাজ্বিবংশ অলঙ্ক করিরাছ, তাহাও
ব বল। তোমার পরিচয় প্রাপ্ত হইলে অর্জুন
ক্রী হইতে পারেন, নচেৎ তোমার সহিত যুদ্ধ
ন না, কারণ রাজ্বুনারেরা অক্তাতকুল্শীল ব্যক্তির
সংগ্রামে প্রবৃত্ত হরেন না।

ইরূপ অভিহিত হইলে কর্ণ লক্ষায় অধােমুখ হইরা
ন। তৎকালে তাঁহার মুখমগুল বর্ধানীর-পরিকিপ্ত
নল পলাের নাায় শোভা পাইতে লাগিল। তাহা
। ত্র্যোধন লােণকে সহােধিয়া কহিলেন, হে
য়া লাল্ডে কথিত আছে, যিনি সংকুলে সমভ্ত, বীর
নাচালন সমর্থ, তাঁহার সহিত যুদ্ধ করা যায়। তথাচ
যদি অর্জুন রাজা বাভিরেকে অনাের সহিত যুদ্ধ না করেন,
তবে আমি এই মুহুর্ত্তেই কর্ণকে অক্সরাজ্যে অভিষিক্ত
করিতেছি।

অনম্বর ত্র্যোধন মহারথ কর্ণকে কাঞ্চনমর পীঠোপরি সংস্থাপনপূর্বক মন্ত্রবিদ্ আন্ধাণাণকে আহ্বান করিয়া
লাজ, কুশ্বম ও প্রবর্ণ স্বারা অন্ধরাজ্যে অভিষক্ত করিলেন। মহাবৃল কর্ণ অন্ধরাজ্যে অভিষক্ত হইলে তাঁহার
মন্তকোপরি ছত্রধারণ করিল, উভয় পার্শ্বে চামরব্যন্তন,
এবং বন্দিগণ স্বর্গনান করিতে লাগিল। তথন অন্ধরান্ত
কর্ণ সাদরনস্তারণপূর্বক ত্র্যোধনকে কহিলেন, হে মহারাজ! তোমাকে রাজ্যদানের সৃষ্টিত কি প্রতিদান করিব?
বল, একণে আমার প্রত্যাপকার করিবার ক্ষমতা আছে।
হুর্যোধন কর্ণের এইরূপ মধুরবাক্য কর্ণগোচর করিয়া
ক্ষিলেন, হে কর্ণ! এক্ষণে তোমার সহিত সথ্য সংস্থাপন
করিবার বাসনা করি। কর্ণ "তথাস্ত্য" বলিয়া তাঁহার বাক্য
ক্রীকার করিলেন, এবং হর্বোৎক্রলোচনে পরস্পার আলিক্ষম করিলা অভিনর সন্তই হুইলেন।

শ সপ্তত্তিং শদ্ধিক শত্তম অধ্যায়। বৈশশ্যায়ৰ কছিলেন, মহাবাস্ক। অনন্তর কর্ণের জনক

অধিরথস্ত ঘর্মাক্তকলেবর ও স্থালিতোত্তরক্ষদ হইয়া কম্পিতকলেবরে সহসা রক্ষমধ্যে প্রবেশ করিলেন। মহা-বীর কর্ণ পিতাকে নিরীক্ষণ করিয়া শরাসন পরিত্যাগ পূর্বক তদীয় গৌরব রক্ষার্থে অভিষেকার্ক্ত মন্তক বারা তাঁহাকে প্রণাম করিলেন। 'পুত্রবৎসল সার্থি সমস্তমে वज्र बात्रा हत्रगब्द आह्यानन कृतिया कर्गटक भूख विवया সংখাধন ও আলিক্সন করিলেন, এবং অভিবেক-জল-কালিত তদীয় মন্তক পুনৰ্কার আনন্দাশ্রু দ্বারা অভিষিক্ত क्रिलम। छाड्डा अवत्नाकन क्रित्रा छीश्रामन कर्नक স্তপুত্র বিবেচনা করিয়া হাজমুধে কহিতে লাগিলেন, রে স্তনন্দন! রণে অর্জুন্হস্তে প্রাণ বিসর্জ্জন করা ভোর পক্ষে কোনরপে শ্রেয়ন্তর নছে। বরং শীছই কুলোচিত বরা গ্রহণ কর্। রে নরাধম ! হতাশন-সলিহিত যঞ্জীয় रितः (यमन कृक्द्रतत अवरणहन-त्यांगा नरह, ज्ञान जुडे । অঙ্গরাজা উপভোগ করিবার উপযুক্ত নহিষ। তদীন্ধ এতা-দৃশ উদ্ধৃত বাক্যে কর্ণের অধর ক্রোধে কম্পিত হইতে লাগিল, এবং বারম্বার দীর্ঘনিষাস পরিত্যাগপূর্দ্ধক তিনি নভোমগুলত্ব সূর্যাকে নিরীক্ষণ করিতে লাগিলেন।

ष्यनस्तर महार्यन प्रत्यांधन मनमञ्ज क्षाद्यत्र नाग्र জোধে অধীর হইয়া ভ্রাতুমধ্য হইতে সহসা উপিত হই-লেন এবং সন্মুখে আসীন ভীমকর্মা ভীমসেনকে কহিতে লাগিলেন, হে ভাম ৷ কর্ণের প্রতি এরপ কট্কি প্রয়োগ করা তোমার সমুচিত নছে। ক্রিয়দিগের বলই শ্রেষ্ঠ এবং ক্ষতিয়েরই সহিত যুদ্ধ করিবে; শুরদির্গের ও নদী-কলাপের প্রভৰ নিতাভ ছক্তেয়। দেখ, ভগৰান্ অলন जनतानि २रेट উथिउ रहेश এर स्कान्त विरय गार्थ রহিয়াছেন। মহর্ষি দ্বাচির অস্থি হইতে, শুক্তরকুল নাশক বক্স উভুত হইরাছে। অগ্নি, হৃদ্র, গঙ্গা ও ইউনুকা, ইহাঁ-निर्गत भूज कार्किरकत्र अमाधात्रण भन्नाक्रमणानी । योद्यान् ক্ৰিয়-কুলোঙ্ক, কালজমে তাঁহারাও বাক্ষণ হইরাছেন; বিশাদিত প্রভৃতি, কতির হট্রাও অকর একছ লাভ क'त्रियाहिएनम । भहासूख्य द्वागाहार्या कूख्यख्य इहेत्राख অমিতীর শত্রধারী হইয়াছেন। গোতমবংশে শর্ভত হইতে গৌতম উৎপন্ন হঠেন। আর তোমানিপের বেক্সপে जन्मनाच रहेबाह्य जारा जामादिशव जारंगण्य माहे; যেমন মুগীগর্তে ব্যাঞ্জের উত্তব হওয়া নিভাভ অসম্ভব,

পाकानामणीय वीत्रश्कारवता मण निरक भनायन कविटक लाशिल। अर्क्कुन रेमनामर्था आश्रनात वाहरण श्रामन করিয়া সিংহনাদ পরিত্যাগপুর্বক তথা হইতে নিকাস্ত ছইলেন। রাজকুমারেরা অর্জ্জুনকে স্মাগত দৈখিয়া সকলে সমবেত হইয়া জ্পদনগরী মর্দন করিতে আরম্ভ করিলেন। তথন অর্জন ভীমকে সম্বোধন করিয়া কহি-त्नन, आर्था! ताजमञ्ज क्रांभेष क्रूकवीतिमत्त्र आखीत. छाहात रेमना मरहात ना कतिया अक्निकिंगा अमारनत ८ हो। कक्रन । महाबल जीमरमन अहेकाल निवाबिङ हहेगा रेमना वसर्फ काछ इहेरनम। किछ উপश्विত युष्क किथि-মাত্র তৃথিলাভ করিতে পারিলেন না। পরিশেষে তাঁহারা রণস্থল হইতে ক্রপদরাজণ্ও তাঁহার সচিব উভয়কে গ্রহণ করিয়া আচার্যা জোণের নিকটে উপহার প্রদান ক্রিলেন। দ্রোণাচার্য্য ক্রপদরাজকে ভগ্নদর্প, হাতসর্বস্থ ও व्याञानक (मधिक्रा शृक्षदेवक खत्रवशृक्षक कहिलन, ह्र ক্রশদরাজ ৷ আমার আদেশাতুসারে তোমার রাষ্ট্র ও नगदी विमर्फिङ इहेबाइ धवर ट्यांब की वन उत्तिक-পক্ষের হস্তগত, দেখ একণে তুমি স্থাতা সহকারে কি বাসনা কর ? আমি তাহা সফল করিব। এই কথা কহিয়া লোণ হাজমুথে পুনর্কার কহিলেন,হে বীর ! তুমি প্রাণনাশের আশহা করিও না, আমর; ক্ষমাশীল ত্রাহ্মণ, বিশেষতঃ মোলবাবভায় তোমার সহিত এক আত্রমে ক্রীডা করিয়া-ছিলাম। সেই কারণে ভোমার প্রতি আমার অন্তঃকরণে সেহ ও প্রীতি সঞ্চারিত হইয়া আছে। হে মহারাজ। তোমার সহিত পুনরার স্থাভাব সংস্থাপুন করিবার বাসনা করি। এজন ভোমাকে বর প্রদান করিতেছি, আমার বরপ্রভাবে নির্মার রাজ্যাদ্ধ লাভ করিবে। ভূমি পূর্বে किए हैं ल (व, (व व) कि बाका नहर, (म बाकांत मथा ইইতে পারে না। হে যজদেন। এই কারণে তোমাকে পুনর্ব্বার রার্জ্যার্ছ প্রদান করিলাম। এফণে তুমি ভাগী-রধীর দক্ষিণ কুলের অধিপতি হইলে এবং আমিও উত্তর কুল শাসনে প্রবৃত্ত ইইলাম; যদি তোমার ইছাতে প্রবৃত্তি হর, তবে আমার সহিত স্থাতা কর। তদীয় বাক্য প্রবণ कतिता क्रियम कहित्मन, ८६ अर्थन ! खावन भंताकार মহাত্মা ব্যক্তি যে এরূপ আচরণ করেন, ইহা নিভান্ত বিশায়কর নহে। আমি মহাশয়ের বাক্যে প্রমঞ্জীত

হইশাম, অন্যাবধি আমি নিত্যকাল আপনকার প্রসন্ধতা-লাভের বাসনা করি।

আনত্তর দ্রোণাচার্য্য ক্রপদবাক্যে তুই হইয়া তৎক্ষণাৎ তাঁহাকে মোচন করিয়া দিলেন এবং প্রসম্মনে তাঁহাকে সৎকার করিয়া রাজ্যার্দ্ধ প্রদান করিলেন। ক্রপদ বিষধ্যনে গঙ্গার উপক্লে জনপদ-সম্পন্ন মাকলীনগরী ও কাম্পিল্যপুরী শাসন করিতে লাগিলেন। দ্রোণাচার্য্য এইরূপে ক্রপদকে পরাভব করিয়া চর্ম্মণুতী নদী পর্যান্ত দক্ষিণ পাঞ্চালদেশ আপন অধিকারে আনিলেন। ক্রপদ পরাভ্ত হইয়া আপনাকে অপেক্ষাক্ত নিতান্ত হীনবল বলিয়া বিবেচনা করিলেন এবং স্বীয় বলবীর্য্যে আচার্য্য দ্রোণকে পরাজয় করা হঃসাধ্য নিশ্চর করিয়া অলৌকিক ব্রাহ্মবল প্রনাভ করিবার বাসনায় পৃথিবী পর্যাটন করিতে লাগিলেন। এদিকে দ্রোণালার্য্য অভিচ্লুত্তানগরীর ক্ষণীম্মর হইয়া রাজ্যশাসন ও প্রজাপালনে প্রত্ত হইলেন। হে মহারাজ। এইরূপে অর্জ্বন জনপদ-সম্পন্ন অহিচ্ছত্তা প্রী জয় করিয়া দ্রোণাচার্য্যকে প্রদান করিয়াছিলেন।

একোন চন্থারিংশদ্ধিক শত্তম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, মহারাজ! অনজ্ঞ সম্বংসর অতীত হইলে মহারাজ ধ্রুরাষ্ট্র পাণ্ডুনলন যুধিটিরকে रेयोवदारका व्यक्तियक कदिराना। यूपिष्ठित ताकानाक করিয়া স্বকীয় অসাধারণ ধৈর্ঘ্য, হৈর্ঘ্য, সহিষ্ণুতা, ঋজুতা, অনুশংসাচার, ভৃত্যামুকম্পা, স্থিরসৌহাদ্দ প্রভৃতি সদ্তুণ बाता अनिविधिकानमध्या निक शिकात महीत्रनी कीर्खि এককালে ভিরোহিত করিলেন। ভীমপরাক্রম ভীমদেন ভগবান্ বলদেব ছইতে অসিচর্য্যা, গলাষুদ্ধ ও রথবৃদ্ধ প্রভৃতি বিবিধ বিষয়ের জ্ঞান লাভ করিয়া প্রাভূগণের একাস্ক वनवन हरेवा तरिदान। अर्जून अनाए मृष्यूष्टि किलान। লক্ষ্যবেধে তাঁহার বিলক্ষণ পটুতা ছিল; তিনি কুরপ্র. নারাচ, ভর, বিপাটন প্রভৃতি বছবিধ অত্তেশন্তে বিলেব পারদর্শী হইরাছিলেন। তাহার ঐ সকল অর্নান্ত নিকেপ विचरत नमाक् नाघर ७ त्रीकेंद कविशाहिन। कीदरनाटक वर्ष्यातत जुना रणवान् बात कहरे नारे, ट्यांगाठारी धरे निमिष्ठ गर्कारि छै। होत्र कृत्रनी खेन्दमा केतिएक ।

একদা দ্রোণ কৌরবী সভায় অর্ক্রনকে সংখাধন করিয়া কছিলেন, বংস ৷ আমার গুরু অগ্নিবেশ, অগত্যোর নিকটে ধনুর্বেদ শিক্ষা করিয়াছিলেন। এক সময়ে তিনি আমাকে আহ্বান করিয়া কছেন, বৎস! আমি তপোবলে ব্ৰহ্মশিরা নামে যে অমোঘ অস্ত্র প্রাপ্ত হইয়াছি একণে তাহা শিষ্যপরস্পরায় প্রদান করিতে ইচ্ছা করি, ইহার প্রভাবে পৃথিবী দশ্ধ হইতে পারে। গুরুদেব অন্ত্রগুণ এইরূপ कीर्त्वन कतिया श्रामानकारन आभारक এই विनया निरवन করেন, "বংস। তুমি এই অস্ত্র কলাচ মনুষ্যের ও ক্ষীণ-বীষা জীবের উপর প্রয়োগ করিও না' একণে এই দিব্যাক্ত প্রদানের তৃমিই উপযুক্ত পাত্র, আর কাহাকেও ইহার যোগ্য দেখিতেছি না; কিন্তু বংস! মুনি যেরূপ नियम निर्दातिक कतिया पियाकन, मावधान, रान जाहांक অন্যথা না হয়। জ্ঞাতি সম্প্রদায় সমক্ষে তোমাকে আরও किছ शुक्रमिक्ना श्रामंन कतिए इरेरा। पार्क्न उर-ক্ষণাৎ তাহা স্বীকার করিলেন। উৎপরে আচার্য্য পুনর্ব্বার कहितन, (र अर्कुन! त्राष्ट्रल जुमि योगात अिंजियाहा **इटेर्टिं, टेशें अमो**कांत्र कता। अर्ज्जन "रा आखां" বলিয়া তাঁহার চরণ গ্রহণ পূর্বক উত্তরাভিমুখে প্রস্থান করিলেন। জীবলোকে অর্জুনের তুল্য আর দ্বিতীয় ধমুর্ধর নাই, এই প্রশংসাবাদ সর্বাত্র উথিত হইল। ফলতঃ অৰ্জুন গদাযুদ্ধ, অসিচৰ্য্যা, রথ ও ধমুবুদ্ধি অন্বিতীয় হইয়া-हिल्लन । न्यायिश्व महत्त्व जेमना-ख्यीक नौकिमारक সম্যক ব্যুৎপত্তি লাভ করিয়া ভ্রাতৃগণের একান্ত বশক্ষ হইয়া বহিলেন। ভাতচতুইয়ের জীতিভালন নকল জ্যোণাচার্যোপদেশে বিবিধ শিক্ষায় স্থাশিক্ষিত হইয়া বিবিত্ত र्याका ও অভিরথ বলিয়া अर्थिक अनिक इटेग्राहितन। পাগুবেরা গন্ধকিদিগের উপপ্লবকালে রণগুলে যবনরাজ সৌবীরকে সংহার করিলেন। সৌবীর বৎসরতায়-বাাপী এক যক্ত অভ্রান করিয়াছিলেন। সকলে কুকদিগের প্রতি ষেষভাব প্রকাশ করিতেন। বিচিত্রবীর্যা এবং महात्राक भाष्ट्र यांशांदक वशीकृष्ठ कविराज् भारतन नाहे, महाबीत कार्कुन निष्म वाह्यता रगरे विञ्चनामा तोवीतरक শাসন করিলেন। তাঁহার শরপ্রহারে সংগ্রামপ্রিয় দত্তা-মিতা বলিয়া বিখ্যাত স্থমিত্তনামা সৌরীরক শাসিত अर्जून छीमस्मात्नत माहार्या এक त्रर्थहै

অযুত্রথ ও পশ্চিমদেশ-বাসীদিগকে পরাক্তম করেন। তৎ-পরে সেই রথেই আরোহণ করিয়া দক্ষিণ দিক্ও জয় করিলেন, এবং পরাজিত রাজমগুলীর নিকট হইতে প্রচুর অর্থ সংগ্রহ করিয়া কুকরাজ্যে আনয়ন করিতে লাগিলেন। পূর্ব্বকালে মহাস্থত্ব পাগুবেরী এইরূপে অনেকানেক ভূপালগণকে রাজ্যচ্যুত করিয়া স্বীয় রাজ্যের সীমা বিস্তার করেন।

পাণ্ডবদিগের বাছবল অলোপিক বিবেচনা করিয়া
মহারীজাপ ধৃতরাষ্ট্রের মনোগত সমুদায় সাধুতাব নিতান্ত
দ্বিত হইল। তিনি ত্রিবরিনী বলবতী চিস্তায় একান্ত
নিমগ্ল হইয়া রাজিকালে স্থেথ নিদ্রা যাইতে পারিতেন
না।

চত্বারিংশদধিক শততম অধ্যায়।,

বৈশশায়ন কহিলেন, মহারাজ। মহীপাল ধুতরাষ্ট্র মহাবীর পাণ্ডুপুত্রদিগকে বলমদোরাদিত দেখিয়া অভ্যন্ত কাতর ও একান্ত চিন্তাবিত হইলেন। তৎপরে মন্ত্রক নীতিনিপুণ মন্ত্রিবর কণিককে আহ্বান ক্রিয়া কহিলেন, হে দিলোত্ম ৷ পাওবেরা নিতা উৎপিক্ত, এই নিমিত আমি সাতিশর অস্রাপরবশ .হইতেছি; অতএব ভাহা-দিগের সহিত সন্ধিবিগ্রহের অন্যতর কি ব্যবহার করিব, তুমি নিশ্চয় করিয়া বল, আমি তোমার কথাৰ অব্যথা করিব না। প্রসন্নমনা নীতিশান্ত্র-বিশারদ মন্ত্রির ভূপা-लंद बारमं शहेश नीजिमाञ्चास्मारतं कहिरनन, महा-রাজ ! আমি যাহা কহি তাহা অবহিত হইয়া শ্রবণ করুন, किन्त महाताज आमात दोका निकास अंध्य बहेरन छ (बाय वा अमरकाय अकान कदिरतन ना। बांक्रेय् नित-বচ্ছিন্ন দণ্ড বা নিয়ত্ত পৌরুষ প্রাকাশ করা উচিত নহোঁ। যাহাতে প্রতিপক্ষেরা কোষ বলাদির কোন অমুসন্ধান লইতে না পারে, এমন বিষয়ে,ভাঁহার সভত সাবধান থাকা আবশ্যক।, তিনি সাধ্যাত্মসারে বিপক্ষের রন্ধ।বে-রণে তৎপর হইবেন, এবং জনগণের ক্রণহত্যাপ্রভৃতি পাপের নিয়ত অনুসন্ধান করিবেন। রাজা প্রতিনিয়ত উদাতদণ্ড হইলে লোকৈ ভীত হইয়া গর্হিত কর্মের প্রবৃত্তি পরিত্যাগ করে, এই কারণে তিনি দণ্ডদারা সর্ক

कार्यात मगाना कतिरमन। রাজার আত্মছিদ্র গোপন ও প্রক্রিদের অনুসরণ করা অবশ্য কর্ত্তব্য এবং তাঁছার মভার, সাধন ও উপায় প্রভৃতি রাজ্যাঙ্গের গোপন ও আশ্রকত নিশ্দিত ব্যাপারের সম্বরণ করা একান্ত বিধেয়। कान कार्या आवल कविया निः भारत जारांत नमांधा कवा বাজার পক্ষে অভীব কর্ত্তবা; কারণ অসমাক্ উচ্ছির দামান্য কণ্টকও কালক্রয়ে ত্রণকর হইয়া উঠে। অপকারী শক্তকে বদ করাই সর্বতোভাবে প্রশংসনীয় । আপৎকাল উপায়ত হটলে অসংশায়তচিতে যুদ্ধট্রিকম প্রকাশ বা পলাযন, বাহাতে আপনার স্থবিধা হয়, ভাহাই করিবেন। भक्त इर्जन इटेला (कानकार व्यवस्थात नाहा कात्र সামান্য আগ্রকণাও সমুদায় বন জন্মসাৎ করিতে পারে। সমন্বিশেষে রাজা শত্রুর অত্যাচারে দৃষ্টিপাত ও কর্ণপাত না কবিয়া অন্ধ ও বধির হইয়া থাকিবেন। শরাসন তৃণ-তুল্য নৈসার বিবেচনা করিয়া পরিত্যাগ করিবেন, এবং मुश्रद नाम नावधान इटेब्रा आश्रद्धका विवस्त्र रक्त्रभानी ছইবেন। তৎপরে সামাদি উপায় ছারা লক্তকে বশে আনিখা তাভাকে বিনাশ করিবেন। কিন্তু যে যদি শরণাপর হয়, তথাচ তাহার প্রতি কদাচ অমুকম্পা প্রদর্শন করিবেন ना । পরিচারকদিগকে প্রার্থনাধিক অর্থদানপূর্বক পরিভৃষ্ট कतिया गळ ७ भूर्वाभकातीरक विनष्टे कतिरवन। भक्र সংস্থার করিতে পারিলে নির্ভীক ও নিক্লম্বিয় হওয়া বায়। শক্রণকীর্মদিগ্রে যত বিনষ্ট করিতে পারেন তদ্বিধরে कमान कंष्ठि कतिरवन ना। अथमनः याशास्त्र अनुह প্রতিপক্ষের মূলোচ্ছেদন হয়, এমন চেষ্টা পাইবেন। পরে তাহাব সহায় ৪ তৎপক্ষদিগকে বিৰাশ করিবেন। সমূলো-फ्लिन रहे<u>। ७ इ</u> जब्रीवी नकरन अनायास दिनानिङ হয়। মুন্রাজ : বনস্পতি সমূলে উন্মূলিত হইলে তাহার শাৰী, পলৰ বা পত্ৰ সকল কি আৰু পূৰ্ববিস্থাৰ অৰ্ন্থিত থাকিতে পারে 🛚 রাজা একাগ্রচিত্তে নিজাভিসন্ধি গোপন क्षिमा मर्क्स प्रविद्ध पर्मात ७९ पत्र इटेरवन। निर्छा। ষিম্ম হইরা শক্তর প্রতি সমাক্ ব্যবহার করিবেন। অগ্না-धान, मकाशृक्षेत्र, काबात नज शतिधान ও कठाकिन बाता लाकमिश्रक विचित्रिक कतिया शृदत तूरकत नाम चार्थ-माधान अत्क बहेरवमः। अर्थन् और विवास मोठरे असून-সরণ হয়, তদারা ফলবতী শাখা সাম্বিত করিয়া স্থাক

কল গ্রহণ করিবেন; কারণ পণ্ডিতেরা ক্ছিরাছেন, বদবধি সময় আগত না হয়, তৎকাল পর্যান্ত লক্ষকে ক্ষেদ্ধে বহন করিবে। অনন্তর নির্দিষ্ট কাল উপস্থিত হুইলে, বাদৃশ, মৃথায় ঘটকে প্রস্তরোপরি নিক্ষেপ করিলে চূণ করা যায়, ভাদৃশ, অপকারী শক্রকে বিনাশ করিবে। বছভাষী ও ক্রপণ শক্রকেও পরিভাগে করিবে না এবং ভাহার প্রতি প্রসামভাব প্রদর্শন করাও নিভান্ত নিষিদ্ধ; প্রভাৃত বেরূপে ভউক ভাহাকে বিনষ্ট করিবে; অধিক কি, সন্ধি, দান, ভেদ ও দও এই সমস্ত উপাধ্বারাও শক্রসংহার করা বিধেয়, ভাহা ইইলে সকল বিষয়ে শান্তিলাভ হয়।

এই কথা শ্রবণ করিয়া গৃতরাষ্ট্র কহিলেন, তে কণিক!
সন্ধি, দান, ভেদ ও দণ্ডদারা কি প্রকারে শক্রসংহার করা
য়াইতে পারে, ভূমি আমার নিকটে আরুপূর্ব্বিক সমুদায়
বল। কনিক কহিলেন, মহারাজ! পূর্ব্বকালে নীতিশাঙ্গবিশারদ অরণাবাসী জন্তুকের বৈরূপ ঘটিয়াছিল ভাহা
আরুপূর্ব্বিক সমুদায় বর্ণনাকরিতেছি, শ্রবণ করন।

কোন বনে এঁক भृशाल, बााख, छेन्द्र, वृक अ नकुन এই চারি বন্ধুর সহিত একত্র বাস করিত। জম্বুক অতিশয় ধৃত্ত, বৃদ্ধিমান্ ও স্বার্থপরারণ ছিল। তাছারা একদা বন-মধ্যে মুথপতি এক মৃগকে লক্ষ্য করিয়া বলপূর্বেক আক্রমণ করিবার নিমিত্ত চেষ্টা করিতে লাগিল। কিন্তু মুগ অক্রি-শ্য বলবান,এই নিমিত্ত তাহারা সহসা আপন অভীটসাধ্নে मिठां ख अगल इहेटन পরিশেষে • अवृक काहन, ce बाांख । **এই মৃগ অতিশয় বৃদ্ধিশালী, যুবা ও বেগবান্; স্থতরাং** তুমি বারস্বার যত্ন করিলেও ইহাকে সহস্য আক্রমণ করিতে পারিবে না; অভএব যে সময়ে ঐ মুগ শয়ন করিয়া शंकित्व, त्मरे अवगत्त मुक्कि शिवा के रुब्रिलंब भागवा ভক্ষণ করুক, তাহা হইলে ব্যাল্ল অনায়ানে উহাকে প্রহণ করিতে পারিবে। তৎপরে মামরা স্কলে সম্বেত হইয়া প্রফুরসনে ভক্ষণ ক্রিব। তাহারা সকলে এক্ডান মনে জমুকের পরামর্শে সম্মত হইল। অনস্তর তাহালিগের আদে-শাকুলারে মৃষ্কি গিয়া মুগের পানবর ভক্ষণ করিলে আত্র ভাষাকে वर्ष कतिल। उथन अधुक मृश-कलन्त अवनी छान विटिडेमान (मिथेबा कहिन, आरह ! (डामेबा नकटन जान করিকা আইন, আমিই ইহা ককা করিতেছি। তাছার। न्त्रात्वत वाकााश्याद्य जानार्थ नतीजीदन गमन कतिन।

শুগালও চিম্বাকুল হইরা তথার অরম্বিতি করিতে লাগিল। অনস্তর মহাবল ব্যাঘ সর্বাধ্যে সান করিয়া আগমন করিল ध्वर मुशानरक विश्वाद्यां अप्तिशा किहन, ट जबूक ! ভাই आমাদিগের মধ্যে তুমিই একমাত্র বৃদ্ধিজীবী, তুমি কি কারণে লোক করিতেছ ? আইস আমরা মৃগমাংস ভক্ষণ করিয়া বিহার করি। তথন অপুক কহিল, হে মহা-वाह्य। मृतिक याहा कहिशाहि, वनिष्ठिहि, अवन कता তুমি স্নান করিতে গেলে সে অহত্তারপরতন্ত্র হইয়া আমাকে किंत, आधिष्टे अना এই मुग्राक वध कतिशाहि, वााखित বলবিক্রমে ধিক, আজ আমারই ভুজবলে তোমাদিগের जिश्चिमाधन इटेरव। विलाख कि, तम गर्साश्चर्सक धरेक्रथ তর্জন গল্জ ন করিতেছিল: এই কারণে মুগমাংস ভক্ষণে আমার আর তাদৃশ প্রীতি নাই। তথন ব্যাঘ্র ক্রোধভরে कहिल, (इ अयुक । यमि प्रजाहे त्म এहेताल कहिया थारक, **ভাল, তুমি यशाकात्न आभारक अत्याधि** कतिशाह। আমি আলা বাতবলে বনচরদিগকে বিনাশ করিব। চলি-লাম, ভুমি তথায় পর্যাপ্ত মাংস ভক্ষণ করিবে এই বলিয়া বাজে বনমধ্যে প্রস্থান করিল।

এই অবসরে মৃষিক সহসা উপস্থিত হইল। শুগাল ভাহাকে আগত দেখিয়া কহিল, হে মুবিক! ভোমার মঙ্গল ত ? বুক যাহা কহিয়াছে, গুন, তুমি স্থান করিতে গেলে সে কহিল, এই মৃগমাংস ভক্ষণ করিতে আমার षा जिक्क ि नाई, अकरण न्यामात अहे मारन विष विषया বোধ হইতেছে,ভোমার মত হইলে স্থামি এখনই মৃষিক্কে গিয়া ভক্ষণ করি; এই কথা শুনিবামাত্র মূবিক অতিমাত্র वाछमम् इहेन्ना धान्यस मद्द विवनम्सा धादम করিল। কিছুকালপরে বুক । স্থান করিয়া তথায় স্থাগত इहेन। अबुक जाहारक स्विधा कहिन, छाहे। बााञ्च ভোমার উপর অতিশব রোবাবিট হইয়াছেন স্থতরাং তোমার অনিষ্ট ঘটবার বিলক্ষণ সম্ভারনা ;> তিনি কলঅ-महकारत मक्रत अथारन व्यामिएएरईन : अक्ररण याहा কর্ত্তব্য হয় কর। তথন পিশিতাশন ব্রক শুরালের এইরাপ কথা ভাৰিয়া ভীত ও গছুচিত হটরা পলারন করিল। এই অবসংধ নকুল ফুভছান হইয়া তথায় আগ্ৰমন কৰিল। অপুক ভাহাকে আগত রেখিরা কহিল, অতে নকুল। কার্মি निक जूनवरण गक्नरक शताकतः कतित्राष्ट्रि । शताकिक ब्हेत्रा

তাহারা স্ব স্থ স্থানে প্রস্থান করিল। একণে আমার সহিত যদি যুদ্ধে জয়লাভ করিতে পার, তাহা ছইলে তুমি ইচ্ছা-মত মৃগমাংদ ভক্ষণ করিতে পাইবে। তথন নকুল কহিল, হে জমুক ! বাজি, বুক ও বুজিমান্ মূষিক যথম তোমার নিকটে পরাজিত হইয়াছে, প্রতরাং তুমি সর্কাপেকা বল-বান, সন্দেহ নাই। অতএব ভোমার সহিত সংগ্রামে প্রাবৃত্ত হইতে আমার আর উৎসাহ নাই; "চলিলাম." এই বলিয়া নকুলও পলায়ন করিল। এইরপে অভুক অসাধা-রা বৃত্মিবলে সক্লকে বিদায় করিয়া পরম স্থাপে মুগমাংস ভক্ষণ করিয়াছিল। যে রাজা এই প্রকার আচরণ করেন, তিনি চিরকাল হুথ ভোগ করিয়া থাকেন। ভীত ব্যক্তিকে ভत्र अनर्गन, वीरतत निकटि विनय्नाव ; नुकरक अर्थनान, সম বা নাুন ব্যক্তিকে বলপ্রকাশ করিয়া বশীভূত করিবে। মহারাজ ৷ আরও কহিতেছি, শ্রবণ করুন ; পুল্র, স্থা, লাতা, পিতা এবং শুরুও যদি শক্তর ন্যায় বিলোফাচরণে প্রবৃত্হয়েন, তাহা হইলে তৎকণেই তাঁহাদিগকে বিনষ্ট कतिरव। भक्कारक मशुर्थ, व्यर्थमान, विषश्रासाश ता बाबा-প্রকাশ করিলা বিনার্শ করা বিধেয়, কদাচ উপেক্ষা করিবে না। কিন্ত যদি জিগীয়াসম্পন্ন উভয়-পক্ষই তুল্য বল ও তুলা উপারবশতঃ সন্দিহান হইয়া থাকেন, তাহা **इहेटन शिनि छन्नार्था शाह्उत, अधातमात्रमहकादत सम्मी**-नाष्ड्रत थालामा करतम, छाहात्रहे अलाम्य सानित्वन । यात्र वित अञ्चल व्यवनिश्च कार्याकार्या-क्षानम्मा निजास নিজনীয় ও কুপথগামী হন, তাহা হটলে তাঁহারঁও শাসন कत्रा नामितिकक नट्ट। ट्यार्थाट्यक इट्टेंट्य क्रिक्ट क्ष रहेरव ना, मर्जन। नहांना चारमा मकनरक नानद সন্তাবণ,করিবে। কোপাক্রান্ত হইরা কখন প্রন্যের অগ-कारत अवृत्र रहेरव ना । अहात्राक्तरम वा केवातकारण लारकत खिंडि धीडिवाका धारान कतिरव। खंडात कतिया ज्ञाना श्रामर्थन এवः श्रष्टात्रत्वात श्राम्क वाक-রোজি বারা শোক বা রোদন করিলে বিলাপ ও পরিতাপ कता विद्यत । भाष्ट्रवाका, धर्माश्राश्रामण ७ महावहात साता শক্তকে আশত করিবে। এইরপ অনুকম্পা প্রদর্শন क्षत्रित्व यति श्रविम्द्राः भक्त नत्राहारववः व्यवाशाहवन करवः ভাছা হইলে অবসর বুঝিয়া ভৎক্ষণাথ ভাছাকে গ্রহার कतिरवः हेराटक अथर्य न्यानिरक्क नाः। द्वायन क्रुक्कवर्ग

মেঘ উরত মহীধরকে আচ্চন্ন করিরা রাখে, সেই-দ্ধপ নিরব্ছির ধর্মাত্রন্থানকারী ব্যক্তি ধর্মবলে পরিবৃত हरेया थारक ; स्वातंजत व्यभनांशी हरेटन । मारी विनया পরিগণিত ও পরিগৃহীত হুইতে পারে না। বাহার পক্ষে বধ অবধারিত হইয়াছে, তাহার গৃহে অগ্নি প্রদান कतिरव । आत निर्धन, नाखिक ও চৌत्रगंगरक रमन इटेंड নিৰ্বাসিত করিবে। অশব্বিত ও শব্বিত উভয় চইতেই সর্বাদা শস্তা করা উচিত কিন্তু অশক্ষিত হইতে ভয় উৎপন্ন হইলে মূলপর্যান্ত উচ্ছির হইতে পারে। অবিখন্ত ব;ক্তিটে কদাচ বিখাস করিবে না, এবং বিশ্বস্ত ব্যক্তিকেও অতি বিশাস করিবে না,বেছেড় বিশ্বস্ত হইতে ভর উৎপন্ন হইলে মূলপর্বাস্ত উচ্ছিন্ন হইতে পারে। আপনার ও অন্যের বিধানামুসারে চর নিযুক্ত করিবে। পাষ্ড ও ভাপস প্রভৃতিকে বিপক্ষের রাজধানীতে প্রেরণ করা বিধেয়। উদ্যান, বিহারস্থান, দেবতায়তন,পানাগার, পথ, मर्ख তীর্থ, **एखब, कुल, लर्ख छ, उन, नर्ख मधवाब ও नमी छीदब अञ्चला** कबिट्याः श्रमस्य क्षूत्रधात्र ताथित्राश्च मर्द्यमा गर्शामाय्य, মিষ্টবাক্যে, বিনীতভাবে সম্ভাষণ করিবে; কিন্তু কদাচ কোন ভরাবহ কার্য্যের অমুষ্ঠান করিবে না। বিনি ঐতিক সম্পত্তির প্রত্যাশা করেন, তিনি দানশীল ভূপতির নিকটে क्रत्रभूटि व्यर्थना, भन्य, माचनान, भानवसन ও आणा कति-বেনু ৷'কেহ কোন বিষয়ে প্রার্থনা করিলে অগ্রে বাক্যেতে ভাষাৰক নিরাশ করিবে না, কিন্তু প্রদানকালে নানাপ্রকারে বিশ্বাস্থ্যান করিবে। প্রার্থীকে নানাপ্রকারে আশা প্রদান क्तिरव। किन्त कथन आर्थना श्रित्रशूर्व क्रियत ना। यनि कथन তাহার অভীষ্টসিদ্ধ কর, ভাহাও সম্বরে করা অবিধেয়। ত্রিবিধ পীড়া, ও ফলসিদ্ধি পাছে, তরাধ্যে ফল ,শুভ ও পীড়া অন্ত্রু ভাতএব পীড়া পরিত্যাগ করিবে। ধর্ম-পরামণ পুরুষের অর্থ ত কাম ছারা চিত্তবৈকলা জ্লো, অর্থলোভীর ধর্ম ও কাম দারা এবং কামাস্ক্তের অর্থ ও ধর্ম দারা পীড়া জন্মে। নিরহ্নার ্রভিনিবিষ্ট, বিভন্ধ-वजाव अवस्त्राभूना इहेबा माखवान आद्यान अ मर्स्तविषद्यव অত্নন্ধানপূর্বক ব্রাহ্মণগণের সহিত মন্ত্রণা করিবে। যাহা করিলে আপনার দীনভাবমোচন কয়, মৃত্ই হউক আর नाक्रन हे इंडेक, छाहा व्यवमा कतिएवं धनः मनर्थ इहेन्रा ধর্মাচরণ করিবে। সংশ্বার্ট না হইলে গুড়লাডের

প্রত্যাশা নাই ; সংশ্রার্ট হইয়া যদি জীবিত থাকে তাহা हरेल अवगारे ध्यासालाक हता। भाक, मञ्जाल हाता যাহার বৃদ্ধিবৃত্তি কলুবিত হইবে,নল ও রামাদির উপাখ্যান কথন ছারা ভাহাকে সাম্বনা করিবে: নিভাস্ত মির্কোধ বাজিকে ভাবী মহলের প্রত্যাশা প্রদর্শন ও পতিতকে धन मानामि दाता माखना कतिरव। विनि भक्कत महिछ দ্দ্ধি স্থাপনপূর্বক কৃতকার্য্যের ন্যায় নিভান্ত নিশ্চিন্ত হইয়া থাকেন, তিনি বৃক্ষাগ্রে প্রস্থুর ব্যক্তির ন্যায় পতিত ও প্রতিবৃদ্ধ হরেন। অস্থাপরবশ না হইরা বত্নপুর্বক निक मञ्जन। (शायन कतिया दाधित अवः त्रावात्व मध्दन করিয়া চরদারা সর্ব্ধ বিষয় অবধারণ করিবে। বিদারণ, দারুণ কর্মা সম্পাদন ও শত শত শত সংহার না করিয়া দমুশা কথনই মহতী শ্রীলাভ করিতে পারে না। শক্রবৈন্য কর্মিত, ব্যাধিত, ক্লিন্ন, অন্নপান-বিৰৰ্জ্জিভ,বিশ্বস্ত ও মন্দ হটলেও প্রহার করিবে। অর্থী অর্থীর নিকটে উপস্থিত হয় না। যদিও তাহাদের অভিলাষ সফল হয়, তথাচ উভরের সধা সংস্থাপন হওরা নিতাপ্ত স্থকঠিন। সহায় সংগ্রহ ও শক্রর সহিত বিগ্রহ করিতে বস্থ করিবে। সম্পদ্ লাভের ইচ্ছা ও তদ্বিরে প্রভৃত উৎসাহ প্রদর্শন कत्रा विरधय। এই क्रम लाक्ति कार्या कि भक्त, कि मिख কেহই কিছুমাত্র অবধারণ করিতে পারে না, একবল কার্য্যের উদ্যোগ ও পর্যাবদানমাত্র প্রত্যক্ষ করে। যদবধি ভয় উপস্থিত না হয়,তদবধি ভয়কে ভয় করিবে; কিন্তু ভয় আগত হইলে স্থিরচিত্তে প্রতীকার করিতে চেষ্টা করিবে। দণ্ডায়ত্ত শত্ৰুকে যে রাজা ধন-মানাদি প্রদানপূর্বাক অমুগ্রন্থ করেন, তিনি আপনার মৃত্যু সংগ্রহ করিয়া রাখেন।

অনাগত কার্যাকেও অচিগ্রাগৃত বিবেচনা করিয়া বৃদ্ধিপূর্ম্বক তাহার অহুসরণ করিবে, কিন্তু বৃদ্ধিন্তংশ বশতঃ
আপনার উদ্দেশ্য সাধনে কদাচ উপেক্ষা বা অনাদর
প্রদর্শন করা দিধেয়, নহে। সম্পদ্ লাভার্থে বত্বপূর্মক
স্বীয় উ২সাহবর্দ্ধন করিবে ও দেশ, কাল বিভাগ করিয়া
পারলৌকিক বৃশ্ব এবং ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ,
পর্বায়ক্রমে সেবা করিবে; কারণ দেশ কাল বিবেচনা স্থা
করিলে শ্রেরোলাভ হওরা হৃষর। শত্রুপক্ষ সংখ্যার অর
হইলেও কদাচ উপেক্ষা করিবে না, কারণ তাহারাই
আবার কালক্রমে শক্রভাব বৃদ্ধ্য করিতে পারে। বৃদ্ধন

বনমধ্যে বহি নিক্ষিপ্ত হইলে তাহা ক্রমশঃ পরিবর্দ্ধিত হইয়া থাকে, সেইরূপ শত্রুপক সংখ্যায় অল হইলেও কালসহকারে ভাছাদিগের দলপুষ্টি হইবার বিলক্ষণ সন্তা-वना। यिनि अधिकृतिकात नाम आभनारक मस्किङ ও উত্তেজিত করেন, তিনি ক্রমশঃ পরিবর্দ্ধিত হটয়া সমূহ শক্তকে এক কালে বিনাশ করিতে পারেন। প্রথমতঃ वर्गीक वहकाल-वाशिमी बागा श्रामा कतित्व, काल উপস্থিত হইলে বিম্নের কথা উত্থাপন করিবে: নিমিত্ত ষারা বিম, ও হেতু ধারা নিমিত্ত প্রকাশ করিবে। শক্র-गः हातकाती सक्तास्त्रमाती व्यक्ति माक्त महाय-मः आही ছল্মবেশীরাজাক্ষ্রের ন্যায় শক্রর প্রাণ সংহার করিয়া থাকেন, অভএব মহারাজ। পাওব বা অন্য যে কেছ হউক না কেন, তাঁহাদিগের সহিত ন্যায়ামুগত ব্যবহার कतिल जाभनि कथनहै विभाग পড़ित्वन ना, धवः निर्वि-বাদে আপনার কার্য্য সাধন করিতে পারিবেন। বিশেষতঃ আপনি সর্মকল্যাণ-সম্পন্ন ও কুলশীল-বিশিষ্ট, অভএব পাधूनक्त इटेटि जाननारक त्रका कक्त्र। এकर्ण याहा কর্ত্তব্য তাহা কহিলাম, আপনি পুত্র সমভিব্যাহারে পরা-মর্শ করিরা যাহা শ্রের:কর হর, করুন। মহারাজ ধৃত-রাষ্ট্রকে এইরূপ উপদেশ দিয়া কলিক বগুতে প্রত্যাগমন করিলেন, এবং ধৃতরাষ্ট্রও তদধ্যি নিতাম্ভ শোকাকুল इटेलन ।

> ' সম্ভবপর্বাধ্যায় সমাপ্ত।

জতুগৃহ পর্বাধ্যায়।

একচন্বারিংশদধিক শতভ্য অধ্যায়।

বৈশন্দায়ন কহিলেন, তদনন্তর স্বল-নন্দন শকুনি, ছর্টোধন, ছঃশাসন ও কর্ণ ছইমন্ত্রণা, করিয়া ধৃতরাষ্ট্রের নিকটে গমন করিল এবং তাঁহার সহিত পরামশ করিয়া কুন্তী ও বৃধিটিরাদি পঞ্চ আতাকে দগ্ধ করিতে মনস্থ করিল। তদ্দশী মহাত্মা বিহুর আকার ও ইন্দিত হারা ঐ পামরগণের ছুইাভিসন্ধি বৃথিতে পাশ্লিলেন। ঐ মহাত্মা পাশ্রবগণের একান্ত হিভাকাজ্জনী ছিলেন। কুন্তী কুমার-প্রশান্দ্রবাহারে অনালানে প্লায়ন কর্মন,এই অভিপ্রায়ে

তিনি একথানি নৌকা প্রস্তুত করাইলেন। ঐ তর্গী বাতসহ যন্ত্ৰযুক্ত, পতাকা-স্থােভিত ও স্থুদৃঢ়; বারু-বেগোখিত প্রবল সম্ভতরঙ্গও উহাকে হঠাৎ মগ্ন করিতে পারে না। নোকা প্রস্তুত হইলে বিহুর কুতীর নিকটে গমন করিয়া কহিলেন, ছে শুভে ৷ কুকুকুলের কীর্ত্তি-নাশক বিপরীতবৃদ্ধি ত্রামা ধৃতরাষ্ট্র নিত্যধর্ম পরিভ্যাগ कतिएक छेमाल इरेग्राएम, चल्विय कृषि वहे छसान তরক্ষবেগদহা তরণী আরোহণ করিয়া সম্ভানপণ সম্ভি-বাাহারে ত্রার প্রায়ন কর, তাহা হইলেই তোমাদিগের প্রাণরকা হইবে, নচেৎ আর নিস্তার নাই। কুঞ্জী বিছরের ৰাক্য শ্ৰবণ করিয়া সাভিশয় বাথিত হইলেন, এবং তৎ-ক্ষণাৎ কুমারগণ সমভিব্যাহারে নৌকারোহণ করিয়া গঙ্গা পার হইলেন। পরে বিছরদত ধনসম্পত্তি গ্রহণপূর্বাক তীরে উত্তীর্ণ হইয়া নির্কিন্নে পর্ম রমণীয় কাননে প্রশেশ করিলেন। এদিকে নিষাদী পঞ্চপুত্র সমভিব্যাহারে পুরে। চন-নির্মিত জতুগৃহে শয়ানা ছিল ৷ ঐ রজনীতে পুরোচন সেই অতুগৃড়ে বহি প্রদান করিল, স্বতরাং উহারা ছয় জন ভশ্বসাৎ হইয়া গেল এবং জ্মতি ফ্লেছাব্ম পুরোচনও ভন্মাবশেষ হইল। নিষাদী ও তাহার পঞ্চ পুত্র ভন্মীভৃত হওয়াতে ধার্ত্তরাষ্ট্রেরা বোধ করিল, কুন্তী পঞ্চপুত্র সমভি-ব্যাহারে অগ্নিতে প্রাণ ত্যাগ করিয়াছেন, কিন্তু তাঁহারা যে বিছরের পরামশানুসারে দে স্থান হইতে প্রস্থান করিয়া প্রাণরক্ষা করিয়াছেন,ভাহার বিন্দৃবিসর্গণ জানিতে भातिन ना। यादा दर्छक तात्रगाव उद "(लाटकता कञ्जूर नक इहेबाह्य (निश्रिया, পাত্রবর্ণের তর্ণরাশি স্মরণ করিয়। যংপরোনান্তি শোক করিতে লাগিল। পরে রাজা ধতরাষ্ট্রের সমীপে এই সমাচার পাঠাইল "(रु कोत्रवा! তোমার মনোবাছা পূর্ণ হই 💥 ह, आत ভয় নাই, ভূমি পাঞ্ডবগণকে দৃগ্ধ করিয়াছ; এক্ষণে পুদ্রগণ সমভিবাহারে নিঃশঙ্কচিত্তে রাজা ভোগ করে।" ধৃতরাই, জননী-সমবেত পাত্তবগণের মৃত্যুবার্ত্তা প্রবণ করিয়া পুত্রগণ সমভিবাহারে ক্লত্রিম শোক প্রকাশ করিতে লাগি-লেন, এবং তদনস্কর ভীম ও বিহুর বন্ধবান্ধবগণ সম্ভি-বাছারে তাঁহাদিগের প্রেতকার্য্য সম্পাদন করিলেন।

জনমেজয় কহিলেন, হে দিজোত্ম ! অ'তুগৃহ লাহ ও তাহা হইতে পাওবগণের পরিতাণর্তাস্ত বিস্তারিতরপে শ্রবণ করিতে বাসনা করি। হে একন্। জতুগৃহদাই অতিশ্ব হৃদ্ধ ও নিতাপ্ত নৃশংস ব্যাপার; উহা অনিতে
আমার অতাপ্ত কৌতৃহল হইতেছে, আপনি অমুগ্রহ করিয়া
স্বিশেষ বর্ণন করুন।

বৈশশ্পায়ৰ কহিলেন, ১২ বাজন্। যেরপে জতুগৃহ দয় হয় এবং পাশুবগণ তাহা হইতে মুক্ত হন, তংসমুদার স্বিস্তর বর্ণন করিতেচি, শ্রবণ কর ৷ ছমাতি ছবোঁাধন ভীমসেনকে মহাবলপর্জোম ও অর্জুনকে কৃতবিদ্য দেখিয়া সাভিশয় পরিতাপযুক্ত হইল। ত্রাঝা কৈ ও শকুনি নানাবিধ উপায় ছারা পাগুবগণের হিংসা করিতে লাগিল। পাণ্ডবেরাও বিছ্রের মতাত্ম্সারে উহার উদ্ভাবন করিতেন না, কেবল যণন যে ছুর্ঘটনা উপস্থিত হইত, যথাসাধ্য তাহার প্রতীকার করিতেন। এদিকে যাবতীয় পুরবাসীরা পাওবগণকে অশেষ গুণসম্পন্ন দেথিয়া সভা-মধ্যে, ঠাহাদিগের গুণ্গ্রমে বর্ণন করিতে আরম্ভ করিল। তাহারা 🍫 সভামওলে, 🍫 চহুরে, একত্র হইলেই কহে যে, মহাত্মা পাণুর ভোটতনয় মুধিষ্ঠির রাজা পুটিবার উপ-যুক্ত পাত্র। প্রজাচকু রাজা গুতরা हু জন্মান বলিরা পূর্বে রাজ্যপ্রাপ্ত হয়েন নাই, তবে তিনি কি বলিয়া একণে ভূপতি হউবেন ি সতাপ্ৰতিজ মহাত্ৰত শাৰুমুনক্ষন ভীন্ন बाका लकेरबन ना बिलायां शृह्यं अधिका करियाहिन, স্থাতরাং তিনিও রাক্ষ্যভার বহন করিবেন না, অতএব আমিরা যুদ্ধবিদ্যাবিশারদ তরুণবয়স্ক ধর্মাত্মা পাওবজে; ইংক রাজ্যে অভিষেক করিব। সেই ধর্মাথা সভাশীল, কারুণ্য-সম্পন্ন ও বেদবেড়া ; তিনি অবশুই শাস্তমুতনয় ভীম ও পুদ্রগণসমবেত গুতরাষ্ট্রকে যথোচিত পূজা করিবেন এবং ভাহাদিগকে বিবিধ রাজভোগ প্রদান করিবেন ৷ ুমৃড়মতি ছর্ব্যোধন ব্রিষ্টিরামুরক পৌরগণের সেই ৰাক্য শ্রবণ ক্রিয়া যংপ্রোনান্তি পরিতপ্ত ঔর্বান্বিত হইল। এবং স্থারে স্বীয় শিতা ধৃতরাষ্ট্রের সমীপে গমনপূক্তক তাঁহাকে धकांकी दिवाश भागवन्त्रनशृक्षक कहिएक नाशिन, दर পিতঃ ৷ পৌরগণ আপনাকে ও ভীত্তক পরিভ্যাগ করিয়া যুৰিষ্টিরকে রাজা করিতে চাঙে, রাজ্যভোগ পরাত্মুথ ভীলেগত উহাতে সম্পূৰ্মত আছে। হে নরনাথ। পৌর-ষর্গের মুখে এই অন্তেরস্কর বাক: । তাবণ কবির। আমার অত্যাম্ব মনোব্যথা হইতেছে, দেখুন, পূবের মহরোজ পাওু

গুণবান্ বলিয়া পিতৃরাক্ষ্য পাইরাছিলেন, আপনি জন্ম ক্ষপ্রযুক্ত ভার হইরাও রাজ্যলাভ করিতে পারেন নাই।
একণেও যদি পাঙ্পুত্র যুধিষ্ঠির পৈতৃত রাজ্য প্রাপ্ত ক্ষ্যতাহা হইলে তৎপরে তৎপুত্র, তদনস্তর তদীয় পৌত্র, ক্ষ্যরহলে ক্ষম- পাঙ্বংশীরেরাই স্থবসাম্রাজ্য ভোগ করিছে
রহিল; আমরা পুত্রপৌলাদিক্রমে রাজবংশে থাকিরা জ্মমগণের নিকটে হীন ও অবজ্ঞাত হইরা রহিষ। পর্বাপণ্ডোপজীবী লোকেরা - পর্কাদা নরক ভোগ কয়ে, অতএব কে
রাজন্! যাহাতে আমরা ঐ নরক হইতে মৃক্ত হইতে পারি
এরপ কোন পরামর্শ করন। হে মহারাজ! বদি আপনি
পূর্বে এই রাজ্য প্রাপ্ত হইতেন, ভাহা হইলে প্রজাপন
যতই অবশ হউক না কেন, আমরা অবশ্রই রাজ্য লাভ
করিতে পারিতাম।

দ্বিচত্বারিংশদ্ধিক শত্তম অধ্যায়।

বৈশন্দায়ন কেছিলেন, প্রজ্ঞাচকু: নরাধিপ বৃত্ত্যাপ্ত্র ছর্ব্যোধনের এবং কণিকের বাকা প্রথণ করিয়া দোলাছল-চিন্ত ও যংপরোনান্তি শোকার্ত্ত হইলেন। ছর্ব্যোধন, কর্ম-শকুনি ও হংশাসন করেকজনে একত্র বসিয়া পরাম্বা করিতে আগিলেন। মন্ত্রণা সমাপ্ত হইলে ছর্ব্যোধন কর্ম-রাষ্ট্রকে কহিল, হে তাত। যদি আপনি স্থানিপ্র ক্রেশিল দারা পাওবগণকে এপ্লান হইটে নিকালিক করিয়া বারণাবত নগরে পাঠাইতে পারেন, তাহা হইলে আর তাহাদিগের হইতে কিছুমাত্র ভরের সন্তাবনা প্রাম্বা

ধৃতরাষ্ট্র তদীয় বাকা শ্রাণে ক্ষণকাল চিস্তা করিয়া কহিতে লাগিলেন, ধর্মপরায়ণ পাঞ্ সমস্ত আতিবর্গের বিশেষতঃ আমার প্রতি সর্মদা ধর্মায়্বায়ী ব্যবহার করি-তেন। তিনি আপুনার ভোজনাদি কার্যোও কিছুমার ননাযোগ করিতেন না এবং প্রতাহ আমার নির্মুট্টের রাজ্যসংক্রাপ্ত বুভাঙ্কসকল নিবেদন করিতেন। তাঁহার ব্রক্ত্রাস্থ্যসকল নিবেদন করিতেন। তাঁহার ব্রক্ত্রাপ্ত তাঁহার নাম ধর্মপ্রায়ণ, গুণবান, লোক্তিবিখ্যাত এবং পৌরগণের প্রিয়। এই রাজ্য তাঁহার পৈত্র, বিশেষতঃ তিনি সরায়সম্পন্ধ, আমি কি প্রকারে তাঁহার এখান হইতে বিদার করিতে পারিব। পাঞ্ পুর্কে অমারক্তি

দন্যপণ এবং তাহাদিগের প্রপোত্র সকলকে পরম কারে প্রতিপালন করিরাছেন, এক্ষণে তাহারা সেই তে পূর্ব্বোপকার স্মরণ করিরা যুধিষ্টিরের হিতসাধ-আমাদিগের সবংশে অবশাই বিনাশ করিবে।

াহাধন কহিল, হে পিতঃ । আপনি বাহা কহিলেন,
বটে, কিন্তু ভাহাদিগকে ধন ও সমুচিত সন্মান
দ্বারা পরিতৃষ্ট করিলে তাহারা অবশ্যই আমাদিগের
হৈইবে। এক্ষণে সমুদায় ধন ও অমাত্যবর্গ আমারই
দ্বাত্তিব আপনি কোন সহজ কৌশল দ্বারা
ও পাঞ্বগণকে ত্রায় বারণাবত নগরে প্রেরণ
। পরে আমরা সমুদায় সাম্রাজ্য হতগত করিলে পর,
পুত্রগণ-সমভিব্যাহারে পুনর্কার এস্থানে আগমন

তরাষ্ট্র কহিলেন, তে ত্র্যোধন ! জুমি যাহা কহিলে
আনারও অভিপ্রেণ্ড নটে, কিন্তু বংস ! এই অভিনিতান্ত পাপপুর্ণ বলিয়া আনি এতাবংকালমধ্যে
গ করিতে পারি নাই । আর ভীম, 'জোণ, বিহুর ও
ইারাও কেই পাগুবগণের নির্বাসনে কদাচ সম্মত
ন না । ধর্মণীল কুরুবংশীয়গণ আমাদিগকে ও পাগুবকু সমান জ্ঞান করেন; তাঁহারা কথনই পাগুবগণের
আত্যাচার করিলে সহ্ করিবেন না; অতএব মদি
ধা বিনাপরাধে পাগুবগণকে তাহাদের পৈড়ক রাজ্য
ত নির্বাসিত করি, তংহা হইলে মনস্বী কৌরবেয়গণ
শাম্মাদি ধর্মান্ত্রারা কেনই আমাদিগকে সম্লে উন্মূলন

্র্যোধন কহিলেন,হে তাত! পিতামহ ভীম আমাদের
। পকেই সমপকপাতী ॥ তোণপুত্র অম্বর্থামা আমার
ত, স্তরাং দ্রোণাচার্য্যও পুত্রের বিপক্ষ হইতে না
লী আমারই পকে থাকিবেন। মহান্মা রূপাচার্য্য স্বীর
নিশিতি দ্রোণ ও ভাগিনের অ্মুখানাকে কথনই
ভাগে করিতে পারিবেন না, স্ক্ররাং তিনিও আমার
ভইবেন। করা বিহুর আমানিগের অর্থবিদ্ধ, কিত্ত
ক্রিলা পোপনে ভাহাকে বশীচ্ত করিলাছে; যাহা
রু, তিনি একাকী কথনই আমাদিগের অনিষ্ট
তে পারিবেন না; অভএব মহাশর। বাহাতে পাঞ্
লগে মাড়-সমভিব্যাহারে অনুট বারণাব্য নগরে

গখন করে, নিঃশক্ষচিতে শীষ ভাহার উপায় করুন। কে রাজন্! পাশুবগণের নিমিত্ত দিবারাত্রির মধ্যে একবারও নিজা হয় না; তাহারা আমার হৃদয়ে অর্পিত শল্যের নাায় ঘোরতর শোকাঘি প্রজ্ঞানত করিয়াছে; আপনি ভাহা-দিগকে নির্কাদিত করিয়া আমার শোকানল নির্কাণ কর্মন।

্ব ত্রিচয়ারিংশদধিক শততম অধ্যায়।

বৈশস্পায়ন কঁছিলেন, অনন্তর অনুজগণ-সম্বত ছ্র্যোধন, ধন ও সমূচিত স্থান প্রদান দ্বারা ক্রমে ক্রমে ममूनाम श्राक्षाशनाक वणीकृत कतिन। धकना मूझनाकृशन মস্ত্রিগণ ধৃতরাষ্ট্রের পরামশাহ্সারে সভার বসিয়া কহিল, বারণাবত নগর অতি মহৎ ও পরম রমণীর; ভাছাতে ভগবান্ ভৃতভবান ভবানীপতি সর্বাদা বিরাজমান আছেন, এই সময়ে তাঁহার পূজনার্থে নানা দিগ্দেশ হইতে জনগণ স্ক্রজ-স্মাক্রণ হ্রম্য বারণাবতে সমুপস্থিত হইয়াছে। टेम वह स्विभाक अथ धनीय । माजिशात्वत मृत्य वाद्रभाव छ নগরের প্রেশংসা প্রবাদে পাতৃপুত্রগণের মনে তথায় গমন করিবার সাতিশয় বাসনা জন্মিল। রাজা ধৃতরীষ্ট্র পাঞ্চবগণকে বারণাবত গমনের নিমিত্ত একাত্ত কৌতৃহলাক্রান্ত জানিয়া কহিতে লাগিলেন, হে বৎসগণ ! সকলে প্রভাহ আমার নিকট কহে যে, পৃথিবীর মধ্যে যত স্থান আছে, ব্যরণাবৃত্ত নগর দর্কাপেক। রমণীয়; অতএব বদি তোখাদিগের তথায় গিয়া আমোদপ্রযোদ করিবার বাননা থাকে, তবে স্বান্ধ্রে ও স্পরিবারে গমন করিয়া অমরপণের ন্যায় বিহার এবং ভ্রাহ্মণ ও পায়ক্রণকে বথাভিল্বিভ অর্থ প্রদান কর। কিছুদিন পরমস্থাে তথায় বি:সু করিয়া পুনর্বার এই ছবিদ্যানগরে প্রত্যাগমন করিও।

ধীমান্ যুধিষ্ঠির গৃতরাষ্ট্রের বাক্য শুনিয়া তাঁহার হুইাভিপ্রায় বুঝিতে পারিলেন, কিন্তু কি করেন, আপনাধে অসহায় ভাবিয়া অগতাঁট "যে আঁতা মহাশয়" বলিয়া তাঁহার আদেশ প্রতিপালনে অফীকার করিলেন। অনন্তর তিনি শাস্ত্যনন্দন ভীলা, মহামতি বিহুর, আচার্য্য জোণ, বাহলিক, সোমদভ, কুপাচার্য্য, অশ্বত্মা, ভুরিপ্রবাঃ, যশক্রিনী গক্ষারী, মাননীয় অ্বাত্যগণ, ব্যহ্মণবর্গ, তপো- ধন পুরোহিত ও পৌরবদিগের নিকটে গমন করিব। দীন-ভাবে ও মৃছ্ম্বরে কহিতে লাগিলেন, আমরা পরমপুজা পিতৃবা ধৃতরাষ্ট্রের আজ্ঞান্থসারে সপরিবারে জনাকীর্ণ ও পরমর্মণীয় বারণাবত নগরে চলিলাম, আপনারা প্রসম্মন্য আশীর্কাদ প্রভাবে কদাচ কোন অমঙ্গল আমাদিগকে স্পর্শ করিতে পারিবে না। তাঁহারা যুর্বিষ্টিরের বাক্য শ্রবণ করিব। প্রসম্মবদনে তাঁহার অন্থবর্তী হইলেন, এবং কহিতে লাগিলেন, হে পাঞ্নন্দন। তোমাদের মঙ্গল হউক, পথে মেন কান হিংল প্রাণী হইছে তোমাদের অমঙ্গল না ঘটে। পাঞ্পুরেরা গুরুজনের এইরূপ আশীর্কাদে পরিভূই হইরা রাজ্য প্রাপ্তির নিমিত্ত বাব্তীর শুভক্র্য সমাধা করিরা বারণাব্র নগরে প্রস্থান করিবেলন।

িচতুশ্চত্বারিংশদধিক শততম অধ্যায়।

देवनम्मात्रम कहिरलम, महाबाज ! धुकबाद्धे भाषू-পুত্রগণকে বারণাৰত নগরে গম্ম করিতে আদেশ করিলে ত্রাত্মা তর্য্যোধনের আনন্দের আর পরিসীমা রহিল না। ঐ চুর্মতি পুরোচননামা সচিবকে নির্জনে আহ্বান করিরা তাহার দক্ষিণ হস্ত ধারণপূর্ব্বক কহিতে লাগিন, হে পুরোচন! ধনসম্পত্তিমুম্পন্ন এই বিপুল রাজ্য কেবল আমারই নহে, ইহাতে তোমারও অধিকার আছে; অত-এব ইহা ब्रक्षा कवा व्यवसा कर्तवा। प्रिय, याहाब महिछ মিলিত হুইয়া অসন্দিশ্বচিত্তে মন্ত্রণা করি, ভোমাভিন্ন আমার এমন বিশ্বস্ত সহায় আর কেছই নাই; অভএব হে তাত ৷ তোমার সহিত যে মল্লণা করিতেছি, তুমি তাহা কন্তু ও প্রকাশ করিও না। স্থনিপুণ উপায় দারা আমার শতাদিগকে বিনাশ কর; যাহা বলিভেছি, কোন ক্রমে ধেন তাহার অন্যথা না হয়। অদা পাণ্ডবগণ পিতার আদেশাত্রসারে বিহারার্থ বারণাবত নগরে গমন করিবে। তুমি ফ্রতগামী অশ্বতরযোজিত রগৈ আরোহণ করিয়া যাহাতে অদাই তথার গমন করিতে পাটি, তাহার বিশেব চেষ্টা পাও। নগরে উপস্থিত হইয়া উহার প্রাস্তদেশে অসংবৃত ও মহাধন এক চতুঃশাল গৃহ নিৰ্মাণ করাইয়া রাখিবে ; তাহাতে শণ ও সর্জর্ম প্রভৃতি যানতীয় বহি-

ভোজা দ্ৰব্য প্ৰদান করাইবে। মৃত্তিকাতে প্ৰচুৱ প্ৰদ্ধি মাণে স্বত, তৈল, বদা ও লাকাদি মিশ্রিত করিয়া ভঞ্জারা वै गृह्य थाहीरंत्र लिश (मुख्याहेर्त्र। ह्यूर्किक भूग, তৈল, মত, জতু, কাঠপ্ৰভৃতি আর্থের দ্রব্য সম্লার ব্লক্ষা করিবে: কিন্তু এই সমস্ত বস্তু এমন গোপনীয়ন্তাহে স্থাপন করিয়া রাখিবে যে, পাওবগণ বা আনা স্থাকি বিশেষরূপে অনুসরান করিলেও যেন সেই গৃহ আহ্বের ৰবিয়া কোনক্ৰমে বুঝিতে না পারে। গৃহ নিশ্বিত **ভ্ৰলৈ** হুজ্নাণ-সমবেত পাণ্ডবদিগকে ও কুম্বীকে পরম সমান্তর मचानशृद्धक नहेवा शिवा छेहात मर्पा वाम कतिरु पिरव। উহাদিগকে এরপ দিবা আসন, যান ও শ্যাপ্রদান করিবে যে, পিতা যেন ভাছাতে পরম পরিভুষ্ট হন। কিয়-দিন অতীত হইলে বধন পাওবেরা বিশ্বস্ত হইরা অকুতো-ভাষে গৃহমধ্যে শ্রামশেকিবে, সেই সমরে ভূমি উছার ৰারদেশে অগ্নিপ্রদান করিবে। তৎপরে ঐ অগ্নিছার। বারণাবত নগরস্থ লোকদিগৈর গৃহ দগ্ধ ছইতে আরম্ভ स्टेल छाहाता श्वातुक स्टेशा मत्न कतित्व (य, अक्षेत्रा) জ্মি লাগিয়া নগৰ দ্ধ হইতেছে। হে ধীমন্। ভাছা হইলে আনাদিগকে কথনই মাতৃদ্যবেত পাওবগুলের বধন্দিত কলকে কলুবিত হইতে হইবে না।

পাপাত্মা প্রোচন ত্র্যোধনের মন্ত্রণা প্রবণ ক্রিক্সা
"যে আক্ষা" বলিয়া ত্রীকারপূর্বক শীত্রগামী অবভরবোজিত রথে আরোহণ করিব্রা বারণাবীত নগরে প্রমা
করিল এবং তথার তুর্লুতি ত্র্যোধনের আদেশাসুর্বপূর্ব্

পঞ্চত্বারিং শদ্ধিক শত্তম অধ্যায়।

বৈশন্দায়ন কহিলেন,হে মহারাজ। এদিকে পাওবাদ বারণাবত নগরে গমন-জনা বাযুবেগগামী সদস্থক প্রথ আরোহণ-সময়ে পিতামহ ভীম, রাজা ধুতরাট্র, মহাস্থা ডোণ, কপ ও বিছর প্রভৃতি সমুদায় কুকবংশীর ও অক্ষান্ত বৃদ্ধগণকে প্রণাম করিলেন। সমকক বাকিনিক্রিক আলিঙ্গন করিলেন; বালকগণ তাঁচাদিগকে অভিক্রান্ত করিল। তদনত্তর তাঁহারা সমন্ত মান্ত্রগণকে প্রদ্ধান্ত করিল। তদনত্তর তাঁহারা সমন্ত মান্ত্রগণকে প্রদ্ধান

আজাগণকে বিনয়নত্রণচনে সাদর সম্ভাবণ করিয়া রপে আরোহণপূর্বক বারণাবত নগরে যাত্রা করিলেন। মহা-প্রাক্ত বিছর-প্রভৃতি কতকগুলি কুদ্ধবংশীয় ও পৌরবর্গ শোকাকুণিতচিতে তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। তশ্বধ্যে কতিপর সাহসিক ব্রাহ্মণ পাঞ্নন্দন-গণের ছঃথে যংপরোনান্তি ছঃথিত হইয়া নির্ভয়চিত্তে কহিতে লাগিলেন, "কুরুকুল কলম্বী মন্দবৃদ্ধি ধৃতরাষ্ট্র কেন এরপ অধর্মাণুষ্ঠান করিতে উদাত হইয়াছে। দেখ. মহাত্মা মাজীন-দনময়, পুণাশীল বুধিষ্ঠির, মহাবল পরা-ক্রান্ত ভীমদেন ওধনপ্রয় ইহারা কথনই গৃতরাষ্টের অনিষ্ঠা-চরণে প্রবৃত্ত হয়েন নাই ; তথাপি তিনি ইইাদিগকে স্বীয় পিতরাজ্যে অধিকার প্রদান করিবেন না। মহামা ভীমই বা কি প্রকারে পাশুবগণের নির্বাসনরূপ নিভাস্ত অধর্ম ও একান্ত অশ্রদের বিষয়ে অমুমোর্ল্ক করিলেন। পূৰ্বে শাস্তমুনন্দন নরপতি বিচিত্রবীর্য্য, তৎপরে ভাঁচার পুত্র রাজ্লর্ষি পাণ্ডু পিতার ন্যায় আমাদিগকে প্রতিপালন করি-তেন। সেই পুরুষশ্রেষ্ঠ পার্গু স্থরলোকে গমন করিয়া-ছেন। সম্প্রতি হুরাঝা ধুতরাষ্ট্র তাঁহার প্রগণের সহিত নৃশংস বাবহার করিতেছে ; অতএব চল,আমরা এই বিষয়ে অনিচ্ছা প্রকাশ করিয়া আপন আপন গৃহ পরিত্যাগপূর্ব্বক এই রম্য হস্তিনানগর চইতে ধর্মাস্মা যুধিষ্ঠিরের অঞ্গামী ছই।" ধর্মরাজ যুধিষ্ঠির শোকাকুল ত্রাহ্মণগণের বাক্য स्रवर्ग ७ (भोत्रंगर्गत इः थनमात्म इः थिक हरेया कानकान মনে মনে চিস্তা করিয়া কহিলেন, নরপতি ধৃতরাষ্ট্র আমা-দিগের পিতৃত্বা; তিনি যাহা আজ্ঞা করিয়াছেন, তাহা অশৃহ,চিতচিত্তে প্রতিপালন করা আমাদিগের অবশ্য কর্ত্তব্য। আপনারা আমাদিগের পর্ম স্থতং, একণে আমাদিগকে আশীর্কাদ করিয়া স্ব স্ব গৃহে প্রতিনিবৃত্ত হউম; কার্য্যকাল উপস্থিত হইলে আমাদের প্রিয় ও হিতসাধন ক্রিবেন। তাঁহারা যুধিষ্টিরের ।বাক্য প্রবণা-নম্ভর 'তথান্ত' বলিয়া পাওবগণকে প্রদক্ষিণপূর্বক আশী-ৰ্মাৰ করিয়া হকিনাভিমুখে গমন করিছে লাগিলেন। পৌৰগণ প্ৰতিনিবৃত্ত হইলে স্বচ্ছুর, ধুভরাষ্ট্রের কৌশলজ, সন্ধ্যম্বিং ও প্রাক্ত বিহুর সক্ষেত্যারা পাওবলেট ধারীনাজ যুধিটিরের নিকটে তুর্য্যোধনকৃত মত্রণার মর্ণোন सिकेम गूर्सक **धरे ध्यकांत्र कहिएछ ना**गिलन, "य वाकि

নীতিশান্ত্রায়ুসারিণী পরমতির অভিজ্ঞ হর, তাঁহার উচিত এই যে, যাহাতে আপদ্ চইতে নিস্তার পাওলা যায়, সর্বাদা এরপ চেটা করেন। তৃণরাশির মধ্যে বিবর খনন করিয়া অবস্থিতি করিলে তৃণদাহক ও শৈতানাশক হতাশন কথনই দগ্ধ করিতে পারে না। যে ব্যক্তি ইছা জ্ঞানে সে আত্মরকা করিতে পারে । শক্রাদিগের কুমন্ত্রণারূপ অন্ত্র লোইনির্দ্মিত নহে, অথচ শ্রীর ছেদন করে; যিনি ইহা জ্ঞানেন, শক্রবর্গ তাঁহাকে কথনই নট্ট করিতে পারে না। যে ব্যক্তি জ্মর, সে পথ বা দিক্নির্ণয় করিতে পারে না, ও অধীর লোকের বৃদ্ধিত্রের্গা থাকে না, আমি এই কথামাত্র বিলামে, ব্রিয়া, লও। সর্বাদা ভ্রমণ করিলে পথ জ্ঞানিতে পারা যায়, নক্ষত্রারা দিঙ্নির্দ্ধি হইতে পারে, এবং যে ব্যক্তি আপনার পঞ্চেক্রির বশীভূত রাখিতে পারে, সে অবসর হয় না।"

ধর্মরাজ যুধিষ্ঠির, স্থবিদ্ধান বিছরের এই কণা ক্রিয়া "বৃঝিলাম" এইমাতা উত্তর প্রদান করিলেন। মহান্মা विष्ठत अहेक्रा यूधिष्ठित्रक छेशान अनान कतिया नाखव-গণের অহজা গ্রহণপূর্বক সবিষাদ্চিত্তে নিজ গুছে গমন করিলেন। পরে ভীম, বিহুর ও পুরবাসিগণ প্রতিনিবৃত্ত हरेल भन्न, कुकी यूविष्ठितन मिनकारे भन्न कतिया कहि-লেন, বংস! ক্ষতা জনতামদ্যে পোপনীয়ভাবে ভোমাকে याश कहित्नन, এवः कृषि । कांहारक "वृक्षिनाम" वान्या উত্তর প্রদান করিলে, কিন্তু আমরা ত তাহার 'কিছুমাত্র व्बिएड शांतिनाम ना, यनि छेहा ध्वकान कतिरन (कान हानि ना इग्र, তবে আমানিগকে সবিস্তর প্রকাশ করিয়া বল, ভনিতে নিতান্ত বাসনা হইতেছে। যুধিষ্ঠির মাতার বচন প্রবণানস্কর অতি বিনীত "বচনে করিলেন, মাত:! বিহুর আমাকে কছিলেন যে, হুর্ন্যোধন তোমাদিগকে দগ্ধ করিবার মানদে স্বভূগৃহ নির্মাণ করিয়াছে, তোমরা অত্যন্ত সাবধানে বিচরণ করিবে, সমুদায় পথ উত্তযন্ত্রণে চিনিয়া রাধিবে ও সর্বাদা জিতে জিয় হইয়া থাকিবে, তাহা হইলেই ষ্টেরাৎ রাজ্য লাভ করিতে পারিবে। আমি তাঁহার ঐ উপদেশ বাকা প্রবণানস্তর, "বুরিয়াছি" বলিরা তাঁহাকে বিদার করিলাম। হে নুপতিসন্তম জনমে-জর ! তদনত্তর মাভূসম্বৈত পাওবগণ কান্তনমাসীয় অটুম দিবসে রোহিণী নক্ষত্রে বারণাবত নগরে সমুবীর্ণ হইলেন।

ষট্চত্বারিং শদ্ধিক শত্তম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, অনন্তর বারণাব্তবাসী প্রজারা পাওপুদ্ধগণের ওভাগমন-বার্তা প্রবণে পর্ম প্রীত হট্যা দর্শনমানসে হত্যশ্বরথ প্রভৃতি নানা বানে আরোহণ করিয়া আগমন করিতে লাগিল। ক্রমে সকলে রাজকুমার-मिर्गित निकरि উপস্থিত **ए**डेवा क्यांनीर्वाम श्रातान श्रा:-সর তাঁহাদের চতুর্দিকে দণ্ডায়মান হইল। নরশ্রেষ্ঠ ধর্মরাজ যুধিষ্টির বারণাবতবাসী জনগণে পরিবৃত হওয়া অমরদমাজ-মধাবভী স্থররাজের ন্যায় শোভা পাইতে নাগিলেন। পৌরবর্গ পাগুবগণের সমুচিত সন্মান ও সৎকার করিল। তাঁহারাও তাহাদিগকে যথোচিত বিনয় সম্ভাষণে পরিতপ্ত করিয়া পরম রমণীয় জনাকীর্ণ বারণাবত নগরে প্রবেশ করিলেন। পুরপ্রবেশানম্বর তাঁছালে প্রথমতঃ স্বকার্য্য-নিরত ব্রাহ্মণগণের নিকেতনে. পরে নগরাধিকারিদিগের ভবনে, তৎপরে র্থিদিগের নিলরে, পরিশেষে বৈশু ও শৃত্রগণের গৃছে গমন করিলেন। তাঁহারা সকলেই পাঙ্বগণকে যথোচিত সমাদরপুর:সর পূজা করিলেন। তথন মাতৃসমবেত পাতৃনন্দনগণ পুরো-চন-সমভিবাহারে বাদোপযোগী নির্দ্ধিস্করমা হর্ম্মো গমন করিলেন। পুরোচন তাঁহাদিগকে অত্যুৎকৃষ্ট ভক্ষ্য, পেয়, আসন ও শ্য্যাপ্রভৃতি সমুদায় রাজভোগ্য দ্রব্য थामान कतिन। बहेन्नाल शूरताहनकर्क्क मश्कृत वहेना সমাতৃক[®] পাশুবগণ দশ দিন তথায় বাস করিলেন। পৌরবর্গ প্রত্যহ তাঁহাদিগকে উপাসনা এবং পরিচর্য্যায় প্রীত ও প্রসর করিল।

একাদুশ বিনে পাপান্ধ। পুরোচন স্বীয় অভিপ্রায় সিক্ষ করিবার মানসে কৌতুকোৎপাদন করিবা পাগুবপণকে স্বনির্দ্ধিত জতুগৃহে লইবা তথার বাস করিবার অস্থরোধ করিল। ঐ অশিব-বিধায়ক গৃহের নাম শিব রাখিরাছিল। মাতৃসমভিব্যাহারী পাগুবগণ পুরোচনের বচনামুসারে উহার মধ্যে প্রবেশ করিলেন। ধর্মান্মা মুধিষ্টির গৃহ প্রবেশ পূর্বাক ভীমসেনকে সম্বোধন করিয়া কহিলেন,দেশ ভাই! এই গৃহ ন্বত ও জতু মিপ্রিত বসাগদ্ধে গরিপূর্ণ; আমার স্পাই বোধ হইভেছে, ইহা আধ্যের। গৃহনির্দ্ধাণ-দক্ষ বিপক্ষের পক্ষে বিশ্বস্ত শিল্পিশ শণ, সক্ষরস এবং ন্বতাক্ত মুগ্ধ, বৰজ ও বংশ প্রাকৃতি উপাদানে ইহা নির্মাণ করিরাছে। ত্র্যোধন বশবর্তী ত্রাল্মা প্রোচন তৃষ্টিকর
বাবহার হারা বিশাস জন্মাইরা দগ্ধ করিবার বাসনার
আমাদিগকে এই বিষম আগ্রের গৃহে আনরন করিরাছে।
অসাধারণ ধীশক্তি-সম্পর পিতৃব্য বিচ্ন শক্রগণের আকারেবিত্ত হারা তাহাদের চ্টাভিসন্ধি বৃঝিতে পারিরাছিলেন।

ভীমদেন যুধিষ্ঠিরের বাক্য প্রবণ করিয়া কহিলেন, महाभग्न । यनि এই शृह ज्यार्थम विनिया न्यांडे (बाद इहिसा থাকে, তবে আহ্বন, আমরা বেণানে ছিলাম, একণে সেই স্থানেই গমন করিয়া বাস করি। যুধিষ্ঠির কছিলেন, ভাত:। উত্তমরূপ বিবেচনা করিয়া দেখিলে আমাদের এই बारमरे वाम कता कर्खवा, किन्ह आमता अवाक्नाकात ও অপ্রমন্ত হইয়া এ স্থান হইতে প্লায়ন করিবার নিমিত্ত नर्त्रमा यञ्जवान थाकिव; नरह यमि भूरत्राहन अस्नतिमार्गक আমাদের ইন্সিত ব্ঝিতে পারে, ভাষা হইলে অতি শীঘ আমাদিগকে ভশ্মসাৎ করিবে। ঐ পাণাত্মা, পাণিষ্ঠ वृद्याधरनत वनवंश्वीं; ও कि व्यवस्त्रं, कि लाकनिन्ना, किছুতেই ভীত নহে। (इ तुरकामत! (मथ, এই मख-নিশ্বিত অতুগৃহ দগ্ধ হইলে পর পিতামহ ভাগ্ম ও অন্যান্য कुक्रवः भीत्र महाञ्चाता, "এই अधर्य अञ्चर्गा कर्ष (क कृतिन ? এবং कि निमिष्डरे ना अ घटेना घटिन" निवा अवनारे সাতিশন ক্রোধান্তিত ছইবেন; কিন্তু যদি আমরা দাছ-ভাষে ভীত ছইয়া এ স্থান পরিত্যাগ করিয়া হস্তিনাপুরে পুনর্কার প্রস্থান করি, তাহা হইলে রাজাপুর হরাঝা क्रुर्याधन वनशृक्षक आधानिगरक मरहात कतिरव, मरसह नारे। अकर्ण (मरे इत्राचा भगन, जामता जनमन् ; (म महायवान, आमत्रा अमहात्र ; त्म धनवान, आमता निर्धन ; সে মনে করিলেই কোন না কোন উপায় দারা আমা-দিগকে বধ করিছে পারিবে; অতএব আমরা হরাত্মা ছার্যাধন ও পুরোচনকে বঞ্চনা করিয়া, এছান ছইছে গোপনীয়ভাবে পলায়ন করিয়া প্রজ্ঞারূপে ইতস্ততঃ বাস করিব। সন্থাতি মৃগয়াছলে নানাদেশ ব্রমণ করিলে পলায়নকালে কোন পথই আমাদের অবিদিত থাকিবে না। जामता जागाविध এই গৃহমধ্যে এক গৃহরর প্রস্তুত করিয়া जन्मत्म मृत्वाकाम बहेना वाम कतिव, छवान आवीश इंडामन कथनई जामानिशतक म्थर्न कतिएक शांतित्व मा।

ঐ গর্ত্তমধ্যে এরপ গোপনীয়ভাবে আমানিগকে থাকিতে ছইবে, যেন পাপাত্মা পুরোচন বা অত্তত্ত অন্য কেছ আনিতে না পারে।

সপ্তচত্বারিংশদ্ধিক শত্তম অধ্যায়।

বৈশশ্পায়ন কছিলেন, ছে রাজন্! ইতিমধ্যে এক দিবস বিহ্রের সথা একজন খনক পাশুবগণের নিকটে সমুপস্থিত হইয়া নির্জ্জনে নিবেদন করিল, হে মহাত্মাগণ! আমি খনক, পরম হিতৈষী বিহুর প্রাণপণে পাশুবগণের প্রিয়কার্য্য অন্থটান ও হিতসাধন করিতে আমাকে এস্থানে পাঠাইয়াছেন, এক্ষণে অন্থমতি কক্ষন, আপনাদের কি প্রির অন্থটান করিব ? ছরাত্মা পুরোচন ক্ষঞ্চপক্ষীয়, চতুর্দ্দনীতে রজনাযোগে গৃহস্বারে অগ্লি প্রদান করিবে। ছর্ম্মতি হুর্যোধন আপনাদিগকে মাতৃসমন্তিব্যাহারে দ্যু করিবার মানসে পুরোচনকে কুমন্ত্রণা প্রদান করিরাছে। আমার কথায় বিত্মাস জ্নাইবার জন্য আপনাকে মহাত্মা বিহুর এই কথা কহিতে বলিয়াছেন যে, তিনি আগমনকালে মেক্ডভাষায় আপনাকে কিছু বলিয়াছিলেন, আগনিও "ব্রিলাম" বলিয়া তাঁহাকে উত্তর দিয়াছিলেন।

সত্যপরায়ণ কুন্তীনন্দন যুধিষ্ঠির খনকের বাক্য প্রবণ করিয়া ভাহাকে কহিলেন, সৌমা! আমি ভোষাকে (पवित्रारे मुख्किमानी, विश्वकात्रः कत्रण महाश्वा विश्वदत्रत প্রিয়বদ্ধ বলিয়া বৃদ্ধিতে পারিয়াছি। তিনি সর্বাঞ্চ দৰ্বজ্ঞ ব্যক্তির কিছুই অবিজ্ঞাত থাকে না। তুমি বিছ-**(तत नाम जामात्मत अन्य अन्य अन्य : ति धर्माणा विक्**त বেঁমন আমাদিগকে রক্ষা কারন, সেইরপ তুমিও আমা-एमत त्रका कत। ছता**षा** পুরোচন ছর্যোধনের আদেশাসু-गात आमाणिगाक नध कतिवात खना এই आहात शृह निर्माण कतिबारक। इर्माक क्र्रांशन धनवान । नराम-वान्; तम हिन्नकाम आमानित्शन हिश्मा करतः; आमनी মিহত হইলেই ভাহার মনোবাঞা পরিপূর্ণ হয়। ভূমি অমুগ্রহ করিয়া এই দারুণ অগ্নিতর হইতে আমাদিককে गतिकान कता छताचा क्र्यांथम धारे ब्राह्म वक-मत्था जंबनज अक्रम कोनल काविकारक, दव ज्यामका अह गृहर पाकिया (कामकाम जिल्ला इरेड विविध मुक्क इरेड পারি, অন্ত ছইতে কোনমতেই পরিত্রাণ পাইতে পারিব না। ধর্মশীল বিছর হুর্য্যোধনের এই কুমন্ত্রণা জানিতে পারিয়া সঙ্কেতে আমার নিকটে বাক্ত করিয়াছিলেন। হে সৌম্যা একণে আমরা এই বিপদগ্রস্ত ছইরাছি; তুমি পুরোচনের অজ্ঞাতসারে এই আপদ হইতে আমাদিগকে উদ্ধার কর।

খনক যুধিষ্ঠিরের বচনান্তে ''তথান্ত'' বলিয়া স্থীকার করিয়া বছযক্তসহকারে পরিথা খননছলে সেই গৃছের মধ্যে এই মহাগর্ত প্রক্তুত করিল। গর্ত প্রস্তুত হইলে পর, পাছে প্রোচন উলা ব্ঝিতে পারে এই ভয়ে ক্যাট্যারা উহার মুথ ক্ষম করিয়া তাহার উপরিভাগে মৃত্তিকা দিয়া এরূপ সমতল করিয়া রাখিয়াছিল যে, সহলা সন্দর্শন করিলে উহার নিম্নভাগে গর্ত আছে বলিয়া ব্ঝিতে পারা নিতান্ত গুঃসাধা।

পাওবগণ পুরোচনকে বঞ্চনা করিবার মানসে বিশ্বস্থের ভাষ দিবাভাগে মৃগয়াছলে ইতস্ততঃ ভ্রমণ করিতেন, রজনীযোগে, থনকঞ্চত, গছবরে শরন করিরা শহিতিচিত্তে সর্বাদা অপ্রমন্ত হইরা কাল্যাপন করিতেন। পাওবগণের ঐ গোপনীর ব্যাপার বিহুরের পরম স্কৃত সেই খনক-সত্তম ব্যতীত জন্য কেছই জানিতে পারে নাই।

অউচত্বারিংশদধিক শততম অধ্যায়।

বৈশল্পারন কহিলেন, গাঁওবঞ্গণের বারণার্বত নগরে সম্বংসর পূর্ণ হইলে, ছর্ম্মতি পুরোচন তাঁহাদিগকে একান্ত বিশ্বস্ত জ্ঞান করিরা মনে মনে পরম সন্তই হইল । ধর্মান্ত্রা বৃধিষ্ঠির ,তাহাকে পরিত্ই দেখিয়া স্থীয় আকৃচত্ইরকে সম্বোধন করিরা কহিলেন, হে আকুগণ! পাপান্ত্রা পুরোচন আমাদিগকে বিশ্বস্ত জ্ঞান করিয়াছি; সম্প্রতি আমাদের পারা হ্রাম্থাকে বঞ্চিত করিয়াছি; সম্প্রতি আমাদের পলায়নের সময় উপস্থিত হইরাছে; অদ্য আয়ুধাগারে অয়ি প্রেচনকে ভত্মসাৎ করিয়া ছয় জনকে এখানে রাথয়া অলক্ষিতক্রপে পলায়ন করিব।

বৈশম্পায়ন কহিলেন, যে দিন যুগিটির আত্থের সহিত এই পরাদর্শ করেন, সেই দিবস রাজিকালে ভোজরাজ-নন্দিনী দান প্রস্তাকে আক্ষণদিগ্রেক ভোজন ক্রান;

স্ত্রীলোকেবাও তথার উপস্থিত হয়। তাহারা ইতস্তত: বিচরণপূর্বক অভিমত পানভোজন সমাধান করিয়া কুন্তীর নিকটে বিদায় লইয়া স্ব স্থ নিকেতনে প্রতিগমন করিল। কুধাতুরা এক নিষাদী কালপ্রেরিত হইয়া অরলাভ-প্রত্যা-শায় পঞ্পুত্র সমভিব্যাহারে তথায় উপস্থিত হইয়াছিল। কুম্বিভোজহুহিতা দয়াত্র চিত্তে উত্তমরূপে তাহাদিগকে পান-ভোজন করাইলেন ; নিষ্টা পুত্রগণ সমভিব্যাহারে প্রচুর পরিমাণে মদাপান করিয়া হতজ্ঞান ও মৃতকর হইয়া সেই शास्तरे व्यवशास कतिन। धिनिएक उत्तर तकनी व्यथित। रहेन ; নগরস্থ সমস্ত লোক নিদ্রায় অভিভূত; তংকালে ভগবান্ সমীরণ নিরপরাধ পাওবগণের প্রতি সদয় হইয়াই যেন उाँशामित नाश्या कत्रियात मानरम अवनरवरम विश्व লাগিলেন। ঐ সময়ে মহাবল পরাক্রাস্ত ভীমসেন উত্তম স্থােগ বুঝিতে পারিয়া অত্যে পুরোচনের গৃহে, পরে জতু-গৃছের দারে, তৎপরে সেই বাটীর চতুর্দিকে অগ্নি প্রদান করিয়া যথন ব্ঝিতে পারিলেন যে, অগ্নি সর্বতঃ প্রদীপ্ত হইরাছে, তখন ভ্রাভ্গণ ও মাভার সহিত গ্রনকনির্শ্বিত গহরমধ্যে প্রবেশ করিলেন। ক্রমে অগ্নির উত্তাপ ও শব্দ প্রবল হইরা উঠিল। হুতাখনের উগ্র তাপ ও কঠোর শকপ্রভাবে পৌরগণ জাগরিত হটল। তাহারা পাওব-গণের আবাস দগ্ধ হইতেছে দেখিয়া সাতিশয় হঃখিড হইয়া পরস্পর কহিতে লাগিল, দেখ! ত্রাত্মা পুরোচন পাতব্যেনী কুরুকুলকলক পাপাত্মা হর্ব্যোধনের আদেশা-মুশারে নিরপরাধ স্থবিশন্ত সমাতৃক পাগুবগণকে দক্ষ করি-वात मानरम এई शृंह निर्माण कतिवाहिल ; अकरण देहार्ड অমি প্রদান করিয়া স্বীয় মনস্কামনা সিদ্ধ ক্ষরিশ। ধর্মের कि अनिश्रुष्टेनीय महिमा। इताया जांशनिष्ठ अदे अनीश হতাশনে দম হইয়াছে ; পাপাত্মা ধৃতরাইকে ধিক্, উহার কি চ্ক্ছি। ঐ হরাত্মা প্রমাত্মীর স্বীর ভাতৃপ্তরগণকে শক্তর ন্যায় অনায়াদে দক্ষ করাইল। বারণাবতনগরত্ব লোকগণ দহামান জতুগৃহের চতুর্দ্দিক পরিবেটন করিয়া এইরপে বিলাপ ও পরিতাপ করিতে লাগিল।

এদিকে মাতৃসমবেত পাশুবেরা গর্জ দিরা অভিকট্টে বহির্গত হইরা জতবেগে নিগারন করিতে লাগিলেন। একে রজনীজাগরণ, ভাহাতে আবার গৃহদাহতর। তীম ব্যতীত সকলেই জভগমনে অসক্ত হইরা পদে পদে খুনিত

হইতে লাগিলেন। তথন মহাবলপরাক্রান্ত বুক্ষোদর
নাতাকে ক্ষদেশে, নকুল ও সহদেবকে ক্রোড়ে করিরা
লইলেন এবং মুখিন্তির ও অর্জ্জুনকে হস্তব্যে ধরিরা বায়্-বেগে গমন করিতে লাগিলেন। ভাঁহার বক্ষের আঘাতে
বনরাজি ও তক্ষণণ ভগ্ন ও পদাঘাতে ধরাতল বিদীর্ণ হইতে
লাগিল।

ঊনপঞ্চাশদধিক শততম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, হে ভরতকুল-প্রদীপ ৷ পাঞ্জৰ-গণ বারণাবভনগর হইতে বনে প্লায়ন করিলে, মহাত্মা বিছর এক জন স্থবিশ্বন্ত পুরুষকে তাঁহাদের নিকটে পাঠা-हेब्रा फिल्मन । तम वाक्ति छाहारमब असूमवन कबिएक করিতে দেখিল যে, মাতৃসমবেত পাগুবগণ নদীকৃলে দণ্ডারমান হইরা উহার জল পরিমাণ করিতেছেন। আলো-লিক-ধীশক্তি-সম্পন্ন মহাত্মা বিহুর অগ্রেই হুরাত্মা হুর্যোঃ-ধনের ছষ্টচেষ্টিত ব্ঝিতে পারেন, পরে তাঁহার চরও ভাহা বুঝিতে পারে, একারণ দে প্রিয় হয়; কিন্তু বিহুর ভাহা-কেই পাগুবদিগের নিকটে পাঠাইরা দিলেন। সে বাজি পবিত্র ভাগীরথীকূলে মনোমাক্তগামিনী চক্রপতাকাশা-লিনী বাতসহা নৌকা লইয়া পাগুবদিগের নিকটে উপি कित्रन वर कांशामत वात्रनांत्रक कामिवात ममरम विश्वत যাহা বলিয়া গিয়াছিলেন, সেই সাঙ্গেতিক বাকো প্ৰতীতি ক্রমাইয়া কহিল, হে মহামুভব। সর্বার্থবৈতা মহাত্মা বিচর ভোষাদিগকে কহিয়া দিয়াছেন যে, ভোষরা কর্ণ, ভ্রান্তপূর্ণ-नमत्वे प्रशीयन ७ मक्नित्क नः शास्त्र नतामत्र कतित्व। टर महायान्! **এकरा এই छात्रक्रमहा अवशामिनी** खंडी উপস্থিত, ইহার দারা আপনারা নিঃসন্দেহ এই সমস্ত দেশ অভিক্রম করিতে পারিবেন।

অনস্তর নংবিক মাতৃসমবেত পাতৃনন্দনগণকে সাতিশর বাথিত দেখিয়া তাহাদিগকে নৌকার আরোহণ করাইরা নৌকা বাহিয়, চলিল। গমনকালে নাবিক কহিল, মহাত্মা কিছুর, উদ্দেশে আপনাদিগকে আলিজন ও মন্তকারাণ করিষা কহিলাছেন যে, গমনকালে পথে বেন কোন বিশ্বন্দ না ঘটে। বিশ্বরপ্রেবিত নাবিক এই কথা বলিয়াঁ তাহা-দিগকে নির্মিদে তাগীরপীর অপর পারে উন্তীর্ণ করিয়া



জরাশীর্কাদ প্রয়োগপুরংসর বিদার প্রার্থনা করিল। তথন পাশুবগণ বিহুরকে আপনাদিগের প্রণাম জ্বানাইতে কহিয়া নাবিককে হিদার দিলেন। নাবিক স্বস্থানে প্রস্থান করিল, পাশুবগণও মাতৃসমভিবাহারে অতি সম্বরে তথা হইতে গ্রমন করিতে লাগিলেন।

পঞ্চাশদ্ধিক শত্তম অধ্যায়।

বৈশশায়ন কহিলেন, রজনী প্রভাত হইলে পৌরগণ পাতুনলনদিগকে দেখিবার নিমিত্ত তথায় আগমন করিয়া আয়ি নির্মাণানস্তর দেখিল বে, জতুগৃহ দয় হইয়ছে, এবং অমাত্য পুরোচন ভক্ষপথে হইয়ছে। তথন তাহারা যংপরেনানান্তি শোকার্ত হইয়া রোদন করিতে করিতে কহিছে লাগিল, হায় । পাপকর্মা হুর্যোধনই পাতুবগণকে বিনাশ করিষার নিমিত্ত এই গৃহিত কার্য্য করিয়ছে। এই কর্ম ক্ষুত্রাই ধৃতরাষ্ট্রের জ্ঞাতদারে ইয়াছে। তিনিও স্বীয় প্রেকে ঐ গৃহিতামুঠান হইতে নিগৃত ফরেন নাই; মহায়া ভীয়, জোণ, বিছর ও ক্লপ ইয়ারাই বা কি বলিয়া এই নৃশংস কার্যামুঠানে অমুমোদন করিলেন। যাহা হউক আইস আমরা হ্রাচার ধৃতরাষ্ট্রের নিকট "ভোমার মনস্বামনা দিয় হইয়াছে, তুমি পাত্তবগণকে দয় করিয়াছ" বিলয়া সংবাদ পাঠাই।

তদনন্তর 'পৌরগণ , পাওবগণের অধ্যেশার্থে অগ্রি
নির্মাণ করিতে করিতে ভন্মীভূত নিরপরাধ নিষাদী ও
তাহার পঞ্চ পুজুকে দেখিতে পাইলেন ; তাহারা উহাদিগকেই পঞ্চপুত্রসমবেত কুস্তী বলিয়া স্থির করিল। খনক
কুতুগৃহ পরিকার করিবারণ চলে সকত গহরর পাংগুলারা
এক্ষপ পুরাইয়া দিল বে, কেছই উহার বিক্সবিস্গ্রাত্রও
ক্রমন্ত্রনান পাইল না। তৎপরে পোরগণ, গৃহদাহে মাতৃসমবেত পাওবগণ ও অমাত্য পুরোচন ত্রে, হইয়াছে, এই
সংবাদ ধৃতরাষ্ট্রের সমীপে পাঠাইল। মহারাজ ধৃতরাষ্ট্র
সাক্ষরগণের বিনাশবার্তা শ্রবণে সাতিশ্র ত্রাথিত হইয়া
বিকাশ করিতে করিতে কহিলেন, "হায়! মাতৃসমবেত
ক্রম্পিটিয়াদি বীরগণ বিনত্ত হওয়াতে এত দিনের পর আমার
ক্রম্ভা পাঙ্ মৃত হউলেন। মণীয় অধিকৃত পুরুবেরা অতি
ক্রমন্ত্র বারণাবতনগরে গ্রমন করিয়া পাওবদিগের ও কুন্তি-

রাজপুদ্রী কুস্তীর সংকার করুক এবং তাঁহাদিগের স্বর্গার্থে তথার বৃহৎ বৃহৎ ক্রমি নদী প্রস্তুত করুক। স্থার বাহারা ঐ স্থানে মরিয়াছে তাহাদের স্কর্গার তথায় গমন করুক। বাহা হইবার হইয়া গিয়াছে, এক্ষণে ধনবার স্থারা কুস্তী ও পাণ্ডবগণের পার্রিক হিত্যাধন যতদূর ইইতে পারে তাহাতে যেন কোন প্রকারে ক্রট না হয়।"

অধিকানন্দন ধৃতরাষ্ট্র এইরুপ পরিদেবনানন্তর জ্ঞাতিবর্গ সমভিব্যাহারে সমাতৃক পাণ্ডুনন্দনগণের উদক ক্রিয়া
সালীর করিলেনু। সকলেই শোকপরবশ হইয়া রোদন
করিতে লাগিলেন। কেহ কেহ হা যুধিষ্টির ! হা ভীমসেন ! হা অর্জুন ! হা নুকুল ! হা সহদেব ! এবং হা কুন্তী !
বিলিয়া শোক করিতে লাগিল। এইরুপে সমন্ত পৌরবর্গ
পাণ্ডবগণের নাম করিয়া যৎপরোনান্তি অনুভাপ করিতে
লাগিল। কেবল সর্জবৃত্তান্তক্ষ বিভ্র লোক প্রভায়ের
নিমিত্ত অভি অরুমাত্ত কুত্রিম শোক প্রকাশ করিলেন।

এদিকে পাণ্ডবগণ মাতৃসমভিব্যাহারে রক্ষনীযোগে বারণাৰত লগর হইচে বহিগ্মনানস্তর নৌকারোচণপুর্বক নাবিকগণের জুজ্বল,নদীর স্রোভোবেগ ও বায়ুর অমুকুলতা-বশতঃ অতি ত্বরায় গঙ্গা পার হইলেন। পরে নক্ষত্র দ্বারা দিঅনিরপণ করিয়া স্তলপথে ক্রমাগত দক্ষিণ দিকে গমন করিতে লাগিলেন। ভাঁচারা পথিমধ্যে এক মহারণো প্রবেশ করিয়া একান্ত পরিশ্রান্ত, ও নিতান্ত পিপাসার্ত্ত **এবং निष्ठान्न इरेन्ना जीमरमनरक कहिलन, 'रम्थ এरे** নিবিত্ মরণানীমধ্যে আমাদের সাতিশয় কট হুইতেছে: আমরা কোন প্রকারেই দিঙ্নির্গয় করিতে পারিতেছি না; চলিতে নিতাত অসমর্থ হইতেছি, সেই ছুরায়া পুরো-চন मध, इटेग्राइ कि ना छारा आनिए शानिए शातिगाम ना. এক্ষণে কিরপে এই বিষম ভয় হটতে বিমুক্ত হট। তৃমি भागामत गर्सार्थका वलतान, धरु व ज्यिहे शृर्स्तर ন্যার আমাদিগকে লইরা চল। মহাবলপরকোন্ত ভীমসেন, ধর্মমাজ যুধিছিরের বাকো স্বীয় জুননী কুন্তী ও প্রাভূগণকে পুর্বের ন্যায় শহুরা বায়ুবেগে গমন করিতে লাগিলেন।

একপঞ্চাশদ্ধিক শতভ্য অধ্যায়।
মহাবল পরাক্রান্ত ভীমদেনের গমনকালে ভলীয় উক্ত-

বেগে বনস্থ বুক্ষমকল শাখা প্রশাধার সহিত কম্পান হুইতে লাগিল। তাঁহার জজ্যা-প্রনে পার্যন্ত বৃক্ষ ও লতা সকল ভূতলশায়ী হইল। তিনি সমীপস্থ কল পূসাবনত বৃক্ষ সমুদায় ভগ্ন করত গ্রমন করিয়া ক্রোধান্বিত তেজনী মদস্রাবি ষাষ্ট্রবর্ষক মাতক্ষের নায়ে শোভা পাইতে লাগি-লেন! অন্যান্য পাণ্ডবগণ ভীমের গমনবেগ সহা করিতে না পারিয়া মুচ্ছি তপ্রায় হইলেন। ভামসেন উল্লভ ও বিদম প্রদেশে স্বীয় জননী কুম্ভীকে অতি সাবধানে পৃষ্ঠে করিয়া বহন করিতে লাগিলেন। এই রূপে তাঁহারা অভি কটে অনেক বন অতিক্রম করিয়াও ছরাত্মা ছর্য্যোধনের ভরে প্রজ্জাবেশে যাইতে লাগিলেন। ক্রমে সায়ংকাল উপত্ত হটল, ঐ সময়ে তাঁহারা আর এক নিবিড অরণানী মধো প্রদেশ করিলেন। ঐ অরণোজল বা কোনপ্রকার ফলমল কিছই নাই। উহার চতদিকে হিংস্র জন্ত ও ক্রে পশ্চিগণ ভ্রমণ করিতেছে। ক্রমে ক্রমে ঘোর-তর অন্নকার সমুপত্তিত হইল; অক্সাৎ প্রবল বায়ুদ্বাবা বুক্ষের ফল পত্র পতিত,বুক্ষগুলাদি উৎপ্রটেত ও অবন্মিত হট্যা দশ দিক একেবারে আচ্ছন হট্যা গেল।

পাঙ্বগণ অবিশ্রাস্ত, পিপাসার্ভ ও নিতান্ত নিজাত্র ছইয়া গ্ননে অসম্থ হইলেন। তাহারা সেই আহারদ্রা-শুনা বনে অব্ভিতি করিলেন্। তাহার পর কুঞ্জী নিতাস্ত ত্বাত্র হইয়া স্বকীয় পুল্লিগকে কহিলেন, হায়। আমি পাঙ্বলণের মাতা হইয়া এবং তাহাদিগের মধ্যে অবস্থিতি করিরাও পিপাদার শুক্তর হইলাম। ভোজরাজন নিনীর ঐ প্রকার কাতরোক্তি শ্রবণে মাতৃভক্তি-পরায়ণ ভীম-সেনের মন কারণারদে পরিপর্ণ হইল। তিনি কিঞ্চিনাত ও বিলাধ না করিয়া মাতা ও ভ্রাতৃচভূষ্টয়কে পুকাৰং, গ্রহণ করিয়া আর এক পরম রম্ণীয় কাননে উপস্থিত হুইলেন। তথায় গিয়া এক বুখ্ং বটবুক্ষু দেখিতে বাইলেন। তথন তিনি সেই বিপুল নাগোধ পাদপমূলে মাতা ও ভাতগণকে রাথিয়া জাঁহাদিগকে কহিলেন, ভোমরা এই স্থানে কণেক বিশ্রাম কর, আমি জল অবেষণাথে গমন করি; ঐ দেখ, জলচারী সারসগণ কলম্বরে ধ্বনি করিতেছে। বোধ হয় অনতিদূরেই অতি বৃহৎ জ্লাশয় আছে। তাঁহাদিগ্রে এই কথা কহিয়া জোষ্ঠ ভ্ৰাতা যুধিষ্ঠিরের অনুজ্ঞা গ্রহণপুর্বক সার্মগণের কলরবামুসারে ক্রোশ্বর গমন করিয়া এক মহৎ সরোবর দেখিতে পাইলেন। তথন তিনি ঐ । বরে জ্বগাহনপূর্কক স্থান ও জ্গপান করণানন্তর ও লাতাদিগের নিমিত্ত স্থীয় উত্তরীয় বস্তে করির গ্রহণপূর্কক মুহুর্তমধ্যে তাহাদের সমীপে স্মাগত লেন। আসিয়া দেখিলেন, মাভ্সমবেত লাত্য ধরণীতলৈ শয়ন করিয়া নিডাভিত্তত হইয়াছেন।

তাঁহাদিগের দেই অবস্থা দশনে ভীমসেনের শে: আর পরিসীমা রহিল না। তিনি বিলাপ করিতে 🖝 कहिल्लन, हाय! कि कहे। आभात कि छत्रमहे। अ ভাতাদিগকে ধরাওলে নিজিত দেখিতে হটল। বাষ্ট্র নগরে ছগ্ধফেনসন্নিভ শ্যায় শয়ন করিয়াও বাঁহাদের 🗓 🤅 **২ইত না, এক্ষণে ভাহারা ভূমিশ্যায়ে শ্যান হট্যা** য়াসে সুষ্ঠ হইয়াছেন। হায়। কি পরিভাপের িক যিনি শক্তবাভী বহুদেধের ভগিনী,যিনি কুন্তীরাজের পুরু বিনি স্কলকণসম্পন্না, যিনি মহারাত বিচিত্রবীয়োর গ্রহ যিনি মহাত্মা পাওর পত্নী, যিনি আমোদিরের 🗞 🕡 যিনি প্রফুর পুওরীতেকর ন্যায় প্রভা শালিনী, এবং 🤫 ধর্ম, ইন্দ্র ও ধায়ু হুইতে এই সকল সম্ভান প্রস্ব ০ য়াছেন, অদা সেই স্কুকুমারাক্ষী মহাই শয়নোচিতা ক ভতলশায়িনী দেখিতে ১ইল। ইহা অপেকা আর ছ: বিষর কি আছে। যে ধন্মপরায়ণ যদিষ্ঠির তিলোকীরা আবিপতা পাইতে পারেন, তিনি পরিশ্রাম্ব চইয়া ভ শয়ন করিয়া আছেন। নবীন জলধরের নাায় ভার অলেক্ষ্যামান্য অজ্ন প্রাকৃত লোকের নাার ভূমিশ শয়ন করিয়া আছেন। ইহা কি সামান্য গ্রথের কথা মাদ্রীনন্দনদ্য অবিনীতন্যের ন্যায় রূপধান ইইারা ৫ মন্তবোৰ ন্যায় প্রাভলে শ্রুশ করিয়া অন্যায়ালে 🙃 🚉 যাইভেছেন। ইহার পর আর ছঃথ কি আছে, যাহার 🚟 . কলক্ষকপ বিষম গুণতিবৰ্গ নাই, সে পরম্পুথে 🖰 🐠 যাপন করে। প্রানে একটানাত বৃক্ষ থাকিলে সে ফলোপশোভিত হইয়া চৈতনানামে থাতি ও সঞ্ পুঞ্জিত হয়। যাহাদের বলবান প্রম ধান্মিক জ্ঞাতি থাকে,ভাহার। নির্কিলে পরমন্থথে বাস করে। আর এমনই ত্রদৃষ্ট যে পরম স্থাৎ ধৃতরাষ্ট্র প্রের পরার্ছ সারে আমাদিগকে দগ্ধ করিবার মানদে দেশ হইতে সিত করিয়াছে, কেবল দৈবের অমুকুলতাম একাল

আছি। দারুণ অগ্নিভর হইতে পরিত্রাণ পাই-.हे, किन्त अकर्पं धंदे निविष् कात्रा अर्पं কোনদিকে যাইব বা কি করিব থিছুই বুঝিতে ছি না। হা হ্রাত্মন কুরুকুলকলক হুর্ব্যোধন। দিনের পর কুতার্থ হইলি। নিশ্চয় জানিলাম, দ্ব সুপ্রসন্ন, তলিমিত্তই ধর্মাত্মা যৃধিষ্টির কুপিত ामारक आका श्रेमान करतन ना. गाम शाखवर श्रेष्ठ ইঙ্গিতে আমাকে অমুজ্ঞা করেন ভাষা হুইলে া মাই তোমাকে অমাত্য, সহোদর, কণ ও শকুনি ্রাহারে শমনভবনে পাঠাই। মহাবল প্রাক্রান্ত ুক্তিতে কহিছে ক্রোদে কম্পিতকলেবর হইয়া াদ পরিত্যাগপুর্বক করে করে মদন করিতে । ডিনি কণকাল পরে নির্বাণোমূণ ত্ডাশনের, ম ক্রোধশুনা ভইরা সেই স্থানে উপবেশনপূক্তক নায় মহীতলে হুঁযুপ্ত মাতা ও ভাতাদিগকে নিরী-ু াঁ∳াত করিতে কচিলেন, বোধ হয়, এই বনের রুট নগ্র আছে। একণে ইহাদের জাগরণ ্যু ইইারা স্বজনেদ নিজা যাইতেছেন, কি করি, গিয়া থাকি, ইহাঁরা নিজাতে গাতোখান করিয়া ারবেন এই বলিয়া ভীমসেন তথায় অপ্রমন্ত-त्रविष्ठ ३ हेशा दिहालन ।

দ্ধতি হাত্ৰ প্ৰান্ধ ।

হিড়িম্ববধ পর্বাধ্যায়।

ছিপঞাশদধিক শততম অধ্যায়।

পায়ন কহিলেন, তে মহারাজ। ঐ বনের বর্তী বিশাল এক শাল্যক ছিল। তচপরি মহাকান্ত নরমাংসাশী' হিড়িপ্রনামা প্রাক্ষস বাদ
ঐ চরাত্মা অতান্ত ক্রুর ও জলদকালের জলক্রুর ক্ষেবর্গ ছিল। উহার শরীর ফুল্চ, চকুপ্র
মূথ অতি ভীষণ, দম্ভলাল বিশাল, জভ্যান্ল ও
দ্বিনান, শাশ্রু ও শিরোক্ষহ তাত্রবর্ণ, হুর্ন প্রেকাণ্ড
দ্বিশ ও কর্ণজন্ম রাসভ শ্রবণিগেক নিজিত দেখিতে

পাইল। ত্রাত্মা বছদিবসাবধি মতুষ্য-শোণিত পান করে নাই, বিশেষতঃ তৎকালে সাতিশয় ক্ষধার্ত হুইয়াছিল; মহুবাগন্ধ আছাণে ও পাগুবদিগের দশনে যংপরোনান্তি পরিতৃষ্ট হইল ; পরে উদ্ধাসুলি দারা শির:কভুতি করিতে করিতে মুথবাদানপূর্কক জ্ভনছলে বারংবার তাঁছা-দিগকে নিরীক্ষণ করিতে লাগিল। হিড়িম্ব পাণ্ড্রগণের মাংস ভক্ষণ ও কধির পান করিবার নিমিত্ত সাতিশয় ব্যগ্র হইয়া সীয় ভগিনী হিড়িম্বাকে আহ্বান করিয়া কহিল, ঐ দেখ³বহদিনের প্র আমার পরম ভক্ষ্যকল স্বয়ং সমূ-পহিত হটয়াছে, উহাদিগের দশনে আমার জিইবা হটতে জল নিঃস্ত ও মুখ বিচলিত হইতেছে। অনা আমি বছদিনের পর হুকোমল্লনাংস্যুক্ত মহুবাদেছে সুতীক্ষ বিশাল দশন নিমগ্ল করিব, মহুষাক্ত আক্রমণ ও ধমনী-চ্ছেদনপূর্ব্বক অভিনব কবোষ্ণ ফেনিল কুধিব পান করিয়া চরিতার্থ চঠব। তুমি শীঘ্র গিয়া জান, উহারা 💃ক ? উহাদের গন্ধ আন্তান করিয়া আমার পরম পরিভোষ হই তেছে। শীঘ্র যাও উহাদের সকলকে বধ করিয়া আমার নিকট জানয়ন কর। উহারা আমার ভাষি-কারে নিক্রিত রহিয়াছে, ভয় করিও না। যাও স্বরায় উহাদিগকে মারিয়া আন। আমরা গুইজনে একত হটয়া নরমাংস ভক্ষণে উদর পূর্ণ ও পরম পরিভোষে ভাল প্রদান পুর্বক নুতা করিব।

হিজিলা রাক্ষনী ভাত্বাকা শ্রবণ করিরা সহরে পাশুব গণের সমীপে উপস্থিত হইয়া দেখিল, মাতৃসমধেত পাশুব চতৃইয় নিজিত আছেন, কেবল একাকী ভামসেন জাগরিত হইয়া প্রহরীর কার্যা করিতেছেন। রাক্ষনী বিশাল শালরক্ষ সদৃশ মহাবল পরাক্রবস্ত ভীমসেনের অলোক-সামান্য রূপলাবণা দর্শনে সাতিশয়, কামার্স্ত হইয়া মনে মনে হির করিল বেঁ, এই মহাবাহ, সিংহ্রক, ক্লুগ্রীব, ক্মলনয়ন, স্তরুপ, যুবা পুরুষকে আমি পতিত্ব বর্ষণ করিব। আমি ক্থন্ট ভাতার ক্লুব বাক্যাস্থলরে কায়্য করিব না। পজিলেই সোদয়-স্বেহ অপেক্ষা বলবান্; বিশেষভঃ আমি ইহাদিগকে বধ করিয়া ভাত্সয়িধানে উপস্থিত করিলে মাংসভক্ষণ ও রুধির পান দ্বারা আমার ক্ষণকালমাত্র ভুপ্তি ইইবে, কিন্তু যদি ভাহা না করিয়া এই যুবা পুরুষকে পতিত্বে বরণ করি, ভাহা হুইলে আমি চির-

কাল প্রমস্থভোগে কাল্ছরণ করিতে পারিব। ক্রপিণী হিড়িছা মনে মনে এইরূপ সংকর করিয়া মৃত্ত মধ্যে দিব্যাভরণ-ভৃষিতা বেড়েশবর্ষদেশীয়া কামিনীর त्वमधात्र शृक्षक मृष्यक शगत जीमत्रत्व मिश्रात উপ্রেত হইল এবং লজ্ঞাবনত সহাস্তবদনে গদগদস্বরে তাহাকে কৃথিতে লাগিল, হে পুরুষপ্রেষ্ঠ ! তুমি কে ? কোথা ছইতে আসিয়াছ? এই যে দেবরূপী পুরুষগণ ধরতিলে শ্রান রহিয়াছেন, ইইারা তোমার কে? আর এই যেতপ্রকাঞ্চনসন্ত্রিভ রূপশালিনা সুকুমারী আপনার গুহের ন্যায় এই নির্জন বনে বিশ্বস্তচিত্তে নিদ্র। বাইতে-ছেন, ইনিই বা তোমার কে ? ভনিতে ইচ্ছা করি; তোমরা ফি জাননা যে এই গহনবন রাক্ষনগণের আবাদ ন্তান ? ইহাতে হিডিম্ব নামে এক পাপাত্মা বাস করে। সেই ভ্রাত্ম আমার ভ্রাতা : সে তোমাদিগের মাংস ভক্ষণে ও क्रिंत পানে লোলপ হইয়া তোমাদিগের বধ সাধনার্থ আমাকে পাঠাইয়াছে। যাহা হউক, আমি তোমার রূপলালণ্য দর্শনে মোহিত হুইয়া কোমাকে প্রতিছে বরণ করিতে ইচ্ছা করি, হে ধর্মাত্মনা একণে বাছা তোমার উচিত হয়, কর। আমি কামাতুরা হইয়া স্বয়ং ভোমাকে বরণ করিবার প্রার্থনা করিতেছি, হে মছামুন্ বিবাছ कतिया जामात्र मत्नांत्रथ मुकल कत्र। ८३ महावाद्या । আমি স্বীকার করিতেছি,ছুর্স্ত রাক্ষসভয় হইতে তোমাকে পরিত্রাণ করিব। আমি কি জল, কি স্থল, কি অম্বরতল নর্বত্র ভ্রমণ করিতে পার্রি, তোমাকে লইয়া গিরি ছুর্গমধ্যে বাস করিব : ভূমি আমার সহিত একত্র থাকিলে পর-মাহলাদে কাল্যাপন করিতে পারিবে; অতএব অমুগ্রহ क्रिया अधीनीत मरनावाश পतिशूर्व कत ।

মহাত্মা ভীমদেন হিড়িখার বাক্যশ্রবণ করিরা ভাহাকে কহিলেন, হে রাক্ষিণ ! আনি কোমার কথার বিরূপে এই গহন কালন মধ্যে মাতা, জ্যেষ্ঠ সহোদর ও অমুধ্ব-গণকে পরিভ্যাগ করিরা গমন করি। মছিধ লোক কি কামার্ভ হইয়া এই সমস্ত হুথপ্রস্থা মাত্সমবেত ভ্রাতৃ-গণকে রাক্ষসমূপে প্রদান করিয়া অছলে গমন করিতে পারে ? হিড়িখা কহিল, হে ধর্মাত্মন্! তোমার বাহাতে প্রীতি জয়ে আমি তদস্কানে কথমই প্রাত্ম্প হইব না। তুমি ইইাদিগকে জাগরিত কর; স্কামি সকলকেই নর-

মাংসাদ রাক্ষসের হস্ত হইতে পরিত্রাণ করিব। জীমসেন কহিলেন, হে রাক্ষসি! আমি তোমার হুরাত্মা জাতার ভরে তথপ্রস্থে জননী ও প্রাভগণকে কথনই প্রারেশ্ত করিতে পারিব না। হে জাক্ষ! কি রাক্ষস, কি মানব, কি গন্ধর্ক কেহই জামার পরাক্রম সহ্ত করিতে সম্বর্থ নহে, আমি কাহাকেও ভয় করি না; অতএব ভুমি এই হামেই থাক বা এখান হইতে গমন করিয়া ভোমার প্রভাকে পাঠাইয়া দাও; যাহা ইচ্ছা হয় কর, আমি সকল বিষয়েই সক্ষত আছি, কিছুতেই কিছুমাত্র ক্ষতি বোধ করি না।

ত্রিপঞ্চাশদধিক শততম অধ্যায়।

रिवंग्लाशन कहिलन, तह ताजन । धाँमितक उर्कत्कम, মহাবাহ, নিবিড় কাদ্ধিনীতুলা কলেবর, লোহিত ময়ন, বিকটদশন, ভয়ম্ববদন ছুরাত্মা হিড়িম্ব স্বীয় ভূগিনী হিডিখার বিলম্ব দেখিয়া বৃক্ষ হইতে অবতরণপূর্ব্বক শ্বরং পাতবগণস্মীপে গমন করিতে লাগিল। হিড়িছা তদ্ধ্বিন সাতিশয় ভীত হইয়া ভীনদৈনকে কহিল, হে মহাদ্মন। ঐ দেখন নরমাংস-লোলুপ মদীয় সহোদর গুরাত্মা হিডিছ কুদ্ধ হইয়া আদিতেছে, আর নিস্তার নাই: একংগ বিনয় করিয়া কহিতেছি, দাসীর বাক্য গ্রহণ করুলা সক-লকে জাগরিত করিয়া ত্রায় আমার নিত্রদেশে আর্চ रूडेन, जामि जाननामिशक नरेश जानाममार्श केएकीत इहे। ভीমদেন कहिलन, ८६ পृथ्यानि । किছुमाल छर्र করিও না, স্থির হও, দেখ, তোমার সমকেই গুরাবাকে এখনই বধ করিব : এই একাকী রাক্ষসাধমের কথা দুরে থাকুক, সমস্ত রাক্ষসকূল এ হিত্ত হইয়া আসিলেও আরি পরাজিত করিতে পারিব; আমার করিশুগুসরিভ এই ভুজ যুগল, পরিঘতুলা এই উক্তমত্ত্ব ও বিশাল এই সক্ষঃ-ত্ত দর্শন কর ; আর ইক্সদৃশ নদীয় অত্ত প্রাক্রয় অচিরে দেখিতে পাইবে; হে পুথুনিতখিনি ! ক্রম্ম विनया जामातक अवका कति । मा ; हिडिया करिया, दर দেবরূপ নরশ্রেষ্ঠ। আমি তোমাকে অবকা ক্রিভেছি না ; এই হুৱাত্মা সর্ব্বদাই মানবদিগকে অনারায়ে প্রাক্তর করে এই নিমিন্ত ভীত হইরা তোমাদিগকে লইছা বানা-রনে উদাত হইরাছিলাম।

্রাক্ষপ দূর হইতে ভীমদেনের কথাসমস্ত শুনিতে পাইয়া ক্রোধকম্পিত কলেবরে অগ্রসর ছইয়া দেখিল বে, হিড়িছা মাহবীর বেশ ধারণ করিয়াছে; তাহার বদন পুর্বাদিসম, কবরী পুস্পমালায় পরিবেটিত, জ, চকুঃ ও কেশাস্ত মনোহর, একাস্ত সর্বাঙ্গ বিচিত্রাভরণ-ভূষিত, পুরিধান ক্ষ বস্তু। হিভিত্ব তাহাকে তাদৃশভাবাপর দেখিয়া কামুকী বলিয়া নিশ্চয় ব্ঝিতে পারিল। তথন দে পূর্ব্বাপেকা অধিকতর ক্রোধারিত চইয়া বিপুল নেত্র-ধন্ববিক্ষারণপূর্বকে ভগিনীকে ভর্ণসনা করিয়া কহিতে লাগিল, অরে বিপ্রিয়কারিণি হিড়িষে! তুই আমার ভোজনে বিশ্ব উৎপাদন করিতে উদ্যত হইয়াভিদ্? আসার কোধ কি একবারে বিশ্বত হইলি ? রে রাক্ষস-কুলকলক্ষিনি পরপুরুষাভিলাধিণি অসতি ৷ তোকে ধিক্ ! তুই বাহার আশ্রমবলে আমার এই মহৎ অপ্রিয়াতুষ্ঠান করিলি, আমি তাহাকে তোর সমকে এখনই বধ করি-তেছি। হিড়িম, ভগিনীর উপর এই প্রকার তর্জনগর্জন ক্রেরা রোধক্যায়িত লোচনে দৃঢ্তররূপে দশনে দশন নিশীভনপূর্বক পাণ্ডবগণকে বিনাশ করিতে চলিল।

ভীমপরাক্রম ভীমদেন, রাক্ষসকে ভগিনীর প্রতি কুন্ধ 🥦 ধাৰমান দেখিয়া, "বে ত্রাজান্! তিষ্ঠ তিষ্ঠ' বলিয়া ভাছাকে ভং সন। করিতে লাগিলেন এবং উপহাস করিয়া কহিলেন, আরে হিড়িষ! ভুট কি নিমিত ব্থা গর্জন করিয়া এই স্থাপ্রস্থা অনগণের নিজাভঙ্গ করিতেছিস্ ? আর কি নিমিত্তই বা স্বীয় ভগিনীকে বধ করিতে উদ্যত हरेटि हिन्? क्रमेठा थाटक आज्ञ, आमात महत्र युक्त कत्। তোর ভপিনীর অপরাধ কি? শরীরাম্বশ্চারী অনঙ্গই অবুপরাধী, তাহারই হর্জন কুমুন-শরে জর্জারিত হইয়া চিড়িমা আমাকে অভিলাষ করিয়াছে। ইহার কিছুমাত্র আৰুৱাধ নাই; জানিস না, তুই অৱং ইহাকে আমার सिक्टि शांठीरेशांचित् ? ज ज्यादन व्यागमन कतिशाह श्रीयात्र क्राप्यावणा पर्नात्न कन्मर्भवात्य त्याहिँ हरेत्रा यथन ৰামাকে পতিতে বরণ করিয়াছে,তথন ও অবশুই আমার क्रम्भीत ! ca बाकमक्लक्लक प्रेडाचन ! पूरे कि माहरम আমি জীবিত থাকিতে আমার, জীর প্রাণনাশে উদ্যত হইরাছিল ? বোগ্যতা থাকে আদিরা আমার সঙ্গে সংগ্রাম क्षेत्र : आग्नि এই कर्णरे एडाक नमनमहरन व्यवन कतिन।

রে নরমাংসলোলুপ ছর্জ ভ রাক্ষস ! আমি আজি তোর মন্তক চর্ণ করিব; খেন, কন্ধ, গোমায়ুপ্রভৃতি জন্তগণ শরমাহলাদপূর্বক তোর ধরণীলুঠিত মৃতদে**হ আকর্বণ** করিবে। রে রাক্ষসাধম! ভুই নিত্য নিত্য নরহত্যা করাতে এই বন পাপে পরিপূর্ণ হইরাছে; আমি আদা मृद्धकानमार्था देश त्राक्रमणुना कतियः त्यमन निश्ह মহাগজকে আকর্ষণ করে, সেইরূপ অদ্য তোর ভগিনীর সমক্ষে তোকে আকর্ষণ করিব। রে রাক্ষসকুলামার। অন্যু আমার হল্তে ভোর মৃত্যু হইলে অরণ্যচারী পুরুষগণ निःमक्ष्रिष्ठ धरे रात विष्ठत्रण कतित्व। हिष्ठित कहिन, রে নরাপদদ ৷ তুই কেন অকারণ গর্জন করিতেছিস্ ? অগ্রে স্বীয় প্রতিজ্ঞান্তর্গপ কার্য্যামুষ্ঠান কর্, পুরে আম-ল্লাঘা করিস্। আমা অপেকা বলবান বলিয়া মনে মনে যে তোৰ অহকার হইয়াছে, অবিলয়ে তাহা চূর্ণ করিব। আমি এই নিদ্রিত ব্যক্তিদিগকে এখন किছूरे विवय ना। हेरात्रा श्रष्ट्रात्म निजा याडेक; व्यत्थ ভোকে বধ করিয়া ভোর রক্ত পান করি,পরে এই নিদ্রিত-দিগকে, তংপরে এই অপ্রিয়কারিণী পাপীয়দী ভগিনীকে সংহার করিব।

রাক্ষ্য এইরূপ তর্জনগর্জন করিয়া বাছ প্রসারণ পূর্বক ক্রোধভরে ভীমদেনের প্রতি ধাবমান হইল। মহাবলপরাক্রান্ত ভীম রাক্ষসকে সন্মুখাগত দেখিয়া হাসিতে হাসিতে তাহার বাছ্যুগল ধারণ করিলেন, এবং য়েমন সিংহ ক্ষুদ্র মুগকে অনায়াসে টানিয়া লইয়া যায়, 'সেইরূপ তাহাকে সে স্থান হইতে অষ্ট ধরু অম্ভরে "লইয়া গেলেন। রাক্ষ্য ভীমসেনের পরাক্রম দর্শনে সাতিশয় ক্রুদ্ধ হুইয়া ভীমকে ধারণ করিয়া গর্জন করিতে লাগিল। তখন বুকোদর জননীসমবেত নিদ্রিত ভাতৃগণের নিদ্রাভঙ্গভয়ে প্নর্কার তাহাকে বুলপূর্বক আকর্ষণ করিয়া অপেকারত দূরে লইয়া গেলেন। তদনস্তব তাঁহারা ছই জনে পরস্পীর পরক্ষারকৈ আঁকর্ষণ ও স্থান্ত বিক্রেম প্রকাশ করিছে লাপিলেন এবং ষ্টিবৰ্ষবন্ধ কোণাখিত মত মাতক্ষমের নাার বৃহং বৃহং বৃক্ষ ভল্পন ও লতাকর্বণ করিতে আরম্ভ ক্রিলেন ৷ তাঁহাদের ভীষণ গর্জনে মাতৃসমবেত পাগুৰ-চতৃষ্ট্র জাগরিত হইয়া সমুপস্থিত। হিড়িমাকে দেৰিতে भारेत्नन ।

চতুঃপঞ্চাশদধিক শততম অধ্যায়।

रिवमम्मात्रम कहिरमम, महात्राख । এपिक कुकी পুত্রচভূষ্টয়ের সহিত জাগরিত হইয়া সমীপস্থিতা হিড়িখার অতিমাত্র রূপ দর্শনে সাতিশ্য বিশ্বয়াপর স্ইয়া পান্ত-বাদপূর্বক হিড়িম্বাকে সংখাধন করিরা সুমধুরশ্বরে জিজ্ঞাসা করিকেন, ছে বরবর্ণিনি ! তুমি কে ? কাহার পত্নী ? কি নিমিত্ত এই স্থানে আসিয়াছ ? হে দেবগর্ত্তাভে ! তুমি कि धरे वरनत्र अधिकां खी (नवी ? कि कान अभात् ? আর কি জনাই বা একানে রহিয়াছ ? স্বিশেষ বাক্ত क्रिया बन । बिक्किमा क्रिक, ट्रांपि ! এই यে शश्न-न्भनी तुक्त हाको नमाकून स्नीन सन्धत-नम्भ नामन অরণানী নিরীকণ করিতেছ, ইহা রাক্সেক্ত হিড়িম ও আমার আৰাসস্থান। ঐ রাক্সরাজ আমার সহোদর, সে তোমাকে ও তোমার পুত্রদিগকে সংহার করিবার মানদে এই স্থানে আমাকে পাঠাইয়াছিল। আমি সেই জুরবৃদ্ধির বচনারুসারে এথানে আসিয়া ভপ্তকাঞ্চন-সদৃশ-करनदत्र, महावन नताकाञ्च ट्यांगांत भूखरक नितीकन করিলাম। হে গুভে। তাঁহাকে দেখিবামাত্র আমি সর্ক-ভৃতভিত্তচারী ভগবান কুত্রমচাপের শরসন্ধানের বশবর্জিনী হইরা তাঁহাকে পতিছে বরণ করিলাম, আমি তোমা-मिश्रक महेशा अदान इटेर्ड श्लायन कतिवाद स्रातक চেঠা, পাইমাছিলাম, কিছ, তোমার পুত্র কোনমভেই আমার বাকো সম্বত হইবেন গা। হে ভল্লে! এছানে আমার অনেক বিলম্ব ছওয়াতে আমার ভ্রাতা তোমাদিগকে সংহার করিবার নিমিত্ত স্বরং আসিয়াছিল। ভোমার সেই পুত্র বলপূর্বক এন্থান হইতে ভাহাকে শইষা শিয়াছেন। ঐ দেখ,তাহারা ছজনে পরস্পর গর্জন ও বিক্রম প্রকাশপূর্বক যুদ্ধ করিতেছেন।

ভিভিদার বচন প্রবণমাত্র মহাবীহা হ্বিটির, অর্জুন,
নকুল ও সহবেদ সত্তর ভীমসমীপে সম্পত্তিত হইবেন
এক দেখিলেন ভীমপরাজ্য ভীমসেন ও রাক্ষস পরক্ষর
জরাশা করিয়া কহাবল সরাজ্যাত্ত সিংহ্রবর ন্যায় ফোরতর সংগ্রাম করিতেছেন। তাহাদিপের চরণাঘাতে
পার্থিব ধ্লিপটল গুগনমগুলে সমুখিত হইরা দাবালিগ্যের
শোভা ধারণ করিয়াছে। তাহারা বস্থধারেণু-পরিধীতাক্ষ

रहेशा नोहातमा ७७ देनवता करायत नाम दनाका তেছে। তথন মহাবলশালী অর্জুন ভীমদেনকে রাক্ষপের यूष राविज्ञात पिवत क्रेयर शता कतित क्रिक् কহিতে লাগিলেন,হে মহাবাছ ভীমসেন! তুমি কি এই হুৰ্ক্ত রাক্ষ্যের সহিত যুদ্ধ করিয়া সাভিশর পরিপ্রাপ্ত হইয়াছ ? ভয় নাই, আমি তোমার সহায়তা করিতেছি; নকুল ও সহদেব মাতাকে রক্ষা করক। ভীম কহিলেন, ভাত:! কিছুমাত্ৰ শহা করিও না; নিক্ষিলটিতে যুদ্ দর্শন কর; এই গুরাঝা আমার হতগত হইয়াছে, আছ ইহার নিস্তার নাই। অর্জুন কহিলেন, হে ভীম। বিলম্ করিও না : পাপাত্মা রাক্ষসকে শীঘ্রই নিপাত কর আমাদের এম্বান হইতে অতি ত্বার প্রস্থান করা কর্মক वे प्रथ श्रुविषक् ब्राइन र इहेबाहा ; अठि नीबारे अधार श्रेरव ; मिराভार्ग ताकमार्ग अधिक**ভत धारल स्ट्रेस** উঠে; হে বুকোদর ! সত্ত্র হও; আর বৃথা ক্রীড়া করি ना ; উहारक भोज वध कत ; किकिश विनायहे के इसामा মায়া প্রকাশ করিবে।

মহাবলপরাক্রান্ত ভীমসেন অর্জুনের বচন প্রথমে পূর্বাপেকা অধিকতর কোগানিত হইরা শীর ক্রবক্ষ বায়কে আকান করত তদীর জগৎসংহারক বল প্রহণ করিলেন এবং সেই নীলাম্দল্যামল রাক্ষ্যের প্রথমে করিলেন এবং সেই নীলাম্দল্যামল রাক্ষ্যের প্রথমে করিতে কহিলেন, অরে ছট নিশাচর! ছই রথা এওকাল নাংসভক্ষণ করিরা বর্দ্ধিত হইরাছিস, তোকে মিকু; অতএব তোকে এক্ষণেই অপবাতে সংহার করিবা এই বন নিক্টক ও মকলযুক্ত করিব। আরু এই নরহত্যা করিরা ভক্ষণ করিতে পারিকি না। অর্জুমুক্ত করিব। আরু এই নরহত্যা করিরা ভক্ষণ করিতে পারিকি না। অর্জুমুক্ত বোধ হইরা থাকে,তবে কল ? আমি ভোষার সাহার্ম্য করিছেছি। ইহাকে শীর সংহার কর, অথবা আমি ইহাক্ষেবিনাশ করিতেছি। তুমি অনেক পরিশ্রম করিবার করেবাল বিশ্রমার করে।

অৰ্থনের এই বাক্য প্রবণে তীমদেনের জোধ বি গুণিত হইরা উঠিব। তথন তিনি আর কিছুবাল বিক্র না করিয়া রাক্ষনকে বলপূর্বক তৃত্বে নিক্ষেশ নাক্ষরী পণ্ডর ন্যার কা করিলেন। হিড়ির বরণকালে তরকারয়ার দার করিতে লাগিল। তাহার গভীর গর্জন হারা
মহারণ্য শরিপূর্ণ হইল। তৎপরে বুকোদর রাক্ষসকে
ক্রিক ধারণ করিরা তাহার মধ্যদেশ ভয় করিরা
ালেন। রাক্ষস নিহত হইরাছে দেখিরা, পাওবচত্আফ্লাদের পরিসীমা রহিল না। তাঁহারা পরমসমাদর

ক ভীমসেনকে ধন্যবাদ প্রদান ও আলিঙ্গন
কেন। তপন অর্জুন পরম আফ্লাদে অরাতিবিনাবুকোদরকে পূজা করিয়া কহিলেন, হে মহাবাহ হর, এই বনের অনতিদ্রেই নগর আছে,
আমরা ঘরার এহান হইতে প্রহান করি; কি জানি

াা হুর্য্যোধন কোন না কোন উপায় হারা আমাদের

ারান পাইলেও পাইতে পারে। তাঁহারা সকলেই
নের বাক্যে, অস্থুমোদন করিয়া তথা হইতে গমন
তে লাগিলেন। রাক্ষসী হিড়িকাও তাঁহাদের সমজিবিরে চলিল।

পঞ্চপঞ্চাশদধিক শততম অধ্যায়।

ইবশশ্পারন কহিলেন, হে রাজন্ ! তীমপরাক্রম তীমভিছিদাকে আপনাদিগের সমভিব্যাহারে আসিতে
রো তাহাকে কহিলেন, রাক্ষসগণ মোহিনী মারা
ভার করিরা বৈরনির্যাতন করে; অতএব রে নিশাচরি !
বির আমাদের সঙ্গে থাঝা উচিত নহে, তুইও খীর
ভাররের পশ্চাৎ পশ্চাৎ শমনভবনে যাত্রা কর । ধর্মান্ত্রা
ভার ভীরসেনকে ক্রুদ্ধ দেখিয়া তাঁহাকে সাম্বনা করত
লেন, হে প্রথাত্রাই ৷ ত্রীহত্যা করিও না; হে পাওব !
এর রক্ষা অপেক্ষা ধর্মারক্ষা ভ্রেষ্ঠ ৷ সেই ইরাল্কা হিড়িআমাদিগকে বধ করিবার মানসে আসিয়াছিল,
শাক্ষেত্র তুমি বিনষ্ট করিয়াছ, এ তাহার ভগিনী; এ
ভিইলেই বা আসাদের কি করিতে পারে ৷

হিছিথা ভীষের ক্রোধনর্শনে সাভিশন্ন বিষয় হইরা

তির সমক্ষে কৃত্তীকে ক্রভান্ধনিপুটে অভিবাদনপূর্বক

তিতে লাগিল, আর্য্যে। অবলা জন অনজনরে

তিরিত হইকে কিন্ধপ ভ্রণভোগ করে, ভাছা আপনি

কিশেষ-অকগত আছেন; হে যাতঃ। আমি ভীমনেনকে

তিতিক করিয়া অবধি সেই যুদ্রশা ভোগ করিতেছি।

আমি সুধ প্রত্যাশায় এতকণ অপেকা করিয়াছিলাম: একণে আমার দেই স্থু সম্ভোগের সমর সমুপন্থিত হই-म्राष्ट्र এখন जोगाक विकार कहा निजास जित्रिश्य; আরও দেখ, আমি স্বকীয় পাতিত্রত্যধর্ম ও বন্ধবান্ধব-প্রভৃতি সমুদীয় পরিত্যাগ করিয়া অপিনার প্রকে পতিছে বরণ করত তাঁহার শরণাপর হইয়াছি। হে যশবিনী। যদি সেই মহাবলপরাক্রান্ত পুরুষশ্রেষ্ঠ কিংবা আপনি আমাকে প্রত্যাধান করেন, তাইা হইলে নিশ্চয়ই প্রাণ-ত্যাৰ করিব, অতএৰ আপনি আমাকে মৃঢ়া বলিয়া হউক. বা ভক্ত বলিয়াই ইউক, কিমা অমুগত বলিয়াই হউক, অহুগ্রহ করিয়া যাহাতে ভীমদেন আমার পাণিগ্রহণ करंत्रन, जाहा विधान कक्रन। आमि त्यहे प्रवक्ति वृत्का-प्रत्र करेया यायळा श्रम कतिय अवः श्रमतात्र वालमा-দিগের সমীপে আনরন করিয়া দিব। আপংকালে আপনারা আমাকে স্মরণ করিলে আমি তদ্ধতে আসিয়া উপস্থিত इटेव धवः जाननानिशक विभन इटेट পরিতাণ করিব। আপনারা শীব্র গমনে অভিলাষ করিলে আমি স্বীয় পুঠে कतियां भागनांतिगरक नहेंद्रा यहित। जाननाता अञ्जह कतियां ভীমের সহিত আমার মিলন করিয়া দিন। আপদ হইতে পরিত্রাণ পাইবার নিমিত্ত যে কোন প্রকারে হউক প্রাণ-ধারণ করা কর্ডব্য,কিন্তু ধার্ম্মিক ব্যক্তি কি বিপদ কি সম্পদ সর্কালেই সক্ত অদীকার প্রতিপালন করিয়া থাকেন; আপৎকালেই ধার্ম্মিকগণের ধর্মের বিম্ন হইবার সম্পূর্ণ সন্তা-বনা; অতএব বিনি আপংশমরেও সীয় ধর্ম পরিভ্যাপ ना करत्रन, जिनिहे यथार्थ धार्त्रिक; त्नाहक भूगायरलई জীবিত থাকে: পুণাই প্রাণধারণের একমাত্র উপায়: বে কার্য্য করিলে ধর্মাহুষ্ঠান করা হয়, তাহা কাহার ও পক্ষে नुष्णावह नहर ।

বর্মারা যুবিটির, হিড়িছার বাকা শ্রবণানন্তর ভাষাকে কহিলেন, কে সুমন্তম। তুরি বাহা কহিলে ইহা ব্যার্থ বটে, তুরি কুর্যান্তের প্রাকালে ক্লন্তমানাহ্লিক ও রভ-কৌতুক্মলল ভীমনেনকে ভজনা করিও; দিবাভাগে উহাকে লইরা বর্থেছা গ্রমন করত স্বছন্তে বিহারাদিকরিও; কিছু রজনীয়োগে আমানের স্মীণে আম্মনন করিব। দিতে হইবে। বুকোনর যুবিটিরের বাকা শ্রবণানকর গতিবার্ড" বিলয়া অনুযোগন করিবেন, এবং হিরি-

খাকে কহিলেন, হে রাক্ষসি ! আমি জার্চ প্রাতার আঞ্চা-খুনারে তোমার পাণিগ্রহণ করিব যথার্থ বটে, কিন্তু বক্ত-দিন পর্যাস্ত তোমার গর্জে সন্তান না জ্বিবে, তভদিন তোমার সহবাস করিব।

মনোবেগগামিনী ভিডিখা ভীমের বাক্যপ্রবণ করিয়া "যে আজা"⊿বলিয়া স্বীকার করিল এবং তাঁহাকে नरेया आकाममार्ल शमन कविन । (म शतम द्रम्पीय রূপলাবণ্য প্রদর্শন ও অ্মন্তুর বাক্য ছারা উছোর মনোহরণ পূর্বক কথন বা দেবগণের আবাসস্থান মৃগপক্ষিসংক্রীণ तमगीत्र रेगनगृरम, कथन सून्निक-क्रम-नम्कीर्ग दनक्र्र्ज, कथन थ्राष्ट्रम कमनवनयुक मानाहत मात्रावात, कथन বৈছ্য্যদিকভাময় দ্বীপদমূহে, কখন কানন স্থশোভিত সুশীতণ জল পরিপূর্ণ গিরিনদীতে, কখন পুশিত জ্ঞা-লভাচ্ছাদিত কোকিল-কুল কুজিত কানন-কুঞে, কখন मिनकाकानामा मार्गद अरम (म. कथन शिव्य (मर्वादर्ग), कथन खहाकंशरवद निवामशात्न, कथन वा তाপमहिराव आधार, স্বাচ্চন্দে বিহার করিতে লাগিল। কিয়দিন এইরপ বিহার করিতে করিতে ভীমের সহযোগে হিড়িম্বা গর্ভবতী হইল। রাক্ষ্মীরা গর্জ ধারণমাত্রেই সন্তান প্রস্ব করে। হিড়িম্বা গর্ত্তধারণ করিয়াই এক বিরূপাক্ষ মহাবল পরাক্রাস্ত, মহা-ভূজ, महाध्यूर्धत, जमाध्य भूळ धानव कतिन। धे भूत्वत मूथ चिंठ दिनान, क्र्नुनंश्वेष्ठकार्वत्र नाम मीर्च, एक्षेष्र তামবর্ণ, मननम्बन खुडीक, नाभिका मीर्च ও वकः इन स्विकीर्। भूक बाक्गई हरेट विनिर्श्व हरेवामाव যোবন প্রাপ্ত ও নর্বাক্সবিশারদ হইল এবং সত্তরে পিতা-মাতাকে প্রণাম করত তাঁছাদের পাদ প্রহণ করিল। তাঁছার। পুত্তের নাম ঘটোৎকচ রাখিলেন। ঘট শব্দের অর্থ क्रिक्टिक ७ ७२का मास्त्र व्यर्थ (क्रममूना ; উद्दांत मराक ক্রিমুণ্ডের ন্যায় কেশ্শূন্য ছিল বলিয়া ঐ প্রকার নামধের হইল। ঘটোৎকচ পাওবদিসের প্রতি মিতাত অমুরক্ত ও একার ভক্তিমানু ছিলেন; তাঁহারাও তাঁহার व्यक्ति वश्यद्वामाणि स्वद व्यकान कवित्वन । निनाहती হিড়িখা আপনার সামিসহবাসের সময় অতীত ব্রিরা মাতৃণমবেত পণ্ডেৰগণকে সম্ভাৰণপূৰ্বক স্বস্থানে প্ৰস্থান कत्रिण । महादीव महोदारकाछ ध्यञ्चानकारण विनवगर्खकारम "ভূকা শ্লাপনানের কার্যাকালে উপস্থিত হইবে" বলিয়া

গুকজনের নিকটে বিদায় লইরা উত্তরদিকে গার্কী করিলেন। মহারথ ঘটোৎকচ, অপ্রতিষ্বীর্য্য কর্ণের সহিত্ত সংগ্রামনিষিত ইক্ষের অংশে পাতৃবংশে জন্মগ্রহণ করেন।

ষট্পঞ্চাশদ্ধিক শত্তম অধ্যায়।

বৈশৃষ্ণায়ন কহিল, হে রাজন্ ৷ অনন্তর মাতৃসমৰে পাণ্ডবগণ বল্লভাজন পরিধান ও জটাবন্ধনপ্রভাজ তাপদবেশ ধারণপূর্বক বনে বনে ভ্রমণ করত মৎস্থ,জিগ্র পাঞ্চাল, कीठक প্রভৃতি নানাদেশমধাবতী পরম রম্পীয় कानन-भवन्भवा ७ मत्नाश्विणी भवनिक्रभानिनी भवनी नित्रीक्रण कतिया वलभूर्वक वह्तिथ मृश्वध कतिए किर्देख সত্তর গমনে চলিলেন। তাঁহারা শীঘ্র গমন করিবার নি**সিত্ত** স্থানবিশেষে জননীকে নিজ পুৰ্চদেশে হহন করিছে णाणित्वन । गमनकात्व छाहात्रा छेशनिवः, ममस त्वाम, এবং নীতিশাল্প অধ্যান করিতেন। এইরূপে তাঁখারী গমন করিতে করিতে একদা পিতামহ বাাসদেবকে দেখিতে পাইলেন। তথন তাহার। মাতৃ সমভিব্যা**হারে** ভগবান কৃষ্ণদৈপায়নকে অভিবাদনপূৰ্বক কৃতাঞ্চলিপুটে উহোর সন্মধে দণ্ডায়মান হইলেন। ব্যাসদেব পৌত্রদিনের তাদৃশী হ্রবস্থা দেখিয়া সান্তনাবাকো কহিলেন, হে ভর্জ-वश्माव ज्राप्त । अ छत् । इंडिंग द्वारा व्यवस्था । তোমাদিগকে যে ঈদুশ পুরবস্থাপ্রস্ত করিয়াছে, ভাষা আমি ইতিপুর্বে বুঝিতে পারিয়াছি এবং তার্মীত তোমাদের হিত্যাধনমান্দে এস্থানে উপস্থিত ছইলাই : (इ दरमणण । विषश इटेख ना ; ट्यामझा পत्रिणारम सम्बद्ध क्षी रहेरव। यनिष्ठ धार्क्ताड्वेशन ७ ভোমরা আমার পক্ষে উভরই সমান, কিছু আমি এখন তোমাদিক্ষ ধতরাষ্ট্রদন্তান অপেকা অধিক ক্ষেত্ করি; কারণ দীর্মার ও শিশুক্রম যথার্থ স্নেহের পাত। আমি স্নেহবলে ভোষা দের হিত্রাধনে উদাত হইরাছি। একণে তোমরা আই অনতিদূরবন্তী নগরে রাস করিয়া আমার পুনরার্থী প্রতীকা কর ।

সতাবতীনন্দন পাশুৰগণকে এইরপ আৰাস আইন পূর্বক তাহাদিগকে সম্ভিব্যাহারে গইরা একচলা নির্বা রীতে গমন করিলেন এবং তথার উপস্থিত হইরা সুকীয়ে ভাষাস দিয়া কহিতে লাগিলেন, হে জীবৎপুত্রি! এই তোমার জ্যেষ্ঠপুত্র পুক্ষপ্রেষ্ঠ যুধিষ্ঠির অসাধারণ ধর্মপরাবৃণ ; ইনি স্বীয় ধর্মবলে ও ভীমার্জুনের ভূজবলে সসাগরা ধরা জয় কারয়া বাবতীয় নৃপতিগণকে শাসন করিবেন।
ইইারা পঞ্চাতাই মহাবলপরাক্রান্ত এবং স্কুমনে ও ব্যাহ্মেন প্রবিদ্ধান করিবেন, ভূজবলে স্কুম্ব পৃথিবী জয় করিয়া বছদাক্ষণ রাজস্ম ও অখনেধতান্তি বজ্ঞান্তান করিবেন, এবং ভোগদাধন হার।
স্কৃষ্ণিকে স্থা করিয়া পরমস্থে স্বীয় পিতৃপৈতামহ রাজাভোগ করিবেন, কদাচ ইহার অন্যথা হইবে না।

ভগবান্ ক্লাইৰপায়ন কুতীকে এইরূপ আখাদ দিয়া এক বাদ্ধণের আলয়ে তাহাদিগকে স্থাপনপূর্দ্ধক যুধি-তিরকে কহিতে লাগিলেন, হে ধর্মাম্মন্! তুমি মাতৃত্রাহ্-সমভিব্যাহারে দেশকালামুদারে কার্য্য করিয়া একনাদ এইফানে পরমহ্পে বাদ কর; নাদ পূর্ণ হইলে আমি পুনরাম এখানে আগমন করিব'। তাহারা দকলেই বছালে হইয়া ''যে আজ্ঞা মহাশ্য'' বলিয়া তাহার উপদেশবাক্য স্বীকার করিলেন। ভগবান্ ব্যাসদেকও বহানে প্রভান করিলেন।

হিড়িম্ববর পর্বে সমাপ্ত।

বকবধপৰ্বাধ্যায়।

সপ্তপঞ্চাশদ্বিক শত্তম অধ্যায়।

জননেজয় কহিলেন, হে দিজোতন। মহারথ পাণ্ডনন্দন আকৃচক্রায় বাস করিয়া কি, খি কল্ম করিলেন, সবিশেষ ক্রীক্র করুন।

বৈশশ্পায়ন কছিলেন, হে নূরনাথ ! পাগুবগণ এক চৰ্মায় ব্রাহ্মণ নিকেতনে দিবদের অনুভাগমাত বাস করি-কোন অধিকাংশ সময় অনেকানেক স্বিৎ, স্বোবর, কামন ও অন্যান্য প্রদেশ নকণ নিরীক্ষণপূর্বক ভিক্ষা কামন ও অন্যান্য প্রদেশ নকণ নিরীক্ষণপূর্বক ভিক্ষা কামন ও অন্যান্য প্রদেশ নকণ নিরীক্ষণপূর্বক ভিক্ষা কামনা ভারা ক্রেন্স ক্রেন্স নগরবাসী সম্পায় জনগণের কামনা প্রিয় ইইয়া উঠিলেন। পঞ্জাতা দিবাভাগে ভিক্ষা কামনা স্ক্রাসময়ে জননীর নিক্টে সমুদায় ভিক্ষালয় জব্য সমর্পণ করিতেন। ভোজরাজগৃহিতা সমস্ত ভক্যবস্থা প্রথমতঃ ভাগদ্বরে বিভক্ত করিয়া এক ভাগ ভীমসেনকে প্রদান করিতেন, এবং অন্যভাগ পাক করিয়া পাঁচ অংশে বিভাগপৃর্ব্ধক চারি ভাগ অপর পুক্তচতৃষ্টয়কে প্রদান ও স্বয়ং একভাগ গ্রহণ করিতেন; এইরূপে মহাস্ক্রনগাণ্ডবগণ ভথার বাদ করিতে লাগিলেন।

একদা যুধিষ্টির,অর্জুন ও মাদ্রীনন্দনম্বয় ভিক্ষার্থে গমন क्तित्वन, घठेनाक्तरम वृत्कामत झनभी नमिखवादा আবাস রহিলেন। তাঁহারা মাতাপুলে ত্রান্ধণের নিকে-তনে উপবিষ্ট আছেন,এমন সময়ে গ্রাহ্মণের অস্তঃপুরমধ্যে যোরতর ক্রন্দনধ্বনি সমূখিত হইল। সরলছন্যা দয়ার্ক্র-চিত্তা ভোজরাজহৃহিতা দেই করণরদোদ্দীপক ক্রন্দনশক্ষ শ্রবণে সাতিশয় ছঃখিত হইয়া ভীমসেনকে কহিলেন, হে পুত্র ৷ আনরা পাপায়া হুর্যোধনের অজ্ঞাতসারে এই ব্রাহ্মণনিকেতনে প্রমন্থথে বাস করিতেছি; ব্রাহ্মণ আমাদিগুকে गংপরোনান্তি লেছ ও সমাদর করেন; তরিমিত্ত আমি ত্রাহ্মণের উপকার কি প্রকারে করিব, অহুক্রণ এই চিন্তা, করি। যে পুরুষ উপকারী বাকির প্রত্যুপকার করে এবং যে পুরুষ, অন্যে যে পরিমাণে উপকার করে তদপেকা অধিক পরিমাণে উপকার করিয়া তাহার প্রতিশোধ দেয়, সেই যপার্থ পুরুষ; একাণে স্পষ্টই বোধ হইতেছে যে,ব্রাহ্মণের কোন মহৎ হুঃগ উপস্থিত হইবাছে,এই সময়ে উহার সাহায্য করিলে বথেট উপকার করা হয়। ভীমদেন কহিলেন, মাতঃ ! আহ্মণের কি ছঃধ উপস্থিত হইয়াছে,এবং ঐ ছঃথের কারণই বা কি,সবিশেষ জানিয়া আইস; যাহাতে ত্রাহ্মণের উপকার হয়, অতি স্থ্যুক্র হুইলেও আমি তাহা সাণন করিব।

তুই জনে এইরূপ কথোপকথন করিতেছেন এমন সময়ে পুনব্ধার ব্রাহ্মণ ও 'ব্রাহ্মণপত্নীর ক্রন্দনহ্বনি ঠাহাদের কর্ণকুছরে প্রবিষ্ট হুইল। তথন কৃষ্টী বন্ধবং সা সৌরভেগীর ন্যায় ক্রন্তবংগ ব্রাহ্মণের অন্তঃপুরে প্রবিষ্ট হুইলেন এবং দেখিলেন বে, ব্রাহ্মণ স্বীয় পত্নী, তুহিতা ও পুত্র সমজিব্যান্ত্র অধোবদনে উপবেশন করিয়া বিলাপ করিতে করিতে কহিতেছেন, হায়! আমার এই পরাধীন জীবনে ধিক্! ইহা নিতান্ত অসার, অনর্থক ও ত্রংধের নিদানভূত। এত দিনের পর ব্রিনাম জীবিত থাকিয়া কিছুমাত স্বথ

নাই; প্রত্যুত, যংপরোনান্তি ছঃখভোগ করিতে হয়। দেথ আত্মাই ধর্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ ভোগ করেন। এই তিনের অভাবেই অনস্ত তঃখ ঘটে। কেহ কেছ এই ত্রিবর্গের অভাবের নাম মোক্ষ কহেন। আমার সেই মোক লাভ করিবার কিছুমাত্র সম্ভাবনা নাই। অর্থ প্রাপ্তি নরক ভোগের প্রধান কারণ। অর্থ লাভাকাজকায় যং-পরোনান্তি ত:খ আছে, অর্থলাভ তদপেকাও ছঃখদায়ক, আবার যদি অর্থের উপর একবার স্নেহ জ্যো, তাহা হুইলে .অংনাশে ছঃথের আরে পরিসীমাথাকে না। যাহাইউক. এখন কি করিয়া এই আপদ হইতে উত্তীর্ণ হইব ; পুল্র-কলতা সমভিব্যাহারে পলায়ন করিয়া নি:শঙ্ক প্রদেশে বাদ করি। প্রিয়ে। তুমি জান ? আমি ইতিপুরেই এই ভয়ে এস্থান পরিত্যাগ করিতে উদ্যত হইয়াছিলাম; তুমি 🖟 ভাহাতে অসমত ২ইলে; আমি পলায়ন করিবার জন্য তেনোকে বারংবার কহিলাম, তুমি কোনমতেই আমার কথা শুনিলে না; তথ্য ভূমি কহিলে যে, ইহা আমার পৈতৃক স্থান, ইহাতে আমার পিতা ও অর্মি জন্মগ্রহণ ক্রিয়া বৃদ্ধিত হইয়াছি। হে ছুরাগ্রহে। তোমার পিঙা বছ-काल तुष रहेशा श्रांत शमन कतियाद्या, अञ्चाना वाकागल পরলোক প্রাপ্ত ইইয়াছেন, তবে আর এখানে বাস করিয়া এ যন্ত্রণা ভোগ করিবার স্সাব্যাকতা কি ? ভূমি ভৎকালে বন্ধু পরিত্যাগের ভয়ে আমার কথা শুনিলে না, কিন্তু একণে এই সাতিশয় ছঃথকর বন্ধু বিনাশ সমুপস্থিত হই-बाट्ह, এখন कि कतिरव? अथवा आमात्रहे विनाम छन-স্থিত হইয়াছে, বেহেতু আমি স্বয়ং জীবিত থাকিয়া কি প্রকারে নৃশংসের ন্যায় স্বচক্ষে আত্মীয় বিনাশ দেখিব। দেখ, তুমি আমার সহধবিদী; তুমি দমগুণসম্পরা, স্নেহ-শালিনী ও পরম বন্ধ। আমার পিতামাতা তোমাকে আমার গার্হস্তাগিনী করিয়াছেন। আমি বেদ-বিধানারু-সারে মস্ত্রোচ্চারণপূর্বক তোমার পাণিগ্রহণ করিয়াছি; তুমি কুলশীলসম্পনা, বিশেষতঃ অপতা প্রস্ব করিয়াছ; আমি কি বলিয়া আপনার জীবন ব্রহ্মার্থে ভোমাকে পরিত্যাগ করিব। আর এই অপ্রাপ্তবয়স্ক, অজাত্ত্রক্স, বালক পুত্রকেও আমি কোনমতে পরিত্যাগ করিতে পারিব না। আরও দেখ, ভগবান বিধাতা যে মদীয় কন্যাকে ভুর্লাভার্থ আমার নিকটে ন্যাসম্বরূপ রাখিয়া-

ছেন, যদারা আমি পিতৃগণ সমভিব্যাহারে দৌহিত্র লোক লাভ করিবার প্রত্যাশা করিতেছি, সেই কন্যাক্ষে আমি সমং উৎপাদন করিয়া কি প্রকারে পরিজ্ঞান্ত করিব। কেহ কেহ কন্যা অপেকা পুত্রকে অধিক মে করিয়া থাকে, কাহারও বা পুত্র অপেক্ষা কন্যাতে অধি-মেহ জন্মে, কিন্তু আমি পুত্র কন্যা উভরকেই সমান 🗯 করিয়া থাকি। কন্যা প্রসব দ্বারা জগং রক্ষা করে, অভঞ্ আনি কিক্রিয়া আপনার প্রাণরক্ষার নিমিত্ত সেই অপাঞ্ বালাকে পরিত্যাগ করিব। আমি স্বয়ং প্রাণ পরি**ত্যা**গ করিলেও পরলোকে অফুতাপ করিতে হইবে, বেছে: আমি ইহাদিগকে পরিভাগে করিলে পর অবশুই ইহার মৃত্যুপ্রামে পতিত হইবে। আমি উভয় স**কটে প**ভিড হইয়াছি। দেখ, যদি ইহাদিগের একজনকে পরিত্যা কবি, তাহা হইলে, নিতাস্ত নিষ্ঠবের কার্য্য করা হয়, আঠ যদি স্বাং প্রাণভাগে করি,তাহা হুইলেও আমা বাতিরে 🅍 ইহারা সকলেই কালগ্রীদে পতিত হইবে। হায় ! 🎏 ক্টা অদ্য আমি স্বান্ধ্রে কি তুর্দশাগ্রস্ত হুইলাং আমাকে ধিক। ইহাদের সম্ভিব্যাহারে প্রাণত্যাগ কর আমার পক্ষে শেয়ঃ, জীবিত থাকিয়া কিছুমাত্র লাভ না🦜

অক্টপঞ্চাশদ্ধিক শততম অধ্যায়।

বৈশাপায়ন কহিলেন, হে নাজন্! প্রাশ্ধণের এই
বিলাপ বাক্য প্রবণ করিষা প্রাশ্ধণি উছাকে সাজনা ব
কহিতে লাগিলেন, নহাশর! আপনি বিদ্বান্ হইয়াও
নিমিত্ত প্রাকৃত লোকের ন্যায় অনুতাপ করিতেছা
দেখন যে সমস্ত মানবগণ ধরাতলে জন্মগ্রহণ করিছা
সকলকেই একবার মৃহাগ্রাদে পতিত হইতে হইবে,
নাই; অতএব যাহা অবশাজাবী,কোনমতে থতিবার
তিল্লিয়ে সভাপ করা কর্ত্তব্য হয় না। হে বিদ্বন্!
কারেরা কহেন, কি পুল্ল, কি ছহিতা, সকলই আ
নিমিত; অতএব আপনি আমাকে পরিত্যাগ
আত্মরকা করুন। আমি স্বয়ং তথার বাইব, কার্
পর্যান্ত পরিত্যাগ করিয়া পতির হিত্সাধন করাই
ক্রীর প্রধান ধর্ম ও অবশাকতব্য কর্ম্ম। বিশেষতঃ
তোমার নিমিত অকিঞিংকর কণভক্র দেহত্যাগ্র

করিলে পরলেকে অক্ষয় সম্পতি ও ইহলোকে অপরি-ে 5 যশোরাশি লাভ করিতে পারিব। আমি আপনাকে ্রা কহিতেছি, ইহাতে আপনার প্রচুরপরিমাণে অর্থ ও 🖏 লাভ হইবে। দেখুন, লোকে যে নিমিত্ত পত্নী কামনা 🐉 র, আপনার তাহা হইয়াছে ; আপনি আমাতে এক ি। ও এক পুত্র উৎপন্ন করিয়াছেন। আমি অনুণা ্রাছি; আমার পরলোক প্রাপ্তি হউলে পর আপনি ্রাসে ইহাদিগকে প্রতিপালন করিতে পারিবেন; 🔯 अध्यानि ना थाकित्य आमात्मत्र इर्फभात आत्र अदि-🌯 থাকিবে না । আমি বিধবা, অনাথা ও অসহায়া ্রা। কিরুপে সৎপথাবলম্বনপূর্বক এই শিশু কুমার ও রীকে বাচাইতে পারিব? সাতিশয় অহঙ্কত ও ্ামতে রক্ষা করিতে পারিব না। যেমন পক্ষিগণ ভূমি-্ৰী 🖔ত আমিষথও এহণে সংতিশয় লোলুপ হয়, সেইরূপ ি শিক লোকেরা পতিবিখীনা কামিনীকে বাসনা করে; 🕟 বৈ হে দিজোত্তম। ব্যন ছ্রাত্মাগণ অনাথা দেখিয়া 🕬 🖟 কে আক্রমণ করিতে উদ্যুত হুইবে, তথন আমি 🎠 🖫 শ আপনার ধন্মরকা করিব। আর আপনার কুল-💘 এক হেতৃ এই কনাকেই বা কিন্নপে পিতৃপিতা-🙀 ধবিত পথে নিযুক্ত করিতে পারিব। আপনি ্ৰেবভা; ত্মাপনি এই বাৰককে যেরূপ বিদ্যাশিকা ্র্রিভে পারিবেন, আমি কোনমতেই সেরূপ পারিব 📆 ইহার পর আঁর হঃখের বিষয় কি যে, অনুপযুক্ত ক্রিবা বেদশ্রতি গ্রহণেচ্ছ শুদ্রদিগের ন্যায় আপনার ক্রিকন্যা প্রার্থনা করিবে। আমানি বদি তাহাতে অস্বী-🎕 করি, তাহা হইলে যেনন কাকগণ যক্ত হইতে যজ্ঞীর 📆 অপছরণ করিয়া পলায়ন করে; গুরাম্মারা সেইরূপ চার করিয়া বলপূর্ক্ত কন্যাকে হরণ করিয়া লইবে, 🗱 নাই। হে এক্ষন ! আমি এই পুত্রকৈ তোনার রূপ গুণ-সম্পন্ন, এই কন্যাকে অমুপযুক্ত পাত্রের ত্রত এবং আপনাকে অহঙ্ক ভারজাত ্রী কথনই জীবন ধারণ করিতে পারিব না। আমি পুন এই বালক ও বালিকা অবশ্য প্রাণত্যাগ করিবে, র হইলে মৎস্য অবশাই বিনষ্ট হয়। হে নাথ। আপনকার মরণে আমাদের তিন জনেরই

মৃত্যু হইবে, নিশ্চয় জানিবেন; অতএৰ তাহা না করিয়া কেবল আমাকেই পরিত্যাগ ককন। পুত্রবতী রম্ণীর, পতির অত্যে পরলোক যাত্রা প্রম সৌভাগ্যের বিষয়। আমি আপনার নিমিত্ত এই পুত্র, ছহিতা, বান্ধব ও সীয় প্রাণ পরিত্যাগ করিতে অভিলাষ করিয়াছি। পতিপরায়ণা ন্ত্রী পতির হিতসাধন করিয়া যাদশ ফল প্রাপ্ত হয়, যজ্ঞ, তপ, দান নিয়মাদি ছারা কদাচ গ্রাদশ ফল লাভ করিতে পাব্লেনা; আমি যে ধর্ম অনুষ্ঠানে উদ্যত হইয়াছি, ইহা আপনার ও আপনীর কুলের ইট ও হিতকর। সজ্জনেরা কহেন যে, ইষ্ট অপত্য, অভিল্মিত দ্ৰবা, প্ৰিয় ৰীৰু ও প্রণায়নী ভার্যাা, এই সমস্ত আপদ নিবারণের নিমিত্ত হয়। প্রাচীন পণ্ডিতগণের এই উপদেশবাক্য আছে যে, আপদ্ নিবারণের নিমিত্ত ধন সঞ্চয় কবিয়া রাখিনে, দেই ধন দারা ভার্য্যা রক্ষা করিবে, এবং কি ভার্য্যা কি ধন যাহা षात्रा रुष्ठेक, व्याद्मवक्रारण मस्त्रंथा यञ्चदान श्रेट्टा शीर्त्या, প্ত্ৰ, ধন ও গৃহ এই চতুষ্টয় দৃষ্টাদৃষ্ট ফল লাভের নিমিত্ত रम ; अञ्जाव जरे ममर दाता मुद्दे कल ७ अमुद्दे कल भारत করিবে। আরও তাহারা কহিয়াছেন যে, সমস্ত কুল কর করিয়াও যদি আত্মরকা করিতে হয়, তহোও মনুধোর পকে কর্ত্তব্য, কারণ আত্মার সমান আর কেছই নাই; অতএব আপনি আমাকে এই প্রম হিতকর কার্য্যামুদ্ধানে অনুমতি প্রদান করুন। তেমহাশ্য। ধর্মজ্ঞ ব্যক্তিগুল धर्मनिर्वाष्ट्रल कश्त्रिषाहन, जीताक नकालप्र व्यवश्र, রাক্ষসগণ ধর্মবিৎ; বোধ হয়,সে রাক্ষ্য আমাকে স্ত্রীলোক দেখিয়া বধ করিবে না ; অত এব যখন পুরুষের বধে নিশ্চয় ও জীলোকের বধে সংশয় রহিল, তথন আমাকে সেন্তানে প্রেরণ করা আপনার অবশা কর্ত্তর। আমি উত্নোত্তম দ্রব্য ভোগ করিয়াছি, অভিল্যিত দ্রব্যুসকল প্রাপ্ত হই-য়াছি, আমার ধর্মামুষ্ঠান হইষাছে এবং আপনা হইতে এই অপতাম্ম লাভ করিয়াছি; একণে আমার মরণে কিছুমাত্র ছঃথ নাই। আনি পুলাতী, বিশেষতঃ বৃদ্ধা হইয়াছি; অধিকন্ত এই কার্যা করিলে আপনার হিতামুদ্ধান করা হয়; এই সকল ভাবিষা আমি টহাতে প্রবৃত্ত ছই-शक्ति। आत (मथून, आमि भतित्व आशनि अना ली গ্রহণ করিয়া গাইস্থা ধর্মাত্রষ্ঠান করিতে পারিবেন। नाथ। शूक्रविनरात्र वहविवाह (मायावह नट्ह, किन्छ नात्री-

গণের পতান্তর স্বীকারে মহান্ অধর্ম জন্মে; অতএব আপনি এই সমন্ত এবং আত্মত্যাগের দোষ বিবেচনা করিয়া আমাকে ত্যাগ কক্ষন; তাহা হইলে আপনার কুল ও এই শিশু সন্তানন্ত্রের রক্ষা হইতে পারে। হে ভরত-বংশাবতংস জনমেজর! রাহ্মণ পতিহিতৈরিণী ভার্যার এই সমন্ত বাক্য শ্রবণে যৎপরোনান্তি তৃঃথিত হইয়া উছাকে আলিঙ্গন করত ভাহার সহিত বাপ্যমোচন করিতেলাগিলেন।

উনষ্ট্যধিক শতক্রম অধ্যায়।

दिगम्लीयन कहिलान, (मर्हें" बान्नात्वत कना। श्रीय পিতামাতার বিলাপ বাক্য শ্রবণে সাতিশয় ছঃথিত হইয়া তাঁহাদিগকে কহিতে লাগিলেন, হে তাত ৷ হে মাতঃ ! তোমদা কি নিমিত্ত অনাথের ন্যায় রোদন করিতেছ? আমি যাহা কহিতেছি, ভদতুসারে কার্যা করিলে সাপনা-দিগের'মলন হইবে। আমাকে কিছু দিন 'পরে অবশাই পরসূত্রে পরিত্যাগ করিতে হইবে। অতথ্য তৎপরিবর্তে একণেই আমাকে পরিত্যাগ করিয়া সকলের পরিতাণ করুন। "সম্ভান বিপদ্ হইতে পরিত্রাণ করিবে' এই ভাবিয়াই লোকে অপত্য কামনা করিয়া থাকে; একণে আপনাদের এই বিপদ সময় উপস্থিত হটয়াছে, অতএব আমাকে পরিত্যাগ করিয়া এই ছত্তর ছংখনমূদ্র উত্তীর্ণ হউন। ইহকালে ও ⁹পরকালে পরিত্রাণ করে বলিয়া পণ্ডিতগণ পুজের পুল নাম দিয়াছেন। পিতামহগণ, আমার গর্ত্তে দৌছিত্র উৎপন্ন ছইবে,এই অভিলাব করেন: কারণ ভাষা মইলে পিওলোপের ভর হইতে পরিত্রাণ হয়। আমি স্বীয় পিতার জীধনরকা করিয়া তাঁহাদিগকে দে ভয় ছইছে মুক্ত করিতেছি। হে পিতঃ। যদি তুমি স্বয়ং তথায় গমন ক্ষিয়া প্রাণ্ডাাগ কর, তাহা হইলে ভোনার বিরহে खन्न मित्नत मर्थारे जामात এर जनवाक जाजांने विनष्ट হইবে. সন্দেহ নাই। তুমি ও প্রাণাধিক সহোদর मानवनीना मध्तप क्तिरन পिछ्लारकत शिर्धारक्ष इटेरव धवः चामिछ जामात्मत्र विनात्न यर्भरतानाछि শোকসম্ভপ্ত হইয়া প্রাণত্যাগ করিব। কিন্তু যদি আপনি কৈবল আমাকে পরিভ্যাগ করিয়া এই বোর বিপদ হইতে মক হরেন, তাহা হইলে আমার মাতা ও শিও ভ্রাতা রক্ষ পাইবৈ এবং এই বংশের সম্ভতি ও পিও অবিক্রিলারেই থাকিবে। আর দেখুন, শান্ত্রকারেরা কছিয়া গিরাছেন 🐗 পুত্র আত্মার স্বরূপ, ভার্যা স্থি-স্বরূপ এবং কনাা কুল্ স্বরূপ হয়; অতএব আপনি আমাকে পরিত্যাগ করিছা কৃষ্ট হইতে বিমুক্ত হউন। হে তাত ! তুমি না থাকিটো व्यामाद करहेत त्रीमा शांकित्व ना । व्याम व्यनाश ও दौर्मा হইরা যথা তথা ভ্রমণ করিব। যদি আমি রাক্ষণসমীশে আত্মপ্রদানরূপ কর্ম করি, তাহা হইলে পিতলোকের কংশ-রক্ষা ও আমার মরণ সফল হয়: আর যদি আপনি আমাকে পরিত্যাগ না করিয়া পরলোক যাত্রা করেন, ভাহা হইলে আমাকে যংপরোনান্তি ক্লেশ পাইতে হইবে: অতএব আমার 'প্রতি অমুকম্পা প্রকাশ করুন এবং উভয়,পক্ষ বিষেচনা করিয়া আমার ক্লেশাবসান নিমিত,ধর্মারক্ষার নিমিত ও কুল-मखिंद अविष्क्रापत निमित्र अवभा श्रीकाङ्गारक अवि-লম্বে ভারার করিয়া আপনার প্রাণরক্ষা করুন। হে ভাত! व्यवना कर्छवा विषय विश्व इटेरवन मा ; रम्थून, देशांत्र পর আর তঃথের বিষয় কি যে, তুমি স্বর্গপ্রাপ্ত হইলে শর আমরা কুরুরের ন্যায় দ্বারে দ্বারে অর যাচ্ঞা করিয়া অমৃণ করিব। আর যদি আপনি কেবল আমাকে পরিভাগে করিয়া স্বান্ধ্রে পরিত্রাণ পাইতে পারেন, ভার্ছাইইলে আমি প্রলোক গমন করিয়াও জীবিতার ন্যায় প্রম্বর্তী বাস করিব। হে পিতঃ! আপনি আমাকে রাক্ষসের মুখে ত্যাগ করিলে দেবগণ ও পিতৃগণ ভদ্দত্ত তোয়ে পর্ম-পরিভূট হইয়া আপনার হিত্যাধনে তৎপর রহিবেন 🕃

ব্রাহ্মণ ও ব্রাহ্মণী কন্যার এইরূপ পরিদেবন বাক্রা প্রবণ করিয়া তাহার সমতিবাহারে রোদন করিতে লাগি-লেন। তাঁহাদের তিনজনকে এইরূপ ক্রন্দন করিছে দেখিয়া ব্রাহ্মণের শিশু সন্ধান প্রত্যেকের নিকট বাক্র্যা উৎফুললোচনে, অফুট মধুর স্বরে কহিতে লাগিল, হে তাত। হে মাতঃ! হে ভগিনি! তোমরা ক্রেন্সকরিও না, দির হও, আমার হতে এই যে তৃণটা দেখিছেই, আমি ইহার আঘাতে দেই ত্রাত্মা রাহ্মদের প্রাণ ক্রাহ্ম করিব। তাঁহারা তিন ক্রনে যংপরোনান্তি বিষয় তিন্ত্রী, কিন্তু বালকের মূথে মৃত্ব মধুর এই কথা প্রবণে পরম ক্রাহ্মনি কিন্তু বালকের মূথে মৃত্ব মধুর এই কথা প্রবণে পরম ক্রাহ্মনি এক্ষণে অবসর বৃষিয়া তাঁচাদের ছঃখের কারণ জিজাস। করিবার নিমিত সমীপবর্জিনী হইলেন।

ষষ্ট্যধিক শত্তম অধ্যায়।

বৈশম্পায়ন কছিলেন, হে রাজন ! কুন্তী তাঁহাদের সন্ধিতিত হট্যা অন্তম্য বাকো সাম্না করিয়া কহিতে লাগিলেন, আপনারা কি নিনিত্ত রোদন করিতেচেন ? আপনাদের এই ছঃপের কারণ কি ? সবিশেষ বলুন; যদি আমাদের সাধ্য হয় তবে অবশ্য তোমাদের গুঃখ মোচন করিব। ত্রাহ্মণ কুঞীর এই মধুময় বাকা শ্রাবণ করিয়া তাঁহাকে কহিলেন, হে তপোধনে ! চঃথিত বাক্তির इःथ (माहन कर्त्र) छन्तात्कत कर्द्धवा गुणार्थ वरहे. किन्नु আমার যে জু থ উপস্থিত হইযাছে, তাহা নিরাকরণ করা মনুষোৰ সাধানতে। তেমনশ্বিনি। এই নগরের সমীপে ৰক নামে এক বাক্ষম বাস কৰে। মহাবল-প্ৰাকৃতি গুর্দান্ত নরমাংসাশী সেই গুরাম্বাই এই নসারের অধিপতি: সে নিজ ভুজবলে এই জনপদ, নগুর ও সমস্ত দেশ রকা করে। তাহার প্রভাবে পর, চক্র বা অন্যান্য হিংস্র প্রাণী হটতে আমরা কিছুমাত্র ভর পাই না। ঐ রাক্ষস আপ নার আহারের নিমিত্ত এই গ্রামে এক নির্ম সংস্থাপন করিয়াছে, যে প্রতিদিন পর্যায়ক্রমে এক এক গহস্তের ভবন হইতে এক জন মুনুষ্টা, বিংশতি থারি পরিমিত তঙ্ল ও তুইটা মহিষ লাইয়া তাহার নিকটে গ্রন করিবে। রাক্ষ্য উপনীত সেই সমস্ত বন্ধু ও উপন্থিত ব্যক্তিকে ভক্ষণ করিয়া আত্মন্ত্রীবিকা নির্ব্বাহ করিবে। 😕 ভালে। বছদিবসাবধি এই নিয়ম প্রশ্লীত থাকাতে তত্ত্য সমস্ত লোকই বিবক্ত হইয়াছে। যাহা হউক, যে বাক্তি ভালার এই নিৰম বহিত কৰিতে উদ্যোগী হয়, ছৱাত্মা ৱাক্ষ্য অবিলম্বে তাহাকে পুল্ল-কল্জ-সমভিব্যাহারে,ধ্বংস কবিয়া সীয় অভাবহার-কার্যা সম্পাদন করে। এই প্রাদেশের অনতিদূর বর্ত্তী বেত্রকীয়-গৃহ নামক স্থানে নয়ানভিজ্ঞ এক রাজা আছেন। তিনি নিতান্ত অবোধ; এই নগরের উপর তাহার কিছুমাত্র বন্ধু নাই। যাহাতে আমাদের ভাল হয়, কদাচ এমন কোন চেষ্টাই করেন না। আমরা অনাময়ের প্রাকৃত পাত্র; কিন্তু অকর্মণাও চর্কল রাজার রাজ্যে বাস

করিয়া আমাদিগকে সর্বদা উদ্বিগ্ন থাকিতে হইয়াছে: নত্বা ব্ৰাহ্মণদিগকে কি কাহারও কথা শুনিতে হয়, না কাহারও অভিপ্রায়ামুবতী হইয়া চলিতে হয় ? ইইয়া নিজ গুণ-গ্রামে কামগ পক্ষীর মত যুগায় ইচ্ছা ভুগায় বাস করিতে পারেন। হে ভদ্রে। লোক প্রথমে রাজার আশ্র গ্রহণ করিবে, পরে ভাষ্যা গ্রহণ, তৎপরে ধনসঞ্চয় করিবে: কারণ এই তিন প্রকার সমৃদ্ধি দ্বারা জ্ঞাতিদিগ্রে ও পুত্র সকলকে র**ক্ষা** করিতে পারে। ভাগাক্রমে আমার এই ভিমাই বিপরীভক্তপ সংগ্রহ করা হইয়াছে, তল্লিমিত আমি এই প্রকার বিপদ্গ্রন্ত হইয়া তাপিত হইতেছি। হে তপোপনে! অদ্য আমাৰ পৰ্যায় উপস্থিত: অবশাই আমাকে সেই রাজস স্মীপে তাহার ভোজনীয় তণুলাদি ও এক জন মনুষা পাঠাইতে হইবে। আমার এমন অর্থ নাই যে এক জন মনুষা ক্রেয় করি; সীয় স্থলজ্জনকে প্রদান করাও কোনমতে বিধেয় নহে। এক্ষণে কি**-**করি! কিরূপে রাক্ষমহস্ত হইতে পরিত্রাণ পাই ভাহার কোন উপায়ই দেখিতেছি না ; এই নিমিত ছঃপদাগরে মুগ হুই-য়াছি। একণে স্থির করিয়াছি যে, স্বান্ধ্রে সেই ছরাত্ম। রাক্ষসের সমীপে গমন করিব যে সে আমাদিগের সকলকে এককালে ভক্ষণ করিয়া এই বিষম গুংগ ইইতে মোচন कदिएत्।

এক্ষ্ট্রাধিক শতভূম অধ্যায়।

কুঞী কহিলেন, হে এজন ! আপনি সেই রাজসের ভয়ে আর বিষাদ করিবেন না : যাহাতে সেই ছরায়ার হস্ত হইতে পরিত্রাণ পাইতে পারেন, এমন এক উপায় তির করিয়াছি । আপনার এক সন্তান, দেও অতি শিশু, কন্যাও একটির অনিক নাই, দেও অতি স্থালা, অতএব উহাদের অন্যত্রের কিয়া আপনার বা আপনার সহধ্যিণীর ভথায় গমন করা বিধেয় নহে। আমার পাঁচ পুত্র ; ভাহাদের ম্বো এক জন আপনার হিতার্থে বলি লইয়া রাজস্ব-স্মীপে গমন করিবে।

বাহ্মণ কহিলেন, হে শুভে ! একে আপনারা বাহ্মণ, তাহাতে আবার অতিথি:, অতি অভদ্র অধান্মিক লোকে-রাও স্বীয় প্রাণরকার্থে অতিথি বাহ্মণের প্রাণ নাশ করে

না। হে তণোধনে। ব্রাহ্মণের নিমিত্ত আপনার প্রাণ বা তদপেকা শ্রেষ্ঠ স্বীয় আত্মফ পরিত্যাগ করা কর্ত্তব্য। আমি কি করিয়া তাহার বিপরীত কার্য্যের অফুষ্ঠান করিব? প্রাহ্মণবধ ও আত্মত্যাগ এই উভয়ের মধ্যে আমার মতে আত্মত্যাগ শ্রের: কারণ অজ্ঞানতঃ ব্রহ্ম-হত্যা করিলেও উহার পাতক হইতে নিষ্কৃতি নাই। হে ভদ্রে ! যদি আমি স্বরং রাক্ষস সমীপে গমন করিয়া তৎকর্ত্তক বিনষ্ট হই, তাহা হইলে আমার আত্মহত্যার পাপ হইবে না; যেহেতু আমি অগতা এই বিষয়ে এবৈত্ত ছইতেছি। আর যদি তাহা না করিয়া তোমার পুত্রকে সে স্থানে পাঠাই, তাহা হইলে আমি অভিসন্ধিকত ব্রাহ্মণবধ্জন্য দারুণ পাতক হইতে কথনই পরিত্রাণ পাইতে পারিব না। হে ভভে! পণ্ডিতগণ গৃহাগত, শরণাগত ও ভিক্ষার্থী ব্যক্তির বধ নিতাস্ত নুশংস विविद्धा निका कविशा थाटकन। आशक्तर्यवि९ ध्वाठीन মহান্থারা কহিয়াছেন নৃশংস বা নিন্দিত কর্ম কদাচ করিবে না; অতএব অদ্য আমি প্রণয়িণী-স্মভিব্যাহারে রাক্ষস হত্তে প্রাণত্যাগ করিব; ত্রাহ্মণু বদে কদাপি সমত হইব না।

कुछी कहिलान, ट्रब्कान ! आंश्रीन यांशं कहिलान, উহা আমারও অভিমত, ব্রাহ্মণ অবশ্য রহ্মণীয়। বিশে-ষতঃ শত পুত্র থাকিলেও পুত্রের প্রতি মাতা পিতার বিরক্তি জ্বনো, তবে যে আমি স্বীয় পুলেকে রাক্ষস-সমাপে প্রেরণ করিতে সমুদাত হইতেছি, তাহার কারণ আমি বিশেষরপে জানি। রাক্ষস কথনই আমার সেই পুত্রকে বিনাশ করিতে পারিবে না। আমার পুত্র সাতি-শয় বলবান্, তেজন্বী, "মন্ত্রসিদ্ধ। সে রাক্স-সমীপে ভাহার ভোজা দ্রব্য সমুদায় লইয়া যাইবে এবং তাহার হস্ত হইতে অনায়ানে আ্যুরকা ফ্রিয়া প্রত্যাবর্তন, कॅरित, मत्मर नारे; व्यामि चहत्क प्तिशाहि, दें डि-পূর্বে অনেক মহাবল-পরাক্রাস্ত মহাকায় রাক্ষস আমার সেই পুজের সহিত সংগ্রাম করিয়া সমুরশায়ী হইয়াছে; হে ব্ৰহ্মন! আপনি এ কথা আর কাহাকেও বলিবেন না; কি জানি ভাছা হইলে পাছে বিদ্যার্থিগণ এই বার্তা এবণে কুতৃহলাক্রান্ত হইয়া আমার পুত্রগণকে বিরক্ত करत्र ।

ব্রাহ্মণ কুন্তীর এই অমৃতোপম বাক্য শ্রবণে বংপরোনান্তি, আহলাদিত হইরা ভার্য্যা-সমভিব্যাহারে তাঁহাকে পূক্ষা করিতে লাগিলেন। তথন কুন্তী ও ব্রাহ্মণ উভয়ে ভীমসেনের সমীপে সমুপন্থিত হইরা তাঁহাকে রাক্ষসবধার্থ গমন করিতে অমুরোধ করিলেন; ভীম "যে আজ্ঞা" বলিয়া তাঁহাদের অভিল্যিত সম্পাদনে শ্বীকার করিলেন।

দ্বিষট্যধিক শততম অধ্যায়।

रिवमन्त्रायन कहिलन, त्र बाजन जीमनबाक्तम जीम-সেন ব্রাহ্মণের হিতাফুঠান করিতে প্রতিজ্ঞার্চ হইলে যুধিষ্ঠিরাদি অপর ভাতৃচতৃষ্টর ভিক্ষা করিয়া গৃহে প্রত্যা-গমন করিলেন। পাণ্ডুনন্দন যুধিষ্ঠির স্বীয় মার্ডা কুন্তী,ব্রাহ্মণ ও ভীমদেনের আকার প্রকার ন্ধরা সমস্ত বৃত্তান্ত বৃঝিতে পারিয়া স্বীয় জননীকে. একাঁস্তে লইয়া গিয়া কহিলেন, মাত:। মহাবল-পরাক্রান্ত ভীমদেন এ কি অসমসাহসিকের কার্যা করিতে সমুদ্যত হইয়াছে। সেই ছকর কার্যা করিতে ভীম কি স্বয়ং প্রবৃত্ত হইয়াছে? অথবা আপনি উহাকে অহুমতি দিয়াছেন ? কুম্বী কহিলেন, বৎস! ভীমদেন আমার আজ্ঞানুসারে ত্রাহ্মণের উপ্রারার্থে ও নগরের হিতসাধনের নিমিত্ত এই কর্ম্মে প্রবৃত্ত হইয়াছে। युधिष्ठित कहिलान, मांजः । श्रांशनि ध विवरत्र जीमत्क অমুমতি প্রদান করিয়া সজ্জন-বিগর্হিত্ব ও অতিমাত্র সাহ-সের কার্য্য করিয়াছেন। আপনি কি নিমিত্ত পরপুত্র-तकार्थ चीत्र भूकविनाभक्षभ लाकरवन-विकक्ष कार्याक्ष्ठीन क्तिए উদাত इरेलन ?(तिथून, याहात वाहवलंत्राज আশ্র করিয়া আমরা হুর্জনাপত্ত রাজ্য পুনঃ প্রত্যুদ্ধার ক্রিতে কুত্নিশ্চয় হইয়া স্থা নিজা যাই, যাহার পরাক্রম চিন্তা করিয়া ছ্রাত্মা ছুর্য্যোধন শকুনি-সমভিব্যহারে রজনীযোগে নিদ্রিত হইতে পারে না, যাহার বীর্যাপ্রভাবে আমরা জতুগৃহ ও অন্যান্য অনেক অনিষ্ট হইতে পরিৱাণ পাইয়াছি, আমরা যে মহাবীরের পরাক্রমমাত্র অবলম্বন করিয়া এই বস্থপূর্ণা বস্তুদ্ধরা আপনাদিগের হস্তগত করি-য়াছি, আপনি কোন সাহসে সেই মহাবল-পরাক্রান্ত বুকো-দরকে পরিত্যাপ করিতে প্রবৃত হইলেন। বোধ হয়, য়য়-

বভার পতিত হওয়াতে আপনার বৃদ্ধি **ভদ্ধি বিসুঠে** হইয়াছে।

कुछी कहिलान, वरत वृधिष्ठित। जुनि (कन ध विवरत वृशी महाश कतिरुष्ठ । आमि र्य वृक्तिः नीर्स्ता अयुक এই কার্য্যে হস্তক্ষেপ করিয়াছি, এরূপ সন্দেহ করিও না। দেখ আমরা এই ব্রাহ্মণের নিকেতনে পরমন্থথে বাস করিতেছি, ধৃতরাষ্ট্র-পুত্রগণ ইহার বিন্দুবিসর্গও জানে না। ব্রাহ্মণ আমাদের যথেষ্ট সংকার ও সন্মান করিয়া গাকেন। হে পুত্র। ভজ্জনা এই মহোপকারক ব্রাহ্মণের হিত্সাধনার্থে এ বিষয়ে প্রবৃত্ত হইয়াছি। যে বাক্তি পরকৃত উপকার প্রাণাম্বেও বিশ্বত হয় না ও অনো যে পরিমাণে উপকার করিয়াছে তদপেকা বছগুণ উপ-কার বারা ভাষার প্রতিশোধ দের, সেই যথার্থ মন্ত্রা। বিশেষতঃ আমি জতগ্ৰ দাহ ও হিডম্ব বধ সময়ে ভীমের পরাক্রম বিলক্ষণ জানিতে পারিয়াছি। ভীমপরাক্রম ভীম-সেন অযুত্র মত্ত হস্তিত্লা বর্ণশালী। ঐ মহাবল-পরাক্রান্ত বুকোদর আমাদিগকে বারণাবত নগর হইতে বহিগত করিয়াছে। উহার ভুল্য বলশালী আর কেছই নাই; বোধ হয়, সে যুদ্ধে পুরুষোত্তম চক্রপাণিকেও জয় করিতে পারে। ভীমসেন জাতমাত্র আমার ক্রোড় হইতে গিরিপৃষ্ঠে নিপভিত হয়, পর্বত উহার দেহভারে চুর্ণ হইয়া যায়। অতএৰ হে পাণ্ডৰ। আমি খীয় প্ৰজ্ঞা দায়াই ভীমসেনের বলৰিক্ৰম বৃঝিতে পাবিয়া ত্ৰান্ধণের প্রত্যুপকারার্থে এই বিষয়ে, অমুমতি । প্রাদান করিয়াছি। আমি লোভ বা अकानठा अयुक्त व विराव अवुक्त इहे नाहे, वृद्धिभूक्त कहे हेहां कतिशाहि। (ह यूधिष्ठित । এই कार्या मुल्लामन बाता আমাদের ছইটা মহৎকার্যায় জীন হইবে; প্রথম আশ্রয়-দাতার প্রত্যুপকার, বিতীয় ধর্মাত্মঠান। হে প্রত্র ! পূর্কো মহর্ষি কৃষ্ণদৈপায়ন আমাকে কহিয়াছেন, যে ক্ষত্রিয় ব্রাশ্ব-ণের কার্যাকালে ভাঁহার সাহাব্য করে, সে চরুমে গুভলোক প্রাপ্ত হয়; যে ক্ষত্রিয় ক্ষত্রিয়ের প্রাণরকা করে, সে ইছ-कारन ও পরকালে মহতী কীর্ত্তিলাভ করে: যে ক্ষত্তির रिवामात्र माहाया करत, तम मर्खालारक श्रकातक हत्र এবং যে ক্ষত্ৰিয় শরণাগত শুদ্ৰকে বিপদ্ হইতে পরিত্রাণ करत, रम এই ताब-পृक्षिष कवित्रक्रम शूनर्सात बना-গ্রহণ করে। হে পৌরববংশাবভংস। আমি বেদ্ব্যাসের

এই উপদেশ শারণ করিয়া এই বিষয়ে হস্তক্ষেপ করিয়াছি।

ত্রিষক্টাধিক শতুত্ম অধ্যায়।

বৈশাশায়ন কহিলেন, হে রাজন্! ধর্মান্তা যুধিন্তির সীয় জননী কুন্তীর মুথে এই প্রকার ধর্মোপেত বাকা শ্রবণ করিয়া কহিলেন, মাতঃ! আপনি করুণাপ্রযুক্ত হুঃ রাজি ত্রাক্ষণের উপকারার্থে সমুমতি করিয়া যৎপরোনান্তি স্থানিতার কার্য্য করিয়াছেন। আপনার এই পুণাবলে তীমসেন অবশাই সেই নরমাংস-লোল্প হুই নিশাচরের প্রাণনাশ করিয়া প্রত্যাবর্তন করিবে, সন্দেহ নাই। আপনি আগ্রহপূর্বক ব্রাহ্মণকে কহিবেন যে, নগরবাসী জনগণ যেন এই সমস্ত বৃত্তান্ত জানিতে না পারে।

এইরূপে সমস্ত দিবারাত্রি অভিবাহিত হইলে, প্রাতঃ-কালে ভীমদেন অলুলইয়া বাক্ষদের আবাসভানে গমন করিলেন। ত্থায় সমুপস্থিত হইয়া সেই রাক্ষসের নামোচ্চারণপূর্বক তাহাকে আহ্বান করিতে করিতে আনীত অন্ন স্বয়ংই উপযোগ করিতে আরস্ত করিলেন। মহাকার রাক্ষ্য ভীমের দেই আহ্বান বাক্য শ্রবণে সাতি-শর সংক্রম হইরা তাঁহার সমীপে সমুপদ্তি হটল। ঐ রাক্ষসের চকুঃ, কেল ও আঞ লোহিতবর্ণ ; মুথবিবর আকর্ণবিস্তুত, কর্ণছয় গর্মভ প্রবহণর ন্যায় দীর্ঘ। ভীষণ-মূর্ত্তি রাক্ষস তথায় আগমনপূর্বাক তাঁহাকে সেই সমস্ত অয় ভক্ষণ করিতে দেখিয়া পূর্ব্বাপেকা অধিকতর ক্রুদ্ধচিতে बिनिथ, जाकृणे रक्षन ও अध्दर्शिष्ठ मश्मन श्रुतः मत पृतिक-নরনে কহিতে লাগিল, অরে ! কেনু তুর্ব্দ্রি আমার সমকে আমার নিমিত্ত আমীত অন্ন ভূকণ করিতেছে ? শমনসদন্ গমন করিতে কাহার বাসনা হইয়াছে ? ভীমসেন রাক্সের ৰচন প্ৰবণে ঈষং হাস্য করিয়া ভাহার বাক্যে কর্ণপাত না করিয়া ভোজন ক্রিতে লাগিলেন। তথন রাক্ষ্য ভয়ানক চীৎকার ও বাহুত্বয় উত্তোলনপূর্ব্ধক ভীমসেনকে সংহার করিবার মানসে তাঁহার নিকট ধাবমান ছইল। শক্ত-भक-कत्रकाती **भीभागन खादा** किছूमाळ मानारवाश না করিয়া নিঃশঙ্কচিত্তে ভোজন করিতে লাগিলেন।

রাক্ষদ ক্রোধে কম্পান্বিত-কলেবরে ভীমসেনের পশ্চান্তাগে দ্ভাগনান হইবা তাঁহার পূঠে ছইহতে চপেটাঘাত করিতে লাগিল। বুকোদর সেই প্রকারে আহত হুইয়াও রাক্ষ্যের প্রতি দৃষ্টিপাত মাত্রও না করিয়া স্বচ্ছন্দে উপ-যোগ করিতে লাগিলেন। রাক্ষস তদ্ধর্শনে পূর্ব্বাপেক্ষা অধিকতর ক্রোধান্তি হইয়া বৃক্তাহণপূর্বক ভীমদেনকে আঘাত ক্রিবার মান্সে ধ্রেমান হুইল। তথ্ন ভীমসেন ক্রমে ক্রনে সমস্ত অর ভক্ষণানন্তর আচমন করিয়া যুদ্ধ করিতে প্রস্তুত হইলেন, এবং হাসিতে হাসিতে বার্মইন্ত দারা রাক্ষদের হস্তত্তিত বুক্ষ কাড়িয়া লইলেন। রাক্ষ্য ভদ্দনি যৎপরোনান্তি ক্রন্ধ হইয়া বছবিধ বৃক্ষ আনয়ন করিয়া ভীমদেনকে প্রহার করিতে লাগিল। বুহকাদরও ভাহাকে প্রহার করিতে আরম্ভ করিলেন। এইরূপ রাক্ষসকৃত বুক্ষসংগ্রামে সেই বন পাদপ-শূন্য হইয়া গেল। তথন নক "অরে ছ্রায়ন ৷ তুই বকনিশাচরের হস্তে পতিত হইয়াছিল, আব তোর নিস্তার নাই" এই বলিযা দ্রুত-বেগে ভূজন্বর দ্বারা ভীমসেনকে আক্রমণ করিল। মহাধীর ভীমদেনও বলপ্রবিক রাক্ষসকে ধারণ ,করিয়া আকর্ষণ করিতে লাগিলেন। রাক্ষস ভীমসেন কর্তৃক ক্রযামাণ হুট্যাসাতিশ্য ক্লাক্ত হুটল। সেই মহাবীরছয়ের বেগে পৃথিবী কম্পিত হইতে লাগিল এবং বৃক্ষ সমুদায় চুৰ্ণ হইয়া গেল। এইরূপে দিবারাত্রি ক্ষে ক্রোদর রাক্ষপকে ক্ষীপ বীর্য: দেশিয়া ভাছাকে ভূতলে নিকেপ করিলেন। তিনি জাত্বর দারা তাহার পুষ্টদেশে দুড় নিপ্রাড়ন করিয়া দক্ষিণ হতে প্রীবা ধারণ করিলেন এবং বাম হত দারা কটিদেশের বস্ত্র পরিয়া তাহার মধাদেশ ভঙ্গ করিবার চেষ্টা করিতে লাগিলেন। তরাম্মা বক মহাবল পরাক্রাপ্ত ভীমসেন কর্ত্তক দৃঢ়তর নিশীড়িত চইয়া প্রস্থাপেকা ছি-গুণতর চীংকার ক্রিতে ক্রিতে ক্রিবে ব্যন ক্রিতে मांशिन।

চতুঃষষ্ট্যধিক শততম অধ্যায়।

বৈশপায়ন কহিলেন, হে মহারাজ ! তদনস্কর বক-নিশাচর ভীমসেনের দারুণ প্রহারে সাভিশয় বাথিত হইয়া ভয়ানক স্বরে চীৎকার পূর্বক প্রকাণ্ড পর্বতের নাায় ধরাতলে পতিত হইল। বকরাক্ষসের চীৎকারশ্বনি শ্রবণে তাহার আত্মীয় বর্গ সাতিশন্ধ জাসমূক হইয়া পরিচারকগণ সমভিবাহারে গৃহ হইতে বহির্গত হইল। ভীমসেন তাহাদিগকে ভীত ও জ্ঞানশ্না দেখিয়া সান্ধনা করিতে লাগিলেন এবং কহিলেন, তোমরা শুভিজ্ঞা কর, অদ্যাবধি আর নরহত্যা করিবে না। যে রাক্ষস মন্ধ্যাহিংসায় প্রারত্ত হইবে, তাহাকে এই রূপে সংহার করিব। রাক্ষসগণ 'যে আজা' বলিয়া ভীমের বচনে সন্মত হইল এবং তদবধি শাস্তম্ভি হইয়া নগরবাসী জনগণ সমীপে বিচরপ করিতে লাগিল।

তদনস্থর ভীমসেন সেই বকনিশাচরের মৃতদেহ লইরা তাহার দ্বারদেশে নিক্ষেপপূর্বক অলক্ষিতরপে তথাহইতে প্রস্থান করিলেন। বকের জ্ঞাতিবর্গ তাহাকে মৃত দেখিয়া ত্যাকুনিতচিত্তে ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল। এ দিকে ভীমসেন রাক্ষ্যবধ স্মাপ্নানস্তর ব্রাহ্মণভবনে প্রত্যাগ্যন করিয়া মৃধিষ্টিরের নিকট আদ্যোপাস্ত সমুদ্র সুত্রাস্থ বর্ণন করিলেন।

রজনী প্রভাত হইলে নগরস্থ জনগণ নগর হইতে বহির্গত হইয়া দেখিল যে, বকরাক্ষম পঞ্চত্তপ্রাপ্ত হইরা ক্রণিরোক্ষিত কলেবরে ধরাতলে পতিত রহিয়াছে। তাহারা দেই ভূধরোপম ভূমিনিহিত ভয়ানক বকরাক্ষসক্র দেখিয়া বোমাঞ্চিত কলেবরে পুনর্স্বার একচক্রায় গমন করত তথায় ঐ সমস্ত বার্ত্তা প্রচার করিল। তথন একচক্রানিবাসী আবালবুদ্ধবনিতাগণ মৃত বকরাক্ষ্মকে দেখিতে গমন করিল। তাহারা দেই বক্রধন্নপ অতিমানুষ ব্যাপার দশনে চমৎকৃত হইয়া দেবার্চনা করিতে আরম্ভ করিল। তদনস্তর তাহারা "ক্লা কাছার পর্যায় লিয়াছে" এই পর্যালোচনা করিতে করিতে জানিতে পারিল যে, ব্রাহ্ম-ণের পর্যাায় গিয়াছে। তথন সকলে একত হুইয়া ব্রাহ্মণের मभी(भ गमन्भुर्कक छैक व्याभारतत कात्र जिल्लामा করিল। ত্রাহ্মণ পৌরগণ কর্ত্তক এইরূপ জিজ্ঞাসিত হইরা পাশুবদিগকে রক্ষা করিবার মানসে যাথার্থ্য গোপনপুর্ব্বক কহিলেন, ছে পৌরগণ। আমি পর্যায়ক্রমে রাক্ষদের আহার প্রদানার্থ আদিউ হইয়া সপরিবারে ক্রন্সন করিতে-ছিলাম, এমত সমরে এক মহামনা মন্ত্রসিদ্ধ প্রাক্ষণ আমার স্মীপে সমুপস্থিত হইলেন। তিনি আমার ও পৌরবর্গের

হংখের বিষয় অবগত ছইরা দরার্জ চিন্তে আমাকে কহিলেন, হে ব্রহ্মন্ ! অদ্য আমি অর লইরা দেই ত্রাজ্বা
রাক্ষণের নিকট গমন করিব, আমার নিমিত্ত তোমার
কিছুমাত্র ভর নাই। তিনি আমাকে এই কথা বলিরা
অরপ্রহণপূর্বক বকভবনে গমন করিলেন। নিশ্চরই বোধ
হইতেছে ইছা দেই ব্রাহ্মণের কার্যা। প্রবাসী ব্রাহ্মণ,
ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণ ব্রাহ্মণের ঐ কথা শুনিয়া পরমাজ্লোদে উৎসব করিতে লাগিল। এইরূপে সমস্ত জানপদগণ
সেইঅভ্যত ব্যাপার দর্শন করিয়া নগরে আগমন করিল।
পাণ্ডবগণ ব্রাহ্মণ নিকেতনেই বাস করিতে লাগিলেন।

বক্ৰধপৰ্ম সমাপ্ত।

চৈত্ৰরথপর্বাধ্যায়।

পঞ্চষট্যধিক শতত্ম অধ্যায়।

জনমেজর করিলেন, হে এক্ষন্! নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা বক রাক্ষস সংহার করিরা পরে কি করিলেন,বলুন,শুনিতে আমার নিতান্ত অভিবাধ জ্যিয়াছে।

বৈশম্পারন কহিলেন, মহারাজ। তাঁহারা এইক্রপে বক রাক্ষ্যের প্রাণনাশ করিয়া বেদপাঠ করত সেই ত্রীক্ষণের আবাদে বাস করিতে লাগিলেন। কিয়দিবস অতীত হইলে একদা এক ব্ৰাহ্মণ আত্ৰয়লিকা, ছইয়া ঐ ব্রাক্ষণের ভবনে প্রবেশ করিলেন। আতিথের ব্রাহ্মণ অভ্যাগত অভিধির বণোচিত সংকার করিয়া তাঁহাকে বিশ্রামার্থ আশ্রয় প্রদান করিলেন। পাওবের জননী-সমভিব্যাহারে পরমন্ত্রী ও সাতিশয় ভক্তিসহকারে ঐ ব্রাহ্মণের পরিচর্মা করিতে লাগিলেন। ব্রাহ্মণ তাঁছা-দিলের দেবার অভিশন্ধ গ্রীত ও প্রসর হইরা প্রস্কৃত্য मिडिविटिख भवित कथात छेथांभेस ଓ .साराप्रतम, नशबी, जीर्वज्ञान, मली, जात्नकारनक बांबाब छेशाशान ও वहविध অত্যাশ্চর্য ব্যাপার সমুদার কীর্ত্তন করিলেন। এই সুমস্ত कथा गमानन बहेरन शाकांनरमा पाछि पाकुछ स्त्रोभनीत সমন্ত্র ব্যাপার, ধৃষ্টছাম ও লিখভির উৎপত্তি ও মহারাজ क्षभरमञ्ज महाबद्ध करवानिमञ्जया त्योभनीत कव अवन क्योरेरनमः। शाक्षरका जान्नरगत्र मूर्श अरे दिवायकत ব্যাপার প্রবণ করিরা একান্ত কৌতৃহনাক্রান্তচিতে কহি-বেন, হে মহাশর! যক্তবেদীস্থিত অবস্ত অলন মধ্য হইতে কিরূপে অপদপ্র শ্বইছার ও জৌপদী সম্ভূত হইলেন, মহাধন্তর্ধর জোণ হইতে বা কি প্রকারে ক্রপদ ধন্তর্বেদ শিক্ষা করেন, আর উন্নোদিগের ভাদৃশ স্ব্যভাবই বা কি কারণে বিচ্ছির হইল, মহাশর অন্তগ্রহ করিয়া এই সমন্ত আদ্যোপান্ত কীন্তন করুন। ত্রাহ্মণ ভাহাদিগের এই প্রেরণাপরতক্র হইয়া অভিবিচিত্র জৌপদীসন্তব পবিত্র বৃত্তীত ক্রিভিতে নাুগিলেন।

ষট্যক্টাধিক শততম অধ্যায় ৷

ত্রাহ্মণ কহিলেন, গঙ্গান্বারে মহাপ্রাক্ত মহাতপা মহর্ষি ভরদান্ত অবস্থিতি করিতেন। একদা তিনি দানার্থ গঙ্গাতীরে গমন করিয়া দেখিলেন, মুতাচী নারী, এক অপরা তাঁহার আসিবার পূর্বেত তথার উপনীত হইরা জাহুবীজ্বলে, অবগাহন ও স্থান করিয়া তীরে দুঙ্গামান আছে। এই অবসরে সমীরণ তদীয় পরিধের বসন আকর্ষণ ও অপহরণ করিল; মহর্ষি সহসা অপরাকে বিবসনা দেখিয়া তাহার সহিত বিহার বাসনার নিভান্ত কাতর হইরা উঠিলেন। বলব্টী অপ্রাসাস্ভোগ-ম্পৃহার একান্ত অধীর হইরা কৌমার ক্রন্ধচারী মহর্ষির চিরস্ক্ষিত রেড: তৎক্ষণাৎ অলিত হইল। রেড: অলিত হইবামান্ত মহর্ষি দ্রোণীমধ্যে স্থাপন করিলেন,; তাহা হইওে দীমান্ ভর্মান্তের স্ত্রুমার জ্বোণ নামে কুমার উৎপন্ন হইলেন। দ্রোণ ব্যার্থিদ্ধি সহকারে সম্পান্ন বেদ ও বেদাক্ষ অধ্যন্ধন করিলেন।

পৃষত নামক এক মহীপাল মহার ভারাজের পরম বর্
ছিলেন। তংকারে তাঁহারও ক্রপক্ষামে এক পৃত্র উংপর হয়। ক্রপদ প্রতিদিন আশ্রম প্রদেশে প্রবেশ করিয়া
ক্রোণের সহিত ক্রীড়া ও অধ্যয়ন করিতেন। পৃষত রাজা
কলেবর পরিজ্যাগ করিলে ক্রপদ পৈড়ক সিংহালমের
উত্তরাধিকারী হইলেন। কিয়দিবস অতীত হইলে একয়া
ক্রোণ লোকমুখে শুনিলেন পরশুরাম অর্থীদিগকে প্রার্থনাধিক অর্থ প্রদান করিয়া। তপোহস্ঠানের নিমিক্ত অর্মণা
প্রবেশ করিয়াছেন। ভরবাজপুত্র জ্বোণ তথার উশ্ভিত

হইরা তাঁহাকে কহিলেন, হে ছিজোন্তম ! আমি ভরন্ধাঞ্চের পুত্র ন্যোণ,কিঞ্চিৎ অর্থ প্রাপ্তির প্রত্যাশার আপনার নিকট উপস্থিত হইরাছি। পরশুরাম কহিলেন, হে ব্রহ্মন্ ! আমি যাবতীর অর্থ সমুদার পাত্রসাৎ করিয়াছি, একণে অন্ত ও শরীরমাত্র অবশিষ্ট আছে। ইহার অন্যতর কি প্রাদান করি, বল । দ্রোণ কহিলেন, ভগবন্! যদি প্রসন্ন হইরা থাকেন, তাহা হইলে প্রয়োগ ও সংহারের সহিত সমুদার অন্ত আমাকে প্রদান করন। ভৃগুনন্দন রাম "তথাস্ত" বলিয়া তাঁহার বাক্য শীকারপূর্বাক সমুদার অন্ত প্রদান করিলেন। দ্রোণ অন্তলাভ করিয়া চরিতার্থ হইলেন এবং অভীষ্ট ব্রহ্মান্তলাভে ছাই ও সম্ভট হইয়া আপনাকে সর্বোৎকৃষ্ট বোধ করিলেন।

অনন্তর প্রতাপশালী ভারদান দ্রোণ ক্রপদ-সরিধানে উপস্থিত হইয়া কহিলেন, মহারাজ ! তোমার স্থা জোণ উপস্থিত হইয়াছে। তাহা গুনিয়া জ্রপদ কহিলেন, যাদৃশ অশ্রোত্তির শোত্তিরের ও অরথী রথীর মিত্র হইতে পারে না, সেইরপ যিনি রাজা নহেন, তিনি কি প্র্কারে রাজার স্থা হইতে পারেন। এই কথা শ্রবণ করিয়া দ্রোণ ভগ্নমনে হস্তিনানগরীতে গমন করিলেন। ভীন্ন অভ্যাগত দ্রোণ-সরিধানে ধনুর্বেদ শিক্ষার্থে প্রভূত অর্থের সহিত স্বীয় পৌত্রদিগকে প্রেরণ করিলেন। জোণ জপদের গর্ব্ধ পর্ব্ব করিবার মানঙ্গে 'শিষ্যগণকে সন্মুথে আহ্বান करियां कहिलान, ८२ निवाशन । यक्तन खक्रनिकना आमात মনোনীত হর, অল্লশস্ত দম্যক শিক্ষা করিয়া তোমাদিগকে ভাছা দিতে হইবে। একণে ইছা অঙ্গীকার কর। তথন অৰ্জ্জন প্ৰভৃতি শিষাসমবায় "তথান্ত" বলিয়া গুৰুবাকা স্বীকার করিলেন। তৎপরে পাণ্ডবদিগকে ধমুর্ব্বেদে ক্লত-विना (प्रथिया (प्रांग पिक्रणा-श्रह्मार्थ श्रन्सात कहिलन. হে শিষ্যগণ ৷ ছত্ৰবন্তী নগরীর অধিপতি পৃষভপুত্র ক্রণ-দকৈ প্রাজিত ও রাজাচ্যুত করিয়া অচিরাৎ সেই রাজ্য व्यागारक प्रक्रिगाञ्चल्या श्रामान कत्र । शाखरतत्रा क्रशमरक যুদ্ধে পরাজয় করিয়া মন্ত্রী-সমভিব্যাহারে তদীয় করচরণ वस्त्रभक्तक एकांग मन्निधारन ज्यानश्रम क्रिएनन। एकांग क्लभारक त्मळात्राहत कतियां कहिलान, रह यक्कामन। ভোমার সহিত পুনরায় হৈতী স্থাপন করিবার প্রার্থনা করি, তুমি পূর্বেক কহিয়াছিলে বে, যিনি রাজ্ঞা নহেন.

তিনি রাজার সথা হইতে পারেন না, এই কারণে আমি রাজাগ্রহণে বত্ব করিয়াছি। এক্ষণে তুমি ভাগীরধীর দক্ষিণ কুলের রাজা হইলে, আর আমি উহার উত্তরাংশ শাসন করিব।

পাঞ্চাল-রাজ ক্রপদ ভর্মাজতনয় দ্রোণের বচনবিন্যাস শ্রবণ করিয়া কহিলেন, ছে মহাভাগ! আপনি বাহা কহিতেছেন আমি তহিবয়ে সম্মত আছি। আপনি কুশলে থাকুন,মাপনার অভিমত মিত্রভাব পুনর্কার বন্ধমূল হইল। পরস্পার পরস্পারকে এইরূপ কহিয়া তাঁহারা পূর্ব্বস্থা স্থাপনপূর্ব্বক স্ম স্থানে প্রস্থান করিলেন। কিন্তু এইরূপ অযোগ্য উপচার ক্রপদের হৃদয়ে সর্ব্বদা ভাগরুক ছিল। তিনি দিনে দিনে নিতান্ত হ্বল ও একান্ত বিমনা হইতে লাগিলেন।

সপ্তষ্ট্যধিক শতত্ম অধ্যায়।

ব্রাহ্মণ কহিলেন, তথন ক্রপদরান্ধ রোষাবিষ্ট হইয়া যাজনকর্ম্মদক্ষ ব্রাহ্মণগণের অব্বেষণে কাশ্রমে আশ্রমে ভ্রমণ করিতে লাগিলেন। সম্ভান নাই বলিয়া তিনি অতিশার বিলাপ ও পরিতাপ করিতেন এবং একটি উপযুক্ত পুত্রের মুথচক্রমা সন্দর্শনার্থে চিন্তায় একান্ত ব্রিময় হইলেন। ভ্রোণের অপকার করিবার নিমিন্ত তিনি বারম্বার দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিতেন কিন্তু তদীয় অলোলিক প্রভাব, বিনয়শিকা, বিচিত্রচরিত্র ও ক্ষাত্রবল আলোচনা করিয়া কিরপে প্রতীকার করিব ভাবিয়া কিছুই ভ্রিয় করিতে পারিলেন না।

অনন্তর জ্রাপদ ভাগীরপ্টতীরে কল্মাধীর উভয় পাথে ভ্রমণ করিতে করিতে একদা এক আশ্রমে উপনীত হই-লেন। তথায় অলাতক ও অন্তর্জী কেহই ছিলেন না। তল্মধ্যে দেখিলেন, সংশিতন্তত ও যাত্র ও উপযাক্ত নামক হই ক্রন্সবি রহিয়াছেন, তাঁহারা শাস্ত্রগাবলম্বী, সংহিছা-পাঠে অভিনিবিই, কাশ্যপগোত্রসম্ভূত ও যুক্তরূপশালী। ক্রুপদ বিলম্ব না করিয়া বিনীতভাবে তাঁহাদিগের যথো-চিত্ত সম্বর্জনা করিলেন; উভরের বলবৃদ্ধি বিবেচনা করিরা নির্জনে কনিই উপযাক্ষের নিকট উপন্থিত হইলেন এবং প্রেরবাদী সর্ব্যক্ষেশ্বলিতা হইয়া সর্বপ্রয়ে ভ্রমীর অনুস্তি ও

চরণসেবা বারা মহর্বিকে ভূট করিয়া যথোচিত সংকার পুর্বক কছিতে লাগিলেন, ছে ব্রহ্মন ৷ জোণের বিনাপের নিমিত্ত বলি কোনরূপ দৈবকার্যামুদ্রান ভারা আমার প্লোৎপাদন করিতে পারেন, তাছা হইলে আপনাকে এক অর্ক্রদ গো দান করিব অঙ্গীকার করিতেছি; অথবা আপনকার যাহা অভিলাষ হর তাহাই সফল করিব, मत्मह गाहै। भव्य क्रिशासत वाका खरण कतिया करितनन, রাজন। আমি ভোমার বাকা স্বীকার করিতে পারি না। দ্রুপদ এইরপ প্রত্যাখাত হইলেও পুনর্বার তাহার আরা-ধনা ও নানাপ্রকারে চিত্তামবৃত্তি করিতে লাগিলেন।

व्यनस्त मददमत्रकान वाजिकास इहेरन धकना जैनयान क्रुशनरक मधुत्रवारका मर्याधन कतिया कहिरनन, महाताज ! वक्ता महीय द्याष्ट्रं लाजा वक निविष् व्यवशानीमध्या সঞ্চরণ করিভে করিতে ভূতলে পতিত একটা ফল দেখিতে পাইলেন। (য স্থানে ঐ ফল পতিত হইয়াছিল, তাহার শৌচের বিষয় কিছই পরিজ্ঞাত ছিলেন না। আমি তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছিলাম। দেখিলাম, তিনি ফল গ্রহণে কিছুমাত্র বিবেচনা করিলেন না এবং ফলেরও পাপাত্রক দোষের প্রতি কিছুমাত্র দৃষ্টি রাখিলেন না। অতএব যিনি এক হলে পৌচাপৌচ পরিজ্ঞানে নিরণেক হুইলেন,তিনি অন্যত্র তাহার বিচার করিবেন না। আরও খন অরগতে বাস ও সংহিতা অধ্যয়ন করিয়া অনোর উৎস্ট অল ভোজন করেন এবং নির্ণ চইয়া কার্যার উৎস্ট অন্নের গুণ কীর্ত্তন করিয়া থাকেন, তথন তিনি কিছুতেই শৌচাশৌচের বিচার রাখিবেন না। একণে আমি বিচার করিয়া দেখিতেছি, তিনিই ফলাকাজনী: অওএব তুমি ভাঁহার নিকট্ঠগনন কর, তিনি তোমার প্রেষ্টিয়তে দীকিত হইবেন।

মহারাজ জ্বাদ এইরূপে প্রত্যাখ্যাত চ্ইয়া অভিশয় চিঞ্চিত इंटेलन, अवः ज्मीत निरम्भाष्ट्रनारत गुर्हार्य गास्त्रत আশ্রমে প্রবেশপূর্বক তাঁহাকে বথোচিত সংকার করিরা कहिरमम, विरक्षा : आमि आश्रनारक अहे अबुछ (शा नाम করিব। আপনি আমার পুরেটিবজে দীক্ষিত হউন। জোণের নিকট পরাভূত হইরা আমি নিভাস্ত সম্বপ্ত হই-ग्राष्ट्रि, अकरण जाजविरमानरमत मिनिक जालमात मत्रणलक हरेगाम । दिक्कान्डम क्यांग तकात्व अविकीय, अधिक कि किहितम, दह तकन । आमात मूथ अविनक्षः, शादत विवा

धार्षे धराधारम काळिय मरधा ও জোশের सम धम्ध्री जात কেহই নাই, একারণ আমি তাঁহার নিকট স্থিযুদ্ধে প্রা-**क्**छ हहेग्राहि। जनीय भवकान आनशहातक, कनां वार्थ হইবার নহে। রণস্থলে ষড়রত্নি শরাসন ভাছার হত্তে পরি-দৃশ্যমান হয়। তিনি ব্রাহ্মণের ঔরদে জন্মগ্রহণ করিয়াছেন বটে,কিন্তু নিঃসন্দেহ ক্তিয়তেজঃ প্রতিহও করিতে পারেন: সেই মহেবাস মহাবল জোণ বিতীয় পরভরামের ন্যায় क्वियमिर्गत উচ্ছেদের নিমিত্ত এই জীবলোকে অবভীর্ণ रहें और इसे । उादात अजन महार्यात ७ खत्रकत, नत-লোকে কেহই তাহা সহ্য করিতে পারে না। তিনি ল্কাছতি প্ৰদীপ্ত হুতাশনের ন্যায় ব্ৰাহ্মতেজ্ঞ: ধারণ করেন এবং ক্ষতির ধর্মাতুসারে রণক্ষেত্রে উপস্থিত ছইয়া লক্ষ লোককে ভক্ষসাৎ করিতে সমর্থ হয়েন! হে বাজা ! আঞ্চ ও কাততেজঃ এই উভয়ের মধ্যে ব্রাক্তেজই উৎকৃষ্ট, অতএব আমি ক্ষতিরবলে নিরপেক হইরা ব্রাহ্মজের আশ্র লইতে মানস করিয়াছি এবং আপনার অফুকম্পার আমার প্রবলপরাক্রাম্ব, দ্রোণাম্বক সম্ভান জ্মিবে, এই আশয়ে আপনাকে অষ্ট অর্কাদ গো দান করিতে প্রস্তুত আছি। আপনি যথাবিধানে আমার এই পুত্রেষ্ট-যজ সমাধান করুন। তথন যাল "তথান্ত" বলিয়া উচ্চার বাকা অঙ্গীকারপূর্ব্যক যজ্ঞীয় দ্রবা-সম্ভার আচরণ করিতে आहम दिलन। यनि ३ छे श्यांक विषयवाग्ना मृत्रा ७ নিভান্ত নিস্পৃহ, তথাচ মহৎকর্ম সম্পাদন করিতে হইবে বলিয়া তিনি তাঁহাকে ভাষধয়ে ব্রতী করিলেন এবং যাজ গাঢ়তর অধাবসায় সহকারে জোণবধে প্রতিজ্ঞারত হই-লেন।

व्यनखत महाज्ञा महिं छेल्यां महीलान कल्रानत পুত্রফলকামনায় যত আরম্ভ করিয়া কহিলেন, মহারাজ। তোমার যাদৃশ অভিলাব তদ্মুসারে মহাবীর্ঘা মহাবল দ্রোশান্তক পুত্র উৎপন্ন হইবে। তাঁহার এইরূপ উত্তেজনা-वारका छे शाहिङ इहेबा क्रम्मताक ट्यानविनात्मत व्यक्ति-সন্ধিতে যজীপত্রবা-সন্থার আহরণ করিতে লাগিলেন। তংপরে উপযান্ত অবস্ত ত্তাশনে পূর্ণাত্তি প্রদানকালে बाक्यिशोरक जास्तानशृक्षक कहिरलन, जारतः। कृषि शृक्षः কন্যা উভয়ই প্ৰাপ্ত হইৰে, আইস। মহিনী বিনয়বাকৈ।

গন্ধ ধারণ করিতেছি। আমি সন্থান নিমিত্ত এরূপভাবে আপনকার সরিধানে উপস্থিত হইতে থারি না, আপেনি আমার প্রিয়হেতু ক্ষণকাল অপেকা করুন।

যাজ কহিলেন, হে রাজপত্নি! তুমি যাও বা থাক, যাজনত ও উপযাজের মন্ত্রপুত সংস্কৃত হব্য কদাচ নিক্ষল इहेर्द ना, खबना खडीहे नम्नामन कतिरद, এই दनिया তিনি সংকৃত ও প্রজ্ঞাতি অনলে আত্তি প্রদান করি-লেন। আছতি প্রদান করিবামাত্র সহসা হতাশনমধ্য হইতে দেবকুমারতুলা স্থকুমার এক কুমার উথিত হইটান। প্রজলিত অগ্নিশিখার ন্যায় তাঁহার বর্ণ উচ্ছল, স্কর कित्री है बाता उनीय मस्क अनुदूर आकात अछि अवहत, धक्रुर्स्तान, यम्बं ७ थक्नानम्बं धात्रन कतित्र। वात्रमात निःहनान পরিত্যাগপুর্বকি দিবা রথারোহণে বছিমধ্য হইতে নির্গত হুটলেন। এই অভুত ব্যাপার অবলোকন করিরা পাঞ্চাল-দেশীয় ইতর সাধারণ সকলেই প্রফুলমনে সাধুবাদ প্রদান कतिए नागितन। छांशामित्यत दर्वत्य ७ निःइनाम ভগবড়ী ধরিত্রীরও অসহা হইল। তৎকালে এইরূপ আকাশবাণী इटेन (स, 'यगत्री तांककृमात (जानवर्धत নিমিত্ত উদ্ভত হইয়াছেন। ইহাঁর বল অতি অভুত, ইনি পাঞালদিপের ভন্ন দূর করিবেন।" ইত্যবসরে সর্বাঞ্চ-सम्मती এक कुमाती राजादिन मधा हहेट छिथि इहेटनन, ত্রিভূবনে তদীর রূপলাবধ্যের তুলনা ছিল না। তাঁহার বর্ণ শ্যামল, লোচনযুগল প্রপ্রলাশের ন্যার স্থলোভন ও অতি বিস্তীৰ্ণ, কেশভাল নীল ও আকুঞ্চিত, পরোধর পীন ও উরত, অবর দেখিতে স্ফাক, কনাার গাত হইতে नीला९भन-त्रमुम शक्त এक द्वाम भर्यास शाविल इटेटलहा তাঁছাকে দেখিলে বোধ হয়, যেন মান্থবীমূর্জি পরিপ্রাঞ क्रिया (कान त्मवी পृथिवीटि व्यवछीर्ग इहेबाइन। ध रमवक्रिभी तमनी रहिचरक धमन हमक्कातिनी रव, राविरण দৈয়, দান্ব, প্রকর্বেরও মন মোহিত হয়। "এই কন্যা क्षिक्टम क्विप्रकृतक्य क्रिया विच्य श्वकारी नाधन कत्रित्वन, देशा निमिष्ठ कूक्वरभौष्रविरशत अस्रःकत्रत्थ मर्तना आनदा शाकित्व," महमा धहेज्रण आकामवाबी উথিত হইল। ইছা শ্রবণ করিয়া পাঞ্চালের। সিংহনাদ পরিত্যাশ করিতে লাগিলেন, তাঁহাদিশের ঐক্লপ বেগ ভগবতী বস্তম্বরা সহ্য করিতে অসমর্থা হইলেন। তৎকালে ।

রাজসহধর্মিণী প্রাধিণী হইয়া বাজসরিধানে উপশ্বিত
হইলেন এবং কন্যাপুদ্ধকে লক্ষ্য করিয়া কহিলেন, হে
যাজ! ইহারা আমাভিয় জন্য কাহাকেও যেন জননী বলিয়া
না জানে। যাজ রাজার প্রিরাম্থর্জান মানসে "তথাস্ত"
বলিয়া তাহার বাক্যে জলীকার করিলেন। পূর্ণমন্যেরথ
ব্রাহ্মণেরা (বালক অতি প্রগণ্ড ও হায়সন্ত্ ত) বলিয়া
তাহার নাম গৃইলয় রাখিলেন এবং কন্যাটী রুক্ষবর্ণাপ্রযুক্ত
তাহাকে কৃষ্ণানাম প্রদান করিলেন। এইয়পে ক্রপদের
মহাবজ্ঞে পুদ্র ও কন্যা উভয় উৎপত্ম হইল। প্রবল
প্রতাপান্বিত জোণ পাঞ্চালদেশ হইতে ধৃইল্যেরক নিজ
নিলয়ে আনয়নপূর্ব্বক জন্ত্রশিক্ষা করাইতে লাগিলেন এবং
দৈব জনভিক্রমণীয় কলচে জন্যথা হইবার নহে ভাবিয়া
মহীরসী আত্মকীর্ত্ত লাগিলেন।

অক্ট্রফ্যবিক শততম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, মহারাজ ৷ এই বুড়ান্ত প্রবণ कतिया कुछीशृञ्जिमित्रत श्रमत्य त्यम भना विक इरेन; তাঁহারা বিষাদ্যাগরে একাস্ত নিমগ্ন হইলেন। অনস্তর সত্যবাদিনী কুন্তী মাতৃভক্তিপরায়ণ সন্তানগণকে আহ্বান कतित्रा नर्काकार्क श्विष्ठित्रक कहिलान, वरता आमन्त्राधः त्रमणीय नगती मध्य जिलावृद्धि अवन्यनशृद्धक महाचा ব্রাহ্মণের আবাদে বছকাল বাস করিলাম। এছলে যে ममल वन ७ जेनवन चाट्ड ठाडा वात्रवात्र वर्मन कति-য়াছি। ভাহা দেখিয়া আর তাদৃশী প্রীতি লথে না। একণে ভিকাও অপেকারকু অল্ল বর হইয়া থাকে, ভদ্বারা দিনপাত হওয়া নিতাম্ভ হৃকঠিন। অতএব যদি তোমা-क्तिता अधिनाष रम, उत्त हन, आमत्रा शतम तमगीम शाकानामा गमन कति। ये एम अपृष्टेश्क, पिशिल অবশ্যই প্রীতিকর হইবে। আর গুনিয়াছি, পাঞ্চালেরা প্রাণাত্তেও ভিকুককে পরাব্যুথ করেন না, তথাকার রাজা যজ্ঞসেন অতিশয় ত্রতপ্রারণ। হে বংস!যদি মত হর চল, একস্থলে বছকাল অতিক্রম করা কদাচ বিধের হয় मा। अधिक कि, এशान कर्गकांन शांकित्छ आमात्र আর বাসনা নাই। তখন বৃধিষ্টির কহিলেন! মাতঃ!

আপনি যাছ। আদেশ করিতেছেন,তাহা আমাদিপের পক্ষে শ্রের:কর বোধ হয় কিন্তু অনুজদিগের কিন্তুপ অভিপ্রায় কিছুই জানি না। তৎপরে কুন্তী, ভীমদেন, অর্জুন ও যমজ নকুল সহদেবকে এই কথা জিজ্ঞানা করিলেন। ভাঁছারা মাতৃবাক্যে কিছুমাত্র বিবেচনা না করিয়া কহিলেন, মাতঃ! আপনি যাহা আজ্ঞা করিতেছেন, আমরা কদাচ ভাহার অন্যথা করিব না।

অনস্থর কুন্তী পঞ্চ পূত্র সমভিব্যাহারে ত্রাহ্মণকে সাদর সম্ভাষণ করিয়া ক্রপদরাজ্যে যাত্রা করিলেন।

ঊনদপ্তধিক শত্তম অধ্যায়।

বৈশশ্পায়ন কহিলেন, হে মহারাজ ! মহান্মা পাণ্ডব-,
গণ প্রচ্ছন্ন-ভাবে বাস করিতেছেন, এই অবসরে সভাবতীনন্দন ব্যাস, তাহাদিগের দর্শনার্থ তথায় আগমন করিলেন। পাণ্ডবেরা তাহাকে অভ্যাগত দেখিয়া প্রভ্যালগমন
পূর্কক প্রণাম ও অভিবাদন করিয়া' কৃতাঞ্জলিপুটে
দণ্ডারমান রহিলেন। তথন মহর্ষি ব্যাস তাহাদিগকে
উপবেশনার্থ অকুমতি প্রদান করিয়া প্রীতি-প্রভূল্ল মনে
জিল্পাসা করিলেন, হে পাণ্ডবগণ! ভোমরা শাস্ত ও ধর্মামুসারে জীবিকা নিরাহ করিতেছ ? এবং পূজার্ছ অভিথি
আজিণকে স্কান্ধ্র করিয়া থাক ? ব্যাস তাহাদিগকে এরূপ
ধর্মার্থ সম্বন্ধ করিয়া থাক ? ব্যাস তাহাদিগকে এরূপ
ধর্মার্থ সম্বন্ধ করিয়া থাক ? ব্যাস তাহাদিগকে এরূপ
ধর্মার্থ সম্বন্ধ করিয়া থাক ? ব্যাস তাহাদিগকে এরূপ

কোন তপোবনে সর্বাঙ্গ হৃদরী সর্বাঞ্চণসম্পন্ন। এক ধ্রিক্ন্যা বাস করিতেন। সেই রমণী দীর কর্মদোবে নিতান্ত ইরদ্টভাগিনী হইয়াছিলেন, এই কারণে অহ্বরপ ভর্ত্বাভে কৃতকার্য্য হইতে পারেন নাই। তথন তিনি সাজিশর হংখিত হইরা পতি-লাভার্থে তপসায় মনো-নিবেশ করিলেন, এবং অতি কঠোর তপেস্ফুলন দারা অনতিকালমধ্যে ভগবান্ মহাদেবকে প্রীত ও প্রসন্ন করিলেন। দেবাদিদেব মহাদেব তাঁহার প্রতি অভিশন্ন সম্ভই হইরা তথার আবিভূতি হইলেন এবং কহিলেন, হে হৃদরি। তুমি কুশলে থাক, আমি মহাদেব, ভোমাকে বর দান করিবার নিমিন্ত উপস্থিত হইরাছি, বর প্রার্থনা কর। তথন তপবিক্র্যা আপনার অভিলাবাসুরূপ বর

লাভ করিবার নিমিত্ত তাঁহাকে কহিলেন, ভগবন। যদি প্রসর হইরা থাকেন, তবে যাহাতে আমি সর্বস্থিণসম্পন্ন পতি লাভে চরিতার্থ হইতে পারি, এইরূপ বরপ্রদান করুন। এই বলিয়া বারম্বার তাঁহার নিকটে প্রার্থনা করিতে লাগিলেন। তৎপরে মহাদেব ভাঁছাকে সম্বোধন कतिशा कहिलन, (र श्विकत्ना। श्रामात वत्रश्राह्य ভোমার পঞ্জামী লাভ হইবে। তখন ভাপদত্হিতা বরদ দেবতাকে পুনর্কার কহিলেন, ভগবন্! আপন-কার নিষ্ঠটে স্থামি সর্বগুণোপেত একমাত্র পত্তি লাভের বাসন। করি। ঈশ্র কহিলেন, হে কন্যে! ভূমি "পাঁচ বার পতি প্রদান করুন" বলিয়া আমার নিকট প্রার্থনা করিয়াছ, অতএব তোমার প্রার্থনামত প্রস্তন্মে পঞ্চ পতি লাভ করিবে। সেই দেবরূপিণী রুমণী ক্রুপদ-বংশে জন্মগ্রহণ করিয়াছেন। তিনি তোমাদিগেরই সহ-ধর্মিণী হইবেন; অতএব একণে তোমরা পাঞ্চাল গুগরে অবস্তান কর। আমি নিশ্চয়ই কহিতেছি, সেই কনা। লাভ করিয়া •তোমরা জবিষাতে সুখী হইবে। এই বলিয়া মহাতপাঃ মহর্ষি ব্যাস, কুস্তী ও পাণ্ডবগণকে সাদর সন্তা-ষণাশী:-প্রয়োগপুর্বক প্রস্থান করিলেন।

সপ্তত্যধিক শত্তম অধ্যায়।

বৈশশারন কহিলেন, মুহারাজ! মহর্ষি ব্যাস তথা হইতে প্রস্থান করিলে পাওনেলা সম্ভটিতে জননী কুন্তীকে অথ্যে লইয়া অবদ্ধ মার্গ অবল্বনপূর্বক উত্ত-রাভিমুখে যাত্রা করিলেন। তাঁহারা দিবারাজিমধ্যে সোন্ধ শ্রায়ণ নামক এক তীর্থে গমন করিয়া জাহুবীতীরে উপ-নীত হইলেন। অর্জুন স্বাপ্তে এক প্রদীপ্ত আলোক লইয়া প্রকাশার্থে ও আত্মরকারে তথার গমন করিলেন।

এক মহাবল্-পরাক্রাম্ব গন্ধররাজ ঐ পবিত্র ও রমণীয় গ্রাক্ষাবল অঞ্চনা-পরিবৃত্ব হইরা বিহার করিতেছিলেন। এই অবসরে তিনি, গলাতীর-সন্নিহিত পাওবগণের পদাক্ষ প্রবণ করিলেন। প্রবণ করিবামাত্র অতিশন্ধ ক্রোধানিই হইরা ইতন্ততঃ দৃষ্টিপাত করিতেছেন, এই সমলে জননী-সমন্তিবাছারী পাশুব-গণকে তথার আগমন করিতে দেখিরা ধন্তুর্থণ আক্ষালন

श्रुक्तक कहिल्लन, मन्त्रात किकिएकाल श्रुक्तिविध ममछ त्वनी कामहाती यक, शक्क छ ताकमित्रत पृहुर्छ ; व्यव-শিষ্ট কাল মনুষাদিগের কার্য্য সাধনার্থে নিয়মিত আছে। তোমরা লোভপরতন্ত্র হইয়া রাক্ষ্মী-বেলায় পরিভ্রমণ করিতেছ, অতএব তোমরা নিতান্ত অনভিজ্ঞ; স্বতরাং আমরা রাক্ষনগণ সমভিব্যাহারে তোমাদিগকে সংহার করিব। রাত্তিকালে নদীকুল-সন্নিছিত হইলে মহুষ্যদিগকে बन्धवि९ वाङ्गिता अवङा ও अञ्चला करत्रन ; अधिक कि, এই সময়ে মহাবল-পরাজাত ভূপালবিগেরও নদীকুলে আগমন করা নিষিদ্ধ। তোমরা আর কেন দুরে রহিয়াছ? সত্ত্রে আমার সন্নিহিত হও। আমি জলবিহার করিবার নিমিত্ত গঞ্চায় অবগাহন করিয়াছি ইহা কি তোমরা পূর্বে অবগত হইতে পার নাই? আমার নাম অসারপর্ণ; আমি স্বকীয় বলবীর্যাের উপর নির্ভর করিয়া থাকি। আটি অতিশর অভিমানী, ঈর্ষাপরায়ণ ও কুবেরের প্রিয় স্থা। আর অগ্রে যে বন দেখিতেছ, উহা অঙ্গারপূর্ণ নামে প্রখ্যাত। আমি যদুচ্ছাক্রমে ভাগীরথীতীরে শঞ্চরণ করিয়া क्षे इत्न विशत कतिया शांकि। वहे सारन ताकम, मुन्नी, দেবতা বা মহুষোরা আগমন করিতে পারে না তবে তোমরা কি কারণে এই স্থানে উপনীত হইলে বল ?

তদীয় এতাদৃশ উদ্ধতনাক্যে উত্তেজিত হইয়া অৰ্জুন কহিলেন, হে হর্মতে ! সমুদ্র, হিমালয়ের পার্ম দেশ, আর এই নদীকৃল এই তিনটি প্রদেশ দিবারাতি বা সন্ধা-काल काशांत्र अधिकृष्ठ नरह । (इ शशनहत्र ! ज् ल इंडेक वा অভুক্তই হউক, দিবস বা রজনী হউক, গসায় গমন করিতে কালনিয়ম নাই। আর আমরাও মহাবলপরা-ক্রাস্তঃ অভ্যেব ভোমাণে অকালে কালসদনে প্রেরণ করিব। নিতান্ত হর্মল মানবেরাই রণক্ষেত্রে তোমাদিগকে সংকার করিয়া থাকে। পূর্কাকালে এই গঙ্গা হিমালয়ের হেমময় উত্তৰ শৃক্ত হইতে নিঃস্তা হইয়া গন্ধা, যমুনা, मत्रची, तथया, नत्रपू, शायजी अ गखको धरे मख नही-রূপে সমুদ্রজ্ঞ মিলিত হন। এই সপ্ত স্রোভস্বতীর জলোপদেবনে লোকে বিগতপাপ হইয়া থাকে। প্রম পবিত্রা গঙ্গা আকাশপথ-গামিনী হইয়া দেবলোকে অলক-नना नारम अभिका इरेशाइन। छशवान वामबादिन কহেন, এই গঙ্গা পিতৃলোক উদ্ধার করিবার নিমিত্ত বৈত্- ।

রণীরূপে পৃথিবীতে অবজীণ। হয়েন। পাপাচার লোকেরা ঐ নদী পার হইতে পারে না। সকলেই এই স্বর্গকল-দায়িনী দেবনদীতে অবাধে অবগাহন করিয়া থাকে, তুমি সেই সনাতন ধর্মের অপলাপ করিয়া কেনই প্রতিবেধ করিতেছ ? ভাগীরথীর জল অতি পবিত্র, আময়া স্বেচ্ছা-ক্রমে এই পবিত্র জল স্পর্ল করিব; ইছাতে কোনরূপ বাধা মানিব না।

এই কথা শুনিবামাত্র অঙ্গারপর্ণ অতিশয় রোষপরবুশ रहेया भदाम्य आकर्षनशृक्षक महाविष आभीविम मनुभ স্থতীক্ষ শর সকল নিক্ষেপ করিতে লাগিলেন। ধনঞ্জয় হস্তহিত আলোক ও চর্ম বিঘূর্ণিত করিয়া তৎক্ষণাৎ তদীয় সমস্ত শরজাল নিরাশ করিলেন এবং কহিলেন, হে গদ্ধর্ম ! অস্ত্র বিদ্যা-বিশারদ বীরের নিকটে এরপ বিভী-ষিকা প্রদর্শন করা নিভান্ত অমুপযুক্ত; প্রদর্শিত হইলেও ফেনের ন্যায় বিলীন হইয়া যায়'। মামুধী শক্তি সর্কো-তোভাবে সকল গদ্ধর্কদিগকে পরাভব করিতে পারে, একণে ইহাই লক্ষিত হইতেছে; অতএব আইন তোমার সহিত অন্তবুদ্ধ করিব। মায়াবুদ্ধে প্রয়োজন নাই। পূর্ব-কালে দেবরাজ ইন্দ্রের মান্য ও পূঞ্জনীয় বুহস্পতি ভর-দাজকে এই আগ্নেয়ান্ত প্রদান করিয়াছিলেন। তৎপরে ভরদাজ অগ্নিবেশ্যকে, পরে অগ্নিবেশ্য মদীন 🚧 👫 দাণকে, ममर्भग करतन । अनस्त्र (जागानाया अहिन में केटे (बोर्टि) थे अञ्च आभारकरे श्राम कतियाहन / पेरे कथा त्रिक्रा অর্জুন ক্রোধভরে গমর্কের প্রতি সে প্রদীর আয়েরান্ত প্রয়োগ করিলেন। প্রয়োগ করিবামাত্ত তৎক্ষণাৎ ক্রিবীয় রথ ভত্মসাৎ হইল। তথন বিরথ, বিপদ্ধ ও অন্তর্ভেক বিমোহিত গন্ধর্মাল অধীরপূর্ণকে অধোমুখে ভুতলৈ পতিত দেখিয়া অৰ্জুন দিবামালালয়ত তদীয় কেলপাল ধারণ করিলেন এবং বিচেতনাবস্থায় কেশাক্রবিলুক্ত তাঁছাকে আশন ভ্রাতৃসন্নিধানে লইয়া গেলেন।

এই অবসরে শরণার্থিনী কুন্তীনারী তলীর সহধর্মিণী পতির প্রাণরকার্থে ধর্মরাজ বুধিষ্টিরের শরণাগত
হইবেন। তিনি কহিলেন, হে মহাভাগ। আমি গন্ধবিরাজনহিবী কুন্তীলসী, অক্সকল্পা করিয়া আপনি আমার
ভর্ত্তাকে পরিত্যাগ কন্ধন, আমি আপনকার শরণাপরা
হইবাম। তথ্ন যুধিষ্টির কহিলেন, হে অরিনিস্পন

জিত শক্রকে বিনাশ করা অকর্ত্তব্য, অতএব ইহাঁকে অবিলম্বে পরিত্যাগ কর। অর্জ্জন তাঁহাকে কহিলেন, হে পদ্ধর্ক ৷ অদ্য কুরুরাজ যুগিষ্ঠির তোমাকে অভয় দান করি-লেন, অতএব জীবন লইয়া প্রস্থান কর, আর কোন ছঃখ করিও না। তথন গ্রহ্মরাজ কহিলেন, হে সৌমা। আমি পরাজিত হইলাম, একণে আমার পূর্বনাম অকারপর্ণ ছিল, তাহা পরিত্যাগ করিতেছি; আমি জনসমাজে বল-বীর্যা ও নাম দ্বারা শ্লাঘা করি না, কিন্তু এই আমার পরম-লাভ বে, দিৰাজেধারী অৰ্জুনকে গন্ধৰ্কমায়ায় অধিকৃত করিব। আমার এই বিচিত্র রণ অন্ত্রাগ্নি দ্বারা ভত্মদাৎ হুইয়াছে, অতএব আমি চিত্ররণ নামের পরিবর্ত্তে দগ্ধ-রণ বলিয়া প্রখ্যাত হইলাম। পূর্বে আমি তপোবলে এই। বিদ্যা লাভ করিয়াছিলাম, অদ্য প্রাণপ্রদ মহাত্মা অজুনকে সেই বিদ্যা প্রদান করিব। যিনি বল দ্বারা শক্রকে স্তম্ভিত করিয়া, পরাজিত ও শবণাগত শক্রকে প্রাণদান করেন, তিনি সর্ব্ব কল্যাণেরই ভাজন হইতে পারেন। আমি যে विमा अमान कतिव, हेशत नाम हाकृषी विमा। जगवान মফু সোমকে ইছা সমর্পণ করেন। সোম হইতে বিশ্ববিত্ব; বিশ্ববন্ধ চইতে এই নিদ্যা আমিই প্রাপ্ত হইয়াছি। এই প্রক্রপ্রকা**িল্যা কাপু**ক্ষগামিনী হইয়া বিন**ট হইতেছে**। ह रोत । असेर्प्ना-आशितृहात चालाभाष मम्नाय 🖥 🚉 শ ইহার কিরূপ প্রভাব তাহাও বিশ্বধান কর। এই ত্রিলোক মধ্যে 🕵 ে 🖟 📆 ত মভিলাব করিবে, এই বিদ্যা-প্রতিষ্ঠিত ক্রিক দেখিতে পাইবে। বাঁহার বাদুশী সকলা বিষয়ই নেত্ৰগোচর করিতে া কৰি কিন্তু । ছব মাদ একপদে দণ্ডায়মান া কৰিছে ইউটা টুট কৰিতে.ছয়; অতএব ব্ৰত অহ-का प्रतिकारिक ट्रामात निमिछं त्मके विमारिक लगन कार्य । दि भेहाताज ! आमता এই विमाधि जारव মমুষা হইতে অপেকারত উৎকর্ম লাভ করিয়াছি এবং দেবগণের সমকক্ষ হইরা গগনমার্গে সঞ্চরণপ্রভৃতি অতি অন্তত ব্যাপার সমুদার সম্পাদন করিয়া থাকি। একংণ ভোমাকে ও ভোমার ভ্রাতাদিগকে আমি এক এক শত भद्धक क्य थानान कतिय। (महे मगछ शक्कक क्या व

অৰ্জুন! যশোহীন, স্ত্ৰীসহায় নিতান্ত চুৰ্বল ও যুদ্ধে পরা-

বর্ণ অতি মনোহর, বেগ মন অপেকাও ধরতর। ইহারা कथन छङ्ग वा खोर्ग हम ना । डेहानिरगढ अमनरवश कनांठ হীন হইবার নহে। পূর্বকালে বুতাস্থরসংহারার্থ দেবরাজ ইক্সের বন্ধ নির্শিত হইয়াছিল। উহা বুত্রাস্থ্রশিরে দুশ্ধা ও শতধা চূর্ণ হইয়া যায়। তদনস্তর দেবতারা শতভাগে বিভক্ত ঐ বক্সভাগ সকলের উপাসনা করেন। সেই সকল বক্লাংশের অংশে এই গদ্ধকি অখগণ জন্মগ্রহণ করে, এই নিমিত্ত ইহারা অবধা। কামবর্ণ কামজব ও কামতঃ সমুপৃত্তিত গৰক্ষী অখগণ তোমার অভিলাষ সফল করিবে। অর্জুন কহিলেন, হে গন্ধর্ব। তুমি প্রীত হইয়া বা প্রাণসন্ধট উপস্থিত দেখিয়া আমাকে এই বিদ্যাধন অর্পণ করিতেছ ? যদি প্রতিপ্রদান না হয়, তবে তাহাতে আনার প্রয়োজন নাই। গন্ধর্কারাজ কহিলেন, হে অর্জন। সাধু লোকের সহিত সমাগন হইলে মভাবতই প্রীত হইতে হয়, কিন্তু তুমি আমার প্রাণ দান করিয়াছ, এই নিমিত্ত আমি সাতিশয় প্রীত হুইয়া এই বিদ্যাদানে উদ্যত হুইয়াছি। আঁর আমি বৈনুমা হুইতে সভাৎকুট আগ্রেরান্ত ও বৃদ্ধিনামক ঔষধ এই ছুইটি এককালে গ্রহণ করিব। অজুন কহিলেন, হে গন্ধবাজ ! আমি ত্রদান্ত প্রদান করিয়া তোমা হইতে গদ্ধর্গজ অখ গ্রহণ করিব, কিন্তু यामात्र निठा छ टेव्हा (य, मक्तीना यामानिरशत मनाशन হয়। হে নথে। তোমাদিগের হইতে যে কারণে ভয় উংপন্ন হয় এবং আমরা রেদবেতা সাধুচরিত হুইলেও রাজি কালে আগমন করিয়া যে কারণে এইরূপ তিরক্কত ও অপমানিত হুট্লান, তাহার কারণ কি, সমুদায় বল।

গদ্ধরাজ কহিলেন, হে অর্জুন! তোমরা অন্ধি ও আনাহত এবং কোন ব্রাহ্মণ ও তোমাদিগের প্রোবর্ত্তী নহেন। এই কারণে আমি তোমাদিগকে তিরকার ও অব নাননা করিরাছিলাম। যক্ষ, রাক্ষম, গদ্ধ্য, পিশাচ, উরগুও দানবেরা কৃষ্ণবংশ-বিস্থার কীর্ত্তন করিয়া থাকেন। আর নারদ প্রভৃতি দেব্ধিম্থেও আমি ভোমার পূর্বপূক্ষদদিগের গুণাস্থবাদ প্রবণ করিয়াছি। অধিক কি.এই স্পাগরাধ্রা পর্যাটন প্রসদ্ধ আমি অরংই ভোমার সহংশের ভূমিষ্ঠ প্রভাব অবগত হইয়াছিলাম। ত্রিলোক প্রস্থাত, মহাঘশাঃ জোগ, যাহার নিকটে ভূমি বেদ ও ধছ্মেলে উপদিই হুইন্রাছ, ভিনিও আমার পরিচিত। দেবপ্রধান ধর্ম, বায়ু,

ইক্র ও যমজ অখিনীকুমার, আর নরশ্রেষ্ঠ পাপু এই ছর জন কুরুবংশ-বিবর্দ্ধন ও তোমাদিগের জন্মদাতা পিতা। আমি তাঁহাদিগের সকলকেই সবিশেষ জ্ঞাত আছি। তোমরা অতি সক্ষরিত্র, মহাত্রা ও মহাবীর; তোমাদিগের ননের সংকর ও অধাবসার সমাক্ অবগত হইয়াও আমি তোমাদিগকে তিরস্কার ও অবমাননা করিয়াছিলাম। বিশেষতঃ বাহুবল-সম্পার, বীরপুরুষেরা স্ত্রীসন্নিধানে অপমানিত হইলে কথনই ক্ষমা প্রদর্শন করিতে পারেছুনা, আমি সন্ত্রীক ছিলাম, রাত্রিকালে আমাদিগের বলবীয়াছিওণতর পরিবর্দ্ধিত হইয়া থাকে, এই সমস্ত কারণে আমার অ্বত্তংকরণে তোগের সঞ্চার হইয়াছিল। হে অর্জুন। তুমি আমাকে যুদ্ধে পরাক্ষর করিয়াছ, অতএব যে কারণে জন্মী হইলে, বিধানামুসারে তাহা কীর্ত্তন করি-তেছি, শ্রবণ কর।

্ ত্রহ্মচর্য্য পরমোংকৃষ্ট ধর্ম। তুমি সেই ধর্মাক্রায়ঙ বলিয়া আমাকে যুদ্ধে পরাজয় করিয়াছ। যে ক্ষত্রিয় কাম-পরায়র্ণ, তিনি রাত্রিকালে যুদ্ধে পরুত্ত হইলে কদাচ জীবন রক্ষা করিতে পারেন না। আর সন্তীর্ক হইলেও বিনি সনাতন বেদশাস্ত্র সম্মুখে রাথিয়া পুরোহিতের উপর কার্য্য-ভার অর্পণপূর্বক যুদ্ধে প্রবৃত্ত হন, তিনি নিশ্চয়ই সমস্ত নিশাচরকে পরাস্ত করিতে পারেন। অতএব হে তাপতা! ইহলোকে যে যে বিষয়ে মহুবোর শ্রেয়োলাভের সম্ভাবনা, তৎসমূদীয় বিষয়ে ইন্দ্রিয়দমনশীল পুরোহিতকে নিয়েগ করা কর্ত্তব্য। বড়ঙ্গবেদপারগ, অতি পবিত্র, সভাবাদী, ধর্মাত্মা ও সুধীর ত্রাহ্মণই রাজাদিগের পুরোহিত হসেন। বে ভূপভির এতাদৃশ সদ্গুণসম্পন্ন পুরোহিত বিদামান আছেন, তাঁহার ইহলোকৈ জন্ন ও পরলোকে স্বর্গলাভ ছইয়া থাকে। অর্থোপার্জন ও উপার্জিত অর্থ রক্ষা করি-্বার নিমিত্ত এক গুণবান •পুরোহিত নিয়োগ করা **অ**তি-মাত্র শ্রের:কর। যে রাজা এই সসাগরা •পৃথিবী অধিকার করিতে ইচ্ছা করেন, যিনি সর্ব্বসম্পদ্ লাভের অভিলাবী হয়েন, তাঁহার পুরোহিতের হিতকালিণী বৃদ্ধির আশ্রম লওয়া বিধেয়। বে রাজার পুরোহিত নাই, তিনি কলাচ অভিজন ও শৌর্যাপ্রভাবে ভূমিসপত্তি অধিকার করিতে भारतन ना; ख्राड्य रह त्रुक्रवः मन्द्रन अर्जून! अकरन देशहे अভिभन्न इंटेन (व, बाजाना शुरवाहिएछन সাহায্য গ্রহণ করিলে বছকাল রাজ্যপালন করিতে পারেন।

একসপ্তত্যধিক শততম অধ্যায়।

অৰ্জুন কহিলেন, হে গন্ধৰ্করাজ। তুমি যে তাপতা বলিয়া আমাকে সম্বোধন করিলে, ভাত্রে যথার্থ অর্থ কি? আমরা কুরীপুত্র, কি কারণে তাপতা বলিয়া আহত হইলাম ? কাহার নামই বা তপতী ছিল ? হে সাধো। সবিশেষ জানিতে অভিলাষ করি। গন্ধরাজ অজ্বনের বাকো প্রীত হইয়া ত্রিলোকপ্রথাতে অন্তত উপাথাান কীর্ত্তন করিতে লাগিলেন। অর্জ্তনও শ্রবণ-মানসে অবহিতচিত্ত হইলেন। প্রক্রিজ কহিলেন, ছে অর্জুন। আমি যে কারণে তপতীতনয় বলিয়া তোমাকে স্বোধন করিলাম, সেই রমণীয় বুতান্ত আদেলপাত্ত কীর্ত্তন করিলে সমুদায় বুঝিতে পারিবে, স্থিরচিত্তে প্রবণ কর। যিনি ভূলোক ও তালোকে আলোক প্রদান করিতেছেন, সেই স্থাদেব সর্বাঙ্গস্থারী তপতীর জন্ম-দাতা। সাবিত্রীর পর ইঠার জন্ম হয়। তপতী তপোর-রক্তা ও ত্রিলোকপ্রথাতা ছিলেন। স্থরাস্থর গন্ধর্মাপরো-মধ্যে কোন কামিনীই তপভীদদৃশ রূপশাক্রিক জিলেন্ না। একদা স্থা, প্রপুলাশলোচনা कन्यादक खाश्रद्योवना प्रिश्वा ज्ञान, क्ष्मिक, नीवनानी এক অত্বরপ পাত্র অনুসরান করিটে শাগিলেন : কিছ তিনি ত্রিভ্বনমধ্যে কন্যার উপযুদ্ধীন কেবিতে পাই-त्नन ना । এই कावरन छाड़ात जाबाक्त वन्त्रकी विकास একাস আকার হইয়াছিল⁷⁷ সমুদর স্থানি । শারি । কালে তাঁহা হইতে তিরোহিত হইল 🙀 💆 🔆 🔻 🛶

এই সময়ে কুক্সবংশাবতংগ ক্ষাৰ্থী ক্ষাৰণ ক্যাৰণ ক্ষাৰণ ক্য

তপতীর অথক্রণ পতি বলিয়া বিবেচনা করিলেন। পরিশেবে তাঁছাকেই কন্যা দান করিতে তাঁছার সম্পূর্ণ মনোরথ হইল। যাদৃশ স্থাকিরণে নভামগুল আলোকময়
হয়, সেইক্রণ এই মহীপালের অস্তুত প্রভাবে ভূলোক
উদ্ভাসিত হইয়াছিল। যাদৃশ ব্রহ্মবাদী মহর্ষিগণ উদয়কালে আদিতাকে আরাধনা করেন, সেইক্রণ ব্রাহ্মণেতর
প্রস্লাবর্গ মহারাজ সম্বরণের পূজা করিত। তিনি দেখিতে
অতি কাস্ক ছিলেন, এই নিমিন্ত মিত্রমণ্ডলীর নিকটে চক্রতুলা প্রতীয়মান হইতেন এবং অতি তেজ্পী ছিলেন
বলিয়া, শক্রবর্গ তাঁহাকে প্রচণ্ড দিবাকরের ন্যায় নিতান্ত
ভূনিরীক্র্য বোধ করিত। স্থাদেব সেই স্থশীল ও সদ্গৃণসম্পন্ন সম্বরণকে তপতী দান করিতে মনোনীত করিলেন।

একদা মহাবল জীমান সম্বরণ মৃগয়ার্থ গিরিকাননে গমন করিলে তথায় তাঁহার অপ্রতিম অখ মৃগয়াবিহার-পরিশ্রমে ও ক্ষংপিপাসার আতিশয্যে একাস্ত কাতর इटेश ७९कनार शक्ष उलाल इटेन। अप विमन्न इटेल রাজা একাকী পর্বতোপরি পাদচারে সঞ্চরণ করিতে করিতে সহসা কমলায়তলোচনা এক সর্বাঙ্গস্তলরী কুমা-রীকে দেখিতে পাইলেন। তিনি সেই অসহায় অবলা-র্ভ্রকে নিনিবেষ্লাচনে নিরীক্ষণ করিতে লাগিলেন। ক্ন্যার অসামানা রূপলাবণ্য সন্দর্শন করিয়া রাজা অমু-নি করিছেই বুঝি কমলাস্না লক্ষী বা দিবাকরের খালত প্ৰভা অস্ক্রীতে অবতীর্ণ হইয়া থাকিবেন। সেই व्यक्षमात्राप्तक व्यक्ति ७ ट्रिकः श्रृश्च श्राप्त ठीशांक অদীপ্ত ত্তাশনশিশী কাবং প্রসমতা ও কমনীয়তাগুণে विभगा अभिक्ना विनया दिश्व अन्त्रिय । जिनि देनविश्वरत আরু থাকিবা হিরথমী গুড়িগার প্রতিরূপ হইরাছিলেন, ध्यम कि, छाँशांत क्रण ७ दबनविन्यानश्रकाद वृक्तनजात শহিত সমুদার শৈলই স্থবর্ণমন্ত প্রতীত হইতেছিল। ভাঁছাকে অবলোকন করিয়া রাজার ত্রিলাকের মহিলার প্রতি অবঁচা ক্রিল। তিনি মনে করিলেন, এই কামি-নীকে নরনগোচর করিয়া এত দিলে চকুছ রের সমাক ফল नाज कतिनाम। ज्ञाविध य किছू मिथियाहितनम, दक्हें अहे রমণীর রূপের অরুরূপ নহে বলিরা তর্ক করিতে লাগি-লেন। তিনি তদীয় গুণময় পালে সংযতিত ও সংযত-

मा এवः ইতি কর্ত্তব্যবিষ্ট হইয়া কিছুই ছির করিতে পারিলেন না। কিয়ংকণ পরে তাঁহার মনে উদয় ছইল. বুঝি বিধাতা তিলোক মছন করিয়া এই তল্প রূপের স্টি করিয়াছেন। ফলতঃ রাজা কন্যার এইরূপ রূপ-সম্পত্তি সম্পূৰ্ন করিয়া তাঁহাকে অলোকসামানা বলিয়া জ্ঞান করিলেন। অনুপন রূপের কি অপ্রতিম মহিমা।। রাজা দেখিতে দেখিতে মদনবাঙ্গে একান্ত পীড়িত হুইয়া নিভাস্ত চিম্বাকুল হইলেন। পরিশেষে অভি ভীত্র ক্ষরা-নলে দথপ্রীয় হইয় সেই নিরহন্ধারা মনোহরা কামিনীকে সংখাধন করিয়া কহিলেন, ছে সুন্দরি। তুমি কে ? কাহার পরিগৃহীত ? এথানেই বা কি নিমিত্ত আদিয়াছ এবং কি कांत्र(गरे वा धकांकिनी धरे कनमूना व्यवत्रां नकात्रन **রুরিতেছ ? তোমার সর্বাঙ্গ অতি স্থুন্দর ও নানাবিধ** অলম্বারে অলম্বত; কিন্তু বোধ হয়, তোমার এই মনো-हातिनी मृर्खिने (यन मकन अनकादात अनकात अत्रक्षा भिन्हे-साष्ट्र। . (छामारक (मदनादी वा ष्ट्रप्रकृमादी, यरकश्री বা রাক্ষসী, গন্ধর্ককুলজা বা নাগবনিতা বলিয়া বেশ্ব হয় না। তুমি মানুষীও নও। আমি যত জীলোক দেথিরাছি বা শুনিরাছি, কেইই ভোমার সদৃশ হইতে,পারে না। হে চাকবদনে ৷ আমি তোমার চক্র হইতেও কমনীয় মুখ-মণ্ডল নিরীক্ষণ করিয়া অবধি কলপ্রার একাস্ত জর্জ রিত হইয়াভি।

ভূপাল সেই নির্জ্ঞন অরণ্যানীমধ্যে নিতান্ত কাতর ও একান্ত কামার্ত চইয়া কন্যাকে বারন্থার এইরূপ কহিছে লাগিলেন, কিন্তু প্রিভাগ্রর পাইলেন না : অনন্তর সেই কামিনী সোলামিনীর ন্যায় তৎক্ষণাৎ তথা চইতে অন্তর্হিত হইলে রাজা উন্মন্তবং ভাষার অনুসন্ধানে ইত-হতঃ ভ্রমণ করিতে লাগিলেন, 'কিন্তু তাঁহাকে আর দেখিতে পাইলেন না। কন্যার অন্তর্শনে রাজা বহিবিধ, বিলাপ ও পরিভাপ করত মুহূর্তকাল নিক্ষেষ্ট ইইয়া তথায় ক্ঞার্মান রহিলেন।

দ্বিসপ্তত্যধিক শততম অধ্যায়।

লেন। তিনি তদীর গুণমর পাশে সংযতিত ও সংযত।

• গদ্ধরাজ কহিলেন, হে অর্জুন! কন্যা অন্তর্জিত নেত্র হইরা বে স্থান হুইতে প্রস্থান ক্রিতে সমর্থ হুইলেন হুইলে সেই পক্রপাতন সম্বন্ধ কামমোহিত হুইরা সহসা

ভতলে নিপতিত হইলেন। রাজাকে তদবস্থ দেখিয়া সেই চাকহাসিনী কামিনী পুনরায় তথার আবিভূতি ইইলেন এবং হাসামুথে ও মধুরবাক্যে সংখাধন করিয়া রাজাকে কহিলেন, মহারাজ। গাত্রোখান কর, তোমার মঙ্গল হইবে: মোছাবেশ পরবর্ণ হইয়া তুমি ধরাতলে শরন করিয়া রহিয়াছ, ইহা নিতাস্ত অসমত হইতেছে। ভূপতি কন্যার অমৃত্যর বাক্য শ্রবণে গাতোখান করিয়া দেখি-(लन, (महे नर्क्यनक्रमा कना। मन्यू प्रभाग विश्वा-ছেন। তাঁহাকে দেখিয়া রাজা সন্দেশ্ববচর্নে কহিতে লাগিলেন, হে স্থলরি। আমি কামান্ধ ছইয়া তোমার ভঙ্গনা করিতেছি, ভূমি ভক্তজনের প্রতি অমুকম্পা প্রকাশ কর, আমার প্রাণ ৰহির্গত হইতেছে। দেখ। তোমার নিমিত্ত পঞ্চশর আমাকে অনবরত তীক্ষশর প্রহার করিয়াও ক্ষান্ত হইতেছে নাঃ বিষম অনক্ষরণ ভল্প একবারেই আমাকে দংশন করিয়াছে। সমিহিত হও: যাহা কর্ত্তবা হয় কর, আমার জীবন নিতাম্বই তোমার অধীন হইয়াছে। তোমার সমাগম বাতিরেকে আমি ক্ষণকালও জীবন ধারণ করিতে পারি না। তে বিশাললোচনে ! কামশরে প্রাণাস্ত হটল: আমার প্রতি অফুকশা কর, আমি তোমার একান্ত ভক্ত ও অফুরক ; আমাকে পরিত্যাগ করা তোমার উপযুক্ত নহে। তুনি প্রীতি প্রদর্শনপূর্বক আমাকে পরিত্রাণ কর। তোমার দর্শনকালাবধি স্নেহ্সঞ্চার হুইয়া আমার মন অভিশ্র চঞ্চল ছইয়াছে। তোমাকে দেখিয়া আমার কোন মহিলা অবলোকন করিতে অভিক্রি নাই। প্রেসর হও; আমি জোমার নিতান্ত বশ্বদ, অত্তব আমাকে ভজনা কর। ছে ক্যলায়তলোচনে। বদব্ধি ভোষাকে ন্যুনগোচর করিয়াছি. সেই অব্দিই স্বকীয় শাণিত শবে অনঙ্গ আমার মুর্যুভেদ করিতেছে। একংণ প্রণয়র্সলিক সেচন করিয়া মন্মপানলস্ভাত দাহ শাস্তি করিয়া আপ্যায়িত কর। তদ-র্শনজনিত নিতান্ত হর্দ্ধর্য পঞ্চবাণ, প্রচণ্ড ধরু ও প্রচণ্ড শর করে লইয়া মদীয় হাদর বিদ্ধ করিতেতহ। একণে ভূমি আত্মসমর্পণ করিয়া আমার এ অপ্রতিম চঃথের অবসান কর। হে রভোক। বিবাহের মধ্যৈ গান্ধর্কই শ্রেষ্ঠ, অত-এব গাঞ্জকবিধানে পরিণয়ক্তিয়া সম্পাদন কর।

তপতী কহিলেন, মহারাজ ! আমি পিতৃমতী ও অবি-

বাহিতা, অতএব একণে স্বেচ্চাচারিণী হইতে পারি না। যদি আমার উপর তোমার নিতাত ই প্রণয় সঞ্চার হইয়া থাকে, তবে তুমি আমার পিতার নিকটে প্রার্থনা কর। ट् नत्त्रचत्र। यान्य आमि ट्यामात्र व्याण कत्रण कतिशाष्टि, ক্ষণমাত্র দুর্শনে তুমিও দেইরূপ আমার প্রাণ হরণ করি-য়াছ। শাস্ত্রে কছে, স্ত্রীলোকের কোন কালেই স্থাতন্ত্রা অবলম্বন করা বিধেয় নছে, আমি একাস্ত প্রাধীন, একারণ ভোমার সল্লিধানে গমন করিতে সম্মত নছি। এই ত্রিলোকমধ্যে কোন কন্যা প্রখ্যাত-বংশোৎপর ভক্ত-বংসল ভূপালকে পতিত্বে অঙ্গীকার করিতে অভিলাস না করে ? অতএব আপনি প্রণাম, নিয়ম, ও তপশ্চরণ দারা প্রদান করিয়া আমার জন্মদাতা স্থাদেবের নিকটে প্রার্থনা করিবেন। যদি তিনি স্বীকার করেন, ভাহা হইলে আমি তোমার চিরকাল বশবর্জিনী হইয়া থাকিব। আমি সাবি-ত্রীর কনিয়সী ভগিনী, লোকপ্রদীপ স্থাদেবের কনাা, আমার নাম তপতী।

ত্রিসপ্তত্যধিক শততম অধ্যায়।

গন্ধরাজ কহিলেন, হে অর্জুন। অনস্তর স্কাল হৃদরী হুর্যা-তনয়া তপতী, রাজাকে এইরপু ক্রীন্ত্রা পুন রায় অতি সম্বরে আকাশপুথে উত্থিত ও 💅 💢 ত ইইলেন রাজাও তথায় পর্ববং ভতলে প্রিক্তিনেন। এই অবদরে রাজমন্ত্রী রাজার অন্বেষণার্থ িট্রা সামস্ত ক্রমজি-বাহারে সেই নিবিড় অর্ণ্যানী মুর্নী প্রবেশপুর্বাক দেখি-লেন, শারদীয় শক্রথকের তক্ষ্ম রাজা ধরাতকে শুরুদ করিয়া আছেন। রাজমন্ত্রী উাহাকে তদবভার ভূতলে পতিত দেখিয়া যেন হতাশন দায়া প্রজালিত হইরা উটি-লেন। তিনি মেহবশতঃ অভ্যেবাতে সরিছিত হট্টা বেমন পিতা পুত্রকে উত্তোলন করেন, ছক্সপ কার্ম-মোহিত মহীপালকে উত্থাপিত করিলেন। প্রক্রা, বরুর, कीर्डि ও नी जिलार नर्सा छ मही, ताकारक कृतन इंट्राफ উত্থাপিত করিলে তাঁহার মনোজর দ্রীকৃত হইল। তিনি তাঁহাকে উথিত দেখিয়া মধুর বাক্যে সংখ্যধনপূর্বক कहित्तन, महाबाख ! दर्शन भक्ता नाहे. जाभनात मधन হউক। মন্ত্রী রাজাকে বলবতী কুৎ লিপাসার একান্ত

কাতর দেখিয়া তদীয় মন্তকোপরি স্থগন্ধি ও স্থশীতল কল সেচন করিলেন। তাহাতে তাঁহার মন্তকন্থিত মুক্ট ক্টিত হইয়া গেল।

অনস্তর রাজা চৈতনা লাভ কবিয়া মূলী বাতিরেকে मञ्जूष रेमना मामञ्जू कि विषाय कविदा पित्नन। 'छाछात्रा রাজার আদেশ প্রাপ্তিমাত্রে তৎক্ষণাৎ প্রস্তান করিল। সকলে প্রস্থান করিলে রাজ। সেই গিরিপ্রস্থে বাস করিতে লাগিলেন। তথায় তিনি সুর্যাদেবের আরাধনা করিবার নিমিত্ন শুচি হট্যা কডাঞ্চলিপটে ও উন্নথে ভতৰে অবস্থান করত মনে মনে মহর্ষি বশিষ্ঠকে পুরোহিততে বরণ করিলেন। রাজা এইরপে দিবারাত এক স্থানে অব-স্থান করিতে লাগিলেন। পরে বিপ্রধি বশিষ্ঠ দ্বাদশ দিবলে তথায় উপনীত হইলেন। তপতী নুপতির মন হরণ করিয়া-. ছেন, মহর্ষি ইহা জানিতে পারিয়াও পুনরায় যোগবলে সমু-দায় অবগত হটয়া তাঁচার কার্যা সিদ্ধার্থ প্রস্তাব করিলেন। পরে সূর্যাসমতাতি ঝবি সূর্যা সন্দর্শনের নিমিত্ত উর্জে উথিত হইলে,রাজা একদটে তাঁহার পথ নিরীক্ষণ করিতে লাগিলেন। মহর্ষি কভাঞ্জিপুটে স্থাসল্পিধানে উপনীত ছইয়া প্রীতিপর্মক আপনার পরিচয় দিলেন। মহাতেজা সূর্যা ভাষার পরিচয় প্রাপ্ত হইয়া স্বাগত প্রশ্নপূর্বক ৺ি হল হে মহর্ষে ! বল ভোমার অভিলাষ কি ? মার্থি ক্রিছিং মারা প্রার্থনা করিবে, নিতাপ্ত হল্ল ভ ক্ষিত্র বিশ্ব প্রদান করিব। বিপ্রবি বশিষ্ঠ এই-ক্ষি^{ব্}প্রাণিশতপুর্বক প্রত্যান্তর করিলেন, ক্ষামি উপনকার কনীয়সী কন্যা তপতীকে ক্রিক নিমিউ বংর্থন। করি। ঐ রাজা পরম ্ৰিক্তিৰাৰ ধীশক্তি^ৰণ্মপন ; তাঁহার কীৰ্ত্তিকলাপ বি ক্রিকিট আপনকার কন্যার একমাত্র উপ-ক্ষা তিনিয়া সূৰ্ণা কন্যাদান সীকার क्रिया अधिक वारका अखिनक्रम करिया विकासन. (इ मृति । अशासी मध्यम मध्य गर्म तांकालारकत (अहे, जूमिड ঋবিদিপের শ্রেষ্ঠ, আর আমার কন্যা তপতীও স্ত্রীলোকের শ্রেষ্ঠ, অতএব এমন সুপাত্তে সম্প্রদান না করিব কেন ? এই বলিয়া পূৰ্য্য প্ৰশ্নং স্কামস্থলগী তপভীকে বাজা সম্বরণের নিমিত্ত বশিষ্ঠহন্তে সমর্পণ করিলেন। তখন মহর্বি তপতীকে প্রতিগ্রহপূর্বক বিদার দইয়া পুনরায়

কুর্মবংশাবতংস মহারাজ সম্বরণের নিকট আগমন করিলেন। রাজা সেই তপনকন্যা তপতীকে বশিষ্ঠ সমতিব্যাহারে আগমন করিতে দেখিয়া একান্ত সন্তুষ্ট হইলেন। যৎকালে তপতী স্বীয় প্রভাপুরে নভোমগুল উদ্ভাসিত হইয়া ভূতলে অবতীর্ণ হয়েন, তথন তিনি মেঘ্যালিত সৌদামিনীর নাায় শোভা পাইতে লাগিলেন। রাজা সমাধিবারা অতি কটে ঘাদশ দিবস অতিবাহিত করিলে মহর্ষি বশিষ্ঠ তথায় উপনীত হইলেন। হে অর্জ্কন! এই-রূপে মহারাজ সম্পাধার সেয়া করিয়া বশিষ্ঠের তেজঃপ্রভাবে ভাগ্যা লাভ করেন।

তদনস্তর রাজা সন্থরণ সেই দেবগদ্ধকসেবিত গিরিশৃলে বিধিপুর্বাক তপতীর পাণিগ্রহণ করিলেন। পাণিগ্রহণানস্তর তিনি নিতান্ত ভোগবাসনার বাধ্য হইরা উপযুক্ত অমাতাহতে রাজ্যভার সমর্পণ করিলেন। মহর্ষিও
রাজাকে বিহারাভিলাষী দেখিয়া তথা হইতে প্রস্থানা করিলেন। ভূপাল সেই গিরিশিখরে ভার্যা সমভিব্যাহারে
বিহার করিতে লাগিলেন।

হে অর্জুন! এইরূপে তিনি ক্রমাগত বাদশ বংসর কাননে ও পর্বতে তপতীর সহিত বৃচ্ছ বিহার করেন। অনস্তর দেবরাজ ইক্র তদীয় রাজ্যমধ্যে ঘাদশ বংসর অনার্ষ্টি করিলেন। সেই ঘোরতর অনার্ষ্টি বারা সমুদার স্থাবর জন্ম ও প্রজাবর্গ ক্রমশঃ কর প্রাপ্ত হইতে লাগিল। সেই দারণ কাল উপস্থিত হইলে পৃথিবীতে বিল্মাত্র জলপাত বা নীহারপাত না হওয়াশুত শস্যোৎপতির বিল্ফার্থ বাঘাৎ হইতে লাগিল। রাজ্যন্থ লোকেরা ক্র্ধার একান্ত পীড়িত ও উদ্ভাত্তমনা হইয়া স্ব স্ব গৃহ পরিত্যাগ পূর্কক দেশ বিদেশে ভ্রমণ করিতে লাগিল। গ্রাম ও নগরীমধ্যে সকলেই ক্র্ধার অতিশ্বর কাতর হইরা পুত্র কলত্রপ্রভূতি আত্মীয় স্বজন সুমূদ্য পরিত্যাগপূর্কক দান্ভাবে পরস্পার পুরস্পরের আশ্রয় লইল। ক্র্ধার্ড, নির্নাহার ও শবাকার মন্থ্যসমূহে পরিপূর্ণ নগরী প্রতপাল-পরিকৃত যমপুরীর ন্যায় বোধ হইতে লাগিল।

অনন্তর ভগণান্ বশিষ্ট লোকের এইরূপ ছরবন্থা দর্শন কবিলা কৃষ্টি করিলেন। বাজা রাজকার্যা পরিত্যাগ করিয়া বছকাল বিহার করি/তছিলেন, তাঁহাকে পত্নীর সহিত্ পুনরায় রাজধানীতে আন্মন করিলেন। মহারাজ সম্বর্গ পুনর্কার নগর প্রবেশ করিলে সমুদর পূর্কবিৎ ছইল। দেবরাজ মুধলধারে অজ্ঞ বারি বর্ধণ করিতে লাগিলেন।
প্রচুরপরিমাণে শস্য উৎপন্ন হইতে লাগিল। গ্রামবাসী ও
নগরবাসী লোকেরা সাভিশর হর্ধ প্রকাশ করিতে লাগিল।
এই অবসরে রাজা নিজ সহধর্মিণী তপতী সমভিবাছারে
বাদেশবর্ধ ব্যাপী এক যক্ত করিলেন। হে অর্জুন! এই
ভপনকন্যা ভপতী তেমোদিগের পূর্কবংশীয়া ছিলেন।
রাজা সম্বরণের ঔরসে ভপতীর গর্ম্পের ক্রুর জন্ম হয়,
এই কারণে ভোমাদিগকে ভাপতান বলিয়া সংখাধন
করিলাম।

চতুঃসপ্রত্যধিক শত্তম অধ্যায়।

रिवन्लाग्रन कहित्वन, महाताख ! अर्क्न भत्रम छक्ति ও শ্রা সহকারে গন্ধর্করাজ অঙ্গারপর্ণের এইরূপ কথা ভনিষা পূর্ণচক্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন্য এবং महर्षि तिमिर्छत उत्भावन अवत्न धकास कुक्रनाकान হইয়া জিজাসিলেন, হে গর্করাজ ৷ তুমি যে মহর্ষি বশিষ্ঠের নাম উল্লেখ করিলে, যিনি আমার পূর্বপুরুষ-দিগের পুরোহিত ছিলেন, তিনি কে ? সমুদয় বল, ভনিতে আমার নিতান্ত অভিলাষ হুইরাছে। গ্রুক্রাল ক্ছিলেন. হে অৰ্জুন! বশিষ্ঠ বন্ধার মানস পুত্র ও অরুদ্ধতীর পতি। ত্র্য কাম, জোধ পরাজিত হুইয়া নিরন্তর তাহার চরণ-দেবা করে। তিনি বিশামিত্রের অপরাধে জাতজ্ঞাধ হই-शां कृषिक वंश्यात डेटक्स करतन नारे, शृञ्जनक विनाम-ছঃবে একান্ত কাতর হইয়া সামর্থ্য পাকিতেও নিতান্ত অশক্তের ন্যায়ু তাঁচার সংহারার্থ কোনরূপ দাঞ্চী কর্ম্মের अपूर्वान करतन नाहे, अबः मृत्र পুত्रक्तिशक वमानम हरेख পুনরায় আহরণ করিবার নিমিত্ত কুঠাপ্তকেও অভিক্রেম करतन नाहे, 'डांशांत आला नाल कतिया, हेक्नाकू-कूरना-ख व ज्ञाला के निमालन शृथिती अधिकात कतिना-ছিলেন, এবং পুরোছি ছত্তে বরণ করিয়া৽ বছবিধ বজ্ঞাত্ব-ষ্ঠান করিরাছিলেন। প্রধ্যাতবংশসম্ভূত নৃপতিদিগের পৃথিবী জন্ন ও রাজ্যবৃদ্ধির নির্পুর্বাহিত নির্কু করা कर्डिया। विनि পृथियो अप के जा नि देखा करतन, जिनि ব্রাক্ষণকে অগ্রসর করিবেন, অভিএব হে পার্থ! তুমিও

জিডেজির, ধর্ম কামার্থবেত্তা, গুণবান্ ও ইবিখান্ প্রো-হিত নিযুক্ত কর।

পক্ষপপ্রত্যধিক শততম অধ্যায়।

অর্জুন কহিলেন, হে গন্ধর্করাজ! বিশামিত ও বলিষ্ট ইহাঁরা ছই জনেই দিবা আশ্রমে বাস করিতেন, অতএব কি কারণে উভরের বৈরভাব জল্মে ভাছা আদ্যোপান্ত সমুদ্র বর্ণন কর। গন্ধর্করাজ কহিলেন, হে অব্জুন! সর্কলোকমধ্যে বলিষ্টোপাথ্যান অতি প্রাচীন বলিয়া প্রসিদ্ধ, অতএব আমি ঐ উপাথ্যান সমাক্রমেপ বর্ণন করিতেছি, শ্রবণ কর।

কানাকুজ দেশে কুলিকতনম গাধি নামে এক স্থবি-খ্যাত রাজা ছিলেন। ভাহার পুত্রের নাম বিশামিত। একদা বিশ্বামিত্র অমাত্য সমভিব্যাহারে মৃগয়ার্থ এক निविष् अत्रगानीमत्था अत्वन कतितन। अत्वन कतित्रा কোন রমণীয় 'প্রদেশে মৃগ বরাহ শীকারপৃক্ষক ভ্রমণ করিতে লাগিলেন। অনতার মৃগলোলুপ রাজা মৃগের অমুসরণে একান্ত পরিশ্রান্ত ও পিপাসার্ত হইয়া মহর্ষি বশিষ্টের আশ্রমে উপনীত হইলেন। বৃশিষ্ঠ ভাঁছাকে অভ্যাগত দেখিয়া পাদ্য, অৰ্হ্য, আচমনী 🚁 🔭 🚎 প্রদান করিরা স্বাগত প্রদুপ্রক অভি त्वन। महर्षित धक कामरश्च हिल। Pile मा कामिसेस ঐ ধের তৎক্ষণাৎ অভিলয়িত े (शक् आमा ও आंत्रना विविध नीवी, भी সম্পর অমৃতত্ণা অমুত্রম বসুচুক্তির্বা চতৃৰ্বিধ মিটাল, বছমূল্য রক্ত্মি ও বিচিতা বংশিক্ত ज्या गर्कन (माहन कतिस्मन। विभाव (माहिस्स বারা রাজার অর্কনা করিবেন। অমা আতিথা সংখার গ্রহণপূর্মক সাভিদার 🚧 মহর্ষির ধেতু পঞ্ছত আরত ও ছর্ছত উল্পান্তি 🖈 🎉 यूर्गन मञ्जूरकत नाम छेछन, भाई ७ छेक मरनाइत, शूक् काफि स्कार, भरताथत हुन, जबर शीवा । मछक भूडे । व्यात्र । शाधिनकान (नहे क्षाक्रण्या ଓ व्यतिकिता निक-নীকে নেত্রগোচর করিবা সাতিশ্য বিশ্বিত হইলেন, धारः छोरात्र विखन्धानामा कतित्रा करिरमम, ८र उपन

অর্ক্ দ-নংক্রিটিলা বা আমার সম্দার রাজ্য লইরা তুমি এই চোমধ্যে আমাকে প্রদান কর। বলিষ্ঠ কহিলেন, নহা-রাজ্য আমি রাজ্যলোভে দেবকার্য্য, পিতৃকার্য্য, অতিথি-সংকার ও বজামুঠান সমাধানের একমাত্র উপায়স্বরূপ পাল্লখিনী নক্ষিনীকে প্রদান করিতে পারিব না। তথন বিশ্বামিত্র কহিলেন, আমি ক্রতিয় জাতি, আপনি তপঃ-ঝারায়-সম্পর ত্রাহ্মণ। প্রশাস্তচিত্ত ত্রাহ্মণের বলবীর্য্যের কথা কাহারও অবিদিত নাই; অতএব যদি অর্ক্র্যুদ্ধ কথা কাহারও অবিদিত নাই; অতএব যদি অর্ক্রুদ্ধ সংখ্যক গো প্রহণপূর্কক আমার মনোভিলার সফল করিতে পরাত্র্যুখ হও, তাহা হইলে আমি স্বজাতিস্থলভ বল প্রকাশ করিয়া তোমার গোধন লইয়া যাইব। বশিষ্ঠ ক্হিলেন, মহারাজ! তুমি মহাবল পরাক্রান্ত রাজা এবং ভূক্ষবীর্য্যসম্পান্ধ ক্রতিয়, অতএব এবিবয়ে কোন বিচার, না করিয়া অবিলম্বে যাহা ইচ্ছা হয় কর।

অনস্তর বিশ্বামিত্র বলপুর্ব্ধক হংসশশিসম রূপশালিনী त्मरे मिलनीत्क व्यवहर्त क्रियांना। मिलनी मध्यदादा ও কশাঘাতে একান্ত পীডিত হইলেন, এবং ইতন্তত: নিরোধ্যমান হইলেও হস্কার্বে ধাবমান হইয়া বশিষ্ঠসমূথে আগমনপুর্বক উর্দ্ধে দণ্ডারমান রহিলেন। রাজবল ভাঁহাকে অত্যন্ত তাড়না করিতে লাগিল, তথাপি তিনি মহর্ষির আশ্রম পরিত্যাগ করিলেন না। বশিষ্ঠদেব ভাঁহাকে কহিলেন, হে ভদ্রে ! আমি তোমার করণখর-পূর্ণ হস্তারৰ বার্ষার কর্ণগোচর করিতেছি, বিশামিত্র ভোষাকে বলপুর্বক হরণ করিতেছেন, আমি কমাশীল बाक्त कि कवि वन ? ्वरे कथा छनिया निक्ती रेगना-ভূবে ও বিখানিজভবে একাত ভীত ও উৰিগ হইবা মহ-वित गरिकेंडे बहेरनम अवर कहिरनम, जगवन। हर्मछ শ্বিক প্রচিও কশাদ্ভ ভারা বার্ছার আমাকে প্রহার ক্ষিতেছে। প্রহারবেগে জামি নিতান্ত অপরণা ও অনা-বাই নামু অভিকাতর খনে রোদন করিতেছি; এসময় আপনি কি মিনিত আমার প্রতি উপেকা করিতেছেন। ন্দ্রিনী প্রধর্ষিত হইরা এইরূপ জন্মন করিতে লাগিলেন, ভথাপি শ্বত্ৰত নহৰ্ষি কুৰু বা ধৈৰ্যা হইতে বিচলিত হই-লৈন না কেবল এইয়াত বলিলেন, হে কল্যাণি ৷ ক্ষতিয়-बिटबंब एडकः रण, स्थात जाकानितात क्या रण रहा নামি ক্ষমাপরায়ণ আহ্মণ, কি প্রতিকার করিব, এক্ষণে

যদি ভোমার ইচ্ছা হয় তবে গমন কর। তথল নদিনী কহিলেন, হে ভগবন্! আপনকার এই কথা ওনিয়া বোধ হইতেছে, আপনি আমাকে ভ্যাগ করিলেন, কিন্তু যদি পরিভ্যাগ না করেন তাহা হইলে বলপূর্কক কেহই আমাকে লইরা যাইতে পারিবৈ না। বশিষ্ঠ কহিলেন, হে নদিনী! আমি ভোমাকে ভাগ করিতে চাহি না, যদি সমর্থ হও ভবে আমার আশ্রুমে অবস্থান কর। দেখ ঐ অরাভিরা বল প্রকাশপূর্কক ভোমার বংসকে স্বদৃঢ় রক্ষুবিদ্ধ করিয়া অঞ্ভবণ করিতেছে।

তথন সেই পয়খিনী আশ্রমে বাস করা যে মছর্ষির অভিপ্রায়, ইহা বুঝিতে পারিলেন এবং তৎকণাৎ ক্রোধে আরক্তলোচন হইয়া অতি ঘোররূপ ধারণপূর্ব্ব থীবাদেশ উন্নত করিয়া ঘন ঘন হস্তারব পরিত্যাগ সহকারে দৈন্যা-ভিমথে ধাবমান হইলেন। কশাদও দারা বারংবার আহত ও ইতস্ততঃ নিরোধামান হইলে তাঁহার ক্রোধানল প্রজ-লিত হট্রা উঠিল। তিনি ক্রোধোদীপ্ত হট্রা মধ্যাত্র-কালীন দিফাকরের ন্যায় শোভা পাইতে লাগিলেন। তদীয় বালধি হইতে জ্লন্ত অসার বৃষ্টি হইতে লাগিল। পুচ্ছ হইতে পত্নৰ, প্ৰস্ৰৰ হইতে দ্ৰাবিড় ও শক এবং যোনিদেশ হইতে যবনেরা উৎপন্ন হইল। গোমর হইতে কিরাতজাতি, মৃত্র হইতে কাঞ্চী ও পার্খনেশ হইতে শরভ-কুল জন্মগ্রহণ করিল। কেনপুঞ্জ হইতে পৌত, সিংহল, वर्खत, वन, ठिवुक, शूनिम्न, ठीन, पून, (कदन, ध অন্যান্য বছবিধ শ্লেচ্ছজাতি উৎপন্ন হইল। বিশ্বামিত ए थिए ए थिए नानावत्रगमः कत तर्हे विश्व **आक**-বল বছবিধ অস্ত্র শত্র ধারণপূর্ব্যক জোধাতিরেক সুহকারে ইতন্ততঃ বিক্ষিপ্ত হইল। বিশামিত্রের সমক্ষে তাঁহার বছসংখ্যক দৈন্য বলিছ-দৈন্যমগুলীর স্তীক্ষ শরজালে আহত ও ভীত হইয়া ইতন্ততঃ প্লায়ন कतिएक नातिन । दनिष्ठेरेनना द्यार्थ निकास अधीत इहेबाहिन वटि. किन्छ त्रगत्कत्व विश्वामित्वत वक्षि रेमत्मात्र थान अःश्वे करत नारे। श्विर्धस विशक সৈনাদিগকে অতি দূরতর প্রদেশ পর্যান্ত অবরোধ করি-ला। बाक्र मरकाल रेमानाबा जिएगाकन व्यविध व्यवकृष ছইয়া আর্দ্ধনাদ পরিত্যাগ করিতে লাগিল। পরিশেষে প্রাণভয়ে একান্ত ভীত ও উদিয় হইরা আগ্রয়

লাভে কৃতসম্ভল হইল, কিন্তু কৃতকার্য্য হইতে পারিল না।

মহারাক্স বিশামিত্র ব্রহ্মতেজঃসপ্তৃত এই স্থামহৎ
ব্যাপার স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া সাতিশয় বিশ্বিত হইলেন
এবং ক্ষত্রিয়ভাবে নিতান্ত বিরাগ প্রদর্শনপূর্বক কহিতে
লাগিলেন, ক্ষত্রিয় বলে ধিক্, ব্রহ্মতেজ বর্ণার্থ বল। বলাবল
নির্বাহ্দলে তপোবলকেই, পরনবল বলিয়া প্রতিপর করিতে
হয়। এইরপ স্থির সিদ্ধান্ত করিয়া তিনি অতি বিস্তীর্ণ
রাজা, অসামান্য রাজ্লন্ত্রী ও কমনীয় ডেজার ভোগাতিলায়
এককালে পরিত্যাগপূর্বক তপস্যায় মনোনিবেশ করিলেন। তৎপরে তপঃসিদ্ধিসম্পায় হইয়া তিনি তেজাপ্রভাবে ত্রিলোককে অভিতৃত করিতে লাগিলেন। পরিশেবে ব্রাহ্মণত্ব লাভ করিয়া দেবরাক্ষ ইক্রের সহিত সোমরস পান করিয়াছিলেন।

n

ষ্ট্রপ্তত্যধিক শত্তম অধ্যায়।

গন্ধর্মাজ কহিলেন, হে অর্জুন ! ছ্যুলোকে করাষপাদ নামে এক অলৌকিক বলসম্পন্ন ও ইক্ষাকুকুলোংপন্ন রাজা ছিলেন। একদা তিনি মৃগরার্থে রাজধানী
হইতে নির্গত হইরা এক অর্ণ্যানীমধ্যে প্রবেশ করিলেন।
রাজা সেই মহাঘোর অর্ণো মৃগ, বরাহ, মহিব, থজাী
প্রভৃতি অভি ভয়ন্তর বন্য জ্বু সকল সংহার করত ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিলেন। পরিশেষে একান্ত ক্লান্ত
ও নিভান্ত শ্রাপ্ত ভইয়া তথা হইতে প্রতিনির্ভ হইলেন।

ভৎকালে মহর্ষি বিশামিত্র যাজ্যক্রিরার নিমিত্ত তাঁহাকে অসুরোধ করিতে বান। রালা ক্ষ্পার্ত্ত ও ভৃষ্ণার্ত্ত হইরা এক প্রশস্ত পথ দিয়া সদ্ধর গমন করিতেছিলেন, ইত্যবসরে ধবিপ্রেষ্ঠ মহাত্মা বশিষ্টের পূত্রশত-মধ্যে সর্ক্রেষ্ঠ শক্তি সন্মুথে উপস্থিত হইলেন, রালা তাঁহাকে দেবিয়া কহিলেন, আমাদিগের গমনপথ রোধ করিও না, অপস্তত হও। শক্তি মধুর বাক্যে রাজাকে সান্ধনা করিয়া কহিলেন, মহারাল! এ আমার পথ, শাল্তাম্পারে রাজা সর্কাত্রে বাক্ষণদিগকে পথ দিবেল ইহাই সনাতন ধর্ম বিলয়া প্রশিদ্ধ আছে। পথের দিনিত্ত উভ্যের এইরূপ বাধিতও। আরম্ভ করিলেন। "ভূমি সরিয়া যাও ভূমি

সরিয়া যাও" বলিয়া পরস্পর পরস্পরের প্রান্তি উত্তর প্রত্যুত্তর করিতে লাগিলেন। মহর্ষি স্বধর্ম করিবার নিমিত পথ রোধ করিয়া রহিলেন। রাজ্যুত্তর করিতে পথ রোধ করিয়া রহিলেন। রাজ্যুত্ত অভিমান পরতম্ব ও ক্রোধাবিট হইয়া শক্তির ক্রিলেন এবং মোহাবেশে ভয়য়র নিশাচরের ক্রায় কর্মাণ দণ্ড বারা ঝবিকে প্রহার করিলেন। প্রহারবেগে মহর্মি ক্রোধে মধীর হইয়া তৎক্ষণাৎ তাঁহাকে অভিশাপ দিলেন। রে নৃপাধম। তুই যেমন হ্রাচার রাক্ষ্যের ন্যাম্ব ভাপসকে ক্যাঘাত করিলি, অদ্যাবধি মদীর শাপপ্রভাবের রাক্ষ্য হইবি এবং মহ্বামাংসলোল্প হইয়া তোকে এই পৃথিবী পর্যাটন করিতে হইবে।

বিখামিত ও বশিষ্ঠ উত্যের যাজ্যক্রিরানিবন্ধন বৈর উৎপর হইরাছিল, এজন্য বিখামিত কল্মাবপাদের নিক্ট গমন করেন। উভয়ের বিবাদকালে তিনি সন্নিহিত হই-লেন। রাজা শক্তিকে বশিষ্ঠসদৃশ প্রভাব সম্পন্ন দেখিরা পশ্চাৎ বশিষ্ঠতনয় বলিয়া জানিতে পারিলেন। হে অর্জুন! বিখামিত আছাপ্রিয় সাধন মানসে অন্তর্হিত হইরা রহি-লেন, তাঁহাদিগকে দর্শন দিলেন না।

অনন্তর রাজা এইরপ অভিশাপগ্রন্ত হইরা প্রসর করিবার নিমিত্ত শক্তির শরণাপর হইলেন। বিশামিত রাজার আন্তরিক অভিপ্রায় অবগত হইরা কিছরনাম এক রাক্ষ্যকে তাঁহার শরীরে প্রবেশ করিবার নিমিত্ত আদেশ করিলেন। সে মহর্ষির শাপপ্রভারে ও রাজ্যকি বিশামিত্রের আদেশাস্থসারে রাজার শরীরমধ্যে করিল। বিশামিত্র রাজার শরীরে রাক্ষ্যকর আদি দেখিয়া তথা হইতে অপস্ক হইলেন। রাজা অভ্নার্থী ভানশ্র হিলেন।

অনন্তর রাজা বন হইতে প্রস্থান করিতেছেন, প্রক্রিনার বিদ্যান্ত কুণার্চ ব্রাহ্মণ তাঁহাকে দেপিরা তংগরিশার বাংগ ভাজনের প্রার্থনা করিলেন। রাজা ক্রিলেন ক্রেলন্ আনন্ আনন্ আনন্ আনন্ আনন্ আন্ত্রাগত হইরা আপনকার অভিলবিত ভোজন প্রস্থান করিব। এই বলিয়া তথা হইতে প্রস্থান করিলেন। রাজ্য তাঁহার প্রতিগমন প্রতীক্ষা করিতে লাগিলেন। রাজ্য ইছোমত সুথসঞ্জন করিয়া অভঃপুরে প্রবেশ করিলেন।

ত বে অঙ্গীকার করিয়াছিলেন, নিশীপসমরে

ইব। তখন তিনি সম্বর গাত্রোথান করিয়া

আহ্বানপূর্মক কছিলেন, অমুক বনে এক

তে হইয়া আমার প্রতীক্ষা করিতেছেন,

তথায় গিয়া তাঁহাকে সমাংস অর প্রদান

ি বিশাস তদীয় আদেশামুসারে ইতন্ততঃ অনেক অফু-গ্ৰামীৰ কিন্তু কোথাও মাংস পাইল না, তথন 🗝 👫 কাজসল্লিধানে গিয়া মাংস না পাওয়ার বিষয় 🗦 🐩 🖂 । 🛮 রাজা রাক্ষসাবেশ-প্রভাবে অকুরচিত্তে 🕫 🖓 🖟 চারকে কহিতে লাগিলেন, ভূমি নর্মাংশ की विकास वाकारणत व्यक्तिकाया मण्यामन कता। ্রণাৎ রাজাজা শিরোধার্য্য করিয়া অকুতো-🐃 🖟 তৈ উপস্থিত হইল এবং সম্বন্ধ তথা হইতে 🖟 🖑 ্রাণপূর্বক যথাবিধি পাক করিয়া অন্নসংযোগে 🌃 🖓 🧐 ত্রাহ্মণকে উপযোগের নিমিত্ত প্রদান ি শিক চক্পভাবে ব্রিতে পারিয়া অর া বোৰকৰায়িতলোচনে কহিলেন, যেহেড শামাকে এই অভোকা অর প্রদান করি-ে বেই নৃঢ়**ই নরমাংস ভোজনে প্**রয়ানু পিট্রার্কে শক্তি বে অভিশাপ দিয়াছেন, তদত্ব-্রিক্ত বংস ভক্ষণে আসক্ত ও সকলের ক্লেশকর ্রীবীতলে পর্যাটন করিবে। ব্রাহ্মণ ছই বার ্ৰ শক্তিদত শাপ বলবান্ হইরা উঠিল। क्षि बाक्यमारवरम खानमूना इटेरनन। जनीव क्षा विकन इहेगा डेडिन।

নি থিতি অসদৃশ শাপ প্ররোগ করিবাছ

বি প্রতি অসদৃশ শাপ প্ররোগ করিবাছ

বিও এক্ষণে মহুরা ভক্ষণে কৃতসংকল হই
সালা তৎক্ষণাৎ মহুরি শক্তির প্রাণসংহার

ক্রিংক তেন্দ্র বেমন অভীই পশু ভক্ষণ করে, সেইক্রপ

ক্রিণ করিব। বিশামিত্র শক্তিকে নিহত

অপর প্রদিগকে ভক্ষণ করিবার নিবিভ

শে প্রদান করিবেন। সিংহ বেমন ক্রে

সংহার করে, রাক্ষন ক্রোধবশ হইরা

শক্তির অমুক্রদিপকে ভক্ষণ করিবাঃ

আনন্তর বশিষ্ঠদেব "বিশামিত্রের আদেশাস্থ্যারে শতপূল্র সংহারিত হইরাছে" শ্রবণ করিলেন। যাদৃশ মহামহীধর বন্ধরুরাকে ধারণ করে, তিনি সেইরূপ অনিবার্য্য
শোকাবেগ ধারণ করিরা রহিলেন। তথাচ তিনি কৌশিক
বংশ উন্মূলনে কৃতসংক্র হইলেন না। পরিশেষে আত্মত্যাগ মনস্থ করিরা মেকশিথরে আরোহণপূর্বক স্থদেহ
পাতিত করিলেন। তদীর দেহু তুলরাশির ন্যায় শিলাথত্বে পতিত হইল, প্রাণ বিয়োগ হইল না। তৎপরে মহাবনমধ্যে প্রদিপ্ত ইভাশনে প্রবেশ করিলেন। দেদীপামান
দহনে মহর্ষির দেহু দগ্ধ হইল না, প্রত্যুত্ত, গাত্রে জনলের শীতল স্পর্শ জন্তুত হইল। পরিশেষে কঠদেশে
নিতান্ত হর্তর শিলাথপ্ত বন্ধনপূর্বক জলধি-জলে নিমগ্র
হইলেন, কিন্তু স্লোতোবেগপ্রভাবে তিনি তীরে উপনীত
হইলেন। তথন মহর্ষি সাতিশয় সন্তপ্ত হইয়া অগত্যা
প্রস্থার আশ্রমে প্রবেশ করিলেন।

সপ্তমপ্তত্যধিক শততম অধ্যায়।

গন্ধরাজ কহিলেন, চে অর্জুন !ুতৎপরে মহর্ষি বশিষ্ঠ পুত্রশুন্য আশ্রমণদ দর্শনে সাভিশর শোকাকুল হইয়া তথা হইতে পুনরায় নিয়াও ১ইলেন। কতকদ্র যাইরা দেখিলেন, এক স্রোভন্নতী বর্ষাপ্রভাবে ঋতি বেগৰতী ও বারীপূর্ণা হইয়া তীর্ষ্ণিত বছবিধ বৃক্ষ উৎ-পাটন পূর্বক লইরা যাইতেছে।' তদর্শনে মহর্ষি পূত্র-শোকে অতীব দু:খিতমনে চিম্বা করিলেন, আমি এই महीकाल मिया करेगा প্রাণত্যাগ করিব। আপনাকে পাশ খারা দৃঢ়তর সংযত করিয়া নদীজলে निमश्च इहेरनन। নিম্ম হইবাঘাত মহান্দী মহর্ষির भागत्क्र कतिका 'मिन धवः श्राम खेथाभिक कतिन। মহর্ষি পাশবিস্কুত ও হলে উতীর্গ হটয়া ঐ নদীর নাম বিপাশা রাখিলেন। অনস্তর ক্রমণঃ তাঁহার শোক-ৰুদ্ধিই প্ৰবল হইতে লাগিল। তিনি একাস্ত কাতরতা-প্রযুক্ত আর এক স্থানে অবস্থান করিছে না পারিয়া मनी, शर्का ও महाबद्ध शर्याचेन कविष्ठ नाशितन।

একদা আচওগ্রাহ্বতী হৈমবতী নামে এক জ্লোত-মতী দেবিয়া তাহার অববাহে ঝলা প্রদান করিলেন।

সরিদরা ব্রাহ্মণকে অগ্নিসম বিবেচনা করিয়া শতধা বিদ্রুতা হটল : এই কারণে তদবধি তাহার নাম শতক্র বলিয়া বিখাতি হইল। অনস্তর মহর্ষি আপনাকে হলগত ও আত্মসংসারে অকতকার্য্য দেখিয়া পুনরার আশ্রমে আগমন করিতে লাগিলেন। বিবিধ পর্বত ও বছবিধ দেশ পর্যাটন পূর্ব্বক তিনি অদুশুস্তীনামী ষীয় পুজ্ৰবধ্কৰ্ত্তৰ অমুক্ত হইয়া আশ্ৰমে প্ৰত্যাগমন পরে পশ্চান্তাগে বড়কালক্ষত পরিপূর্বার্থ কুস্কৃত বেদাধায়ন-শব্দ প্রবণ করির কহিলেন, কে আমার অমুসরণ করিতেছে? তথন অদৃশ্রতী প্রত্যুত্তর করিলেন, হে মহাভাগ! আমি আপনকার শক্তির স্হধর্মিণী তপস্থিনী অদুশুস্তী। 'মহধি কহিলেন, পুত্রি! পূর্বে শক্তির মুথে যেরূপ সাঙ্গ বেদধ্বনি প্রবণ করিয়া-ছিলাম, তদ্রপ এই ষড়ঙ্গ বেদ কে উচ্চারণ করিতেছে ? অদুষ্ঠ থী কহিলেন, আমার গর্বে আপনার তনয় শক্তির এক পুত্র উৎপন্ন হইয়াছে, দ্বাদশ বৎসর হইল ঐ পুত্র গর্জমধ্যে বেদাধায়ন করিতেছে।, "

.গন্ধৰ্ব কহিলেন, মহৰ্ষি বশিষ্ঠ অনুখান্তী কৰ্তৃক এই রূপ অভিহিত হইলে ছাটাত্তঃকরণে সন্তান বর্ত্তমান পরি-জ্ঞাত হইয়া মরণেচ্ছা হইতে প্রতিনিবৃত্ত হইলেন। অন-স্তর বধ্দমভিব্যাহারে প্রভিগ্মন পূর্বক এক নির্জন বনে রাজা কল্মাৰপাদকে দৃষ্টিগোচর করিলেন। রাজা রাক্ষসা-বেশপ্রভাবে মহর্ষিকে দেখিরামাত্র অতিমাত্র ক্রোধাবিষ্ট হইরা গ্রাস করিবার অভিলাষে সহসা উথিত হইলেন। তথন অদৃখ্যন্তী ক্রুরকর্মা রাক্ষসকে সমুপ্তে দেখিয়া ভীত-মনে মুনিসলিধানে গিয়া কহিলেন, ভগবন! কালান্তক যমের ন্যায় এই বিকটাকার রাক্ষ্য দওকার্চ গ্রহণ পূর্বক আমাদিগের নিকট আগমন করিতেছে, .একণে অপনি ব্যতীত উহাকে নিবারণ করিতে পারে, পৃথিবীতে এমন আর কেহই নাই। হে মহাভাগ। ঐ দাক্রণদর্শন পাপপরায়ণ, রাক্ষস হইতে আমাকে পরিত্রাণ করুন। নিশ্চয়ই ও আমাদিগকে গ্রাল করিবার অভি-লাষ করিতেছে। তথন মহর্ষি প্রত্যুত্তর করিলেন, হে পুত্রি! তুমি ভয় পাইও না। এই রাক্ষস হইতে কলাচ কোন রূপ ভয়ের আশঙ্কা নাই। ' ভূমি উপস্থিত ভয়কে রাক্ষ্পভর বলিয়া বিশ্বাস করিও না। ভূমগুলে মহাবল-

পরাক্রান্ত ও হবিখাতি কলাবপাদ নামে 🛶 📸 🕻 ছিলেন। তিনিই শক্তিশাপপ্রভাবে এই ভীৰণ স্থাক্ষ্য হইয়া বনমধ্যে বাস করিতেতেন। এই বলিয়া क्रिक्टी মহর্ষি হকার পরিত্যাগপুর্বক সমীপত্ত রাক্ষ্যালে বিবা রণ করিলেন। তৎপরে মন্ত্রপৃত সলিল দ্বারা অভাক্ষা করিয়া যোগবলে তাঁহার শাপ মোচন ক**হিলা দিলেন** । রাজা কল্মাষপাদ বশিষ্ঠতনয় শক্তির শাপে রা**চগ্রন্থ:পার্র্ন** मिरांकरत्रत्र नाांग निरुद्धक क्रेग्रा किल्लन । अध्यारि রাক্ষ্পাবেশ হউতে বিমুক্ত হউয়া সায়ংকা**লীন দৌরী** কিরণম্পর্শে মেঘমগুলীর নাায় ডেজ:প্রঞ্জে সেই সম বনবিভাগ রঞ্জিত করিলেন। অনন্তর রাজা পূর্ববিদ সংজ্ঞালাভ করিয়া কুতাঞ্জলিপুটে অভিবাদনপুর্বক আ পরক্রমে ঋষিসভ্য বশিষ্ঠকে কহিলেন, ছে মহাছা আমি ইক্টুকুবংশীয় রাজা, আমার নাম কলাবপান। 🖚 🥕 আপনকার যজমান, অতএ্ব একণে আপনার বে ' অভিলাষ হয়, আদেশ কঁরুন। বশিষ্ঠ প্রত্যুত্তর **করি**ং গা মহারাজ। বক্তব্যের কাল অভীত হইরাছে, এম ১ রাজধানীতে প্রতিগমনপূর্বক যথাবিধানে রাজ্যশাসন কর্ণ কিন্তু আর কদাচ ব্রাহ্মণের অবমাননা করিছে না। कहिर्देश रण जर्माधन ! आमि आक कक्क खासना व्यवमानना कृतिय ना ; वतः व्यापनात मिल्नायून। তাঁহাদিগকে সমাক সৎকার করিব। তে বেল বিজোভন। সম্প্রতি আমি যাহাতে ইকাকুলংশীৰনির্থ निक्रे अश्वी श्रे, आंशनाटक अत्रश शिविशाम হইবে। হে সাধো। আমি সন্তান অভিলাৰ ক্রি দিগের বংশ রক্ষার্থ আপনাকে প্রভাগীত বা সুসন্তান প্রদান করিতে হই বৈ। তখন সন্তা<u>রী</u> ''তথান্ত' বলিয়া তাঁহার বাকা স্বীকার করিয়েন

অনন্তর বশিষ্ঠদেব মহারাজ কল্মাবশারের সংক্রিপাত অবোধা। নগরীতে গমন করিলেন। নগরীকালে বেমন দেবগণ দেবরাজ ইন্তকে প্রভাগ করিলেন। প্রজ্ঞাপুঞ্জ মহানন্দ সহকারে সেইরূপে রাজাকে প্রভাগেমন করিতে লাগিল। রাজ্যাকার পর মহর্ষি বশিষ্ঠ সমভিব্যাহারে সেই পুণালক্ষ্য নগরীতে প্রবেশ করিলেন। অবোধ্যাবাসী কর্মাকি

গাগিল। অনস্তর শরৎকালীন শশধর বেমন নজোভাসিত করেন, রাজা সেইরূপে নিজ রাজধানী
ত্ব শোভা সম্পাদন করিলেন। সেই নগরী পতাকাভাস ভিড, স্থাংসিক ও স্থারিছের পথসংযুক্ত হইরা
ভাসানল সঞ্চার করিতে লাগিল। তথন হুইপুই ও
ভাসান আকীর্ণ অযোধ্যা, স্বর্রাজবিরাজিত অম্বাবতীর
ভাসাভিত হইল।

পুরপ্রবেশ করিলে রাজমহিনী ভর্তার আদেশাছির্মি বিশিষ্টের সরিধানে উপনীত হইলেন। মহর্মি
পাদনে প্রতিজ্ঞারত হইয়া নিবা বিধানামূসারে
সহবাস করিলেন। অনস্তর তাঁহার গর্তুলক্ষণ
ত হইলে মুনি প্রজানাথকর্ভ্ক পূজিত হইয়া পুনরামে, প্রতিনিব্রত হইলেন। রাজমহিনী সন্তাম

ইতে অধিকতর বিলম্ব দেখিয়া এক উপলথ্
বিদীর্গ করিলেন। বিদীর্গ করিবামাত্র
গর্তে সিত রাজ্যি অশ্রক ভূমিল হইলেন।

্ষ্মিউসপ্তত্যধিক শততম অধ্যায়।

বরাজ কহিলেন, হে অর্জুন! অনক্ষর সংশ্রান্তী

ক্রেলিক বংশধর কুমার প্রাপ্তব করিলেন। ভগবান্

ক্রেলিকাত্রে পৌলের, জাতকর্মাদি ক্রিয়াকলাপ

ক্রিয়া উছার নাম পরাশর রাখিলেন। শক্তিনক্ষম

রহর্ষি বশিষ্ঠকেই পিতা বলিয়া জানিতেন এবং

তাহাকেই পিতার নায়ে অত্নরণ করিতেন।

ক্রিলিকাত্রীর সন্ধিনানে বিপ্রার্থি বশিষ্ঠকে তাভ

মাহবান করিতেন লাগিলেন। তথন অদৃশান্তী

ইরূপ মধুরগর্জ বাঘিন্যাস শ্রবণে অশ্রুপ্র্লোচনে

বৎস! বনমধ্যে এক রাক্ষস তোমার পিতাকে

রন্ধাহে, অতএব এক্ষণে পিতামইঞ্জে পিত্বাক্যে

ক্রিল্লানা, তুনি বাহাকে পিতা বলিয়া সম্বোধন

ক্রোমার পিতানহ, পিতা নহেন।

ক্ষিতিতনর জননী অদৃশ্যন্তীকর্ত্ক এইরূপ অভিক্ষিতিশয় হঃথিতমনে সর্বালোক বিনাশে রুতসঙ্গ্র
মহর্বি বশিষ্ঠ ভবিষয়ে তাঁহাকে রুতনিশ্চর
ক্ষিতিবেধবাকো কহিলেন, বংস! পুর্বাকালে

কৃতবীর্যা নামে এক স্থবিখ্যাত রাজা ছিলেন। তিনি বেদবেতামহাত্মা ভার্গবিদিগের যজনান। **রাজা যজ্ঞাতে** সোম পান করিয়া প্রভৃত ধনধান্য ছারা তাঁহাদিগের ভৃপ্তি সাধন করিতেন। তিনি লোকান্তর প্রস্থান করিলে তহংশীয় নৃপতিদিগের কোন বিশৈষ প্রয়োজনার্থ অর্থের আবশাকতা হইরাচিল। অনস্তর তাঁহারা ভার্গবদিগের অর্থের আতিশ্যা জানিয়া তাঁহাদিগের নিকটে অর্থিভাবে উপস্থিত হইলেন। কথন ভার্গবর্গণ কেহ কেই ক্ষত্রিয়ভয়ে সমস্ত অক্ষম ধনসাপত্তি ভূগর্ত্তে নিকিপ্ত, কেহ বা ব্রাহ্মণ-সাৎ করিলেন। কেহ কেহ উপস্থিত অর্থিদিগের প্রার্থনা-স্থুসারে অর্থদান করিলেন 'এই অবসরে কোন এক ক্ষত্তিয় ষেচ্ছাক্রমে ভূমি খনন উরিয়া ভৃগুগৃহে প্রভৃত বিভ প্রাপ্ত হইলেন। তথন ক্তিয়েরা সকলে সমবেত হইয়া সেই উৎথাত ধন নিরীক্ষণ করিলেন। তদ্ধনি ভার্গবেরা ক্রোধাবিষ্ট হইয়া ক্ষত্রিয়দিগকে যথোচিত অবনীননা করিলেন। ক্ষত্রিয়েরা অপমানিত হইয়া স্থতীফু শ্র প্রহারে ভার্গবিদিগের শিরুশ্ছেদ ও ভৎপত্নীগর্ন্তস্তিভ অর্ভক-দিগের প্রাণসংখ্যরপূর্বক পৃথিবী পর্যাটন করিতে লাগি-লেন। ভৃগুনন্দনেরা উচ্চিত্র হইলে তাঁহাদিগের পত্নীগণ ক্তিয়ভয়ে একান্ত ভীত হইয়া হিমাচলে প্লায়ন ক্রিলেন। তন্মধ্যে কোন মহিলা ভর্তুকুলবৃদ্ধির নিমিত্ত সভয়ে উক্লেখে অতি প্রদীপ্ত এক গর্ত্ত ধারণ করিয়াছিলেন। এই গর্ত্ত মধাদ অবগত হইয়া অনতিবিলয়ে এক ব্ৰান্ধী ভীতমনে बिर्कात कंबिन्नेनिर्धात शिशा हैश निर्वितन क्रिन । ক্ষতিরেরা গর্ত্তনংশে কৃতসঙ্কর হইয়া তথার আগ্মনপূর্বক দেখিলেন, ব্রাহ্মণী সতেজঃপ্রভাবে দীপ্যমান রহিয়াছেন। এই অবসরে গর্ত্ত বালক ত্রাশ্বণীর উক্লেশ বিদীণ করিয়া নিগত হইলেন। নিগত হইবামাত মধ্যাহুসুযেঁর ন্যায় তিনি ক্ষতিরদিগের দুক্শক্তি সংহার করিলেন। ক্ষতিরগঞ্চ চ**ক্হীন হইয়া ঐ গিরিছ**র্গে ভ্রমণ করিতে লাগিলেন। তংপরে তাঁহারা হীনজ্যেতি চকু লাভের প্রত্যাশায় সেই অনিশিতা ব্রাহ্মণীয় শ্রণাগত হইয়া তঃথিতমনে নিবেদন করিলেন, ভগবতি। আমরা অতি নরাধম, একণে প্রার্থনা এই যে, আমরা আপনকার প্রসাদে অসং অধ্যবসায় হইতে বিশ্বত হইয়া আপনকার অমুকল্পায় পুনরায় চলুলাভ পূর্ব্বক প্রতিগমন করিতে পারি। হে গোভনে ! আপনি

পুজের সহিত প্রসন্ধ হইরা পুনর্কার দৃষ্টি প্রদানপূর্কক আমাদিগের পরিত্রাণ করুন।

ঊনাশীত্যধিক শততম অধ্যায়।

वान्नगी कहिलान, ८१ वरन क्विय्यान । आमि त्कांध-পরায়ণ হইয়া তোমাদিগের চক্ষু গ্রহণ করি নাই। মদীর উক্ষস্ভব ভার্পব তোমাদিগের উপর অদ্য রোষপরবশ হইয়াছেন। তিনিই বন্ধবান্ধবগণের নি:'নদশা অর্থণ করিয়া কোপাকুলিত চিত্তে ভোমাদিগের চকু গ্রহণ করিয়াছেন, সন্দেহ নাই। তোমরা যথন ভগুমহিলাদিগের গর্মস্থ সম্ভানগণকে সংহার কর, তদবধি আমি এক শত বৎসর কাল উরুদেশে এই গর্ত্ত ধারণ করিয়াছিলাম। ভগুবংশীয়-দিগের হিতামুষ্ঠানের নিমিত বড়ক্সম্পন্ন বেদ, গর্ভস্থ অব-স্বায় এই বালকেতে প্রবেশ করিয়াছে। এই বালকই পিতৃৰধজনিত ক্রোধে অধীর হইয়া তোমাদিগকে সংহার ক্রিতে উদাত হইয়াছে। ইহারই অলৌকিক তেজোবলে তোমাদিগের চকু অপহত হইয়াছে, অতএব তোমরা ইহার নিকট বিনীতভাবে প্রার্থনা কর, ইনিই প্রণিপাতে পরিতৃষ্ট হইয়া পুনর্বার তোমাদিগকে দৃষ্টি প্রদান করি-বেন। এইরূপ আদিট হবৈ। তাহারা উরুসম্ভব ভার্গবকে कहिलान, महाजात । धानमं रुजेन, धरे कथा करिवामाख তৎক্ষণাৎ প্রসন্ন হইলেন।

হে বৎস! ঐ বিপ্রার্থ উক্তভেদ করিয়া নির্গত হইয়াছিলেন, এই কারণে ত্রিভুবনে ঔর্জ বিলয়া বিখ্যাত
ছল। ক্ষত্রিরেরা চক্ষ্লাভ করিয়া প্রতিনিষ্ঠ হইলে মহর্ষি
ঔর্জের মনে হইল, বেন তিনি সকলকে পরাভব করিলোক সংহার করিবার নিমিভ একাপ্ত উন্মুথ হইলেন।
মহর্ষি, ভ্রুবংশীয়দিগের নিছতি লাভ প্রত্যাশায় সর্জলোক বিনাশে ক্রভসংক্র হইয়া তপংপ্রভাবে প্রদীপ্ত
হইয়া উরিলেন, এবং পিতামহগণের শস্তঃকরণে আনন্দ
সঞ্জার করিবার নিমিভ তপোবলে দেবাস্থর ও মন্থ্রের
সহিত ত্রিলোককে সম্বপ্ত করিতে লাগিলেন।

অনস্তর পিতৃলোকেরা এই অভুত ব্যাপার অবগত ছিলন এবং ওকের নিক্ট আবিভূতি হইরা কহিলেন,

হে বংস! আমরা তোমার তপোবল দেখিলাম লোকের প্রতি প্রসর হও এবং ক্রোধাবেগ সম্বাদ্ধ তৎকালে আমরা প্রতীকারে অশক্ত হইরা বে প্রাণক্ষী দ্যত ক্ষত্তিয়দিগের ভাদৃশ অত্যাচারে উপেকা করিয়াছি, এমত নহে। অতি দীর্ঘ জীবন ছোল অপেকা জীবলোকে ক্লেশকর আর কিছুই নাই জন্য স্বেচ্ছামুসারে আপনারাই আপনাদিগের পার ক্তিয়হন্তে অবধারিত করিয়াছিলাম। কোপের বশীভূত নহি, তথাচ ক্রিয়দিগের সহিত ভাব वस्त्रम हहेवांत्र উদ্দেশেই आमामित मध्या व আপন আলয়ে সমুদয় ধনসম্পত্তি ভূপর্ত্ত নিখাত ক্র রাথেন। ক্ষত্রিরদিগকে কুপিত করাই তাহার উল্লেখ্য আমরা স্বর্গ ফল কামনা করিয়া থাকি, আমাদিকের 🙌 কি প্রবোজন ? প্রয়োজন হইলে ধনাধ্যক কুবেরই প্রা দিগের প্রভৃত ধন আহরণ করেন। যথন দেখি ধর্মরাজ বম স্বয়ং আমীদিগকে গ্রহণ করিতে পাড়ি না, তথন আমরা সর্বস্থতিক্ষে এইরূপ উপায় ধারণ করিলাম। আত্মঘাতী পুরুষেরা কদাচ পুণ্য লাভ করিতে পারে না, এই হেতু আমরা আলোক সমুদর অমুধানন করিয়া ক্ষতিয়হত্তে প্রাণ বিরক্ষন হ্ঞী ছিলাম। হে ভৃগুবংশাবতংস ঔর্বা! যে বিবয় ব করিতে প্রবৃত্ত হইয়াছ, তাহা আমাদিগের নিতাক 🐃 একণে তুমি সর্বলোকপরাভবরূপ পাপাচার হয়। সংব্যু কর। সপ্তলোক ক্ষম ও ক্তিয়দিপকে বধ-কোন প্রয়োজন নাই। উচ্চলিত ক্রোধাবেগ প্রভাবকে দৃষিত ও কলুবিত করিটেছে, আৰু পরিহার করা ভোমার অবশা কর্ত্তবা।

অনীত্যধিক শততম অধ্যায়।

ওর্ক কহিলেন, হে পিতৃগণ! আমি জোধা হইরা সর্কলোক সংহারের যে প্রতিজ্ঞা করিয়ালী অন্যথা হইবে না। বুধা রোষ ও বুথা প্রতিজ্ঞান আমার অভিকৃতি হর না। ক্ষত্তিয়দিগের অক্ষা যদি প্রতীকার না হর, তাহা হইলে প্রজ্ঞান ক্ষিয়ালি দহন করে; সেইরপ জ্ঞোধ

্ষ্ম ক্রিবে। বিনি কারণবশভঃ উভেজিত क्या धार्मन करत्रन, त्मरे मध्या कनां जिन्मी ্ৰাস্থ্যমাক্ সমৰ্থ ছয়েন না। অশিষ্টের নিয়ন্তা ও ক্রিভিপালয়িতা ক্রোধকে বিক্রিগীয় রাজারা অবসর यरकारन कवित्रभन ্ৰ প্ৰকাশ করিয়া থাকেন। अभिक्षेत्रीं गटक यथ करहन, जामि उथन छेक्ट ও গর্ভশব্যা-🖔 📆 মাতৃবর্গের অতি করণকণ্ঠমর শ্রবণগোচর भारतीय किलास । सथन कविदालगता गर्जर भिए न्यान সমদায় ভগুবংশ উচ্চেদ করিতে আরম্ভ করে, ক্ষুৰ্থীৰ আমি তাহাদের প্রতি বিবম ক্রোধাবিষ্ট চইয়াছি। গ্রাজার পিত ও মাত্বর্গ সম্পূর্ণ উদিয় হইয়া ভয়বিহবল-িঃ জ জিলোকমধ্যে কুজাপি আশ্রয় পাইলেন সা। যখন 🗱 আরা ভৃত্তপত্নীদিগের সংহারে পরাত্ত্ব হইল, তথন। नशीय कननी छेक्टान व्यापादक िर्ंतन। ইহলোকে পাপের প্রতিষেধকর্তা বিদ্যমান प्रशिक्त (कहरे भाभभक्त निर्श्व हरेए खेरुक रहा ना। क्षेत्र अविग्रमात्न अत्नक्ति भाभकार्य आमुक हरू। ্র্যুর্থ থাকিতেও যিনি সবিশেষ পরিজ্ঞাত হইয়া পাপাচার িছার না করেন, নিগ্রহামগ্রহাসক্ত হইয়াও ভাঁহাকে ংপাপে লিপ্ত চইতে চয়। সকল রাজলোক অধীশরবর্গ গ্রীনাকে জীবন রক্ষা করা শ্রেয়:কর বিবেচনা করিয়া ্রিসছে কেছই আমার পিতৃগণকে মরণভর হইতে क्षिमां कतिरलन मा। धकरण चामिरे नकरलत चरी-🜌 হইরাছি। বিষম রোবানলে আমার অস্তঃকরণ এক্ত্রীর দক্ষ হইতেছে। অতএব আপনাদিগের প্রতিবেধ-্রী অহুমোদন করিতে সমর্থ নহি। আমি ঈশ্বর হই-ব্রিবাদ লোকের পাপভরে উপেকা করি, ভাহা হইলে ক্ষ্মীর যে ক্রোধানল লোকদিগকে দগ্ধ করিতে উদাত ছে; তাহা নিগৃহীত হইলে নিজ তেজঃপ্ৰভাবে কেই নিশ্চর দগ্ধ করিবে। আনি জাপনাদিগের শাক্ষিত্রৈবিতা পরিজ্ঞাত হুইরাছি ; অতএব সকলের ক এক্তৰ বাহা শ্রেয়: বোধ হয় আপনারা তাহার न कमन।

পিছপণ কৰিলেন, হে বংস! ডোমার বে ক্রোধানল ক্রিপকে জন্মনাৎ করিতে অভিনাষ করিয়াছে, তাহ। ক্রিংধা নিক্ষেপ কর, ডোমার মঞ্চল হইবে। সকল লোকই অলে প্রতিষ্ঠিত, রসসম্পায় অলমর এবং অগৎও অলস্ক্রপ; অতএব তোমার ক্রোধানল জলমধ্যে নিক্লেপ করাই উচিত হইতেছে। বদি অভিলায হর, তাহাহইলে অলনিধির অলে ক্রোধানল স্থাপিত করিয়া শীতল হও। অল দথ্য করিলে লোকদিপকেও' দথ্য করা হইবে; কারণ সম্দ্য লোকই জলময়। এইরূপ হইলে তোমার প্রতিজ্ঞা অন্যথা হইবে না। আর দেবতারা ও মমুব্যেরা সকলেই অপরাজ্ত থাকিবেন।

বৈশিষ্ঠদৈব কহিছেলন, ভৃগুনন্দন ওবা বক্লগনিলয়ম্বরূপ
মহাসাগরে ক্রোধানল পরিত্যাগ করিলেন। সেই অনল
সমুজ্জল ভক্ষণ করিতে লাগিল। ঐ ক্রোধানল আয়ালগারি মহৎ হয়লিরোর্নপে পরিণত হইয়া সমুজ্জল পান
করিয়া থাকে। বেদবিৎ পণ্ডিভেরা ইহাকেই বড়বানল
কহেন। অতএব হে পরাশর! পরলোক পরিজ্ঞাত হইয়া
লোকের প্রাণসংহারে ক্ষান্ত হও, তোমার মঙ্গল হস্কুব।

একাশীত্যধিক শততম অধ্যায়।

গদ্ধরাজ কহিলেন, হে অর্জুন! ভ্গবান্ পরাশর মহর্ষি বশিষ্ঠকর্তৃক এইরপ আদিট হইরা সক্ষলন পরাভব হইতে আত্মক্রোধ সম্বরণ করিলেন। কিন্তু পিতৃবধর্রপ মহাপরাধ শ্বরণপূর্বক অতি বিস্তীর্ণ এক রাক্ষসস্ত্রাম্প্রানে প্রবৃত্ত হইলেন। ঐ যজে কি বালক, কি বৃদ্ধ, কি যুবা, সমুদায় রাক্ষস দ্যা হইতে লাগিল। মহর্ষি বশিষ্ঠ পোত্রের দিতীয় প্রতিজ্ঞা, অন্যথা করা উচিত নহে ভাবিয়া তাঁহাকে রাক্ষসবধর্রপ অধ্যবসায় হইতে নিবারণ করিলেন না। পরাশর সেই রাক্ষসযজে প্রদীপ্ত বহিত্রয়মধ্যে চতুর্থ বহির ন্যায় পোভা পাইতে ক্রাগিলেন। শ্রহকালে দিবাকর নভোমগুলকে যাদৃশ প্রকাশিত করেন, সেইরূপ সেই নিশ্বল যুজ্জে আছতি প্রদন্ত মহর্ষিগণ শক্তিনক্ষন পরাশরকে তেজঃপ্রভাবে দীপ্যমান দিতীয় ভাত্মর বলিয়া মনে করিতে লাগিলেন।

অনন্তর সেই অনন্যস্ত্রভ সত্র সমাপন করিবার নিমিত্ত উদারবৃদ্ধিসম্পর•মহর্ষি অতি তথার আগমন করি-লেন। আর রাক্সদিগের প্রাণরক্ষার্থ তথার পুরস্তা,

भूतर, क्रकु ও মहाक्रकु छेभनी उ रहेलन। পুলন্তা রাক্ষ্য বধবিবয়ে পরাশরকে সম্বোধন করিয়া কহিলেন, বৎস ! তোমার তপস্যার কুশল ত ? নির্দ্ধোষ ও অপরিজ্ঞাত রাক্ষ্যদিগকে সংহার করিয়া ভোমার মনে কি আনন্দ সঞ্চার হইতেছে? তুমি আমাদিগের প্রজার উচ্ছেদ করিও না। দ্বিজাতি তপশ্বিদিগের এরূপ ধর্ম नटि। ८ अतामत। माखिलाई जामानित्तत अतम धर्य. তুমি সেই ধর্ম অবলম্বন কর। শ্রেষ্ঠ হইয়া তুমি কেন পর্মবিগহিত কর্ম অনুষ্ঠান করিতেছঃ? তোমীর পিতা শক্তি পরম ধার্মিক ছিলেন। তাঁহাকে অতিক্রম করা ও নদীয় প্রজাসকল নির্মান করা ভোষার উচিত নহে। শক্তির নিজ শাপপ্রভাবে তৎকালে বিষম বিপদ উপস্থিত হইয়াছিল। তিনি আত্মদোষেই দেহ পরিত্যাগপুর্বাক স্বৰ্গ লাভ করিয়াছেন। তাঁহাকে ভক্ষণ করিছে কোন রাক্ষপরই সাহস হইত না। তিনি আপনিই আপনার মৃত্যপথ পরিকার করিয়াছিলেন। কেবল মহর্ষি বিশামিত ত্রিষ্ঠে নিমিন্তমাত্র হইয়া দোষ্ডাগী হইলেন। একণে মহারাজ কলামপাদ স্বর্গে আরোহণ করিয়া মহানন্দে কাল্যাপন করিতেছেন। আর তোমার পিতৃবাদিগেরও স্থরগণসমভিব্যাহারে মহাহর্ষে কালকেপ হইতেছে। হে বংস! মহর্ষি বশিষ্ঠ এ সকল বিষয় ও নির্দোষ রাক্ষদ-দিগের উচ্ছেদ 'ব্যাপার অবগত আছেন। তুমি কেবল এই সত্তের কারণমাত্র। অত্তরে এক্ষণে আর যন্ত করিও না। ভোমার যজ্ঞসমাপ্তি ফললাভ হউক, তুমি কুপলে থাক। গন্ধর্ক কহিলেন, শক্তিনন্দন প্লরাশর পুলতা ও মহর্ষি ৰশিষ্ঠক বুঁক এইরূপ অভিহিত হইয়া সেই রাক্ষ্স-मख ममालन क्रिलन धवं यकार्थ मकिल अधिक হিমালয়ের উত্তর পার্শ্বে এক মহাবনে নিক্ষেপ করিলেন। অদ্যাৰ্ধি সেই অগ্নিকে প্ৰতিপৰ্ক্ষে ব্ৰাক্ষস, বুক্ষ প্ৰস্তৱ সহিত পর্বাক্ত দগ্ধ করিতে দেখা যার এবং ঐ অগ্নিধারী গিরি অদ্যাপি লোকে আংগর পর্বত বলিয়া প্রসিদ্ধ।

দ্বাশীত্যধিক শততম অধ্যায়।

অর্ক্ জিজাসা করিলেন, হে গন্ধরির ! রাহা ক্ষাবপাদ কোন্ কারণ অবলয়ন করিরা বীয় মহিবীকে গন্ধব্যাজ কহিলেন, হে ধনঞ্জা বাজা কআৰ্থান ভ বশিষ্ঠের বিষয় যাহা জিজ্ঞাস! করিলে, তৎসমূদয় স্থিতীয় বর্ণন করিতেছি, প্রবণ কর। হে ভরতপ্রেষ্ঠ । প্রার্থে ক্থিত হইয়াছে যে বৃশিষ্ঠাযুক্ত মহাত্মা শক্তি বিশ্ব কন্মাষপাদকে অভিসম্পাত করেন। রাজা শাপ্রাস্ত ও ক্রোধপরবশ হইয়া নগর পরিত্যাপপুর্বক পত্নী সম্ভি-याशाद थक निविष् अवगानी अर्वन केविरनन। অরণ্য নানাজাতীয় জন্তগণে সমাকীর্ণ, পাদপসমূহে আরত ও লতাগুল্মে আছেন। রাজা তথায় ভ্রমণ করিতে করিতে শত সহস্র হিংস্র জন্তর ভয়ন্তর গভীর রব শ্রবণ করিতে नाशित्वन। वकमा (प्रदेशकप्रक्रभी जुलान कुधा भाष्टिक নিমিত্ত আহারারেষণ করিতেছিলেন, এমত সমরে দেখি লেন, এক বিপ্রদম্পতী কামক্রীড়ায় আসক্ত হইয়াছেন। তাঁহারা রাজাকে নয়নগোচর করিয়া কুতকার্য্য না হইতেই ভয়ে প্লায়ন করিতে বাধা হইলেন। রাজা প্লায়নপর ব্রাহ্মণকে বলপুর্বক ধারণু করিলেন; ব্রাহ্মণী স্বাদীকে গৃহীত দেখিয়া কহিলেন, হে রাজন ! আমার এক নির্দেশ দন আছে, প্রবণ করুন। আপনি আদিত্যবংশে প্রস্তী गर्कालाटक श्रुविशाउ ; वित्मवडः ध्यायूर्वान ও अक्रमन ভশ্রষায় অত্রক্ত,অভএব আপনার পাপাচরণ করা নির্জীয় অবিধেয়। আমি গতুকাল উপস্থিত দেখিয়া সম্ভাৰ্ ভর্তার সহিত সমত হইয়াছিলাম, অধুনাপি কুতার্থ ইউট পারি নাই, অতএব হে নরনাথ। একণে প্রসন্ন ইইবা আমার স্বামীকৈ পরিত্যাগ করুন। রাজা বিজ্ঞোশীনী टमरे कामिनीय आर्थनावारका छेलका अपूर्वनभूकिक नेत्र বেমন মৃগকে গ্রাস করে সেইরূপে তাঁহার স্বাদীকে ভ করিলেন, তদর্শনে ক্রোধাভিভূতা ব্রাহ্মণীর যতগুলি আ বিন্দু ভূতলে পতিত হইল, সম্দয় প্ৰজালত হতাশন হ সেই বনপ্রদেশ দগ্ধ করিতে লাগিল।

অনন্তর ভর্ত্বিরোগবিধ্রা শোকসম্ভপ্তা ভ্রাহ্মণী ক্লোক্

ভরে রাজর্বি কআবেশারকে অভিসম্পাত করিলেন, রে

ছর্ক্ দিপরতন্ত্র নৃপাধম! তুমি বেমন মনোরথ পরিপূর্ণ
না হইতেই আমার সমক্ষে প্রিয়তমের প্রাণ সংহার করিলে,
তোমাকেও সেইরূপ অতুকালে পদ্দীসহযোগ করিবামাত্র
পক্ষপ্রপাপ্ত হইতে হইবে। তুমি বাঁহার পুত্র বিনত্ত করিরাজ, সেই মহর্ষি বশিষ্ঠের ওরসে তোমার পদ্দী পুত্রোৎপালন করিবেন। সেই পুত্র তোমার বংশধর হইবে।
মহর্ষি অন্ধিরার পূলী রাজাকে এইরূপ অভিসম্পাত করিরা
তাঁহার সমক্ষে প্রদীপ্ত হতাশনে প্রবেশ করিলেন। নহর্ষি
বশিষ্ঠ সমাধিবলে এই সমস্ত ব্যাপার জানিতে পারিলেন।

অনস্তর বছকাল অভীত হইলে রাজা শাপবিমৃক্ত হইলেন। একদা ভূপাল পত্নীর ঋতুকাল উপস্থিত দেখিয়া শাপরভাস্ত বিশ্বরণপূর্বক কামান্ধচিতে তদীর সহবায়ে উদাত হইলেন। দেবী তাঁহাকে প্রভিষেধ করিলেন। তথন পত্নীবাক্য প্রবণে শাপরভাস্থ তাঁহার অভিপণে উদিত হওয়াতে তিনি যংপরোনান্তি পরিতাপ করিতে লাগি-লেন। হে পার্থ! রাজা কলামপাদ শাপগ্রস্ত হওয়াতে কুলগুরু বশিষ্ঠের নিক্ট স্বীয় পত্নীকে নিয়োগ করিয়া-ছিলেন।

ত্রাশীত্যধিক শততম অধ্যায়।

অর্জুন কহিলেন, হে গন্ধর্করাজ ! সকলই তোমার বিদিত আছে, অতএব বল দেখি কোন্ ব্যক্তি আমা-দিগের পুরোহিত হইবার উপযুক্ত পাত্র। গন্ধর্ক কহি-লেন, দেবলের যবিঠ ভ্রাতা ধৌম্য উৎকোচক নামক তীর্থে তপস্যা করিতেছেন, যদি ইচ্ছা হয় তাঁহাকে পৌরহিত্য কার্যো বরণ কর। অর্জুন গন্ধর্কের প্রতি প্রীত হইরা তাঁহাকে আগ্রেয়াল্ল প্রদামপূর্কক কহিলেন, হে গন্ধর্ক-সম্ভব! তোমার মঙ্গণ হউক, ঘোটক সক্ল তোমারই নিকট থাকুক, প্রয়োজন উপস্থিত হইলে গ্রহণ করিব। এই বলিয়া পরস্পর সন্মানবিনিমন্ত্র্প্ক রমণীয় ভাগী-রথী তীর হইতে নিজ নিজ অতীত্র প্রদেশে প্রস্থান করিলেন।

অনস্তর পাশুবেরা উৎকোচক তীর্থে থৌন্যাশ্ররে উপনীত হইয়া উচ্চাকে পৌরহিক্যে বরণ করিলেন।

বেদ্ধিত্তম ধৌন্য বন্য ফল মৃল প্রাদান ও পৌরেছিতা
বীকার দ্বারা পাওবদিগের সংকার করিলেন। পাওবেরা
মনে মনে আশা করিতে লাগিলেন যে, তাঁহাকে পুরস্কৃত
করিয়া সমন্বরে ফৌপদী, রাজ্যলন্ধী ও সাম্রাজ্য প্রাপ্ত
করিয়া সমন্বরে ফৌপদী, রাজ্যলন্ধী ও সাম্রাজ্য প্রাপ্ত
করিয়া সমন্বরে ফৌপদী, রাজ্যলন্ধী ও সাম্রাজ্য প্রাপ্ত
করিয়া প্রেরাহিত গৌন্যের সহিত সঙ্গত হইয়াছিলেন,
অধুনা পুরোহিত গৌন্যের সহিত সঙ্গত হইয়াছিলেন,
কর্মা পুরোহিত গৌন্যের সহিত সঙ্গত হইয়া আপনাদিগকে নাথবান্ মনে করিলেন্। পাওবেরা সেই উদারদী
বেদার্থতক্ত পুরোহিতের অনুকল্পায় বাগপ্রিয় ও সর্কদর্শের মন্ত্রক্ত হইয়া উঠিলেন। প্রেহিত গৌন্য পাওবগণের অনিচলিত উংসাহ, অপ্রতিহত বলবীর্যা, মহীয়দী
বৃদ্ধিরত্তি ও পত্মপ্রান্তি সন্দর্শনে মনে মনে ছিয় করিলেন,
তাঁহারা অচিরাং রাজ্যাধিকার প্রাপ্ত হইবেনা। অনক্তর
পাওবগণ প্রোহিত কর্ত্রক ক্রতন্তস্থান হইয়া ডৌপদীস্বয়ন্বর স্মাজারেছেণে মানস করিলেন।

टिउत्रथ भर्त्त म्यास्त्र ।

স্বয়ম্বগ্ৰাধ্যায়।

চতুরশীত্যধিক শত্তম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, তদনস্তর নরশ্রেষ্ঠ পঞ্চপাশুব দ্রৌপদীকে সন্দর্শন করিবার মান্সে জননী সম্ভিব্যাহারে भरहाएनवभग्न ज्ञान जनभरत शमन कब्रिलन। भिर्मिशा স্বয়ম্বর দিদুকু কতিপয় ব্রাহ্মণের সহিত তাঁহাদিগের সাক্ষাৎ হইল। ব্রহ্মচারী বাহ্মণেরা পাওঁইদিগকে জিজাসা করিলেন, আপনারা কোথা হইতে আদিয়াছেন এবং কোথাই বা গমন করিবেন। সুধিষ্ঠির কহিলেন, মহাশ্র। আমরা পঞ্চাহোদর একতা হইয়া জননী সমভিব্যাহারে একচক্রা নগরী হইতে আদিতেছি। ত্রান্ধণেরা কহিলেন, তোমরা অদাই পাঞালদেশে চল। পাঞালেশর-ভর্বনে মহাসগুদ্ধ সম্বর হইবে। আমরা তথার বাইবার মানসে मिर्गछ इरेग्नाहि। फीन इरेन, मकरन धक्मान गरिय। অন্য পাঞ্চালদেশে পরমান্ত মহোৎসব হইবে। মহারাজ वकारतात वकारति यथा हरेए अक श्रमाञ्चलती छहिछ। छेर भन्न इरेगाए । त्मरे कमननत्ना खान-नंक मुरेकारमत ভগিনী, খুইছাম খড়গবৰ্ণ ও বছৰ্মাণ ধাৰণ কৰিয়া প্ৰজ্ঞলিত

হতাশন হইতে উদ্ভত হন। জৌপদীর সর্বান্ধব্যাপী নীলোংপল গন্ধ এক কোশ পৰ্যান্ত প্ৰবাহিত হয়। আমন্ত্ৰা मिट चयुष्या (जोशंगीक नवनरशांहत कविवाद निमिक তথায় গমন করিব এবং মহোৎসব সন্দর্শনে অনির্বাচনীয় षानम প্রাপ্ত হইব। অদু তথার নানা দিশেশ হইতে বজা ভূরিদক্ষিণ স্বাধাায়সম্পন্ন পৰিত্রস্বভাব মহাস্মা যত্ত্রত তরুণবয়ক্ষ পরমস্থলর মহারথ অস্ত্রবিদ্যায় নিপুণ কত শত রাজা ও রাজপুত্র আগমন করিবেন। তাঁহারা পরস্পর জিগীষা পরবর্গ হইয়া নানাপ্রকার দ্বাজাত বিভি ভোক্য ভোক্য গোসমূহ ও ধনাদি দান করিবেন। আমরা তংসমুদার প্রতিগ্রহ, স্বর্মর সৃন্ধর্শন এবং মহোৎসব-জনিত আনশাসূভব করিয়া স্থেচাসুসারে প্রত্যাগমন করিব। তথায় স্থত, মাগধ, বৈতালিক, নট, নর্ত্তক ও নানা দেশীয় মহাবল পরাক্রান্ত যে:জুবর্গ সমাগত হইয়া च च (रेनभुगा ध्वकाम कतिरव। आभनातां अ रकोकृका-ক্রান্ত-চিত্তে সেই সকল কৌতৃকাবহ ব্যাপার অবলোকন করিয়া প্রদম্ভ দ্রব্য জাত প্রতিগ্রহপূর্ব্বক আমাদিপের সহিত প্রত্যাগমন করিবেন। আপনার্যাসকলে দেবতুলা রূপ-বান্কফার নয়নপপের পথিক হইলে তিনি অবশ্যই তোমাদিগের জুনাতমকে বরমাল্য প্রদান করিবেন। আপ-নার এই মহাভুজ দর্শনীয় ভাতাকে নিয়োগ করিলে ইনি অপরিমিত ত্রবিণরাশি জয় করিতে পারিবেন। যুধিষ্ঠির কহিলেন, যে আজা; আমরা সকলেই আপনাদিগের সমভিবাহারে রাজকন্যার স্থামর ও তজ্জনিত মহোৎসব সন্দৰ্শনে গমন কবিব।

পঞ্চশীত্যধিক শততম অধ্যায়।

বৈশশ্পারন কহিলেন, নহারাজ ! পাওবেরা ব্রাহ্মণ্ গণের নিকট এইরূপ আদিট হইয়া জ্রপদরাজা পরিরক্ষিত দক্ষিণ পাঞ্চালদেশে গমন করিলেন। গমনকালে বিশুদ্ধার্যা অক্সম মহর্বি বৈপারনকে সম্মান করিয়া তাঁহার যথাবিধি সৎকার করিলেন, এবং ভংকত সংকার গ্রহণপূর্বক নানা বিষয়ক কথোপকথনাতে অভ্যক্তাত হইয়া জ্রপদ ভবনাভি-মুখে গমন করিলেন। পথিমধ্যে য়ে যে স্থানে রমণীয় বন ভূশোভন সরোবর তাঁহাদিগের নর্মপথে গভিত ইইয়া- ছিল, সেই সেই স্থানে উপবিষ্ট ও গতক্লম হইরা থীরে ধীরে গমন করিতে লাগিলেন। স্বাধ্যায়সম্পন্ন বিশুদ্ধসভাব প্রিয়ম্বদ পাণ্ডুতনরেরা ক্রমে ক্রমে পাঞ্চালদেশে উপনীত হইরা ক্রাবার ও নগর নিরীক্ষণপূর্কক এক কুজকারের আলয়ে বাস করিরা ব্রাহ্মণের বৃত্তি অবলম্বনপূর্কক ভিক্ষা দারা জীবিকা নির্কাহ করিতে লাগিলেন। রাজা যক্ত-সেনের মনে মনে অভিলাব হইয়াছিল বে, পাণ্ডুতনর ক্রিনীটীকে স্বীয় ছহিতা সম্প্রদান করিবেন, কিন্তু তিনি এ কথা কাহারও অগ্রে বাক্ত করেন নাই। এক্ষণে স্বাক্তিলাবিত পাত্র পাইবার মানসে এক স্থাত ছ্রানম্য শ্রাসন প্রস্তুত করাইলেন, এবং ক্রত্রিম আকাশবত্র নির্মাণ করাইয়া তৎসঙ্গে লক্ষ্য সংস্থাপনপূর্কক ঘোষণা করিয়া দিলেন বে, যে ব্যক্তি এই সক্ষ্য শ্রাসনে শরস্কানপূর্ক্তিক যন্ত্র অতিক্রম করিয়া লক্ষ্য বিদ্ধ করিতে সমর্থ হইবে, স্থামি ভাহাকেই কন্যা দান করিব।

এইরূপ ঘোষণা শ্রবণে চতুর্দিক্ হইতে ভূপালগণ আগমন করিতে গাগিলেন। স্বয়ম্বদিদৃক্ ঋষিগণ এবং কর্ণসমভিব্যাহারী হুর্যোধন প্রমুধ কুরুবর্গ সমুপস্থিত হই-লেন। নানাদিকেশ হইতে কত শত বান্ধণগণ আসিতে লাগিলেন। জ্রপদরাজ সমাত্ত ব্যক্তিদিগের যথোচিত ' সংকার করিলেন। রাজগণ তাহা পরিগ্রাহ করি 🚜 স্বয়ম্বর দর্শনার্থে মঞ্চোপরি উপবেশন করিলেন এবং পৌরজনেরা महाद्यालाइत श्रृक्षक मर्गनमानारम मध्य मन्निक छन् निख-মার ব্লোপরি আরোহণ করিল। নগরে, প্রাণ্ডতর প্রাপ্ত-বৰ্ত্তিনী এক পরিষ্ঠুত সমতল ভূমিতে স্বর্থর সমান্ত প্রতি-ষ্ঠিত হুইয়াছিল। সভাগৃহ প্রাকার ও পরিধা ছারা পরি-বেটিত জবং মধ্যে মধ্যে তোরণুরাজি বিরাজিত ছিল। উহার চারিদিকে স্থাধবদিত সৌধাবলী, তুষারজালজড়িত হিমালয়-শিপরের ন্যায় শোভা পাইতেছে। ঐ স্কল **आगारमत कृष्टिम जूमि त्रमगीत मागमत मिनागरिष्ट छैडा-**সিত, স্বারস্কল সমস্ত্রপাতে বিনাক্ত এবং সোপানমার্গ সমুদায় স্থাংখটিত। বিচিত্র চক্রাতণ ও অপূর্ব্ব মাল্যদাম উহার অতীব মনোহারিণী শেভো সম্পাদন করিতেছে ৷ के व्यानन स्वानिक शक्कवातियात्रा शतिविक स्वेतात्र ! স্থানে স্থানে মহাই আসন ও তথ্যকেননিত শ্ৰাসক্ষ সরিবেশিত রহিয়াছে। কোন হানে নৃত্যাগীত, কোন

ালে খাল্যেদ্যম, কোথাও বা জনগণ নানাবিধ মহোৎ-বি করিভেছে।

ভূপালগণ রমণীর বেশভ্ষা সমাধানপূর্কক তত্ততা
মানশ্রেণীতে সমাদীন হইলেন এবং পরস্পার পার্ক্ষিক্
মাগত নৃপতিদিগকে নিরীক্ষণ করিতে লাগিলেন।
শীরসুন্দ ও জানপদগণ জৌপদীদর্শনার্থ পরার্ক্ষ মঞ্চোবির উপবেশন করিলেন। পাগুবেরা সমাগত আক্ষণগণমিভিবাছারে আসন পরিগ্রহপূর্ক্ষক পাঞ্চাল রাজার
ধর্ষা সন্দর্শন করিতে লাগিলেন।

অনস্তর রাজসভার নৃতাগীত আরম্ভ হইল। রড়ো-াকরণ ও স্থানিপুণ নর্ত্তকগণের অভিনয় দ্বারা সভার শোভা দ্ন দিন পরিবর্দ্ধিত হইতে লাগিল। সভারস্ভের যোড়শ नवरम कुछमाना ट्योभनी अशुक्त त्वमञ्चा अतिधानशृक्तक विठिक काकनी माना श्रहण कतिया नुभनमारक धाराम চরিলেন। চক্রবংশীয় পুরোহিত ভ্তাখনে যথাবিধি মাছতি প্রদানপুর্বক অগ্নির তর্পণ ও ত্রাহ্মণগণের স্বস্থি-াবাচন করিলেন এবং তুর্যানীবদিগকে বান্যোদাম করিতে ন্বারণ করিলেন। এইরূপে সেট প্রদেশ নিঃশব্দ হইলে ্ষ্টিছাম সীয় ভগিনী দ্রোপদীকে লইয়া রক্ষমধ্যে উপস্থিত ্ইলেন এবং ঘন ঘোষণ গভাষ স্বরে অর্থবৎ মধুরবাক্যে ক্ছিতে লাগিলেন। হে সমাগত নরেক্সবর্গ। আপনারা প্রবণ করুন। এই ধছর্কাণ ও লক্ষ্য উপস্থিত আছে। ্যিনি যন্তের ছিজ ছারা পঞ্চশর নিকেপ করিয়া লক্ষ্য গাভিত করিতে পারিবেন, মদীর ভগিনী কুঞা কুল্শীল-কুপলাবণ্য-সম্পন্ন সেই মছাত্মার ভার্য্যা হইবেন, সন্দেহ দ্রীই। ত্রুপদপুত্র সভামধ্যে এইরূপ প্রস্তাব করিয়া সম-ৰৈও ভূপতিগণের নাম, গোত্র ও কার্যাদি কীর্ত্তরীপূর্বক াগিনীকে সংখ্যাধন করিরা কহিতে লাগিলেন।

ষড়শীত্যধিক শততম অধ্যায়।

ধৃইছায় কহিলেন, হে ভগিনী ৷ দেও ছুৰ্যোধন, ছবিনি, ছবুৰ্ণ, ছআধৰ্ষণ, বিবিংশতি, বিভৰ্ণ, সহ, ছুঃশাসন, ছবুৰ, বানুবেগ, ভীমবেগবর, উআযুধ, বলাকী, করকাযু, বোচন, কুণ্ডক, ভিত্তলেন, সুবৰ্চা, কনক্ষাক, নক্ষক, ধুণ্ডক, এবং অন্যান্য মহাব্য প্রাক্তান্ত বার্জ

রাষ্ট্রেরা কর্ণসমভিব্যাহারে তোমার নিমিত্ত সমাগত হই-য়াছেন। গান্ধাররাজকুমার শকুনি, বুষক ও বৃহত্বল এবং মহাবীর অর্থামা ও ভোজরাজ অলক্ত হইয়া ভুলুর্থে व्यागमन कतियारकन । तृहक, मिनमान, मध्यात, महरमव, कबर्रमन, स्मरमित, विवारे 🗷 एर्श्व मुझ ଓ উख्र, বাৰ্দকেনি, তুশর্মা, সেনাবিশু, স্থকেতু, ও তৎপুল স্থনামা ও স্বর্কা, স্থটিত, স্থকুমার, বৃক, সভাগৃতি, স্থ্যধ্বজ, द्याहमान, नील, हिळायूथ, व्यःखमान, ट्यांगमान, ट्रिकिङान, সম্ত্রীসনের পুত্র, প্রভাপবান্ চক্রসেন, জলসন্ধ, বিদস্ত ও তৎপুত্র, দণ্ড, পৌগুত, বাস্থদেব, ভগদত্ত, কলিক, তাম-নিপ্ত, পত্তনাধিপতি মদ্রবাজ ও তংপুত্র, শ্লা, রুল্লাজ্প, রুল্পরথ, কৌরবা, সোমদুত্ত এবং তাঁহার পুত্র ভূরি, ভূরি-खावा, नन, श्रुमकिन, कारमाक, (श्रीवद, मुख्यमा पृश्यन, स्टार्य, निवि, छेत्रीनत, भठेकत, निरुष्ठा, कक्क्याधिशिक, मकर्षन, वश्रमव, (ब्रोखिटनय, भाष, ठाक्टमक, खाछाम, अन, व्यक्तृत, माठाकि, छेक्कत, क्रूटवर्षा, हार्षिका, भुशू, विभुशू, विम्त्रज, कक, मक्, शद्यम, आभावह, निक्क, मुश्रीक, সারিমেজয়, বাতপতি, ঝিনীপিগুরক এবং উশীনর এই मकन यक्रवः भीय, ও ভগীরথ, বৃহৎক্ষত্র, সিদ্ধান্দশিতি জয়দ্রথ, বৃহদ্রথ, বাহ্লিক, শ্রুতায়ু, উলুক, কৈতব, চিত্রা-কদ, শুভাক্দ, বৎসরাজ, কোশলাধিপতি, শিশুপাল, জরা-দম ইহাঁরা এবং এতত্তির অন্যান্য নানা জনপদেখরেরা ভোমাব নিমিত্ত সমাগত হইয়াছেন। ইহাঁরা ত্দীয় পাণি-গ্রহণার্থ লক্ষ্যভেদ করিবেন ; হৈ ভুদ্রে ! যিনি এই লক্ষ্য বিদ্ধ করিতে পারিবেন, তুমি তাঁহারই গললৈশে বরমাল্য श्रमान कति ।

সপ্রাশীত্যধিক শতত্ম অধ্যায়।

বৈশশ্পায়ন কছিলেন, সেই সমস্ত বলবীর্য্যুশ্পর অন্ত্র শিক্ষানিপুণ তক্ষণবয়ত্ব নরেক্রবর্গ বিচিত্র বেশভূষা সমা-ধান করিয়া অন্ত্র শত্ত্ব পারণপূর্বক আগমন করিলেন। তাঁছারা রূপ, যৌবন, কুল, শীল ও ঐত্বর্যানদে মত হটরা মদল্লাবী হৈমবৎ মাতক্ষ্পথের ন্যায় কর্য্যা-ক্ষায়িত-লোচনে-পরশ্পর বদন নিরীক্ষণ ক্রত স্পর্কা করিতে ভাগিলেন এবং ত্রিভূষক-ললাকভূতা ক্ষা সক্ষ্যান ক্ষায়াহিত

হইয়া "জোপদী আমারই হইবে" বলিয়া রাজাসন হইতে গাত্রোথান করিলেন। বেমন দেবগণ পর্বতরা**জপু**দ্রী উমাকে প্রার্থনা করিয়াছিলেন, সমাগত সভাস্থ ভূপালগণ দেইরপে দ্রৌপদীকে জিগীয়া করিতে লাগিলেন। রক্ত नगर लाक क्रस्थात अनुसम जलनारणा नन्मर्नान वियम কলপ্রাণে নিপীড়িত হুট্য়া তলাত হৃদয়ে নিরম্বর কেবল ঠাছাকেই চিন্তা করিতে লাগিলেন। তাঁহারা ক্রপদরাজ-কুমারীর নিমিত্ত আপন বন্ধুবান্ধবের প্রতিও ঈর্ঘা প্রকাশ করিতে আরম্ভ করিলেন। অনস্তর রুদ, আদিত্য, বঠুগণ, অধিনী-কুমার যুগল, সাধ্য, যম ও কুবের প্রভৃতি দেবগণ বিমানারোহণপুর্বক রাজসভায় আগমন করিলেন। অসংখ্য रेनजा, स्र . व, मरहात्रा, दमवर्षि, श्रहाक, ठावन ও विश्वावस, নারদ, পর্বত প্রভৃতি ঋষি, গন্ধর্ব ও অপ্রোগণ সমাগত হুইয়াছিলেন। বলভদ্র, জনাদিন, বুঞ্চিবংশীয় যহুশ্রেষ্ঠগণ কুম্পের মতাবলম্বী হইয়া পাগুবগণকে পর্যাবেকণ করিতে লাগিলেন। যহপ্রবীর রুফ ভঙ্গারত হতাশনের ন্যায় সেই গজেক্রাকার পঞ্চ পাণ্ডবকে নিরীক্ষণ করিয়া কিয়ৎ-কাল চিন্তা করিলেন। পরে তিনি যুধিষ্ঠির, ভীম, অর্জুন ও नकुन महान्दित कथा वनाम्बद्ध कामाहानम। वनाम्ब তাহাদিগকে দেখিয়া প্রীতমনে ক্লফের প্রতি দৃষ্টিপাত করিলেন। কিন্তু অন্যান্য রাজকুমারেরা হুরাশাগ্রস্ত হইয়া কুফাতে মন প্রাণ সমুদর স্থপণ করিয়াছিলেন, স্থতরাং পাঙ্বদিগকে দর্শন করা দূরে গাকুক, তাঁহারা ঈর্ষাক্ষা-য়িত ও রোষপরবশ হইয়া অধ্রদংশনপূর্বাক আরক্ত নয়ন-বুগল ইতন্ততঃ নঞ্চালিত করিতে লাগিলেন। পাওবেরাও ट्योननोटक नयनलाहद कतिया मकल्ये कम्पर्याल অভিভূত হইলেন।

व्यनश्चत्र देशवर्ष १ शक्तर्वशत् नमाकून खूशर्ग, नांश, অস্থর ও সিদ্ধাণ কর্তৃক পরিদেবিত সেই সভাভবন রম-নীয় গল্পে স্থবাসিত এবং বিকীর্যামান দিবা কুস্থমসমূহের স্থানে আমোদিত হইল। মহাস্বন চুকুভিধ্বনিতে গগন-मक्न व्यक्तिस्तिक इटेन, ह्यू किन् विमानम्बाध धवर (वनु, दीना ७ नन्यमिनारम नृतिनृति रहेन। कर्न, क्र्यायन, শাব, শল্য, জৌণায়নি, জ্বাধ, স্থনীথ, বজ, কলিন্ন, বলা-বিপ, পাণ্ডা, বিদেহরাজ ও ব্যনাধিপ প্রভৃতি অনেকানেক बास जनरत्रता कितीए, हात्र, जनम ७ हत्सवान् अकृष्टि विध्वयक्षनीयश हरेटल नाट्यायान किस्टनन। जान

विधित जनकारत जनकुछ इहेशा च च वनवीया ध्वनमंत्र । সিংহনাদ করিতে লাগিলেন। কিন্তু সেই ভীষণ শ্রা**স**রে জা সংযুক্ত করা দুরে থাকুক, কান্দ্র সজা করিব এরপ্র मान कदिए उंशिहा नमर्थ हरेलन ना। श्विका নরেন্দ্রগণ ধরু:ম্পর্শনাত আহত ও ইতততঃ বিকিপ্ত হইটে লাগিলেন, তাঁহাদিগের অঙ্কের আতরণ সকল বিজ্ঞা হইয়া পড়িল। তাঁহারা নিত্তেজ ও হতাখাস হইরা ধীর্ম নিখাদ পরিত্যাগপুর্বক ক্রমে ক্রমে শান্তিভাব অবলম্বন করিলেন ; কিরীট, হার, বলরাঙ্গদ প্রভৃতি আভরণ সকল অঙ্গ হইতে বিস্তম্ভ হইয়া পড়িল এবং জৌপদীলিকা এক-কালে নিরস্ত হুইয়া গেল।

সকল ধকুর্বার কর্ণ রাজগণের এইরূপ বুথোলার নিরীকণ করিয়া সহরে ধহু উত্তোলনপূর্বক ভাহাতে জা সংযুক্ত করিয়া শরাসনে শরসন্ধান করিলেন। পাও-ভনয়েরা কর্ণকে নয়নগোচর ক্রিয়া মনে ক্রিলেন, ইনিই লক্ষ্য ভেদ করির। কন্যারত্ব লাভ করিবেন, সন্দেহ নাই। ट्योशमी कर्लंद्र शुवनाय पर्नात मुक्ककर कि कहिरलन, आर्थि স্তপুত্রকে বরণ করিব না; এই কথা প্রবণমাত্র কর্ণ সাম্য হাস্যে স্থা নক্ষনপূর্বক শরাসন পরিত্যাগ कद्रिलन।

এইরূপে সমূলায় ক্ষতিয়বর্গ বিফলপ্রায়ত্ব হবলা প্রস্থান कतित्व भन्न, किपित्माधिभि निख्भान नेत्राम्य नर्न-नकान कतिएक छेमाक इंडिनन, किन्न अवस्थित छश्रकारि হইয়া ভতলে পতিত হইলেন। মহাৰীয়া জরাসদ্ধ & প্রকারে ধহুরাঘাতে ভূতলে পতিত হুইলেন, পরে গাজো খানপূৰ্বক আপন রাজ্যে প্রস্থান করিলেন। মন্ত্রাধিপত্তি শলাও নৈই ধহকে জা। রোপুণ করিতে জাত্ব পাতির ভূতলে পতিত হইলেন। এইবাপে সভাস্থ সমস্ত নরারিশ গণ ক্রমে ক্রমে পরাযুধ হুইলে কুরীনন্দ্র অর্জন সেই भवागत्न कार् द्वांशव ७ भव नकारमद बानन कविराव।

অকীশীতাধিক শতক্তৰ সংগ্ৰহ।

বৈশন্দানৰ কহিলেন, ছে বহারাজ। সমাগত সম্প্ महीनान अरेक्टन नहासूथ एरेटन अर्थन उन्हार्थ उन्हें

পার্থকে কার্ম্যভাতিমুখে প্রস্থিত দেখিয়া অজিন বিধৃনন পুৰ্বক চীৎকার করিয়া উঠিলেন। কেহ কেহ বিমনা ছইয়া রহিলেন, কেহ চর্ষিত ছইলেন এবং কেহ কেহ বা পরস্পর মন্ত্রণা করিতে লাগিলেন যে, যাহাতে ধমুর্কেদ-শারদর্শী শল্যপ্রমুথ স্থবিখ্যাত ক্ষত্তিরসকল অসমর্থ হইরা প্রস্থান করিলেন, একজন হীনবল অক্নতান্ত্র সামান্য ত্রীক্ষণকুমার তদিষয়ে কিরূপে কৃতকার্য্য হইবে। এই वाकि गर्सिक इरेग्रारे इडेक, अथवा कन्याश्रहणहार्य মোহিত হইয়াই হউক, কিমা বিপ্রস্থাবস্থলভ প্রলোভ-চপলতা প্রযুক্তই হউক, পূর্ব্বাপর পর্য্যালোচনা না করিয়া এই হক্ষর কার্যো প্রবৃত্ত হইতেছে। यদি ক্লতকার্যা হইতে না পারে, তাহা হইলে সমস্ত রাজগণের নিকট আক্ষণ-দিগকে বংপরোনান্তি উপহাসাম্পদ হইতে হইবে, সন্দেহ নাই; অতএব ইহাকে গমন করিতে নিবারণ কর। কেছ কেহ কহিলেন, আমরা উপহাসাম্পদ হট্ব না, আমা-দিগের কোনপ্রকার লাঘরও হইবে না এবং রাজাদিগেরও (ध्या इटेंच ना। त्कर त्कर दिनातन, धरे शीनस्त्र, শীর্ঘবাহ, প্রশাস্ত,গন্তীরাকৃতি, গন্ধেক্রবিক্রম ও মূগেক্রগতি . প্ররূপ যুবার আকার ও অবিচলিত অধ্যবসায় বারা স্পষ্ট প্রতীয়নান হইতেছে যে, ইনি কখনই বিফল প্রযত্ন হই-বেন না। ইহার মহীয়পী উৎসাহশীলতা লক্ষিত হুই-তেছে। य व्यक्ति अकम, त्य कथन कान कार्या अग्रः প্রবৃত্ত হয় না। ফলতঃ ব্রাহ্মণের অসাধ্য কার্য্য ভূমগুলে দৃষ্টিগোচর হয় না। অনাহার, বায়াহার, ফলাহার ও দৃঢ়বত, তরিবন্ধন বান্ধণ দেখিতে ত্র্লল হইলেও তাঁহা-দিগের অন্তঃসার ও তেজের হ্রাস হয় না। ব্রাহ্মণ সংকর্মাই করুন অথবা অসৎ কর্ম্মই করুন, তিনি কলাপি অব্যানিত र अन्त ना ; कात्रण स्थानक, श्रथकनक, नामाना अ महर সমুদার কার্য্যই ব্রাহ্মণ কর্তৃক সম্পাদিত হইরা থাকে। দেশ ! জামদগ্য পৃথিবীস্থ সমস্ত ক্জিরতে পরাভব করিয়া-ছিলেন, অগন্ত্য খীয় বৃদ্ধতেকঃপ্রভাবে অগাধ কলনিধি পান করিয়াছিলেন, অতএব সকলে এই হানে অবস্থান কৰিয়া দেখ, এই আহ্মণতনয় কাৰ্যুকে জ্যা রোপণ ক্ষরিতেছে! এই কথা শুনিয়া সকলে প্রস্তানিত বিষয়ে সম্বত হইলেন।

ত্রাক্ষণগণের কথোপকথন প্রবণ করিলেন ; অনস্তর বর-প্রদ মহাদেবকে প্রণামপুরুক সেই কার্ম্মক প্রদক্ষিণ করিলেন। এবং ক্লফকে স্মরণ করিয়া শরাসন এছণ कतितान। भिश्वभाग, श्रूनीथ, बाद्यम, कृत्राधन, भना ও শাঘপ্রভৃতি ধমুর্বেবিপারগ নৃসিংহ সকল দুচ্প্রয়ত্ত্বেও যে थय गमजा कतिए शादन नारे, कर्कन करनीनाक्राम নিমিষমধ্যে সেই শরাসনে জা১ রোপণপূর্বক পাঁচটি শর গ্রহণ করিলেন; পরে ছিডদারা মেই অতি ক্টবেধা লক্ষ্য বিদ্ধাপ্ত ভূতলে পাদিত করিলেন। অনন্তর অন্তরীক্ষেও সভা-মধ্যে মহান কোলাহল হইতে লাগিল। দেবতারা অর্নের মন্তকোপরি পুষ্পবর্ষণ করিতে লাগিলেন। সহত্র সহত্র ত্রান্ধণেরা স স্ব বসন বিধুননপূর্ব্যক অলকিত হইয়া गारहातान थकान कतिरक नागिरनन, धवर नरकांमधन হইতে চতুদ্দিকে পুসাধৃষ্টি হইতে লাগিল। বাদ্যকরেরা শতাক তুর্যা বাদন করিতে লাগিল এবং সুক্ঠ বৃত্ত ও মাগধগদ স্কৃতি পাঠ করিতে আরম্ভ করিল।

জ্পদর্জি পার্থকে ময়নগোচর করিয়া মাতিশয় প্রীত হইলেন, এবং সৈনাসামন্ত সমভিব্যাহারে তদীয় সহায়তা করিবার মানস করিলেন। অর্জুনের বিজয়শব্ সমস্তাৎ প্রতিধ্বনিত হইয়া উঠিলে ধার্মিকাগ্রণী বুধিটির, নকুল ও সহদেবের সহিত স্থবে আবাসে প্রত্যাগমন করিলেন; ক্লফা লক্ষ্য বিদ্ধ হইয়াছে দেখিয়া এবং শক্ত-প্রতিম পার্থকে নয়নগোচর কুরিয়া সহর্ষে মান্যদান ও अञ्चयमन श्रहनभूर्विक क्छीञ्चनभीत्य भगन कतित्वन। অচিষ্যকর্মা পার্থ বিজয়লাভ ও জৌপদীনত মালা গ্রহণ-পুর্বক ছিভাতিগণ-পরিপূজ্যমান হইয়া পদ্মীসমভিব্যা-হারে রঙ্গ হইতে বহির্গত হইলেন।

ঊন্ন্বত্যধিক শততম অধ্যায়।

বৈশৃশায়ন কহিলেন, রাজা স্েই আন্দানক কন্যাদান করিবার অভিলাক করিলে ভূপতিগণ সাতিশয় কৃদ্ধ হইয়া পরস্পরের বদন নিরীক্ষণ করত কহিতে লাগিলেন, ক্রপদ-রাজ সমাগত রাজমণ্ডলকে তৃণতুল্য ভান করিয়া বরবর্ণিনী জ্রোপদীকে বিপ্রসাৎ করিবার বাসনা করিয়াছেন। ইনি व्यक्न नताननमीति वहनवर मधायमान हरेया। ममछ नतारिश्रगणक व्यक्तिन ७ यथाविधि मस्कात्रभूक्क উত্তমরূপ ভোজন করাইয়া পরিশেষে তাদৃশ স্থান রক্ষা করি-লেন না। বস্ততঃ বৃক্ষ রোপণ করিয়া ফলকালে উন্মূলিত করিলেন। অতএব সমধিকগুণসম্পার হইলেও কোনক্রমে ইনি স্থানযোগ্য হইভে পারেন না, প্রত্যুত উক্ত অপ-রাধে এই ছুরাত্মা নৃপাধনকে সপ্ত বিনষ্ট করিব। কি আশ্চয়া! দেবতুলা নৃপসমূহের মধ্যে এক ব্যক্তিকেও আপন কন্যার অঞ্রপ-বিবেচনা করিলেন না, স্বয়হরে ব্রাহ্মণের অধিকার নাই, কেবল ক্ষান্তিরেরই স্বয়হরবিবাহ শান্ত্রসম্মত। আর যদি এই কন্যা আমাদিগের মধ্যে কাহাকেও মনোনীত মা করে, তাহা হইলে উহাকে অধিতে নিক্ষেপ করিয়া আমরা স্ব রাজ্যে প্রতিগমন

যদি প্রান্ধণ লোভাক্ট হইয়া অথবা নৈসর্গিক চপলতাপ্রযুক্ত রাজাদিগের অনভিমত কার্য্য করেন,
তথালি তিনি অবধ্য। আমরা প্রান্ধণের উপকারার্থে
রাজ্য, ধন, সম্পত্তি, পুত্র, পৌত্র এবং জীবিতপ্রস্থান্তও
পরিত্যাগ করিতে পারি। রাজ্ঞিগণ অবমানভয়ে স্বধর্ম
রক্ষার নিমিন্ত, আর অন্য স্বর্গরে এইরূপ গতি না হয়
এই অভিপ্রান্ধে ক্রপদের প্রাণ সংহার করিবার নিমিন্ত
ক্রটিন্তে আযুধ গ্রহণপূর্বক ধাবমান হইতেন। সেই
সম্পত্র ক্রোধান্ধ অসংধ্য রাজ্যার্শ্বল বেগে ধাবমান হইতেছেন দেখিয়া, জ্পদরাক্ষ ভয়ে প্রান্ধণিগের শরণাগত
হইলেন। অর্জ্বন ও ভীমান্ধেন মদ্যাবী গজেক্রের ন্যার
বেগাভিক্তত রাজ্জেনিগিকে নিরীক্ষণ করিয়া ধলুর্ব্ধাণ
গ্রহণপূর্বক তাঁহাদিগের সমুধীন হইক্ষেম। অমর্থপ্রদীপ্ত
মহীপালেরাও ভীমার্জ্বন-জিবাংস্ক হইরা অন্ত্র গ্রহণপূর্বক
যুদ্ধার্থে প্রস্তর হইলেন।

অনস্তর অবিচলিত অধ্যবসায় সহকারে মহাবল পরা-কান্ত ভীমদেন হস্তদ্বারা এক মহামহীক্রছ উৎপাটনপূর্ব্বক নিশান্ত করিলেন এবং লোকাস্তক যম বেনন ভীষণ দণ্ড গ্রহণ করেল, ভক্তপ রিপুনিস্থান ভীম সেই বৃক্ষ গ্রহণ করিয়া অর্জ্জ্বর সমীশে দণ্ডারমান হইলেন। লোকাতীভ-বীশক্তিসম্পার অচিন্তাকশ্বা অর্জ্জ্ন লাতার পরাক্রম দর্শনে চমৎক্ষত হইয়া ভয় পরিস্তাগপূর্ব্বক শরাসন গ্রহণ করিয়া দণ্ডারমান হইলেন। এই সমন্ত পর্ব্যক্ষেণ করিয়া মহামু-ভার কৃষ্ণ মহাবীন্য বলদেবকে কহিলেন, মহাশার ! যিনি

এই বিস্তীর্ণ শরাসন অনায়াসে আকর্ষণ করিতেছেন, ইনিই
অর্চ্জুন, ডাহাতে আর সন্দেহ নাই। আর যিনি বাছবলে
বৃক্ষ উৎপাটনপূর্বাক নির্জনে রাজমণ্ডলে প্রবিষ্ট হইতেছেন, ইহার নাম বুকোদর। ভীম ব্যতিরেকে যুদ্ধরেল
উদৃশ পরাক্রম প্রদর্শন করিতে পারে, পৃথিবীতে এমন
বীর কে আছে ? এবং যে কমললোচন, গৌরবর্ণ পুরুষ
অতি বিনীতভাবে অগ্রে অগ্রে গমন করিতেছেন, ইনি
ধর্মপুক্র যুবিটির। আর কুমারত্লা স্কুক্মার এই কুমার-মুগল
দেখিয়া বোধ হইতেছে, ইহারাই নকুল ও সহদেব হইবে।
তানিয়াছিলাম যে, পৃথা পুক্রগণ সমভিবাহারে সেই ভয়াবহ অতুগৃহদাহ হইতে পরিজ্ঞাণ পাইয়াছেন, তাহা যথাথ
বটে। এই সমস্ত প্রবণানস্তর নির্জ্জলজলদসন্ধিত বলদেব
ক্ষণকে সম্বোধন করিয়া কহিলেন, বাস্থদেব। পিতৃত্বস
পৃথা এবং পাণ্ডবিদিগকে বিপদ্বিমৃক্ত প্রবণ করিয়া অদ্য
পরম প্রীত হইলাম।

নব্ত্যধিক শত্ত্ম অধ্যায় ।

বৈশম্পায়ন কহিলেন, দ্বিজর্যন্তসকল অজিন ও কম खन विधननश्रक्षक डिकि:चरत कहिरनन, छामानिशाः তর নাই, আমরা শক্রর সহিত মুদ্ধ করিতে প্রস্তুত আছি। অর্জন ঈষৎ হাসা করিয়া ভাঁহাদিগকে কভিটেন, আপ-নারা পার্ছে থাকিয়া দর্শন ক্রকন। যেখন মন্ত্রছারা দন্শশৃক আশীবিষ নিবারণ করে, তজ্ঞপ আমিও শৃচ্যগ্র বিশিখপত ৰারা ইহাদিগের নিরাকরণ করিতেছি। এই কণা বলিয়া অৰ্জন শুক্তৰৰ শ্রাসম আকর্ষণ করিয়া ভীমের সহিত পর্বতের নাায় দুচ্রপে দ্ভার্মান হইলেন। অনস্তর নিভীক ভীমাৰ্জ্ন যুদ্ধগুৰাদ কৰ্ণপ্ৰমুখ ক্ষত্ৰিয়বৰ্গনিয়ীকশ করিয়া ক্রতবেগে তাঁহাদিগকে আক্রমণ করিবেন ! রণ- -क्ष्या विकाणित अ विनाम मुद्दे इहेता थाएक, अहे बानहा যুষ্ৎত্ব রাজারা জভবেগে আক্ষণের অতি ধাবমান হই-त्मन, ध्वः बहाराख्या कर्ग वार्क्ट्रिय खेळि नेमन कतिरवन । হতী হতিনীর নিমিত যুৱাৰী হইয়া মহাবেগে বেমন " প্রতিপক গলের প্রতি ধাবমান হয়, সেইরূপ মজেরির नवा छीमरक जाकन कन्नित्नमः शस्त्र छ्रद्यादमोत्रः সকলে ত্রাহ্মণদিগের সহিত সঙ্গত হইয়া ধীরে ধীরে দমত্র সাগরে অবতীর্গ হইলেন।

অনন্তর অর্কুন প্রকাণ্ড শরাসন আকর্ষণপূর্বক শত শত নিশিত শর্মারা কর্ণকে বিদ্ধ করিতে লাগিলেন। রাধের স্থতীক্ষ বিশিখশতপ্রহারে বিমোহিত হইরা অতি ः कट्डे चार्क्ट्रमत्र अनुशायम क्रियाना । जिशिया-अत्रवन . ীর্যুগলের ঘোরতর সংগ্রাম উপস্থিত হইণ। প্রস্পর পুরস্পরকে বীরত্ব প্রদর্শনপূর্বক কহিতে লাগিলেন, তুমি াহা করিয়াছ, তাহার প্রতিফল দিতেছি এবং এই । হুর্ত্তেই আমার বাছবল প্রদর্শন করিতেছি। কর্ণ, অর্জ্ঞ-নৈর অমুপম ভূজবীর্য্য দর্শনে ক্রোধান্ধ হইয়া যুক্ক করিতে দাগিলেন। তদীয় দেনাগণ অৰ্জুন-প্ৰযুক্ত তীব্ৰজৰ বাণ विभेग विकल कत्रिया छेटेळ: यदा चटा जूब अग्रमंत्र छेळां वग ক্রিতে লাগিল। কর্ণ ক্ছিলেন, হে বিপ্রবর ! তোমার ভক্বীর্যা, অন্তলিকা ও অক্লিষ্টতা দর্শনে আমি পরম প্রীত-হইলাম। হে বিজ্ঞসভ্য। আনার বোধ হইতেছে, তুমি ন্তিমান ধ্রুকোর অথবা রাম, হুর্যা বা সাক্ষাৎ ভগবান বিষ্ণু হইবেক। আত্মপ্রজাদনের নিমিত্ত বিপ্ররূপ ধারণ পূক্ক আমার সহিত যুদ্ধ করিতেছ। আমি কুত্ত হইলে সাক্ষাৎ ইক্স বা পাঞ্চনয় কিন্নীটা ব্যতিরেকে অন্য কেহই আমার সহিত যুদ্ধ করিতে সমর্থ হয় না।

অজ্ন প্রত্যন্তর করিলেন, হে কর্। আমি ধমুর্ফেদ নহি বা আমি প্রতাপশালী রামও নহি: আমি বালাণ. গুরুর উপদেশে আন্ধাও পৌরন্দর অত্যে স্থানিকিত চই-মাছি। অদা ভোমাকে পরাজর করিবার নিমিত রণকেত্তে উপস্থিত ইইয়াছি। রাধেয়, এই কথা প্রবণ করিয়া অর্জু-নের হৰ্জন ব্রাহ্মতেজ স্বীকারপূর্বক তৎক্ষণাৎ যুদ্ধে পরা-चूब हरेलन। अभन्न, त्राधाराण वनिवासामाना मुक-বিশারদ মত গজেন্তাকার শল্য ও ব্কোদর পরস্পর সমা-হ্বানপূর্বক মুট্যাঘাত ও জাতুপ্রহার বারা ঘোরতর সংগ্রাম করিতে নাগিলেন। ভাঁহারা উভরের প্রচণ্ডবেগে উভরকে व्यक्ति । शायानभाउमन्य मृद्धावां क दिएक नाशित्म। আহাররেগে রগন্তনে ঘোরতর চটচটা শব্দ উঠিল। তাঁহারা ছুই জনে কণকাল ভুমুল সংগ্রাম করিলেন। পরে কুরু-ত্ৰেষ্ঠ ছীম ৰাহ্মারা শ্লাকে উৎক্ষিপ্ত ও ভূতলে পাতিত ক্রিবেন, ভদর্শনে বিজ্ঞাতিমঙল হাস্য করিতে লাগি-লেব। কিন্তু কি আশ্চর্য্য! ভীমসেন শল্যকে ভূতলশারী করিয়াও ভাঁহার প্রাণ বিনাশ করিলেন না। শলা নিপ-

তিত ও কর্ণ শহিত হইলে পর সমস্ত রাজগণ অতান্ত ভीত ছहेबा बुरकामबरक शिव्दावहेन कवितानम, ध्वरः नकता धकवांका छोमार्क्नाक नाधुवान कत्रज कहिलान, धहे दाञ्चनकुमारत्रता काहात शूख, देशांनिरात वान काथाय, তৎসমুদার পরিজ্ঞাত হওয়া উচিত। মহাবল পরভরাম, ন্ত্রোণ ও পাণ্ডুতনয় কিরীটা ব্যতিরেকে, কর্ণের সহিত যুদ্ধ करत, धमन लांक ज़्लारक रक, आहि ? रमवकी यू ठ इस এবং ক্লপাচার্য্য ব্যতিরেকে পৃথিবীতে এমন ব্যক্তি লক্ষ্য হয় না যে, ছুর্য্যাথনের সহিত যুদ্ধ করিতে সমর্থ হয়। বলদেব, পাণ্ডব, বুকোদর ও মহাবলপরাক্রান্ত হুর্য্যোধন ভিন্ন অন্য কোন বীর মদ্রাধিপতি শল্যকে সমরশায়ী করিতে পারে ? ত্রাহ্মণেরা অপরাধী হইলেও জাঁহাদিগকে ক্ষমা করা উচিত, অতএব ব্রাহ্মণের সহিত আর যুদ্ধে প্রয়োজন নাই। তবে यमि উহারা পুনর্বার যুদ্ধার্থী হয়েন, তাহা চইলে আমরা হুইচিতে যুদ্ধ করিব, সন্দেহ পাই। কুষ্ণ কিতীশ্বদিগের এবজ্ঞাকার কথোপকখন এবণ এবং ভীমের সেই অভুত পরাক্রম সন্দর্শন করিয়া তাঁহাদিগকে ক্সীস্কৃত স্থিরনিক্ষয় ক্রিলেন। পরে রাজগণকে সংখাধন পূর্বক বিনয়বচনে কছিলেন, হে ভূপালুবৃন্দ ! ইহাঁরাই রাজকুমারীকে ধর্মত: লাভ করিয়াছেন, তোমরা কান্ত इ9, आत पुष्क अस्त्राजन नाहै।

বিষয়াবিষ্ট রাজবিগণ ক্ষেত্রৰ অফুনয়ে সংগ্রামে বিরত
হইয়া স্ব গৃহত্ব প্রস্থান করিলেন। "অদা রক্ত্রণে ত্রাহ্মণ
জন্মী ইইয়াছেন, এবং পাঞালী প্রাহ্মণ-কর্তৃক বিবাহিতা
ছইলেন" এই কথা বলিতে বলিতে স্থাগত জনসমূহ
প্রস্থান করিল। রৌরবাজিনধারী ভীম ও অর্জ্জন বিপ্রমধ্যে প্রাক্তর হইয়া অতি সাবধানে গ্রুম করিলেন।
ভাঁহারা শক্রহন্ত হিছে বিমুক্ত হইয়া এবং জৌপদীকে
লাভ করিয়া মেঘাবরণ নিমুক্ত পূর্ণিমাশশধরের নাায় ও
প্রদীপ্ত স্থাদেরের ন্যায় শোভা পাইতে লাগিলেন। এ
দিকে প্র্যাদেরের ন্যায় শোভা পাইতে লাগিলেন। এ
দিকে প্র্বাৎসলা পূথা, প্রেরা ভিক্ষার্থে গ্রুম করিয়া
কি নিমিন্ত অধুনাপি প্রত্যাগত হইল না ভাবিয়া, কতই
অনিষ্টশন্ধা করিতে লাগিলেন। তিনি মনে মনে চিন্তা
করিলেন, হয় ত ছুরান্থা ধার্ত্রগার্ত্তী ক্রিয়াছে, কথবা নিলাকণ শক্র নায়াৰী নিশাচরগণ হইতে
কোনরপ অনিটাপাত হইয়া থাকিবে; তাহাবিগের হুর্ভেল্য

মায়াজালে মহাত্মা ব্যাসদেবের মতেরও বৈপরীত্য জান্তির। থাকে। পূথা পুলুলেছে আবৃতা হইরা এবচ্ছাকার চিন্তা করিতেছেন, আকাশমণ্ডল ঘনাবলীতে আচ্ছাদিত এবং সমস্ত লোক সুবুপ্তপ্রায় হইরাছে, এমন সময়ে আর্জ্জ্ন মেঘোপকদ্ধ অপরাহ্রদিবাকরের ন্যায় ব্রাহ্মণগণে পরিবৃত হইরা ভার্থবাসমে প্রেশ করিলেন।

একনবত্যধিক শততম স্মুধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, মহাত্মভাব ভীমাৰ্জ্ন ভাৰ্যব-কর্মশালায় উপত্তিত হইয়া পরম জীতমনে পুথাকে নিবে-पन कतित्त्रन, मांजः। अमा **धक** अमगीय भगार्थ जिकानक হইমাছে। পুথা গুহাভাগুরে ছিলেন, স্বিশেষ পর্য্যবেক্ষণ न। कतियारे পूछितिशतक कहिलान, वरम । यारा धारा হইর্ম্ফু, সকলে সমবেত হঠিয়া ভোগ কর। অনস্তর কুফাকে নয়নগোচর করিয়া কহিলেন, আমি কি কুক্র্ম করিলান। পরে ধর্মভয়ে একান্ত চিন্তাকুলা 'হইয়া পরম-প্রীত যাজ্ঞদেনীর হত গ্রহণপূর্ম্বক যুখিছিলের নিকট গমন कतियां कहिरलम, शूख ! देनि ताजा क्रश्रामत निम्मी, তোমার অমুজ্বয় ইহাঁকে আনিয়া ভিকা বলিয়া আমার নিকট উপস্থিত করেন, আমিও অনব্ধানতাপ্রযুক্ত আজ্ঞা করিয়াছি, ভোমরা সকলে সমবেত হইয়া ভোগ কর। অতএব, হে কুরুশ্রেষ্ঠ ! একুণে যাহাতে আমার বাক্য मिथा। ना इम्र এবং अधर्य जल्लाकुमानी क स्ना करत. এমন উপায় বিধান কর। মতিমান কুফপ্রধীর জননীর এইরূপ উক্তি শ্রবণে ক্ষণকান। চিস্তা করিয়া কুস্তীকে आयोग थानातभूनीक अर्ब्बुनिक कहिलन, ८६ काइन। যাজ্ঞদেনী ভোমার জয়ণত্ত বস্তু, ভোমাতেই ইনি শোভা প্রাইবেন, তুমি অগ্নি সাক্ষী,করিরা যথাবিধানে পাণিগ্রহণ केंद्र ।

করিবেন না, আমি সাধুবিগর্হিত ব্যাপারে প্রবৃত্ত হইব না। আপনি জ্যেষ্ঠ, প্রাথমতঃ আপনার বিবাহ করা কর্ত্তব্য; অন্তর মহাবাহ ভীমের, তৎপরে আমার, তদ-নত্তর নকুলের, পরিশেষে তরস্বী সহদেবের বিবাহ করা উচিত। বুকোদর, আমি, নকুল, সহদেব এবং এই রাজ-

কুমারী, আমরা সকলেই আপনার নিযোজা। অতএব যাহা যশকর ও ধর্মকর হয়, সবিশেষ পর্যালোচমা-পূর্ব্বক আপনি সেই কর্ম্বের অনুষ্ঠান করন, এবং যাহাতে পাঞ্চালেখনের হিত সাধন হইতে পারে আমাদিগকে তদ-ষ্ঠানের অনুসতি প্রদান করুন। আপনি নিশ্চয় স্থানি-বেন, আমরা সকলেই আপনার একাস্ত বশহদ। ভঞ্জি-মেহ সহকত অর্জুনের বাকা প্রবণ করিয়া পাণ্ডুভ**নরের** দৌপদীর প্রতি দৃষ্টপাত করিলেন। তাঁহারা যশস্বিনী ক্ষণাকে নয়নগোচর করিয়া পরস্পার বদন নিরীক্ষণ করত উপবিষ্ট ও তদগত্তিত্ত হইলেন। তাঁহারা জৌপদীর ক্রপলাবণ্যে এক্রপ মোহিত হ্টয়াছিলেন যে, তাঁহাদের ই ক্রিয়গ্রাম প্রমথিত করিয়া অনঙ্গবিকার প্রাত্ত ত হইল। ব্যাধ হয়, বিধাতা সকল নারী অপেক্ষা উৎক্লষ্ট করিবার আশরে পাঞালীর তাদৃশ কমনীয় রূপলাবণাের নির্মাণ করিয়াছিলেন, নতুবা তাহার দর্শনমাত্রেই কেন স্কল প্রাণীর মনোহরণ হইবেঁ।

যুধিন্তির অপ্রজগণের আকার ও মনের ভাব বুঝিতে পারিয়া দ্বৈপায়নের বাক্য সমৃদয় স্থান করিলেন এবং ভেদভয়ে ভীত হইয়া অক্সাদিগকে নির্জানে লইয়া কহিলেন, দ্রৌগদী আমাদিগের সকলেরই ভার্যা হইবেন। মহামুভব ভীমাদি জ্যেষ্টের বাক্য প্রবণ করিয়া ক্রন মনে সেই বিষয়েরই আন্দোলন করিতে লাগিলেন। বৃষ্ণি-প্রবির কৃষ্ণ বলদেব-সমভিবাহারে ভার্বকর্মশালায় গমন করিলেন এবং দেখিলেন যে, অজাভশক্র, অগ্নিভ্লা ভাতৃ-গণে পরিবেষ্টিত হইয়া ভথায় উপবিষ্ট রহিয়াছেম।

অনন্তর বাহ্নদেব, পরম ধার্মিক ঘুধিষ্টিরের নিকট
অভিগমন ও চরণ বলনপূর্বকি আপানার পরিচয় প্রদান
করিলেন; মহাবল বলদেবও ঐরপ আত্মপরিচয় প্রদান
করিলে পর পাগুবেরা আনন্দসাগরে নিময় হইলেন।
তদনস্তর কৃষ্ণ ও বলদেব পিতৃত্বসা কৃষ্ণীর চয়ণে প্রশাম
করিলেন। অজাতশক্র মুধিষ্ঠির কৃষ্ণকে সাদর সন্তামণ ও
কুশলপ্রয় বিজ্ঞাসাপূর্বক কহিলেন, হে বাহ্নদেব! আমরা
গোপনে এখানে বাস করিতেছি, তুমি কিরপে জানিতে
পারিলে? কৃষ্ণ হাস্য করিয়া কহিলেন, রাজন্! আমি
প্রচ্ছয় হইলেও অনামাসে পরিজ্ঞাত হয়; পাওব ব্যতীত
মহুবালোকে অন্য কোন্ ব্যক্তি ঐরপ বিক্রম প্রদর্শন

করিতে পারে ? মহারাক! ভাগাবলে আপনারা সেই ভবদর পাবক ইইতে পরিত্রাণ পাইরাছেন এবং আমানিপ্রেরই অদৃইকলে ছরাত্রা ধৃতরাষ্ট্রতনর ও তদীর অমাতির ছরতিসদ্ধি সিদ্ধ হইতে পারে নাই। এক্ষণে আপনাদিগের হতপ্রায় মঙ্গল পুনর্কার সমৃত্ত হউক, ইন্ধনযুক্ত হতাশনের নাার উত্তরোত্তর প্রীকৃদ্ধি লাভ করুন, প্রার্থনা করি, পার্থিবগণ বেন আপনাদিগের অভ্যাতবাস জানিতে না পারেন। অস্মতি করুন, অধুনা শিবিরে গমন করি। অনস্তর পাশুবকর্তৃক অস্ক্রাত হইরা বাস্থদেব বলদেব সম্ভিব্যাহারে হন্ধাবারে প্রস্থান করিলেন।

দ্বিনবত্যধিক শত্তম অধ্যায়।

বৈশশ্যায়ন কহিলেন, পাঞালাম্মক গুইছায় ভীমান জুনের পশ্চাৎ পশ্চাৎ জার্গবনিকেতনে প্রবেশ করিলেন, এবং সকলের অজ্ঞাতসালে অতি নিভ্ত প্রদেশে বিশীন হইয়া রহিলেন, তৎসহচর পুরুষেরা ইতস্ততঃ গুপ্তভাবে রহিল। সায়ংকাল উপস্থিত হইলে উদারপ্রকৃতি ভীম, অর্জুন, নকুল ও সহদেব ভিক্ষা করিয়া প্রত্যাগমনপূর্মক মুধিষ্টিরকে নিবেদন করিলেন।

অনস্তর বদান্যা কুন্তী ড্রোপদীকে সংখাধন করিয়া কহিলেন, ভারে ! ভূমি ইহার অগ্রভাগ লইয়া দেবতা-দিগকে বলি ও ব্রাহ্মণদিগকে ভিক্ষা এবং উপস্থিত অরা-क्किनिगरक धार्मान कता अनलत अवनिष्टाःन विधा বিভক্ত করিয়া একার্দ্ধ ছব অংশ কর, এবং একার্দ্ধ নাগেল্র-বিক্রম মহাবীর ভীমকে প্রদান কর। ভীম চিরকাল অবিক ভোৰন করিরা থাকে। রাজপুত্রী জৌপদী সাধুবাদ अनानश्रंक कृषीत चार्मन श्राष्टिभागन कतिरम मकरम পরমস্থাথ ভোজন করিলেন। ভোজনাত্তে নকুল ও সহদেব ভূবিতলে কুণশ্যা প্রস্তুত করিলে পর খুপে অজিন বিস্তীর্ণ করিয়া দক্ষিণশিরাঃ ছইব্রা সকলে শরন করিলেন। কুৰী তাঁহাদিগের শিরোভাবে শ্রান হুইলেন এবং द्योभनी छारानिरभन्न भागजरन नवन कन्निरनन । त्योभनी পাওবগৰ সমজিব্যাহারে ভূমিশব্যার শরাল ও ভারা-দিলের চরণোপধানভূত হইবাও কিকিয়াত ছংখিত হই-লেন না, এবং তাঁহাদিগের প্রতি কোনরূপ অনুদান

अमर्गन क कतिराम ना । धरेक्रा कुम्मगा महान कतिश त्मरे बीव श्रक्षका युक्त ७ (मनाम्म्यकीव माना कथा-প্রসঙ্গে ত্রিযামা অতিবাহন করিতে লাগিলেন। তাঁহারা বিবিধ প্রকার অন্ত্র, থড়াা, গদা, পরখধ, গজ ও রথ প্রভ-जित्र विषय वर्गन कतिए लागिरलन। शाकालताकनमन তাঁছাদিগের সমুদয় কথোপকথন প্রবণ করিলেন এবং তাঁহার সঙ্গীলোকেরা কৃষ্ণাকে তদবস্থ দর্শন করিলেন। রাজকুষার গৃত্তমূদ তাঁহাদিগের কথিত বিভাবরীবৃত্তান্ত সমুম্ভ জ্রপদ রাজাকে নিবেদন করিবার নিমিত্ত সম্বর গমন করিলেন। ক্রপদর্মান্ত পাগুবদিগকে স্বিশেষ চিনিতে না পারিয়া সাতিশর বিষয় ছইয়া রভিয়াছেন, এমন সময়ে ধৃষ্টগ্রামকে সমাগত দেখিয়া জিজাসা করিলেন, প্রতা। দ্রৌপদী কাহার সহিত কোথায় গমন করিলেন। তিনি कि कांन शैनकुरगांडव भूज न कांन कांन देवागांत হতগত হইলেন ? আমার মন্তকে ত প্রদিগ্ধ চরণ অর্পিত হয় নাই ? স্থলনিত কুমুমমানা কি খাণানে পতিত ইটন ? कान मैवर्ग कि कान छेख्यवर्ग शुक्रव ट्लोभनीरक इत्रन कति-লেন ? আমার মন্তকে ফৈ বাম চরণ অর্পণ করিল ? অথবা সৌভাগ্যক্রমে জৌপদী, নরোভ্য পার্থের সহিত সঙ্গত হইরা আমাদিগের প্রীতিবর্দ্ধন করিলেন ? হে মহামুভব ! তুমি যথার্থ করিয়া বল, কে আমার কন্যাকে গ্রহণ করি-রাছে ? যথার্থই কি পার্থ শরাসন গ্রহণপূর্বক লক্ষ ভেদ করিয়াছেন ?

चन्नवत भीके ममाश्र ।

दिवाहिक श्रवाधाय।

ত্রিনবত্যধিক শত্তম অধ্যায়।

বৈশশারন কহিলেন, ছে মহারাজ! রাজকুমার
বৃষ্টিছায় পিতৃকর্ভ্রুক পরিপৃট হইরা হাইচিতে বর্থাবৎ বৃজ্ঞাত
বর্ণন করতঃ কহিজেলাগিলেন, ছে পিতঃ! যিনি দেবভূশ্য
ক্লেণ্ডান্ ক্লাজিনধারী, বাহার নরন্যুগল আরত ও
ক্লেভিডার্গ, বিনি নেই ধর্মক ভাগাবিরোগণ করিরা
বিনালানে লক্ষাবিদ্ধ করিরাছিলেন, বে ভাগারী বিভাগাকর্ত্রুক পরিবেটিত ও পূলামান হইরা দেবভা ও অবিগ্রে

পরিবৃত দানবসভাপ্রবিষ্ট স্থারাকের ন্যায় গমন করিছে লাগিলেন, কৃষ্ণা সানন্দিত নাগবধ্র ন্যায় সেই নাগেলেতুল্য বীরপুরুবের অভিনগ্রহণপূর্বক তাঁহার অমুবর্তিনী
হইলেন।

অনস্তর সেই ক্ষিতি সমাজে কোন ভূপাল এক প্রকাণ্ড महीकृष्ट উৎপাটনপূর্ক সমাগত রাজগণকে অবরোধ कतिराम । एक नरत्र । छ न्या प्राप्त । एक वी त्र वृश्न ममच भार्थिवशन-नमरक क्रिकाटक श्रव्मक्रिक नगरतन विश्विशिष्ठ ভार्शन समित्र अर्थभानाम शमन क्रिटन्ता । তথার অবিকল সেই ছুই জনের ন্যার আর তিনটি মহা-বীর ও অগ্নিশিধার ন্যায় তেজসিনী এক বৃদ্ধা উপবিষ্ট ছिल्लन । द्वांथ इय, के वृक्षा छार्रां किरगत कननी इरेटबन । অনতর ভাহারা ছই জন সেই ব্রীয়নীর চরণে অভিবাদনপূর্বক কৃষ্ণ#ক প্রণান করিতে কহিলেন, **जर** कुका **जरे** हात्न थाकित्नन, जरे वनित्रा मकलें जिकार्थ अमन कदिलन। कृष्ण जाहापिरशत আছত ভৈক্য গ্রহণপূর্বক তাহার অগ্রভাগ দেবগাৎ ও বিপ্রসাৎ করিয়া সেই বন্ধা ও সেই সমস্ত নরপ্রথীরদিগকে পরিবেশন করিলেন, পরিশেষে স্বরং ভেজিন করিলেন। দ্রোপদীও ভাঁহাদিগের পাদোপাধানস্বরূপ পদতলে শ্রন করিলেন। শর্মান্তে তাঁহারা গভীরগর্জনম্বরে বিচিত্র কথা সকল কৃহিতে লাগিলেন, কিন্তু তাদৃশ কথা প্রসঙ্গে ব্রাহ্মণ, বৈশ্ব ও শৃদ্রের কোনপ্রকার উপযোগিতা নাই; অতএব নিশ্চরই বোধ হইতেছে, তাঁহারা ক্ষত্রকুলজাত इटेर्दिन, नजूरी तुरक्षत कथांत्र छाँशांकिरगत এত সমानत (कन ? याहा इडेक, এত मित्न आमामिश्वी आना कनवडी হইল। ওনিরাছি, পাওবেরা অগ্রিদাহ হইতে মুক্ত হই-য়াছেন। বোধ হয় তাঁহাদি গেরই অন্যতম শরাসন সজা ও লক্ষ্য বিদ্ধ করিয়াছেন। আর এরপ জনশ্রতি হইয়াছে ए, शाखरवत्रा श्राष्ट्रवादान (मान त्मान क्रिएड-(571

তথন ক্রপদ রাসা হটচিত্তে প্রোহিতকে আহ্বান না । সতএব ছবি
করিয়া কহিলেন, হে ক্রিলাভম ! আঁপনি ভার্গবক্ষন করিয়া লক্ষ্যবেশকারী বীরপ্রচয়ের কুলনীকের
পরিচয় জিল্লাসা করন। প্রোহ্তি রূপভির আদেশান্তসালে তথার উপনীত হইল্লা বাসাক্ষরপুর্বক তারাদিগের

ভূরি ভূরি প্রশংসা করিরা সমগ্র রাজবাক্য অবিকল
কহিতে লাগিলেন। মহারাজ পাঞ্চালেরর আপনারিগকে
ভানাইরাছেন যে, ভিনি নেই লক্ষ্যবেদ্ধাকে লরমক্ষ্যের
করিরা অপার আনক্ষসাগরে কর হইরাছেন। ভিনি
কহিরাছেন, আপনারা অরাভিমতকে পদালার এবং
আমার ও আমার আত্মীরবর্গের ফদর আমন্দিত করির।
মহারাজ পাও জপদের প্রির স্থা ছিলেন, ভরিনিত ভাঁছির
নিতান্ত মাসনা যে, তিনি আপন ছহিতা কোন কোরবকে
সম্প্রদান করেন। তাঁহার অভিলাব এই যে, অর্জ্ন
তদীর কন্যার পাণিগ্রহণ করেন, তাহা হইলেই তাঁহার
পুণ্যকীর্ত্তিও স্করতি সকলই চরিতার্থতা প্রাপ্ত হর।

পুরোহিত সমুদায় নিবেদন করিয়া ক্ষাস্ত হইলেমছাত্ম-ভাব যুধিষ্ঠির অতি বিনীতভাবে তাঁহাকে সন্দর্শন করিয়া र्ममीभन्न जीमरक कहित्वन, हेहाँ कि शामा अ अर्था ध्यानन কর। ইনি জ্রপদ রাজার অতীব মান্য প্রোহিত, ইহাঁকে অধিকতর পূজা করা কর্ত্তবা ও ভীম জ্যেষ্ঠের নিদেশামু-সারে তৎসমুদার সম্পাদন করিলে ব্রাহ্মণ পূজা পরিপ্রছ कतियां ऋष अधानीन इरेलन। वृधिष्ठेत कहिलन, পাঞ্চালরাজ ফ্রপদ যেমন নিকাম হইরা ও ধর্মপথে দ্ষ্টি রাধিয়া কন্যা পণিত করিয়াছেন, তদকুরপ কার্যাও করিরাছেন। তিনি তবিবয়ে কুল, শীল, প্রধান 🗷 মাতির কোন অপেকা করেন মাই। তাহার ক্রিভেডা ছিল. বিনি কাৰ্দ্দ সজা এবং লক্ষাইক্ষাতে সমৰ্থ इटेरवन, **जिनिहे कनातिक नाक** के ब्रिटवन । महाबा অব্নই সমত রাজমঙ্গ হইতে কুঞাকে এরণ ঘটরাছে বলিরা তাঁহাকে ভ করিতে নিবেধ করিবেন। তাঁছার এই কমাটি অবি রপবতী ও ত্লকণসম্পন্না ; বোধ ক্রুর, অভিরাধ কার্যার্নী मानावाश पूर्व इटेरत । तमहे कार्य एक खनरवाकमा कर्ना হীমবল ব্যক্তির অসাধ্য এবং অকুভাত্র নীচকুসভাত ক্ষতি কোনজবেই সেই মুর্ভেন্য লক্ষ্য পাতিত করিতে পারে না ৷ অতএব ছহিভার নিমিত্ত পাঞ্চালরাজের পরিভার করিবার আৰুশাকত। লাই। বুধিটির পুরোহিত সমার धरे नमस क्या विमाखाएम, देखादमात बालाधातिस অপর এক ক্রাক্তি ভোজা নিবেদন ক্ষরিবার নিবিত তথার

চতুর্বক্রধিক শততম অধ্যায় ।

हिन्न, क्रानम-वित्रयाजीयगटणत्र निमिख व्यक्ता९-জ্রব্যের আরোজন করিয়াছেন, আপনারা তথার গমম ক্রিয়া জৌপদীর পাণিগ্রহণপূর্বক সেই সমস্ত জব্য এখানে বিশয় করিবার আর ্রাজন নাই। এই সকল কাঞ্চন-পদাপ্তিত, সদশ্যুক্ত, ব্লীজোচিত রথে আরোহণ করিয়া জ্রপদভবনে আগমন করুন। পাওবগণ দৃতমুধে এই কণা শ্রবণ করিয়া পুরোহিতকে অত্যে প্রেরণ করিলেন, এবং কুম্বী ও দ্রোপদীকে এক যামে আরোহণ করাইয়া আপনারা অপর অপূর্ব্ব যানে আরোহণপূর্ব্বক যাত্রা করিলেন। ধর্মরাজ পুরোছিতের বচন এবণ করিরা যাহা কহিরাভিলেন, ভদারা তাঁচাদিগকে কৌরব বলিয়া জানিতে পারিয়া ক্রপদরাজ নানাপ্রকার ত্রব্যসামগ্রীর আয়োজন করিয়া রাখিলেন। তাঁহারা উপত্তিত হইলে সেই সকল পবিত ফল, মাল্য, বর্দ্ম, চন্দ্ম, গো, রজ্জু, ক্রিনিমিত্তক নানা: প্রকার বিজ; অন্যান্য শির্নিমিত্তক ত্রবাসামগ্রী ও ক্ৰীড়ানিমিত্তক বিৰিধ বস্তুজাত এবং অখ, রধ, স্থতীক শর, শরাসন, ধ্রুগা, শক্তি, প্রাস, ভূষুণ্ডী ও পরশুপ্রভৃতি সাংগ্রামিক জবা, ও রত্তমন্ত্র শ্রাা ও বিবিধ বসনভূষণ छांशांतिगरक छेलहांत्र खानान कतिरानन।

কৃত্তী ফ্রোপদীকে গইয়া জপদের অন্তঃপুরে প্রবেশ করিলের। তত্ত্ব জীপণ কৌরবরাজপত্নীর পরিচর্যা। বিতে ক্রিক্রিরান। নহাপুরুব লক্ষণাক্রান্ত, অজিনোত্ত্রীর বিপ্রের্ক্তিরা ওবলিগকে নয়নগোচর করিয়া রাজা, রাজ-নার, ক্রিন, ভূতা ও রাজার স্থক্তর্গ, সকলেই আনন্ধ-ক্রাহে নিমন্ন হইলেন। পাওবেরা গৃহপ্রবিষ্ট হইয়া ক্রাহে নিমন্ন হইলেন। পাওবেরা গৃহপ্রবিষ্ট হইয়া ক্রাহের উপবেশন করিলেন। অনন্তর দান, দানী ও ক্রাহের উজলে বেশভ্বা পরিধানপূর্বাক স্বর্ণপাত্তে বিভিন্ন উল্লেখ্য ক্রাহ্ন অন্তর দান, দানী ও ক্রাহের উজলে বেশভ্বা পরিধানপূর্বাক স্বর্ণপাত্তে বিভারের। উজলে বেশভ্বা পরিধানপূর্বাক স্বর্ণপাত্তে বিভারের। উজলে বেশভ্বা পরিধানপূর্বাক স্বর্ণপাত্ত করেও ও প্রীত হইলেক। জনত্ত্ব উপনীক্ত অন্তর্কার সমস্ভ ধনস্পত্তি পরিভারাক পুর্বাক কেরল সাংগ্রাহিক করা লইবার বার্না ক্রিলেন। ভিছ্বনি রাজা, রাজপুর একং মন্ত্রিক বটমনে কুন্তীতনয়দিগকে সাধুবাদ প্রদান করিতে বাগি লেন।

় পঞ্চনবত্যধিক শতত্ম অধ্যায়।

বৈশশ্পায়ন কহিলেন, হে ভরতবংশাবতংস জনমেজন্ম! তদনন্তর পাঞ্চালরাজ যুখিন্তিরকে আহ্বান করিয়া
রাজবিধানুসারে বিবাহ দিবার অভিপ্রায়ে জিল্ঞাসা করি
লেন্যু আপনারা রাজণ কি ক্ষত্রিয়, কি গুণসম্পন্ন বৈশ্য
কিন্তা শুল, অথবা কোন দেবতা মারা করিয়া রাজাণবেশ
ধারণপূর্বক ইতন্ততঃ ত্রমণ করিতেছেন ইহা কিল্পপে
জানিতে পারিব। দৌপদী সন্দর্শনার্থ অনেকানেক দেবগণ আগমন করিয়াছিলেন। অত্তাব আপনি কে ? সত্য
করিয়া বলুন, আমার মনে মহাইসকলে উপস্থিত হইয়াছে। হে পরস্তপ! আপনি সম্দায় সত্য করিয়া বলুন;
সত্যই রাজানিগের অতীব আদরণীয়; অভীইসিজির
ব্যাঘাত জন্মিলেও তাঁহাদের মিধ্যা কথা বলা উচিত নহে।
হে অরিন্দম! তোমার নিকট বধার্থ ওল্ব অবগত হইয়া
আমি বিধিপূর্বক বিবাহের উদ্যোগ করিব।

যুধিষ্ঠির কহিলেন, রাজন্! উলিয় হইবেন না, প্রাতি
লাভ করুন, আপনার মনোরথ সম্পূর্ণ হইল। আমরা
ক্ষিত্রের, মহাত্মা পাঙ্র তনর, সাধুশীলা কুন্তী আমাদিগের
জননী; আমি সর্ক্ষেষ্ঠি, আমার নাম যুধিষ্ঠির; ইইাদিগের
একের নাম ভীমসেন, অপরের নাম অজ্ঞ্রন, ইইারাই
রাজসভার আপনার কন্যাকে জর করিয়াছেন। আর
বে স্থানে জৌপদা রহিয়াছেন, তথার নকুল, সহদেব ও
জননী অবস্থিতি করিতেছেন। ছে নরর্বভ! আমরা ক্ষত্রির,
আপনি মনোছংখ দ্র করুন। আপনার ক্ষন্যা পল্মিনীর
ন্যায় হল হইতে হ্রদান্তর প্রাপ্ত ইলেন, মহারাজ! আপন
নাকে এই সমুদার বথাপ্ত তত্ত্বিনিবদন করিলাম, আপনি
আমাদিগের পর্যম পূজনীয় ও আশ্রম্ভান।

ক্রণদরাক যুধিটিয়ের বাকা এবণ করিরা আজাদে কণকাল বাঙ্পত্তি করিতে অসমর্থ হইলেন। পরে বড়-পূর্বক হর্কোৎকুরলোচনে হর্বোজেক কিঞ্চিৎ সম্বরণ করিরা ক্রিলেন, ভারুষরা কিরণে রাজ্যচ্যত ও নগর হইতে বহিন্নত হইলে। যুধিটির আমুপ্র্বিক সমন্ত বৃত্তান্ত রাজাকে নিবেদন করিলেন। রাজা শ্রণ করিয়া বার্যার গুতরাষ্ট্রের নিন্দা করিতে লাগিলেন, এবং তাঁহাদিগকে রাজ্য প্রাদান করিবেন, এইক্লপ প্রতিশ্রত হইরা ব্ধিষ্ঠিরকে আখাসিত করিলেন।

जनस्त कृती, कृष्णा, श्रीम, चर्कान, नकृत ও महामव नुशानिष्ठ इहेन्ना छत्रान अर्थान कत्रितन। उथात्र यख्यामन কর্ত্ত পুজিত হইরা উপবেশন করিলেন। পরে প্রত্যাশস্ত রাজা পুলের সৃহত মিলিত হুইয়া যুধিষ্টিরকে কহিলেন, অদা ভত দিবস, অতএব অর্জুন আত্যুদরিক ক্রিয়'ডে (मो भिनी त भागि शहर कक्रन । यूधि है त कहितन, ताकन ! আমারও দারসক্ষ কর্ত্তব্য হইরাছে। ক্রপদ প্রত্যুক্তর করিলেন, আপনি আমার কন্যার পাণিগ্রহণ করুন, অথবা আপনার মনোনীত ব্যক্তিকে বিবাহ করিতে অনুমতি कक्रन। युधिष्ठित कहिलिन, महागत्र ! शृट्स खननी अञ्-मिं कतित्राष्ट्रिन, ट्लोभेनी जामानिश्वत नकरलबरे महियी ब्हेरलेन। आमि अन्।ानि नात्रनिखंह कति नाहे धवः ভামও অকৃতবিবাহ। অর্জুন আপনার কন্যারত্ব জয় করিয়াছেন বটে, কিন্তু আমাদিগের ল্রাতৃগণেরমধ্যে নিয়ম আছে যে, যে কোন উৎকৃষ্ট বন্ধ প্রাপ্ত হুইলে আমরা তাহা সকলে একত্র ভোগ করিয়া থাকি : মতএব আমরা কোনজমেই চির আচরিত নিরম লজ্জন করিতে পারিব ना ; क्रका धर्यं डः आमानितात्र मकत्न्द्रहे महिरी इंटरन। অগ্নি সাক্ষী করিয়া আমাদিগের জোঠাদি ক্রমে তন্যার পরিণয়জিয়া সম্পাদিত কণ্ণন। জপদ কহিলেন, হে क्कननन। এक পুরুষের বহু পত্নী বিহিত আছে বটে, কিন্তু এক স্ত্রীর অনেক পতি কুত্রাণি প্রবণগোচর করি নাই। তুমি অতি পৰিবস্বভাব ও পরম ধার্মিক, তোমার এরপ কথা উত্থাপন করা অত্তিত। লোকাচার ও বেদ-বিরুদ্ধ অধর্ম কর্মের অনুষ্ঠান করা কদাচ তোমার উচিত হয় না। যুধিছির কহিলেন, মহারাজ। ধর্ম অতি ক্লু-शमार्थ, शर्यात शिंड **जा**मता किছु हे सानि ना, शर्य श्रुक्त व-দিগের **আচরিত** শৃষ্ঠিক্রমেই চলিয়া থাকি। আমার মূথে অনুত বাক্য কদাচিৎ উচ্চারিত হয় না, এবং আমার হানরেও অধর্ম কলাচ স্থানলাভ করিতে পারে লালা বিশে-गठः बामानिश्वत सन्त्री ध विवरत चाराण अनान कतित्रा-ছেন, আমারও ইছা মনোগত বটে। রাজন । ইছা সনা-

তম ধর্ম, আপনি ইহার অনুষ্ঠান কক্ষা, কিঞ্চিন্তার শবিত হইবেন না। জপদ কহিলেন, হে ক্ষেত্রের! কবা সুষি ও তোমার জননী এবং গুইহার, জোনার সকলে । তি-কর্ত্তব্যতা ছির করিয়া বাহা বলিবে, গুহাই করিব বৈশম্পায়ন কহিলেন, রাজন্! তাহারা সকলৈও মিলিত হইয়া বিবাহ বিষয়ক এইরূপ কথোপকথন করিছে, ইত্যবসরে যদ্ছাক্রমে মহর্ষি বৈপায়ন তথার সম্পাত্র হইলেন।

ষধবত্যধিক শততম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, মহারাজ ! মহান্মা হৈপায়নকে সমাগত দেখিয়া পাওবগণ ও মহাবশাঃ পাঞাল্য গাতো-থানপূর্কক অভিবাদন করিলেন। মহর্ষি তাঁহাদিগের প্রদত্ত পূজা প্রতিনন্দনপূর্বক কুশল জিজাসা করিয়া পবিত্র কাঞ্চনাসনে সমাসীন হইলেন। তাঁহারা আদেশ-ক্রমে সকলেই মুহার্হ আসনে উপবেশন করিলেন। অন-ন্তর মূহর্ত্তকাল গত হইলে রাজা জৌপদীর নিমিত ঋষিকে मधुत्रवाटका किळाणा कतिरामन, छशवन ! धका त्मीभनी কিরূপে অনেকের ধর্মপত্নী হটুবেন? কিন্তু সঙ্কার হইবেন না, ইহা কিরূপে ঘটতে পারে, আপ📳 এ বিষয়ে योश यथार्थ इस, आका कक्रन। वामार्क्रीत कहिलान, লোকাচার-গর্হিত ও বেদবিরুদ্ধ এই ছরক্ষ্মীরার ধর্মবিবরে তোমাদের কাহার কি মত আমি অগ্রেম তাহা শুনিতে বেদবিরুদ্ধ আমার মতে তাহাই অধর্ম ; হে গালেজোত এক রা বছ পুরুদের পদ্নী ইছা কদাপি দৃষ্ট হয় शक्ति। इस মহাত্মা প্রাচীন প্রবদিগেরও আচরিত ধর্ম ই মুছে, এই खगावन वाक्तितां अक्षम धक्त भ धार्यत अस्क्रीमहमा अदिवस না, অতএব আমি এবিষয়ে কি কর্ত্তব্য কিছু স্থিয়াত : ক্ষিট্রু পারিতেটি নাঞ ইহাতে আমার সম্পূর্ণ সন্দেশ্বতেই উপাত্ত रहेबाए ।

র্ইহার ক্রিলেন, হে তপোধন ! সৈরোজ্যি অনীল জী সদাচারজালর হইরা কনির প্রাতার ভার্ত্বলার কিলপে গমন করিবেন। ধর্ম অতি প্রমাণার্থন বিবাদ বার্ত্বর বতি আমর্না কিছুই আনি না, স্ক্তরাং ধর্মাধুক্ত বিশ্বর নিশ্চর কর आपिश्राम् आयानि मिश्रास्त

অতএব রুফা বে পঞ্চ বামীর মহিবী নরা কোনরপেই ধর্মতঃ অনুমোদন রুষিটির কহিলেন, হে ব্রহ্মন্! আমার

বাক্য নিঃস্ত হর না এবং আমার অধর্মের প্রবেশাধিকার নাই। অতএব যধন এ বিষয়ে সম্পূৰ্ণ মত হইয়াছে, তখন আমি ইহাকে ানক্রমে অধর্ম বলিতে পারিব না। পুরাণে প্রবণ কৰিয়াছি, ধর্মপ্রায়ণা জটিলানায়ী গৌতমবংশীয় এক कता। माठ कर श्रवितक विवाह करवन । धवः वाकीनाशी युनिकना। প্রচেতা নামক প্রাতদশের সহধর্মিণী হয়েন। বিশেষতঃ পঞ্জিতেরা কহিয়াছেন, গুরুলোক যাহা অনুমতি कतिरवन, जाहारे धर्म ও निःमः भरत अमू र्छत्र : अक-লোকের মধ্যে মাতা পরম শুরু, তিনি আজ্ঞা করিয়াছেন, লক্ষ্যতা ভিক্লাৰ্জিত বন্ধর নাায় সকলেই ভোগ কর। অতএব হে হিজোভ্যশ ইছা পরম ধর্ম বলিয়া আমার বোধ হইতেছে। কৃষ্টী কহিলেন, ধর্মাত্মা যুধিষ্ঠির যাহা কহিলেন, আমি ভাহা কহিয়াছি বটে। অংমি অনুত বাকো সাতিশয় ভার করিয়া থাকি, কিরুপে এই মিথাা হইতে পরিত্রাণ পাইব। ব্যাসদেব কহিলেন, হে ভল্তে। অনুভ হইতে পরিতাণ পাইবে। জুমি বাহা করিয়াছ, তাহাই সনাতন ধর্ম, হে পাঞাল ৷ আমি ইহার নিগৃঢ় তত্ত্ব সর্ম্ম সমক্ষে ব্যক্তি করিব না। যেরপে উক্ত ধর্ম বিহিত ও স্নাত্ন বলিয়া নির্দিষ্ট হইয়াছে, ডাহা কেবল আপনিই ভনিতে পাইবেন। কৌছের বাহা কহিরাছেন, ভাহা আছত ধৰ্ম বটে, ভাহাতে আর কোন সন্দেহ নাই।

তদনভর ভগবাৰ বৈপারন গাতোখান করিরা ক্রপদের ভরগ্রহণপূর্বক রাজভবনে প্রবেশ করিলেন। যে স্থানে ভীছারা প্রতীক্ষা করিতেছিলেন, তথার গাওবগণ, কুন্তী এবং ধুইছার গমন করিলেন। পরে মহর্বি ব্যাস, বহু বাজির একপদ্বিতা বে ধর্মবিক্লম্ব নহে, এই বিষয় বাজাকে মালতে ভারভ করিলেন।

সপ্তনবজ্ঞানিক শততম অধ্যায়।

বাাসদেৰ কহিলেন, হে রাজন্! পূর্ব্ধে দেবভারা নৈমিবারণ্যে এক মহাসত্ত ভারত্ত করেন। সেই সত্তে

বৈবস্বত যম ব্ৰতী হইয়াছিলেন। তিনি যজে দীকিত হইয়া অবধি প্রজাবিনাশরণ স্বীয় কর্ত্তবা কর্মে বিরত থাকেন, স্থতরাং অনতিকাল বিলয়ে প্রজাসংখ্যা বহল হট্রা উঠিল। সোম, ওক্র, বরুণ, কুবের, রুদ্র, বস্থুগণ, অখিনীকুমার এবং অন্যান্য দেবতারা মিলিত হইয়া বিশ্বপ্রণেতা প্রজাপতির নিকট গমন করিলেন এবং मर्खानाक-शिडांमहरक निर्दानन कतिरानन, रह रानाकनांग! আমরা মমুষ্যসংখ্যার বৃদ্ধি দেখিয়া সাতিশন্ন ভীত হইয়াছি, এখাঁণে বাছাতে নিক্ষিয়টিতে হুখে কাল্যাপন করিতে পারি এই আশরে আপনার শরণাগত হইলাম। পিতামহ কহিলেন, তোমরা অমর, মনুষাজাতির নিকট তোমাদের ভরের বিষয় কি ? দেবভারা কহিলেন, মর্ত্যদোক দেব-লোকতৃলা হইয়াছে, কিছুমাত্র বিশেষ নাই, এই নিমিত্ত আমরা উদ্বিগ্ন হইরা প্রভেদকরণ মানসে আপনার নিকট আগমন করিলাম। ভগবান প্রত্যুত্তর করিলেন, যম মুজে ব্যাপৃত রহিরাছেন বলিয়া লোকের মৃত্যু হইতেছে না। তাঁহার সত্ত্রসমাপনানম্ভর নরলোকের অস্তকাল উপস্থিত হইবে। তোমাদিগের বলবীর্য্যে যমের শরীর অলক্ত ७ प्रवन इहेब्रा छेब्रिटिं। ७९काल नवरनारकंब स्मीर्ग, वीयां शकित्व ना ।

তাঁহারা বিধাতার বাকা শ্রবণানন্তর যে স্থানে দেব-ভারা যক্ত করিভেছিলেন ভথার যাত্রা করিলেন। পথে গমৰ করিতে করিতে তাঁহারা বিশ্রামার্থ ভাগীব্ধীতীরে উপবেশন করিলেন। ইত্যবস্ত্রে গঙ্গাল্পলে একটি স্থবর্ণ পদ্ম তাঁহাদের নয়নগোচর হইল। তদ্দর্শে তাঁহারা সাতি-শয় বিশ্বয়াৰিষ্ট ফ্ইবেন এবং তাহার তথ্যামুসন্ধানার্থ মহাবল ইক্র সরিকটস্থ প্রাদেশে ভ্রমণ করিতে করিতে দেখিলেন যে, যে স্থানে ভাগীরণী প্রভুতরূপে প্রবাহিত ररेए हन, त्नरे शान धकाँ कामिनी बनार्थिनी रहेश গলার অবগাহনপূর্বক রোদন করিতেছেন। জাঁহার অশ্র-বিন্দু গছাজলে পভিত হইয়া কাঞ্চনপল্লপে পরিণ্ড হইতেছে। ইক্র সেই অমুভ ব্যাপার অবলোকন করিয়া নিকটবর্ত্তী হইয়া জিজ্ঞাসা করিলেন, ভল্লে ! তুনি কে ? কাহার নিমিত রোগন করিতেছ? তাহা বথার্থ করিরা ৰল। ললনা কহিলেন,হে-দেবরাজ। আমি বেনিমিত্ত রোগন করিতেছি, আমার সমতিব্যাহারে কির্দুর গমন করিলে

তাহার সবিশেষ জানিতে পারিবেন। তৎশ্রবণে ইক্র সেই
ত্রীর পশ্চাৎপশ্চাৎ গনন করিয়া অনতিদৃদ্ধে দেখিলেন, এক
পরম স্থান্দর যুবা পুরুষ গিরিরাজনিথরোপরি সিংহাসনে
অধ্যাসীন হইয়া এক সর্বাঙ্গস্থানী যুবতী স্ত্রী সমভিব্যাহারে পাশক্রীড়া করিভেছেন। দেবরাজ যুবাকে পাশক্রীড়ায় আসক্ত ও অভ্যাগত-সংকার-বিমুখ দেখিয়া
ক্রোধন্ডরে কহিলেন, এই ভূমগুল আমার অধীন, আমি
ইহার প্রাত্ত; আমার সম্চিত সংকার না করিয়া পাশক্রীড়ায় প্রমন্ত থাকা অত্রীব অমুচিত।, তথন সেই ইদ্ব
ইক্রকে কুদ্ধ দেখিয়া ইবং হাস্য করত তাঁহার প্রতি
দৃষ্টিপাত করিবামাত্র দেবরাজ, তৎক্ষণাৎ স্থাণুর ন্যার
স্থান্ত হইয়া রহিলেন।

পাশক্রীড়ার সমাপনানস্তর নহাপুরুব সেই রোক্রা-माना खोटक कहिटलन, ठेटाटक यागात निकटि यानवन কর ্েজামি ইহাকে এরূপ উপদেশ প্রদান করিব, মাহাতে ইছার শরীবে পুনর্কার দর্প প্রবেশ না করে। তথ্ন সেই স্ত্রী ইন্দ্রাক স্পর্শ করিবামাত্র তদীর অঙ্গ প্রতাঙ্গ সকল শিথিল হওয়াতে তিনি তৎকণাৎ ভূতলে পুতিত হইলেন'৷ ইক্রকে ভদবত্ত দশনে ভগবান্ উত্তেজা কহিলেন, কে শক্ত। পুনঝার এরূপ কদাচ করিও না। তুমি অপরি-মিত বলশালী, অতএব এই পর্বত উত্তোলনপূর্বক যে বিবরে স্থোর নাায় তেজ্পী ভবাদৃশ ব্যক্তিরা স্মাসীন আছেন; সেই ছিদ্রে ভূমিও প্রবেশ কর। ইক্র সেই বিবরামুসন্ধানপুর্বাক তথ্যধা প্রবিষ্ট হউয়া তুলাতেজ অন্য চারি জনকে দৈথিতে পাইলেন। তাঁহাদিগের তাদুশ ন্যায় হইতে পারিব না' ছ:খিতননে এইরূপ বিত্র क्रिटिंग नागित्नम ।

অনস্তর ভগণান্ মহাদেব ক্রুদ্ধ হটয়। নেত্র বিকারণ পূর্বাক ইল্লাকে কহিলেন, হে শতক্রতো ! জুমি বালসভাব স্থাভ চপলতায় আমাকে অপমান করিয়াল, অতএব তোমাকে এই গুলামধ্যে প্রবেশ করিছে হটবে। দেবরাজ মহাদেব কর্ত্ব এইরূপ অন্থভাত হইয়া ভরে গিরিরাজনম্ভকে প্রন্টালিত অশ্বপ্রের নায়ে কল্পিত হইতে লাগিলেন। পরে বিবর-প্রেকেশ্বন্তরে ক্রভাঞ্চিপ্টে জিলোচনকে নিবেদ্ধ করিলেন, ভগবন ! অলাবিধি আপ-

নাকে এই অশেষ ভ্বনের রক্ষণারে ।
তংশ্রবণে দেবদেব হাস্য করিয়া কা
গর্কিত লোকের অধিকার-যোগ্য নহে।
তোমার নাায় গর্কিত ছিলেন; অতএব
হৈ
হইয়া সকলে একত্র কাল্যাপন কর। অধুন।
যীয় গর্হিত কর্ম্মলেল মন্ত্রাযোনি প্রাপ্ত হও।
জনাস্তরীণ স্ব স্ব কর্মকলার্জিত নহার্হ ইক্সলোকে পুনর।
গমন করিবে। তোমাদিগের যাহা যাহা কর্ত্বা তৎসমুদ্র আদেশ করিলান।

শিববাক্য প্রবণ করিয়া ভূতপুর্কেন্দ্রেরা কহিলেন, হে প্রভো! আমরা দেবলোক পরিত্যাগপুর্কক, যে স্থানে মোক অতীব চুম্পাপ্য, দেই নরলোকে গমন করিব; কিন্ত ধর্ম, বায়ু, ইক্স ও অধিনীকুমার, ইহারাই যেন কোন নামুবীর গর্ত্তে আনাদিগকে উৎপন্ন করেন। ইহা প্রবণ করিয়া ইক্র মহাদেবকে পুনর্কার কহিলেন, আমি স্বীয় ণীর্য্যে কার্যাক্ষম এক পুরুষ উৎপাদন করিব, তিনি ইটা-দিগের পঞ্চম *হ*উবেন। ইন্দ্রের এবস্থাকার বিনতিতে সমত হইয়া ভগৰান উত্তাহেলা ভাঁহাদিগকে স্ব স্ব অভীষ্ট थाराम कतिराम धदः राक्तिमामञ्जा रम्हे नामारक ॐ!हानिश्व कार्या निर्मिष्ठ कवित्तन। व्यनखन महात्तव ভাহাদিগের সমভিব্যাহারে নারায়ণ স্থাপে উপনীত হই-লেন। নারায়ণ মহাদেবের নিকট সমস্ত বৃদ্ধান্ত প্রবণ করিয়া তাঁহার নির্দিষ্ট নিয়মে অনুমোদন করিলেন। পরে ধর্মপ্রভৃতি দেবগণ ভূমওলে অবতীর্ণ ছইলেন। ভাছার বিদায় হইলে নারায়ণ স্বীয় মন্তক চইতে কেশ্রুগণ উ পাটন করিলেন। তন্মধ্যে একটি শুক্ল, বিতীয়টি কৃষ্ণবর্শ সেই কেশ্যুগল বছুকুলকামিনী দেবকী ও কোহিনীটো ममाविष्ठे कहेता। एक किन बनामनकार धवर क्रक कि কেশবরূপে অবতীর্ণ ইইলেন : তরিমিন্তই লোকে কালুং দেবকে কেশ্ব কভে।

পূর্বে ইক্ররণী যে সভাপুরুষেরা অন্তিষ্ঠাক নিবৰ ছিলেন, তাহারাই পাওবরূপে ভূমওলে অবতীর্ণ হইলেন এবং ইক্রের অংশে স্বাসাচী অর্জ্ন জন্মগুরুণ করিলেন পূর্বেক্রণণ এইরূপে পঞ্চপাওব হইলেন এবং জাহানিগের বনিতা হইবার নিমিত সহাদেবের উপদেশক্ষমে লক্ষী দৌপদীরূপে আবিভূতা হইবেন। মহারাজ টেক্রেসংযোগ

ধরণীতল হইতে অনোকসামান্য ত পারে !!

মি প্রীতিপূর্বক তোমাকে অত্যান্চর্যা করিতেছি, তুমি সেই দিবা চকু উন্মীনন জানিতে পারিবে, কুস্কীতনয়েরা পবিত্র দেহ ধারণপ্রক জগভীতলে বিচরণ করিতেছেন। শ্বিষাস স্বীয় তপঃপ্রভাবে রাজাকে দিবা চক্ষ প্রদান করিলেন। রাজা তদারা দেশিতে পাইলেন, পাওবেরা অতি পৰিত্র প্রবর্ধ শরীর ধারণ করিয়া রহিলেন। তাঁহা-দিগের মন্তকে হেমকিরীট ও দর্মাঙ্গে বিবিধ অলহার দীপ্তি পাইতেছে। স্কুচারু রুণনাবণাসম্পন্ন তপনতন্য তেজন্বী সেই ভাষাপাৰ পরিষ্কৃত দিবা বস্তু এবং সুগর ও ব্রমণীয় মালা ধারণ করিয়া অনিক্চিনীয় শোভমান চুট্যাছেন। ब्रांको ज्लान रमटे भद्रम छन्द एउश्रम डेखानिशस्य नवन-পোচর করিয়া এবং ইক্সপ্রতিম মবাকে ইক্সার্জ প্রবণ করিয়া যুগপৎ প্রীত ও বিশ্বিত হইলেন। তিনি মায়াময়ী ্জৌপদীকে সাক্ষাৎ সোম ও বঞ্জির নাায় দীপ্তিমতী দেখিয়া এবং রূপ, তেজ'ও যশঃপ্রভৃতি সর্ব্বপ্রকারে তাঁছাকে পাওবগণের অহুরূপা পত্নী বিবেচনা করিয়া পরম পরিভৃষ্ট হইলেন। পার্থিবেক্ত ক্রপদ এই অচুত ব্যাপার নেত্রগোচর করিয়া ব্যাসদেবের চরণ গ্রহণপুর্বক নিবেদ্ন করিলেন, মহর্ষে। আপনাতে স্কল্ই স্ভবে, आपनात्र भक्क हेरा विविध नरह । मूनियव बाङाब প্রতি धानम हरेया कहिरमन, महाताक। धावन कतन।

কোন তলেবনে এক নহর্ষিকনা বাস করিতেন।

সই রূপনতী কন্যা, পরিণয়কাল অতীত হইলেও অনুরূপ

ক্রিলিনী হইলেন না। অনস্তর তিনি কঠোর তপ্যাা

যায়া জগৰান্ ভবানীপতিকে প্রসন্ন করিলেন। নহাদেব

কারার প্রতি প্রতি হইয়া স্বরং তাঁছাকে কহিলেন, তৃমি

য়াজিলবিত বর প্রার্থনা কর। থবিকন্যা ব্রিলোচন কর্তৃক

ই ব্রেলার আদিই হইয়া তাঁহাকে বার্থার কহিলেন,

ক্রিলার আদি সর্বপ্রশাসপর পতি প্রার্থনা করি। দেবেশ

ক্রিলার অতি প্রতি হইয়া তাঁহাকে অভিলবিত বর

প্রার্শনিক কহিলেন, ভজে। তোঁমার পাঁচজন স্থামী

ক্রিলার অবিভিনরা প্রস্থার মহাদেবকে কহিলেন,

ক্রেলার প্রতি প্রতি প্রার্থনা করি। দেবদেব কহিলেন,

ক্রিলার প্রতি প্রতি প্রার্থনা করি। দেবদেব কহিলেন,

ক্রিলার প্রতি প্রতি প্রার্থনা করি। দেবদেব কহিলেন,

লেন, ভদে! তৃমি উপর্যুপরি পাঁচবার পতি প্রার্থনা করিয়াছ, অতএব জন্মান্তরে তোমার পঞ্চমামী ছইবে। মহারাজ! আপুনার কন্যা সেই দেবরূপিনী মহর্বিনালানী; ভগবান্ চক্রশেশর ইহাঁর পঞ্চমামী বিধান করিয়াছেন। ইনি অগ্লিকার বিধান করিয়াছেন। ইনি অতি কঠোর তপ্যার কলে আপ্নার ছহিতৃত্ব লাভ করিয়াছেন। এই সর্বাঙ্গ ক্রমাছেন। তিনি অতি কঠোর তপ্যার কলে আপ্নার ছহিতৃত্ব লাভ করিয়াছেন। এই সর্বাঙ্গ ক্রমাছেন। এই সর্বাঙ্গ ক্রমাছেন। অই করিয়াছেন, একলে আপনার যেমন অভিকৃতি হয়, করুন।

অফীনবত্যধিক শততম অধ্যায় !

জ্পদ কহিলেন, মহর্ষে । পুর্বেষ্কে সবিশেষ শ্রবণ না করিয়া অন্যথা করিবার যত্ন পাইয়াছিলাম ; ্রেকণে আপনকার নিকট সমস্ত রপ্তান্ত অবগত হইলাম । দৈবের প্রতিকুলাচরণ করা নরলোকের অসাধ্য, অতএব দেবতারা বাহা বিধান করিয়াছেন, তাহাই বিধের ও শ্রেয়ন্ত্র, সন্দেহ নাই । অদুষ্টের ফল অথওনীয়, স্বেচ্ছান্ত্রসারে কেছ কোন কর্মের অনুষ্ঠান করিতে পারেন না, বরহেতৃ যে বিধি নির্দিষ্ট হইরাছে, তাহাই অবশ্য কর্ত্রবা । তগবান মহা দেব প্রীত হইয়া ক্লফার প্রতিনামুসারে তাঁহাকে অভিল্বিত বরদান করিয়াছেন, এক্লণে ইহার ভালমন্দ দেবতাই জানেন । যথন মহাদেব এইর গ বিধান করিয়াছেন, তথন ইহাতে ধর্মাই হউক বা অধ্যাই ইউক আমি এ বিষয়ে অপরাধী নহিছিল প্রতিবেরা বিধিপৃর্ক্ত ইই্রর পাণিগ্রহণ কর্মন, ইইাদিগের নিমিত্ত ক্লথা সৃষ্ট ও সমূত্রত হইয়াছেন।

বৈশশায়ন কহিলেন, অনন্তর ভগবান্ ব্যাসদেব ধর্মন রাজকে কহিলেন, অদ্য শুভদিন; অদ্য চন্দ্রমা পুষা। নক্ষত্রে গমন করিবেন, অতএব অদ্যুই অত্যে তৃমি দ্রোপ-দীর পাণিপীড়ন কর। রাজা ষজ্ঞদেন পুদ্র সমভিব্যাহারে বছসংখ্যক ক্ন্যাযাত্র নিমন্ত্রণ করিলেন, এবং ভনরার স্কাল রাজারনে বিভ্বিত করিয়া আনরম ক্রাইলেম। রাজার মন্ত্রিণ, স্কাবর্থ, প্রধান প্রধান প্রবাসী লোক ও বাক্য সকল প্রীত্মনে বিবাহ দর্শনে আগ্রমন করিতে লাগিলেন। রাজভবন জনগণে পরিশোভিত হইল। চত্তর-ভূমি প্রাক্তর-পঙ্কমালা-পরিকীর্ণ এবং সৈন্যামন্ত ও বিচিত্র রত্মসমূহে থচিত হইয়া পার্কাণ শুর্করীর ভারকা-ব্যাপ্ত নির্দ্ধান নভামপ্তদের ন্যায় দীপ্তি পাইতে লাগিল।

তদনন্তর কৌরবরাজপুজেরা হ্নাত হইরা মাললা জিয়া সকল সমাপনান্তে মহার্ছ বেশভ্রা সমাধানপূর্বক পুরোহিত খৌমা-সমভিন্যাহারে সভামধ্যে প্রবেশ করি-লেন। বেদবিৎ পুরোহিত বহি ছাপন ও মন্ত্রোচ্চারণপূর্বক প্রজাত হতাশনে আছতি প্রদান করিয়া বৃধিষ্ঠিরের সহিত ককার পাণিগ্রহণ জিয়া সম্পাদন করিলেন। পরে উভয়কে অয়ি প্রদক্ষিণ করাইয়া পরিণয় সমাপন করিলেন। অনকর বৃধিষ্ঠিরকে অয়মতি করিয়া পুরোহিত রাজগৃহ হইতে বহির্গমন করিলেন। পরিশেষে অপর পাওবেরা উল্লিখিত প্রণালীক্রমে সেই বরবর্গিনীর পাণিগ্রহ করিছলন। মহারাজ! এইরপে মহারথ কৌরবেরা অহরহ অধিকতর শোভা ধারণ করিতে লাগিলেন। ক্রমে বত দিশে অতীত হইতে লাগিল, মহামুভানা জৌপদীর কন্যাভাবের কিছুমাত্র বৈলক্ষণ্য হইল না!

পরিণয় সম্পন্ন হইলে ক্রপদরাজ পাণ্ডবদিগকে বছবিধ
ধন, পর্বতের নাায় মহোলত একশত হন্তী, মহার্ছ বেশভূষা বিভ্ষিত একশত দাসী এবং স্বর্ণালক্ত ও স্বর্ণপ্রপ্রহাপেত অম্বচত্টয়যোজিত একশত রথ প্রদান করিকোন। মহাম্ভাব ক্রপদ রাজা সমাগত দর্শকদিগকে
পৃথক্ পৃথক্ ধন, মহাম্ল্য পরিচ্ছদ ও প্রভাভাস্থর বিভ্ষণ
প্রদানপূর্বক বিদার করিলেন। অনস্তর ইক্রপ্রতিম পাণ্ডবগণ সেই অলোকসামান্য জীতিনাত করিরা পাঞ্চালরাজপুরে পরম স্থাবে বিহার করিতে লাগিলেন।

একোনদিশততম অধ্যায়।

বৈশশ্পারন কহিলেন, পাণ্ডবগণ সহার হওরাতে জ্লপ-দের দেবতা হইতেও আর আশকা বিলে না। প্রনারীগণ কুত্তীকে পাইয়া তাঁহার নাম সংকীর্ত্তনপূর্কক চরণ বন্দন করিলেন। মঙ্গলস্ত্রধারিণী অবশুঠনবতী ক্রৌপদী বঞ্জকে অভিবাদনপূর্কক কৃতাঞ্জলিপুটে 'বিনীতভাবে সমীপদেশে ক্তারমান হইলেন। কৃত্তী, সেই স্থানা স্বাচারসম্প্রা,

एक्षा, नर्कनक्षणाकां । शृक्षवध्दर्वे व्यानीः स्वाप कतिरामन, वर्षम । हेकानी : বিভাবমুর প্রতি, রোহিণী চল্লের প্র প্রতি, ভদ্রা বৈশ্রবণের প্রতি, অরুদ্ধতী বলিং শন্মী নারারণের প্রতি যেমন ভক্তিমতী ও প্রেশক রাছেন,তুমিও ভর্ত্গণের প্রতি তদমূরণ হও । হৈ ১ তুমি বীর সস্তান প্রসব করিবে, স্বামিস্ছ যজে 🖫 হইবে, তোমার সৌভাগ্যের পরিদীমা থাকিটে মাট হে বংস্যে ! তুমি অভিথি, গৃহাগত, সাধু, বারুল, বুর ও গুরুজনের সংকারে ব্যাপত হইরা সময় যাগ্র ক্রিকে। তোমা হইতে কুকুজাসলপ্ৰভৃতি প্ৰধান প্ৰান ক্ৰাণ্টে রাজা অভিষ্কু হইবেন। অখনেধ যভে ক্রিনিংগর বলবিক্রমাজিত বহুমতী বিপ্রসাৎ করিয়া এবং প্রিক্রীর উৎকৃষ্ট বস্তুজাত প্রাপ্ত হটয়া শত শত বৎসর পর্ম স্থাধ কাল্যাপন করিবে। হে বংসে। অদ্য ভোমাকে বের্ম অভিনন্দন করিলাম, তুমি পুত্রবতী হও, পুনর্স্কার এইরার অভিনন্দন করিব।

বৈশম্পায়ন কহিলেন, অনস্তর ভগবান্ শ্রীকৃষ্ণ কৃষ্টদার পাণ্ডবদিগের যৌতুকস্বরূপ বিচিত্র বৈছ্য্য মণি,।
স্বর্ণের আভরণ, নানাদশীয় মহার্ছ বসন, রমণীর শব্যা,
বিবিধ গৃহসামগ্রী, বহুসংখ্যক দাস দাসী, স্থানিকত গদ্ধবৃদ্ধ, উংকুট ঘোটকাবলী, অসংখ্য রথ এবং কোট কোট
রক্ষত কাঞ্চন, শ্রেণীবদ্ধ করিয়া প্রেরণ করিলেন।
প্রাক্ষ যুধিন্তির ক্ষফপ্রেরিত দ্রব্যসামগ্রী স্কল আক্রান্ধ

देववाहिक शर्क ममारा।

বিছরাগমনপর্বাধ্যায়।

দ্বিশততম অধ্যায়।

বৈশন্পায়ন কহিলেন, মহারাজ । এ বিজে ক্রেট্র কুলের বিখানভূমি গৃত্চরেরা আসিরা রাজানিগতে ক্রেট্র চার প্রদান করিল বে, পাওবেরা জৌপনীর ক্রিট্রেট্র করিরাছেন। যে মহাত্মা সেই প্রাস্থ্য ক্রেট্রিট্রিট্র লক্ষ্য বিদ্ধা করিরাছিলেন, ভাঁহার নাম ক্রেট্রিট্রিট্র আর বিনি সময়সাগকে অবতীর্ণ

াকে উৎক্ষিপ্ত ও ভূতলে পাতিত

তে অরাতিসকলকে সন্ত্রাসিত করিয়া
কে বাঁহার ভরসন্ত্রেমর লেশমাত্রও

া যার নাই, বাঁহার স্পশশক্রসেনারা অনল
বিলায়া বোধ করিয়াছিলেন, সেই মহাত্মার

ই প্রশাস্ত্রভাব ব্রাহ্মণরূপী পুক্রবিদিগকে

রাজ্পণ সাতিশয় বিত্ময়াবিষ্ট হইলেন।

ক্রিন্ত্রিক করিয়াছিলেন যে, কৃষ্টী পুক্রগণ
ক্রিন্ত্রিক আছেন উনিয়া, জন্মান্তর লাভ করিয়া
ক্রিন্ত্রিক আছেন উনিয়া, জন্মান্তর লাভ করিয়া
ক্রিন্ত্রিক বিরতে লাগিলেন। পুরোচনক্রত নৃশংস

ক্রিন্ত্রিক বিরার প্রদান করিতে লাগিলেন।

ইলে সকল রাজগণ পাশুবদিগকে চিনিতে

ক্রিন্ত্রিক প্রত্রান করিলেন।

अक्षे विश्व कशिरान (प्रथिया. - शका प्रशिधन জিলান ক্ষুদ্ধিন লাভগণ, **অখ্**থামা, শক্নি, কুপাচাৰ্য্য ্র্ভিলাহারে প্রভারত হইলেন। ছ:শাসন 🏂 🛪 🖓 পারে ধীরে জাঁহাকে কহিতে লাগিলেন, 🎎 🖟 বান্ধণরূপী না চইলে ডৌপদীকে লাভ ৰ না। তাঁহাকে ধনজয় বলিয়া কেহই कि बारतन नारे। दिनव ७ शुक्रवकारतत मरधा দ্বকার নিভাস্ত অকিঞ্চিৎকর। দেখা ষ্মবলম্বনপ্রক্ষি পাত্তবগণের কত-র করিয়াছি, কিন্তু তাহারা অদ্যাপি অভএব পুরুষকারকে বিকার প্রদান ৰিৰ ও বিগততেতা হইয়া এইরূপ ইবোচনকে নিশা করত হতিনাপুরে । ছর্ব্যোগনপ্রভৃতি সকলে মহাতেজা হইতে বিনিশাক ও ক্রপদের সহিত निष्ठी, ब्रहेशक ७ जन्माना क्रमन ৰণ চিন্তা কৰিয়া সাভিশয় ভীত হই-দিগের সংকর সকল শিথিল ভট্ডা

विश्व आर्ग कतिरमन, भाष्ट्रवान-

দীর পাণিপীড়ন করিয়াচেন এবং খ্রুরাষ্ট্রভনয়েরা লচ্ছিত ও ভগ্রদর্প হইয়া প্রত্যাগত হইয়াছেন, তথ্ন জাঁহার প্রীতির আবে পরিসীমা রহিল না। তিনি ধৃতরাষ্ট্রের নিকট উপস্থিত হইয়া কহিলেন, মহারাজ। ভাগাবলে কৌরবেরা বিজয়লাভ করিয়াছেন। ধৃতরাষ্ট্র বিভরবাক্ষ अवगरगाठत कतिया व्याञ्चामश्रतंक कहिएलन, कि छोडाना। কি সৌভাগা। বিছয়। কি ভাভ স্মাচারই প্রাদান कतिरम । उरकारम रमडे अकार्षक ताका विरम्य वृक्षिरक ना शांत्रिया मान कतिशांकितन त्य, त्लोभनी छांश्रात कार्ष्ठ पुल कर्सार्थन एक विद्यालय । कार्ष्ठ पुल कर्सार्थन करियालय এই নিমিত্ত তিনি আছা প্রদান করিলেন, যেন ছর্ম্বো-ধন দ্রৌপদীকে বছবিধ ভূষণে ভূষিত করিয়া ভাঁহার সমীপে আনমন করেন। বিভর ভাঁহার মনোগভ ভাব বুঝিতে পারিয়া কহিলেন, মহারাজ। পাওবেরা বর্মালা প্রাপ্ত হইরাছেন। তাহারা সকলেই কুশলে আছেন, ক্রপদরাজ তাঁহাদিগের যথেষ্ট সমাদর ও मचान के त्रिशाहिन। (गरे चश्रवत्रधाता कुनावन्तानी অনেকানেক বন্ধবান্ধৰ অপ্ৰিয়া তাঁহাদিগের সহিত নিলিত ठडेशास्त्रम ।

ধ্তরাষ্ট্র কহিলেন, ভালই হইরাছে। তাঁহারা পার্ত্র পুত্র বটে, কিন্তু আমি তাঁহাদিগকে স্বীয় সন্তান অপেক্ষাও অধিক মনে করি, তাঁহাদিগের প্রতি আমার সমধিক স্নেহ আছে। যথন সেই মহাবীর পাওবেরা ক্ষেমবানু মিত্র-বান্ এবং মহাবলপরাক্রাপ্ত বান্ধগণের সহিপ্ত মিলিভ হইরাছেন, তখন বিলক্ষণ প্রতীতি হইতেছে যে, আমার হুরাত্মা প্রতিদেগর আর নিস্তার নাই। স্বান্ধর ক্রপদের সহিত মিত্রতা করিয়া, কোন্ ক্ষত্রির ক্তকার্য্য হইতে বাসনা না করে? বিছর, ধ্তরাষ্ট্রকে পুন্কার কহিলেন, মহারাজ! চিরকাল যেন আপনার এইরপ বুদ্ধি থাকে।

অনস্তর ছর্বোধন এবং কর্ণ ধৃতরাষ্ট্রের নিকট আগমন পূর্বক নিবেদন করিলেন, তাত! বিজ্বের সির্দানে আমর্ক্টাকোন প্রকার দোষ কীর্ত্তন করিতে পারিব না; অন্তএব আমাদিগের অভিলাব যে, বিজন প্রদেশে আগনাকে নিবেদন করি, এ আপনার কীদৃশ ইচ্ছা, বিপক্ষের বৃদ্ধিকে আপন বৃদ্ধি বৃদ্ধিয়া মনে করিতেছেন ও বিজ্বের নিকট সপদ্ধিগের শুভিবাদ করিতেছেন এবং কর্ত্বা কশ্মে মনোবোগ করিভেছেন না। হে তাত ! শক্ষদিগের বল বিঘাত করা সর্বতোভাবে কর্ত্তব্য হইরাছে। একণে আপনার উত্তম সমর উপস্থিত হইরাছে, অতএব এমন একটি মন্ত্রণা করা আবশ্যক যে, তাহারা যেন আমাদিগের পুক্রগণ ও বন্ধ্বাদ্ধবদিগক্তে প্রাস করিতে না পারে।

একাধিক দ্বিশততম অধ্যায়।

ধুতরাষ্ট্র কহিলেন, ভোমাদিগের বাহা অভিলাব, নামি তাহাতেই সমত আছি। বিহুরের নিকট অভিসন্ধি গোপন রাথাই আমাদের উচিত। আমি ভরিমিওই ভাছার নিকট সর্বাদা পাণ্ডবদিগের গুণ কীর্ত্তন করিয়া থাকি। বিহুর আকার বা ইঙ্গিত ছারা আমার অভিপায় কিছুমাত বুঝিতে পারেন না। হে স্থোধন। তুমি যাহা বিরেচনা করিয়াছ বল, হে রাধেয়! ভূমিও বাহা मत्न कतित्राष्ट्र वन, এ ममरत वनिवाद कान वाश নাই। ছুর্যোধন কছিলেন, তাত! অদ্য স্থাব্যস্ত ও স্থানিপুণ কতিপয় ত্রান্ধণ হারা গোপনে কৃস্তীতনয় ও মাজীমত যুগলের পরস্পর ভেদোৎপাদন করিব, অথবা জ্বদরাজ এবং ভদীয় পুত্রগণ ও অমাত্যবর্গকে বিপুণ ধনরাশি দ্বারা বশীভূত করিব, যাহাতে তাঁহার৷ যুধিষ্ঠিরকে পরিত্যাগ করেন, কিন্তা তথার বাস করিতে প্রবৃত্তি দেন **এবং যেন ভাহাদিগের সমক্ষে সর্বদা বলেন যে, ভাহাদের** হস্তিনাপুরে বাস করা জুতীর্ব দোষাবহ; এইরূপ করিলে তাহারা পরস্পার অনৈক্যপ্রযুক্ত কোন প্রামর্শ না করিয়া তথার বাস করিতে অভিকৃত্তি কুরিবেন, সন্দেহ নাই। व्यथवा छिलायनियून कुनन भूकरवता कुसी छनयनिरंगत व्यय-গত হইরা তাহাদিগের সৌত্রাক্র ভঙ্গ করিয়া দিক, কিস্ব। বছপতির অশেষ দোষালেখপুর্বক কৃষ্ণার হানর দৃষিত করিয়া কল্ছোৎপাদন কর্কুক, অথব। দ্রোপদীর প্রতি পাত্তবগণের চিভভেদ, পশ্চাৎ পাত্তবদিগের প্রতি ক্রোপ-भीत मत्नित मानिना स्थारिया मिक । अथवा उनामकूमन কতিশর ছন্মবেশী পুরুষ নির্জ্জনে ভীমসেনকে বিনষ্ট করুক, বেছেতু ভীমই ভাছাদের সর্ব্বাপেকা অধিক বল-वान्। व्यर्क्न जाहात माहरमरे माहमी हरेसा व्यामानियरंक ष्णपूना कान करत ; स्टिक् छीमई नर्साराका वनवान.

প্রচণ্ড ও পাত্তবগণের আল্রমভূতে করিতে পারিলেই সকলে নিজা হইয়া রাজ্যের নিষিত্ত কিছুমাত বছ 🕍 পृष्ठेतका कतिरम अर्क्क्नरक शत्राक्षत्र क निक् ভীম বাভিরেকে অর্জুন একাকী রণকলে রূপে পরিগণিত হইতে পারে কি না সক্ষেত্র ভীম ব্যতীত আপনাদিগকে হৰ্মণ ও আন্তাৰী धिक कानिया जात तारकात निमिल यक कहिटक मार्व कहा कि এখানে আদিরা আমাদিগের নিদেশবর্তী श्रीका करत, তবে তাহাদের বিনাশচেষ্টা করিতে জাট ক্ষাঞ্জিল কান অথবা স্থানপা অমদাগণ ছারা একে একে ভাষানিক্তি नक्वरक टे व्याचा एक्सान याष्ट्रक, जाइशा हेरेल हुका তাহাদিগের প্রতি বিরাগপ্রদর্শন করিবের সংক্ষেত্র নাই। কিখা তাহাদিগকে আনরন করিবার জিমিছ রাধেছকৈ थ्यत्र कक्न, এवः विविध द्यांगल श्रामा खाइा शिक्षांक একত্র করিয়া কালগ্রানে পাণ্ডিত করুন 🗁

হে তাত ! উদিথিত উপায়সম্দের মধ্যে আপোন যে উপায়টি উৎকৃষ্ট বিবেচনা করেন, অচিরাৎ ভাষার প্রয়োগ্র করুন, কারণ ক্রমে সময় অতীত হইতেছে ৷ ভাষারিগায় নিগ্রহাথ এই সকল চেষ্টাই সাধীয়সী বোধ হইভেছে, কিন্ত ইহা ভাল কি মন্দ, তাহা বলিতে পাঞ্জিনা, কেনন হে কর্ণ ! ভূমি কি বিবেচনা কর ?

দ্যধিক দ্বিশততম অধ্যাক্ষ

কর্ণ কহিলেন, ছুর্য্যোধন! তোমার প্রাণ্ট বহু বিধাধ হুইতেছে না; কৌশল দার বিধান করি করি নির্থক। পূর্ব্বেপ্ত ত তুর্বি দারা তাহাদিগের নির্থহচেষ্টা পাইরাজি করকার্য্য হুইতে পার নাই। যখন পার্ট্রিন হুইরা এই স্থানেই বর্ত্ত কালেও তাহাদিগের কোন হানি একাণে ও তাহারা বৈদেশিক ও সহার ভাবে প্রবল হুইরাছে, অতএব আনার তেছে, তুর্নি উক্ত উপায়কলাপ দারা তাহালি কর্ত্ত পারিবেনা, এবং কোন প্রকার নাসনেও ক্রিক্তির না। তাহারা দৈববলে আত্মরক্র

क्र ७: উপयुक्त ६ देया है। वांश्री তাহাদের সৌত্রাত্র অবশ্যই বন্ধমূল প্রভাগ ভারাদিগের পরস্পর ভেদ সহজ ব্যাপার নহে | लेंगी मीनावका नित्रीक्रण कतित्रां । शास्त्रविगटक বিষাছেন, অধুনা দেই দ্রৌপদী তাহাদিগের প্রতি কৈ ছইবেন, এ কথাও কোনজনেই সক্ত বোধ হয় না। বিশেষতঃ বছভর্তা ত্রীলোকদিগের অতীব আদর-गीव, क्रका तरहे व्रगगीक्**लवाक्ष्ठिक कल विना य**र्घ श्रीश्र হইরাছেন, স্কুতরাং পতির প্রতি তাঁহার বিদেষবৃদ্ধি উৎ-স্মাদ্দ করিতে কোনক্রমেই সমর্থ হইবে না। পাঞ্চালেশ্বর শরম ধার্মিক ও ব্রতপ্রায়ণ; তাহার অর্থপ্রা নাই; জীহাকে অর্থরাশি প্রদান করিলেও তিনি পাওবদিগকে পরিত্যাণ করিবেন না। তাঁহার পূত্রও গুণবান ও পাঙ্ব-গণের প্রতি সাতিশয় অ্যুরক্ত ; অতএব স্পষ্ট প্রতীতি হইতেচে, পাওবেরা উপায়সাধা নহে। অতএব হে ভাত ! পাওবেরা বন্ধমূল না হইতেই তাহাদিগকে, বুদে বিনষ্ট করা আমাদিগের পক্ষে শ্রেয়কর, আপনি ভশ্বিয়ে মবিশেষ ্মনোযোগী হউন। অশ্বৎপক্ষ প্রবল ও পাঞ্চালপক হীনবল থাকিতে থাকিতেই তাহাদ্বিগকেই প্রহার করন, আর विमायत खारतांकन नारे। (इ পार्थित । यह विशेष भाष्यकान গান্ধার রাজ্যে প্রভূত বাহন, অসংখ্যক বন্ধু ও আত্মীয় স্বন্ধনের সাহায্য লাভ না করিতেছে: যদবধি পাঞ্চালরাজ মহাবল পরাক্রান্ত স্বীয় পুত্রগণ সমভিব্যাহারে তাহাদিগের সহায্যার্থ বন্ধপরিকর না হইতেছে, এবং যত্রহশাবভংস कृष यावर शाखवरणत तारकात निमिन्न यामव वाश्नी লইয়া পাঞ্চালরাজ-সদনে সমাগত না হইতেছে; তৎকাল-बर्धा कार्शनि विक्रम श्रांकान कक्तन। विक्र शास्त्रवर्गानत নিমিত সমস্ত ধনসম্পত্তি অশেষ ভোগস্থ ও রাজ্য-প্ৰান্তও পরিত্যাগ করিতে হয়, কৃষ্ণ, ভাষাতেও কথন नेतासूथ इक्टेर्सन नां। (र महात्राकः ! विक्रमरे क्वित्र-ৰিগের খাজাৰিক ধন্ম। দেখুন! মহান্মা ভরত বিক্রম बाता श्विती अप कतिशाहित, धवः हेस जिलाकीत जाविशका व्यास इहेगारहन । जामना ख्वनीन हकु-दिननी रमनाः ममाख्याहारत पत्राय क्रमान गरहात्रभूक्कं भाष्वविगदक आनवन कति। जाहानिश्वत

প্রতি সাম, দান,ভেদ, এই ত্রিবিধ উপার প্রযুক্ত করিলেও
নিক্ষণ হইবে। তাহাদিগকে পরাক্ষর করিতে কেবল
একমাত্র বিক্রমই সাধীরান্ উপার আছে, অভএব বিক্রম
প্রকাশ দ্বারা তাহাদিগকে পরাভূত করিরা অথও সাম্রাক্ত্য
নিক্টকে সম্ভোগ করুন। মহারাক্ত। বিক্রম ভিন্ন বিশ্বর
লাভের আর কোন উপযুক্ত উপায়ান্তর লক্ষ্য হয় না।

রাধেয়বচন প্রবাণনস্কর ধৃতরাষ্ট্র তাঁহার প্রতি যথোচিত সম্মান প্রদর্শনপূর্বক কহিলেন, ছে কুতান্ত্র মহাপ্রাক্ত
স্তভ্যুন্দন্। ঈদৃশ বিক্রমসম্পন্ন বাক্য প্রেরাগ করা তোনার
উপযুক্তবটে, সন্দেই নাই, কিন্ত ভীমা, জোণ, বিহুর, এবং
তোমরা হইজন প্নর্কার মন্ত্রণা করিয়া ঘাহা আমাদিগের
প্রেম্বর বিবেচনা হয়, কর। অনস্কর রাজা ধুডরাষ্ট্র
পূর্বোক্ত মন্ত্রিদিগকে আনেয়নপূর্বক তাঁহাদিগের সহিত
মন্ত্রণা করিতে লাগিলেন।

ত্রাধিক দ্বিশততম অধ্যায়।

ভীম কহিলেন, পাত্তবগণের সহিত সংগ্রাম করা আমার অতান্ত অনভিনত। আমার নিকট ধৃতরাই ও পাওু উভয়ই তুলা। গান্ধারীতনয়দিগের সহিত আমার বেরপ সম্বন্ধ, কুম্ভীপুত্রদিগের সহিত ভাহার কিছুমাত্র ন্ন নছে। ছে ধৃতরাষ্ট্রতাথা আমার, তোমার, ছুর্য্যো-धरनत ও जन्माना कोतवगालतं तक्तीय, स्टाताः जाहा-দিগের সহিত যুদ্ধ করা সঞ্চতোভাবে অবিধেয়। বরং অঞ্চেক রাজ্যপ্রদানপূর্বক সন্ধিস্থাপ্র করা উচিত, কার্যণ ইহা তাহাদিগেরও পৈতৃক রাজা। বংস দুর্য্যোধন ! তুমি ষেষন মনে করিভেছ, ইহা আমার পৈতৃক রাজ্য, পাও-त्वता अ त्रहेक्क प्रतिका कि कि शा थारक। विन त्रहे মহাযশা পাওবেরা রাজ্য প্রাপ্ত না হয়েন, ভবে তুনি কোন্ শাস্ত্রাহ্বারে ব্রাজ্য লাভ করিবে ? এবং ভোমাদের পর ভরতবংশে যে সকল রাজকুমারেরা জন্মগ্রহণ করিনে; তাহারাই বা কিরুপে প্রাপ্ত হইবে ? অপবা বেমন ভূমি ধর্মতঃ রাজ্যণাভ করিয়াচ, তাহারাও ইতিপুরে রাজ্যা-विकात आखं रहेग्राहिन ; जडबार विवाहन आहे, সৌহার্দপুর্বক ভাহাদিগকে রাজ্যার্দ্ধ প্রদান করিলেই উভয় পকের নকল, ইহার অন্যথাচরণ করিলে আমাদিগের অত্যন্ত অহিত কর্ম করা হইবে, এবং তোমারও অভি-

माळ बकोर्छ (वार्या इटेर्टर । बाउधार रह जाउ: । कोर्डि बक्रां रञ्जान १८, कीर्खिरे मानवज्ञाणित अनाधातम बन । কীর্ত্তিবিহীন মন্থব্যের জীবন ধারণ করা কেবল বিভন্ধনা-माखा वनविभ कीर्फि चक्त थारक, छावर भक्ता मार्थक-জন্ম। একবার কীর্ত্তি লোণ হইলে লোক জন্মের মত উৎসন্ন হইরা যার। অতএব হে মহাবাহো। ভোমার ও ঘদীর পূব্যপুক্ষগণের অত্তরণ কার্ত্তিরক্ষারপ কুলোচিত ধর্মের অমুষ্ঠান কর। 'পৃথা ও তৎপুত্রেরা ভাগাবলে जीविष तरियाहिन, शांशाचा श्रुताहरनत्र इटे: जिनुकि। निक ना इटेटिटे त्र शक्ष आध इटेन। यंत्रविध भाखवित्रव नाश्त्रकाख धानातिक श्रेमारक, उरकान भर्गास आमि লোকের নিকট মুখ দেখাইতে পারি না। कुश्चीর তাদুশী ष्ट्रत्रवृष्टा अवरण नकरम ट्यामाटक्टे मिरादाल क्रिया थारक, श्रुद्धाहनरक अनुमाख मात्री विरवहना करत ना। অতএব একণে পাণ্ডবদিগের জীবিকা নির্দ্ধারণ ও ভাগা-দিগের জানয়ন ভোমার দোষ কালনের একমাত্র উপায় আছে। হে কুরুনন্দন। পাওবেরা জীবিত থাকিতে স্বরং ইক্স ও ভাহাদিগের পৈড়ক অংশ গ্রহণ করিতে পারিবেন না। রাজ্যে উভয়েরই তুলাধিকার আছে বটে, কিন্ত বিশেষ वह त्य. जाहात्रा मकत्वहे वक मजाववयो, धन्मनित्र छ অধর্মপরাত্মধ। অতএব বলি ধ্যারকা করা কর্তব্য হয়, আমার প্রিয় কার্য্য অনুষ্ঠান করা উচিত বোধ হয় এবং আত্মকুশলের অভিলাষ থাকে, তবে পাত্তবদিগকে অর্জ बाह्य ध्वमान कत्रा नर्त्राङाङाद विद्धत्र ।

চতুরধিক দ্বিশততিন অধ্যায়।

জোণাচার্য্য কহিলেন, মহারাক ! শাজে শ্রবণ করিরাছি, মন্ত্রণার্থ আনীত হিত্তী পুরুষ্দিগের ধর্মার্থসঙ্গত
ও বশক্ষর কৃথা কীর্ত্তন করা কর্ত্তব্য। এ বিষয়ে মহাত্মা
ভীম্মের যে মন্ত, আমারও দেই মত। কুন্তাপুত্রদিগকে
রাজ্যভাগ প্রদান করাই বিধের, ইহা হইলেই সনাতন
ধর্ম্ম রক্ষা পার। অভএব হে শ্রহারাক ! পাওবদিগের নিমিন্ত
প্রভূত রত্ম প্রদানপূর্ষক কোন এক প্রিরন্ধ ব্যক্তিকে
অবিশ্বতে ক্রেপ্দ সরিধানে প্রের্ণ কর। সেই ব্যক্তি
তথার উপন্তিত হইরা ক্রপদক্তে বলুক বে, আপনার সহিত

সৰন্ধ লাজে মহারাজ গুতৰাই প্রম ছেন। তুমি ও হুর্য্যোধন উভয়ে প্রতি হইয়াছ. ইছাও বেন জ্বন বারম্বার উল্লেখ করে। তৎপত্তে কুন্তীনদ याजी कनव नक्ष महत्त्वरक भूनः भूनः मान স্থলনসম্পান উচিতা ও প্রির্থ কীর্ত্তন করিছে इाटकछ । आश्रनात्र आंत्रमांकृताद्व के शुक्रव खुदन्यत वहरिध बाज्यन त्योभनी, जनमञ्जूत । कुशीय महहती, र দিগকে সমর্পণ করুক। অপদ ও পাণ্ডবদিগকে এইরূপ সাস্থনাবাকা প্রয়োগ করিয়া পরিশেষে পাগুরদিগের আগ-মনের কথা উত্থাপন করুক। জ্রপদ পা ওবদিগকে প্রত্যা-গমনের আদেশ করিলে তাঁহাদিপকে আনয়ন করিধার নিমিক্তি ছঃশাসন, বিকর্ণ ও স্থানোভিত সৈনামগুলী গমন कक्क। পাঞ্বের। আগমনপূর্বক প্রকৃতিগণ কর্ত্তক আমু-মত হইয়া ডোমার সহিত পৈতৃত্ব পদে প্রতিষ্ঠিত হইবেন হে মহারাজ! ভীম ও জামার মত এই বে, জাপট্ সাম্বজতুলা পাঞ্ৰবদিগের প্ৰতি এইরূপ উপার প্রায়েশুলাগ करत्रम ।

কর্ণ কহিলেন, মহারাজ । আপনি বাঁহাদিগের সর্ক্রাণ অর্থ মান ছারা সংকরে করিয়া থাকেন, এবং সর্ক্র কার্যো বাঁহাদিগের পরামর্শ গ্রহণ করেন, সেই ভীমুও জোণ আপনাকে সমাস্ত্রণা প্রদান করিলেন না, ইহা অপেক্ষা অন্তুত ব্যাপার আর কি আছে। যিনি ছট মন ও প্রেছন অন্তঃকরণ ছারা অনাকে হিতোপদেশ দেন, তিনি কিরপ সাধ্সমত হইতে পারেন। হিতার্বে ইউক্র বা অহিতার্বে ইউক্, অর্থইচ্ছ উপন্থিত হইলে মিরলাভা হওয়া ছর্বট। অর্থবান্ ব্যক্তি ইত্তর হউন বা অক্তর্প্র ইউন, বালক হউন বা বৃদ্ধই ইউন, সহারস্ক্রাণ পারেন।

এরপ কিখনতী আছে যে, পূর্বকালে রাজগৃহ না বিশ্বনার করে কালা ছিলেন নাগরে মগধ রাজবংশীর অধুবীচ-নামা এক রাজা ছিলেন ইল্রিরবিকল ও খাসরোগগ্রন্থ সেই ভূপাল কেবল জমাতাঃ গণের সাহাযো সমুদায় রাজকার্য্য পর্যালোচনা করিছেন। মহাকর্ণি নামে তাহার এক মন্ত্রী ছিল। এ মুর্থ মন্ত্রী রাজান্ত্রয়ে একাধিপতা লাভ ও আপনাকে স্ক্রীণেশা

वैद्या नानाञ्चकादत्र व्यवनीभानाक গিল এবং ভূপালভোগ্য অঙ্গনারত্ব স্বয়ং সর্কভোভাবে অধিকার করিল। ার্শকার করিয়াও সেই লুক্পাকৃতি মন্ত্রীর ৰ্শৰ্ভ লাভে লোভবৃত্তি পরিবর্দ্ধিত হুইতে লাগিল। দিৰ্ব্ব আত্মদাৎ করিয়াও ভাহার উদরপূর্ত্তি হই ল পরিশেষে সমস্ত রাজ্যসম্পত্তি হস্তগত করিবার নিমিত্ত লোলুপ হইল। আমরা ভনিয়াছি যে, ঐ মন্ত্রী বছবিধ কৌশল করিয়াও তদীয় রাজ্যাধিকার করিতে পারিল না। ইহাতে বুঝা গেল যে, তাঁহার দেই পুরু-বেক্সতা কোন অনির্কাচনীয় কারণ-প্রযুক্ত হইবে সন্দেহ নাই। অতএব হে মহারাজ। যদি ভাগো থাকে, তবে সমুদায় লোক বিধোধী হইলেও আপনি অনায়াসে রাজ্য লাভ করিবেন; নতুবা একাস্ত যত্ন করিলেও রাজ্য লাভ । ওয়া হর্ষ ট ইইয়া উঠিবে। এক্সণে মন্ত্রিগণের সাধ্তা ও অসাধুতা পর্যালোচনা করিয়া ছপ্টের ও সতের বাক্য विद्वहर्मा कक्ना।

জোণ কহিলেন, কর্ণ ব্রিলান; তুমি কেবল আপনার মনোগত, ভাবদোবে এই কথার উল্লেখ করিতেছ। তে ছই ! তুমি পাওবদিগের নিমিত্ত রাজার নিকট আমা-দিগের প্রতি দোবারোপ করিতেছ। তে কর্ণ আমি পরম হিতকর বাক্য কহিয়াছি, তুমি সেই বাক্যকে ছুই বাক্য কহিতেছ, যদি ইহা অপেকা কোন প্রপরামর্শ প্রদান করিতে পার, কর, কিন্তু আমার মতে ইহার অন্যথা করিলেই কুকবংশ সমূলে ধ্বংস হইবে, সন্দেহ নাই।

পঞ্চাধিক দ্বিশততম অধ্যায়।

বিছর কহিলেন, মহারাজ ! বাদ্ধবগণ আপনাকে আবশাই হিজোপদেশ প্রদান করিবেন, কিন্তু আপনার শ্রবণেছ। না থাকিলে সেই বাগুজাল সকলই বিফল ইইবে। কুকুপ্রধান ভীয় আপনাকে প্রিয় ও হিতবাকো উপদেশ দিয়াছিলেন, কিন্তু আপনি ভাহা গ্রহণ করিলেন না, এবং জোণও বহুত্তর শ্রেষদ্ধর কথা কহিয়াছিলেন কিন্তু রাধাপুত্র কর্ণ ভাহা আপনার হিতকর বিবেচনা করিলেন না। একণে এই ছুই পুরুষ-সিংহ অপেকা

কোন্ ব্যক্তি অধিক বৃদ্ধিমান ও আপনার প্রম মিত্র ইহা ভাবিয়া স্থির করিতেছি না। ইইারা বিদ্যা. বৃদ্ধি ও বয়ঃক্রমে সর্কাপেক। শ্রেষ্ঠ এবং তোমার ও যুধিষ্টিরাদির প্রতি সমভাবে মেহ করিয়া থাকেন। ইহারা সভ্যাচরণ ও ধর্মাফুষ্ঠান বিষয়ে দাশর্থি রাম ও গম অপেকা কোন অংশে ন্যন নছেন। ইহাঁরা পূর্বে কদাত আপনাকে অহিত বাক্যে উপদেশ দেন নাই এবং আপনার কোনরূপ অনিষ্ঠ চেষ্টা পাইয়া-ছেন, ইহাও লক্ষ্য হয় না, অতএব একণে দ্রোণ ও ভীম মহারাদ্রের অভত সংকরে মন্ত্রণা করিবেন, ইহা নিতান্ত অশ্রহেয়। এই জীবলোকে এই গুই ব্যক্তিই অধিকতর প্রাক্ত ও খের্চ, সুতরাং ইহারা আপনাকে কথন কৃটপরামর্শ প্রদান করিবেন না। আর ইহারা অর্থলোলুপ হইয়া অনাতর পক্ষে পক্ষপাত প্রদর্শন পূর্বাক মন্ত্রণা করিবেন, ইহাও নিতান্ত অসম্ভব। অতথুব হে মহারাজ! আপনকার পক্ষে ইহাই শ্রেয়:কল্প বোধ হইতেছে। হুর্ফ্যাধনপ্রভৃতি যেমন আপনার পুত্র, প্রাত্ত-বেরাও তজপ প্রস্তানীয়, সন্দেহ নাই। মাহারা এই রভান্ত সমাক্ না জানিয়া পাওবপকে কুমন্ত্রণা প্রদান कतिरान, रगरे मडी रकान अरम गाधुनभी नरहन । किछ যদি আপনি স্বীয় সম্ভানগণের নিমিত্ত অন্তঃকরণে কোন বিশেষ অভিসন্ধি করিয়া গাকেন: আর মন্ত্রীরা যদি তাহা প্রকাশ করেন, তাহা হৃইলে নিশ্চয়ই আপনার হিতায়-क्षान कता इटेरन ना। महाञ्चा 'छोक ও जानाहायां এই নিমিত্ত আপনার মনোগত ভাব জিজাঁসা नाई।

হে মহারাজ! ইহাঁরা যে পাঞ্চবদিগের অজ্যেত্ব কীর্ত্তন করিলেন, তাহার যাথার্থাবিষয়ে কোন সন্দেহ করিলেন না, আপনার মঙ্গল হউক। দেবরাজ ইন্দ্র কি দেই খ্রীমান্ অর্জুনকে যুদ্ধে পরাজয় করিতে পারেন? অস্ত মাতঙ্গ- তুল্য বলশালী ভীমদেনকে দেবভারাও সংগ্রামে পরাজয় করিতে সমর্থ নহেন,। কোন্ ব্যক্তি জীবনেছে। সত্বে দেই যমসদৃশ যমজ নকুল সহদেবকে যুদ্ধে পরাজয় করিতে অগ্রসর হইবে? থৈগ্য, কমা, সত্য ও দমাগুণে অলয়ত পাঙবজাঠ যুবিচিরকে রঞ্গ সহ্য করে এমন লোক জিজনগতে লক্ষ্য হয় না। বিশেষতঃ বলদেব ও সাত্যকি হাহা-

দিগের পক্ষ, বাস্থদেব মন্ত্রী, পাঞ্চালরাজ বন্তর এবং মহা-বল পরাক্রান্ত গুষ্টছায়ঞ্জভি ভ্রাত্তবর্গ শ্যালক, মেই ছর্জ্জয় পাওবেরা যুদ্ধে কাছাকে না পরাজয় করিতে পারেন? অতএব একণে তাঁছাদিগকে নিতাম চুৰ্জন্ম বিবেচনা করিয়া ধর্মামুসারে শৈতৃক ধন বিভাগ করিয়া দিন। অদ্য পাত্তবদিগের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া পুরো-চনক্বত যে মহতী অঞ্চীৰ্ত্তি ছৎকত বলিয়া লোক-বিদিত হট্যাছে, তাহা ক্ষালন করুন। পাওবগণের প্রতি অমুগ্রহ ও তাঁহাদিগের জীবন আমাদিগের কুত্রিয় জাতির স্ক্রিডো-ভাবে শ্রেরত্বর । পূর্বে মহারাজ ক্রপদের সহিত আমা-দিগের বৈরভাব ছিল, একণে তাঁহাকে সংগ্রহ করি-**(लंख खन्नारक मन्नन क**ता ह्ट्रेंदि। यान्दिता वह्नश्थाक ও মহাবলপরাক্রান্ত, বিশেষত: যে পকে কৃষ্ণ তাঁহারাও সেই পক্ষে অবশাই থাকিবেন, স্থতরাং যে পক্ষে রুষ্ণ **ट्र**्रशाक निकार का नाज हरेरव। (ह ताकन्! य কাৰ্য্য সন্ধিশ্বারা সম্পাদন করিতে পারা যায়, কোনু হত-ভাগ্য ব্যক্তি ভাহার নিমিত্ত বিগ্রহ করিতে উদ্যত হইয়া থাকে।

মহারাজ! পৌর ও জ্ঞানপদবর্গ, পাওবেরা জীবিত আছেন ভনিয়া, তাঁহাদিগকে দেখিবার নিমিত্ত অতিমাত্র উৎস্ক হইয়াছে, একণে তাহাদিগের প্রিয় কার্য্য সম্পাদন করুন। ছর্যোধন, কর্ণ ও শকুনি, ইহারা নিতান্ত অধার্মিক, ছর্দ্ধি ও বালক, ইহাদিগের কথায় কর্ণপাত করিও না। আমি পুর্কেই ত কহিয়াতি, ছর্যোধনের অপ্রীধে এই স্থবিতীর্ণ রাজবংশ উচ্ছিল হইবে।

ষড়ধিক দিশততম্ অধ্যায়।

শৃতবাষ্ট্র কাছিলেন, হৈ বিছর! শান্তস্থনক্ষন ভীয় ও সহর্ষি জোণ ইহঁরো আমাকে শ্রেষদ্বর বিষয়েই উপদেশ দিয়াছেন, আর ত্মি গাছা কহিতেছ, তাহাও অল্রান্ত বটে। মহাবীর কৃষ্টীপূল্রগণ যেমন পাঞ্র পূল, ধর্মতঃ আমারও সেইরূপ পূল্রদানীর, সন্দেহ নাই; মংপুল্লগণ যেমন এই রাজ্যের অধিকারী, তল্পে পাঞ্বেরাও অধিকারী সংশ্য কি? অভএব হে বিছর! ভূমি যাও, সংকার প্রদর্শন-

পূর্বক কৃত্তী ও দেবরূপিণী জৌপ ক্রিন্ত আন্দ্রনালি করে। আমা ক্রিন্ত আছেন এবং ক্রিনেন্ত নিন্ত আহেন এবং ক্রিনেন্ত নিন্ত আমাদিগের কি সৌভাগা। যে হুর্গনী পুরে। ক্রিনেন্ত ভিন্ত অপকার করিতে যাইয়া স্বয়ং পঞ্চত্ব প্রাচিন্ত বিশ্বনাল ক্রিছে।

অনস্তর ধর্মজ্ঞ ও সর্কাশান্ত বিশারদ বিহুর ধৃতরাঙ্কে রু আদেশাছুসারে বিবিধ রত্ন ও ধনসম্পত্তি গ্রহণপূর্বক গ ক্রপদ ও পাশুবদিগের স্থিধানে উপনীত হইয়া ক্রপদ্যে সংবর্জনা করিলেন। মহারাজ ক্রপদও ধর্মপথ অমুসর कविया मानत गन्डांष्व शूर्क्त क विश्व तक नामाञ्चादत अर्ल ময় জিজাসা করিলেন। অনন্তর বিছর বাসনেব ও পাগুবগণকে নয়নগোচর করিয়া স্নেহভরে আলিঙ্গনপর্বাক কুশল প্রশ্ন করিলেন। তাঁহারীও যথাক্রনে বিছরের পু \int_{0}^{1} করিলেন। তৎপরে মহাতা বিছর মহারাজ পুতরাষ্ট্রের আদেশক্রমে বারম্বার সম্বেহ কুশল প্রশ্ন করিয়া তাঁহা मिश्रांक विविध अञ् · अ व्हिविध धन खीमान क्रियान । তদনত্তর কুন্তী, দ্রোপদী ও জপদপুত্রদিগকে একুং পাওব-গণকে যথাদত ধন ও অলফার প্রাদান করিয়া কে 📫 ও পাগুবস্ত্রিধানে বিনীওবচনে জ্রপদকে কহিলেন, মহা-রাজ। আমি বাছা নিবেদন করিতেছি, আপনি, আগন পুল্রগণ, ও অমাত্যবর্গ, সকলেই শ্রবণ করুন। মহারাজ ধৃতরাট্র পুত্র ও অমাত্য সহিত সাতিশয় প্রীত হইরা বার্যার আপনার কুশল জিজাসা করিরাছেন; আর তিনি আপনার সহিত এই সম্ম হওয়াতে নিতাত আহলাদিত হুইয়াছেন; শাস্তমুন্দ্রন ভীমা ও কৌরবগর্ণ আপনার সর্ক্ষাক্রীন মঙ্গলবার্তা জিজাসা করিয়াছেন, এবং আপনার श्चित्र नथा ভत्रशास्त्रकान त्यांग, जाननारक छेटकरण जानि-क्षन क्रियर कुमेश क्षेत्र क्रिया हिन । शुक्र शहे । क्रिक्स আপনায় সহিত সম্বন্ধ গাভে আপনাদিপকে চরিতার্থ বোর্ ক্রিয়াছেন। হে যজসেন। জাহারা এই সম্বন্ধে সংযত ক্ষুদ্ধ বাদুণ প্রীত হইয়াছেন, ইহা অপেকা তাঁহাদিগের পকো রাশ্যলাভও তাদুশ প্রীতিকর নহে। একণে এই সমস্ত অমুধানন করিয়া পাশুনগণকে তথায় গমন করিতে चारतच कक्रमा क्षेत्रका राज्या राज्यमानिकारक नवार्यन

শের উৎস্ক আছেন। কৃষ্টী ও

ক্রিমি প্রবাদে আছেন, স্তরাং ইইারি করিতে উৎস্ক হইয়া থাকিবেন।

য়াপদাবাসী লোকেরা এবং কৌরবমহিলাগণ

জৌপদীকে দেখিবার নিমিত্ত প্রতীক্ষা করিতেস্পত্রব আপনি অনভিবিশ্য সন্ত্রীক পাশুবগণকে

ন করিতে আদেশ করুন। এ বিষয়ে আমার সম্পূর্ণ

শেষতি আছে। ইহাঁরা তথায় গমন করিলে আমি মহাযাজ মৃতরাষ্ট্রের কভিপয় জতগানী দৃত প্রেরণ করিব।
তাহারা দ্রোপদী কৃষ্টী ও পাশ্বনন্দনদিগকে পুনরায় লইয়া
আসিবে।

বিছরাগমন পর্বে সমাপ্ত।

রাজ্যলাভপর্বাধ্যায়।

সপ্তাধিক দ্বিশততম অধ্যায়।

জ্বান কহিলেন, হে প্রাক্ত বিহুর ! তুমি যাহা কহিলে ইহা যথ সৈকোরবগণের সহিত বৈবাহিক সক্ষ হওয়াতে আমারও বিশ্বই পরিতোব জানিরাছে। আর মহাত্মা পাত্তবগণেরও ক্ষণেশ গমন করা আমার মতে উচিত। কিন্তু আমি ক্ষা হইটেদিগকে এ স্থান হইতে বিদায় করিতে পারি না। যাহা হউক, যদি মহাত্মা যুধিটির, ভীমদেন, অভ্নুন, পুক্রবশ্রেষ্ঠ নকুল ও সহক্ষেত তথায় গমন করিতে মানস করেন এবং ইইাদের পরম প্রিয়কারী ধর্মাত্মা বলদের ও বাহুদেবের ইহাতে সন্মতি থাকে, তাহা হইলে স্বাজ্যে গমন করুন; তাহাতে আমার কিছুমাত্র আপত্তি নাই।

তথন মুধিটির কহিলেন, হে রাজন্ ! আমি এবং আমার অক্তরণ আপনারই অধীন, অতএব আপনি-বাহা আজা করিবেন, তাহা আমাদের শিরোধার্য ও অবশ্য কর্ত্তব্য আর্থা ৷ ক্তঞ্চ কহিলেন, পাগুবগণের স্থদেশপমনে আমার বিশ্পুণ মত আছে, অথবা সর্ক্ষপরিৎ মহারাজ জপন্তের বে মত আমারও পেই মত ।

জ্ঞপদ কহিলেন, মহাবাহ পুরুবপ্রের্চ বাস্থ্যবের বাহা কর্মবা বলিরা বিবেচনা, করিতেছেন, তহিবরে আমারও সম্পূর্ণ মত আছে। মহাভাগ পাগুবগণ আমার ও ক্লের উভরেরই স্থলং, বিশেষতঃ পুরুষোত্তম বাস্থাদেব পাগুব-গণের যেরূপ মঙ্গল চিন্তা করেন, মহাত্মা যুধিন্তির স্বয়ং দেরূপ করিতে পারেন না।

পাশুবগণ এইরপে জপদ কর্তৃক স্বরাষ্ট্র গমনে সময়-জ্ঞাত হইয়া ক্লঞা ও যশস্বিনী কুন্তীকে সঙ্গে লইয়া কুঞ ও বিছরের সমভিব্যাহারে পরমুদ্ধে হস্তিনানগরে গ্রন করিলেন। মহারাজ ধুতরাষ্ট্র পাত্রন্দনগণ আগমন করি-তেটেন শুনিয়া তাঁলাদের প্রত্যালামনের নিমিছ কৌরবগণ এবং ধমুর্দ্ধর বিকর্ণ, চিত্রমেন, জোণ ও কুপাচার্য্যকে পাঠাইলেন। মহাবলপরাক্রান্ত পাণ্ডবর্গণ সেই সমুদ্য জন-গণ কর্ত্তক পরিবৃত হইয়া ত্রামে ক্রমে হস্তিনাপুরমধ্যে প্রবেশ করিলেন। তাঁহারা নগরে প্রবেশ করিবামাত্র নগরের সমস্ত লোক সাভিশয় কৌভূহলাক্রাস্ত হইল। তথন সমাগত যাবতীয় প্রিয়চিকীবু পুরবাসিগণ মহাত্মা পাণ্ডতনয়দি 🕊 ক নানাপ্রকার স্তব করিতে লাগিল। তাহারা কহিল, এই সেই ধর্মজ °পুরুষশ্রের পুনর্কার আপমন করিভেছেন, যিনি আমাদিগতে সীয় পুত্রের ন্যায় ধর্মান্ত্সারে প্রতি-পালন করেন। এই ধর্মাত্মা এখানে আ্নাতে বোধ হইতেছে যেন, সেই লোকপ্রিয় মহারাজ পাণ্ডু আমাদের হিত্যাধনার্থে বন হইতে প্রত্যাগত হইলেন। আহা! আজি পাণ্ডুভনরগণ নগরে পুনরাগত হওয়াতে আমাদের কিপর্যান্ত আহলাদ চ্ইতেছে ৷ আমরা যদি কথ্ন দান করিয়া থাকি, যদি হোম করিয়া থাকি এবং যদি তপস্যা করিয়া পাকি, তবে সেই প্ণাফলে পাত্নদানগণ শতাবু हरेंग्रा करें नगरत वार्ने "पण्।

তদনস্তর পাণ্ডনয়গণ কোঠতাত ধৃতরাই ও পিতামহ ভীম এবং অন্যান্য গুরুজনের পাদক্রন করিলেন। পৌর-গণ তাঁহাদিপকে কুশল জিজাসা করিতে লাগিল। পরি-শেবে তাঁহারা মধ্বারাজ ধৃতরাষ্ট্রের আজামুসারে গৃহমধ্যে প্রবেশ করিয়া বিশ্রাম করিতে লাগিলেন।

পাপুনন্দনগণ ক্রিয়ৎক্ষণ বিশ্রাম করিলে পর মহারাজ যুতরাষ্ট্র ও তীম তাঁহাদিগকে আহ্বান করিয়া আনিলেন। যুতরাষ্ট্র বৃধিষ্টিরকে সন্বোধন করিয়া কহিলেন, বংস কোন্তের! তুমি ত্রাতৃগণের সহিত আমার বাকা শ্রহণ ও ভাহার মুর্ম বিবেচনা কর। ভোমরা রাজ্যের অক্লাংশ গ্রহণ করত থাওবপ্রস্থে গিয়া বাস কর, তাহা হইলে ত্র্যোধনাদির সহিত তোমাদিগের পুনরায় বিবাদ হইবার আর সম্ভাবনা নাই। বেমন স্থরপতি দেবগণকে রক্ষা করেন, অর্জুন পাওবপ্রস্থে তোমাদিগকে সেইরূপ রক্ষা করিলে আর কেহই জোমাদের অনিষ্ট করিতে পারিবেনা।

পাণ্ডবগণ অৰ্দ্ধ রাজ্য প্রাপ্তির অনুমতি পাইয়া রাজাজা স্বীকার ও তদীয় চরণে প্রণিপাতপূর্মক ক্লফ-সমভিব্যা-তারে অরণ্যপথে থা ওবপ্রস্তে প্রবেশ করিলেন। তাহা-দির্গের আগমনে খাওবপ্রস্থ অলম্কত ও স্থরনগরীর ন্যায় স্থান্ডিত হইল। তৎপরে তাঁহারা কোন পবিত্র স্থানে শান্তিকার্যা সমাধা করিয়া নগরের পরিমাণ করিতে লাগি-লেন। ঐ নগর সমুদ্রসদৃশ পরিথা বারা অবস্কৃত; পাতুবর্ণ. মেখমালা ও হিমর্শার ন্যায় গগনস্পর্নী প্রাচীর ছারা বেণিত ; খেতনাগ সমারত পাতাল-গলা ভোগবতীর ন্যায় স্থাপাভিত; গরুড়ের ন্যায় দিপক দারসমূহ ও পর্ম রমণীয় সোধনমূছে সমাকীর্ণ; মন্দর ভ্ধরের ন্যার অত্যন্ত ; অন্ত্র-শস্ত্রক্ষিত গোপুরসমুদায়ে স্থোভিক; ভীষণ ভুজক-মাকার শক্তি, তীক্ষ অন্থূল, শতন্ত্রী, লৌহচক্রপ্রভৃতি অন্তকলাপ, যশ্র সমুদার ও তল্পমূহ বারা অলক্ষত এবং যোধগণ কর্ত্ব হ্রক্তি। ঐ নগরমধ্যে হ্রবিস্তু রাজপথ সকল স্থবিভক্ত রহিয়াছে; কোন প্রকার দৈবী পীড়া নাই; স্থা-ধবলিত বিবিধ পরমোংক্ট ভবনসমুদায় চতুর্দিকে শোভা পাইতেছে। ফগতঃ ইক্সপ্রহনগর তংকালে নভো-মণ্ডলস্থ বিতাৎসমাবৃত মেঘবুন্দের ন্যায় দৃষ্ট হইতে লাগিল। উ্হার মধ্যে পরম রমণীয় প্রদেন। মুবেরগৃহতুল্য ধনসম্পর কৌরবগৃহ বিরাজিত রহিয়াছে। নগরের চতুর্দিকে আন্ত্র, আত্রাতক, নীপ, মশোক, চম্পক, পুরাগ, নাগপুপা, লকুচ, পন্দ, শাল, তাল, ত্যাল, ব্কুল, কেতক্, প্রাচীনামলক, लाधु अद्भान, अपू, शावेन, क्लक, अ्छिपूक, कत्रवीत, পারিজাত প্রভৃতি ফলপুপ-ভার নমিত স্থমনোহর বুক সম্বাবে পরিপূর্ণ উন্যান সকল শোভা পাইতেছে। ঐ সমস্ত উদ্যানে মন্ত ময়ুর কোকিল প্রভৃতি বিবিধ স্থকণ্ঠ পক্ষিগণ সর্বাদা মধুরশ্বরে গান করিতেছে। আদর্শের ন্যায় স্বচ্ছ বছবিধ গৃহ, মনোহর পভাগৃহ ও বিচিত্র চিত্র-গৃহ সকল উহার মনোহারিণী শোভা সম্পাদন করিতেছে।

হংস, বক, চক্রবাক, কারণ্ডব প্রেড়ী পক্ষিগণে শোভিত, স্বচ্ছজন-পরিপূর্তী রহৎ বৃহথ বাপী, সরোবর, প্রারিণী উহাতে শোভা পাইতেছে। ঐ নগরমধ্রে; সর্ব্যবেদ-বেতা ভ্রাহ্মণগণ সর্ব্যভাষা-বিশারদ

পাওবগণ গা ওবপ্রস্তের পরম রমণীয় শোভা নিরীকণ্
করিয়া অভিনাত্র প্রীত ইইলেন এবং পিতামহ ভীম ও
জোষ্ঠতাত বৃত্রাষ্ট্রের অনুমতিক্রমে তথায় বাস করিছে;
লাগিলেন। ইন্দ্রত্ন্য মহাধন্ত্র্রির পঞ্চপাওব বাস করাছে
গাওবপ্রস্তের পূর্বাপেকা অধিকতর রমণীয়তা পরিবর্দ্ধিত
হইল। মহাবীর বাস্ক্রেন ও বলদেব পাওবিদিগকে থাওবনগবে রাণিয়া ভাঁহাদিগের অনুমতি গ্রহণপূর্বক স্বারবতী,
প্রস্থান করিলেন।

অকীধিক দ্বিশততম অধ্যায়।

জনমেজর কহিলেন, হে তপোধন । মহাদ^{্ধ} মহাবল পরাক্রান্ত মদীয় পিতামহগণ রাজ্য লাভানস্কর্ম, গিণ্ডবংশত্বে বাস করত কোন্ কোন্ কর্ম করিয়াছিলের ধর্মপত্রী দ্রৌপদী একাকিনী হইয়া কিরপে তাঁহাদের পাঁচ জনের মনোরক্ষা করিয়াছিলেন, আর তাঁহারা পঞ্চল্রভাই বা কি প্রকারে একাকিনী দ্রৌপদীতে অন্তর্মকা হইয়া অবিবাদে কাল্যপন করিতেন, এই সমন্ত শ্রহণ করিতে আমার সাতিশ্য অভিনায হইতেছে, আপনি অনুগ্রহ-পূর্মক বর্ণন করন।

বৈশশায়ন কহিলেন, মহারাজ ! পাণ্ডবর্গণ ধৃতরাঙ্কের আজাহুনারে রাজ্য প্রাপ্ত হইরা ক্ষনা-সমভিব্যাহারে থাণ্ডবপ্রতে বাদ করিতে লাগিলেন। সভ্যপ্রতিক্ত মহাতেজা যুধিটির রাজা হইরা লাভ্চত্ইয়-সমভিব্যাহারে ধর্মাহুলারে প্রজাপালন করিতে লাগিলেন। সেই শক্তক্ষিকারী মহাপ্রাক্ত, সভ্যনিষ্ঠ, ধর্মপ্রার্থ, পঞ্চল্রাভাগি পরমাহুলানে তথার বাস করত রাজাসনে উপবিষ্ট হইরা সম্বত্ত পৌরকার্য্য সম্পাদন করিতেন।

একদা তাঁহারা পশ

সত্ত হইয়া স্বংখ উপবিষ্ট

কর্ত্ত লেন। মহাত্মা বৃধিষ্ঠির তাঁহাদের
কর্ত্ত লেন। মহাত্মা বৃধিষ্ঠির তাঁহাকে
ধ্যাত্মাহ আদন প্রদান করিলেন। দেবর্ধি
পু জল্বাবিধি অর্ঘ প্রদান প্রঃসর তাঁহাকে
করিলেন। দেবর্ধি পূজা গ্রহণানস্তর পরম প্রীত
হোরাল বৃধিষ্ঠিরকে আশার্কাদ করিয়া আসন পরিক্রিতে অন্নমতি করিলেন। ধর্মাত্মা ধর্মনন্দন দেবর্ধির
দেশান্থ্যারে আসনে উপবেশন করিয়া দ্রৌপদী-সমীপে
তদীয় আগমনবার্ত্তা প্রতিইলেন। জনপদরাজত্তিতা নারদের আগমনবার্তা প্রতিবিশন এবং চরণ বন্দনাপূর্বক
ক্রতার্গ্রিপ্টে বিনীতভাবে দণ্ডায়মান রহিলেন। দেবর্ধিসক্তম নারদ রাজনন্দিনী দ্রৌপদীকে বিবিধপ্রকার আশীর্ব্রাদ করিয়া অন্তঃপুর গমনে অনুমতি করিলেন।

পাঞ্চালরাক্তন্যা তথা হইতে গ্রমন করিলে ঋষিশ্রেষ্ঠ ারণ নিভুতে যুধিষ্ঠিরাদি পঞ্চ ভ্রাতাকে সঃস্বাধন করিয়া বঁছুতে লাগিলেন। হে পুরুষশ্রেষ্ঠ পাওবগণ ! তোমরা পঞ্জীতা; কিন্তু একাকীনী জ্পদতন্য়া ভোমাদের ধর্ম-পত্নী ;শতএব বাহাতে তোমাদের পরস্পর লাভবিচ্ছেদ না হয়, এম কান উপায় বিধান কর। পুর্বকালে লোক-खत्र-विक्रं देशीयल ७ उपयन नाम इरे जांचा हिन। তাহার। অদার অবধা। ঐ ভ্রাত্ত্বয়ের পরস্পর এরপ বুঁমৌহার্দ ছিলবে, তাহারা একত শয়ন, একতা উপবেশন ও এক ব্লাকা-শাসন করিত। কেবল তিলোভমার নিমিত্ত বিবাদ করিয়া ভাহারা পরস্পরকে সংহার করিয়াছিল। তোমাদের পঞ্জাতারও একণে পরস্পর যংপরোনান্তি मोशर्क, आह्न, अञ्जद मिथि यन विवान ना इत्र, अहे নিমিন্ডই আমি কোন সহপায় শ্বির করিতে কহিতেছি। ুৰ্ধিছির কহিলেন, ছে মহর্বে ! আপনি যে স্থল ও পহলের কথা কহিলেন, তাহারা কাহাব পুত্র ? কি কারে উৎপন্ন হইরাছিল ? কেনই বা তাহাদের পরস্পর ভদ হইল ? এবং কি করিয়াই বা পরস্পার পরস্পারকে সংহার করিয়াছিল? আর বে অপারা তিলোভ্যার রূপলাবণ্য দর্শনে তাহারা কামান্ত হইরা পরস্পরের প্রাণ नाम करत, त्रहे चन्नताहे वा काहात कना। १ (इ जर्भा-धन ! এই সমত বৃত্তাত আদ্যোগান্ত এবণ করিতে আমার

একান্ত বাসনা হইতেছে, আপনি অমুগ্রহপূর্বক সবিস্তর বর্ণন কক্ষন।

নবাধিক দ্বিশততম অধ্যায়।

নারদ কহিলেন, হে কুজীনন্দন যুধিষ্ঠির । তুমি ল্রাত্গণ-সমভিব্যাহারে সেই স্থান্দের পুরাতন ইতিহাস
শ্রবণ কর । পূর্বাকালে মহাস্থর হিরণ্যকশিপুর বংশে
নিকুষ্ট নামে মহাবল পরাক্রান্ত তেজন্বী এক দৈতা
জন্মগ্রহণ করে । ঐ দৈতা যাবতীয় দানবগণের অধীশ্বর ছিল । ভীমপরাক্রম ক্রেমনা স্থান ও উপস্থান
তাহারই পূর । ঐ মহাবলপরাক্রান্ত একনিশ্বয় ও
এককার্যানিরত লাভ্রম্ম সর্বাদা সমত্থেস্থ হইয়া
কাল্যাপন করিত। তাহারা কেহ কাহাকে পরিত্যাগ
করিয়া ভোজন, শ্মন বা গমন করিত না । স্তত্ত
পরস্পর পরস্পরের প্রিয় কার্য্য করিত এবং পরস্পরিকে
প্রিয় বীক্য কহিত। ফলতঃ তাহাদিগের ত্ই লাতাকে
দেখিলে বোধ হইত যেন, এক মৃত্তি দিধা বিভক্ত হইরাছে। সেই সহোদরহয় ক্রমে ক্রমে বরঃপ্রাপ্ত হইল।

কিমদিন পরে স্থল ও উপস্থল তৈলোক্যবিজয় সঙ্কলে
দীক্ষিত হইয়া বিদ্ধাপক্ষতে গমনপূর্বক অতি কঠোর
তপস্থা আরম্ভ করিল। সেই জ্টাব্দলধারী বীর্দ্ধ তপোমুষ্ঠানকালে ক্ষ্ণিপাসা পরিত্যাগপূর্বক কেবল বায়্
ভক্ষণ ও আপনাদের গান্ধাশস ছেদন করিয়া গ্র্মান্তে
আছতি প্রদান করিত এবং অনিমিষ-লোচন ও উর্দ্ধবাছ
হইয়া চরণের বৃদ্ধান্দ ঠে নির্ভির করত দণ্ডায়মান থাঞ্চিত।
এইরূপে তাহারা বহুকাল কঠোর তপস্যা করিল। বিন্ধাাচল তাহাদের অত্যগ্র তপংগ্রভাবে তাপিত হইয়া মুম
মোচন করিতে লাগিল।

দেবগণ্থ সেই অভ্ত কাপার দর্শনে যংপরোনান্তি ভীত হইরা ভাইদের তপোবিদ্ন সাধনে যত্নকা হইলেন। তাঁহারা কখন বিবিধ রত্ন, কখন বা স্থলরা স্ত্রী সম্পার দারা তাহাদিগকে প্রলোভিত করিবার চেটা করিতেন, কিন্তু তাহারা কিছুতেই বিচলিত হইল না। তখন দেবগণ মান্তালা বিস্তার করিয়া তাহাদের তপোবিদ্ন করিবার চেটা করিতে পাগিলেন। একদা তাহারা তপ্সাা করিতে

তথায় উপস্থিত হইয়া তাঁহাকে আহুপূৰ্বিক সমস্ত বৃত্তাস্থ निर्वतन कदिएनन। बन्ना मरनामर्था कियुर्क्ष िखा कतिया विश्लिक कहिरलन, (इ जनल ! जना स्वताज हैटक्र ब नमरक दय क्षकारत जुमि थाखननन मध्य करित्र पातिरन, আমি এইরূপ এক উপীয় অবধারণ করিয়াছি, শ্রবণ कत्र : (मयकार्या ष्वकृष्ठांन कतिवात निभिष्ठ शृर्व्हारम् नत ও নারায়ণ মন্তালোকে অবতীর্ণ হইয়াছেন। লোকে তাঁহা-দিগকে কৃষ্ণাৰ্জ্জন বলিয়া আহ্বান করিয়া থাকে। তুমি कुरकार्ज्य मम्बियाहारत था ध्वरत न्यान कतिया परिवाह করিবার নিমিত্ত তাঁহাদিগের সাহায্য গ্রহণ কর। তৎপরে দেবগণ রক্ষা করিশেও ভূমি অবলীলাক্রমে সেই অরণা एक क्रिट्ड भावित। क्रेकार्कून ममर्वे इहेबा ममस् वना क्रक्रुनिश्रक, এवং अधिक कि विनव, मिवदाज हेन्द-(क ও यञ्च श्रुक्त क निवाद । कितिए भारित्यम, हे हार्छ अनुभाव সন্মের নাই। এই কথা শুনিয়া হতাশন ক্ষাৰ্জ্ন-স্থি-धारम छेलमी ७ इडेब्रा माहायामामार्थ ध्वार्थमा कथिएनम । रिवमाल्यसम् कहिलान, महात्राख । व्यब्ध्न ७ कृष्यत्र निक्रे উপস্থিত হইরা অগ্নি ফেরুপে প্রার্থনা করিয়াছিলেন, তাহা আপনাকে পুর্বেই অবগত করিয়াটি। তৎপরে অর্জুন অগ্নিবাক্য শ্রবণ করিয়া তৎকালোচিত প্রান্থান্তর প্রদান করিয়া কহিলেন, হে অগ্নে! আগার বছতর দিব্যান্ত আছে, তদ্বারা আমি শত শত বজ্রণরের সহিত যুদ্ধ করিতে পারি। কিন্তু যৎকালে আমি সমরকেত্রে বিক্রম প্রকাশ করিব, তথন আমার ভুজবেগ সহা করিতে পারে এমন ধরঃ নাই। আমি অভি স্তরে শ্রক্ষেপ করিতে পারি, আমার শরের সাবশাকতা নাই। আমার রথ মদীয় শস্ত্রপুঞ্জ বছন করিতে অসমর্থ অতএব বায়ুবৎ বেগশালী পাপুরবর্ণ দিবা অস্ব ও এক উৎকৃষ্ণ রথ প্রদান করিতে হইবে। আর কৃষ্ণেরও বাহুখন তুলা অস্ত্র নাই, যদ্বারা তিনি নাগ ও পিশাচস্ণকে সংহারু করিতে পারি-दिन। (इ ७१वन्। यक्ताता आमरा वक्रथत हेक्करक निवादन করিতে পারি, ভাছার উপায় অব্ধারণ করিয়া দিন। আমরা কেবল পৌক্ষ প্রকাশ করিয়া কার্য্য সংসাধনে প্রায়ত্ত হইব, কিন্তু আপনাকে তত্ত্বখোগী উপকরণ সকল ব্দাহরণ করিতে হইবে।

পঞ্চবিংশত্যধিক দ্বিশততম অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, ভগবান ছতাশন অৰ্জুন কৰ্ড্ৰ এইরূপ অভিহিত হুইয়া উদক্ষধাবানী জলেশার বরুণ-দেবকে শ্বরণ করিলেন। চতুর্থ লোকপাল বরুণ ভাছার চিম্বা অবগত হইয়া তৎক্ষণাৎ তথায় উপস্থিত হইলেন। ভগৰানু ছতাশন সমাগত বক্ল-কে যণোচিত সংকার করিয়া কহিলেন, ছে জলেখর! সোমরাজ তোমাকে যে भयः, जुनीत्रमत्र ७ किनिकन तथ अनान कतियाजितन, তৎসমুদায় আমাকে শীঘ্র প্রদান কর। পার্থ গাঙীৰ ছারা ও ক্লফ চক্র দারা কোন মহৎ কর্ম সম্পাদন করিবেন। সর্কাশস্ত্রপ্রমাথী, সর্কায়ুধসারভূত সেই বিচিত্রবর্ণ পরমান্ত্রত দিবা শরাসন, অক্ষয় তুর্নীরবয় এবং এক রম্পীয় রথ প্রদান করিলেন। ঐ রথ স্থব্গিলয়ারে ভূষিত রক্তবর্ণ মহাবেগশালী গান্ধব্য অখুগণে সংগোভিত ছিল, উল্ সমত युष्काभकत्रभमःयुक्त, तमवनामवगरगत कारक्षम, नक्त्र স্থাভিত, কিরণরাজিবিরাজিত, গভীরগর্জনবিশিষ্ট (কপিকেতনে অবস্কৃত। ভূগনপ্রভূ বিশ্বকর্মা ঐ রগ্ করিয়াছিলেন। মহারাজ সোম ঐ রখে আ দানবগণকে পরাজয় করিয়াভিলেন্ত। ক্লন্ত ও নবনেঘাক্ততি পরম রমণীয় রখে: নিক্ ইক্রায়ুণের ন্যায় শোভা পুটেতে লাগিগেয়ু ধ্বভয় 🕏 অবর্ণময়; উহার উপরিভাগে এক প্রকাণ্ডকলেবর বানর স্বিবেশিত রহৎকার জীবলম্ভর প্রতিমূর্ত্তি নিন্মিত গ अवन कतिरन भक्तरेमनामन विमुख्य शक्री, वांकि विमात्म आद्राह्य কবচ পরিধান, থভুগধারণ, গো গণকে নমন্বার করিয়া প্রদক্ষিণপু হণ করিলেন। পরে ত্রন্ধনিশ্রিত সাতিশর সম্ভট হইলেন। তথন বলপূৰ্বক ধহু: গ্ৰহণ করিয়া তা (लन। जार्ति। भगकारन अक्रभ नाशिन (र, डेहा अवरन जकरनद क्कीनन्त्रन व्यर्कृत दव, श्रष्ट् छ হইৰা অভিমাজ সম্ভট হইলেন।

তদনন্তর ভগবান ছাতাশন ক্লফকে স্থান্দানাত্র প্রদান করিলেন এবং কহিলেন, হে মধুস্থান! তুমি এই চক্র ধারা যুদ্ধে দেবদানবদিগকেও অনমাসে পরাজ্যর করিছে পারিবে। কি মন্থা, কি দেব, কি রাক্ষ্য, কি পিশাচ, কি দৈতা, কি নাগ, তুমি যুদ্ধে সর্কাপেক্ষা সমধিক-প্রভাব-সম্পন্ন এবং জাহাদের পরাজ্যে সমর্থ হুইবে, সন্দেহ নাই। হে মাধব। তুমি শক্রর প্রতি যুহুবার এই চক্র নিক্ষেপ কবিবে ইহা ভত্রবারই শক্র নিপাত করিয়া পুনর্যে ভোষার হন্দ্র আদিবে। তুৎপরে বক্রণদেব ক্রফকে দৈতান্তরকাবিণী কোমোদকীনামী গদা প্রদান করিলেন। ঐ গনার শক্ষ বজ্নবিগ্রের নায় ভ্রম্কর।

তপন অস্থাক নৃশ্পার ব্যাসিত ক্ষণ ও অর্জন অরিকে
কহিলেন হে জগ্রন। একাণে আম্রা স্মস্ত স্থ্যাস্থ্যশ্ব স্থিতও কুদ্ধ করিছে পারি, ইক্সু একাকী প্রগের
নাত কুদ্ধ করিয়ে আমাদের কি করিবেন ? অর্জনুর
কল্ন, এক চজেপানি বন্ধে ভ্রমণপূর্দ্ধক চলোক্ত নিক্ষেপ
সদ্দেশ হালা করিতে পারেন, এমন কার্যা ত্রিজগ্রুতে
অভ্যান্ত কি ক্রিভ পারেন, এমন কার্যা ত্রিজগ্রুত
আমাদের
ক্রিভা বিশেষতঃ আমি আবার গাড়ীর ধন্তঃ ও
আমাদের
ক্রিভা বুদ্ধে প্রান্ত ইইয়াছি, অভ্যাব তে
নাই। বিশেষ গ্রুত্ববনের চতুদ্ধিকে প্রজ্বিত ইইয়া
অশিকে অনুষ্ঠা দুন্ধ করুন; আম্রা আপনার সাহায্য
ভোমার অন্তরো

ছেন; ভিনি কথান, কৃষ্ণ ও জর্জুন কর্তৃক এইরপ না। অতএব স্পান্ধসরপ এচণপূর্বক সপ্ত শিখা বিস্থার নিমিত্ত কিছুমাত্র উলিত হইয়া থাওবারণা দগ্ধ করিতে সেই জরিতাকে মন্দোল যুগান্ত কালের ন্যায় বোধ ক্রিতেছ। নিশ্চর বুঝিল গভীর নির্দোবের ন্যায় প্রজ-পূর্বের মত রেছ নাই। বের মীবজন্ত কম্পান্থিত-মহজ্ঞানের প্রতি প্রক্রিকার পর্বতেক্ত মেরুর ন্যার শোভা অহজ্ঞাপ করিবার আব

মলপাণ কহিলেন, বিশত্তম অধ্যায়।
আমি নিতাত কামান (
গাৰে পৃথিৱীমণ্ডণ প্ৰমণ্ড (
স্বিধান্ত কামান বিশ্ব প্ৰাক্তিয়া নানাবিধ

শ্রিতা নারীর:ন্যার একা

প্রাণিগণ দগ্ধ করাইতে আরম্ভ করিলেন। পাঞ্চবারণাবাসী অন্তগণকে যে দিকে পলায়ন করিতে দেখিলেন, তাঁহারা দেই দেকে বেলে ধাৰ্মান হইতে লাগিলেন। গমন-কালে সেই বায়ুবেগগামী রথদয়ের অস্তর্গত অবকাশ मकल बनका इहेन, (कवन खनांचेहात्कृत नाम लागुमान রথিদয় দৃষ্ট হইতে লাগিলেন। এইরূপে খাওববন দগ্ হইতে আরম্ভ হইলে শত শত প্রাণিগণ ভয়ক্কর চীৎকার করিছে করিতে ইতক্ততঃ প্রধাবিত হইতে লাগিল। কোন কোন জন্ত তীত্র তাপে দথ্যৈকদেশ, ক্ষুটিতচকুঃ ও বিশীর্ণ হইয়া দোড়িতে লাগিল। কেহ কেছ পিতা, পুত্র ও ভ্রাতৃ-গণকে আলিঙ্গুন করিয়া স্থেদ্বশতঃ তাহাদিগকে পরিত্যাগ করিতে না পারাতে তথায়[®]প্রাণত্যাগ করি**ল। কেহ কেহ** 'দশনে দশন নিপীড়নপূকাক ইভস্ততঃ ধাৰ্মান হইতে শাগিল এবং বিঘূর্ণি ১কলেবরে অগ্নিতে পতিত হইরা প্রাণভাাগ কনিল। পশিকগণ দশ্ধপক্ষ, দশ্ধচকু: ও দশ্ধচরণ হঞ্জী। মহাওলে •বিলুৡনপৃদ্ধক প্রাণভাগে করিতে লাগিল। এলাশয় স্কল 'তীব্ৰ তাপে, কাথ্যুমান হওয়াতে ভুতুত্ কুত্র ও মংস্যসমূলতা বিনষ্ট হুইয়া গেল। কোন ধোন **৯**ন্তর সমস্ত কলেবর প্রজ্ঞালত হওয়াতে মৃতিমান্ বহির ন্যায় দৃষ্ট হইতে লাগিল। কোন কোন পকা তীর তাপে সাতিশয় সম্ভপ্ত হইয়া উড্ডয়নপূর্কক পণা রন করিবার চেষ্টা করিতে লাগিল; কিন্তু পার্থ তীক্ষ শর দারা তাহাদিগকে খণ্ড, খণ্ড করিয়া অগ্নিতে নিপাতিত করিতে লাগিলেন। ক্তিপয় পক্ষী অজ্জুনের তীত্র শরে কত্রিকণাঙ্গ হটয়া চীংকাররবে বৈগেউড্ডীন ও খনরায় খাওবাগ্রিমধ্যে পক্তিত হইতে লাগিল। শত শত বনবাসী জন্তগণ খর শরে জর্জারিতকলেবর ছইয়া ভয়ানকস্বরে চীংকার করিতে লাগিল। তাছাদের ঘোর-ভর নিনাদ মধামান সমুদ্রের গভীর শব্দের ন্যায় শ্রুত হইতে লাগিল। ক্মে ক্রমে প্রজ্ঞানিত হতাশনের শিখা-সমুদাম নভোমগুল পর্যান্ত ব্যাপ্ত হইয়া দেবগণেরও মহান্ উৰেগ ক্ষাইল। তখন তীব্ৰ তাপে সম্ভপ্ত দেবগণ ঋণি গণকে সমভিব্যাহারে লইয়া সুরপতি ইল্লের নিক্ট গমন পূর্বক তাঁহাকে কহিলেন, হে অমরেশর! বহু কি নিমিত্ত अना ममुनात्र मर्जाटनाक नद्म कतिराज्ञ इन ? जना कि ट्यांक সংকর সমুপত্তিত চইয়াছে ?

পরিশেবে প্রতিনিবৃত্ত ছইলেন। দেবরাজ ইক্স তদর্শনে পরম পরিতৃষ্ট ছইয়া ক্লক্ষ ও অর্জ্জুনকে প্রশংসা করিতে লাগিলেন।

স্বরগণ প্রতিনিগৃত হইলে ইক্সকে লক্ষ্য করিয়া এই দৈববাণী হইল, "দেবরাজ! তোমার সথা ভূজগেম্বর তক্ষক বিনষ্ট হন নাই। থাগুবারণাদাহনকালে তিনি কৃষক্ষেত্রে গমন করিয়াছিলেন। আমার বাক্য প্রবণ কর; এই বাহ্মদেব ও অর্জ্জুনকে তুমি কথনই পথাজয় করিতে পারিবে না; ইহাঁরা পূর্ক্ষে নির ও নারায়ণ নামে স্বরপুরে বিখ্যাত ছিলেন। তুমিও উহাঁদের বীয়া ও পরাক্রমের বিষয় সম্লায় অবগত আছ। এই হরাধর্য, স্ক্রলোকবিশ্রুত, প্রাণ মহর্ষিপ্র যুদ্ধে পরাজিত হইবার নহেন। ইহাঁরা সম্লায় দেব, অস্থয়, যক্ষ, রাক্ষস, গয়র্ক্র, নর, কিয়র ও পরগগণের পূজনীয়। অতএব হে বাসব! তুমি প্রগণ-সমাভিবাহারে স্বস্থানে প্রসানপূর্ক্ষক এই খাওবলাহ নিরীক্ষণ কর।"

অনুরবাজ ইক্র এই প্রকার অশ্রীরিণী বাণী শ্রবণ ক্রিয়া সভা বিবেচনায় ক্রোধরেষ পঞ্চিয়াগপূর্বক সর্গে প্রস্থান ক্রিলেন। অন্যান্য দেবগণ দেবরাজকে প্রস্থান করিতে দেখিলা দৈন্যগণ সমভিব্যাহারে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন । সুরপতি অমরবর্গ সমভিব্যাহারে च्छारन व्यक्षान कतित्व कुछ ও चर्छन निःहनान পরিত্যাগ श्रुर्किक निः भक्षिष्ठि था धरवन मध्य कदिए नाशिश्मन। বেমন বায়ু মেঘমালাতে দুরীভূত করিতে করে, ডজপ অৰ্জুন স্থৱগণকৈ তথা হইতে নিঃসারিত করিয়া বাণবর্ষণ দারা খাওববনত জন্তগণকে বাতসমন্ত করিলেন। অর্জু-নের শরাঘাতে ছিলকলেবর হওয়াতে কোন জন্তই প্রাণ লইয়া পলায়ন করিতে পারিল না। মহাবল পরাক্রান্ত জন্তুগণ, অমোঘাল্ল অর্জুনের সহিত সৃদ্ধ করা দ্রে থাকুক, उरकारण उँ। हारक नित्री अपने कतिए उ नमर्थ हरेण ना। শত শত পক্ষিণণ অর্জুনশরাঘাতে প্রাণ পরিত্যাগপুর্বক অগ্নিতে পতিত হই । नाशिन। हरी, मृत, उत्रक्, ও অন্যান্য প্রাণিগণ কি তীরভূমি, কি বিষম প্রদেশ, কি পিড়দেবনিবাস, কোথাও গিনা প্রাণ রক্ষা করিতে না পারিয়া কাতর্পরে চীৎকার করিতে লাগিল। ভাছাদের আর্ক্তনাদ শ্রবণ করিয়া গঙ্গামধান্থ ও সমূদ্রগর্মন মীনগণ

সাতিশয় আসম্ভ হইল। তএতা বিদ্যাধরণণ ও অন্যান্য জন্তুগণ ক্লফার্চ্ছনের সহিত মৃদ্ধ করিবে কি, ওঁহাদের সম্বীন হইতেই পারিল না। পলায়মান জন্তুগণের মধ্যে যাহারা এক বর্ষের অনধিকবয়য়, ক্লফ স্বীয় চক্র সারা তাঁহাদিগকেও ছেদন করিতে লাগিলেন। মহাকায় জীবগণ ক্ষার্চ্ছনের অস্তাঘাতে ছিয়শির ও ভিয়মন্তক হইয়া প্রদীপ্ত হতাশনে পতিত হইতে লাগিল। এইরপে ভগবান্ হ্বাবাহন ক্লফার্জন প্রভাবে নাংস ক্লধির ও বসা দারা তর্শিত হইয়া মহারেগে গগনস্পর্শপ্রক ধ্মশ্না হইলেন এবং দীপ্রাক্ত, দীপ্রভিহ্ব, দীপ্রানন ও দীপ্তকেশ হইয়া প্রাণিগণের বসা পান করত পরম পরিভৃত্ব হইলেন।

হতাশন প্রচিত্তবেগে থাগুবারণ্য দক্ষ করিতেছেন,
এমন সময়ে ভগবান্ মধুস্দন ময়দানবকে তক্ষকের ভবন
হইতে পলায়ন করিতে দেখিলেন। মুর্ত্তিমান্ আয়ি রুফের
নিকট গমন করিয়া ময়াস্করকে দগ্ধ করাইতে প্রার্থানা করি
লেন। রুক্ত অয়ির প্রার্থানামুদারে অস্করকে ছেদন কি
বার জন্য চক্র উত্তোলন করিলেন। ময় তদ্দর্শনে অর্
ভীত হইয়া "রক্ষা করুন,রক্ষা করুন," বলিয়া অর্জুন স্
গমন করিতে লাগিল। শরণাগত প্রতিপালক ধনপ
সেই কক্ষণস্বর প্রবণে দয়াপ্রবশ হইয়া "ভয় র
আখাস প্রদানপূর্বক তাহাকে জীবিতপ্রাপ্
অর্জুন এইরুপে অভয় প্রদান করাতে ভগ
য়া বিবত হই
ভাহাকে বধ করিবার ইছে। পরিত্যাগ ক্রি
ভাহাকে দগ্ধ করিলেন না।
করিয়ায়; এক্ষ্

হে পৌরববংশাবতংস জনমেজয় া গমন কর। ভগ
জ্জ্ন কর্তৃক রক্ষিত হইয়া ভগবান্ হত ক্রমার্জ্ন ও ময়দানং
সেই বন দ্র্ম করিলেন। এই পঞ্চা তথা হইতে সেই পর
সমস্ত জীবজন্তই সেই প্রচণ্ডান রা উপবেশন করিলেন
ভাষানেন, ময় ও চারিটি শার্ক সমাপ্ত।

উনত্রিংশদধিক দিশত

জনমেজর জিজাসা করিলেন স্থাবিংশতাধিক দিশ্ব বন দাহকালে অখসেন ও মরা ^ধ হর পূর্বতন নিপিকর পাইল, তাহা শুনিয়াছি; একাণে রাতে স্তরাং শ্লোক কারণ শ্রবণ করিতে সাতিশর ঔৎদ মূল মহাভারত মৃতিব অমুগ্রহ করিয়া কীর্ত্তন কলন।

বৈশম্পায়ন কহিলেন, হে শক্রনিপাতন ! শান্ত ক-চতু-ষ্ট্য যে নিমিন্ত সেই প্রবল খাওববনানল হইতে পরিক্রাণ পাইল, তৰিষয় সবিশেষ বৰ্ণন করিতেছি, প্রবণ করুন। মন্দ্রপাল নামে এক পরম ধার্দ্মিক তপঃপরায়ণ, বেদপারগ মহর্ষি ছিলেন। ঐ তপঃস্বাধ্যায়সম্পন্ন জিতেক্সিয় তপো-ধন উর্জবেতাঃ ঋষিগণের আচরিত মার্গ অবলম্বন করিয়া-ছিলেন। কিয়দ্দিনানস্তর তিনি তপস্যার পরাকাষ্ঠায় উত্তীর্ণ হইয়া দেহ ত্যাগপুর্বাক পিতৃলোকে গমন করি-লেন; কিছু তথার তপস্যার ফল প্রাপ্ত হইলেন না। মহর্ষি বছদিনামুষ্টিত তপস্যা নিকল চইল দেখিয়া ধর্ম-রাজের স্মীপত্ত দেবগণকে সম্বোধন করিয়া জিজ্ঞাসা করিলেন, ছে স্থরগণ। আমি কি নিমিত বহুদিবসাজ্জিত তপ্ৰাার ফলভোগে ৰঞ্চিত হইলাম, বলুন। আমি মৰ্ত্ত-লোকে কোন কর্ত্তব্য কর্ম্মের অমুষ্ঠান করি নাই ; যাহাতে ামার ভপদাা নিক্ষল হইল, আমি এক্ষণেই তাহা করি-ছি। হে দেবগণ। মদস্ঞিত তপ্সাার ফল কি, আঞা

আত্ত বিধাণ ও পিতৃঝাণ, এই ঋণত্র য়গ্রস্ত হয়। ঐ
আমাদের পা যজ দারা দেবঁঝাণ, তপস্যা দারা ঋষিঝাণ
লাই। বিশেলাদন দারা পিতৃঝাণ হইতে মুক্ত হইতে
তপশ্চরণ ও যজাহঠান করিয়াত, কিন্তু
নাই; এই শিমিত্ত ভোমার সম্দায়
হৈছ। অতএব তৃমি পরম যত্র সহস্দান কর, ভাহা হইলেই এই অমরদ্বিভোগ করিতে পারিবে। হে
দ্বিত আছে ধে, পুত্র পিতাকে

ान रुख।

সন্দের্গণ কহিলেন, হে ব্রহ্মন্! মনুষ্য জন্মবামাত্র

বের সেই বাক্য ধ্রবণানস্তর
হ অপত্য উৎপাদন করিবেন,
লাগিলেন। তিনি ক্ষণকাল
লী বিহল্পমমগুলে গ্রমন করত
ভারতানায়ী এক শালিকার
ভারতানায়ী ওক লালিকার
ভারতিকে থাকিতেই তাহাদিগকে

ত্রাণ করে, অতএব ভূমি অবি-

জরিতার নিকট সমর্পণপূর্বক লপিতার নিকট গমন করি-লেন। জরিতা মহার্ব কর্তৃক পরিত্যক্ত অশুস্থ ঋষিগণকে পরিত্যাগ করিতে না পারিয়া প্রাণপণে তাহাদিগকে পোষণ করত খাগুববনেই বাস করিতে লাগিলেন।

কিয়দিনানস্তর ভগবান্ হতাশন পাওববন দাহ করি-বার মানদে তথায় আগমন করিলেন। ঐ সময়ে নহরি মন্দপাল লপিতার সহিত সেই বনে ভ্রমণ করিতেছিলেন। তিনি অগ্নিকে দেখিবামাত্র তাঁহার অভিপ্রায় বুঝিতে পারিয়া এবং সীয় সন্তানগদের বাল্যাবস্থা স্মরণ করিয়া কৃতাঞ্চলি-পুটে সেই মহাতেজা ত্তাশনের স্তব করিতে লাগিলেন, "হে অগে ! তুমি সমস্ত লোকের মুখস্বরূপ ; তুমি হবা-বাহন; তুমি গুপ্তভাবে সর্বাভূতের অস্তঃকরণে বিচরণ কর; কৰিগণ তোমাকে অন্বিতীয় ও অিবিধ কছেন; এবং তোমাকে অষ্টধা কল্পনা করিয়া যজ্ঞকর্ম্ম নির্বাহ করেন। হে ত্তাশন! মহর্ষিগণ কহেন, তুমিই এই বিশ্ব সৃষ্টি করিয়াছ; তুমি না থাকিলে এই সমস্ত জগৎ ক্ষণকাল মধ্যে ধ্বংস হইয়া যায়; বিপ্রাগণ জীপুত্র সমভিব্যাহারে ভোমাকে নমস্বার করিয়া অধর্মবিজিত ইষ্ট গতি প্রাপ্ত হন। হে অগ্নে। সজ্জনগণ তোমাকে আমকাশ-বিল্যা স্বিত্ৎ জলধর বলিয়া থাকেন; তোমা হইতে অস্ত্রসমু-দায় নির্গত হইয়া সমস্ত ভূতগণকে দগ্ধ করে; হে জাত-বেদ! এই সমস্ত চরাচর বিশ্ব ভূমিই নিশাণ করিয়াছ; ত্মিই সর্বাত্রে জলের সৃষ্টি করিয়া তৎপরে তাহা हरें एक ममन्द्र कर पेर शामन कतिया है ; ट्या मार पर है हता ও কব্য বথাবিধি প্ৰতিষ্ঠিত থাকে; হে দেক ! তুমি দহন; ত্নি ধাতা; তুমি বৃহস্পতি; তুমি অশ্বিনীকুমার; তুমি মিত্র; ভূমি লোম এবং ভূমিই প্রবন।

ভগবান্ ছতাশন অমিভতেজা মহর্ষি মলপালের এইপ্রকার স্বতিবাকা প্রবণে যৎপরোনান্তি পরিভূপ্ট হইরা
কহিলেন, হে ব্রহ্মন্! আর্মি তোমার তবে সাভিশর
সন্তেই ইইরাছি, এফণে বল তোমার কি অভিলাব পূর্ণ
করিব। তখন মহর্ষি কুডাঞ্জলিপুটে কিহিলেন, হে হ্বাবাহন! আপনার নিকট আনার এই প্রার্থনা যে, যংকালে আপনি থাওবনন দহন করিবেন, অমুগ্রহ করিয়া
আমার পুত্রগণকে পরিভাগ করিতে হইবে। ভগবাম
হব্যবাহন "তথাত্ব" বলিয়া মহর্ষির প্রার্থনা পুরণে সম্বতি

প্রদান করিলেন, এবং তৎক্ষণাৎ ভরন্ধর বেগে থাগুৰবন-মধ্যে প্রজনিত হইয়া উঠিলেন।

ত্রিংশদধিক দ্বিশত্তম অধ্যায় ।

दियालायम कहिलाने, (इ बाजन ! उपनस्त जगरान হতাশন প্রবল বেগে প্রজ্ঞলিত হইয়া উঠিলে সেই শাক্ষ ক-চতপ্তর আপনাদিগকে অশরণ বোধ করিয়া সাতিশয় চঃখিত ও উৎকণ্ঠিতচিত্ত হইলেন। তাহাদের माछा नीना कतिछ। श्रीय भावकश्याक छनवञ्च (मथिया তঃখ শোকাকুলিত-চিত্তে বিলাপ করত কহিতে লাগি-লেন, হায়। এখন কি করি। ঐ প্রজ্ঞাত হতাশন ভ্র-গুল সমনীপিত করিয়া ভয়ম্বর বেগে অরণ্য দগ্ধ করিতে করিতে এই দিকেই আসিতেছেন; আর আমাদের পূর্বা প্রক্রপাশের প্রিত্তাণ-কারণ এই শাবকগুলিও আমার চিলিকর্মণ করিতেছে। আমি কি করিয়া ইহাদিগকে পরিত্যাগ করিয়া প্লায়ন করি। ইহারা সকলেই অজাত-পক্ষ এবং ইহাদিগের চরণ অতিশয় চুকলৈ স্বতরাং স্বয়ং প্লায়নে অসম্থ। আমারও এমন সাম্থ্য নাই যে. ইহা-फिरशब हाति कमरक लडेगा अञ्चास कति: किया देश-দিগকে পরিত্যাগ করিয়া যাই। এখন কি করি। কাহাকে পরিত্যাগ করি, কাহাকেই বা লইয়া যাই ৷ হে পুত্রগণ ! ভোমরা বল, একণে আমার কি করা কর্ত্বা। আমি বিস্তর চিস্তা করিয়াও তোমাদের মোচনোপায় জির করিতে পারিলাম না, অতএব আমি খীয় গাতদারা ভোমাদিগকে আচ্চাদন করিয়া তোনাদের সহিত এক-কালে ত্তাশনমূথে প্রাণ সমর্পণ করি। তোমাদিগের পিতা নিতান্ত নিচুর। ডিনি গ্যনকালে বলিয়া গিয়াছেন (य, खित्रजाति भक्ताकार्ध देशाएडरे कुरलत श्रीकिश श्रेरत, माविक्रक अभारतारभागन याता यान वर्षन कतिरव ; ক্রমত্ত তপদ্যা করিবে এবং দ্রোণ বেদবেভাদিগের অগ্র গুণা হটবে, তিনি এইমান বলিয়া আমাদিগকে পরি-ত্যাগপুর্মক প্রস্থান করিয়াছেন। এখন আনি কাহাকে অবলম্বন করিয়া এই বিপদ হইতে উদ্ধার হই। শাঙ্গিকা এইরূপে ইতি কর্ত্তব্যতাবিমূচ হইরা সীর শাবকগণ রকার (कान छेशांव श्वित कविटा शावित्वन ना, दक्वन विवाश ঽরিতে লাগিলেন।

শাঙ্ক কিগণ স্থীর জননী শাঙ্কি কার এইরূপ বিলাপবাক্য প্রবণ করিয়া কহিলেন, মাতঃ! আমাদিগের স্থেছ
পরিত্যাগ করিয়া অগ্নিশুনা স্থানে পলায়ন কর। দেখ,
আমরা এস্থানে বিনষ্ট হইলে তোমার অন্যান্য অনেক সন্তান
হইতে পারিবে, কিন্তু তুনি প্রাণ ত্যাগ করিলে বংশ
রক্ষার উপায়ান্তর নাই। অতএব হে মাতঃ! এই উভয়
পক্ষ বিবেচনা করিয়া যাছাতে আমাদের কুলের শ্রেয়ঃ
হয়, তাহা কর। আমাদিগের প্রতি স্বেহ প্রকাশ করিয়া
সর্কাদিক বিনষ্ট করিও না এবং ইহা করিলে আমাদের
পিতার বাঞ্রিও বার্থ হটবে না।

জরিতা কহিলেন, হে পুদ্রগণ! এই বুক্সের অতি সমীপবর্তী ভৃতলে এক মৃষিকের গর্দ্ধ আছে; তোমরা অতি ছরায় তর্মাধ্যে প্রবেশ কর; তণায় অগ্নিভারের সম্ভাবনা নাই। কে পুজ্রগণ! তোমরা ঐ গর্জনধ্যে প্রবিষ্ট হইলে আমি পাংশুদ্ধারা আপাততঃ উহার মৃথ ব করিয়া দিব, তাহা হইলে তোমরা একণে ক্ষি হই পরিক্রাণ পাইতে পারিবে। পরে অগ্নি নির্বাণ শব আমি পুনরায় আদিয়া পাংশুরাশি প্রক্রেপ পরিক্ষার করিয়া দিলে পুনর্কার উবংসগণ! প্রজ্ঞানত ভ্তাশন হইতে মৃক্ত হই মাত্র উপায় আছে, ইহা অবলম্বন ক্রির

শাঙ্গ কগণ কহিলেন, হে মাতঃ
মাংসলোল্প, বিশেষতঃ আমরা অজ্
ভূত; আমরা গর্ত্তমধ্যে প্রবিষ্ট হইটে
ভক্ষণ করিবে, সন্দেহ নাই; এই
করিতে সাহস হইতেছে না। প্র
কহিতে লাগিল, হার! এপন।
হতাশন হইতে রক্ষা পাই! কি
পরিবাণ পাই! কিপ্রকারে অং
পাদন নিক্ষল না হয় এবং কি
থাকিবেন। গর্তে প্রবেশ ক
অন্তরীকে থাকিলে অগ্রিদাহে ব
বিবেচনা করিয়া দেখিলে গ্রে
ত্যাগ করা অপেক্ষা অগ্নিতে
বিহেতু মৃষ্কিমুধে মৃত্যু হইলে

হতাশনে কলেবর পরিত্যাগ করিলে স্কাতি লাভ হইতে পারিবে।

একত্রিং শদধিক দ্বিশত্তম অধ্যায়।

বৈশম্পারন কহিলেন, দীনা জরিতা পুত্রগণের এই लाकात कालाताकि अवगानखन जाशामिशक कशिलन. তে বংসগণ। একদা এই গৰ্ভ হইতে সেই মুবিক বহিৰ্গত হইয়াছিল, দেই সময়ে একটা শোনপক্ষী তাহাকে শিকার কবিয়া লউয়া গিয়াছে। অতএব তোমরা নিশন্তচিত্তে গ্রহ্মধ্যে প্রবেশ কর: শান্ত কগণ কহিলেন, মাতঃ। व्यामता (मानभनीत्क मृविक नहेश याईएड (मिथ नाहे। चात यनि उ (गरे मुविकतक नरेवा शिवा थातक, उथानि व গর্ভমণ্যে অন্য মৃষিক থাকিবার সম্ভাবনা, তাহাও আমা--দের ভয়াবহ। দেখ, বায়ুবেগ ক্রমে নিবুত্ত ছইয়া আসি-তেছে. অতএব অগ্নি আমাদিগের সমীপ পর্যান্ত আসিতে ादि ना भारत मत्मक, किंद्ध व्योगता गर्छगरधा अरवभ ক্রিলে মুবিকহন্তে পতিত হইরা প্রাণ ত্যাগ করিব, गरमेर नार्छ। এक भक्त मुका निक्त म, भका खरत जः भग : অতএবীরংশরিত পক অবলম্বন করাই শ্রেম:। হে মাতঃ। আমাদের বারা পরিত্যাগ করিয়া উপযক্ত স্থানে পলায়ন নাই। বিশেষ্ বিনই হইলেও তোমার অন্যান্য পরমোৎক্রই

> ব্বেনা, হে পূল্লগাণ! যংকালে সেই নহাবল কী গর্ত হইতে মৃষিককে লইয়া যার; ই স্থানে উপস্থিত থাকিয়া তাহা স্বচক্ষে বং সম্বরে তাহার পশ্চাৎ পশ্চাৎ গ্রমন মাশীর্কাদ করিয়াছি, হে শোনরাক। কন্ত এই মৃষিককে হরণ করিয়া বিলে, এই পুণাকলে ভূমি পর-বর প্রাপ্ত ইয়া স্ফকর স্বর্গ বর প্রাপ্ত ইয়া স্ফকর স্বর্গ বর প্রাপ্ত ইয়া স্ফকর স্বর্গ বর প্রাপ্ত বাইয়া স্বর্গহে প্রভ্যা-বর হে প্রগণ! ভোমরা সম্ভব্দে ভূমাত্র শহা করিও না; আমার ভক্ষণ করিয়াছে।

> > ন, মাতঃ! খোন বে খুৰিককে

শ্ট্রা গিয়াছে, আমরা তাহার কিছুমাত্রই স্থানি না; অতএব কি প্রকারে গর্ভে প্রবেশ করি।

জরিতা কহিলেন আমি স্বচক্ষে প্রত্যক্ষ করিরাছি, मान गृथिकरक **एकन क**रिवार ; रठामार दिक्रमां ভয় নাই, আমার বচনাতুসাতে কার্য্য কর। শার্ক কগণ কহিলেন, মাতঃ ৷ তুমি কেন মিথ্যা প্রবোধবাক্য দারা আমাদের ভর ভঞ্জন করিবার চেষ্টা পাইতেছ; ঐ গর্তমধ্যে যথন শত্রু থাকিবার সম্ভাবনা,তথন আমাদের কোনক্রমেই উহাত প্রবেশ করা বিধেয় নহে। দেখ, আমরা তোমার कथन कान छे भकांत्र कित नारे ; व्यधिक कि, व्यामता त्य (क, छाटा जुमि वि (भवक्र (भ कान ना, जव कि निमिख তুমি এত কট্ট সহা করিয়াও আমাদিগকে লালন পালন করিতেছ। তুমি আমাদের কে ? আর আমরাই বা তোমার (क ? जात उ (मथ, जुमि अझ रशका এवः मर्ननी ग्रां उ वहे, অতএব হে মাতঃ ৷ তুমি আমাদিগকে পরিত্যাগ ক্রিয়া স্বামীর নিকট গ্রমন করত স্থলর পুত্র প্রাপ্ত হও, আমরা এই খানে থাকিয়া ছতালনে প্রাণ পরিত্যাগপুর্বক সদগতি লাভ করি। হে মাত: ! যদি আমরা কোনক্রমে অধি হইতে পরিত্রাণ পাইতে পারি ভাষা হইলে তুমি পুনরায় আনাদের নিকটে আসিও।

শালী শাবকগণের এই প্রকার বাক্য পুনঃ পুনঃ প্রবণ করিয়া অন্তিশ্ন্য প্রদেশে পলায়ন করিলেন। শালী প্রস্থান করিলে অন্তি ক্রতবেগে মন্দ্রপাল মহর্ষির পুত্র লাজ ক-গণের সমীপবর্তী হইলেন।

দ্বাত্রিং গদধিক দিশততম অধ্যায়।

বৈশশারন কহিলেন, মুহারাক ! প্রজ্ঞান হতাশন অরণ্যানী দগ্ধ করিতে করিছে ক্রমশঃ মহর্বি মন্দপালের প্র শাঙ্গ কচত্ইরের সমীপবর্তী হইলে তাহাদের সর্ক্রন্তার পাককসরিধানে প্রাতাদিগকে কহিছে লাগিলেন । বিপৎকাল উপস্থিত হইলে বৃদ্ধিমান্ প্রক্রম সর্ক্র্যালাকর থাকেন; বিপৎকালে কদাচ ব্যথিত হন না । বে মৃঢ় ব্যক্তি বিপংকাল উপস্থিত হইলে সভর্ক্ না থাকে, সে তৎকালে বৎপরোনান্তি কই ভোগ করে এবং চরমে মোক্ষ লাভ করিতে পারে না ।

তথন সারিক্তর জাের বাতাকে কহিলেন, হৈ ল্লাডঃ ! একণে আমাদের প্রাণসংশয় উপস্থিত হইরাছে ৷ ভূমি

. 1

ধ্যানবান্ ও উহাপোহকুশল; তুমি কোন না কোন উপার দারা আমাদিগকে রক্ষা কর, বেহেতুক এক প্রাক্ত অসংখ্য অপ্রাক্ত লোক অপেকা বলবান্।

ত্তখনিত কৰিলেন, জোষ্ঠ প্ৰাভা পিতৃত্বা; তিনি কনিষ্ঠদিগকে বিপদ্ হইতে মুক্ত করেন। যদি জোষ্ঠ খীয় প্ৰজ্ঞাবলে বিপদ্ উদ্ধার না করেন, তবে কনিষ্ঠের কি সাধ্য বে, তাহার প্রতিকার করে।

জোণ কহিলেন, ঐ দেখ সপ্তান্ত সপ্তজিহন ক্র হিরণ্যরেতা শিখা বিভারপূর্বক আম'দের গৃছে আগীনন করিতেছেন।

মহর্ষি মন্দপালের পুত্রগণ এইরপে পরস্পার কথোপ-কথন করত পরিশেষে প্রয়ত হইরা অগ্নির স্তব ক্রিতে আরম্ভ করিলেন।

ক্ষরিতারি কহিলেন, হে জ্বন! তুমি বাযুর আ্থা; লভাগ্যহের শরীর; পৃথিবী ও জ্বল তোমা হইতেই উৎপর হইরাছে। হে মহাবীর্যা! তোমার শিখাসমূলায় স্থ্য কিরণের ন্যার উর্জ দেশ, অধোদ্ধেশ, পূর্বে দেশ ও পার্ম দেশ বিস্তৃত হইতেছে।

সারিস্ক কহিলেন, হে ধ্মকেতাে! মাতা আমাদিগকে পরিতাাগ করিয়া পলায়ন করিয়াছেন; পিতা কোথার আছেন কিছুই জানি না; আমাদের অদ্যাবহি পক্ষোত্তেদ হর নাই; অতএব হে অগ্রে! তুমি আমাদিগকে রক্ষাকর; তুমি ভির এই বালকদিগের আর শরণাস্তর নাই। হে অগ্রে! আমরা নিতাক্ত কাতর ছইয়া তোমার শরণাপর হইতেছি; তুমি আপন কল্যাণ-মর্ভিও সপ্ত শিথা ছারা আমাদিগকে রক্ষা কুর। হে আতবেদঃ! এই তিলোকীমধ্যে তুমিই এক তপন্থী আছ; তোমার তুল্য ভপোবলসম্পর্ক আর কেইই নাই। আমরা একে বালক ভাহাতে আবার ঋবিকুমার; তুমি অনুকম্পা প্রদর্শনপূর্কক আমাদিগকে রক্ষাকর।

ভ্যমিত কহিলেন, হে অগ্নে । তুমি এক চইয়াও আনেক, এই নিধিল ব্রজাও ভোষাকে অবলম্বন করিয়া আছে, তুমি সর্ক্তৃত ও ভূবন ধারণ করিতেছ; তুমি অগ্নি, তুমি হব্যবাহ এবং তুমিই পর্যোৎক্লট হবিঃ; পভিতপণ তোমাকে একরপ এবং ভোমাকেই বহুরূপ বিশ্বা জানেন। হে হব্যবাহ। তুমি এই তিলোকী স্ষ্টি কর; এবং প্রালয়কালে ভূমিই প্রজালিত হইরা ইহা ধ্বংস কর। হে অগ্নে! ভূমি এই ভবনত্ত্রের প্রস্তি এবং ভূমিই ইহার আশ্রয়।

জোণ কহিলেন, ছে জগংশতে ! তুমি প্রাণিগণের অন্তর্গত থাকিয়া ভুক্ত অন্ন পরিপাক কর : তোমাতেই সমস্ত জগং প্রতিষ্ঠিত আছে। ছে বক্ষে! তুমি স্থ্যক্ষপে পার্থিব রসসমূদায় আকর্ষণ কর এবং মেঘরপে পরিণত সেই সম্দায় রস বথাকালে বর্ষণ করিয়া পৃথিবীকে সর্কাশস্যাসম্পন্ন কর। ছে প্রচণ্ড কিরণ হুতাশন ! এই সম্দায় হরিতচ্চদসম্পন্ন লতা, যাবতীয় পৃক্ষরিণী এবং করণাধিক্বত মহোদধি তোমা হুইতেই সম্পেন্ন হুইয়াছে। ছে পিলাক্ষ! ছে লোখিতগ্রীব ! হে ক্লেব্সুন্! হে হুতাশন ! তুমি আমাদিগকে রক্ষা কর, দ্যু করিও না ।

ভগবান্ অনল ব্রহ্মবাদী জোণ কর্ত্বক এইরূপ অভিহিত্বইয়া, নহর্ষি মন্দপাল সরিধানে কৃত সীর প্রতিজ্ঞা
অক্সন্ত্রপূর্বক তাঁহাকে কছিলেন, হে জোণ! তুনি ঋণি
বটে; তুনি আনাকে বেদবাকো তথ করিলে; ভোম র
ভন্তন নাই। আনি তোমার অভিলাষ পূর্ণ করিব। পূর্বের্ব
মহর্ষি মন্দপালও ভোমাদের নিমিন্ত আমার নিয় ও এই
প্রার্থনা করিয়াছিলেন বে, আপনি খাওবারণ্য দাহকালে
আমার প্রক্রগণকে পরিত্যাগ করিবেন। তে
মহর্ষি মন্দপালের সেই বাকা এবং ভোমার
উভন্তই আমার পক্ষে প্রকৃতর, অত্ত্র
তোমার কি হিত্রসাধন করিতে হইবে।
তবে শুনিরা পরম সম্ভাই হটরাছি।

জোণ কহিলেন, ছে ছতাশন ! এই
দিগকে সর্বাদা বিরক্ত করে, আপনি '
দিগকে স্বাংশে ভত্মীভূত করুন।
বাক্যাছ্সারে বিড়ালগণকে তং
শাঙ্গ কচতুষ্টয়কে পরিত্যাগপূর্কা
দগ্ধ করিতে লাগিলেন।

ত্রেরক্তিংশদধিক দ্বিশত বৈশন্পান্তন কহিলেন, এদি পুত্রচভূইনের নিমিত্ত সাতিপর চিং পুত্রগণের পরিত্রাণার্থ অধির নিং ভংকালে মনে মনে অস্থুণী হই মন্দর্শাল সন্তানদিগের নিমিত্ত মিভাত্ত সন্তও হইরা অভি
কাতরস্বরে লণিতাকে সংখাধিয়া কহিলেন; লণিতে!
এক্ষণে আমার প্রগণ না জানি কিরপ কাতর হইতেছে।
ভাহারা অজাতপক এবং আত্মরকার অপক্ত। অগ্লি ক্রেম
ক্রেমে অধিকতর প্রজ্ঞলিত হইতেছেন এবং বায়ুত্ত প্রবল্প
বেগে প্রবাহিত হইতেছেন, বোধ করি ভাহারা অগ্লাংপাত হইতে মুক্ত হইতে পারিবে না। আহা! ভাহাদের
মাতা দীনা জরিতা স্বীয় পুরুগণকে পরিত্রাণ করিতে না
পারিয়া এবং ভাহাদিগকে অশরণ দেখিয়া যৎপরোনাতি
শোকার্ত্ত হইবে, সন্দেহ নাই। আমার পুরুগণ অদাপি
উড্ডয়ন বা গমন করিতে সমর্থ হয় নাই, জরিতা কি
প্রকারে ভাহাদিগকে লইয়া প্রায়ন করিবে! হা পুরু
জারিতারে! হা বৎস সারিস্কর! হা ভ্রমিত্র! হা পুরু
জোণ। হা প্রিয়ে জরিতে! না জানি, ভোমরা এখন কত

লিপিতা মহর্ষি মন্দপালের এইর প বিলাপ বাক্য শ্রবণে নাছিশর অক্রাপরতন্ত্র হইরা কহিতে লাগিলেন দেথ! তোমা পুত্রদিগের নিমিত্ত কিছুমাত্র চিস্তা নাই; তৃমি স্বরং ক্ষিল্ল, তাহারা ঋষি। হে মহর্ষে! উহারা বীর্যানা ও তেজস্বী; অগ্নি হইতে উহাদের কিছুমাত্র শ্রমানী। বিশেষ্ত: তৃমি তাহাদিগকে রক্ষা করিবার নিমিত

চঃ তাম তাহাদেগকৈ রক্ষা করেবার নামত বাধ করিয়াছিলে। মহাত্মা হু হাশনও প্রবাদ "তথান্ত" বলিয়া স্বীকার করিয়াই আপনার প্রতিক্ষা নিফল করিবেন ই আপনার প্রতিক্ষা নিফল করিবেন করিছে বলিয়াই এত অম্তাপ ম আমার প্রতি তোমার আর হুইয়াছে বলিয়াই এত অম্তাপ ম আমার প্রতি তোমার আর হুবান্ ব্যক্তির পূত্র কলতাদি করা নিভান্ত অবিধের; অতনকটেই গমন কর, আর বুথা নিকটেই গমন কর, আর বুথা নিতাই গমন করিব।
নি জীবন যাপন করিব।
নিপতে! তুমি মনে করিরাছ, হাাকের ন্যায় কেবল জীসজোন

নছে। অপভােৎপাদন করাই আমার উদ্দেশ্য। আমার সেই অপভাগণ এক্ষণে বিপদ্প্রেড হইরাছে। যে মৃচ্ রাজ্ঞি ভূতার্থ পরিতাাগ করিরা ভবিষাৎ অবলম্বন করে, সে সমস্ত লােকের অবমানাস্পদ হয়। ঐ দেখ, প্রস্কালত হতাশন কাননম্ভ সমস্ত রক্ষ দগ্ধ করিয়া আমার মন সাতি-শয় সস্তাপিত ও উদ্বেজিত করিতেছে। আমি আর স্থির হইতে পারিতেছি না। প্রজাণের নিক্ট চলিলাম। ভোমার যাহা ইচ্ছা হয়, কর।

धैनित्क व्यक्ति मृत्रभारतत श्रुक्त पृक्ष प्रतिक विकित विकास দূরতর প্রদেশে গমন করিলে পুত্রবংসলা জরিতা শাবক-গণের সমীপে সম্পত্তিত হটয়া দেখিল, তাহারা সকলেই অগ্নি হইতে পরিতাণ পাইয়াছে; কিন্তু সাতিশন রোদম করিতেছে। জরিতা তাহাদিগকে তদবস্ত দেখিরা পুত্রবাৎ-স্ল্য প্রস্কুর প্নঃ পুনঃ লেহাশ্র মোচনপর্বক অতি কাত্র-স্থরে একে একে ভাহাদের সকলের নিকট গ্রমন কল্লিয়া লেহ প্রকাশ করিতে লাগিলেন। তদনস্তর মহর্ষি মন্দ-পাল সহসা ভাহাদের নিকট উপস্থিত হইলেন, কিন্তু ভাহারা কেইই তাঁহাকে অভিনন্দন করিলেন না। তিনি ব্যাকুলহৃদয়ে বাহমার পুত্রগণকে ও জরিতাকে সম্বোধন করত জিজাসিতে লাগিলেন, কিন্তু তাঁহারা কেহই ভাল মল কিছুই বলিলেন না। তথন মহর্ষি জরিতাকে সলো-ধিয়া কহিলেন, জরিতে ! তোমার জোষ্ঠ পুদ্র কে ? তং-কনিষ্ঠ কে ? ভৃতীয় কে ? এবং সর্প্রকনিষ্ঠ বা কে ? আনি ছ:বিত হটয়া বারস্বার তোমাকে জিজাসা করি-তেছি, তুমি প্রভাত্তর করিতেছ না। আমি'ভোমাদিগকে পরিতাগ করিয়াছি বটে; কিন্তু তোমাদের নিমিত্ত মন এক মৃহুর্ত্তও স্থান্তির নছে।

জরিতা মহর্ষির ঐরপ বাকা শ্রবণ করিরা কছিলেন,
মহর্ষে! জোট পুজে ভোমার প্রায়েজন কি? তৎকনিটেই বা প্রয়োজন কি? এবং মধ্যম ও কনিট পুত্রেই বা
তোমার আবশাকত। কি? তুমি এই হতভাগিনীকে
পরিত্যাগ করিরা যাহার নিকট গমন, করিয়াছিলে, সেই
চাক্রহানিনী তক্ষণী লণিভার নিকটেই পুনর্কার গমন কর।

াদ্পিতে ! তুমি মনে করিরাছ, নক্পাল কহিলেন, অরিতে ! ত্ত্রীলোকের পুরুষান্তর গাকের ন্যায় কেবল ত্ত্রীসন্তো-সৈবন ও সপদ্দীর সহিত বিবাদ করা অপেক্ষা পার্ক্তিক্ষ-কুরিতেছি, কিছু মন্তুতঃ ভাষা বিনাশক, বৈরাধিদীপক ও উদ্বৈশন্ধনক আরু কিছুই নাই ! স্থাতা সর্বভ্তবিশ্রতা অক্ষতী বিশুদ্ধতাব, প্রিয়কারী, হিতসাধন তৎপর, সপ্তর্বিমধ্যন্থ মহাত্মা বশিষ্ঠ ঋষির মহিলান্তর সংস্গাশকা করিয়া তাঁহার অবমাননা করিয়া-ছিলেন, সেই নিমিত্ত তিনি লক্ষ্যালক্ষ্য ও অনতিরূপা হইয়াছেন। আমি অপক্য দর্শনাভিলাবে আগমন করিয়াছি, তুমিও আমাকে সেইরূপ অপমান করিতেছ। প্রক্রের ভার্য্যার প্রতি সর্ব্বতোভাবে বিশ্বাস করা কদাপি কর্ত্তব্য নহে, বেহেতু পতিপরায়ণা কামিনীও প্রেরতী হইলে স্বামীর প্রতি পুর্বের ন্যায় অমুক্রকা থাকে না।

মহর্বি মন্দপালের বাক্যাবসানে তাঁহার পুত্রচতৃষ্টর তৎসমীপে সমুপস্থিত হইয়া যথোচিত পিতৃভক্তি প্রদর্শন করিল এবং মহর্বিও সাতিশয় স্মাদরপূর্বক স্বীয় স্তান-গণকে আশ্বাস প্রদান করিতে লাগিলেন।

চতুস্ত্রিংশদধিক দ্বিশততম অধ্যায়।

বৈশশায়ন কহিলেন, নহর্ষি মন্দপাল প্রগণের সাজ্বার নিমিত্ত প্রবেধবাক্যে কহিতে লাগিলেন, হে প্রক্রেণ ! প্রেম্ব আমি তোমাদের রক্ষার নিমিত্ত জগবান্ হতাশনের সমীপে প্রার্থনা করিয়াছিলেন। আমি অগ্রির বাক্যা, তোমাদের জননীর ধর্মজ্ঞতা এবং তোমাদের বীর্যোর উপর বিশ্বাস করিয়া তৎকালে তোমাদের নিকট আগমন করি নাই, অতএব হে বংসগণ! তোমরা আমার নৃশংসাচরণ মনে করিয়া সন্তপ্ত হইও না। ভগবান্ হতাশন তোমাদিগকে বেদবিৎ শ্বাধি বিলিয়া জানেন। মহর্ষি সীর প্রগণকে এইরপে সাজ্বনা করত তাহাদিগকে এবং ভার্যা। জরিতাকে লইয়া সে প্রদেশ হইতে প্রদেশাস্করে প্রহান করিলেন।

এদিকে ভগৰান্ হতাশন, প্ৰচণ্ডবেগে প্ৰজ্ঞানত হইয়া কৃষ্ণাৰ্জুন সাহায্যে খাণ্ডবানণ্য দগ্ধ করত তত্ত্বস্থ কীবজন্ধ-

গণের অপরিমিত বসাও মেদ পান করিরা পরম পরিভূ: হইলেন।

তদনন্তর ভগবান্ পুরন্দর দেবগণ সমভিব্যাহারে অব
রীক্ষ হইতে অবতীর্ণ ইইরা কৃষ্ণ ও অর্চ্ছনকে কহিলে
তোমরা যে মছৎ কার্য্যের অমুষ্ঠান করিলে, ইহা দেবত
দিগেরও ছফর; আমি তোমাদের পরাক্রম দর্শনে পর
পরিতুই হইরাছি; এক্ষণে তোমরা অভিলবিত বর প্রার্থা
কর। তথন অর্চ্জুন, "আমাকে সমস্ত অন্ত্র প্রদান কর্পন
বিলিয়া দেবরাজের নিকট বর প্রার্থনা করিলেন। ই:
সময় নির্দেশপূর্বক কহিলেন, হে ধনঞ্জর! যে সমরে তুর্গ
তপস্যা দ্বারা ভগবান্ দেবাদিদেব মহাদেবকে প্রস
করিবে, আমি তৎকালে তোমারে সমস্ত অন্ত্র প্রদা
করিব। হে পাণ্ডব! তুমি দেই সমরে আয়ের, বারধা
মদীয় অন্ত্র সম্পার লাভ করিবে। কৃষ্ণ কহিলেন, স্থ
রাক্ষ! আমি এই মাত্র বর প্রার্থনা করি, যেন অর্চ্জুনে
সহিত আমার কদাচ প্রশার বিচ্ছেদ না হর। ই
"তথাস্ত্র" বিশিরা ভাঁহাকে বর প্রাদান করিলেন।

স্বরাজ এই রূপে কৃষ্ণ ও অর্জ্নকে বর প্রাদ করিরা অগ্নির অফুলা গ্রহণপূর: সর দেবগণ সমভিব্যাহা। পুনর্বার স্থারপুরে গমন করিলেন। ভগবান্ হতাশ পঞ্চদশ দিবস প্রবলবেগে প্রজ্ঞান্ত হইরা মৃগপক্ষিসমার খাওবারণা দগ্ধ করত তাহাদিগের মাংস মেদ ও ক্ষরির পানহারা প্ররম পরিতৃত্ত হ' লেন। পরিশেষে কৃষ্ণ ও অর্জ্নকে ক' হর! তোমরা আমাকে পরম পরিতৃ? অনুমতি করিতেছি, তোমরা যথা ইচ বান্ হতাশনের অল্পা লাভানস্তর তিন জনে তাহাকে প্রদক্ষিণ কিব রমণীর বমুনা নদীর উপকুলে আ

আদিপকা সমাপ্ত।

বিজ্ঞাপন।

মহর্ষি কৃষ্ণ দৈপারন পর্ব সংগ্রহাধ্যারে প্রতিক্রা করিয়াছিলেন বে, আদিপর্বে অধ্যার রচন! করিবেন; কিন্ত ইহাতে চতুক্তিংশদধিক দ্বিশত অধ্যার দৃষ্ট হইতেছে; বে দিগের প্রমাদবশতঃ অধ্যারগত সংখ্যার বৈলক্ষণ্য হইয়াছে। অধ্যারসংখ্যার বৈষ্ম্য হ সংখ্যারও ব্যতিক্রম ঘটিয়াছে।

আসিরাটিক সোসাইটির অধাক্ষগণ অনেকানেক পুস্তকের সহিত ঐক্য করিয়া (করিয়াছিলেন, ডদ্টে এই পুস্তক সঙ্কলিত হইয়াছে।

পুরাণসংগ্রহ

মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস প্রণীত

মহাভারত

সভাপর।

স্বৰ্গীয় মহাত্মা কালীপ্ৰসন্ম সিংহ মহোদয় কৰ্ত্তক মূল সংস্কৃত হইতে বাঙ্গালা ভাষায় অনুবাদিত।

শ্যামপুকুর-অভয়চরণ ঘোষের লেন ২ নং ভবন হইতে

তৃতীয়বার প্রকাশিত।

"এই মহাভারতে যাহা বর্ণিত আছে, তাহা অৱত্তও থাকিতে পারে; কিন্ত ইহাতে যাহা নাই, তাহা আর কুতাপি দেখিতে পাইবেন না।" মহাভারত।

, কলিকাতা

🗟 ্রীডিস্বী রোভ ৭ নং ভবনে প্রীযুক্ত বাবু হরিশ্চক্র রাম্মের

সাহিত্য-সংগ্ৰহ যন্ত্ৰে

वैषद्रमाপ্রসাদ রার কর্তৃক মুক্তিত।

मन :२४१।

ভূমিক।।

মহাভারতীয় সভাপর্ব্ব অমুবাদিত ও মুদ্রিত হইল । এই থণ্ডে লোকপালদিগের সভাবর্ণন, রাজস্য় যজ্ঞ, ছ্যুতক্রীড়া, সভামধ্যে দ্রোপদীর কেশাকর্ষণ ও বন্ত্রহরণ প্রস্কৃতি নিপ্রহ, পাশুবগণের নির্বাসন ও কুন্তীর বিলাপাদি সমুদায় বিষয় অবিকল অলুবাদিত হইয়াছে। যে কারণে অতিবিশাল কোরবকুলে ভাত্বিরোধের সূত্রপাত হয়, যে কারণে ধর্মাত্মা মুধিন্তির সাআজ্য ভ্রুক্ট হইয়া ভার্য্যা ও ভ্রাতৃগণের সহিত প্রাক্বত জনের আয় ত্রয়োদশ বৎসর বনবাসে জীবনযাত্রা নির্বাহিত করেন, যে কারণে অক্টাদশ অক্টোহিণী সেনা সমরানলে পতঙ্গরুত্তি অবলম্বন করে, যে কারণে ছর্ল্জয় ধার্ত্তরাষ্ট্রগণ সমূলে নিশ্ব্র্লিত হয় এবং যে সকল বৃত্তান্ত লইয়া বেদব্যাস কবিত্বশক্তির পরাকান্তা প্রদর্শন করেন, সেই সমুদায়ের মূলস্বরূপ করুণরসপূর্ণ ছ্যুতক্রীড়া এই পর্বের অন্তর্গত। এই পর্বের মহর্ষি ব্যাসদেব রৌদ্র, করুণ প্রভৃতি নানাবিধ রসমাধুর্য্যের সহিত অপূর্ব্ব কবিত্বশক্তি প্রদর্শন করিয়াছেন।

দভাপর্ব অন্তান্য পর্ব অপেক্ষা অনেক ক্ষুদ্র বটে, কিন্তু ইহার অমুবাদে অত্যন্ত পরিশ্রম বীকার করিতে হইয়াছে, কারণ কৃটার্থপূর্ণ শ্লোক অধিক পরিমাণে এই পর্বের সন্ধিবেশিত আছে। যাঁহারা বিশেষ মনোযোগ সহকারে সভাপর্বের আদ্যোপান্ত পাঠ করিবেন, তাঁহারা নীতিশান্ত ও শর্মান্ত অধ্যয়নের ফল প্রাপ্ত হইবেন এবং মনুষ্যের অবস্থা যে কথনই অপরিবর্তনীয় নহে, যুখিইরের অতুল সাআজ্য ও হ্যুতোপলক্ষে নির্বাসনব্যাপার অবলোকন করিলে তাহা সম্পূর্ণরূপে ক্রিতে পারিবেন।

কলিকাতা। ১৭৮২ শকাবলা।

बीकानी अमन मिश्ह।

মহাভারতীয় সভাপর্বের স্থচিপত্র।

Alter against contrast and department of the state of the									
প্রকরণ							পৃষ্ঠা	E E	পংক্তি
সভাক্রিয়া পর্ব	•••	•••	•••	•••	•••	•••	٤,	>	>
সভানিশ্বাণার্থ স্থানপরিমাণ	• • •	•••	•••	***	•••	•••	>	ર	> 5
প্রীক্বফের দারকায় যাত্রা	•••	•••	•••	•••		•••	2	>	8
অর্জুনের প্রতি ময়দানবের বাব	হাত হু বে	গ্র হৈমন	াক পর্বা	ত গমন		•••	৩	>	,
ময়দানবের ইক্সপ্রস্থে প্রত্যাগর্ম	ान, ७९क	ৰ্ভৃক সভ	ানিশ্বাণ	ও ভীমা	निटक शन	ांनि अना	र ७	2	>9
সভাবর্ণন		•••	•••		•••		. 0	ર	. 25
যুধিষ্ঠিরের সভাপ্রবেশ		•••	•••	•••	,	••• ,	8	>	29
লোকপাল সভাখ্যান পর্ক,-নার	দের সভা	য় আহাগ	মন ও তাঁ	হার গুণ	কীৰ্ত্তন	• • •	æ	>	2€
নারদের পাওবগণের সহিত স	কাৎ এব	। श्रिधि	বৈর প্রা	ত কুশল	প্ৰশ্ন	• • •	¢	ર	9
নারদ সলিধানে মৃধিষ্ঠিরের সভ							৯	>	રહ
नात्रम कर्ड्क हैक्ट-म्ावर्गन	•••		•••	•••	•••		৯	ર	52.
" খমসভাবর্ণন		• • •	•••	• • •		•••	۵۰ ,	૨	2
" " বক্ষণসভাবর্ণন	₹	•••				•••	23	>	00
" " কুবের সভাৰণ	નિ .	• . •	• • •	•••	•••	•••	5 ₹	5 .	>•
" " বন্ধসভাবর্ণন		•••	•••		•••	•••	50	5	1
'' শ রাজী হরিশ্চ	হ্র বৃত্তা	স্ত কথন		•••			\$8	ર	৩১
'' রাজস্ক প্রাক্ত		• • •	•••	•••	•••	•••	2¢	>	28
" " भाषुमान भिक्ष		•••	•••	•••		414	> a	3	25
त्राज्यतात्रक्ष शर्क .	•••	: ,	•••	•••	•••	***	20	3	39
मजिश्न, स्थीम ७ देवशाहानद न	হিত যধি		•				36	,	9
य्थिति कर्ज्क करकत हिं है प		10044	1-4 11	•••		•••	216	5	₹ ৮
প্রাক্তির ইক্তপ্রতে আং নন			• - •	•••	•••	•••	26	3	20
	•••	,	•••		•••	***	29	,	
	••	•	•••	•••	•••	•••		,	₹₡
i 199	•• ·•	•	•••	•••	•••	• • •	2)	٠,	t
ব্যাসকোৎপত্তিশু .	•• ••	•	•••	***		•••	२२	,	२२

1 4 3 9			*** -* .		अ हे।	33	পং জি
রাসক্ষের রাজ্যাভিষেক	•••	•••		• • •	₹ .	ą	* 29
ীকুফের সহিত অ গাসদ্ধের শক্তভা					38	2	ર
त्रामक्षवस शर्क					३९	>	>.
ीमार्क्न नमिखवाहाटः कृटकत्र मगदताद्वा ग	मन				২ ৫	>	6
কাদির জরাসন্ধস্মীপে গমন	.,	•	,		₽ ₩	2	25
ীমের সহিত জ্রাসক্ষের যুদ্ধ		* * *			34	>	; 99
त्रोत्रक्षवर्थ					२२	>	>9
য় কর্তৃক জরাসম্বকারাক্ত্র নৃপগ ে শ্বা মোচন					そ あ	>	৩৩
ীনার্জুন সমভিব্যাহারে শ্রীক্লে য়ের ই ল্লপ্র হেত্					.5,	>	50
ক্তের ভারকার গমন 🗸					90	٥	>
থিকর প্র-মুধিটিরের অনুস্তিক্রমে সংজ্	सिन्द्र हि	- প্রি জ রে	যাত্ৰা		. 5.	ą.	>¢
-C		•			,55	:	¢
ামের পৃক্ষঞ্জিপে গমন ও জন্মলাভ					<i>'2'2</i>	٤	>9
হ'দবের দক্ষিণদিগে গমন ও জয়লাভ					'2°	٥	>
কুলের পশ্চিনদিগে গমন ও জর্লাভ				• • •	وينور	:	د ۶
জত্রিক প্র,-যুধিটিরের রাজ্যবর্ণন				•••	159	;	⇒હ
ধিষ্টিরের নিকট শ্রীক্ষকের আগমন					:	: -	:9
र्षेष्ठेदत्रत्र यट्डाटालाश					च ं	\$	÷2
জগণের নিমন্ত্রপেরণ					ખ્ય	4	5
ক্ষেণগণ কর্ত্ক যুদিষ্টিরের যজ্ঞাভিবেক			٠.	• • •	25		37
পতিগণের যজ্ঞে আগমন 🔐 👑					ره ·	>	b
ধিষ্টির কর্ত্তক হংশাসন প্রভৃতিকে ভিন্ন ভিন্ন ক	ाटमंत्र नि	(आज			6C'	۵	২ %
र्घाष्ट्रित भर्त,-अन्तिक मिवटम त्राकामित	અં સરસ્વં મે	ীতে প্রচ	ব শ	• •	8.	>	> o
। बरमत्र किन्छ।					80	\$	ь
্ধিষ্ঠিরের প্রতি ভীগ্মের বাক্য				. •	8.	:	೨೦
ीत्यत राका । श्रमात्त मसात्य कृष्णत्क अर्च ७	मान				63	\$:5
শিশুপালের প্রতি যুদিষ্টিরাদির বাকা	• • •				s> /	: 5	۶,
স্নীথের কোধ ও যজবাাঘাত-প্রামর্শ		***			6.8	>	৩৽
শিশুপালবধ পর্ব্র,-ভীত্মের প্রতি যুধিষ্ঠিরের ব	1 Φ1,		·		819	٠ ۽	55
শিশুপালের ক্রোধ					88	,	ર
শিঙ্গণেক্ত ভীন্নভংসিনাও কুফানিকাৰি					88	,	٠ .
ভীম কর্ত শিশুপালের জন্মব্তার কথন		•••	***		84	1	'২
শিওপান কর্তৃক বৃদ্ধার্থে জীক্তফকে আহ্বান		•••		4	81	. ,	. 8
कृष कर्त् के निक्रभारतत्र मसक्राह्मन			•	•••	81-		७३
রাজ্তর যজ সমাধ্যি ও শ্রীক্রকের দারকার পা					85		Þ,a

	মহারতী	4 7 S	1-16-	न्त्र द्रा	n	_	***	20
প্রকরণ	•	,			-	পৃষ্ঠা	78	শংক্তি
मृ ज्ज र्स,-यूधिकेंद्र मभीरण ना	দের আগমন		• • •		• • •	c •	>	2.0
ব্যাদের কৈলাস পর্কতে গম	ৰ ও যুধি টিরের বি	চন্দ্ৰ।	•••		•••	.4.	•	> de
শকুনির গহিত ছর্য্যোধনের :	সভাদর্শন ও ছ্র	171		• • •		e >	>	28
ত্ৰ্যোধনের হস্তিনাপুরে প্রস্থ	ান			•••		.45	٥	22
ছুৰ্যোধন-শকুনি-সংবাদ				•••	• • •	42	>	>
দৃত্ত জীড়ার পরামশ নিমিত্ত	বিছরের নিকট	ন্ ড েশরণ	1 .	•••	•••	68	, 5	29
বিছর গুভরাষ্ট্র-সংবাদ					•••	6 8	2	90
নির্জ্জনে হুর্য্যোধন ও ধুতরার্	ষ্ট্রব পরামর্শ	• • •		• • •		¢¢	5	૭
সভানিস্মাণের নিনিত্ত ধৃতরা	ট্রের আজ্ঞাও স	ভানিশ্বাণ		• • •	••	40	5	૭
ধৃতরাষ্ট্রের আনজ্যের বিহুরের	পাওবসমীপে গ	ম ন				40	5	२७
যুধিষ্ঠিরের ধৃতরাষ্ট্র গৃহে আংগ	म न		• • •	• • •	• • •	*5	\$,	હ
ষ্ধিষ্ঠির শক্লি-সংবাদ					•••	65	₹.	80
मृत्रकोष्।					• · · ·	6 3	3	24
জৌপদীকে সভায় আনমুনার্থ	বিহুরের শুভি	ত্ ৰ্য্যাধনে	র আহে	· et		৬৭	5 * 3	ra Ca
বিছর কর্তৃক ছর্য্যোধনের সং	সেনা				. ,	159	> .	७७
ছবেঁগধনের আদেশাহু সারে	প্রাভিকামীর তে	नेनभी चा	<u>ৰায়নাৰ্থ</u>	গ্ৰন	***	6.5	2	्र २
জৌপদীবাকা শ্ৰবণে প্ৰাতিব	নমীর বৃধিষ্ঠির স	মীপে আ	গ্ৰন	,		44	ર	60
यूधिष्ठित्वत (जोलनी नभीत्र				Ť		5	5	25
ছ্র্মোধনের আদেশক্রমে ছঃ	मामटनत्र दलोशर्व	ীর সমীণে	4 }			<i>\&</i> .3	\$	· b-
গমন ও তাঁহাুর কেশাক	-	আনরন	1 3			2.4		
যুধিষ্টিনের প্রতি ভীমদেনের	<u>কোধবাকা</u>		4	• • •	• • •	40	٠,	492
বিকর্ণের বাক্য	•••	•••		• • •	•••	95	>	20
জোপদীর বস্তহরণ	•••			•••		92	, >	28
ভীম কর্ত্ত ছঃশাসনের বক্ষ			পান ত	াতিজ্ঞা	•••	૧૨,	ą i	,
বিচর কর্তৃক প্রহলাদ ও অ	ক্রি রসের ইতিহ	াস		• • •		90	>	. ,
ट्योभनीविलाण	•••	•••	•••		•••	98 ື	>	Ś
 ट्योनमीनभीटन इंटर्गास्ट्रनंत्र 						9	૨	78
ভীমসেন কর্তৃক ব্লুহে					••••		`	34
্রতরচেষ্ট্রর হুর্য্যোধনকে ভং					•••	ঀঙ	>	२ ६
বুধিন্তিরের প্রতি ধৃতরাইট্রর	छेभाम शका ।	ও পা ন্ডব	গবের ৭	াঙ ৰপ্ৰ	क गमन	99	٥	2
षर्म ज्यक्,-श्वता हेर् व	তি ছর্যোধনাদি	র বাকা	•••			91-	. 3	6
श्नसात मा उक्तीकात वना		• • •				95	2	25
শুভরাষ্ট্রের প্রতি গান্ধা নীর					; • •	93	>	8
म्। छको । व छ । वृशिहिद्वत	পরাজর		•••		•••	9:5	₹.	
युधिष्ठित्रामित्र वनगमान् शक						bo	۵	७१

মহাভারতীর সভাপর্বের স্থচিপত্র। 10 প্রকরণ পৃষ্ঠা उड **শংক্তি** পাভবগণের ধৃতরাষ্ট্রসমীপে গমন **b**5 २৮ यूधिष्ठित्वत्र खीचानित्र निक्ठे विनात्र शहन 64 60 কুৰীপ্ৰভৃতিন নিৰুট দৌপদীর বনগমন প্রার্থনা ও কুন্ডীর বিলাপ >> विक्त धुळबाड्डे-मःवान ... 6 **VR** मञ्जय-धुळबाह्रे-मःवान ... b & 30

সভাপর্বের সূচিপত্র সমাপ্ত।

মহাভারত

সভাপৰ।

সভাক্রিয়া পর্বাধ্যায়।

প্রথম অধ্যায় ৷

নারায়ণ, নরোভম নর, সরস্বতী দেবী এবং বেদ-ব্যাসকে প্রণাম করিয়া জয় উচ্চারণ করিবে।

বৈশম্পায়ন কভিলেন, অনস্তর ময়দ্দেব কুভাঞ্জলি হইয়া বাস্থদেবের সরিধানে অর্জ্নের বারংবার সংকরে ও পূজা করিয়া মধুর বাকো কহিতে লাগিল, তে কৌন্তেয়! আপনি ক্রোধান্তি কৃষ্ণ এবং দহনোমুখ ত্তাশন হইতে আমাকে পরিত্রাণ করিয়াছেন; অতএব আন্তঃ করুন, আপনার কি প্রাচ্যুপকার করিব। অঞ্চুন কহিলেন, ছে মহাস্র ! তোমার সমস্ত প্রত্যুপকার করাই হুইয়াছে ; তোমার মঙ্গল হউক; একংগে স্বস্থানে প্রস্থান কর, তুমি আমার প্রতি সতত সম্ভুষ্ট গাকিও, আমিও ভোমার প্রতি সমাক প্রীত রহিলাম। ময় কহিল, ১০ বিভো! আপনি স্বায় মহ্তাহ্মপ বাকাই প্রয়োগ করিলেন, কিন্তু আমার একান্ত ইচ্ছা যে প্রীতিপূর্বক আপনার কিঞ্চিৎ উপকার করি। আমি দানবকুলের বিষক্ষা; কেবল আপনার গুণ্গামের নিতাম বঞ্জীভূত হইয়া কার্যা করিতে উদ্যত হইয়াছি। অৰ্জুন কাঁইলেন, হে ক্তজা । তুমি আসর মৃত্যু হইতে রক্ষা পাইয়াছ বলিয়া আমার প্রত্যুপকার করিতেছ, এই নিমিদ্ধ তোমান্বারা কোন কল সম্পন্ন করিয়া লইতে আমার ক্লিছা নাই; কিন্তু তোমার অভি-नाव दव वार्थ इत, हेरा। व्यामात किछिटा नरह ; अछ-এর তুমি কুঞ্রের কোনী ক্ষ কর, তাহা হইবেই আমার

প্রভাপকার করা হউবে। তথন ময় আদেশলিকা, ইইয়া
কৃষ্ণকে অন্ধরোধ করিল। কৃষ্ণ তাহার আগ্রহাতিশয়
সন্দর্শনে আদেইবা বিষয়ের নিমিত্ত কণকাল চিতা করিয়া
কহিলেন, হে শিল্লকর্মবিশারদ! যদি তৃমি নিতাত্তই
আমার জিয়নার্যাভিটানে মানস করিয়াভ, তবে মহারাজ
স্বিস্তিরের এরূপ এক সভা নির্মাণ কর দেন, মনুবাগণ
তাহাতে উপবেশনপূর্ব্বক সমাক্ নিরীক্ষণ করিয়াত যেন
তাহার অক্ষকরণ করিতে না পারে। ঐ সভাতে যেন
দিশা, মানুষ ও আক্সর অভিপ্রায় সকল স্পতর্গেশ লক্ষিত

ময়দানব ক্রফের অক্তরা লাভে পরমারলাদিত হইরা
মহারাহ বৃধিষ্ঠিরের নিমিও বিনানসদৃশ পরম স্থানর সভা
নিমাণ করিতে মনস্ত করিলা এদিকে ক্রফেও অর্জুন
রাজা বৃধিষ্ঠিরের নিকট গমনপূর্কক তাঁহাকে দমস্ত বৃত্তান্ত
বিজ্ঞাপন করিয়া ময়দানবকে লইয়া দেখাইলেন। মহারাজ বৃধিষ্ঠির তাহাকে যথাযোগা সম্মান করিলেন। ময়ও
তাঁহার সমৃচিত সংকার ও তদ্দত পূজা গ্রহণ করিয়া কণকাল বিআমের পর পাত্রনন্দনগণ সমীপে দানবদিগের
বিচিত্র চরিত্রসকল বর্ণন করিতে আরম্ভ করিল। অনন্তর
মহাত্মা ক্রফ ও পাত্রগণের অভিপ্রায়াম্পারে পুণ্য দিনে
ক্রতকৌত্বসকল হইয়া পারস ও বছবিধ ধনন্ধারা আন্ধণগণকে পরিজ্পা করিয়া সর্কা ঋত্তা সম্পার দিবারপ

মনোহর সভাস্থলীর পরিসর পঞ্চ সহত্র হস্ত পরিমাণ। করিরা সইব।

দ্বিতীয় অধ্যায় I

বৈশস্পায়ন কহিলেন, ভগবান বাস্থদেব পরম প্রীত পাভবগণ কৰ্ত্তক অভিপূজিত হইয়া কিমংদিন খাভব-প্রাস্থে বাস করিলেন। পরিশেষে পিতৃদর্শনে সাতিশয় উৎস্ক হইয়া স্বভবনে গমন করিতে নিতাম্ভ অভিলোৰী হইলেন। তিনি প্রথমতঃ ধর্মরাজ যুধিষ্ঠিরকে আমন্ত্রণ ক্রিয়া পশ্চাৎ খীয় পিড়খনা কৃষ্টী দেবীর চরণ বন্দন ক্রিলেন। ভোক্রাক্ছহিতা তাঁহার মন্তকাত্মাণপূর্কক ठाँशांक जानिकन कतिरामन। उथन वास्रामन माकार-করণমানসে স্বীয় ভগিনী স্বভদার সমীপে উপস্থিত হইয়া অর্থযুক্ত, যথার্থ হিতকর, অলাকর ও অবওনীয় वारका छांशांक नानाश्रकारत वृकाश्रेतन। छल्छाविशे প্ৰভন্তাও তাঁহাকে জননীপ্ৰভতি স্বজনসমীপে বিজ্ঞাপনীয় वाका नम्मय कहिया निया वातर वात शृक्षा ও অভিবাদন कतित्वन । वृक्षिवः भावजः म कृष्ण छांद्रात निकृष्टे विनाय লইয়া দ্রৌপদী ও ধোম্যের স্থিত সাক্ষাৎ করিলেন। (धोमारक यथाविधि वन्तन धवः (छोभनीरक म्हायन ७ আমন্ত্রণ করিয়া অর্জুন সমৃতিব্যাহারে তথা হইতে যুধিষ্ঠ-রাদি ভ্রাতৃ চতুষ্টরের নিকট উপস্থিত হইলেন। তথায় ভগবান্ বাস্থদেব পঞ্পাওৰ কর্ত্বে বেটিত হইয়া অমর-গণ পরিবৃত মাহক্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন।

তৎপরে কৃষ্ণ যাত্রাকালোচিত কার্য্য করিবার মানগে লানান্তে অলঙ্কার পরিধান করিয়া মাল্য, জ্বপ, নমস্কার ও নানাবিধ গদ্ধত্র্য দারা দেবদ্বিজ্ঞগণের পূজা সমাধা করিবান। তিনি ক্রমে ক্রমে তৎকালোচিত সমস্ত কার্য্য সমাপন করিয়া অপুর গমনোল্যোগে বহিঃকক্ষার বিনির্গত হইলেন। অন্তিবাচক ব্রাহ্মণগণ দ্বিপাত্র, ফল, পূজা ও অক্ষতপ্রভৃতি মাল্যা বন্ধ হত্তে করিয়া তথার উপস্থিত ছিলেন। বাহ্মদেব তাঁহাদিগকে ধন দানপূর্বক প্রদক্ষিণ করিলেন। পরে অভ্যুৎকৃত্তি বিশাল্যক পরিবৃত গদ্ধত্ত্রন বাষ্ত্রেগামী কাঞ্চনমন্ত্র রথে আরোহণ করিয়া অপুরে

গমন করিতেছেন, এমন সমরে মহারাজ যুধিটির স্থেহ-পরতন্ত্র চইরা সেই রবে আরোহণপূর্বক দারুক সার-থিকে তৎস্থান হইতে স্থানান্তরে উপরেশন করাইরা সমুহ সার্থি হইয়া বল্গা গ্রহণ ক্রিলেন। মহাবাহ অর্জনও তাহাতে আরোহণ করিয়া স্বর্ণপর্বরাজিত খেত চামর ধারণপূর্বক জীক্তকে বীজন করত প্রদক্ষিণ कतिरानन । महावन भवाकां ख जीमरमन, नकून धवः मह-দেব, ঋত্বিক ও পুরোহিতগণ সমভিব্যাহারে তাঁহার অমু-গমন করিতে লাগিলেন। শত্রবলাস্তক বাস্থদেব যুধিষ্টিরাদি ভ্ৰাতৃগণ কৰ্ত্তক অনুগ্ৰামান হইয়া শিষাগ্ৰামুগত শুকুর ন্যায় শোভা পাইতে লাগিলেন। তিনি অর্জুনকে আম-अ। ও গাঢ় আলিখন यूधिष्ठेत ও ভীমদেনকে পূজা এবং নকুল ও সহদেৰকে সম্ভাষণ করিলেন। যুধিষ্ঠির, ভীমসেন ও অজুন তাঁছাকে আলিখন এবং নকুলও সহদেব उंशिक अधिवामन कतिरामन। ७९भात कार्य कर्म যোজন গমন করিয়া শৃক্রনিস্পন কৃষ্ণ যুধিষ্টিরকে আমন্ত্রণ করত প্রতিনিবৃত্ত হউন বলিয়া তাঁহার পদ্বয় গ্রহণ করিলেন। ধর্মরাজ যুধিষ্ঠির চরণপতিত পতিতপাবন কমল-লোচন কৃষ্ণকে উত্থাপিত করিয়া তাঁহার মন্থকাডাণপূর্বক স্বভবনে গমন করিতে অনুমতি করিলেন। তথন ভগবান বাস্থাদেব পাণ্ডবগণের সহিত যথাবিধি প্রতিজ্ঞা করত অভি কটে তাঁছাদিগকে প্রতিনিবৃত্ত করিয়া অমরাবতী-প্রস্থিত মহেন্দ্রের ন্যার ছারাবতী প্রতিগমন করিতে লাগি-লেন। পাওবগণ ক্লফকে যতক্ষণ দেখিতে পাইলেন, তত-क्र जाहात्रा निरमवर्गना नत्रत्न छाहारक नित्रीक्र ७ मरन মনে তাঁহার অমুগমন করিতে লাগিলেন। ক্লফকে দেখিয়া তাঁহাদিগের মন পরিতৃপ্ত না হইতে হইতেই ভিনি তাঁহা-দিগের দৃষ্টিপথের বহিভূতি হইলেন। তখন পাওবগণ ক্লফদর্শনে নিতাস্ত নিরাশ হইয়া: তাৰবায়ণী চিস্তা করিতে করিতে অপুরে প্রতিনিবৃত্ত হইলেন। দেবকীনন্দন ক্লাও অমুগামী মহাবীর সাত্ত এবং দারুক সার্থির সহিত বেগবান্ গরুড়ের ন্যায় সম্বরে মারকাপুরে সম্পশ্তিত হই-त्न । धर्मताक पृथितित लाकृत्रव र पिक्याहारत स्वक्कन-পরিবৃত হইরা অপুরে প্রবেশ ব রিলেন। এবং প্রাভা, পুত ও वस्तिगरक विनाब निवा द्व निनीब महिल जायान थामारा कागरका कतिए गार्जिनमा धानिएक क्रकेश

শীরমাহ্লাদিতচিত্তে হারকাপুরে প্রবেশ করিলেন। উগ্র-সেন প্রভৃতি যত্ত্রেষ্ঠগণ তাঁহার পূজা করিতে লাগিলেন। বাস্থদেব পুরপ্রবেশ করিয়া অগ্রে বৃদ্ধ পিতা আছক ও যশস্থিনী মাতাকে পরে বলভদ্রকে অভিবাদন করিলেন। অনস্তর তিনি প্রভার, শাহ্ম, নিশঠ, চাঙ্কদেক্ষ, গদ, অনি-ক্ষদ্ধ ও ভাত্তকে আলিঙ্গন করিয়া বৃদ্ধগণের অনুমতি গ্রহণ পূর্বক ক্ষম্বিণীর ভবনে উপস্থিত হইলেন।

তৃতীয় অধ্যায়।

देवनन्नायन कहिलन, महात्राक्ष । अनुस्त्र मयुनानव অর্জুনকে কহিলেন, হে মহাভাগ। আপনাকে আমন্ত্রণ করিয়া একণে বিদার হইতেছি, পুনর্কার প্রভাগেমন कतिवं। शूर्वकारम देकनारमत्र উত্তরভাগে देवनाकमित्रधारन मानवर्ग यखाञ्चीत्तत वामुना करत्रन। औ मानवयरक আমি বিন্দু সরোবরসরিধানে মণিমর রমণীয় ক্রবাসম্ভার व्याह्रत कतियाष्ट्रिमाम । (य नमल ख्रवाकाल मानवताक বৃষপর্বার সভামঋপে অবস্থাপিত ছিল, যদি এক্ষণে তাহা বিনষ্ট হইয়া না থাকে,তবে গ্রহণ করিয়া অবিলম্বে আগমন করিব। পরে আপনকার মন:প্রহ্লাদিনী যশন্বিনী অতি বিচিত্রা সর্বারত্ব ভূবিতা সভাস্থলী নির্মাণ করিয়া मिर। आत विमूर्गत्तावत्त अक शना निहिल बहिबाटह. বোধ করি দানবরাজ বুষপর্কা সংগ্রামে শক্ত সংহার করিয়া ञ्चवर्गमिक्षका भव्यनामिनी ভातमशे चुनुहा वे शना विमृ-गरतावरत्र त्राथिया रक्त । यक्न शबीय जाननात छेनवुक হইয়াছে, সেইরূপ শতসহত্রগদাপ্রভাষশালিনী উক্ত গদাও ভীমদেনের অহুরূপ হইবে। আর বরুণপরিগৃহীত দেব-দত্ত অখন মহাশুখাও তথার নিহিত রহিয়াছে। আমি এই भैमछ वच्च जानिया निःभरमह जाननारक छानान कतिव। **এই বলিয়া অর্জুনের নিকৃতি বিদার গ্রহণপূর্বাক ময়দানব** शृद्धांखन निश्चिराण खेशांन कतिन, धवः किनारनन উত্তরাংশে মৈনাকসলিধানে মণিমণ্ডিত হিরপার শৃক্ষশালী স্মহান্ এক পর্মত দেখিনত পাইল। সেই স্থানেই রম-ণীয় বিশুসরোবর নিথাভক্ষহিয়াছে। রাজা ভগীরণ, ভগ-বজী ভাগীরশীর দর্শনমান্ধন বছকাল তথার বাস করিরা ছিলেন। ভূত ভাবন ক্লগৰান প্ৰজাপতি সেই ছানেই

অভ্যংক্ট বজ্ঞপত অনুষ্ঠান করেন। মণিময় যুপ ও হির-থার চৈতাসকল দৃষ্টাস্তরূপে তথায় রক্ষিত হয় নাই, কেবল তৎপ্রদেশের শোভা সম্পাদনার্থই নিশ্বিত হইরাছে। जिन्माधिপणि देख यळाळ्ं।न कतिया त्महे द्यात निकि লাভ করিয়াছিলেন, ভৃতভাবন ভগবান ভবানীপতি তথায় প্রজাসমন্ত সৃষ্টি করিয়া শত সহস্র ভূতগণ কর্ত্বক উপা-সিত হইয়াছিলেন। নর, নারায়ণ, ত্রকা, হম ও ভাণু যুগদহত্র অভিতাত্ত হইলে তণাঁয় বজাহুঠান করিয়া থাকের। বাস্থদেব ধর্ম সঞ্চয় করিবার নিমিন্ত শ্রদ্ধাবান इंडेग्रा कविष्क्रम वह वर्गत क्यांत्र वक्ष कार्या नमाधान করেন। কেশবের স্থবর্ণমালালছত যুপ ও শতসহত্রসংখ্যক ভাসর চৈত্যে তথাকার রমণীর শোভা সম্পাদিত হই-য়াছে। ময়দানৰ সেই স্থানৈ উপস্থিত হুইয়া দানবরাজ বুষপর্কার অধিকৃত ক্টিকময় সভানিশাণোপ্যোগী সমু-দায় দ্রবাসামগ্রী. মহতী গদা, দেবদন্ত শব্দ ও কিছর এবং রাক্ষসর্কিত ধনসমস্ত গ্রহণ করিল।

অনন্তর মহাত্রর ময় সমস্ত বস্তু সম্ভিব্যাহারে প্রত্যা-গত হইয়া জালোঁ কসামান্য জিলোকবিখাত মণিমন্ত্ৰী সভা-इनी निर्यार कतिन। 'ভोमरमनरक भना ও অর্জুনকে দেশবত मशामध ममर्थन कविन। अ मध ध्वनिज इरेला लाक-সকল কম্পিত হইত। স্থবণনিশ্বিত তক্ষরাজিবিরাজিত পভামগুপ চতুর্দিকে পঞ্সহত্র হস্ত বিস্তীর্ণ হ'ইয়াছিল। পাওবসভা হতাশন, প্র্যাও চক্রের সভার ন্যায় সমধিক শোভা পাইতে লাগিল। তদীর প্রভাপ্রভাবে প্রভাকরের অতি ভাষর প্রভাও নিতায় প্রতিহত হইল, তৎকালে আলোকদামান্য সেই সভা স্বীয় তেজঃপঞ্জ ছারা যেন জলিত হট্যা উঠিল। নবীন্ত্রিদসভাল অতি বিশাল বিপুল রমণীর পাপনাশক ভামাণছারক রম্বপ্রাকারমন্তিত বছচিত্রোপশোভিত অত্যতম দ্রবাসভারশালী বছলধন-সম্পন্ন গগণব্যাপী বিশ্বকর্মনিশ্বিত যাদবসভা, দেবসভা ও ব্রহ্মসভাও পাওবগণের সভার নিকট পরাজিত হইয়া-किन। सम्मानत्वत्र चाल्माञ्चादत्र गंगनतत्र मरात्यात्र महाकात्र महावन त्रकेटनक एक्टिवर्ग आयुवधाती यह महत्र কিছর ও রাক্ষ্য ঐ রম্ণীর সভার রক্ষণাবেক্ষণ করিত व्यवश् भावनाकमण्ड वहन कतिश छहारक श्रानाश्वरत क नहेत्रा गाहेख। अन्नमानव के जलावान कक व्यक्त जावाचत

शक्क कतिशाहिन । खे मदबावदात मानान भवन्नता कृष्टिकमञ्ज, পরিসরবেদিকাসকল মণিনির্শ্বিত, জল অভি লচ্চ, প্রশ্না ও স্থব নিশিত মংসা-কৃশ-সার্থ-সঙ্গ। মণিমর মৃণালে পরিশোভিত ও বৈছ্যাপতে সমলম্বত বিক্ষিত কণক কমল ক্লারজালে উহার অতাত্ত মনোহারিণী শোভা সম্পাদন করিরাছিল। হংস, কারগুব, मायम, ठक्कवाक প্রভৃতি सन्बिह्ममण शैदा ও नीत्र বিচার করিয়া জনগণের ময়নের সার্থকতা সম্পাদন করিল। মুক্তাফল ও নানাবিধ রত্নে উহার চতুর্দিক, সমা-চতুল হুট্রাছিল। রাজাদিগের মধোঁকেছ কেহ সরোবর-স্ত্রিধানে উপস্থিত হইয়াও সহসা উহাকে স্রোণর বলিয়া ব্ঝিতে পারেন নাই। প্রত্যুত তাঁহার। অঞ্চানতাবশত: সবোৰৰের উপরিভাগ দিয়া গমন করিতে উদাত চইয়া-ছিলেন। সেই সভার উভয় পার্ছে ফল-পুশ-কিস-লয়োপ-শোভিত সুশীতল নীলবর্ণ ছায়াসম্পর মনোরম বছবিধ উন্নত পাদপাবলী সন্নিৰেশিত ছিল। অতি স্থাভি কানন ও হংস কার্ত্তবচক্রবাকোপশোভিত পুন্ধররিণীসকল সভার চারি দিকে শোভা বিস্থার করিল। সমীরণ ততাতা জনুজ ও জলজ পদোর গন্ধ গ্রহণপূর্বক পাওবদিগের त्रिवा कति क लाशिन। मश्रमानव ठ्रुकं न भारत दम्भीय সভাতৃনি নিমাণ করিয়া ধন্মরাজ যুধিষ্ঠিরকে সমাপ্তি मशाम धामान कतिन।

তৃতীয় অধ্যায়।

বৈশশ্যালন কহিলেন, মহারাজ। ধর্মরাজ বৃধিটির
ন্বত মধুমিশ্রিত পালস, কান, মূল হবিণাদি মৃগমাংস, বিবিধ
চোষা, নানাবিধ পের ও মিটার দ্বারা নানাদিগ্দেশাগত
অব্তসংখ্যক ব্রাহ্মণগণকে ভোজন করাইলেন। পরে
অথশু বন্ধ ও মালা দ্বারা তাঁহাদিগের তৃত্তিসাধন ও
একৈক বাজিকে সহস্র সহস্র গোদানপূর্কক সভাপ্রবেশ
করিলেন। সভামধ্যে গমনশ্র্মী প্ণ্যাহহ্মনি হইতে
লাগিল। তৎপত্তে মহারাজ বৃধিটির বিবিধ বাদ্য বাদন ও
গদ্ধপুশ্রাদি দ্বারা দেবতাদিগের অর্চনা ও স্থাপনা করিলেন। সভাত্তলে মন্ত্র, মন্ত্র, নিত্তাদিক ও স্তস্কলে
উপস্থিত হইরা মহারাজ বৃধিটিরের উপাদনা করিছে

লাগিল। যুধিটির দেবপূজা সম্পাদনপূর্বক আতুগণ সম্ভি-ব্যাহারে সেই রমণীয় সভায় ত্রিদশাধিপতি ইল্লের মণায় বিহার করিতে লাগিলেন। মহর্ষিগণ পাশুবদিগের সহিত সভামগুপে উপবেশন করিলেন। ভূপালগণ নানাদেশ हरेट आगमनभूर्वक उथाय छे भविष्ठ हरेटन । आत অসিত, দেবল, সতা, সর্পমালী, মহাশিরা, অর্কাবস্থ, स्मिक, रेमरक य, खनक, वनि, वक, माख, श्रमानता, क्रक-বৈপায়ন, শুক. স্থমত্ত, জৈমিনি, পৈল, তিভিরি, যাঞ্চ-बका, मभूक लागर्यन, अभारतामा, (धोमा, अनीमाखना, कोिनक, मार्याकोग, देख वनि, भर्गाम, वत्रकायूक, रमोका-यन, वायुक्तक, शातांगया, मातिक, वनीवांक, मिनीवांक, সভাপাল, কৃতশ্রম, জাতুকর্ণ, শিথাবান, আলম, পারি-জভাক, মহাভাগ পর্বত, মহামুনি মার্কণ্ডেয়, পবিওপাণি, সাবৰ, ভালুকি, গালব, জজ্বাবন্ধু, রৈড, কোপবেগ, ভণ্ড, र्शतबक, दर्शे खिला, वक्रमाली, मनाचन, काकीबान, खेबिक, নাচিকেতা, গৌতম, পৈঙ্গ, বরাহ, গুনক, মহাতপা मां जिना, कुकू व, त्वव्यक्रय, कानान, कर्ठ ७ जनाना (वन-বেলাক পারগ ধর্মজ জিতেন্দ্রি বিশুদ্ধসভাব মহর্ষিগণ এবং বাাদশিষা আমরা তথার অতিপবিত্র কথা কীর্ত্তন করত মহাক্মা যুধিষ্ঠিরকে উপাসনা করিতে লাগিলাম। খ্রীমান্ মহাত্মা ধন্দশীল মঞ্জকেডু, বিবৰ্দ্ধন, সুস্থামজিৎ ছৰ্দ্ধুণ, বীৰ্য-वान् छेश्रारान, किं जिश्रिक कक्षारान, अंश्रतकि क्रियक, কাম্বোজরাজ কমট, বক্রধরসদৃশ প্রভাবশালী ব্বনজিৎ নহা-বল কম্পন, জটাস্থর, মদ্রকরাজ, কুন্তী, কিয়াতরাজ পুলিন্দ পুণুক, অঙ্গ, বঙ্গ, অকুক, পাণ্ড, উডুরাজ, স্থমিতা, শক্ত-ঘাতী শৈব, কিরাভরাজ স্থমনা, যবনাধিপতি চাম্বর, দেবরাত, ভীমরথ ভোজু প্রভার্ধ, কালিছ, জয়সেন, মাগধ, স্থক্ষা চেকিভান, শক্তমদিন পুরু, কেভুমান, वस्तान, देवटनण, कृष्ठक्रन, बूलनम्।, व्यक्तिक्रक, महावन প্রভায়, হর্দ্ধ অনুপরাজ, স্থার্শন ক্রমজিত, শিশুপাল, मशूख कंक्याधिनां वृश्यिवश्यांक (प्रवक्तनी क्यावनन, আहक, विशुध, अन, मात्रन, व्यक्तूत कृष्ठवर्षा, निनीश्क সভাক, ভীম্বক, অফুভি, বীর্মধান হামংসেন, ধহর্ণর रेकटकम्बर्ग, यळटमन, त्रीमदिश दक्ष्म्यान, वक्ष्यान् । व्यक्तास थान थान कवित्रश्री महात छेनहिल हरेगा মহারাজ যুধিষ্টিরের উপাসনা क्रिकिटত লাগিলেন। বে

সমস্ত রাজকুমার মৃগচর্ম পরিধানপূর্ব্ধক অর্জুনের নিকট জন্ত্র শিক্ষা করিরাছিলেন, তাঁহারাও তাঁহাদিগের সতীর্থ নেরি প্রিণের, সান্ধ, যুর্ধান, সাতাকি, স্থধর্মা, অনিকৃদ্ধ, শৈব্য প্রভৃতি বৃষ্ণিবংশীর কুমারগণ এবং ধনপ্রবের সথা তৃত্বক তথার উপস্থিত হইলেন। গীতবাদ্যবিশারদ তানলয়কুশল অমাতা সমবেত চিত্রসেন এবং গন্ধর্ম, অপ্ররাও কিল্লরগণ তৃত্বক কর্তৃক আদিট হইয়া তান শয় বিশুদ্ধরসংবোগে সন্ধীত করিয়া পাঞ্চনন্দন ও মহর্ষি-গণের প্রীতি সম্পাদনপূর্ব্বক তাঁহাদিগের উপাসনা করিতে লাগিলেন। যাদৃশ স্বর্গে দেবতারা এক্ষাকে আরাধনা করেন, সেইরপে সেই মহতী সভায় সকলে সমাসীন হইয়া মহারাজ যুধিটিরের উপাসনা আরম্ভ করিলেন।

পভাক্রিয়া পর্ব সমাপ্ত।

লোকাপাল সভাখ্যাম পর্বাধ্যায়।

পঞ্চ অধ্যায়।

বৈশম্পায়ন কহিলেন, হে ভরতর্যন্ত। মঙামুভৰ পাগুৰ ও গন্ধৰ্কগণ তথাৰ অব্যাসীন ইইলে দেবৰ্ষি নাৰদ, পারি-জাত, রৈবত, স্থাধ, ধৌন্য প্রভৃতি কতিপর তেজ:পুঞ্জ ঋষি সমভিব্যাহারে ভুবনতলে বিচরণ করিতে করিতে সভায় উপনীত হইলেন। তিনি সমস্ত বেদ, উপনিবদ্, ভার, সাংখ্য, পাতঞ্জল, শিক্ষা,কল্ল, ব্যাকরণ, ছন্দ, জ্যোতিষ প্রভৃতি সর্বশাস্ত্র বিশারদ ছিলেন। ইতিহাস ও পুরাণ সমুদায় তাঁহার কণ্ঠস্থ ছিলু, তাঁহার মত রাজনীতি এবং ধর্মনীতি পারদ্ধী প্রায় দৃষ্ট হইত না, তিনি প্রগল্ভ ুষ্তিমান প্রমাণনিষ্ঠ কবি ও পুরাব্র-বিশেষবিৎ ছিলেন ; ষাজ্পুণ্য প্রয়োগ বিষয়ে তাহার ছুল্য কেংই ছিলেন না। ফলত: তাদুশ সন্ধিবিগ্ৰহ কাৰ্য্যকুশ্ল ব্যক্তি ুসে সময়ে অতীব বিরশ ছিল। তিনি অসাধারণ-ধীশক্তি-সম্পন্ন, स्थानी धनः नाग्रवान् हिलन । नियम् धनीक किन्नरभ कारनाभरतम ७ कार्यश्चेभरतम थातान कतिरक .इत्र कारा जिनिहे यथार्थ सानि उन। ज़ाहात नाम नवका छ যুদ্ধগামর্ক্রেবী আর দৃষ্টিগোচর হইত না, তিনি ব্রহস্তি অপেকাও উৎকৃষ্ট বক্তৃতা করিতে পারিতেন; তাঁহার নিকট বাকোর গুণ দোষ বিবেচনা হইত। তিনি ধর্ম, অর্থ, কাম, মোক্ষ চতুবর্গই যথাবিধি সেবা করিয়াছিলেন; যোগবলে ত্রিলোক সর্বক্ষণ তাঁহার প্রত্যক্ষ হইত এবং অতীত ও অনাগত কাল বর্ত্তনানের ন্যায় দেখিতে গাইতেন।

দেবর্ষি সভাসীন পাগুবগণকে নয়নগোচর করিয়া পরম প্রীত হইলেন এবং জয়াশীর্কাদ দারা পর্যরাজের পূজা ও সংকার করিলেন। নারদকে সমাগত দেখিয়া পার্ডবভেট যুগিটির এবং তাঁহার অনুজগণ সহসা গাতো-থানপূর্ব্বক অতি বিনীতভাবে সাধান্ত প্রাথার विभाग विभाग कित्रा (११), खूबर्ग, मधुन्रक, छार्च এবং অন্যান্য অভিশ্যিত বস্তু দারা তাঁহার যথাবিধি অর্চনা করিলেন। মহর্ষি রাজার সংকারে সমাক প্রসন্ন হইয়া ধন্মকামার্থযুক্ত বাক্যে তাঁহাকে জিজ্ঞানাচ্চলে উপদেশ করিতে লাগিলেন, মহারাজ। অর্থচিস্তায় দ্বিরত হইয়া ধর্মটিস্তা ত বিশ্বত হয়েন না ? সুপামুভবে অত্যস্ত ব্যাসক্ত হইলা মনকে ত. একেবারে দূষিত করেন না ? ত্রিবর্গদেব্য়ে ত জ্দীয় পূর্বপুরুষদিগের আচরিত বৃত্তির অনুবতী হইয়া চলিতেছেন ? অর্থলুক হইয়া ধর্মো-পার্জনে ত বিরক্তি প্রকাশ করেন না ? ধর্মামুরক্ত হইয়া অর্থচিম্বায় ত একান্ত নিব্রত হয়েন না'? অবিশ্রান্ত কামর্গাস্বাদ শ্বারা আপনকার খ্যাথেরিত হানি হইতেছে ना ? উচিত সময়ে ত উহাদিলের यशाविधि দেবা করিয়া থাকেন ? সপ্ত উপায়, গুণষ্টক ও স্বপরপক্ষের বলাবল ত সমাক প্রাংলাচিত হইয়া থাকে ? कृषि, বাণিজ্য তুর্গ-সংস্কার, সেতৃনির্মাণ, আয়বায়শ্রবণ, পৌরকার্যাদর্শন ও জনপদপর্যাবেক্ষণ প্রভৃতি অষ্ট্রিধ রাজকার্যা ত সম্যক্ প্রকারে সম্পাদিত হয়? তোমারু সপ্ত প্রকৃতি ত কুশলে রহিয়াছে ? তাহারা ত সমুদ্ধিসম্পন্ন ? তাহাদিগের ত প্রভাক্তর লঘুতা দৃষ্ট হয় নাঁ? তাহারা ত বাসনে লিগু নহে ? নি:শঙ্কচিত্ত কপট দূতগণ ত তোমার বা তোমার অমাত্যদিগের গুরুমন্ত্রণা সকল ভেচ করিতে পারে না ? মিত্র উরাসীন ও শক্রদিগের অভিসন্ধি সমস্ত আপনি ত वृतिया थाकिन ? यथाकारण छ निक्षणाना । विश्वह-বিশানে পার্ভ হয়েন ? উদাসীন ও মধামের প্রতি ত

मशुष्ट जाव व्यवनचन कतियां थाकिन ? व्याचारुक्रण, दुक, বিশুদ্ধভাব, সংখ্যধনক্ষম, স্থকুলজাত, অমুরক্ত ব্যক্তি-গ্ৰ মন্ত্ৰিপদে ত অভিবিক্ত হয় ? কারণ মন্ত্রণা অরলাভের অধিতীয় হেডু। অর্তএব আপনি ত রাজ্যরকার্থে সমূতমন্ত্র শাস্ত্রবিদ্যাবিশারদ অমাত্যদিগকে নিযুক্ত করিয়াছেন? বিপক্ষেরা ত আপনকার রাজ্য আক্রমণে ও বিস্ঠনে সমর্থ নতে ? যথাকালে ত নিজিত ও জাগরিত হন্? অপর রাত্রিতে ত অর্থ চিস্তা ফরিয়া থাকেন? একাকী অথবা বছজনপরিবত হইয়া ত মন্ত্রণা করেন না ? মন্ত্রিত মন্ত্রত क्रन्तनमध्या ज्ञाचिष्ठ शास्त ? श्रीमाननाथा मरहामम নিষয় সকল ত শীঘ্রই সম্পন্ন করিয়া থাকেন? আলম্ভ-পরতন্ত্র হইয়া ভাদৃশ কার্য্যে কখন ত বিছোৎপাদন করেন না। ক্ষীবলেরা ত আপনার পরোকে প্রকৃতরূপে বাবহার করিয়া থাকে ? কারণ প্রাভূর প্রতি অকৃতিম ক্ষেহ্না পাকিলে এরপ হওয়া নিতাম্ভ অসম্ভব সন্দেহ नारे। जनात्रक कार्यात्र भत्रीकार्थ धर्माळ भाजरकारिक বিচক্ষণ পরীক্ষকসকল ত নিযুক্ত করিয়া থাকেন? যুক্ষ-विमाः विभावन वीत्रश्रूक्य बाबा क्यात्रनिशंक उ युक्त भिका ক্রাইভেছেন ? সহজ মূর্থবিনিময় দারা-একজন পণ্ডিতকে ভ ক্রেয় করিয়া পাকেন? কারণ কোন প্রকার বিপদ্ উপস্থিত হইলে পণ্ডিত বাজি অনায়াদে ভাষার প্রতি-विश्वान क्रतिष्ठ नमर्थ इरवन । क्र्विक्त छ धन शाना छेनक ও'বজে পরিপূর্ণ করিয়া রাথিয়াছেন ? তথায় শিলীগণ ও ধ্রুপ্র পুরুষসকল সর্বলা ত সত্রকভাপ্রক কাল্যাপন করে ? একজন মেধাবী শুরদান্ত বিচক্ষণ অমাত্য রাজা এवः त्राक्त्यांक त्राक्ताचीत व्यवताम्मन कतिएक भारतन। মহারাজ! গুড় চরছারা শাক্রপক্ষীর চরস্থান ত বিশিষ্টরূপ व्यवसान रहेग्रा थारकन १ व्यथमत रहेग्रा विशक्तवर्शन অজ্ঞাতসারে ত তাহাদিগের কার্যাসকল নিরীক্ষণ করেন ? বিনরসম্পর অফ্রাশ্ন্য সংক্লফাত বছজত ব্যক্তিকে ত गरकात्र कतिश्व (भीरताहिरेष दत्र कृतिशाहन ? **এ**दः विधिक, बुक्तिमांसु नवन ও कार्यामक वाक्तिरक उ हाम-कार्या नियुक्त कृतिवारहम ? आश्वनकात्र देन बक्त छ (क्यां जिल्ला विभावन, बाक्यां क्रम्म ७ नर्स श्रकां व छै পাতগণনার সক্ষম ? আপনি কার্বোর লাখব গৌরব विरविष्या कतित्रा क लाक्यक्य कार्य नियुक्त कतित्रा शास्त्रन ?

প্রধান ভ্ডোর প্রতি প্রধান, মধামের প্রতি মধাম এবং নিক্তরৈ প্রতি ত নিক্তর কার্য্যের ভার সমর্পণ করিবা-ছেন ? পিছপিতামহাগত ওচিম্বভাব বৃদ্ধ সচিবেরাই ড প্রেষ্ঠ কাগাসম্পাদনে নিযুক্ত আছে ? প্রচণ্ড দণ্ডবিধান ৰারা প্রজাদিগকে ও অত্যন্ত উদ্বেজিত করেন না? যাজ-কেরা পতিত ব্যক্তিকে ধেমন অবজ্ঞা করেন এবং প্রম-দারা যেমন তীক্ষসভাব কামপরতন্ত্র পতিকে অনাদর ক্রিয়া থাকে, তজ্ঞপ আপনকার রাজাশাসনকারী মন্ত্রীগণ ত আপনাকে অশ্রমা করিয়া থাকে না ? মহাকুলপ্রস্ত व्यगन् छ, भोर्या-वीर्या-गाश्चीर्या-मण्यन, कार्यामक ও প্রভু-পরাষণ বাংক্তকেই ত সেনানীর কার্য্যে নিযুক্ত করিয়া-(इन ? नर्क्यूकिविभात्रम, ध्वेवनभत्राकां च नक्तिक नाहमी रिमनिक शूक्यमिगरक छ यथाि छ मश्रान कतिया शास्त्रन ? **७**वः निभिष्ठे भगत्त्र **छाहामिश्यत्र** (वैजनामिक्यानारन छ विमुव रुप्तन ना ? छारा रहेल स्ठाककाल कार्या निकार হওয়া দুরে থাকুক, প্রভাত তাহাদিগের স্বারা পদে পদে অনিষ্ট ঘটনা ও বিদ্রোহের সম্পূর্ণ সম্ভাবনা হইয়া উঠে। সংক্ৰজাত প্ৰধান প্ৰধান লোক ত ভোমার প্ৰতি অমু-রক্ত রহিয়াছে? তাহারাত তোমার নিমিত্ত রণকেতে আণপরিভাগে করিভেও সম্মত আছে ? সমস্ত রণকার্য্য निर्साशार्थ এक बन भागनांवळ याथकाठाती वाकिएक छ नियुक्त करतन ना ? यमि कान वाक्ति चीम्र शुक्तवकातवाता প্রভুকার্যা স্থাপার করে, তাহা হইলে সে ত আপনার নিকটে সমাক্ প্রস্কুত ও সমধিক সন্মানিত হইরা থাকে ? জ্ঞানালোকসম্পন্ন কুড়বিদ্য অভিনিনীত খণবান্ ব্যক্তি-निगदक उ यर्थाि छ धनमान करत्रन ? महाताख ! वाहाता क्तिन जाननकात डेनकारतत निमिष्ठ कालकत्त निन-তিত ও यः পরোনাতি ছর্দশাগ্রন্থ इहेबार्ट्स, ভাহাদিগের প্ল কলত্ৰপ্ৰভূতি পৰিবাৰৰগকৈ ত ভৱণ পোৰণ কৰিছে» ছেন ? कींगवन वा बूर्फ भन्नाकिंड भवा छीड इहेन्रा আপনার শরণাগত হইলে ভাহাকে ভ পুত্রনির্নিশেষে রক্ষা করিয়া থাকেন ? শত্রুকে বাসনাশক্ত দেখিরা স্বীয় মন্ত্র কোৰ ও ভূতা অিৰিধ ৰল সমাক্ বিবেচনা করিয়া, অবি-লখে তাহাকে ভ আক্রমণ করেন ? বেমন পিতা মাতা সক্ষ সন্তানকে সমান স্নেহ করেন, তজ্ঞাপ আপনিও সম-मृष्टिए ममुखामधना ममुनम भूषिवी व्यवासाकन कतिएछ-

ट्रिन? रिमनाशर्थत बावमात्र ७ अञ्चलाख्यामर्था वृतित्रा ভাহাদিগকে ভ অগ্রিম বেতন প্রদানপূর্বাক উপযুক্ত সময়ে যুদ্ধবাতা করিরা থাকেন ? পরস্পরের ভেদ উপস্থিত कतिवात निमिष्ठ भक्तभक्षीत्र व्यथान व्यथान देगनामिश्व छ यथारयांगा धनमान करतन ? चत्र किर्छित इहेगा আত্মপরাজয়পূর্বাক ইন্দ্রিয়পরতম্ব, প্রমন্ত বিপক্ষদিগকে ত পরাজয় করিতেছেন ? যুদ্ধার্থে প্রবৃত্ত হইবার পূর্বে नाम, मान, (छम, मुख छ यथाविधि श्रायां क्रियां वारकन? বিপক্ষের রাজ্য আক্রমণ কালে আপন অধিকার ত দৃঢ়-ক্লাপ সুবৃক্তি করেন ? এবং তাহাদিগকে পরাজিত করিরা প্নর্কার স্বাস্থাপদে ত প্রতিষ্ঠিত করিয়া থাকেন ? অষ্টাঙ্গযুক্ত, বলমুণ্য-কর্তৃক সুশিক্ষিত আপনকার চতু-রজিনী বেনা ত শতাপরাজ্যে সক্ষম হইয়াছে ? পররাষ্ট্রের শ্যা চেছ্দন ও শ্সাসংগ্রহকাল উপেক্ষা করিরা শত্র-হিংসায় ত প্রস্ত হয়েন? অর্থচিস্তার নিনিত্ত আপনার অধিকৃত পুরুষেরা ও খারাজ্যে ও পররাজ্যে নিযুক্ত হটয়া তংকার্যা সম্পন্ন করিতেচে ? তাহারা ত বিসম্বাদী হুইয়া পরস্পরের মন্ত্রণা প্রকাশিত করে না ? ভূত্যেরা ত ত্বনীয় বশবতী হইয়া থান্য সামগ্রী গাত্রমার্জন বস্তু ও গন্ধ-स्वामकन तका कतिया शास्त्र श्रापनाएउ अञ्चल कर्षाहादींगंग पानालात, वार्म,बाब, बायुप ७ बाय दें छा-দির ত সমাক তত্বাবধান করে? আপনি ত আভাস্তরিক ও বাছালনগণ হইতে আপনাকে, আত্মীয় লোক হইতে ভাহাদিগকে এবং ভাহাদের পরস্পার হইতে পরস্পারকে छ तका करिया थाटकन? जाशनात जाराब हर्ड जाश, অর্জভাগ, বা ত্রিভাগ, স্বারা নিজবায় ত নিকাহ করেন ? तृकत्वाक, छाडिवर्ग, शुक्रकन, विवक, निह्नी, चालिङ मीन, দরিত্র ও অনাথ বাজিদিগকে ধর্ম ধানা প্রদানদারা ত অমু-• और 'क दिया थारकन ? जाम बारम नियुक्त, शनक छ त्मणक-ৰৰ্গ আপনার আয় বায়সকল পূৰ্ব্বাচ্ছে ত নিক্লপণ করি-ভেছে? বিষয়কর্মাচতুর, হিতৈষী কর্মাচারীগ্র অকৃতা-পরাধে অপেনকার নিকটে ত পদচাত হইতেছে না? অধিকৃতৰর্গের ভারতম্য পরীক্ষা করিয়া ভাছাদিপকে ত छम्ब्रत कार्या निवृक्ष कतिया शेरकन ? मुक्, छोत, বৈরী বা অপ্রাপ্তব্যবহার ব্যক্তি ঘণীর কার্য্যেত নিরোজিত হর না ? তখর,লুক্ক,কুমারপণ বা স্ত্রীদিগের প্রবলতা অথবা

স্বরং রাষ্ট্রপীড়া ত উৎপন্ন করেন দা ? রাজ্যন্থ ক্রবকেরা ত সম্ভটিচিত্তে কাল বাপন করিতেছে? রাজামধ্যে স্থানে স্থানে দলিলপূর্ণ বৃহৎ বৃহৎ তড়াগ ও সরোবরসকল ত নিধাত হইরাছে? কৃষিকার্যা ত বৃষ্টিনিরপেক হইরা সম্পন হইতেছে ? ক্লমকদিগের গৃহে বীজ ও অনাদির ড व्यवहार नाहे ? व्यावश्रक श्हेरण, जाहामिश्रक ज भामिक বুদ্ধিতে অনুগ্রহস্বরূপ শতসংখ্যক ঋণ প্রেদান ক্রিরা থাকেন? সাধুলোক দারা আপনায় বার্ছাসকল ত সমাক্ অম্টিত হইতেছে ? কারণ তদ্ভণে লোকে স্থী इहेंग्री थाका अभागनक ममल व्याक्त वीत शुक्रवाता छ মহারাজের হিত্তিস্তার তৎপর রহিয়াছেন ? নগর রক্ষার निभिन्न भन्नी आममकन नगरत्त्र नाम ध्वर (चारभनी, পদ্মীপ্রানের ন্যায় ত করিয়া রাখিয়াছেন ? নগরাদি ত তোমার সমাক্ বশখদ রহিয়াছে? তক্ষরেরা ত জ্লীয় विषय সম विषय ऋता मनवक हहेशा नशरतत कानिहे উৎপাদনে সমর্থ হইতেছে না ? প্রমাদাগণের রক্ষণাঞ্জিকণ ও তাহঃদিগকে ত সমুচিত সাম্বনা করিয়াধাকেন ? বিশ্বাস ক্রয়া ত তাহাদিগের নিকটেকোন গুছ কথা বাজ করেন না ? ক্যেন অমঙ্গল বার্তা প্রবণ করিয়া ভাছিবরক চিষা করিতে করিতে অন্তঃপুরে প্রবিষ্ট হইয়া ক্রেক্চন্দনাদি প্রিয় বস্তুর অম্ভবস্থা ত নিজিত হয়েন না ? রজনীর প্রথম গুই প্রছর নিজায় অভিবাহন করিয়া গাঝোখানপূর্বক পশ্চিম নিশার ত ধর্মার্থ চিস্তা করিয়া' থাকেন? হে মহারাজ ! यथाकारन शांत्वाथानशृक्वकु त्वमञ्चा नमाधान, कतिवा কালম মন্ত্ৰিগণে পরিবৃত হইয়াপ্দর্শনার্থী প্রজাগণকে ত नर्गन थानान कराम ? जाननात नतीत तकार्थ तकासत-धाती व्यवद्रुक तकरकता छ चक्राधात्रगशृक्षक छेख्य भाष्य দভারমান থাকে ? বমের ব্যায় আপনকার নিকটে ত পূজাৰ্হ বাজি সমূচিত পূজা ও দঙাৰ্হ বাজি সমূচিত দও নাভ করে? কে প্রিয় কে অপ্রিয় তাহা ত স্মাক্রপ পরীকা করিরা চ্লেন ? শারীরিক পীড়া হইলে নির্ম ও ঔষধ সেবন দারা ত তাহার প্রতীকার বিণান করিয়া थारकन ? मानिक भीज़ा इहेरन 'बुक्कवाकिनिश्व महिछ সভত আলাপ করিয়া ত খাদ্যা লাভ করেন ? আথনার देवनार्गन ७ व्यह्नीक विकित्नाविनाम विभावन, श्रम् छ অনুরক্ত ? তাহারা ত সতত আপনার শারীরিক হিডচেটা

পাইয়া থাকে? আপনি ত লোভ, মোহও অভিমান-রহিত হইয়া অর্থী প্রত্যেণীদিগের কার্যাদর্শন করেন? त्नाच, त्मार, विश्व**स अथवा धानत्यत वनी** छ इहेबा छ আশ্রিত লোকদিগের বুজি রোধ করেন না গ পৌরবর্গ ও জনপদবাসী লোকেরা ত মিলিত হইয়া শক্রুর নিকট হইতে বিপুল অর্থগ্রহণপুর্বক আপনার সহিত বিয়োধ উপস্থিত করিতেচে না? তুর্বলে শত্রুকে ত বল প্রারোগ-পূর্ব্বক সাভিশয় পীড়িত করেন না ? মন্ত্রবলে ত বলবান শক্রকে সমধিক বন্ত্রণা প্রদান করিতেছেন না? প্রােগ ও মন্ত্র হারা কাহার ত একখারে সর্পনাশ হই-তেছে না ? প্রধান প্রধান রাজগণ ত আপনার প্রতি সাভিশর অন্তরক্ত? কোঁহারা ভ জদীয় সমাদবের বশীভূত হইয়া উপকারার্থে প্রাণ পরিতানি করিতেও সন্মত হয়? আপনি ত সর্কবিদ্যা-বিষয়ে ঋণ বিবেচনা করিয়া লাক্ষণ-গণেব ও সজ্জনদিগের পজা করিয়া পাকেন? কারণ উহী সাপনকার মোকতে হ ও মজলবিধারিনী। মহারাজ। যত্রপর্কক প্রক্রিপ্রকাচরিত এয়ীমলক ধর্কের ত অমুষ্ঠান कतिरलेएकम ? ऋत्राम खन्नशाम श्रीता खननाम वाक्रनमित्रक ত ভোজন কবাইয়া দকিণা প্রদান করিয়া গাকেন; একাগ্রচিত হট্যাত বাজপেয় ও প্রতীক সভের অনুষ্ঠানে यञ्चनांन करवन? अन्यानन, नरवांत्रक खाकि, তাপমগণ, চৈত্যবক্ষ ও শুভফলপ্রাদ বান্ধণদিগকে ত ন্মস্কাৰ কৰিয়া থাকেন ? আপনি ত শোক ও ক্রোধে একার অভিভত হয়েন না 🐔 লোক নকল মারুলা বস্তু হতে লইয়াত আপনাঁব পাখে অবস্থিতি করে? তে মহারাজ ! আপনার বৃদ্ধি ও ক্রিরা ত মদীর প্রারের অন্তৰ্বৰ্ত্তিনী ভইয়াছে ? কাৰণ একপ ভইলে উভয়ই আয়ুষ্য যশস্থা ও ধর্মকামার্থদর্শিনী চঠবে। এডদমুসারে কার্যা করিলে রাজ্যের কোন বিঘু উপস্থিত হয় না, রাজা ও পৃথিবী জয় করিয়া প্রম স্থাে কাল্যাপন করেন। লোভার অনভিজ্ঞ ঘদীর অধিকৃত লোক কর্তৃক চৌরা-প্রাদগ্রস্ত আর্যাচরিত বিশুদ্ধস্বভাব শুচিবাজি নিধনদণ্ডে ত দণ্ডিত হয়েন না? চষ্ট অহিত্কারী কদ্যাসভাব দণ্ডার্হ দল্পর লোপ্ত সহ গৃহীত হুইয়াও তাহাদিগের নিকটে क क्यानात् मर्थ हस् ना ?. नाष्टिका, अनुक, टकांध, व्यमाप. तीर्घयवाडा, क्यांमवान व्यक्तिपारशंत माकाएकात

ভ্যাগ, আলদ্য, চিত্তচাপল্য, নিরস্তর অর্থচিস্থা, জনর্থক্র বাজির সহিত পরামর্ল, নিশ্চিত বিষয়ের জনারস্ত, মন্ত্রণার অপরিরক্ষণ,মঙ্গলকার্য্যের অপ্রয়োগ ও প্রত্যুখান, এই চতু-দিশ রাজদোষ ত আপনি সন্ধতোভাবে বর্জন করিয়াছেন ? উক্ত চতুর্দশ রাজদোষ বন্ধমূল ভূপালদিগকেও উন্মূলিত করে। আপনার বেদাধ্যয়ন ত সফল হইয়াছে? ধনো-পার্জনের ত সার্থকতা লাভ করিয়াছেন গ দারপরিগ্রহের ত ফল লাভ হইয়াছে? এবং বিদ্যাশিক্ষাও ত ফলবতী বটে?

যুধিষ্ঠির কহিলেন, হে তপোধন ৷ আপনি যে আমার বেদাধ্যমনাদির সফলতার বিষয় জিজ্ঞাসা করিলেন. उৎসমন্ত কির্নপে সফল হয় ? নারদ কহিলেন, মহারাজ। (वनां धात्रत्नत्र कन व्यक्षित्याळ ; धतां भार्कत्नत्र कन नान छ ভোজন; দারপরিগ্রহের ফল রতিক্রীড়া ও অপভ্যোং-পাদন; বিদ্যাশিকাৰ কল স্থশীলতা ও সন্থাবহার। মহা-তপা মুনিবর এই কথা বলিয়া পুনর্কার বুধিষ্টিরকে জিজাসা করিলেন, হে রাজন। লাভপ্রত্যাশায় দূরদেশ হইতে সমাগত বৃণিকগণের নিক্ট আপনকার গুল্কোপঞ্জীবী রাজপুরুষেরা ভ নথোক্ত শুল্প গ্রহণ করিয়া থাকে? সেই সকল বণিকেরাত সর্বতে সম্মানিত হয়? এনং খণীয় লোক দারা পরীক্ষিত ২ইয়া ত পণা দ্রবা আনয়ন করে? আপনি ত অবহিত হইয়া ধর্মার্থ#ী বুদ্ধ পুরুষদিগের ধর্মার্থযুক্ত উপদেশ বাক্ষ-শ্রবণ করিয়া থাকেন ্ ক্রবিতন্ত্র, গো, পুষ্প, ফল ও ধংশুর নিমিত্ত ত্রাহ্মণদিগকে ত মৃত মধু প্রদান দ্বারা আপুর্দীয়িত করেন ? শিল্পকারদিগকৈ ত উপ্রারণ সামগ্রীসকল নিয়ত প্রদান করিয়া থাকেন? তে মহারাজ ৷ ক্তোপকার ত স্মরণ করিয়া রাথেন ? मः क क विद्वार जो हारक ज अभः मा ७ मार्गन्यस्य गमानतशृद्धं क ज्ञात कतिया थारकन ? इन्ही, जार प রথ প্রভৃতির ল্ফুল্সকল ত শিক্ষা করিয়াছেন ? গৃছে বিসিয়া ত খমুকেবিদের লক্ষণ ও নাগর যন্ত্রতা সম্যক্রপ অভাাস করেন? কাহারাজ। শক্রনাশক সর্বপ্রকার অস্ত্র, ব্রহ্মণত ও বিষ্যোতা ত আপনকার বিদিত রাথিয়াছেন? অধি, ব্যাল, ধেরাগ ও কোভ হইতে ভ স্বীয় রাজ্য রক্ষা করিয়া থায়ুকেন ? অন্ধ, মৃক, পকু, বিকলাল, বন্ধবিধীন ও প্রব্রেক্ত ব্যক্তিদিগকে ত

পিতার ন্যায় প্রতিপালন করেন? নিজা, আলস্য, ভয়, ক্রোধ, মার্দ্দর ও দীর্ঘস্ত্রতা, এই ছয়টি অনর্থ ত একবারে পরিত্যাপ করিয়াছেন? মহাত্মা কুরুসন্তম যুধিষ্ঠির, দেবর্ধির এবস্থাকার উপদেশবাক্য প্রবাদনপূর্দ্দক নিবেদন করিলেন, হে তপোধন! আপনি যাহা আজ্ঞা করিলেন, আমি তাহাই করিব, আপনার উপদেশে আমার বৃদ্দিনৃত্তি পুনর্দ্দরে প্রবৃদ্দ হঠয়া উঠিল। রাজা দেবর্ধিসমক্ষে যে প্রকার প্রতিজ্ঞা করিলেন, তদক্রপ কার্যাও করিতে লাগিলেন; এবং অচিরকাল মধ্যে সাগরাম্বরা বস্থারর অধীশ্বর হইলেন। নারদ কহিলেন, মহারাজ! যিনি এইরূপে চতুর্দ্দর্গর করিয়া চরমে ইক্রসলোক প্রাপ্ত হয়েন।

ষষ্ঠ অধ্যায়।

বৈশক্ষায়ন কহিলেন, হে মহারাজ । এক্ষর্মি নারদের বাক্যাবদানে ধর্মাজ সৃধিষ্ঠির সম্চিত সৎকারপূর্ম্বক তদীয় উত্তরস্কল আত্মপূর্ম্বিক কহিতে লাগিলেন, ভগবন্ । আপনি যে ধর্মনিশ্চম উপদেশ করিলেন, ভাহা ন্যায়ারগত বটে, আনি সাধ্যাত্মগারে এহদস্কলপ করিয়া থাকি । পূর্ম্বকালে ভূপালগণ ন্যায়ত সঙ্গুইতার্থ দে সমস্ত অর্থবৎ কার্য্যান্থ্রান করিতেন, আমিও সেইক্রপ করিতেছি । আর তাহারা যে সকল সৎক্র্ম প্রদশন করিয়াছেন, আমি ভাহা আত্রম করিতে ইচ্ছা করি, কিন্তু অনিয়তাত্মতাপ্রযুক্ত কার্য্য ইইচ্ছে পারি না ।

যুষিষ্টির দেবর্ষি নারদকে বিশ্রাস্ত দেখিয়া রাজগণমধ্যে সমুচিত সংকারপূর্ব্ধক যথাযোগ্য সময়ে কহিলেন, ভগবন্! আপনি অপ্রতিহত গতিপ্রভাবে ব্রহ্মনিন্মিত শানেকানেক লোক সন্দর্শন করত পর্যাটন করিতেছেন, কিন্তু জিজ্ঞানা করি, কোন স্থানে আমাদিগের এই অপূর্ব্ধ সভার ত্লা বা ইহা অপেকা উৎকৃষ্ট কোন সভা প্রত্যক্ষ করিয়াছেন কি না? অমুগ্রহপূর্ব্ধক কহিয়া চরিতার্থ করুন। মহর্ষি নারদ মুধিষ্টিরের বাক্য শ্রবণ করিয়া হাস্যমুথে ও মধুর বচনে কহিলেন, মহারাক্ষ! তোমার এই মণিময়ী সভা-

ममुनी विजीव मुखा मञ्चारलारक पूर्वन वा अवन कति नाहे, একণে যদি তোমার শ্রবণবাসনা বলবভী হয়, ভবে পিতৃরাজ यम, शीमान वक्रण, (मवताक देखे ७ किलामनिवामी কুবেরের সভা কীর্ত্তন করিব। ভগবান ব্রহ্মার দিব্যাভি-প্রায়োপেত বিশ্বরূপিণী ক্রমাপশারিণী দিব্যা এক সভা আছে, আমি গেই সভা বর্ণন করিতেছি, প্রবণ কর। এই সভা, দেবগণ, পিতৃলোক, সাধ্যসমূহ এবং শাস্ত যতাত্মা ব্যক্তিকবৰ্গ শান্তশীল বেদাধ্যয়নসম্পন্ন ও যজাতু-ষ্ঠানপরায়ণ মুনিগং কর্ত্ত সেবিত। ধর্মরাজ যুধিষ্ঠির নারদ কর্ত্বক এইরূপ অভিহিত হইয়া ক্লতাঞ্চলিপুটে जाकृतकृष्टेय ও बाक्षणगण नमिलवाहात्त्र, छाहात्क कहित्नन, ভগবন! সেই সমস্ত সূতা কিব্নপ বিস্তীৰ্ণ ও আয়ত এবং তাহাতে কতই বা দ্রবাজাত সহিয়াছে ? পিতামহ রকা, দেবরাজ ইক্স. বৈবস্বত যম, বরুণ ও কুবের স্থাস সভায় আসীন হইলে কে কে তাঁহাদিগকে উপ্ৰেনা করিয়া আকেন ? আপনি এই সমস্ত কীর্ত্তন করুন, শ্রবণ করিবার নিমিত্ত একাত কুতুহল হইয়াছে। মহর্ষি নারদ ধ্মারাজ কর্ত্তক এইকপ কণিত হইয়া কহিলেন, মহারাজ। আমি ক্রমশঃ সমস্ত কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন।

সপ্তম অধ্যায়।

নারদ কহিলেন, হে কুকুনন্দন! দেবরাজ ইন্দ্র বহু
প্রথমন্থকারে বিশ্বকর্মা দারা স্নাপনার সভা নির্মাণ
করান। ঐ সভাব প্রভা হর্যের ভায়, উঠা শত বাজন
বিস্তীর্ণ, সাদ্ধ শত বোজন দীর্ঘ এবং পঞ্চ যোজন উন্নত।
উহা শৃত্তমার্গে হিত ও যথা ইচ্ছা গমনাগমন করিতে
পারে। উহাতে জরা, শোক, ক্রম, আত্তরা প্রভৃতি
কিছুই নাই। মধ্যে মধ্যে উন্তর্মোক্তম গৃহ আসন ও
দিব্য পাদপ সমুদার শোজা পাইতেছে। অসামান্য
রপলাবণাসম্পন্ধ শ্রীমান্ যশসী অমররাজ ইন্দ্র দিব্য
কিরীট, দিব্যাশ্বর, লোহিতাঙ্গদ ও চিত্র মাল্য ধারণপূর্বক
শচীসমভিব্যাহারে ঐ সভায় মহার্হ আসনে উপবিষ্টি
থাকেন।

নারদ মুধিষ্ঠিরের বাক্য শ্রবণ করিয়া হাস্যমুখে ও মধুর গৃহবাসী যাবতীয় দেবগণ ও দিবারপধারী দিব্যালক্ষার-বচনে কহিলেন, মহারাক্ষ ় তোমার এই মণিমন্ত্রী সভা- শোভিত সিদ্ধ ও সাধ্যগণ, হেমমালাধারী, তেকক্ষী

মক্ত্বদাণ, অন্যান্য দেবগণ এবং অমণ, পাপরহিত, অধির ন্যায় জাজ্ব্যমান, তেজখী ও শোকজররহিত দেবর্ষিপণ, অফুচরগণ সম্ভিব্যাহারে প্রত্যহ ঐ সভায় আগমন করিয়া মতেজের উপাদনা করেন। মছর্ষি পরাশর, পর্বতে, সাবর্ণি, গালব, শৃঙ্খ, লিখিত, গৌরশিরা, ক্রোধন ছব্রাসা. খেন, দীর্ঘতমা, পবিত্রপাণি, যাজ্ঞবন্ধা, ভালুকি, উদ্দালক, খেডকেড়, তাণ্ডা, ভাণ্ডায়নি, হবিমান, গরিষ্ঠ, মহারাজ হরিশ্চন্দ্র, হাদ্য, উদরশাণ্ডিলা, পারাশর্য্য, क्रयोवन, वाज्यक, विभाध, विधाल, कान, क्वानमञ्ज, पहें।, विश्वकर्मा ७ जुनुक अवः व्यागिक ७ (यानिकर्गः বায়ুভক্ষনকল ও ত্তাশিষমুদ্য, সর্বলোকেশ্বর প্রন্দরের উপাসনা করেন। সহদেব, স্থনীথ, মহাতপা বাল্মীকি, সত্যবাক শমীক,সভাপ্রতিজ প্রচেতা,মেধাতিথি, বামদেব, পুলস্তা, পুলহ, ক্রড়, মক্রন্ত, মরীচি, মহাতপা স্থাণু, কাঞ্চি-বাং, গৌতম, তার্ল্য, মহর্ষি বৈখানর, কালকবুকীয়, আশ্রাব্য, হিরগ্রন সম্বর্ত, দেবহুবা, বীর্যাবান িখকসেন, निवा अপ्रमुनाश, अवधिमकन, अक्षा, (मधा, भवचडी, व्यर्थ, धर्म, काम, विकार ममुनाम, जनवाह (मध्येन, दायुनन, ন্তনরিত্বগণ, পূর্ব্ব দিক, যজবাহ সপ্তবিংশতিসংখ্যক পাবেকগণ, অগ্নিসমবেত সোম, ইন্দ্রসমবেত অগ্নি, মিত্র, नविडा, व्यर्गमा, छ्रा, विचारमन्त्रान, ख्रुक, माधारान ख्रुक, বিখাবস্থ, চিত্রসেন, স্থমন, তরুণ, যজ্ঞসকল, দক্ষিণাসকল, গ্রহণণ, তারাসমুদর ও যজবাহ মন্ত্রণণ ঐ সভার সমুপস্থিত থাকেন। অঞ্জারোগণ ও মনোরম গন্ধর্মসকল, বিবিধ নুহ্য, গীত, বাদ্য, হাসা, মঙ্গল স্থতিপঠে ও বিক্রম প্রকাশ দারা বলবুত্রনিহণন ইন্দ্রকে সম্ভষ্ট করেন। তেজখী বৃদ্ধিণ, ত্তাশনের নাায় জাজলামান রাজ্যিগণ ও দেবর্ষিগণ দিব্যমাল্যাদি ধারণপূর্বক চক্রসৃদৃশ মনোরম বিমানে আরোহণ করত সর্বাদা ঐ সভার গতারাত করেন। মুহস্পতি ও তীক্র তথায় নিতা সমুপস্থিত হয়েন। চক্রের স্থায় প্রিরদর্শন ক্রেমার ন্যায় প্রভাসম্পর धरै ममल वाकि, धनाना महाबाभन, इन्छ ७ मधर्मिमछन তথায় আগমন করিয়া থাকেন। হে রাজন। আমি এই নলিনরাভিবিরাজিত ইক্সসভা পূর্ব্বে স্বচক্ষে প্রত্যক করিয়াছি। এক্ষণে যমের সভা বর্ণন করিতেছি এবণ कक्रन।

অফ্টম অধ্যায়।

নারদ কহিলেন, হে মহারাজ! দেবশিরী বিশ্ব-কর্মা বৈবস্থত যমের যে সঙা নির্মাণ করিয়াছিলেন, তদ্বিষয় বর্ণন করিতেছি, অবহিত হউন। ঐ কামরূপিণী স্থ্যসদৃশ ভেজঃসম্পন্না, নাতিশীতোক্ষা, মনোহারিণী সভা শত যোজন বিস্তীণ। উহাতে শোক, জরা, ক্ষ্মা, পিপাসা, দৈনা, ক্লম প্রভৃতি কোন অপ্রিয়ই নাই। তথায় দিবা মর্ত্ত্য কাম্য যাবতীয় বস্তু,সরস স্থাত্মনোহর প্রচুর চর্ব্বা চোষ্য লেহ্য পের প্রভৃতি ভক্ষা দ্রবা, স্থান্ধ মাল্য, কামকল পাদবাবলী এবং স্থাদ শীত ও উষ্ণ স্বিল সম্পায় সর্ব্বদাই প্রস্তুত রহিয়াছে।

হে রাজন। পরম পবিত্র রাজবি ও দেবর্ষিগণ ঐ সভায় আগমন করিয়া স্টুটিতে যমের উপাসনা করেন। য্যাতি, নত্য, পুরু, মান্ধাতা, গ্রেমক,নুগ,রাজর্ষি অসদস্যা, কুত্রীয়া, প্রত্রবা, অরিষ্টনেমি, সিদ্ধ কুত্বেগ, কুতি, निमि, প্রতদন, শিবি, মৎসা, পুণুলাক, গুহন্তপ,বার্ত, মকত. কুশিক, সাহাশ্য, সাঙ্কৃতি, এবে, চতুরস্ব, সদস্যোশ্মি, মহারাজ কার্ত্তবীর্যা, করপ, ভরত, অনীথ, নিশঠ, নল, द्माना निर्दानाम, व्यवशीय, ज्लीत्रथ, वाच, मन्ध, वधाच, (वर्शवान शृथ्यवा, श्वनध, जसमना, अशिवन कुल, द्रयत् छ, বুষসেন, মহারথ, পুরুকুৎস, আর্টিষেণ, বিনীপ, মহাস্থা উनीनत, श्रेमीनति, शृष्ट्रतीक, भवाठि, खद्माणा मत्रज्, অঙ্গ, রিষ্ট, বেন, হুষাস্ত, স্ঞয়, ভায়, ভাঙ্গাহ্মরি, স্থনীথ, नियम, बहीनद्र, कत्रक्षम, वाह्लिक, बुकास, महावन मधु, अन, मक्छ, करभाउद्योगा, छुनक, महामन, वर्ष्क्रन, मार्थ, कुमार्थ, মহারাজ শশবিদ্য, দাশর্থি রাম, লক্ষণ, অ-স্কর্, কক্ষ্যেন, গ্যু, গোরাখ, জানদ্যা রান, নাভাগ, স্গর, ভূরিছাম, महाच, পृथाच, खनक, जुপতি, देशगा, वाद्रियण, शुक्रिकर कन्राक्य. विकार कि विवर्ष, ताका उपतिहत, भीमकाय. देखकाम, शोतशृधं, नल, गम, शच, मृहुकून, ভृतिहाम, व्यामनिक्द, व्यतिष्ठेतिम, व्यक्ताम, शृथनाच, व्यष्टेक, मदमा-বংশীয় শত নরপতি, নীপবংশীয় শত ভূপাল, হয়বংশীয় শত রাজা, ধৃতরাষ্ট্রংশীর শত জন, জনমেজয়বংশীর व्यभीिक सन, बन्नानकदरभीम भक सन, स्नेतिदरभीम শত জন, ভীমবংশীর দিশত জন, ভীমবংশীর শত

জন, প্রতিবিদ্ধাবংশীয় শত জন, নাগবংশীয় শত জন, পলাশবংশীয় শত জন, ও কুশকাশ প্রভৃতি শত জন এবং রাজেক্স শাস্তমু, তোমার পিতা পাওু, উশঙ্গব, শতরণ, দেবরাজ, জয়ত্রণ, মারসমবেত বুদ্ধিমান রাজর্ষি বৃষদত্ত ও অনেকানেক ভূরিদক্ষিণ মহৎ অখনেধাসন্তান স্বারা স্বর্গে-গত শশ্বিদ্বংশীয় সহস্ৰ সহস্ৰ জ্ব ঐ সভায় গম্ব করিয়া ভগবান্যমের উপাসনা করেন। হে রাজন! এই সমস্ত রাজর্ষিগণ পরম পবিত্র, কীর্ত্তিমান ও বচন্দ্রত। অগস্তা, মতঙ্গ, কাল মৃত্যা, যজাসকল, সিদ্ধগণ, যোগশরীরি সমদয় धनः मूर्खिमान व्यविश्वाख, रफन्त्र, जेन्न्य, श्वशानान, वर्क् মদপ্রভৃতি পিতৃগণ, কালচাক, সাক্ষাৎ ভগবান বহিং হন্তকৰ্মা নমুবাগণ, দকিণায়ন মহাগণ, কালনয়নে নিযুক্ত যমের পুরুষগণ,সিংসপপাশাশসমূদায় ও কাশকুশাদি সকল ঐ সভায় ভগবান যমের উপাসনা করেন। এতদ্ভির অন্যান্য অনেকে আসিয়া"ধর্মরাজের উপাসনা করিয়া ধাকেন, তাঁহাদের নামের ও কঁথের 'সংখ্যা করা নিতান্ত ছঃসাধা। হে কৃষ্টীনন্দন। দেবশিলী বিশ্বকর্মা বছকাল তপ্সা করিয়া ঐ পরম রুমণীয় সভা নির্মাণ করিয়া-ছিলেন। ঐ সভা যথেচ্ছা গমন করিতে পারে, উহাতে ভয়ের সম্পর্ক নাই এবং উহাঁ স্বীয় তেজঃপ্রভাবে যেন সভত প্ৰজ্ঞাতি হইতেছে।

তে রাজন্

ই উগ্রতপা, স্কব্রত, সতাবাদী, শাস্তস্বভাব, বিশুদ্ধ, পরম পবিত্র ও শৃন্যাগীন সন্ন্যাসিগণ এবং ভাশ্বর-কলেবর, দিব্যাম্বর, বিচিত্রাঙ্গদ, চিত্রমালা, উজ্জল কুণ্ডল প্রভৃতি নানাবিধ ভূমণে ভূষিত পুণ্যশালা অপ্যরা ও গর্কবিগণ তথার গমন করিয়া থাকে। নৃত্য, গীত, বাদা, হাসা, পুণ্য, গদ্ধ ও শক্ষ এবং দিব্য মাল্যসমূদার তথার সতত সুমুপ্তিত থাকে। সহক্র সহজ্র দিব্যরপধারী মনস্বী ধার্মিকগণ মহাত্মা যমের উপাসনা করেন। হে মহারাজ! মহাত্মা ধর্মরাজ্বের সভা এইপ্রকার, এইক্ষণে নিল্নমালা-শালিনী বক্ষণের সভা বর্ণন করিব।

নবম অধ্যায়।

দেবর্ষি নারদ কহিলেন, মহারাজ ৷ দেবশিরী বিশ্ব-কর্মা,বন্ধণের অসীমপ্রভাসম্পন্ন অত্যারত ও শুক্ত প্রাকার-

পরিবেষ্টিত যমসভার নাায় আয়ত এক অপুর্ব্ব সভা স্লিল মধ্যে নির্মাণ করিয়াছিলেন: ঐ সভা ফলপুশোপ-শোভিত রত্ময় রমণীয় বৃক্ষমালায় 'অলক্ষত এবং নীল সিত লোহিত কৃষ্ণ শামলবর্ণ বিতানে ও মল্পরীজালধারী গুলাসকলে সমাচ্চর। তথায় বিপুলকলেবর স্থমধুর স্বর-সংযোগশালী শত সহস্র অনির্দেশ্য বিবিধ বিহুগুগণ ইত-ন্ততঃ বিহার করিভেছে। সেই সভাষ্ট্রী নাতিশীতোঞ ও স্থম্পশ্বিশিষ্ট, বেখাবলী ও আসনসমূহে তাহার মনোহঁর শোভা সঞ্পল্ল করিয়াছে। বরুণদেব দিব্যাছর-ধারী ও দিব্যাভরণবিভূষিত হইয়া সীয় সহধন্মিণী বারুণী-দেবী সমভিব্যাহারে তথার বিরাজ করেন। সেই স্থানে স্থান্ধ চন্দনচর্চিত দিবা মাল্যধাবী আদিত্যগণ, বাস্থকি, তক্ষক, নাগ, ঐরাবত, ক্লফ, লোহিত, প্রভৃত বলশালী পদাচিত্র, কম্বল, ধৃতরাষ্ট্র, অমতর, বলাহক, মণিমান, কুণ্ড-धात, कटकांठेक, धनक्षत्र, व्यागिमान, श्रास्ताम, मुबिक् भा, জনমেল্ড ও অন্যান্য পতাকী ফনাবান মণ্ডলবিশিষ্ট বহুতর সর্পাণ তথায় উপত্তিত হুইয়া ভগ্যান বরুণদেবের উপ-সনা করিয়া থাকেন। আর বিরোচননদন বণী, মহারাজ नत्रक, मःस्लाम, विश्विष्ठित, कालथक्ष मानवगकल, अर्बू, इचां थ, मझ, स्रामा, स्डिंड, घाडोमत, भशाशीर्व, कथन, পিঠর, বিশ্বরূপ, শ্বরূপ, বিরূপ, মহাশিরা দশগ্রীব, বালী, মেঘবাসা, দশাবার, টিট্রিভ, বিটভূত, ইক্রভাপন, সংব্রাদ, निवा क् धनधाती नक्तत्व, वीबालानी कि उम्जा देन जान्त्रन -मकल स्वश्रीतका পরिकार পরিধান-ও দিবামালা ধারণ-পুর্বাক বরুণদেবকে • উপাদনা করিতেছেন ট আর চারি ममुख, ভाগीवथी, कालिको, विक्रिमा, द्वना, द्वनवाहिनी नर्बमा, विभागा, भठक, हस्रकाश, मतश्रकी, हेबावकी, विख्छा, (मयनमी, निष्कृ, शामावती, क्ष्यरवना, महिष्का, कारवती, किन्तुना, विनना।, देवज्यनी, कृठीया, व्यार्थना, মহানদ শোণ, চৰ্মণ্তী, পণাশা, মহানদী সর্যু. বারবভাা, नाकनी, कत्राजायां, आरखशी, महानम तोहिला, नवसी, গোমতী, সন্ধা, তিঃভোতগী ও অন্যান্য প্রথাত নদী, चीर्थ, महावत्र, कृष, विश्रहणांनी अस्ववं, म्हिविणिष्ट তড়াগ ও প্রণ সকল, দশদিক, মহী, মহীধরসমূদয় ও क्रनाइ की वनकन महाका वक्रतांत्र किनामना कतिरंक्ष । গীত বাদ্যাত্মক গন্ধৰ্ম ও অন্সরোগণ স্বতিবাদ দায়া

উাহার উপাসনায় প্রারুত্ত হইরাছে। রত্মসম্পন্ন পর্বাক্ত ও রসসকল স্থমধ্র কথাপ্রসঙ্গে তথায় অধ্যাসীন রহিয়াছে। বরুণমন্ত্রী স্থনাভ, গোনামক পুছর ও পুল্রপৌল্রগণে পরি-বৃত হইয়া ভাঁহার উপাসনা করিতেছেন। হে ধর্মরাজ্ঞ। এই সমস্ত মহায়ারা নিগ্রহ পরিগ্রহপূর্বক বরুণদেবকে উপাসনা করিয়া থাকেন। আমি পর্যাইনপ্রসঙ্গে পুর্বে বরুণসভা দর্শন করিয়া ছিলাম, এক্ষণে কুবেরসভা বর্ণন করিতেছি শ্রণ করুন।

দশম অধ্যায়।

नोतन कहिल्लन, ८१ त्राग्नन् ! धनाधिभि क्रियदित সভা দীৰ্ঘে শত যোজন ও প্ৰত্যে সপ্ততি যোজন বিস্তীৰ্ণ ঐ আবরণশালিনা সভা শশধর ও কৈলাসশিথরের নাায় ্রেতবর্ণ। কুবের বহু দিবস তপস্যা করিয়া ঐ সভা প্রাপ্ত। হুটয়।ছিলেন। গুহাকগণ নিরস্তর উহা বহন করায় বোধ হয় যেন শূন্যমার্গেই অবস্থিতি করিতেছে। মহামূল্য বিৰিধ রত্ন উহার বিচিত্র শোভা বিস্তার করিয়াছে । দিব গল্পে সকলেরই নাসারক চরিতার্থ হইতেছে। উরত हित्रधाम धानारम छेबात এक अश्रुस बी मन्नामिन হুইরাছে। তাদৃশ মনোহারিণী সভা প্রায় দৃষ্টিগোচর হয় না। উহা বিত্যুক্মালার খ্রায় হেমময় অবয়ব দারা বিচিত্র হইরাছে। ঐ সভামধো এমানু মহারাজ কুবের বিচিত্র বদন ভূষণ ধারণপূর্বকৈ সহস্র সহস্র স্ত্রীগণ পরিবৃত হইয়া স্থ্যসদৃশ সমুজ্জল, পরম পৰিজ, বিচিত্র আন্তরণে আনুত ও দিব্য পাদপীঠসংযুক্ত মহামূল্য আসনে উপবিষ্ট থাকেন। মনোহর শীতল স্থীরণ উদার মন্দারবন পরিলোড়ন शूर्कक वह विध अत्रक्ति कमन, करलात, अनका भूती ७ नन्मन বনের গন্ধ বহন করত তাঁহার সেবা করিয়া থাকে। হে মহারাজ! এ সভায় দেবগণ, গন্ধব্ব ও অপ্সরোগণে পরি-বৃত হইরপ্রের তানে গান করিয়া থাকেন। মিপ্রকেশী, त्रञ्चा, शांकि, अ िक्दामना, हाक्रानुका श्वराही, त्रानका, পুঞ্জিকস্থলন করিয়ী, সহজন্যা প্রশ্লোচা, উর্জাণী, ইরা, वर्शा, (में। बरंखश्री, क्छ ही, त्यूना, नर्छ। ও अन्ताना महत्र সহস্র দৃত্য গীতবিশীরদ শব্দর ও অঞ্চরোবর্গ কুবেরের উপাসনা করেন। সেই সভা দিব্য বাদ্য, নৃত্য গীতে ও

গন্ধৰ্কাপ্ৰসমূহে পরিপূৰ্ণ হইয়া কমনীয় শোভায় শোভিত হইয়াছে। মনিভন্ত, ধনদ, খেতভন্ত, গুহাক, কশেরক, গণ্ডকণ্ড, মহাবল প্রান্যোত, কুত্তম্বরু, পিশাচ, গজকর্ণ, विनानक, वताहकर्व, जात्योर्छ, कनकक, करनामक, इश्म-চ্ড. निथावर्ख, ट्यान्य, विखीयन, शुल्यानन, शिक्षनक, (मानिट्यान, श्रवानक, त्रक्कवान्यनित्कछ, घीत्रवाम। ख व्यनाना भेक महत्य यक स्मर्ट म्छात्र व्यक्तामीन इत। छग-বতী কমলালয়া নিয়ত তথায় অবস্থিতি করেন, নলুকুবর তাহাতে উপবিষ্ট হুইয়া থাকে। আমার ও মদ্বিধ অনেক ৰাক্তির কত শত বার তথার অধিষ্ঠান হইরাছে। ত্রন্সর্বি-গণ, দেবর্ষিবর্গ, রাক্ষসসমূহ ও অন্যান্য মহাবল গন্ধব্ব-সমূহ সভামধ্যে ধনেশ্বরের উপাসনা করেন। শূণহন্ত ভগবান ভবনীপতি বিগতক্লমা ভগবতী ভাত্যায়নী সম্ভি-ব্যাহারে বামন, বিকটু, কুজ, লোহিতাক্ষ, মহাবর, মেদ-মাংসাশন শত সহস্র ভৃতপ্রে পরিবৃত হইয়া তথায় বিরাজমান হয়েন। পায়ুর'ন্যায় মহাবেগশালী নানা প্রহ-রণে পরিবৃত হিইয়ামহাবল পুরন্দর সর্বদাস্থা কুবেরের সহাসীন থাকেন। বিশ্বাৰস্থ, হাহা, তহু, তুমুরু, পর্বত, শৈল্য, গীতজ্ঞ, চিত্রদেন ও চিত্ররথপ্রভৃতি গন্ধর্কপতি এবং অন্যান্য গল্পবিগণ ধনেশ্বরের উপাসনা করেন। বিদ্যাধরাধিপতি চক্রবর্মা অফুজগুলের সহিত তাঁহার সরি-হিত থাকিয়া উপাসনা করিয়া থাকেন। শুন্ত, শত কিল্লর এবং ভগদত্তপ্রভৃতি রাক্লারাও তথায় ধনেশ্বরের উপাসনায় লিপ্ত হন। কিম্পুরুষাধিপতি ক্রম, রাক্ষসাধিপতি মহেক্র, शक्तभागन, कुरवरतत लाला विकीयण, यक्त, शक्तर्व, निमाहत সমভিব্যাহারে তাঁহার উপাসনা করেন। হিমালয়, পারি-পাত विका, देकनाम, यन्त्रत, यनव्र, मध्य, परहक्त, शक्तमामन, ইক্রকীল, স্থনাভ, দিবা গিরিষয় এবং মেরুপ্রভৃতি স্থনাান্য অনেক পর্বভগণ ধনাধিপতির উপাসনা করিয়া থাকেন। নন্দীরর ভগবাদ্ মহাকাল, শঙ্কর্পপ্রভৃতি দিব্য সভাগণ, काष्ट्रे, कृतिमूथ, पश्ची, ज्ञाधिका विकास (अञ्चर्ग महावन निनामकाती वृष्ठ अन्याना त्राक्रमण ७ शिभाववर्ग कृत्व-**दित्र छे** भागना करतन । **भूनछनन्त**न कृरवत्र मर्सनाहे ভূতপরিবৃত ভগবান ভবানীপতিকে প্রণিপাত করিয়া আজাহুবভী হইয়া তাঁহার স্মীপে গ্রমন মহাদেব ও কথন কথন তাঁহার প্রতি স্থাভাব অবলম্বন

করিয়া থাকেন। নিধানপ্রধান শৃষ্ট ও পল্প সমুদার রত্ন গ্রহণ করিয়া তাঁহার উপাসনা করেন। হে মহারাজ। আমি মনোহারিণী অস্তরীক্ষগামিনী সেই সভা কতবার নিরীক্ষণ করিয়াছি এক্ষণে ব্রহ্মার সভা বর্ণন করি, শ্রবণ কয়ন।

একাদশ অধ্যায়।

নারদ কহিলেন, হে ধর্মারাজ। একণে পিতামহ ব্রহ্মার সভা বর্ণন করিতেছি, প্রবণ করুন। ঐ সভার छुलना नारे। श्रृक्षकारन मछायूर्ग छग्रवान चाहित्य মর্ত্তালোক দর্শনাথী হইয়া পরমস্থথে ভূলোকে অবতীর্ণ হইয়াছিলেন। তিনি নরকলেবর পরিগ্রহ করিয়া অপরি-শ্রান্তচিত্তে ইতন্তত: সঞ্চরণপূর্বক ব্রহ্মার মানসী সভা অবলোকন করেন। সূভা দুর্শন করিয়া তিনি আমাকে অকপটে কহিলেন, হে নারদ! ত্রন্ধার মানসী সভা অনির্দেশ্য অপ্রমেয় ও সর্বভূতমনোরম। আমি আদিত্য-মথে ত্রহ্মসভার শোভা বর্ণন শ্রবণ করিয়া তৎক্ষণাৎ তদ্দনি একান্ত কুতৃহলাক্রান্ত হইয়া তাঁহাকে কহিলাম. ভগবন ! একণে সর্কা পাপনাশিনী ভভা ব্রহ্মসভা সন্দর্শন করিতে আনার সাতিশয় অভিলাষ হইতেছে, অতএব আমি যেরপ তপদ্যা, ঔষধ, যোগ ও কর্ম্মদারা তাহা দেখিতে পাইব, এমত বলিয়া দেন। দিবাকর এই কথা শুনিয়া বর্ষসহস্রসাধ্য ব্রতের কথা উত্থাপন করিয়া কহি-লেন, হে তপোধন! তুমি একান্তমনে ব্ৰহ্মব্ৰত অমুষ্ঠান

অনন্তর আমি তদীয় আদেশে হিমালয়ের পৃষ্ঠদেশে ঐ
মহাত্রত সাধন করিলাম। তৎপরে তাঁহার সমভিব্যাহারে
ব্রাহ্মসভায় উপনীত হইরা দেখিলাম, দৃষ্টান্ত প্রদর্শনপূর্বক
ঐ অপূর্বে সভা নির্দেশ করা যায় না, ক্ষণে কণে উহা
নালাহ্মপ ধারণ করে, পরিমাণ ও সংস্থানবিষয়ে উহার
কেহই কিছুই অবধারণ করিতে পারেন না। ফলতঃ
আমি ঐরপ অদৃষ্ঠপূর্বে বস্ত কদাচ প্রত্যক্ষ করি নাই। ঐ
সভা অভিশন্ন স্থক্ষনক ও নাতিশীতোক্ষ, তন্মধ্যে প্রবিষ্ট
হইলে লোকের ক্ষ্পোপাসাক্ষনিত ক্লেশ ও গ্লানিচেন্দ্রের, আপ্রান্তঃ দেখিলে প্রভীতি হয়, বেন সভা

নানাবিধ অতিভাশর মণি ছারা নির্মিত হইরাছে। ওছ ৰায়া ঐ শাশ্বতী সভা অবল্যিত নহে তথাচ শ্বস্তান হইতে বিচলিত হইতেছে না। তথায় নানাবিধ দিবা ও অমিত-প্রভ ভাবসমূদম আবিভূতি রহিয়াছে। ব্রাহ্মী সভার প্রভাপুঞ্জ চক্র স্থ্য অগ্নিও বিহাতকে উপহাস করিয়া নভোমগুলে শোভা বিস্তার করিতেছে। তথাগে অন্নিতীয় ভগবান সর্বলোকপিতামহ ব্রহ্মা স্বয়ং দেবমায়া পরিগ্রহ করিয়া অধ্যাসীন হইয়া থাকেন। প্রজাপতিগণ তাঁহার উত্থাসনা করিতেছেন। আর, দক্ষ, গ্রাচেডাঃ, পুলহ, মরীচি, কশ্রপ, ভূঞ, অত্তি,বশিষ্ঠ, গৌতস, অঙ্গিরা, পুলস্ত্য, क्र कु, क्ष्माप, कर्षम, अधर्त, अत्रिता, वानिश्रिना, मतौििप, मन, जरुतीक, विला, वायु, एडज, जल, व्यर्न, क्रथ, वर, গন্ধ, প্রকৃতি, বিকৃতি ও পৃথিবীর অন্যাত্ম কারণসমুদর। মহাতেজা অগন্তা, বীৰ্যাবান মাৰ্কণ্ডেয়, জমদগ্নি, ভরম্বাজ, मचर्ड, ठावन, মহাভাগ হুর্জাদা, পরম ধার্শ্বিক ঋষ্যপৃত্র, ভগবান সনৎকুমার, মহাতপা যোগাচার্যা, অসিত, দৈবল, তৰ্বিৎলৈগিষবা, জিতশক্ৰ ঋষভ, মহাবীগ্য মণি, অষ্টাঙ্গ সম্পন্ন বিগ্রহধারী আয়ু:র্বন, নক্ষত্রগণপরিবৃত্চক্র, সহস্রকর দিবাকৰ বায়ু, ক্রতগণ, সঙ্কল ও প্রাণ এই সমস্ত মহাত্রত পরায়ণ মৃতিনান মহাত্মা ও অন্যান্য বছলংখ্যক ব্যক্তিবর্গ ব্রহার উপাসনা করিতেছেন। ধর্ম, অর্থ, কাম, হর্ম, ষেষ, তপস্যা ও সপ্তবিংশতি অপ্সরোগণ তথায় আগমন করিয়া গাকে। লোকপালবর্গ, ওক্র, বৃহস্পতি, বুধ, অঙ্গারক, শনৈশ্চর, রাছপ্রভিতি গ্রহসমন্ত, মহা, রথস্তর, हित्रमान, तस्मान,नाम, वत्नामात्रक, अभिताक्षमह आदिका-গণ, ম্ফুত্সমুদ্য, বিশ্বক্ষা, বস্বগ্, পিতৃগণ, সমস্ত হবিঃ, अत्थान, मामत्यन, यकुर्व्यान, पश्चित्वत्यन, मर्वाणाख, देखिदान, छे भरतम, (तमाक्रमभूमस, यक्र, त्माय, तम्बर्गन, इराउत्री माविजी, मश्रविध वाणी, त्यथा, भुष्ठि, श्रव्हा, श्रव्हा, वृक्ति, यम, कमा, नाम, खिल्माल, विविध गाथा, त्महनम्मा उर्कयुक्त ভाষ্য: नानाध्यकात नाठेक, निविध श्राकात कावा, वहरिष कथा, ममल आशांत्रिका, ममुख्य कार्तिकां भे ममस्र পাবন ও অক্তান্ত গুরুপুলকগণ তথার অবস্থান করিয়া थाटकम। ऋष, नव, पृष्ट्क, विवा, त्राखि, शक्क, मान, ছয়প্পড়, সম্বংসর, পঞ্যুগ, চভুর্কিধ অংখারাজ, দিব্য মিতা অক্ষম অব্যয় কালচক ও ধর্মচক্র ইইারাও আতিনিয়ত

चानिया थाटकन। निकि, व्यनिकि, नसू, सूत्रमा, विमछा, हेबा, कानिका, नब्रजी, रमवी, नब्रमा, शील्मी, अखा, कक, (मधीषप्र, (मधमाष्ट्रशंव, कजानी, खी, वन्ती, छजा, वर्छी, मूर्खिमछी दमवी शृथिवी, डी, श्वादा, कीर्छ, श्वता, दमवी শচী, পুষ্টি, অকল্পতী, সধৃতি, আশা, নিয়তি, স্টি, দেবী রতি ও অন্যান্য দেবাগণ ভগবান্ ব্রহ্মার উপাসনা করিয়া थारकन । द्वामन धानिना, घष्टे नम्, धकामन कस, উনপ্ঞাশং মকুং ও অधिनीकू मात्र यूशन, विश्वानित अभृत, সাধ্যসার্থ, মনোজব পিতৃগণ, সকলে সভাসীন ব্রুলার खेशामना करत्रम । ८३ शुक्रवर्षछ । ले शिकृत्मा किंगित সপ্তরণ, তক্মধ্যে চতুষ্টয় শরীরধারী ও তায় অশরীরি। স্কলেই রিরাটপ্রভব লোকবিশ্রত ও চতুর্বর্গপুজিত; প্রথম গণের নাম অগ্নিস্বাভা, দ্বিভীয়ের নাম গার্হপত্য, ততীয়ের নাম নাকর, চতুর্থের নাম গোমপ, পঞ্মের নাম এক শৃঙ্গ, ষষ্ঠের নাম চতু কেনে, সপ্তমের নাম ফল। ইহারা প্রথমতঃ আৰীয়িত হইলে সোম পরিতৃপ্ত হয়েন। রাক্ষসগণ, পিশাচ বর্গ, দানবসমুদায়, গুহুকসকল, নাগ-সার্থ, স্থপ্রসূহ ও পশু সমুদ্য পিতামহ ব্রহার আরাধনা করে। স্থাবর জন্মসকল, মধাভূতসমূদয়, দেবেজ পুরন্দর, বরুণ, কুবের, যম ও উমাস্থ মহাদেব তথায় সর্বাদা সমাগত হইয়া থাকেন। মহাসেন, দেব নারায়ণ, দেবর্ষি-वर्ग, वानिथिना अधिगन, त्यानिक ও অযোনিक अधिमकन আর ত্রিভুরনে যে সমস্ত স্থাবর জন্ম দেখিতে পাওয়া যায় ইহানা সকলেই অকার উপাসনা করেন। হে নরা-ধিপ! আমি স্বয়ং তথার উপস্থিত হইয়া এই সমস্ত মচক্ষে প্রতাক্ষ করিয়াছি। অষ্টাশীতি সহস্র উর্দ্ধরেতাঃ श्रीतः, প্রজাবান্ পঞ্চাশং शृद्धि ও অন্যান্ত দেবতাসকলে ব্ৰহ্মাকে মনোগঞা পূরণপূর্বক দর্শন ও প্রাণাম করিয়া च च द्यारन ध्यक्षान कतिया थारकन।

সর্বভূতদয়াবান্ ভগবান্ ব্লমা অভ্যাগত অতিথিগণ,
দেব, দৈত্য, নাগ, দিজ, যক্ষ, স্থপণ কালেয় অক্ষরা ও
গন্ধ সকলেয়ই সমৃচিত অভ্যর্থনা করিয়া পাকেন।
তিনি যথাযোগ্য সমাদর প্রদর্শনপূর্বক সাম্বনাবাদ সমান
ও অর্থপ্রদান দ্বারা তাহাদিগের প্রীতি সম্পাদন করেন।
এই সমস্ত আগতকদিগের সমাগ্রে ও দগড়বাদ্যে সেই
স্থপ্রদ সভা আকুল হইয়া উঠে। স্ক্তেজামনী দিব্যা

বৃদ্ধবিগণসৈবিভা শ্রমাপহারিণী সেই সভা বাক্ষী বী দারা দীপ্রমানা হইয়া অন্তুত শোভা পাইয়া থাকে। হে রাজ্ঞার্দিন । বান্দ তোমার এই সভা মনুষ্যলোকে হল্পভ, ভাদৃশ তিলোকমধ্যে বৃদ্ধসভা হুপ্রাপা। হে ভরতবংশ-শ্রেষ্ঠ । আমি দেবলোকে এই সমন্ত সভা প্রভাক করিযাছি, একণে মনুষ্যলোকে সর্বশ্রেষ্ঠভন ভোমার এই সভা দশন করিলাম।

যুধিষ্ঠির কহিলেন, ছে তপোধন ৷ আপনি কহিলেন, যে প্রায় সনুদর রাজলোক যমসভার অন্তর্গত রহিয়াছেন। বরুণদেবের সভায় নাগগণ দৈত্যেক্তসকল ও অনেকানেক সরিৎ ও সাগর অবস্থিতি করিতেছেন। ধনপতি কুবে-রের সভার শক্ষ, রাক্ষস, গুহুক, গন্ধর্ক ও অপ্রোগণ এবং ভগবান ভবানীপতি বিরাজিত রহিয়াছেন। এক্ষার সভায় মহার্থিগণ ও দেবসমূহ বাস করেন এবং তথায় সর্কা-প্রকার শাস্ত্রও বিদামান রহিয়াছে। ত্রিদশাধিপতি ইন্দ্রে মভা কেবল দেবুগণে অলম্কত এবং তাহার কোন কোন জালেশ গদ্ধর্ম ও মহর্ষিগণ কর্ত্তক পরিষেধিত। মেই মহতী অমরাধিপতি সভায় কেবলএকমাত্র রাজর্যি হরিশ্চজ্ঞ পরম হাপ বাস করিতেছেন। হে মুনিবর ৷ রাজা হরিশ্চজ্র কি প্রাণার তপ্রাণা বা পুণ্য কম্মের অতুটান করিয়।ছিলেন যে, তিনি দেবরাজের সমকক্ষতা প্রাপ্ত্রেইলেন। আর পিড়:ল.কগত মহাভাগপিতা পাণ্ডুর সহিত আপনার किकार भाष्क्रां को ब इहेन, खबर श्राह्मा सम्मार प्राहे মহাপুৰৰ আপনাকে কি কহিলেন, তাহা আমুপুরিক বর্ণন ক্রন। আপনার নিকট সবিস্তর এবণ করিতে আমি একান্ত কৌতৃহলাক্রান্ত হইয়াছি।

তংশাধন দেবর্ধি কহিলেন, মহারাজ ! , বাঁহার বিষয় জানিবার নিমিত্ত এত ঔংস্কা প্রকাশ করিতেছেন, আন্ম আপনার নিকট সেই রাজবি হরিশ্চন্তের মাহাত্মা কীর্তন করি, শ্রাবা ক্রকন।

রাজা হরিশ্চক্র সমাগরা সদীপা বস্তুররার স্মাট ছিলেন, পৃথিবীস্থ সমন্ত মহীপাল তাঁহার শাসনের অমুবর্তী হইয়া চলিতেন ৷ তিনি জয়শীল স্থ্বণালয়ত এক রথে আরোহণ করিয়া অল্লল্পপ্রতাবে স্থা দীপ লয় করিয়া রাজস্ম যজের আরোজন করেন ৷ তাঁহার আক্রা পাইবাষাত্র রাজগণ ভূরি ভূরি ধন আনরন করিলেন,

এवः छाँहाता लाभनित्यत भारति है भारति मियुक्त इहेरलन। সেই যজে সমুপস্থিত বাজকেরা যত অর্থ প্রার্থনা করিলেন, রাজর্বি প্রীতমনে তাঁহাদিগকে প্রার্থিত ধনের পঞ্ গুণ অধিক প্রদান করিলেন। নানা দিগ্রেশ হইতে ত্রাহ্মণগণ সমাগত হরেন। মহারাজ হরিশ্চক্র প্রভাগিমনকালে বিবিধ রত্মসমূহ প্রদানপুর্বক তাঁহাদিগকে পরিতৃপ্ত করিয়া বিদায় করিতেন। বিবিধ ভক্ষ্য, ভোজ্য ও রত্ন-সমূহে পরিতৃপ্ত দ্বিজগণ সম্ভ হইয়া রাজাকে ভূরি ভূরি षानीकीम कदिएक नाशिलन। त्राका रखकरल এवर ব্রাহ্মণগণের আশীর্কাদ প্রভাবে সমস্ত রাজ্যোক অংশকা সমধিক তেজন্বী ও যশনী হইয়া উঠিলেন। গেই প্রবল-প্রতাপ রাজর্বি মহাক্রতু সমাপনাপ্তে সামাজ্যে অভিবিক্ত হইয়া অনিকাচনীয় শোভা পাইতে লাগিলেন। হে নরাধিপ! যে সকল মহীপালেরা রাজসুর যজের অনু-ষ্ঠান করেন, তাঁহারা প্রমাহলাদে ইন্দ্রের সহিত কাল যাপন করিতে পারেন এবং বাঁছোরা যুদ্ধে পলায়ন না করিয়া রণক্ষেত্রে পঞ্চত্ব প্রাপ্ত হয়েন, অথবা অতি কঠোর তপস্তা দারা কলেবর পরিত্যাগ করেন, ভাঁহারাও ইন্দ্র-লোকে গমন করত পরনম্বথে কাল্যাপন করেন। ভাঁছারা इंजिल्लाक डेडीर्न इहेगा अभूक्त बी धार्मभूक्त मीथि পাইতে থাকেন। হে কৌস্তেম। তোমার পিতা পাও রাজা হরিশ্চক্রের লোকাভিশায়িনী শোভা সন্দর্গনে বিশ্বিত হইয়া আমাকে মহুষ্যলোকে আসিতে দেখিয়া व्यगिष्ठिश्रव्यक निर्देशन क्रिलिन, महर्ष् । जार्शन নরলোকে যাইতেছেন যুধিষ্ঠিরকে কহিবেন ভাতৃগণ তাঁহার বণীভূত; এবং তিনি সমুদ্য পৃথিবী জয় করিতে সমর্থ; অভএব ক্রভুশ্রেষ্ঠ রাজস্ম যজের যেন অনুষ্ঠান করেন[']। তিনি যক্ত সম্পন্ন করিলে আমিও রাজা ₹রিশ্চন্তের ন্যায় বহু দিবস অবিচিছ্ন সুথ সভ্তোগ করত ইজের সহিত কাল যাপন করিতে পারিব। অন্তর আমি ভোষার পিতাকে কহিলাম, মহারাজ। বলি আমি ভূলোকে গমন করি, অবশাই তোমার পুত্রকে ঘূদীর প্রার্থনা জানাইব। হে ভরতর্ষত। একণে ভূমি প্রবৃদ্ধা-ভিশন্নসহকারে পিতার সঙ্গাসিজিবিষয়ে তংপর হও। তাহা হইলে পূর্বপুরুষগণ সমভিবাাহারে মহেল্রলোকে গমন করিবে, সন্দেহ নাই। মহারাজ ! রাজস্র প্রধান বক্ত

বলিয়া পরিগণিত, কিন্তু ইহাতে অনেক বিশ্ব উপস্থিত হয়।
যজ্ঞহন্তা ব্রহ্মরাক্ষনের। সভত ইহার ছিদ্রাধ্যেশে তৎপর
থাকে, ইহাতে ক্ষবিধান্তক ও পৃথিবীক্ষমকারণ মৃদ্ধ উপস্থিত
হয়। কলতঃ কোন না কোন অনিষ্টাপতে অনুশাই ঘটিয়া
থাকে, অভএব এই সমন্ত সমাক্ প্র্যাণোচনা করিয়া
যাহাতে ক্ষেম লাভ হয়, তাহার অমুষ্ঠান করন। প্রতিদিন গাবোধানপুর্বক অবহিত হইয়া চাতুক্রণোর রক্ষণাবেক্ষণ করিবেন এবং ধন দ্বারা যোগানুষ্ঠান, আমোদ
প্রয়োগ ও দ্বিদ্বাতিগণকে পরিভূপ্ত করিবেন।

মহারাজ ! যাথী জিজ্ঞাসা করিয়াছিলেন, তৎসমুদার সবিস্তর কীর্ত্তন করিলান; একণে বিশায় হই, অদ্য দাশাই নগরীতে গমন করিব। নারদ পান্তবগণকে এই কথা বলিয়া সমভিব্যাহারী ঋ্বগণে পরিবৃত হইয়া যাতা করিলেন। তিনি প্রেয়ান করিলে পর রাজা ম্বিচির অন্তল-গণের সহিত রাজস্যু যজের পরামর্শ করিতে লাগিলেন।

রাজস্থারন্ত পর্বাধ্যায়।

লোকপালসভাখানে পৰা সমাধান

দ্বাদশ অধ্যায়।

বৈশাপায়ন কঠিলেন, হে ভরতকুলতিলক জনমেজয়!
মহারাজ যুগিন্তির সহর্ষি নরেদেব সেই বাকা প্রবণ করিয়া
নিশাস পরিত্যাগ করিলেন এবং রাজস্থা যজের বিষয়
চিস্তা করত যৎপরোনার বাবালী ইইলেন। তিনি মহাত্মা
রাজর্ষিগণের মহিনা এবং প্রায় কম্ম দ্বারা যজানিগের
উত্তমলোকপ্রাপ্তি, বিশেষতঃ রাজর্ষি হরিশ্চক্রের বিষয়
সমালোচন করিয়া রাজস্থা যজাপ্রভাল করিতে মানস
করিলেন। তথন সেই কুরুবংশার্ষভংস পাজুনন্দন সম্প্র
সভাসদাণকে পূজা করিয়া ও তাঁহাদিগের কত্বক পূলিত
হইয়া বারংবার চিস্তা করত রাজস্থা যজা করিতে দ্ট্নিশ্চয়
হইলেন। তৎপরে সেই অন্ত্রতজ্ঞা ধ্যানন্দন প্রজান
দিপের হিত্যাধ্যে র্মন অভিনিবিত্ত করিয়া অবিশেষে
সর্ব্ধ লোকের উপকরে করিতে লাগিলেন। রাজা জ্ঞোধমদবিবিজ্ঞাত হইয়া সকলের ঝণ পরিশোধ করিতে আক্রা
দিলেন; ফলতঃ তাঁহার রাজামধ্যে কেবল সাধু ধর্মা,

সাধু ধর্ম, ভিন্ন আর কোন কথাই ছিল না। ধর্মাত্মা যুধি-ষ্টির পুত্রের ন্যায় প্রকাগণকে প্রতিপালন করাতে কেহই আর তাঁহার দেটা রহিল না, এইরূপে তিনি অজাতশক্ত হইরা উঠিলেন। মহারাজ যুধিষ্ঠিরের পরিগ্রহ, ভীমসেনের প্রতিপালন, স্বাসাচী অর্জ্জনের শত্রু নিবারণ, ধীমান সহদেবের ধর্মাকুশাসন এবং নকুলের স্বাভাবিকী নম্রভা ছারা উাহাদের অধিকারত সমস্ত জনপদে বিগ্রহ বা खरत्र जन्मके s तहिल नी। नकरलहे च च कार्या नित्र छ थाकिन ; शर्कना यथाकारन वादि वर्षन कदिए जातिन **এবং मकन श्रकातां है धनमन्माखिमन्मीत हरे**न। वार्क्त् वी, যজসত্ব, গোরক্ষণ, কৃষি, বাণিজ্য প্রভৃতি কার্য্য সমুদায়ের यरथे डेजिंड इटेन। अञ्चर्स, निक्स, वाधि, अधिनांग, মৃচ্ছাপ্রভৃতি কিছুই রহিল না। 'দ্বা, বঞ্চ বা রাজবল্লভ-গণ রাজার কোন প্রকার অনিষ্টাচরণ করিত না। ধার্দ্মিক-বর মহারাজ যুধিষ্ঠির যে যে দেশ অধিকার করিয়াছিলেন. তথকির নৃপগণ, বণিক্সমুদায় রজোগুণপ্রধান লোভী লোক এবং সামান্য জাতি, সকলেই সর্বদা রাজার প্রায়-কর্ম, দেবোপাসনা এবং স্ব স্থ প্রদৃষ্টামুসারে ভোগবাসনা চরিতার্থ করিত। সেই সমাট্ সর্বাগুণান্বিত"সর্বাংসহ, সর্ববাপী ও অগীমকীর্ত্তিমান ছিলেন। কি ছিজাতি কি গোপলাতি সমস্ত প্রজারাই সেই ভূপতির পিতৃকর্ত্তবা নীতি শিক্ষা প্রদানাদি ও মাতৃকর্ত্তব্য বাৎসল্যাদি গুণদ্বারা উপকৃত হইয়া তাঁহার প্রতি নিতাত অমুরক্ত হইয়া উঠिन।

মহারাজ যুখিন্টির স্থীয় মদ্রিগণ ও অনুজ্গণকে আহ্বান করিয় বারংবার রাজস্ম যজের কথা জিজাসা করিছে লাগিলেন। তাঁহারা যজানুষ্ঠানেচচুক মহাপ্রাজ্ঞ যুধিন্তিরের সেই মহার্থ রাক্য শ্রবণে প্ররম পরিভুষ্ট হইয়া কহিছে লাগিলেন। হে কুরুনন্দন! নৃপতি যদ্দারা অভিষিক্ত হইয়া বারুণ গুণ প্রাপ্ত হন, তদ্দারা তিনি সমস্ত সম্রাজ্-গুণ প্রাপ্ত হইয়ত পারেন। আমরা আপনার স্বস্তুদ; আমাদের মতে আপনার রাজস্ম যজ্ঞ করিবার সমর সমুপন্থিত হইয়াছে। ক্লিরবল থাকিলেই ঐ যজ্ঞ আনার্মাসে স্প্রশাদ্ধ হয়। এই যজ্ঞে ব্রভারী ব্রাহ্মণাণ সামবিদ স্বান্ধ বি প্রকার আমি সংস্কৃত্র করিবার সমর সমুপ্রিত হইয়াছে। ক্লিরবল থাকিলেই ঐ যজ্ঞ আনান্ধ স্বান্ধ স্বান্ধ হয়। এই যজ্ঞে ব্রভারী ব্রাহ্মণাণ সামবিদ স্বান্ধ বি প্রকার আমি সংস্কৃত্র করেন। এই যজের অনুষ্ঠান করিলে আগ্রিহোত্রপ্রভৃতি সমুদার যজের ফল

লাভ হয় । এই ৰজের শেষে অভিষেক করিলে লোক সর্ব্বেলয়ী হইরা উঠে। হে মহারাজ ! আপনি বজামুঠানে সমর্থ ; আমরা সকলেই আপনার বশীভূত। অভএব আপনি অচিরাৎ ঐ রাজস্র যজের ফল লাভ করিবেন। হে রাজন্ ! এক্ষণে কোন বিচার না করিয়া রাজস্য যজামুঠানে সকল কর্মন।

ধর্মরাজ যুধিষ্ঠির তাঁহাদের মুথে সেই স্বাভিলবিত ধর্মসংযুক্ত বাক্যপ্রবণে পরম পরিতৃষ্ট ছইলেন এবং মনে মনে আপনার ক্ষমতা ব্ঝিয়া রাজ্ত্যামুঠানে নিশ্চয় করিলেন। তথন তিনি পুনরায় ভ্রাতৃগণ, ঋত্বিকগণ, মন্ত্রি-গণ এবং ধৌম্য ও দ্বৈপায়নপ্রভৃতি মহাত্মাদিগের সহিত মঙ্গণা করত কহিলেন, হে মন্ত্রবিশারদগণ! আমি সার্ক-ভৌমোচিত রাজস্র যজ করিতে বাসনা করিয়াছি, বনুম, কিপ্রকারে আমার মনোবাঞ্চা সফল হইবে ? ধর্মরাজের বাক্যপ্রবণ করিয়া ঋষিগণ ও ঋত্বিক্গণ কহিলেন, হে ধর্মজ্ঞ ৷ তুনি রাজক্য যজারুষ্ঠানের উপযুক্ত পাত বলি-য়াই উৎসাহ প্রদান করিলাম। তথন তাঁহার ভ্রাতৃগণ ও মক্তিগণ তাঁহাদিগের বাক্যে অমুমোদন করিলেন। তথন মহাপ্রাজ যুধিষ্টির লোকপণের হিতবাসনায় পুনর্কার চিন্তা করিতে লাগিলেন। যে বাক্তি আপনার দামর্থা, সম্পত্তি, দেশ, কাল, আয় ও বায় ক্রিখিয়া এবং সমাক্ রূপে বিবেচনা করিয়া কার্যা করে, তাঁহাকে বিপদগ্রন্থ হইতে হয় না। মহারাজ যুধিষ্ঠির কেবল আপনার মতে কর্ত্তবা হইল বলিয়া যজারন্ত করা অত্তিত বিবেচনা করিয়া অপ্রমেয় মহাবাছ সর্বলোকোত্ম ক্লফের সহিত পরামর্শ করিতে স্থির করিলেন। তিনি ভাবিলেন, ক্লফ্ড সর্বজ্ঞ ও সর্বাকৃত, তিনি অবশ্যই এ বিষয়ে, আমাকে **मर्श्राममं पिर्दम। धर्माद्रोक मत्म मत्म এইরূপ हिंद्र** করিয়া ক্লফস্মীপে দূত প্রেরণ করিলেন। দূত শীর্ষ্যাম। রথে আরোহণপুর্বক সম্বরে দারাবতী গমন করিয়া বাস্থ-দেবের সমীপে সমুপত্তিত হইল। ভগবান চক্রপাণি দুত-मूर्थ यूथिकिरतत नर्ननाकाष्का अत्रव कतित्र। हेक्टरमनरक मम-ভিব্যাহারে লইয়া যাতা করিলেন এবং ক্রমে ক্রমে নানা-দেশ অতিক্রম করিয়া পরিশেষে ইক্সপ্রস্থে যুধিষ্টিরের নিকট উপস্থিত হইলেন। যুধিষ্টিব তাঁহাকে সমাগত দেথিয়া পরম সমাদরে পিভার ন্যায় তাঁহাকে পূজা

করিলেন। তৎপরে ভীম, অর্জুন ও মাজীনক্ষন-ধর গুরুর
ন্যায় তাঁছাকে অর্জনা করিলেন। ভৎপরে ভগবান্ বাস্ত্দেব স্বীয় পিতৃত্বসা কুন্থীর সহিত সাক্ষাৎ করিয়া অন্যান্য
স্কল্পানের সহিত আমোদ করিতে লাগিলেন।

এই तर्ग छ गयान् कृष् कि कि दर्ग विश्वाम कतिरन পর যুধিষ্ঠির আপনার প্রয়োজন জানাইবার নিমিত তাঁহার সমীপে সমুপন্থিত হইয়া কহিলেন, ছে কুঞ। আমি রাজস্ম যজ করিতে অভিলাষ করিয়াছি। ঐ যজ (कवन देख्यां कतिरनदे मन्भन्न हम, धमल नरह; (यक्राभ উহা সম্পন্ন হয়, তাহা তোমার স্থবিদিত আছে। দেখ, যে ব্যক্তিতে সকলই সম্ভব; যে ব্যক্তি সর্ব্বত্র প্রস্তা এবং যিনি সমুদায় পৃথিবীর ঈশর; সেই ব্যক্তিই রাজস্মানুষ্ঠানের উপযুক্ত পাত্ত। আমার অন্যান্য স্থন্ধাণ আমাকে ঐ যক্ত করিতে পরামর্শ দিয়াছেন, কিন্তু আমি ভোমার পরা-মর্শ না লইয়া উহার অফুষ্ঠান করিতে নিশ্চর করি নাই। হে কৃষ্ণ ! কোন কোন ব্যক্তি বন্ধুতার নিমিত্ত দোষো-प्लायण करतन ना ; क्ट क्ट **यार्थ** भत्र रहेया खित्रवाका কংহন। কেহ বা যাহাতে আপনার হিত হয়, তাহাই প্রির বলিয়া বোধ করেন। হে মহাস্থন্! এই পৃথিবী মধ্যে উক্তপ্রকার লোকই অধিক, স্থতরাং তাহাদের পরা-मर्ग नहेश्रा कान कार्या कत्रा यात्र ना। कृति छेक्त लाय-রহিত ও কাম ক্রোধবিবর্জিত; অতএব আমাকে যথার্থ পরামর্শ প্রদান কর।

ত্রয়োদশ অধ্যার।

শীকৃষ্ণ কহিলেন, হে মহারাজ! তুমি সর্বাণ্ডণে গুণবান, অতএব রাজস্ম যজ করা তোমার পকে অবিধেয়
নহে। তুমি সর্বাণ রাজস্মান্দ্রীনের উপযুক্ত পাত্র, সন্দেহ
নাই। তুমি সর্বাজ, তথাপি তোমাকে কিঞ্চিৎ কৃহিতেছি,
প্রবা কর। পুর্বে অমদ্যিনন্দন পরশুরাম পৃথিবী নিঃক্ষত্রিয়া করেন। তৎপরে বাহারা ক্ষত্রেল জন্মিয়াছেন,
তাহারা ষ্ণার্থ ক্ষত্রিয় নহেন; কিছু ক্ষত্রিয়ের ন্যায়
আচার ব্যবহার করিয়া থাকেন তাহারা একত্র হইয়া যে
কুলনিয়ম সংস্থাপন করিয়াছেন, তাহাও তোমার বিদিত
আছে। হে রাজন্! অনেকানেক ভূপতিগণ ও ক্ষত্রিরাণ

क्रेनदश्म ७ हेक्काकूवश्यमत बुखान्त किशा शास्त्रन । य मकन नद्रशिकाण खेनवराम ७ हेक्नाकू बराम समा खर्ग করিয়াছিলেন, তাঁহাদের হইতে একশত কুল সমুৎপর হয়। তন্মণ্যে ভোজবংশীয় ভূপতি য্যাতির বংশ ভূ-মওলের চতুর্দিকে বিস্তীর্ণ রহিয়াছে। হে রাজন্ । যাবভীয় ক্ষতিয়গণ স্বাস্থাবংশলন্ত্রী অধিকার করিয়া আসিতেছেন। একণে মহীপতি জ্বাস্ত্র সীয় বাছবলে সমস্ত ভূপতি-গণকে পরাজয় করিয়া অবশে আনয়নপৃক্রক ভাঁছাদের কর্ত্ত সৈবিত হইরা অথও ভূমওলে একাধিপতা সং-দ্বাপন করিয়াছেন। হে মহারাজ। যে রাজা সকলের প্রভু এবং সমস্ত জগং ঘাঁহার হস্তগত; নিয়মাত্সারে তিনিই সামালা প্রাপ্ত হলেন। প্রতাপশালী শিওপাল, মহীপতি জরাসদ্ধের আশ্র লইয়া তাঁহার সেনাপতি হুইয়াছেন। মায়াযোধী বীৰ্যাবান করুষাধিপতি বক্ত শিষ্যের ন্যায় তাঁহাকে সেবা করিতেছেন। মহাবলগরী-ক্রান্ত হংগ ও ডিম্কক তাঁহার আত্রর গ্রহণ করিয়াছেন। দম্বক্র, করুষ, করভ ও খেবেবাছন তাঁহার বশীভূত হুই-য়াছেন। ফিনি মন্তকে দিব্য মণি ধারণ করেন, যিনি মুক্ত ও নরকদেশ শাসন করেন, যিনি বক্ষণের রুগায় পশ্চিম দেশে বন্ধনুল হটয়াছেন, ভোমার পিতৃবন্ধু মহাবল পরাক্রান্ত যবনাধিপতি বৃদ্ধ ভগদত্ত সভভ তাঁহার প্রিয় কার্য্য করিয়া থাকেন। যিনি ভোমার প্রতি অতি শয় স্নেহ্বান্, বিনি পিতার ন্যান্ন তোমাকে ভক্তি করেন, বিনি পশ্চিম ভাগের ও দক্ষিণ সীমার অধিপতি এবং যিনি স্থেষ্ট্রপতঃ ভৌমার নিকট সভত সর্রত থাকেন, সেই পুরুজিৎ, কুন্ধিবংশবর্জন, শত্রুনিস্দন, তোমার माजून (मह अवामत्कत अक्षण । दे इताचा दुर्हित्स স্থািখ্যাত, যে আপনাকে পুরুষোত্তম বলিয়া স্বীকার करत, (य गाहर्गणः नर्सना आभात हिंदू शांत्रण कतिया থাকে, যে বঙ্গ, পুঞু ও কিরার্তদেশের অধিপতি এবং रिष भूमश्राम वाञ्चलव विनिष्ठा विशाख, त्रिष्टे महावन श्री-ক্রাম্ব পৌণ্ড ক একবে উছোর আত্রর গ্রহণ করিয়াছে। যিনি পৃথিবীর চতুর্থাংশ ভোগ করিতেছেন, ভোজ ও দেৰ-द्रोक देख याँहाद नथा, यिनि शास, 'क्रथ ६ किनिकश्मध জন্ম করিয়াছেন,পরগুরামভূণ্য তে**জন্মী অক্**তি **বাঁহার ভ্রাতা**, সেই বিদ্যাবলসম্পন্ন,শক্রনিস্দন ভীমকও তাঁহার বলবর্তী

চইয়াছেন। ভীমক আমানের আত্মীয়, আমরা সর্বান জাঁছার खिशाक्र्षांन कति **এবং विनौ**ठ छाट्य अञ्चल थाकि किस তিনি তথাপি আমাদের বশীভত হয়েন না। তিনি জরা-गरमत कीर्जिल्यवरण विमुद्ध इहेगा कि कुलाजिमान कि বলাভিমান সমুদায়ে জণাঞ্জলি প্রদানপূর্ব্বক তাঁচার শরণা-পল হইমাছেন। উত্তরদেশনিবাসী রাজগণ ও অপ্তাদশ ভোজকল স্বাস্থ্রের ভবে পশ্চিম দিকে পলায়ন করিয়া-(इन। भृतरमन, छप्रकात, (वाध, भाख, भरेछत्र, सूर्यन, स्कृष्ठे, कृतिक, कृष्ठि, भागायनवरभौत नृপতিগণ, पकिन পাঞালস্থ ভূপতিগণ এবং পূর্বকোশলানিবাসী রাজগণ সোদর ও অহুচরগণ সমভিব্যাহারে পশ্চিন্দিকে প্লায়ন করিয়াছেন। মংখ্য এবং সন্ধান্তপাদদেশীয় নরপতিগণও সাতিশয় ভাঁত ২ইয়া উত্তর দিক পরিত্যাগপুরুক দুগিণ দিকে গমন করিয়াছেন। যাবতীয় পাঞালদেশীর মহী-প্রিগণ স্ব রাজ্য পরিত্যাগপুর্বক ইতন্ততঃ প্রায়ন ক্রিয়াছেন :

कियरकाल अधीष्ठ इहेन, क्षानवताक करम यामवर्गणतक পরভেত করিয়া সহদেবা ও অহজা নামে বার্চুজ্রবের ছই ক্ন্যাকে বিবাহ করিয়াছিল। ঐ গুরাত্মা স্বীয় বাছবলে জ্ঞাতিবৰ্গকে প্রাত্য ক্রত স্ক্রাপেক্ষা প্রধান হইয়া উঠিল। ভোজবংশীয় বৃদ্ধ ক্ষত্রিয়গণ মৃত্মতি কংসের 'দৌরাম্মে সাভিশয় ব্যথিত হইয়া জ্ঞাতিগণকে পরিত্যাগ করিবার নিমিত্ত আমাত্তে অনুরোধ করিলেন। আমি उৎकारन चळात्रक धाइककन्या श्रान कत्रिया छाउि-বর্গের হিত্রশাধনার্থে বলভন্ত সমভিব্যাহারে কংস ও ্রনামাকে সংহার করিলান। ভাহাতে কংস-ভয় নিবা-রিত হইলু বটে, কিন্তু দিন পরেই জরাসন্ধ প্রবশ-পরাক্রাও ২ইয় উঠিল। তথন আনরা জ্ঞাতিব্দুগণের সহিত এক অ ১ইরা প্রামণ করিলাম যে, যদি **আমরা** শক্তনাশক মহাত্রদারা তিন শত বংগর অবিখানে জরা-সঙ্কের সৈনা ব্রু করি, তথাপি নিঃশেষিত করিতে পারিব না। দেবতুলা তেজৰী মহাবলপর।জ্বেছ হংস ও ডিন্তক-নামক ছই বীর তাঁহার অমুগত আছে; উহারা অত্রা-খতে ক্লাচ নিহত হইবে না, আমার নিশ্চয় বোধ হই-তেছে, এ ছুই বীর এবং জরাসন্ধ এই তিন জন একতা ষ্ট্লে এিভূবন বিজয় করিতে পারে। তে ধর্মরাজ। এই পরামর্শ কেবল আমাদের অভিমত হইল এমত নহে; অন্যান্য ভূপতিগণও উহাতে অনুমোদন করিবেন।

হংস নামে স্থবিখাত এক নরপতি ছিলেন। বলদেব তাঁহাকে সংগ্রামে সংহার করেন। ডিস্তক লোকমুখে হংস নরিয়াছে, এই কথা প্রবণ করিয়া নামসাদৃশাপ্রযুক্ত তাহার সহচর হংস নিধন প্রাপ্ত হইয়াছে বলিয়া ছির করিল। পরে হংস বিনা আমার জীবন ধারণে প্রয়োজন নাই, এই বিবেচনা করত যন্নাম নিময় হইয়া প্রাণভ্যাগ করিল। এদিকে তৎসহচর হংসও পরম প্রণয়াম্পাদ ডিস্তককে আপন মিথ্যা মৃত্যুসংবাদ প্রবণে প্রাণভ্যাগ করিছে প্রবণ করিয়া যংপরোনান্তি হৃঃথিত হইয়া যমুনাজলে আম্মমর্পণ করিল। জরাসন্ধ এই বীর পুরুষের নিধনবার্তা প্রবণে বংপরোনান্তি হৃঃথিত ও শ্নামনা হইয়া স্বনগরে প্রভান করিলেন। জরাসন্ধ বিমনা ১ইয়া স্বপ্রে গমন করিলে পর আম্রা পরমাহলাদে মথ্রায় বাস করিতে লাগিলাম।

কিয়দিনান্তর পতিবিয়োগছংখিনী জরাসক্ষনলিনী স্বীয় পিতার স্মীপে আগ্রনপূর্বক আমার পতিহন্তাকে সংখার কর বলিয়া, বারংবার উাহাকে অনুরোধ করিতে লাগিলেন। আমরা পূর্বেই জ্রাস্থ্রের ব্লবিক্রমের বিষয় স্থির করিয়াছিলান,এফণে তাহা স্থারণ কাছ সাতি-শর উৎক্রিত হইলাম। তথন আমরা আমাদের বিপুল ধনসম্পত্তি বিভাগ করন্ত সকলে কিছু কিছু লইয়া প্রস্থান করিব, এই স্থির করিয়া স্বস্থান পরিত্যাগপুর্বাক পশ্চিম দিকে পলাহন কবিলাম। ঐ পশ্চিম দেশে রৈবভোপ-শোভিত পরম রমণীয় কুশস্থলীনামী পুরীতে বাস করি-তেছি। তথার এরূপ হুর্গদংস্কার করিয়ীছি হেঁ, সেথানে থাকিমা বৃষ্ণিবংশীয় মহারণগণের কণা দূরে থাকুতু, স্ত্রীলোকেরাও অনায়াসে যুদ্ধ করিতে পারে। হে রাজন। এইকণে আমরা অকুতোভয়ে ঐ নগরীমধ্যে বাস করি-তেছি। মাধবগণ সমন্ত মগধদেশবাপী সেই সর্বশ্রেষ্ঠ রৈবতক প্রত দেখিয়া প্রমাহলাদিত হইলেন। ছে কুককুল-প্রদীপ ! আমরা সামর্থাযুক্ত হইরাও জরাসদ্ধের উপদ্রবভয়ে পর্বত আশ্রম করিয়াছি। ঐ পর্বত দৈর্ঘো তিন যোজন, প্রাস্থে এক যোজনেরও অধিক এবং এক-বিংশতিশুলযুক। উহাতে এক এক যোজনের পর শত

শত বার এবং অত্যুৎকৃত্ত উন্নত তোরণসকল আছে।
বৃদ্ধপূর্ণ মহাবল পরাক্রান্ত ক্রিরগণ উহাতে সর্কাণ
বাস করিতেছেন। হে রাজন্! আমাদের কুলে অইদেশ
সহজ্র প্রাতা আছে। আহকের এক শত পুত্র তাঁহারা
সকলেই অমরতুলা চারুদেন্ড ও তাহার প্রাতা, চক্রদের,
সাত্যকি, আমি, বলভদ্র, যুদ্ধবিশারদ সাম্ব, আমরা এই
সাত জন রথী, ক্রতক্রা, অনাধৃতি, সমীক, সমিতিজ্ঞা,
কক্ষ, শত্বু ও কুত্রী এই সাতজন মহারথ এবং অন্ধকভোলের ত্ই বৃদ্ধ পুত্র ও রাজা এই মহাবলপরাক্রান্ত
দৃঢ় কলেবর দশ জন মহাবার ইইারা সকলেই জ্রাসন্ধাধিক্রত মধ্যম দেশ শ্রেণ করিয়া যত্বংশীয়দিগের সহিত
মিলিত হইয়াছেন।

হে ভরতসভ্তমণ তুমি সমাট্ডুলা গুণশালী, অতএব তোমার সমাট হওয়া নিতান্ত আবশ্যক; কিন্তু আমার নিশ্চয় বোধ হইতেছে, জ্গাস্ত্র জীবিত থাকিতে ভূমি कथनहैं ताजरुताब्छात्न कुछ शार्ता स्टेट शातित्व ना। तम বাছবলে সমস্ত ভূপতিগণকে পরাজয় করিয়া সিংহ যেমন পর্বভকলরমধ্যে করিগণকে বদ্ধ রাথে, সেইরূপ তাঁহা-দিগকে গিরিহুর্গে বন্ধ করিয়া রাখিয়াছে। ঐ হুরাত্মারাজ-স্থা যজার্থ প্রতিজ্ঞা করিয়া কঠোর তপোঞ্চান দ্বারা **(मर्वामित्मव महास्मिव्सक व्यागन करित्राधिन। পরে সমস্ত** ভূপতিগণকে পরাজয় করিয়া আপনার প্রতিজ্ঞা পরিপূর্ণ ক্রিল। সে ক্রাম ক্রমে সমস্ভূপালগণকে পরাজয় করত আপনার পুরে আনয়নপুর্বাক বদ্ধ করিয়া রাখি-য়াছে। আমরা জ্রাসদ্ধের ভয়ে ভীত হইয়া মথুরা পরি-ত্যাগপুর্বাক ধারাবতী নগরীতে পলায়ন করিয়াছি। হে মহারাজ !'যদি • তোমার রাজস্ম যত করিবার মানস থাকে, তবে অত্যে জরাসন্ধ কর্তৃক বদ্ধ ভূপাল্পণের মোচন ও ছুরাআ: জ্বাসন্ধের বধের নিমিত অত্নক্ষর ; নচেৎ ভূমি কোন জ্মেই রাজ্যুর স্থাম্পর করিতে পারিবে না। হে কুরুনকন ! আমার এই মত, একণে তুমি আপনি বিবে-চনা করিয়া যাহা উচিত হয় বল।

চতুর্দিশ অধ্যায়। 🔭 💓

যুধিটির কহিলেন, হে ধীমন্ । তুমি আমাকে যেরপ পরামর্শ দিলে অন্য কেছই এরপ পারে না; ভোমার

नााय मः भवराष्ट्रमक कृष्टान आद (कहरे नाहे। अरे ভূমগুলের মধ্যে অনেকানেক রাজা আছেন; তাঁহারা क्विय जाननात्मत श्रियकार्या के कियो शास्त्र । छाहात्र। কেহই সাম্রাজ্য প্রাপ্ত হরেন নাই; সম্রাট্ শক্ষ অভিকটে প্রাপ্ত ছওরা যায়। যে বাক্তি পরের মর্যাদা জানে, সে কথন আত্মপ্রশংসা করে না। যেছেতু অন্যে যাঁছার প্রশংসা করে, তিনিই যথার্থ পূজাণ পৃথী অতি বিস্তৃত ও নানাবিধ মহারত্বে পরিপূর্ণ। হে বৃফিবংশাবতংস। লোকে অভিজ্ঞতা ওতিরেকে কথনই শ্রেরোলাভ করিতে পाরে না। আমার মতে সমভাই সর্বাপেকা উৎকৃত্ত, উত্থা অবলম্বন করিলেই মঙ্গলাভি হয় যুদ্দাদি দারা কোন ক্রমেই छे ९ कृष्टे कलनां छ कतिएक. शादत ना । आभारमंत्र कुरन সম্ৎপন এই সমস্ত মনবিগণেরও এই মত, বোধ হয় ইহাদের মধ্যে কেহই সর্কজ্যী হইতে পারে ন।। হে মহাভাগ ! জরাসন্ধের দৌরাত্মা দশনে সাতিশয় শ্লিত হটয়াছি, কারণ আমি তোমারই বাছবল আশ্রয় করিয়া আছি, যথন ডুমিই সেই জ্রাসন্কে ভয় কর, তথন আনি কি করিয়া আপনাকে বলবান্ আনে করিব। তুনি বলভদ্র, ভীমদেন ও অর্জুন এই চারি জনের মধ্যে কোন ব্যক্তি কাছাকে বিনষ্ট করিতে পারেন কি না, আমি পুনঃ পুনঃ এই চিম্বাই করিতেছি; একণে তোমার যাহা ইচ্ছা, আমি তোমার মতামুদারেই সমস্ত কার্যা করিয়া থাকি।

যুবিষ্ঠিরের বাক্য শ্রবণানস্তর তীনসেন কহিলেন, যে রাজা যুদ্দচেষ্টাপরামুখ এবং যে হুবল ও উপান্ধুনা হইয়া বলীর সহিত যুদ্ধ করিতে বায়, ইহারা উভয়েই অবসর হয়। যে বাক্তি ছবল কিন্তু জিলান্ত্র্পুনা, সে সমাক্ যুদ্ধাদি প্রয়োগ দ্বারা বলবান্ শক্রছে জয় করিতে পারে, এবং নীতি দ্বারা আপনার হিতকর অর্থ লাভ করে। দেখ! ক্রম্থে নীতি, আমাতে বল এবং অর্জুনে জয় নির্দ্ধারিত আছে, অতএব যেনন ত্রেতালি যজ্ঞ সাধন করে, সেইরূপ আয়রা তিন জনে একত হটয়া জরাসদ্ধের বধ সাধন করিব।

শ্রীকৃষ্ণ কহিলেন, হে মুধিটির! অজ্ঞ ব্যক্তিরা পরি-পাম বিবেচনা না করিয়া কাফারত্ত করে, এই নিমিত্ত লোকে স্বার্থসাধনতৎপর, অবিজ্ঞ শত্তকে নিবারণ করে

না। পুর্বে মহারাজ যৌৰনাখি কর পরিত্যাগ, ভগীরণ প্রজাপালন, কার্ত্তবীর্ঘ্য তপোবল, ভরত বাছবল ও মরুৎ কর্থবল দারা সমাট হইয়াছিলেন। দেখ ইইারা এক এক গুণ থাকাতে সাম্রাজ্য লাভ ক্রিয়া গিয়াছেন, কিন্তু এক তোমাতে সেই সম্ভ তৰ আছে। হে রাজন ! সভাযুগে পুর্বোক্ত ঐ সমস্ত ভূপতিগণ স্থাধ্য মন্ত্রে অনুষ্ঠান ৰারা ধর্ম, মর্থ ও নীতির সহিত সামাজ্য লাভ করিয়াছেন। একণে বৃহদ্রণপুত্র জরাসন্ধ সম্রাট্ হইয়াছে। ভূপতিগণের এক শত কুল তাহার কোন বিশ্ব কলিতে পারে না. এই নিনিত্ত সে বলপুর্বক সাম্রাজ্য অধিকার করিতেছে। রত্নশালী ভূপতিগণ সভত তাহার উপাসনা করেন, কিন্তু সেই নীতিবিক্ষাচারী অজ নুপাপসদ তাহাতেও পরিতৃষ্ট হয় নাই। সে নুর্দ্ধাভিষিক্ত ভূপতিগণকে বলপুর্বাক আয়ত্ত করিতেছে; উাহারাও অফ্লে তাহার বণীভূত হইতে-ছের। হে ধর্মাত্মন ! তুমি নিতাত হর্পল হইয়া কিপ্রকারে তাহার সহিত সংগ্রাম করিবে ? কিন্তু হে ভরতকুল-প্রদীপ ! বলি প্রদানার্থে সমানীত ভুপতিগণ প্রোক্ষিত ও প্রমুষ্ট হইরা পশুদিগের ভার পশুপত্রি গৃহে বাস করত অতি কটে জীবন ধারণ করিতেছেন। ছুরাল্মা জরাসদ্ধ তাঁহাদিগকে অচিরাৎ ছেদন করিবে, এই নিমিডই আমি তাহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইতে উপদেশ দিতেছি। ঐ চবাস্থা বড়শীভি জন ভূপভিকে আনম্বন করিয়াছে,কেবল চতৃদিল জনের অপ্রতুল আছে; ঐ চতুদিশ জন আনীত हरेलरे के नृशाधम केंद्रालंब मकनाक अककारन मःहात कतित्व। (इ. धर्माञ्चन्! धक्रांश (य दाक्ति इताचा जता-সঙ্কের ঐ ক্রুরকর্মে বিদ্ন উৎপাদন করিতে পারিবেন, তাঁহার যশোরাশি ভূমুক্তৰ দেদীপামান হইবে এবং যিনি উহাকে জয় করিতে পারিবেন, তিনি নিশ্চয়ই সাম্রাজ্য नाक कतिरवन।

श्क्षमभ अभाषा।

যুধিটির কহিলেন, হে কৃষ্ণ ! আমি সাম্রাজ্য লাভ করিবার আশায়ে কেবল সাহসমাত্র অবলম্বনপূর্বক নিডাও স্থার্থপরায়ণের স্থায় কি করিয়া ভোমাদিগকে ভথার প্রেরণ করি। দেখ ! ভীম ও অর্জুন আমার হই চক্ষ্মরপ এবং তুমি মনস্বরূপ, অতএব আমি তোমাদের তিনু জনকে তথায় প্রেরণ করত মনোহীন ও চক্ষ্বিহীন হইরা কিরপে জীবন ধারণ করিব। বিশেষতঃ জরাসদ্ধের মহাবল পরাক্রান্ত হুর্জের সৈন্যগণকে সংগ্রামে যমও পরা-জর করিতে পারেন না; তোমরা যুদ্ধ করিরা তাহাদের কি করিতে পারিবে? হে জনার্দন! বখন স্পষ্টই বোধ হইতেছে যে,একার্য্যে হতকেপ করিলে জনর্থপাত হইবে, তখন আমার মতে এ বিষয়ে প্রেরত হওরা অফুচিত। এক্ষণে আমি যাহা বিবেচনা করিরাছি,শ্রবণ কর। রাজস্র যজাত্র্যানের অভিলাষ একবারে পরিত্যাগ করাই শ্রেরঃ; রাজস্ব সম্পন্ন করা নিতান্ত হুছর বোধ হইতেছে।

বৈশম্পায়ন কহিলেন, অর্জুন পূর্ব্বে উৎকৃষ্ট ধনুঃ, অক্ষ তৃণীরদ্বয়, রথ ও ধ্বন্ধ প্রাও হইয়াছিলেন। তিনি সভামধ্যে গমন করত যুধিষ্টিরকে কহিতে লাগিলেন, ছে त्राञ्जन् । ध्यू:,भञ्ज,भत्र,वीर्या, जनका,कार्यानिभ्वत, यभ ७ दल এই সকল অতি ছপ্রাণ্য, কিন্তু আমি এই সমস্ত প্রাপ্ত হইয়াছি। বিশ্বান ব্যক্তিরা প্রসিদ্ধবংশলাত লোকদিগকে প্রশংসা করিয়া থাকেন, কিন্তু আমার মতে যে ব্যক্তি ৰলবান ও উংসাহশীল, তিনিই যথার্থ প্রশংসাপাত। (नथ । वीरावान्तिरात्र कूर्ण नमूर्भन क्स्न वाकि किक्र्रे করিতে পারে না কিন্ত নির্বাগ্যকুলোভব বার্যাবীন্থ্যজি সম্ভ্ৰমাম্পদ হয়। যে শত্ৰুজন বানা বৰ্দ্ধিত হয়, সেই যথাৰ্থ ক্ষতিয়। বীৰ্যাবান ব্যক্তি অক্সান্ত সমন্ত তুণ বিৰক্ষিত হইলেও শত্রু জয় করিতে পারেন। নিক্রীয়া বাক্তি সর্বপ্রণ-সম্পন্ন চইলেও তদ্ধারা কোন কার্যাই সম্পন্ন হয় না। পরাক্রমশালী ব্যক্তিতে সমস্ত ঋণ ঋণীভূত হইয়া থাকে। অভিনিবেশ জয়ের হেতু, উহা কর্মা ও দৈব এই উভরের আরত। যে ব্যক্তি বলসংযুক্ত হইয়াও অনবধানতা-वगठः कार्याकारन छेनात्रीना व्यवनयन करत, रत्र तरेत्रता শক कर्जक भवाकि इब, मत्मक नारे। वनविधीन विशक्त राज्य विश्व कर्म कर्म द्वति (पार्यावह, বলবান শক্রর নিকট অনবহিত হওয়াও তজ্প। অতথব य त्राका क्यां जिनायी, डाहारक व्यवधरे डेकं गाःचाक्रिक হেতুহয় পরিত্যাগ করিতে হইবে। দেখুন! যদি আমর। यस कतिवात छेलनक जतामसदक विनाम ও जनाना ভপতিগণকে রক্ষা করি, তাহা হইলে ভদপেকা আর কি

উৎকৃষ্ট কর্ম হইতে পারে। বুদাদিচেটারহিত ব্যক্তিকে লোকে নিগুল জ্ঞান করে, তবে আপনি কি নিমিত গুণপক্ষ অবলয়ন না করিয়া নিগুল হইবার বাসনা করিতেছেন ? লোকে যাহাকে নিগুল বলিয়া বোধ করে, তাহার
শম গুণ অবলয়ন ও কাষায় বসন পরিধানপূর্বাক বনে
গমন করা শ্রেয়ঃ; অতএব আনরা তাহা না করিয়া
সাম্রাজ্যলাভের নিমিত্ত শক্রগণের সহিত সংগ্রাম করিব।

ষোড়শ অধ্যায়।

🌯 **ক্লফ কহিলেন, ভরতবংশে জাত** ও কু**থী**র গর্ন্তে সভূত বাজির যেরপ বৃদ্ধি হওয়া উচিত, মহাত্তব অৰ্জনে তাহা স্থাপষ্ট লক্ষিত হইতেছে। যথন মৃত্যু, দিবা-ভাগে कि तकनी रवारण इटेरव, छाहात छित नाहे अवर কোন ব্যক্তি যুদ্ধ না করাতে অমর হইখালে ইহাও কখন ত্তনি নাই; অতএব বিধানামুসারে নী ি পূর্বাক স্ক্রপক আক্রমণ করিয়া পরিতোষ লাভ করাই প্রথবের কার্য্য। যে ব্যক্তি নয়শালী ও অপায়রহিত, শক্রকে স্মাক্রমণ করা তাহার কর্ত্তব্য ; যুদ্ধে একের উৎকর্ষ ও অনোর অপকর্ষ व्यवभारे इंग्र, इटे करनत नामा, कनाठ इंग्र ना। जात (य ব্যক্তি নম্বীন ও উপায়বিহীন ; সংগ্রামে অবশাই ভাষার ক্ষা হয়। কিছা উভয় পকা সমপ্রাক্রমণালী হুটলে কাহারও জয়লাভের সম্ভাবনা নাই। তংগত্র আম্রা नीिक्यार्भाष्ट्रमादत श्रीय तक व्यावंद्रगश्चिक शक्तक तत्क আক্রমণ করিলে কিনিমিত্ত জয়লাভে কুড়ভায়া না হুটবং বুদ্ধিমান নীতিজ্ঞেরা কছেন যে, যে শত্রু বহু বৈন্যের অধীশর এবং বশ্বান, তাহার সহিত যুদ্ধ করা অনুচিত ; ইহা আমার অভিপ্রেত। আমর্। গোপনে শক্রগৃহে প্রবেশপুর্বাক তাহাকে আক্রমণ করত আপনাদের কার্যা সাধন করি। ছুরাত্মা জরাসদ্ধ করিলেকা শ্রেষ্ঠ হইয়া একাকী রাজ্যলন্ত্রী ভোগ করিটেছে; আর্মি তাহাকে निधन कतिए नेक्स कतियाहि # यमिश व्यावता (मर्टे इता-স্থাকে যুদ্ধে সংহার ক্ষরিয়া ভাহার অন্যান্য স্বপক্ষণ कर्क निरु रहे, छार्र रहेल ७९कर्क काताशास व्यवक्रक काण्मित्र शतिकांगनिवक्रन वर्ग नाक कतिएक পারিব।

যুধিষ্টির কছিলেন, হে ক্ষণ ! জরাসন্ধ কে ? তাহার বীগ্য ও পরাক্রম কিপ্রকার ? যে হ্রান্ধা তোমার জনি-ইাচরণ করিরাও প্রজালত হতাশনস্পূর্নী পতকের ন্যার বিনষ্ট হয় নাই।

শ্ৰীকৃষ্ণ কহিলেন, হে বাঁজন্ ৷ জরাসন্ধের যেরূপ বীর্য্য ও পরাক্রম এবং যে নিমিত্ত সে অনেকবার আমার বিপ্রিয়াচরণ করিলেও ভাষাকে উপেক্ষা করিয়াছি, তৎ-সমুদার প্রদণ কর। পূর্বে তিন অক্ষেহিণীর অধীখর, সমর। পিতি, স্বপর্বান, ধনসম্পার, অতুল বলবিক্রমশালী, নিত্যদীকিত, পুরন্ত্রসদৃশ, বৃহত্তপনামা ভূপতি মগধদেশে আধিপত্য করিতেন। ঐ ভূপাল তেজে সুর্যোর ন্যার, ক্ষমায় পৃথিবীর ন্যায়, ক্রোণে কালাস্তক যমের ন্যায় ও ঐশর্যো কুবেরের ন্যায় ছিলেন, ইহার গুণপ্রান ক্র্যা-কিরণের ন্যায় মহীমগুলে ব্যাপ্ত হইয়াছিল। ঐ মহাবল পরাকৃত্তে ভূপতি কাশিরাজের ছুই পরম রূপবভী যমজ-কন্যার প্রাণিগ্রহণ করেন। রাজা আমি তোমাদের উভ-বের প্রতি সমান অত্বক্ত পাকিব বলিয়া, সেই পদ্মীধ্যের নিকট নিয়ম করিলেন। উপতি সেই আত্মানুরপ প্রণ-शिनीक्षरप्रत नेपावली एटेशा करत्रवृत्त समधावली कतितारमञ् ना। य এবং গঙ্গা ও यमूनात मधावछी मृर्किमान नागरतत নায় শোভা পাইতে লাগিলেন। তিনি বিষয়রসে নিমগ্ন হট্য়া গৌৰনকাল অভিবাহিত করিলেন; কিন্তু বংশকর পুলের মুখাবলোকন করিতে পারি-লেন না। পুত্ৰকামনায় হোম যজপ্ৰভৃতি ওছবিধ मन्नवर्त्यत अधूक्षान कतित्वन, किन्छ विद्रूष्टिहे शूख नाफ कहेन गा।

তিনি একদা প্রবণ করিলেন্ত্র, মহাত্মা কাকীবান্ গৌতমের পুত্র উদারস্থভাব ভগবান্ চতকৌশিক তপ-দ্যার পরিপ্রাপ্ত হইয়া যদ্চ্ছাক্রমে আগমন করত এক বৃক্ষ-মূলে অবস্থিতি করিতেছেন্। তথন গঞ্জীবর দমভি-ব্যাহারে তাঁহার দ্সীপে দম্পস্থিত হইয়া নিবিধ রক্তশান দ্বারা তাঁহাকে পরিত্ত্ত করিলেন। দত্যগুতি, সভ্যবাক্ প্রস্তম চওকৌশিক তাঁহার ভক্তিভাবে বশাভূত ক্রয়া কহিলেন, হে রাজেক্ত ! আমি ভোমার আছা দর্শনে পরম পরিত্ত হইয়াছি এক্ষণে বর প্রার্থনা করে। তথম মহারাজ বৃহত্তথ ভার্যাবর সমভিব্যাহারে মহর্মিকে প্রশাম कतिया यात्राक्ताकारम शकान्यहरम कहिरतन. ८३ महा-ত্মন ! আমি নিঃসন্তান, নিতাত হতভাগ্য, রাজ্য পরি-छ।। गश्रक्षक छ । लाद्रात आगमन कतिमाहि। धथन आत আমার বর লইবার আবেশাকতা কি।

মহর্ষি, রাজা বৃহত্তথের সেইরূপ কাতরোক্তি শ্রবণে चयुक्रणाभववम हहेग्रा त्रहे चाञ्चलल छेशवनमाशृक्तक ধ্যান করিতে লাগিলেন। ঐ সময়ে অক্ষত এক সরস আন্ত্রফল রুক্ষ হইতে অককাৎ জাহার জোওঁদেশে পতিত হইল। মহর্দ্বি পুজোৎগত্তির নিমিতভৃত সেই পর্নারম-गीय आसक्तां धर्मशृद्धक कियरकर्ग मत्न मत्न वित्तिहमा क्रिया ताकारक थानान क्रितिनन এवः क्रितिनन, महा-রাজ। তুমি অভধনে গমন কর, তোমার মনোরথ পূর্ণ হইয়াছে; অচিরাৎ পুত্রমুধ অবলোকন করিবে।

রাজা মুহত্রপ মহর্ষির বাক্য শ্রবণানস্তর তাঁহার পাদ-বন্দনপ্রকাক পত্নীবর সমভিব্যাহারে স্বভবনে গমন করি-লেন। এবং শুভক্ষণে সেই আত্রফলটি ছই সহধর্মিণীকে ভোজন করিতে দিলেন। তাঁহারা সেই ফলটি হুই খণ্ডে বিভক্ত করিয়া পরস্পর এক এক খণ্ড ভক্ষণ করিলেন। ফল ভক্ষণানম্ভর কার্যোর অবশাস্থাবিডা ও মহর্ষির সত্য-বাদিতাপ্রভাবে জাহারা উভয়েই গর্ভবতী হইলেন। নূপতি ভদর্শনে বংপরোনাত্তি পরিভুষ্ট হইলেন।

অনতার যথাকালে প্রসবসময় উপস্থিত হইলে তাঁহারা উভারে এক চক্ষু, এক বাহু, একচরণ, অর্দ্ধোদর, অর্দ্ধুপ ও অর্থ কিকবিশিষ্ট এক এক দেহার্দ্ধমাত্র প্রসব করিলেন। রাজপদ্মীরা ১নই সঞ্জীব অর্দ্ধ কলেবর্দ্ধ দর্শনে ভয়ে কম্পিতকলেবর ও যৎপরোনান্তি উদিয়া হইয়া পরস্পর মন্ত্রণা করত ধাত্রীদিগরের উহা পরিত্যাগ করিতে আদেশ ক্রিলেন দ ধাতীরা উ।হাদের নিদেশাত্সারে সেই স্লা:প্রস্ত অর্কলেবরদ্ধ স্বস্ত ক্রত অন্ত:পুর হইতে ৰহিৰ্গমনপূৰ্জক এক চতুপথে নিকেপ করিয়া भागित।

অনস্তর মাৎসশোণিতলোলুপা জরনোমী এক রাক্ষ্মী तिहै अक्षकरनवत्रका अहम कतिन। अविच्याचात कि क्रिक्टिगीत महिमा! ताक्रिंगी थे इहे महाई स्वाह क्तिवात निमिख (यनन मश्रमाञ्चिष्ठ कतिन, अमनि छेहा একত হইয়া এক মহাবদ পরাক্রান্ত কুর্মার হইল। নিশা- । লিখিয়া রাখিবে, ডাহার গৃহ সভত ধনধান্য, পুত্র, কুলুজ্ঞা-

চরী তদর্শনে সাভিশর বিশ্বরাপর এবং সেই ব্রুত্ন্য দৃঢ়কলেবর শিশুকে বছন ক্রিতে অসমর্থ হইল। বালক वर्गान छाञ्चवर्ग मृष्टि ध्रमानशृक्षक मञ्ज्य सम्बद्धत सात গভীরস্বরে ক্রন্দন করিতে লাগিল।

অন্ত:পুরবাসিগণ সেই আৰু শ্বিক পভীর ক্রন্তনধ্বনি শ্রবণ করিয়া আন্তেব্যত্তে রাজার সহিত বৃহির্ণ্ড হইল। হ্মপূর্ণস্তনভরাবনতা পরিমানবদনা সেই হুই রাজমহিষীও পুত্রলাভে হতাশ হইরা সহসা তথার গমন করিলেন। রাক্ষণী রাজ্ঞীষয়কে তদবস্থাপন্ন, রাজাকে পুত্রাভিলাষী ও বালককে সাতিশয় বলবান দেখিয়া চিস্তা করিল, আমি এই রাজার অধিকারে বাস করি; রাজা একান্ত সন্তানা-जिनारी, देनि भत्रम धार्मिक ও महाजा, अज्वद देहाँत वह শিশু সম্ভানটি বিনষ্ট করা নিতাম্ভ অকুচিত। মনে মনে এই প্রকার চিন্তা করিয়া মতুষ্যকলেবর ধারণপুর্বক সেই শিতকে লইয়া রাজার সমীপে গমন করত কছিল, ছে বৃহদ্রপ! এই বালকটি ভোমার পুত্র; আমি ইহাকে তোমার প্রদান করিলাম, গ্রহণ কর। এ, লক্ষেণের বর-প্রভাবে তোমার পদ্দীদ্বয়ের গর্ত্তে ক্রিয়াছে। ধাতীরা ইহাকে পরিত্যাগ করিয়া আদিয়াছিল। আমি ইহাকে রকা করিয়াছি। তথন রাজমহিবীশ্ব আনন্দিতচিত্তে সেই বালককে গ্রহণ করিয়া ক্তম্ত ছগ্ধ ছাত্রা অভিবিক্ত করিলেন ৷ রাজা পূত্রলাভে পরম পরিভৃত্ত হইয়া সেই गर्काककुन दी माक्षीर्यनशातिशी ताक्षत्रीरक विकामित्वन. হে ভভে! ভূমি আমাকে পুত্ৰ প্ৰদান করিলে, একণে পরিচয় প্রদান কর, তুমি কে ? আমি ভোষাকে দেবতার ন্যার বোধ করিতেছি।

मल्पम व्यथाय ।

রাক্সী কহিল, মহারাজ ৷ তোষার মঙ্গল হউক; আমি কামরপা রাক্ষ্সী, আমার নাম জয়। আমি প্রতি দিন লোকের গৃহে গৃহে বাস করি। ভগবান্ একা আযাকে निर्माण कतिता श्रद्धान्यो नाम धानाब कतिवाद्धम । आबि দানবগণের বিনাশনিষিত স্থাপিত হইয়াছি। বে বাঞ্চি নবংঘাবনসম্পন্না সপুজা মদীয় প্রতিমূর্ত্তি গৃহভিত্তিতে দিতে পরিপূর্ণ থাকিবে। তাহা না করিবে অবশ্রই ভাহার অমলল ঘটিবে। তোমার গৃহে বছপ্ত্রসমার্ত মদীর প্রতিম্বি চিত্রিত আছে, এবং আমি গক্ষ, পুলা, ধূপ, দীপ ও নৈবেদ্যাদি ছারা সর্কাণ পূজিত হইয়া থাকি। হে রাজন্! এইরূপে তোমার গৃহে বাস করত সর্কাণা ভক্তিসহকারে পূজিত হই বলিয়া আমি নিরস্তর চিস্তা করি, কিরূপে তোমার প্রত্যুপকার করিব। অদ্য দৈববশাৎ তোমার পুত্রের দেহার্দ্ধরম দেখিতে পাইলাম। উহা গ্রহণপূর্ব্ধক যেমন একত্র করিলাম, অমনি উহা এক নবকুমার হইল। হে নরনাথ! এই আশ্রহা ঘটনা তোমারই ভাগাক্রমে হইরাছে, আমি উপলক্ষ মাত্র। হে রাজন্! আমি রাক্ষনী, স্থমের ও ভক্ষণ করিতে পারি: তোমার শিশু পুত্র ত অনায়াসেই ভক্ষণ করিতে পারি: তামার করল তোমার গৃহে সতত পূজিত হই বলিয়াই তোমাকে তোমার পুত্র প্রদান করিলাম।

শ্রীকৃষ্ণ কহিলেন, রাক্ষ্যী রাজাকে এই কথা বলিয়া
অন্তর্হিত হইল। রাজা বৃহত্তথ পত্র লইয়া পরমানন্দে
গৃহে গমন করিয়া সেই বালকের জাতকর্মাদি সম্পাদন
করিলেন, পরে মগধরাজ্যে জরা রাক্ষ্যীর উদ্দেশে মহোৎসব করিতে আজ্ঞা দিলেন। ভংপরে সেই পিতামহসদৃশ
রাজা বৃহত্তথ স্বীয়পুত্র জরারাক্ষ্যী কর্তৃক সন্ধিত অর্থাৎ
সংযোজিত হইয়াছে বলিয়া ভাষার নাম জরাসন্ধ রাথিলেন। জরাসন্ধ স্বীয় পিতা বৃহদ্ধের নিকেতনে হত হতাশনেয় নাায়, শুকুপক্ষীয় শশধরের নাায় দিন দিন বর্দ্ধিত
ও বলসম্পন্ন হইতে লাগিল। তদর্শনে তদীয় পিতা মাতার
ভারে আনক্ষের পরিসীমা রহিল না।

व्यक्तीम् ग्राया

শ্রীকৃষ্ণ কহিলেন, হে রাজন্। কিয়ৎকাল পরে ভগবান্
চপ্তকৌশিক মগধদেশে পুনর্জার আগমন করিলেনী। মহারাজ
বৃহত্রথ তাহার আগমনে বংপরোনান্তি আহলাদিত হইরা
আমাত্য, ভূত্যবর্গ, ভার্যাদ্বর ও পুত্র সমভিব্যাহারে
তাহার সমীলে গমনপূর্জক পাদ্য, অর্ম্ব ও আচমনীর
বারা তাহাকে পূজা করিলেন এবং পুত্র ও রাজ্য তৎসমীলে নিবেদন করিলেন। মহর্বি, মহারাজের পূজা

গ্রহণানস্থর হাইচিত্তে উাহাকে কহিলেন, রাজন্! आমি দিবা চকু: বারা এই সমস্ত বুস্তান্ত অবগত হইরাছি। একণে তোমার এই পুত্র বেরপ সৌভাগ্যশালী হইবে তাহা কহিতেছি, শ্রবণ কর। তোমার এই কুমার রূপবান, मचनानी, वनविक्रममणा ७ चत्रा विश्वशाधिकात्री হইবে, সন্দেহ নাই। যেমন অন্তান্য পক্ষিগণ উভডীন ৰিহঙ্গমরাজ গরুড়ের অমুগমন করিতে পারে না, সেইরূপ কোন ভূপতিই এই কুমারের তুলা বলশালী হইতে পারিরে না। যে বাজি ইহার শত্রু হইবে, ভাহার অৰশাই মৃত্যু হইবে ী যেমন নদীভরঙ্গে পর্বতের কিছুই অপ্রধার হয় না, সেইরূপ দেবগণের অস্ত্রাঘাতেও ইহার কিছুমাত্র ব্যথা হইবে না। এ, সমস্ত ক্ষত্রিয় অপেকা শ্রেষ্ঠ হইবে। বেমন স্থা অন্যান্য জ্যোতিঃপদার্থগণের প্রভা হ্রাস করেন, সেইরূপ এই কুমার সকলের তেজঃ বিনষ্টপ্রায় করিবে। যেমন পতক্সকল অগ্নিতে বিনষ্ট হয়, সেইরূপ ধনবাহনসম্পন্ন সমৃদ্ধভূপতিগণ যুদ্ধে ইংইর হত্তে প্রাণত্যাগ করিবে। যেমন বর্ষাকালে সমুদ্র অগাধ জলসম্পরা নদী সকলকে প্রণ করে, সেইরূপ এ স্মুদর ভূপতিগণের এখারা গ্রহণ করিবে। বেমন সর্বশভ্ধরা बल्बा कि महर कि नींह, नकनरक है भारत करतन, সেইরূপ এ, চারিবর্ণ পালন করিবে। প্রাণিগণ যেমন সমত ভগতের আত্মভূত বায়ুর বশীভূত, সেইরূপ ইহারও <
 <tr>
 वशीक्ठ इहेरव ।
 अहे कुमात्र जिल्लाककाती स्वामित्मव
 মহাদেবকে সাক্ষাৎ দেখিবেঃ ভগবান্ চতংকীশিক महातास दुश्मुथरक धारे कथा विलित्रा श्रीत कर्खवा कार्यात অমুরোধে তাঁহাকে বিদায় দিলেন।

মগধাধিপতি নগরে প্রবেশপূর্কক জ্ঞাতিবাদ্ধর সমন্তি-বাাহারে জরাসন্ধকে রাজ্যে অভিথিক করিয়া বংপরো-নান্তি পরিতৃষ্ট হইলেন এবং তাহার হুন্তে সমস্ত রাজ্যভার সমর্পণপূর্কক পত্নীদ্বর সমন্তিবাহারে তপোবনে প্রভান করিলেন। তাঁহারা তপোবনৈ গমন করিলে জরাসদ্ধ স্বীর ভুজবীর্বাপ্রভাবে ভূপতিগণকে বশীভূত করিলেন।

বৈশশ্পায়ন ক্রিশেন, নরপতি বৃহদ্রথ ভার্যাছর সম্ভিব্যাহারে তপোবনে বৃহদ্বিস তপোত্র্হান করিয়ঃ অর্গে গ্রন করিলেন। তাঁহার প্রে জরাসদ্ধ ও চঙ্ও-কৌশিকাকে সমূদর বর লাভ করিয়া নিজ্পটকে:রাজ্য

শাসন করিতে লাগিলেন। ঐ সময়ে ভগবান বাস্থাদেব, কংস নরপতিকে সংহার করেন। কংস্নিপাতন্নিবন্ধন কুঞ্জের সহিত জ্বাসন্ধের ঘোরতর শক্ততা জন্মিল। মহা-वन भताकान ज्ञानक निविद्यांनी मध्य थाकिता कृत्यव বধার্থে এক বৃহৎ পদা একোনশত বার ঘুণায়মান করিয়া নিকেপ করিল। গ্লা ম্থুরান্থিত অন্তকর্মা বাস্থানেবের একোনশত যোলন অন্তরে পতিত হইল। পৌরগণ ক্রফাসমীপে গদাপত্রের বিষয় নিবেদন করিল। তদবিধ সেই মুখুরার সমীপ বজী স্থান গদাবসান নামে বিখ্যাত क्टेन। इरम् ७ फिछक नाम् पूर्व पैहारन প्रताकास वीत পুরুষ, জরাসদ্ধের সহায় ছিল। উহারা নীতিশাস্তে भातमनी, मञ्जगाञ्चमारम स्मिश्रम, वृद्धिमान् ७ मञ्जाघारक অবধা ছিল। আদি ইতিপুর্নেই কহিয়াছি, উহারা গুট জন এবং জরাসকা এই তিন জন একতা হইলে তিভুবন জন্ম করিতে পারে। চে মহারাজ। এইরপে কুকুর, অন্ধক ও াফিগণ "ছর্বল বাজি বলবানের সহিত স্পর্কা করিবে না"এই নীতিবাক্টের অস্থসরণ ক্রমে মহাবীর জরাসন্ধকে खरकारन खेरभका करिया ছिर्युन ।

রাজ্যারন্ত পর্ব সমাপ্ত।

জরাসন্ধ্রবধ পর্বাধ্যায়।

ঊনবিংশভিতম অধ্যায়।

বাস্থাদেব কছিলেন, হে যুণিছির! হংস ও ডিন্তক নিহত হইনাতে। কংসও সগণে মৃত্যুগ্রাসে পতিত হইন্যাছে। একণে জরাসন্ধন্দের সময় সম্প্রিত। সমস্ত প্রবাস্থর একতা হইলেও এছে, জরাসন্ধকে পরাজয় করিতে পারে না অভএন আমান নাতে উহাকে প্রাণযুদ্ধে জয় করা উচিত। দেখ! আমি নীতিজ, ভীমসেম বলবান্ এবং অর্জুন আমাদের রক্ষিতা, অভএন যেমন তিন অগ্নি একতা হইয়া যজ্ঞ সংশল্ল করেন, সেইরূপ আমরা তিন জন একতা হইয়া জয়াস্থ্যের বধ নাধন করিব। আমরা তিন জন নির্জ্ঞানে অলিমণ করিলে জরাস্থ্য অবশাই এক জনের সহিত সংগ্রাম করিবে। সে অবমাননা, লোভ ও বাছনীর্যা, উত্তেজিত হইয়া ভীমের সহিত যুদ্ধ করিবে,

সন্দেহ নাই। বম বেমন উদ্ধৃত লোকের বিনাশে সমর্থ,
সেইরূপ মহাবল পরাক্রাস্ত মহাবাহ ভীমসেম বৃহত্রপতনরকে সংহার করিতে পারিবেন। অত এব যদি ভূমি
আমার ফদরকা হও এবং যদি আমার প্রতি ভোমার
বিশ্বাস থাকে, তবে শীত্র ভীম ও অর্জ্ঞ্নকে ন্যাস্থ্রপ্রপ্রামার হত্তে সমর্পদি কর।

रेवमणात्रन कहित्तन, धर्मतास वृधिष्ठित, खर्गवान ক্লফের বাকা প্রবণানম্বর প্রফুল্ল মূথে উপবিষ্ট ভীম ও অর্জুনের প্রতি দৃষ্টিপাত করিয়া ক্লফকে কহিলেন, হে অরাতিনিফ্দন মধুফ্দন! তুমি আর ওরূপ কহিও না। তুমি পাশুবগণের অধিপতি আমরা তোমারই আশ্রিত। ज्ञि यादा यादा किश्ति, ज्रुम्नाप्तरे युक्तिक वर्षे, नची ষাহাদের প্রতি প্রতিকুলা, ভূমি কখনই তাহাদের নিকট থাক না। যথন আমি তোমার নিদেশামুবভী রিছিয়াছি. তথন আমার জ্রাসন্ধকে বধ ক্রিবার, বন্ধভপতিদিগকে কারাগার হইতে মৃক্ত করিবার এবং রাজস্ব বঞ্চ স্থান্সার কবিবার আর অপেকা কি আছে ? অতএব হে নরোজম। একণে বাহাতে এই সমুদার কার্য্য হরায় সম্পন্ন হরু, অপ্র-মত চিত্তে তাহাই কর। আমি তোমাদের তিন জন বাহি-রেকে ধর্মার্থকামরহিত ও রোগার্ভের ন্যায় ছঃখিত হইয়া জীবন ধারণ করিতে নিতান্ত অসমর্থ, অর্জুনু তোমা বিনা জীবন ধারণ করিতে পারেন না, ভূমিও অর্জুন বাতীত ক্ষণকাল পাকিতে পার না। এই ভূমগুলে তোমাদের **छ्हे खानत आज्ञत (कर्डे नाहै। आत এडे महावीर्गामश्र**म শ্রীমান বুকোদর ভোমাদের তুই জনের সম্ভিগাহারে থাকিলে কি না সম্পন্ন করিতে পারে ? সৈন্য স্থাশিকিত হইলে উত্তমরূপে যুদ্ধকার্য্য সমাধা করে, অশিকিত সৈনোরা অকর্মণা হয়, ত্রিমিত্ত উহাদিগকে উত্তয়রূপে शिका थाना करा विष्ठकन याकिशत्वर कर्कवा। त्यमः ধীবরগণ যেস্থানে চিদ্র থাকে. সেই স্থান দিয়া অভিলবিত ञ्चात जन नरेश यात्र ; उक्तभ वृद्धिमान वाक्ति छेभजवणना धारिक अफ रेमना नहेवा भगन करवन: प्रहावीरवन নিকট কলাচ লইয়া যান না। অতএব আমরা নীতি-বিধানজ লোকবিশ্রত গোবিদ্দকে আশ্রয় ক্রিয়া কার্য্য-সিদিবিবরে যত্ন করিতেছি, ছে যত্বংশাবভংস ! ভূমি প্ৰজা, নীতি, বন, ক্ৰিয়া ও উপায়সম্পন্ন, অতএৰ ভীম ও

আৰ্ন কাৰ্যাসিদ্ধির নিষিত্ত ভোষাকেই অগ্রসর করিবে। এইরপে আমাদের কার্যাসিদ্ধির নিষিত্ত অর্জুন ভোষার অস্থামন করুক; এবং তীম অর্জুনের অহুগমন করুক; তাহা হইলেই বিক্রম, নীতি, জর ও বল সিদ্ধ হইবে, সক্ষেহ নাই।

देवमञ्जात्रन कहित्नन, विश्वारङ्का वाञ्चलव वृधिष्ठैद्वत এই বাক্য প্রবশানন্তর ভীমার্জন সমভিব্যাহারে তেজখী बाकक बाक्षनगरनव পतिष्ठम পরিধানপূর্বক মগধদেশে বাতা করিলেন। স্কল্পণ মনোহর বাক্য বারা উভাদিগকে অভিনন্দন করিতে লাগিলেন। জ্ঞাতিবৰ্গের হিভ্সাধনে একাস্ত উৎস্তৃক এবং চস্ত্র र्श्या ७ व्यक्षित नात्र एकची त्यहे जिन स्टान कल्बत তংকালে অধিকতার প্রদীপ্ত হইরা উঠিল। অগ্রে ভীম-সেন, তৎপশ্চাৎ সংগ্রামে বিজিত ধর্মার্থ-কাম-প্রবর্জয়িতা মহাত্মা ঐকৃষ্ণ, তদনস্তর অর্জুন গমন করিতেছেন দেখিরা नकरन है मान कतिन, अहे बीत खतानक निक्त निरुष्ठ इटेरव। उथन कुक, जीम ७ व्यर्जन कुकरमान देखीर्ग इटेब्रा কুকুজালিলের মধ্য দিয়া রম্পীয় পল্পরে গমন করিলেন। তংপরে কালকুট অভিক্রম করিয়া গওকী, মহাশোণ, मनानोत्रां वरः वक्ष वर्ष हरक दिख ननीममुनात क्राय क्राय উত্তীর্ণ হইলেন। তদনন্তর রমণীর সর্যু অতিক্রম করির। পূর্ব্ব কোশলা দেখিতে পাইলেন। তথা হইতে মিধিলা ও মিবিলা হইতে মালার গমনপুর্বাক চর্মণ্ডী নদী পার হইলেন। তৎপরে গলা ও শোণ অতিক্রম করত তিন खान शृद्धमूर्य मन्धरमान नमन कतिर् नानितन। তাহারা কিরৎক্ষণপরে গোধনসমাকীর্ণ ব্রুভড়াগাদিযুক্ত নানাবিধ বক্ষে আরুত গোরথ পর্বতে আরোহণ করিয়া মগধপুর দেখিতে পাইলেন।

বিংশতিত্য অধ্যায়।

বাস্থদেব কৰিলেন, হে পাৰ্থ ! ঐ দেখ ! বিৰিধ পণ্ড-সমাকীৰ্ণ বাপী-ভজাগাদিযুক্ত স্থামা হৰ্ম্যে অবন্ধত উপ-জৰশূন্য মগধরাল্য শোভা পাইতেছে। ঐ দেখ ! বৈহার, বিহাহ, ব্ৰভ, ঋষিপরি ও চৈত্যক নামে পাঁচ পর্বাত ব্যহিষাছে ! এই লীতল ক্রমস্থাণাভিত,উন্নতাশির পর্বাত-

সকল পরস্পর মিলিত হইরা যেন গিরিব্রজ রক্ষা করি-তেছে। সুপুশিত শাধাসমূদারে স্থাভিত, সুগন্ধ্যুক্ত, कामिकनिधित्र, मत्नाहत्र लाधुवनत्राकि छेहापिश्रक द्यन পোপন করিরা রাখিরাছে। এই স্থানে শংসিতত্তত মহাত্মা গৌতম খৰি ক্ষত্ৰিদ্দিগের প্ৰতি, অমুগ্ৰহ প্ৰকাশপূৰ্ব্বক काकीवटाकृष्ठि भूद्यशंगरक छेर्भावन करत्रन । ८२ व्यर्कन । এই নিমিত্ত পুর্বের অস বঙ্গ প্রেড়তি মহাবল পরাক্রান্ত মহীপতিগণ গৌতমের আশ্রমে আদিয়া মহোৎসব করি-তেন । ঐ দেখ। গ্লোত্যের আশ্রমস্মীপে পরম রম্ণীয় अपन उ लाधुवनताकी कवित्राह्य। े तन्त्र! अर्द्धा পর্বত, শক্তবাপী ও প্রকাঞ্চ পরগন্ধর রহিরাছে। ঐ স্থানে चाचिकं अ मिनाराश्र कालश् । मसू, मश्रशकाः स्मरवत অপরিহার্য্য করিয়া গিয়াছেন এবং চণ্ডকৌশিক ও নণি-মান, জরাসম্বকে যথেষ্ট অনুগ্রহ করিয়াছেন। চুরাত্মা জ্বাস্থ্য এইরূপে ঐ গুরাক্রম্য পুরের অধীশ্বর হইরা স্মাপ-नात कार्यामिक विवास खित्रनिकत हरेबाटक, आमत्रा जेना তাহার দর্পচূর্ণ করিব।

रेवमल्लामन कहिरमनं, जमनस्त विश्वरङ्का कृष्ण, মহাবল পরাক্রান্ত ভীমার্জ্জন সমভিব্যাহারে মগধপুরে गमन कतिरामन এवः खुडे शुडे जन अ वर्गहर्ष्ट्रेड ममाकीर्ग মহোৎসৰময়, নিতাক ছুৱাকুম্য গিরিত্রকে সমুপন্থিত হইলেন। তৎপরে বারদেশে এমন করিয়া বৃহত্তথবংশীয় सनग्रमस् । अञ्चाना नगद्रवानिश्व कर्ड्क श्रुकामान् मगर-রাজ্যের শোভাসম্পাদক নগরটেচতে র সমীপে ক্রভিবেগে शमन कविरमन। सहावाज वृह्छथ मांशांधी वृदक्रभधावी দৈত্যকে সংখ্যার করিয়া তাখার চর্ম্মবারা তিন ভেরী প্রস্তুত করেন; ঐ ভেরীতারে এক্ষার আবাত করিলে এক মাসব্যাপী গন্তীর ধ্বনি হইত। মহায়াজ বৃহত্তপ আপনার পুরে ঐ তিন ভেরী রাধিরাছিলেন। ভেরী नकन मिवा भूरण नमाकीर्ग इहेश श्रीमिछ इहेछ। न्मारक छोम ७ कार्क्न वे एकतीयत्र खद कतिरान वदः নানাপ্রকার অল্ল ধারণ করিয়া হারদেশ হইতে বেন জরাসত্ত্বের মন্তকে আঘাত করিতে করিতেই ক্রতবেগে চৈত্যপ্ৰাকাৰের নিকট গ্ৰনপূৰ্কক অণুড় বাছ দাবা সভত গৰ্মাল্যে অচিত, কুঞ্তিষ্ঠিত পুৱাতন হৈডাপুল ভগ্ন ও নিপাতিত করত ছাইচিতে মগধপুরে প্রবেশ করিলৈন।

এই সময়ে বেদপারগ ত্রাহ্মণগণ ছর্নিমিত দর্শন করিয়া জরাসন্ধকে জানাইলেন। পুরোহিতগণ তাঁহাকে হতিপুঠে আরোহণ করাইয়া, অগ্নি গ্রেদক্ষিণ করাইলেন। প্রভাপ-শালী রাজা জরাসন্ধ দেই ছর্নিমিত্তশান্তির নিমিত দীক্ষিত ও নিরম্ভ হ্টয়া উপবাস করিয়া রহিলেন। এদিকে जाउक्दवनशाती कृष्ण, जीम ७ धनश्र मनस व्यक्त नार প্রিত্যাগপুর্ব্ধক জরাস্থের সহিত বাহযুদ্ধ করিবার মানসে পুরতাবেশ করিলেন। তাঁহারা রাজমার্গে গমন করিতে ক্রিতে নানাবিধ ভক্ষ্য দ্রব্য, মাল্য, আপণ ও অন্যান্য সমুদ্ধি নিরীক্ষণ করিছে লাগিলেন। মালাকারদিগের নিকট হইতে বলপুর্কক মালা গ্রহণ করিলেন। সেই **पिवा माना पिवा क्**ष्णपाती कृष्ण, भीम अ धनअग, यमन সিংহ গোনিবাস নিরীকণ করিছে করিতে গমন করে, তজ্ঞপ জরাসন্ধের নিকেওন লক্ষ্য করিয়া গমন করিতে লাগিলেন। তৎকালে চন্দনাগুরুচর্চিত সেই বীরত্রের বার্ত শালকমের ন্যায় শোভা পাইতে লাগিল। মুগধপুর-বাসী জনগণ উদ্যত শালফজের ন্যায় ও মদমত কুঞ্জরের ন্যায় সেই তিন জনকে দেখিয়া বিস্মাপর হইল। তাঁহারা ক্রমে ক্রমে বছজনাকীণ তিন ককা অভিক্রম করিয়া অহন্তার প্রকাশপুর্কক জরাসন্ধের সমীপে সমুপ-স্থিত হইলেন। মহারাজ জরাসন্ধ তাঁহাদিগকে দর্শন कतियामाळ गार्खाणानशृक्तक नामा, मधुनक প्राष्ट्रि ঘারা পূজা করিয়া খাগতপ্রশ্ন করিলেন। ভীম ও ধনশ্বর তৎকালে মৌনাবলম্ন ক্রিয়া রহিলেন। তখন ধীমান कृष्ण कहिल्ला, तह तालका ! हेहाता नित्रमण, धकाल কথা কহিবেন না; পূর্ব্য রাত্র অতীত হইলে আপনার সহিত আলাপ করিবেনু; ভূপতি ক্লকের বাকা প্রবাদস্কর काहामिश्रास्य बळाशास्त्र त्राथिया चीत्र शृह्द शमन क्रिटनन धार कर्ष ताक ममरत श्रमताय ठीकारमत ममीरन ममुनक्छ হইলেন। ছে মহাঞ্জ জনুমেজর। মগধরাজ জরাস্ক্রের এই লোক্বিশ্রুত ব্রুত ছিল যে, কোন খাতক ব্রাহ্মণ অর্দ্ধ রাজসমরে সমুপঞ্জিত হইলেও ডিনি তৎকণাৎ গমন क्रिया डाइटिक ध्रकामामन क्रिटिंग । जिनि डाइटिम्ब किन करनत मशीरा ममूर्शाक्क इहेशा शृका कतिरागन धदः उंशिएमत अभूक (वन नितीक्षन कतिया विश्वयाभन इरे-বেন। তাঁহারা রাজাকে দেখিবামাত্র 'অভ্যক্ত' বুলিপ্রা

আশীর্কাদ করত কুখল প্রশ্ন করিলেন। রাজা জরাস্ক तिरे वाक्रणरमधाती वीत्रखत्रक विज्ञासक क्रिएक। তাঁহারাও তদত্বারে বক্তশালার উপবেশন করিয়া অধর-স্থিত তেতাথির ন্যায় শোভা পাইতে লাগিলেন। তথন সতাসন্ধ মহারাজ জরাসন্ধ তাঁহাদের বেশদর্শনে বিশ্বিত हरेया डांशितक कहिलान, हर विधान। आमि कानि মাতক ব্ৰভাচারী ব্ৰাহ্মণগণ সভাগমনসময় ৰাতীত কখন মাল্য ৰা চন্দ্ৰন ধাৰণ কৰেন না ৷ আপনাৱা কে ? আপনা-দের বস্তা রক্তবর্ণ, অংক পুষ্পমাল্য ও অত্বোপনে স্থান-ভিত; ভুজে জ্যাচিত্র শক্ষিত হইতেছে; আকার দর্শনে काळ (काळ अने अमान भावमा याहे एक हा कि আপনারা ব্রাহ্মণ বলিয়া পরিচয় দিতেছেন ; অতএব সভা वन्न, आभनावा (क ? बाक्षममाक मृखाई धानःमनीव। কি নিমিত আপনারা ছার দিয়া প্রবেশ না করিয়া নির্ভয়ে চৈত্যক পর্কতের শৃঙ্গ ভগ্ন করিলা প্রবেশ করিলেন ? ত্রান্ধ-ণেরা বাক্য দারা বীর্ষ্য প্রকোশ করিয়া থাকেন, কিন্তু আপনারা কার্য্য দ্বারা উহা প্রকাশ করিয়া নিভাস্ত বিরুদ্ধা-মুদ্রীন করিয়াছেন। আরও আপনারা আমার কাছে আসিয়াছেন, আমিও বিধিপুর্বক পূজা করিয়াছি, বিস্ত কি নিমিত পূজাগ্ৰহণ করিলেদ না? যাহা হউক, একণে কি নিমিত্ত এখানে আগমন করিয়াছেন, ব**লু**।

মহারাজ জরাসন্ধ এইরপ কহিলে, মহামতি রুঞ্, সিয়, গভীরত্বরে কহিছে লাগিলেন। হে রাজন্! তুনি আমাদিগকে স্নাতক প্রাক্ষণ বলিয়া বোধ করিতেছ; কিন্তু হে নরাধিপ! প্রান্ধণ, ক্ষত্রির ও বৈশ্ব, এই তিন জাতিই মাতকপ্রত গ্রহণ করিয়া থাকেন। ইহাঁদের বিশেষ নিয়ম ও অবিশেষ নিয়ম উভয়ই আছে। ক্ষত্রিয়লাতি বিশেষ নিয়ম উভয়ই আছে। ক্ষত্রিয়লাতি বিশেষ নিয়ম ইলে সম্পত্তিশালী হয়। পুস্থারী নিক্ষাই শীমন্ হয়, বলিয়া আমরা পূপ্ধারণ করিয়াছি। ক্ষত্রেয় বাত্রলেই,বলবান্; বাধীর্যাশালী নহেন; এই নিমিত্ত তাহাদের অপ্রগল্ভ বাকাপ্রয়োগ করা নির্দারিত আছে। বিধাতা ক্ষত্রিয়লগের বাহতেই বল প্রান্ধন করিয়াছেন। হে রাজন্! যদি ভোমার আমাদের বাহ্বল ক্ষেত্রে বান্ধার পাকে, ভবে অন্ধ্যুই গৈখিতে পাইবে সম্পেহ ক্ষ্টে। হে বৃহত্রথনক্ষর। থীর ব্যক্তিগণ শক্তগৃহে অপ্রকাশ্য ভাবে ও ক্ষ্ত্রপ্রহ প্রকাশ্যভাবে প্রবেশ করিয়া থাকেন।

হে রাজন্! আমরা অকার্য-সাধনার্থে শক্ত গৃহে আগ্রম করিরা ভদত পূজা প্রহণ করি না; এই আমাদের মিত্য বত।

একবিং শতিত্তম অধ্যায়।

জরাসদ্ধ কহিলেন, হে বিপ্রপণ! আমি কোন্ সময়ে ডোমাদের সহিত শক্তভা বা ভোমাদের অপকার করিনাছি, তাহা আমার শরণ হইতেছে না। তবে কি নিমিত্ত নিরপরাধে ভোমরা আমাকে শক্ত জান করিতেছ ? দেথ ধর্ম বা অর্থের উপঘাত হারাই মনঃপীড়া করে; কিন্তু যে বাক্তি ক্ষত্রিরকুলে জন্ম গ্রহণ করিরা ধর্মজ্ঞ হইরা বিনাপরাধে লোকের ধর্মার্থে উপঘাত করে, তাহার ইহকালে অমঙ্গল ও পরকালে নরকে গমন হর, সন্দেহ নাই। আর দেখ! ত্রিলোকীমধ্যে সংপধগামিগণের পক্ষে ক্ষত্রধর্ম্মই শ্রেম্বিং ব্যক্তিরা কেবল ক্ষত্রধর্মেরই প্রশংসা করিরা থাকেন। আমি শ্বধর্মে নিরত প্রক্রাগণের কোন অপকার করি নাই; তবে ভোমরা কি নিমিত্ত আমাকে শক্তবিলা হির করিরাছ, বোধ হর, ভোমাদের প্রমাদ হইয়া থাকিবে।

खिक्क कहिरनन, दह महीवादत ! त्व कूनअभीश একাকী কুলকার্য্যের ভার বহন করিতেছেন, আমরা তাঁহার নিরোগক্রমে তোমার প্রতি সমুদাত হইরাছি। হে রাজন্! ক্রিয়গণকে পূজোপহারত্বরূপ করিবার মানস করাতে তুমি যৎপরোনাতি অপরাধী হইয়াছ, তবে কি বলিয়া আপনাকে নিরপরাধ বোধ কর ? হে নুপসত্তম। নিরপরাধ অন্যান্য ভূপতিগণের প্রতি হিংসাচরণ করা कि बामार्त कर्खरा कर्य ? उदद क्रिय कि मना नृপण्णिश्गरक আনরনপূর্বক নহাদেবের নিকট উপহার প্রদান করিতে वामना कतिताह? ८ तृहस्त्रधनमन। भागानिशत्कछ • বংক্ত পাপে পাপী হইতে হইবে, বেহেতু আনুরা ধর্ম-छाती ও धर्च बक्राल नमर्थ। आमहा कथन नद्रवित त्वि मारे ; कृषि कि यनिता मत्रवनि धारामभूकंक छन्नान পঞ্চপতির পূজা ক্ষিতে বাসনা করিছেছ? রে রুথানতি জনসেম ! একারা ব্যতিরেকে আর কোন্ব্যক্তি রবর্ণের **१७७१:का कतिएक शहरत ? तम**्। (य वाक्ति (य त्य व्यवस्था ध्य-८व कर्य करत दम, दमहे दमहे व्यवसात छात्रात कम-

कांनी हव। आमत्रा इःशार्क दाक्तित अञ्चनद्वन कृतियां প্লাকি: তুরি জাতিক্যকারী, অতএব আমরা একণে জ্ঞাতিবৃদ্ধির লিমিত তোমাকে সংহার করিতে সমাগ্র ছইরাছি। তুমি মনে মনে স্থির করিয়াছ বে, এই ভূমগুলুমধ্যে ক্তিয়কুলে ভোমার নাার ক্ষমগুলালী পুরুষ আর কেছই নাই, সে কেবল তোমার বৃদ্ধিলমমাত। কোন স্থাতীয় পক্পাতী ক্তিয়কুলসভূত ভূপতি আত্মীয় জন রক্ষার্থে যুদ্ধে প্রাণ পরিত্যাপপূর্বক অতুল वर्गाकात कदिएक आमना ना करत ? (मथ । कवित्रभग श्वर्श थाकिया । तगरास मीकिक हहेवा (नाकमिश्राक अब করেন। (হ রাজন্। বেলাধ্যয়ন, মহৎ যশ, ভংপাত্রান ও যদ্ধে মৃত্যু, এই সমুদ্যুই স্থাগ্র হেতু বটে, কিঙ নিয়ম-পূর্বক বেদাধ্যরনাদি না করিলে স্বর্গপ্রাপ্তি হয় না ; কিছ युष्त थानजान कतिन यर्गनाच स्टेट छेशास किहूमाव ব্যতিক্রম নাই। দেখ। সুরপতি ইক্র স্বীর গুণবান ক্র বৈজয়ভের প্রভাবে অসুরগণকে পরাজয় করিয়া জগৎ-পালন করিভেছেন। সে, যাহা হউক, এক্ষণে আ্মাদের সহিত শক্তা তোমার পক্ষে যেরপ অর্গমনের হেতু হই-য়াছে, সেরপ আর কাহারও ঘটে না। তুমি বছসংখ্যক মাগধ সৈক্ষের বলে দর্শিত হইয়া অন্তাক্ত ব্যক্তিগণকে অপমান করিও না। প্রত্যেক ব্যক্তিরই প্রাক্রম আছে। এই ভূমগুলে ভোমার সমতেজাও ভোমা অপেকা অধিক তে बन्नी ज्ञात्क ज्ञाह्न। (ह् त्राह्मन्। এই दिवस ज्ञाह थाकार्टि रामोत वजानुन व्यक्तात हरेबारह। छैहा আমাদের নিতান্ত অস্থ হওয়াতে তোমাকৈ জানাইয়া দিলাম। হে ভূপতে! ভূমি সদৃশ ব্যক্তির উপর অভিমান ও দর্প পরিত্যাগ কর, নতুবা পুঞ্, - জুমাত্য ও সৈত্তগণ সমভিব্যাহারে যমালয়ে গ্রমন করিতে হইবে । মহারাজ কার্ন্তবীয়া, উত্তর ও বৃহন্ত্রশ অভিদর্গে আপন আপন মল-लात थाछि मुष्टिभाष ना कतिया मटिमरामा विनष्टे इहेशाएन। হে রাজন্! তোমাকে কপটে সংহার করিবার মানবে এরূপ বেশ পরিপ্রহ্করিয়াছি, আমরা বস্ততঃ ব্রাহ্মণ নহি, क्वित्र। आमि वस्तिवनम्न क्रक, आत धरे इहे वीत পুরুষ পাঞ্তনয়। আমুরা তোমাকে যুদ্ধ করিতে আহ্বান করিতেছি, একণে হয় সমস্ত ভূপতিগণকে পরিভাগে কর; না হয় যুদ্ধ করিয়া যমালয়ে গমন কর।

জরাসদ্ধ কহিলেন, হে ক্ষক ! আমি কোন রাজাকেই জয় না করিরা আনরম করি নাই । যাহাকে আমি পরাজর করি নাই এবং বে আমার সহিত বিরোধ করিছে সমর্থ, এই ভূমগুলে এমত কোন্ব্যক্তি আহে। হে বাস্থানের ! বিক্রম প্রকাশপূর্বক গোককে আপনার বশে আনিরা তাহার প্রতি স্বেভায়সারে ব্যবহার করাই ক্ষত্রিরের ধর্ম । আমি কাত্র তাবলবী; দেবপূজার নিমিত্ত রাজগণকে আনরম করিয়াছি; এখন কি নিমিত্ত ভঙ্গ পাইয়া তাহা-দিগকে পরিত্যাগ করিব। আমি একাফী ব্যহমধ্যন্তি এক ছই বা তিন মহারথের সহিত এককালে বা পৃথক পৃথক যুদ্ধ করিতে পারি।

মহারাজ জরাসন্ধ এই কথা বলিরা ঐ ভীমকর্মা বাজিগণের সমভিবাহারে যুদ্ধ করিবার অভিলাষে স্থীর পুত্র
সহদেবের রাজ্যাভিষেকে আঞা করিলেন এবং কৌশিক
ও সিত্রসেন নামক হই সেনাপতিকে আহ্বান করিলেন।
প্রক্রপ্রেষ্ঠ সত্যসন্ধ হলধরামুল মধুস্দন, ঐ ভীমপরাক্রম
শার্ক্যন্সমবিক্রাপ্ত বৃহত্তপত্মসু জরাসন্ধকে যাদবগণের
অবধ্য স্থরণ করিরা ব্রহ্মার আদেশাস্থসারে স্থরং ভাহার
সংহারে প্রবৃত্ত হইলেন না।

ৰাবিংশতিতম অধ্যায়।

বৈশশ্যারন কহিলেন, ছখন বছবংশাবতংস স্বক্তা বাস্থানে, বুদ্ধে কুতনিশ্চর মহারাজ জরাসন্ধকে কহিলেন, ছে রাজন্! আমাদের তিনদানের মধ্যে কাহার সহিত যুদ্ধ করিতে তোমার অভিলাব হয়, বল ? কে বুদ্ধ করিতে সজ্জীভূত হইবে ? মহান্তাতি জরাসন্ধ ক্লফের বাক্য প্রবাদস্তর ভীমসেনের সহিত যুদ্ধ করিতে চাহিলেন।

ঐ সমরে পুরোজিত রোচনা,মাল্য ও অন্যান্য মাজ্লা ক্রবাজাত এবং ছংগমূচ্ছ নিবারক অল্প ও ঔষধসমূদার লইরা সংগ্রামেচ্ছু জন্নাসন্ধের সমীপে সমুপহিত হইলেন। মহারাজ জরাসন্ধ বর্শবী আন্ধানজ্ঞ কেত্রভারন হইরা ক্যান্ত্রধর্মানুসারে বর্শবারিধার ও কিরীট পরিভাগপূর্বক কেশ বন্ধন করত বেগবান্ সমুজের জার সমুখিত হইরা ভীমসেনকে কহিলেন, হে ভীম! আইস, ভোমার সহিত বৃদ্ধ করিব। মহাতেলা জরাসন্ধ ভীমকে এই কথা

वनित्रा, वनाष्ट्रत (वयन हेल्टरक आक्रमन कत्रिताहिन. **७क्र १ वर्षावरक जाक्यन कतिरान । यहादक नताक्या** ভীমসেনও ক্লফের সহিত মন্ত্রণা করিয়া এবং তৎকর্ত্ কৃতস্বতারন হইরা যুদ্ধাভিশাবে জ্বাসন্ধের নিকট গ্রন ক্রিলেন। এইরূপে সেই ছই নরুশ্রেষ্ঠ বীর পুরুষ পরস্পর লিগীবাপরবশ হইয়া স্বস্থ বাহ্যাত্ত অবল্যনপূর্বক উভয়ে मिनिक इरेशनन। ध्येशम काश्राम कत्र धार्गभूक्षक পাদাভিবন্দন করিয়া কক্ষাক্ষোটন করিতে লাগিলেন এবং ক্ষমে বারংবার করাঘাত ও অকে অকে সমালেব করিয়া পুনরার আন্দালন করিছে লাগিলেন। পরে চিত্রহতাদি বিবিধ বন্ধন করিয়া কক্ষাবন্ধ করিলেন এবং পরস্পর ললাটে ললাটে এরপ আঘাত করিলেন যে, উভয়ের লগাট হইতে ক্লুলিক বিনির্গত ও খোরতর শব্দ হওয়াতে বোধ হইল, বেন বজ্ঞাঘাত হইতেছে। অনস্তর वाह् भागानि वक्षन कतिया भन्नभन्न मछत्क भनावाख्भूकंक মত বারণের ভার ও বনবটার ন্যার গভীর গর্জন এবং স্সংকৃদ সিংহ্ররের ন্যায় পরস্পর নিরীক্ষণ, করপ্রহার ও বারংবার অকের্ধণ করত ধুর করিতে শাগিলেন। পরস্পার অক ও বাত ভারা অক সমাপীড়ন ও বাত ভারা উদর আবরণ করত পরন্পরকে স্থ স্ব কটিও পার্যদেশে निक्म क्रिएंड नागित्नन अदेश च च क्रेड्डिक छ छेन्द्र হস্তান্দালন করিতে লাগিলেন। তদনস্তর পরস্পার পৃষ্ঠভঙ্গ ও বাছৰর বারা সম্পূর্ণ মুচ্চ্ । এবং পূণকুভপ্রভৃতি করি-লেন। তৎপরে তাঁহারা তৃণপীড়, পূণবোগ ও সমৃষ্টিক প্রভৃতি নানাবিধ যুদ্ধ করিতে লাগিলেন।

হে নরপ্রেট! তখন বাবতীয় পুরবাসী ব্রাহ্মণ, ক্রির, বৈশ্য, শুলু, বনিতা ও বৃদ্ধগণ তাঁহাদের সংগ্রাম দেখিতে তথার সম্পরিত হইলেন। যুদ্ধেক জনতা ছারা স্থাকিন ইল। মহাবীর জরাসদ্ধ ও ভীমসেন পরম্পর নিগ্রহ ও প্রপ্রহণরা ভরানক বাহুব্দ্ধ আরম্ভ ক্রিলেন। পরম্পর জরাকাজলী পরম প্রস্তুট মহাবল পরাক্রান্ত বীরপুরুব্দ্ধ পরম্পরের ছিন্তান্ত্রসন্ধান করিতে লাগিলেন। ব্রেরাজন্ ক্রান্ত্রসন্ধান করিতে লাগিলেন। ব্রেরাজন করিছে জন্মান্ত লোক উৎসারিত হইল। প্রকর্ষণ, আকর্ষণ ক্রান্ত্রসন্ধান পরম্পরক্ষ ক্রান্ত্রসন্ধান করিছে জন্মান্ত ক্রিলে হারা পরম্পর পরম্পরক্ষ ক্রান্ত্রসন্ধান করিছে লাগিলেন। ত্যান্ত্রসন্ধান ক্রেলির ক্রিলির ক্রেলির ক্রিলির ক্রেলির ক্রিলির ক্রেলির ক্রেল

ভংশনা করত প্রভাগাভনগুল মৃতিপ্রহারে অভিগাত করিছে নাগিলেন। উভাগেই বিজ্ ত বক্ষ, উভাগেই দীর্ম বাহ, উভাগেই বৃদ্ধকুশল; অভরাং উভারে উভারে উভারে বিজ্ তার্থা বাহ, উভাগেই বৃদ্ধকুশল; অভরাং উভারে উভারে বিজ্ তার্থা বাহ হারা সংসক্ত করিলেন। ছই মহাত্মার যুদ্ধ কার্ত্তিক নাসের প্রথম দিবসে আরম্ভ হইরা আনাহারে অবিশ্রাক্ত এবোদশ দিবস দিবারাক্তি সমভাবে চলিরাছিল। চতুর্দশ দিবসে রাক্রিছে মগধরাক্ত ক্রাক্ত হইরা নির্ভ্ত হইলেন। বাহ্দদেব জরাসদ্ধকে ক্রাক্ত দেবিরা ভীমকর্মা ভীমসেনকে সংখাধন করিয়া কহিলেন, হে কৌন্তের! ক্রাক্ত শক্তকে পীড়ান করা উচিত নহে, অধিক্তর পীড়ানান হউলে জীবন পরিত্যাগ করে; অভাএব ইনি ভোমার পীড়নীর নহেন। হে ভারতর্বভ! ইইার সহিত্ত বাহ্যুদ্ধ কর। শক্তনিস্থান ভীম, ক্রন্তের বাহ্যুদ্ধ কর হরিবার নিমিদ্ধ অধিক কোপারিই চইলেন শ

ত্রয়োবিংশতিতম অধ্যায়।

दिम्लाइन कहित्नन, जननसन कोमनाजिक जीय-त्मन अत्रामद्भवशास्त्रिमाद्य बाम्यतेवदक कहिरमन, रह कृषः ! धरे भाभाषात क्षरतभ अत्रभ वननवक चाट्ह द रेहारक আপ্ৰিসুক্ত করা সহজ ব্যাপার নহে। পুরুষব্যাল বাজ-**८एव ज**तामकवधाकिमारब मध्य इटेशा वृत्कानत्रक कहि-लन, रह जीम! रखामात्र रव देवत बन ७ वायुवन आरह चाल कारा सतामाद धानम्न कता महायम कीम वह প্রাকার অভিবিত হইরা জরাসম্ভকে উৎক্ষিপ্ত করিরা সূর্ণিত করিছে স্পাগিলেন। শতবার ঘূর্ণিত করিরা জাতু बाता चाक्कनशृक्षक छारात शृक्ष्रिक छन्न छ निरम्परन-शृंब्यक निश्वनावनवकारत छ। हात्र हत्रनवत कत्रकवनिक করিরা বিধা বিভক্ত করিলেম। নিশিল্মাণ , জরাস্ক্রের **ब्रिश्न क्षेत्र को मार्गितन अर्जान मग्ध्रामी नयछ** ক্রিণীর গর্ভবাব হইরা গেল। ভীমদেনের क्षिक्राश्रद्धश्रा (बांध क्रिन एष, एव विमानव कीर्य स्टेटक्टक।

্ত্ৰিকাৰ ক্ষ্মিশ্ৰম কৃষ্ণ, অৰ্জুন ও ভীন গড়জীবিত প্ৰথম ন্যাম্পুণবিত জয়াসককে পরিভাগে ভরিষা নিকার হইলেন। রুফ জরাসংক্ষে প্রাক্তাশালী রুখ गश्यांकिक धवर कांशांक लाक्ष्माक कार्ताहिक कृतिया वासवर्गगरक कांत्रायक कतिरमन । मैडीशालर्ग महाक्ष হইতে পরিত্রাণ পাইয়া স্থাফের নিকট গমনপুর্বাক রত্ন ৰারা তাঁহার সমূচিত সম্মান করিলেন। অক্ষত শস্ত্রসম্পর किछाति वाक्रमब मिटे मिवा तथ बाताश्य कतिया ब्रास्ट-গণের সৃহিত গিরিব্রজ হইতে প্রাথান করিলেন। ভীয়া-ৰ্জুন ছুই বোদা ভাছাতে আর্চ এবং কৃষ্ণ ভাছার সার্পি ছওয়াতে সেই রথ শমধিক শোভিত হটয়াছিল। যে রথ ভারকাজালের নাায় সমুজ্জল ; ইক্র এবং বিষ্ণু বাহাতে আরোহণ করিয়া সংগ্রাম করিতেন, यमाরা পুরদার নব-নবতি বার দানবগণকে নিহত করিয়াছিলেন ; তপ্ত काक्षानत नाम बाहात जांछा : त्यचनिर्धारवत नाम यांश्रेत नमः (गरे किकिनीबानक्षिठ चलुर्स तथ खाश हरेता তাঁহারা সাতিশর পরিতৃষ্ট হইলেন। মাগধেরা মহজাত কুফকে ভীম ও অর্জুনের সহিত সেই রথে আরচ্ দেখিরা वित्रवानम इरेल। वायुष्त्रभानी मिटे वर्थ मिया (सांवेदक সংযুক্ত ও কৃষ্ণ কর্ত্বক অধিষ্ঠিত হইয়া অতীব শোভমান হুইয়াছিল। সেই দেবনিশ্বিত রথ শত্রধমুর নাায় প্রভা-मन्भन्न मृहे इटेट्ड गागिन।

অনস্তর কৃষ্ণ গরুড়কে স্বরণ করিবামাত্র তিনি সমা-গত হইলেন। বিজ্ভানন, মহানাদ, গ্রুতান স্মার্চ हरेल (मरे मिया बर्थ केंद्र दे हे छातुरक्त केंभरमञ्दरेश উঠিল। সহস্রকিরণাবৃত মধ্যাক্রসহস্রাংগুর ন্যার প্রাণি-গণের ছর্নিরীকা সেই রখ তেজঃ যারা সম্ধিক দীপামান इहेन। छोहात्र मिना ध्वक दुक्कि अश्नद्य हरेख ना ध्वर वार्गं विक रहे का अक्षर्ण मीन्द्वत कृणामान रहे एक नागिन। (व तथ ताका वस्र वामव इकेटल गृहस्रथ वस्र इवेटल, পরিশেষে জরাসক্ষ বৃহত্তথ হইতে প্রাপ্ত হইরাছিলেন, পুরুষবাজি অচাত,ভীম ও অর্জ্বনের সহিত সেই মেঘনাদ त्राथ चारतारुण कतिता श्राम कतितान। जननस्य श्रुखती-কাক বাস্থদেব গিরিজ্ঞ হইতে নির্গট হইয়া বহিঃপ্রদেশে উপস্থিত হুইলেন। তথন তথার ব্রাহ্মণপ্রভৃতি নগর-ৰাসীরা সংকার ও বিধিবিছিত কর্ম দারা ভাঁহার সমীণ-वधी इहेरनन। बद्धनविष्क ब्रामाताक एकिश्कांक मधु-एक्टनब भूजां कतियां किट्ट नातिन, दर पदाचाटरा ! ভীমার্চ্ছানর সহিত আপনি হব ধর্ম রক্ষা করিবেন, অব্য বে ছংধরণ পত্নে পহিল জন্মসকরপ ছলে নিময় স্পতি-গণের উদ্ধার সাধ্যা করিলেন, ইহা আশ্চর্যের বিষয় নছে। হে বিহ্নো! ছে বহনক্ষন! আপনি, দারুণ গিরি-ছর্নে অবসর হুর্ভাগাদিগের যোচনজনিত দীপ্ত যপোরাপি প্রাপ্ত হইলেন। আপনি নৃপতিগণের হৃষর কর্মা করিলেন, এক্ষণে এই ভৃত্যদিগংক কি করিতে হইবে অনুমতি

মনখী দ্বীকেশ ভাহাদিগকে কহিলেন, রাজা যুধি
তির রাজস্য যক্ত করিতে অভিলাষ করিরাছেন, আপনারা সেই সাম্রাজ্য চিকীর্ থান্মিকের সাহায্য করেন
ইহাই প্রার্থনা। নৃপতিগণ ভাহাই করিব বলিয়া খীকার
করিলেন। জরাসদ্ধনকন সহদেব অমাভ্যের সহিত পুরোহিতকে অগ্রবর্তী করিয়া অভিবিনীত-ভাবে প্রণিপাতসহসারে বহু রত্ন প্রদানপূর্কক মরদেব বাহ্মদেবের উপাসনা করত ভাহার শরণাপর হইলেন। পুর্ববাস্থম ক্ষ
ভরার্ত সহদেবকে অভর প্রদান করিয়া তৎপদত্ত মহাম্ব্যা
রত্নসম্পার গ্রহণ করিলেন। ক্ষ ভীম ও অর্জ্ন একত্র
হইয়া সানন্দে সংকারপুর্কক ভাহাকে সেই মগধরাল্যে
অভিবিক্ত করিলেন। মহাবাহু সহদেব মহাত্মাগণ কর্তৃক
অভিবিক্ত হইয়া রাজধানী প্রবেশ করিলেন।

বৃদ্ধিনান্ পঞ্জনিস্থান ক্ষক পাওবগণ বারা চিরশক্ষ জরাসন্ধকে বিনত্ত করিরা ধর্মরাজের অক্সা লইরা কৃতী,
রক্ষা, ক্ষতা, জীমনেন, খনজর এবং ধ্যান্তকে আমন্ত্রণ
করিরা ধর্মরাজ প্রদন্ত মনজন্যানী সেই দিব্য রধে দশ
দিক্ বৃধ্রিত করিরা নিজনগরে বাজা করিলেন। উাহার
গমনসমরে অজাতপক্রপ্রভৃতি পাওবগণ তাঁহাকে প্রদক্ষিণ করিলেন। রাজা বৃধিনির জরাসন্দের বধ সাধম ও
গিরিত্বর্গ হইতে বধার্থানীত নরপতিদিধের উদ্ধার করাতে
তাঁহার বলোরাশি ক্রমে চারিদিকে বিস্তৃত হইরা উঠিন।
হে ভরতবংশাবতংস জনমেজর! এইরূপে পাওবগন
লৌপদীর প্রীতি বর্জন ও তৎকালোচিত ধর্ম-কামার্থোপেত প্রজা পালন করত পরম ক্ষ্যে বাস করিতে গাগিলেম।

बतानक्षत्र नर्स नमारा।

निधिजय পर्वाशाय।

চতুর্বিংশতিতম অধ্যায়।

বৈশাশারন কহিলেন, ছে মহারাজ! অর্জ্ন উৎকট ধছুঃ, অক্ষয় তৃণীর, রথ, পতাকা ও সভা অধিকার করিরা যুধিষ্টিরকে কহিলেন, রাজন্! নিভাত অস্থলত অভিনবিভ কোদও, নহার, ছর্গ, বশ ও বলপ্রভৃতি আমি সকলই লাভ করিরাছি। এক্ষণে কোববৃদ্ধি ও ভূপালগণ হইতে কর আহ্রণ করাই আমার কর্ত্ব্য কার্য। এক্ষণে আগনি অনুমতি করিলে ওভ সক্ষত্র, মুহুর্ভ ও ভিথিবিশের লাজ করিয়া বিজয়ার্থ উদ্বরাভিমুখে প্রাহান করি।

অর্জুনের এই কথা শুনিরা বুণিটির সিম গন্তীর পরে
কহিলেন, বংস! তুমি পূজ্য রাক্ষণদিগের আশীর্মাদ
প্রহণপূর্থক পত্রগণের বিরামক ও ক্ষেবর্গের আমক
বর্দ্ধনের বিষিত্ত যুদ্ধাঞা করা নিশ্চরই
ও অভীউনিদ্দ হইবে। তথন অর্জুন ক্ষ্মান
পরিবৃত্ত হইরা অগ্নিকত দিব্যর্থে সারোহ
করিলেন। ভীমসেন ও বন্ধ কর্ক
বর্দ্ধান বুণিটির কর্জক সংস্কৃত হইলা
ন্যান্তারে রাজ্যানী হইতে নির্গত হইলা

আনজন অর্জুন উত্তর দিক্ জীম পশ্চিম, সহদেব দক্ষিণ ও সকুল পূর্কদিক জয় করিয়াছিলেন। বুধিটির থাওক প্রেছমধ্যক অ্যুক্তের পরিবৃত হইরা পর্য সমুদ্ধিসন্পর হইরা উঠিলেন।

পঞ্চবিংশতিত্য অধ্যায়

জনমেজয় কহিলেন, হে ব্রহ্মন্! একণে পাগুবদিগের দিখিজয় বৃত্তান্ত সবিত্তর কীর্ত্তন করন। আমি পূর্কা পুরুবদিগের অভ্যাশ্চর্য্য বিচিত্র চরিত্র প্রবণ করিয়া কিছু-তেই পরিভ্রা হইতেছি না। বৈশশ্পায়ন কহিলেন, মহারাজ! পাগুবেরা এককালে পৃথিবী জয় করেন, অভএব প্রথমতঃ অর্জ্ঞানের দিখিজয়বৃত্তান্ত বর্ণন করি-তেছি, প্রবণ করন।

মহারাজ! ধনপ্রয় প্রথমত: অনতিভয়ক্তর কর্ম হারা কুলিন্দবিষয়ন্থিত মহীপালগণকে স্ববংশ স্থাপন করিলেন। অনস্তর কুলিন্দ, কালকুট ও আনউদেশ বশীভূত করিয়া তিনি সলৈনা মহীপাল স্থমগুলকে পরালয় করেন। তৎপরে স্থমগুল সমভিব্যাহারে শাকলদ্বীপেও বিদ্ধা ज्यवनविधिक भार्थिविष्णाक अवं कवितन। मश बीन মধ্যে শাকল্ৰীপে যে সকল ভূপাল বাস করিতেন, অৰ্জুন সৈন্যের সহিত ভাহাদিগের তুমুল সংগ্রাম হইল। অনস্তর অর্কুন ঐ সমন্ত রাজগণকে পরাজয় করিয়া ভাঁহাদিগেরই সম্ভিব্যাহারে প্রাগ্রেছাতিব দেশে উপস্থিত হইলেম। তথায় ভগদত্ত নামে এক রাজা ছিলেন। ভাঁছার সহিত অর্জানের যোরতর যুদ্ধ হইতে লাগিল। প্রাগজোতিবে-শর ভগদত্ত কিরাভ, চীন ও সাগদ্ধের উপকৃলবাসী অন্যান্য बहुविध योक वर्णित महिल शतिवृक्ष हिंद्यम । जिनि आहे **पियम यूफ कतिया मः आमिविवास विश्व क्रम्म वर्ष्ट्रमा**क जिहाना वहत्व कहित्वन, हि महावादहा । 'फुमि दिन बत्ताक हिट्टान जानाजः एकामात्र धारेत्रश वनवीया इहेटत. हेश নিভাত অসমত মতে, আমি ইত্রের প্রিয় স্থা, আমিও शिक्ता वनविकासकार्या (कान करान करान वनरनका नान ৰি, তথাট ভোষাৰ সহিত মুক্ক করিতে নিভাত অসমৰ্থ क्टिकि! अठवर धकरन कामात कि अकिनाव स्व ক্রিলামি ভাষার অভুজান করিছ। নিশ্চরই কহিতেছি, তুলি বে কথা কহিবে, ভাহার অলাখা হইবে লা। আর্ক্রুব কহিবেল, আফি কুকুকুলভিবক ধর্মনক্ষন ধর্মপরারণ রাজা বৃধিষ্ঠিরের পার্থিয় সংস্থাপনের অভিসন্ধি করি-রাছি। আপনি ভাহাকে কর প্রানান কর্মন। আপনি মলীর পিতা ইক্রপেবের স্থা, আর আমার লহিভও আপম-কার বিলক্ষণ গস্তাব ভ্ছিল। স্ভরাং এক্ষণে আর আপ-নাকে আদেশ করিভে পারি না, অভএব প্রীতিপূর্ক্ত কর প্রানান কর্ম। তথন ভগদত কহিলেন, হে কুতীনক্ষম অর্ক্রুন। বাদৃশ ভূমি-আমার প্রণরভাজন, রাজা বৃধিষ্ঠিরও ভক্ষপ অভএব আমি অবশাই এই সমন্ত অনুষ্ঠান করিব, বরং আর কি করিতে হুইকে বল।

ষড়বিংশতিতম অধ্যায়।

বৈশশারন কছিলেন, মহারাজ ! ভগদত কর্তৃক এইরূপ অভিহিত ইইরা অজুন প্রত্যুত্তর করিলেন, মহাশর !
এই বিবরে অফ্টাক্ত হইলে, আমাদিগের সকলই অফুরিড
হয়।

অনন্তর অর্জন ভগদত্তকে পরাজর করিয়া উত্তরাতি-মুখে প্রস্থান করিলেন। তথার উপস্থিত হইরা অন্তর্গিরি, বহিগিরি ও উপগিরি এই সমস্ত স্থান আপন হত্তগত করিলেন। তৎপরে পর্বত বন ও তত্ততা অনেকানেক ভূপালগণকে আরম্ভ ও অকুরক্ত করিরা তাঁহাদিগের निक्र धन शहर कतिएलन। अनस्त्र मुक्कनान, अथवर्षत-শব্দ ও মাতলগণের সংহিত ধানি যারা পর্যাওকাদনস্যা-কীৰ্ণা বহুদ্ধরা ধবলিত ও বিকশ্পিত করিয়া ঐ সকল রাজলোকের সহিত উল্কবাণী বৃহত্তের নিকট উপস্থিত হইলেন ব বৃহত্ত অবিলয়ে চতুত্রজিলী ক্রেনা সমর্ভিব্যাহারে রাজধানী হইতে নির্পত হইরা অর্জ্বের সহিত বোরতর সংগ্রাম আরম্ভ করিবেন। অর্জানের সহিত পর্বভরাক বুহজের অভিমহৎ 'সভার্ব হইতে লাগিল, কিন্ত বৃহস্ত তাঁছার বলবীয়া সহা ক্রিডে পারিল্লেন না। পরিশেবে তিনি অর্জ্জনকে নিভাত ত্রিগছ বির করিয়া প্রভৃত অর্থের সহিত তথার সমুপস্থিত হইলেন।

অনতর কুৰীদশন বৃহত্তরাতা বৃহত্তথেই সমর্পণ করিয়া উল্প সমতিব্যাহারে সেনাবিস্থ নিকট উপছিত হইলেন এবং অনভিবিশ্ব উচ্চাকে রাজ্যচ্ত করিলেন। তৎপরে তিনি মোদাপুর, বামদেব, স্থামন,
স্থাস্থ্য এবং উল্পন্ন উল্কল্পন্থ অনেকানেক ভূপালগণকে সমানয়ন করিলেন। তিনি তথায় অবস্থান করিরাই ধর্মান্ধ বৃধিষ্ঠিরের অপ্রতিহত শাসনপ্রভাবে সেনাসমূহ দ্বারা পঞ্চগণ ও বছবিধ দেশ কর করিতে লাগিলেন। তৎপরে চত্রদিণী সেনা সমন্তিব্যাহারে সেনাবিশ্বই রাজধানীহইতে নির্গত ও দেবপ্রস্থে উপন্ধিত হইয়া
স্কাবার সংস্থাপন করিলেন। তথা সইতে সৈন্যুগ⁴ পরিবৃত্ত হইয়া পুরুষর্ভ পৌরবরান্ধ বিখগণের নিকট উপনীত
হইলেন। তথার অনেকানেক পার্ক্তরীর মহাবীরদিগকে
সমরান্ধনে পরাক্ষর করিরা সৈন্যুগণসহকারে পৌরবপুরী
অধিকার করিয়াছিলেন। তৎপরে পৌরব ও পর্ক্তনিবাসী দ্বাদিগকে এবং সপ্রবিধ উৎসব-সঙ্কেতনামক
ক্রেজ্বাতিদিগকে পরাক্ষর করিলেন।

चनडत्र छिनि काचीतर्तमन्द्रुष्ठ क्रवित्रदीत्रनिगरक छ দশ বাজমগুলের সহিত ভূপাল লোহিতকে, পরাজর করি-লেন। তথ্য ত্রিগর্ভ, দারু ও কোকনদদেশীর ক্ষত্রিরেরা वर्ष्यनमहिशास ममाग्र हरेट नागिरनन । उर्शास महा-बीत अर्क्न तथा अछिनाती नगती अधिकांत कतिरान । জাঁহার বাহবলে রণছলে উরপদেশবাসী মহারাজ রোচমান भवाकिक स्टेरनन । जननवत त्रनवरन देनना विखातभूक्तक ৰছবিধ আযুধনকিত রমণীর সিংহপুরে অগ্নিসংবোগ कतिया पित्नन । छरशात रेमनाश्रन ममकियाहात मध्य छ स्मानानात्री ननतो यहन कति छ नः शिलन ७ १ न द পরম বাছবিক্রম প্রকাশপুর্বাক তিনি নিতান্ত হল্ল'ড बाब्लोकिनगटक निविध्यंत्र वर्षन कवित्रा श्रीतरम्दव चवरन श्रापन कार्रेशन। अनस्त्रंत महादम श्राद्धास रेमना नमक्तिवाहाद्य नहेबा पत्रम ଓ कार्याच चत्र करबन । शूर्क **७ উত্তরদেশে বে** সকল দক্ষাদল বাস করিতেছিল, আর याहाता अवगाहादो छाहाता अ अर्क्ट्रान व नी जुड हरेन। **७९** भरावीत सर्भून लाह, भन्न, कार्याक ও উত্তর चविक धरे मक्नाक धक्कारण भवावत कविरणन । श्रविक-দিগের সহিত অর্জুনের বেরিতর ভরকর বৃদ্ধ আরম্ভ হইব। অর্ক ভাহাদিপকে সমরাজনে পরাজয় করিয়া ওকােদর-अप भारे हि भाष भागवन कतिरानन । भाव वाककवयवन

মনুরসমূশ উদীচ্য ও পাশ্চাত্য অতিবেগনামী কুরক্ সংগ্রহ করিয়াছিলেন। তৎপরে নিজ্টপর্বাত ও হিমাচলকে পরাক্তর করিয়া ধবল গিরিপুঠে সেনানিবেশ করিলেন।

সপ্তবিংশতিতম অধ্যায়।

বৈশশ্যারন কহিলেন, মহারাজ! মহাবীর অর্জুন ধবলগিরি অভিক্রম করিরা ক্রিয়ান্তক ভয়ন্তর সংগ্রাম দারা ক্রমপুত্ররক্তিত কিন্দুক্রবর্ধ পরাজয় ও অধিকার করিলেন। তৎপরে সদৈনো গুল্লকণালিত হাটকদেশে উপস্থিত হইলেন, তথায় গুল্লকদিগের নিকট জয় লাভ করিয়া তিনি মানস সরোবর ও সমস্ত গ্রিকন্যা অবলোকন করিতে লাগিলেন। তৎপরে মানস সরোবরের নিকটন্থ হইয়া হাটকের চতুপার্শ্ববর্তী গৃন্ধর্করক্ষিত দেশ সকল অধিকার করিলেন। সেই সমস্ত গন্ধর্কনপর হইতে তিনি তিত্তিরি, কল্মাম ও মণ্ডুক নামে প্রচুর অখরত্ব কর্মন্ধ লাভ করিলেন।

অনতার অর্জান উত্তরহরিবর্বে সমুপস্থিত হইরা জার-नाफ कदिवात निमिक हैका कदिरान । अहे अवगद महावीया महाकात महावन दात्रभागमकन अर्कानमृतिशासन উপনীত रहेशा खंडाख:कत्राप कहिन, (र क्छोनमन महा-छात्र व्यक्त । व्यानि वह नद्धनत्रत्री व्यक्षकाद्ध कनाह गमर्थ इटेर्यन ना, अविनास ध द्वान इटेर्ड खद्वान इक्रम। **এই नशरी जगर्याश रिनागामक गन्मत। विनि अहे** नगद्य धादन कद्रन, जिनि निःम्यक् मामाना मह्या, নহেন। একৰে আৰৱা আপনার প্রতি প্রীত ও প্রবন্ধ क्रेबाकि। यथन जाशनि এই नगत्त्र अदिश क्तिबारक्न, उपन चार्यनात्र क्षत्रगाञ्चे इटेब्राइ । दर चर्कान । अष्टरन (कान विषय है (बाउदा निकित हम ना । अहे (मान व नाम फेडत कुछ । अष्टारन बुरकत धातकक नारे। जानिक नग्र शादन क्रियाह्न, ज्यानि यान अजाद कान दश्के चार्यनात थाठाक इरेटिएइ ना। धप्रत कान विवस्त मध्यामात्वत माकारकात मात्यत मधानमा नाहे। अकृत् व्याननकात यनि कान कार्या जानावन कतिवात व्यक्तिक बाटक बनून, जाका शाहरन जामताह नमक जहांक করিব। তথন অর্জুন হাসামুখে প্রভাতর করিছেন।

আমি ধীমান্ ধর্মরাজ যুধিটিরের আধিপত্য স্থাপন করিতে ইচ্ছা করিরাছি, অত এব বদি তোমাদিগের এই প্রদেশসকল নরলোকের সঞ্চারবিক্ষ হর, তাহা হইলে ধর্মরাজ
যুধিটিরকে বংকিঞ্জিৎ কর প্রদান কর। তথন বারপালেরা
অর্জুনকে দিব্য বন্ধ, দিব্য আভরণ, দিব্য অজিন ও মহার্হ
কৌম বন্ধ, এই সমস্ত বন্ধ কর প্রদান করিলেন।

অনন্তর অর্জ্ঞুন উত্তর কুরু পরাজর করিরা পরিশেষে অন্যান্য অনেকানেক করির ও দন্তাগণের সহিত সংগ্রাম আরন্ত করিলেন এবং তাহাদিগকে পরাজিত ও হন্তগত করিয়া বছবিধ ধন রত্ব এবং ময়ৢরসদৃশ, গুকশ্যাম, বেগশালী অর্থ সকল গ্রহণ করিলেন। তৎপরে তিনি চতুর্বিদনী সেনা সমভিব্যাহারে পুনরায় রাজধানী ইক্রপ্রত্থে উপস্থিত হইলেন এবং মুধিষ্ঠিরকে বাহনের সহিত সমস্ত ধন প্রদান করিয়া তাহার আদেশামুসারে গৃহে প্রবেশ করিলেন।

অফাবিংশতিত্য অধাায়।

বৈশপ্দায়ন কহিলেন, মহারাজ! এই অবসরে ভীমপরাক্রম ভীম যুধিন্তিরের আদেশাস্থ্যারে করিত্রগসঙ্গ বছল বল সমভিরাহারে পূর্ব্ব দিখিভাপে যাত্রা করিলেন, এবং অন্তিকালমধ্যে পাঞ্চালনগরে উপনীত হুইরা বিবিধ উপায় উদ্ভাবনপূর্ব্বক পাঞ্চালদিগকে স্বৰণে আনিলেন। অন্তর তিনি বিদেহ ও গওকদিগকে পরাজ্য করিয়া অভায়কালবিল্বই দ্পার্ণদেশ অধিকার করিলেন। তথায় দ্পার্ণাধিপতি স্থাম্মা ভীমদেনের সহিত অতি ভয়ঙ্কর বাহুব্দ্ধ করিলেন। সেই মহাবল মহীপালের বাহুবল গুলীক্ষা করিয়া ভীম ভাহাকে পরাজিত ও দেনাপতিমধ্যে

শ্বনত্তর ভীমদেন বাহিনী বলভরে বহুদ্ধরাকে কপাবিভ করিয়া পূর্বাদিকে যাতা করিলেন। তথার সমরানল
প্রেজলিত করিয়া বাত্বলে অয়্চরবর্গের সহিত অখ্যেধেখর রোচমানকে পরাজয় করিলেন। ভীম, মহারাজ
রোচমানকে অবলীলাক্রমে পরাজয় করিয়া পূর্বনেশ
শ্বিকার করিতে লাগিলেন। অনস্তর তিনি দক্ষিণ
বিশ্বিভাগত্ব পূর্বিক্রনগরে উপস্থিত হইয়া সূকুমার ও

মনিঅনামা ভূপাল্বরকে বলীভূত করিলেন। তৎপরে ধর্মাজ বৃথিন্তিরের আদেশাস্থ্যারে মহাবল শিশুপাল্
সরিধানে উপনীত হইলেন। চেদিরাজ ভীমের অভিত্রেত
সমাক্ অবগত ও রাজধানী হইতে নির্গত হইয়া তাঁহার
সহিত সাক্ষাৎ করিলেন। সাক্ষাৎ হইবা মাত্র উভয়ে
আত্মক্লগত কুশলপ্রশ্ন জিজ্ঞাসিলেন। তদনন্তর শিশুপাল
স্বরাজ্যের অবস্থা নিবেদন করিয়া সন্মিতবদনে কহিলেন,
হে মহাবাহো। এক্ষণে কিরূপ কার্য্য সংসাধনে অধ্যবসার
করিয়াছ ? ভীমদেন প্রত্যুত্তর করিলেন, আমি ধর্ম্মরাজ
বৃধিন্তিরের আদেশান্ত্রসারে দিগ্রিজয়ার্থ নির্গত হইয়া কর
সংগ্রহ করিতেছি। এই কথা শুনিবামাত্র চেদিরাজ
তাঁহাকে কর প্রদান করিলেন। তৎপরে ভীমসেন তথার
তিংশদিবস বাস করিয়া শিশুপাল কর্জ্ক সমাল্ত ও
সংকৃত হইয়া বলবাহন সমিভবাহারে নিজ্যান্ত হইলেন।

উনতিংশৃত্তম অধ্যায়।

বৈশস্থারেন কহিলেন, অনস্তর ভীম, কুমাররাজ্যে শ্রেণীমান ও কোশলাধিপতি বৃহত্বলকে পরাক্ষর করিলেন। তংপরে অযোধ্যার উপস্থিত হই রা অনতিতীব্র কর্ম দার। ধর্মজ্ঞ মহাবল দীর্ঘজ্ঞকে জর করিলেন। তদনস্তর গোপালকক, উত্তর কোশলতাদেশ, ও মলাধিপতিকে স্বর্শে আনিলেন। তংপরে হিমালরের পার্দ্দেশ বল প্রকাশপূর্কক অল্ল কাল মধ্যে সমৃদর জলোভবদেশ অধিকার করিলেন। হে মহারাজ! এই রূপে অনেকানেক দেশ ভীমসেনের অধিকত হইল।

তংপরে ভীমপরাক্রম ভীমসেদে ভরাট ও শুক্তিমান্
পর্কত পরান্ধর এবং নিজবাহবলে কাশিরাজসহিত
হ্ববাহকে বশীভূত করিলেন। অনস্তর হ্রপার্থ, যুদ্ধান
ও রাজপতি ক্রথকে বলপুর্কক পরান্ধর করিলেন। তৎপরে
মৎস্য ও মহাবল মলদদিগকে এবং গশুভূমি সকল কর
করিতে লাগিলেন এ জংপরে তথা হউতে প্রতিগমনপূর্কক
মদধার মহীধর ও সোমধেরদিগকে কর করিয়া উত্তরাজিন
মুধে প্রহান করিলেন। উত্তর দেশে উপস্থিত হইয়া
মহাবল ভীম বল প্রকাশপূর্কক বংসভূমি প্রবিকার করিন
লেন। তৎপরে ভর্গের অধীশ্বর, নিবাদাধিপতি ও মানি-

মান প্রভৃতি মহীপালদিগকে পরাজয় করিতে লাগিলেন। অনন্তর অনতিভীত্র কর্ম ছারা দকিণ মল ও ভোগবান পর্বভবে পরাজর করিলেন। তৎপরে সাম্বাদ প্রয়োগ-পর্বক শর্মক ও বর্মকদিপকে জয় করিতে লাগিলেন। পরে মহারাজ বৈদেহক ও জগতীপতি জনককে পরাজয় क्तिलाम, धावश इल्लाकाम् श्रवक मक ए वर्क्त मिन्राक আত্মবশে আনিলেন।' তৎপরে ইক্রপর্যত সলিধানে বিদেহদেশে ৰাস করিয়াই তিনি সপ্ত প্রকার কিরাতা-ধিপতিদিগকে পরাজয় করিলেন। আইস্তর স্থপক হটলেও হুত ও প্রস্তুদিগকে যুদ্ধে জয় করিয়া মগ্ধদিগের প্রতি धारमान इहेटनन। उथाय मध, मध्यात ७ जनाना মহীপালদিগকে জয় করিয়া তাঁহাদিগেরই সমভিবাহারে গিরিত্রতে যাতা করিলেন। গিরিত্রতে উপস্থিত চুট্টা জরাসন্ধতনরকে সাস্থনা ও হস্তগত করিয়া তাঁহাদিগের সহিল কর্ণের প্রতি ধাবমান ২ইলেন। পরে চতুরক্ষ বল সমভিব্যাহায়ে মেদিনীমণ্ডল চালিত করিয়া কর্ণের সহিত যুদ্ধ কসিতে লাগিলেন। পরিস্থেবে কর্ণকে বুদ্ধে পরাজিত ও আপনার বশীভূত করিয়া পর্বতবাসী রাজপণকে জয় করিলেন।

অনন্তর মোদাগিরিতে উপস্থিত হইরা নিজ বাহবলে সেই স্থলের রাজাকে সঙ্গামে সংহার করিলেন। তৎপরে মহাবল মহাবীর প্রাধিপতি বাস্থদেব ও কৌশিকীকছে-বাসী মনৌজা রাজা, এই হুই মহাবল পরাক্রান্ত মহাবীরকে পরাজ্ম করিয়া বিশ্বরাজ্মের প্রতি ধাবমান হইলোন। তৎপত্রে সমুদ্রসেন, চক্রসেন, তাম্রলিপ্ত, কর্জনি। তৎপত্রে সমুদ্রসেন, চক্রসেন, তাম্রলিপ্ত, প্রভৃতি বঙ্গদেশ্বাধীখরদিপকে ও স্কুদিগের অধীখর এবং মহাসাগ্রকুলবাসী স্লেছ্গণকে জ্বর

এইরপে মহাবীর ভীম অনেকানেক দেশ অধিকার ও তথা হইতে কর সঙ্গুহ করিয়া মহারাজ লোহিত্যের নিকট উপনীত হইলেন। সাগরক্লবাসী মেচ্ছ রাজগণ ভীমকে বিবিধ রক্ষ, চন্দন, অগুরু, বস্তু, মিন, মৌজিক, কম্বল, কাঞ্চন, রজত, বিজ্ঞমপ্রভৃতি মহামূল্য জব্যজাত প্রদান করিয়াছিল। ভীম এই সমস্ত সামগ্রী গ্রহণপূর্বক ইজ্প্রেস্থে উপস্থিত হইরা ধর্মরাজ মুধিষ্টিরকে প্রদান করিলেন।

ত্রিংশত্তম অধ্যায়।

বৈশন্পায়ন কহিলেন,অনস্তর সহদেব ধর্মরাজ যুধিষ্টির কর্ত্তক পূজিত হইয়া মহতী সেনা সম্ভিব্যাহারে দক্ষিণ দিকে বাত্রা করিলেন। তিনি প্রথমতঃ মধুরা নগরী জর করিলেন। তৎপরে মৎসারাজ তদীর বলবীর্যোর বশীভূত হইলেন। অনন্তৰ অধিরাজাধিপতি মহাবল দত্তবক্রকে জন্ম ও তাঁহাকে করদ করিয়া শ্বরাজ্যে স্থাপিত করিলেন। তৎপরে সুকুমার ও নরাধিপ স্থমিত্রকে বদীভূত করিয়া পটচ্চর ও অপর মংসাদিগকে পরাজয় করিলেন। তৎপরে নিষাদভূমি, গোশুক পর্বত ও শেণিমান পার্থিবকে বল প্রকাশ করিয়া বশীভুত করিলেন। তৎপরে নবরাষ্ট্রকে জয় করিয়া কুস্তিভোজের অভিমুখে ধাবমান হইলেন। কৃত্তিভোজ প্রীতিপূর্বক সহদেবের শাসন শিরোধার্য্য করিলেন। অনন্তর প্রোভগতী চর্মণ্তীর ভীরদেশে পূর্ব্ববৈরী বাস্থাদেব কর্ত্তক পরাজিত জন্তকাত্মজ মহারাজকে দেখিলেন। তিনি সহদেবের সহিত ঘোরতর সংগ্রাম করিলেন। পরিশেষে সহদেব তাঁহাকে যুদ্ধে পরাজিত করিয়া দকিণাভিমুথে যাত্রা করিলেন। তথার সেক ও অপরসেক সহদেবের নিক্ট পরাজিত হইলেন। সহদেব তাঁহাদিগের নিকট কর প্রহণ ও বিবিধ রতু আহরণ করিয়া তাঁহাদিগেরই সুমভিব্যাহারে নশ্মদা নদীর অভি-মূবে যাত্রা করিলেন। তথার স্থমহৎ সৈনাসমূহপরিবৃত অবস্তিদেশস মৃৎপন্ন মহানীর বিলাপুবিলাধ্যকে যুদ্ধে জয় ক বিয়া হাদিগের নিক্ট বিবিধ রত্ন গ্রহণপূর্বক ভোজ-কট পুরে গদন করিলেন। সেই স্থানে নিতান্ত ছর্ম্বর্ মহারাজ ভীমকের সহিত হুই দিবস ঘোরতর সংগ্রাম হুটতে লাগিল, পরিশেষে তাঁহাকে পরাজয় করিয়া কোশু-नाधिश्वि, द्विमानभीत छीत्र नुश्वि आत्रशुक् अ आया-धाति शुक्रीश्लातं कथीश्वतिनगरक, समत्त शताकम कति-(नन। उ९ शद्र नाहेत्कत्र ७ (इत्रम्क मिर्शक यूद्र अप ক্রিরা মারুধ ও মুঞ্জ গ্রাম বলপূর্বক অধিকার করিলেন। তৎপরে নাটবিক, নর্জাক ও সেই সমস্ত আরণাক নৃপতি-দিগকে জন্ম করিতে লাগিলেন। অনস্তর বাতাধিপতিকে হস্তগত ও পুলিন্দদিগকে যুদ্ধে পরাজিত করিয়া সহপেৰ দক্ষিণাভিমুখে বাতা করিলেন। পাণ্ডারাজ্যের সহিত

তাঁহার এক দিবস যুদ্ধ হইল। তিনি পাঞ্যরাজকে পরা-জয় করিরা দক্ষিণাপথে প্রস্থান করিলেন। তিলোক-विश्वाला किकियानाची वानवनश्वीत्व छेशश्रिक इतेश ৰানররাজ নৈন্দ ও দ্বিবিদের সহিত সাত দিবস যোরতর যুদ্ধ করিতে লাগিলেন, কিন্তু তাঁহারা কিছতেই পরিপ্রান্ত বা বিকার প্রাপ্ত ২ইলেন না। তখন তাঁহারা সাতিশয় ষ্ট ও সম্ভট হইয়া সহদেবকে প্রীতিপূর্বক কহিলেন, হে পাওবশার্দ ল ৷ তুমি আমাদিগের নিকট বিবিধ রত্ন গ্রহণ-পূর্বক এতান হটতে প্রস্থান কর। তুমি যে কার্য্য সমাধা করিতে উদাত হইয়াছ, ভশ্বিরে তোমার শ্রেয়োলাভ হইবে। অনস্কর তিনি তথা হইতে রছ গ্রহণপুর্বক মাহি-মতী নগরীতে গমন করিলেন। তথায় মহাবাজ নীলের স্থিত সহদেবের সৈনাক্ষয়কর ঘোরতর সংগ্রাম আরম্ভ সকলের প্রাণসভট উপস্থিত, ভগবান চতাশন ये युक्त नीनवाक्रक मार्गाया मान कतिए नागितन। नश्राप्तर रेमञ्जमस्था काचे, उंबे, इंडि, शुक्रव ଓ कवि সমুদয় প্রদীপ্ত ছইয়া উঠিল। এই বিশায়কর ব্যাপার সন্দর্শনে কুলনন্দন সহদেব ইতি কঠেব্যতাবিমৃত হুইয়া বহিলেন।

জনমেজয় কহিলেন, ছে তপোধন। সহদেব রাজা বুধিষ্ঠিরের রাজস্য যজের আমোজন করিতেছিলেন, ভগবান বহি কি নিমিত্ত রণক্ষেত্রে তাঁহার বিপক্ষতাচরণ করিলেন। বৈশম্পায়ন কছিলেন, মছারাজ। এইরূপ কিষদত্তী আছে বে.পূৰ্পে মাহিশ্বতীবাসী ভগবান পাবক পারদারিক বলিয়া গৃহীত হন। নীল রাজার সর্কাঙ্গ-इसदी এक कुगाती हिल (य, मर्खना निष्ठात (वाधन माध-নের নিমিত অগ্নির উপাসনা করিত। অগ্নি, ঐ রাজকুমারীর রম্বীর ওঠপুট বিনির্গত বায়ু ব্যতিরেকে ব্যঞ্জন হারা উপৰীকামান হইলেও প্ৰজ্ঞলিত হইছেন না। অনস্তর ৰি**ছি আক্ষণৰূপ** পরিগ্রহ করিয়া সেই প্রপ্রশাসনা অবর্শনা কনাার সহিত খেচ্ছাক্রমে বিহার করিছে লাগি-লেন, এবং রাজাকে অনাদর করিরা সকলের গৃহেই গমনাগমন করিতেন। ধর্মপরারণ রাজা এই বুতাস্ত অবগত হইরা শাত্রাম্থপারে ভাঁহাকে শাস্ত্র করিলেন। ज्यन जनवान अति त्कार्य अथीत हरेता श्रवणिक हरे-रानः। त्रामा এই चड्ड व्यानात वर्णतम विश्ववाविष्ठ स्टेबा বিপ্রন্ধণী বছির শরণ গ্রহণপূর্ব্বক শুভ দিনে ও শুভ শর্মে তাঁহাকে কল্পা সম্প্রদান করিলেন। অনশ নীলরাজ-ছহিতাকে প্রতিগ্রহ করিয়া প্রসম্ম ইয়া তাঁহাকে কহিলেন, মহারাজ! বর প্রার্থনা কর। রাজা এইরপ অভিহিত্ত হইয়া আগনার ও সৈন্যসামস্তের অভয় প্রার্থনা করিলেন। ভদবধি এই বৃত্তান্ত না জানিয়া যে কোন নরপতি মাহিন্মতী পুরী জয় করিতে ইচ্ছা করেন,ভগবান্ অগ্নি তাঁহাকে দগ্ম ক্রিয়া থাকেন। ভদবধি এই নগরীতে কেহই স্ত্রী-লোকদিগকে স্বেচ্ছাপ্রসারে প্রহণ করিতে পারেন না। অগ্নি মহিলাগণকে "আবরণীয়া হও" এই বলিয়া বর দান করাতে, ভদবধিই ভাহারা সৈরিণী হইয়া ইচ্ছাম্বসারে ইতন্তত: সঞ্চরণ করিয়া থাকে। এইরপ ব্যাপার দেখিয়া ও অগ্নিভয়ে ভীত হইয়া রাজগণ মাহীল্পতী নগরী পরিত্যাগ করিতে লাগিলেন।

এইরূপে উপাথ্যান সমাপ্ত করিয়া বৈশ্লপায়ন ঝীছ-লেন, মহারাজ! সহদেব সৈনাদিগকে অগ্নিপরীত ও একান্ত ভীত দৈথিয়া অচলের ন্যার নিশ্চল হইয়া রহি-লেন। কিয়ংকণ পরে শুচি হইয়া আচমনপর্বাক পাবককে এইরপ ক্তব করিতে লাগিলেন। ভগবন। আমি আপনকার প্রসাদেই দিখিজয় করিতেছি, আপনাকে নমস্কার করি। আপনি দেবগণের মুধস্বরূপ ও আপনিই যক্ত। জগৎকে পবিজ করিতেছেন, এই নিনিত আপন-কার নাম পাবক। বহনীয় জলভাত বহন করিয়া থাকেন. এই কারণে হবাবাহন হইয়াছেন। আপনা হইতে বেদ खित्राह्म वहे कर्ना रे नकत्व व्यापनात्क कार्कर्यमा यनिया থাকে। হে বিভাবসো। আপনিই চিত্রভামু স্থারেশ ও অনল। আপনিই স্বর্গদার পার্শী হতাশন, জলন ও শিখী। আপ্ৰিই বৈখানর, পিলেশ ও সর্বভেজোনিধান, কুমারত, মাপনিই ভগবান ক্ষুগর্ভ ও হিরণ্যক্রং। হে অনল! আপনি আমাকে তেজঃপ্রদান করুন, বায়ু প্রাণ দান ও পৃথিবী বলাধান ককুন, জল মঙ্গল সাধন ককুন। ভগৰন ! খাপনা হইতে বারি সভাূত হয়, আপনি হুরশ্রেষ্ঠ ও দেব-গণের মুধত্বরপ। আপনি একণে আমাকে পবিত্র করুন। প্রবি ব্রাহ্মণ, দেবতা ও অসুরগণ বে সমস্ত যজের অমুঠান করেন, আপনি ভধার অবস্থান করিয়া থাকেন। এক্সনে সভা দ্বারা আমাকে পবিত্র করুন। হে অরে ! আমি প্রীত ও ভটি হইয়া আপনাকে তব করিতেছি, একণে আধনি আমাকে ভূষ্টি, পুষ্টি, শ্রুতি ও প্রীতি প্রদান করুন।

বৈশন্পায়ন কহিলেন, মহারাজ। যিনি এইরূপ আগ্নের মন্ত্র উচ্চারণপূর্বক হোন করিয়। থাকেন, ভিনি সম্পতিশালী, দাস্ত ও সর্মপাপ হইতে বিমৃক্ত হন।

ইহা প্রবণে মাজীতনয় ক্রপ্তাক্তরণে উথিত হইয়া কুতাঞ্চলিপুটে নমস্বার করিয়া বহ্নির পূজা করিলেন। বহ্নি প্রতিনিব্ত হইলে পর মহারাজ নীল তদীয় আদেশামুসারে সহদেবস্ত্রিধানে উপনীত হইয়া শাস্তামুসারে তাঁহার অর্চনা করিলেন। সহদেব পূলা গ্রহণপূর্বক নীলরাজাকে হন্তগত क्रिया पिक्न (क्रियुथ ध्यश्चान क्रियुमा । नवाप्त महाप्त প্রভূত পরাক্রনশালা ত্রৈপুররক্ককে স্ববশে স্থাপন করিয়া পৌরবেধরকে বলপর্বক আপনার বশীভূত করিয়া রাখি-লেন। অনন্তর দৃত্তর বহুসহকারে স্থরা ষ্ট্রাদিপতি কৌশি-कार्गाया जाक्रिक जानना त्र यभवती कितिलन। अताहे রাজ্যে অবস্থান করিয়াই তিনি ভোজকটার নহাপাত্র ক্লফ্রিও পরম ধার্মিক দেবরাজ্বন মহারাজ ভাত্মকের নিকট দৃত প্রেরণ করিলেন। ভীম্মক ও তাঁহার পুত্র, উভয়েই সহদেবের শাসন শিরোধার্য্য করিলেন। তৎপরে माजीश्र महामय श्रीजिशृक्षक वाश्रामध्य महिल माकाः ও ভাছার নিকট হইতে উৎকৃষ্ট অব্যব্দত গ্রহণপুর্বক श्नकां प्रभन क्रिएं वाणिलन। ज्राप्त मूर्णाक्त,

ভাগাটক ও দওক্ষিগকে ব্শীভূত ক্রিলেন। ভদনস্তর गाग्रदीभवात्री ७ सिष्ट्रयानिमञ्ज जुनिक, निवास, दाक्त, कर्व, धावद्रण, नददाक्रम (यानिक कावमूथ, (कान-গিরি, সুরভীপট্টন, ডাড্রাখ্য দ্বীপ, রামক পর্বত ও তিমি-ঙ্গিল বশীভূত করিয়া একপাদ পুরুষ, বনবাসী কেরক, পঞ্মন্তী নগরী ও করহাটক, এই সকলকে কেবল দুভদারা আপনার বশবতী করিয়া কর আহরণ করিলেন। পরে পাঞা, ज्ञविष, উড়কেরল, অস্ক্র, তালবন, কলিল, উষ্ট্র, কর্ণিক, রুগণীয়া আটবী পুরী ও জবনপুর দৃত দ্বারা নিজা-য়ত কবিয়া কর সংগ্রহ করিলেন। তৎপরে মাদ্রবভী-जनव नमुद्धत कष्ट्रांतर व्यवश्वान कतिबारे श्रृतस्थनमन महाञ्चा विভीषापत्र निकि पृष्ठ পাঠाইলেন। विভीषण প্রীতিপূর্মক তাঁহার শাসন শিরোধার্য্য করিয়া বিবিধ মত্র, অগুরু চন্দন কাষ্ঠ, দিব্য আভরণ, মহার্হ বসন মহা-মূল্য মণি প্রেরণ করিলেন। মহারাজ। এইরপে ধীমান্ সহদেব বল, সাস্ত্রাদপ্রয়োগ ও বিজয় দ্বারা পার্থিবদিগকে করদ করিয়া প্রত্যাগমন করিলেন। এবং ধর্মরাজ যুধি-ষ্টিরকে জয়লবা সমস্ত জব্যজাত সমর্পণপূর্বক কৃতকৃত্য হইরা পরম স্থথে বাস করিতে লাগিলেন।

দ্বাবিংশতিত্য অধ্যায়।

বৈশল্পায়ন কহিলেন, মহারাজ! মহাবীর নকুল বেরপে বাহ্নদেবজিত দিক্সকল জয় করিলেন, সেই বিজয়বৃত্তান্ত একণে বর্ণন করিতেছি, অবধান করুন। নকুল থাওবপ্রন্থ ইতি বিনির্গত হইয়া সেনাগণ সমজিবাহারে পশ্চিমাভিম্থে প্রস্থান করিলেন। প্রস্থানসময়ে বীরগণের সিংহনাদ ও রথচক্রের ঘর্ষরক্ষনি দারা মেদিনীন্যওল কল্পিত হইতে লাগিল। সহদেব গোকুলসম্কুল, প্রভূত ধনধানাপরিপ্রিত, সমৃদ্ধিশালী, স্থরমা, কার্তিকেয়-প্রির রোহিতক দেশে প্রয়াণ করিলেন। তথার মহাম্বন্মত ময়্বগণ সমভিব্যাহারে তাঁহার ভূম্ল সংগ্রাম উপস্তিত হইল। পরিশেষে তিনি মকক্ষি সৈরীয়ক ও বহুনানাসম্পার মহেখদেশ সম্পূর্ণ অধিকার করিতে লাগিলেন। তথার প্রক্রিক গুরুলনল প্রজ্বিত করিয়া আক্রোশনামক রাজ্বিকে বশীভূত করিলেন। তদ্বন্তর দদার্গ, শিনি,

बिश्रच, अवर्ष, बालर, श्रक्षक्षी, मध्यक, वार्षेश्रम अ বিভাগতে পরাজর করিয়া প্রভান করিলেন। পুনরার প্রজ্ঞালমন করিয়া পুষ্যারণাবাদী উৎসৰসংহত নামক গণকে পরাক্ষয় করিভে লাগিলেন। তৎপরে সমৃত্রতীর-व्हिष्ठ ' अन्तर्भागी मुख आखीरगर, याहाता नतपठी नमी जाता कतिया महत्रा बाता की विका निर्वाष्ट कतिया থাকে, ভাহাদিগতে পরাজর করিয়া পর্বতবাসী সমস্ত भक्षनम्, अमत्र भक्तं क, खेखत द्याािकत, मिना करेश्त, **ए** দান্নপালকে বলপূর্বক বশীভূত ক্রিলেন। অনস্তর আঞা-ক্রমে রামঠ, হারতৃণ ও প্রতীব্যভূপালদিগকে আপনার বলে আনিলেন। তৎপরে তথায় অবস্থান করিয়াই বাস্ত্-দেৰেগ্ন নিকট দৃত প্রেরণ করিলেন। বাস্থদেৰ ও যাগব-भग छाहात भागन शहर कतितन, अवत्मद भाकत छेश-ষ্ঠিত হইরা মল্রদিগের নগর অধিকার করিয়া মাতৃত্ শ্লাকে প্রীতিপূর্বক বশীওঁত করিলেন। মাদ্রীপ্রত নকুল শল্য কর্ত্ত সংকৃত হইয়া প্রভৃত রক্ষ গ্রহণপূর্কক প্রস্থান क्रित्तन। श्रित्भार माग्रश्रिष्ठ श्रम माक्र (अष्ट श्रह्य-বর্ষার, কিরাভ, যবন ও শকদিগকে বশীভূত ও তাহা-দিগের নিকট হইতে উৎকৃষ্ণ দ্রবাজাত সংগ্রহ করিরা व्यवनिष्ठे व्यनाना शार्थिवानिशक बन्न क्रिटनन ।

এইরপে দক্ল দিখিজয় করিয়া প্রত্যাগমন করিলেন।
সহস্র করভ তাঁহার মহাধনকোৰ অভিকটে বহন করিতে
লাগিল।

विधिकत गर्स नमारा।

'রাজস্থাক পর্বাধ্যায়।

দ্বাত্রিংশন্তম অধ্যায়।

বৈশব্দারন কহিলেন, মহারাজ ! রাজা বৃদ্ধিটর প্রবন্ধা ভিলরসহকারে প্রজামগুলীর রক্ষণাবেক্ষণ, সভ্য প্রতি-পালন ও অরাতিক্ল সমূলে উন্মূলন করিলে প্রজাসকল ব ব কর্ত্তর কর্পের অমুষ্ঠানে তৎপর হইল। বথাশাস্ত্রকর প্রহণ ও ধর্মজঃ রাজ্যশাসন করাতে জলদমালা বথাকালে প্রজাপ্ত পরিমাণে বারি বর্ষণ করিতে লাগিল; জনশদ মন্ত্রক্র উঠিল ৷ রাজার পুণারলে কৃষ্, বাশিজ্য ও

গোরকণপ্রভৃতি সম্পর কার্য্য প্রচারুরূপে সঞ্চার হইতে লাগিল; কেহ কাহাকে প্রভারণা করিত না; দস্তা, জন্ধর, ধৃতি ও রাজপুরুদিগের মুখে মিখ্যা কথা গুনিতে পাওয়া বাইত না; তৎকালে অতিবৃষ্টি, অনাবৃষ্টি, ব্যাধিতম ও অধিভ রপ্রভৃতি কিছুমাত্র অমঙ্গুল ঘটনা ঘটত না। সামস্ত ভূপতিগণ জিপীবাশুল হইয়া কেবল উপহার প্রদান ও প্রেরকার্য্য করিবার নিমিত্ত যুধিটিরের অক্সরণ করিতেন, তিনি কথন অধর্মাচরণপূর্ক্ক ধনাগমের চেষ্টা পাইতেন না. তথাপি তাঁহার ৬ত এখা হইয়াছিল বে, পত শত বংসর অকাতরে বার করিলেও ক্ষয়প্রাপ্তির সম্ভাবনা ছিল না। মহীপতি কৌল্বেয় স্বীয় বাস্তবন ও কোবা-गांत्रज्ञ गतिमाग गवित्मयकर्भ भतिकां छ इत्रेश स्कांस्कांत्र यानम कतिरामन। जनीय ऋशवर्ग এकछ ও পृथक পृथक হইয়া তাঁহাকে কহিতে লাগিল। হে মহারাজ। আপন-कात यखाश्रशास्त्र छेनयुक अवगत छेनविक इहेर्द्राष्ट्र. অসএব অধিলয়ে আর্ক্ক করুন।

সকলে উক্তপ্রকার ক্ললনা করিতেছেন, ইত্যবসরে চরাচরশ্রেষ্ঠ ভগবার ভৃতভাবন স্নাতন বাস্থদেব তথায় সমুপজিত হইলেন। যেমন প্রাচীর ভারা পুরী রক্ষিত হয়, তজ্ঞপ তিনি বছুকুলের পরিরক্ষক ছিলেন। ক্লফ वञ्चरक्वरक रेमनाधिकारत नियुक्त कतित्रा धर्मतास्त्र**त** নিমিত অসংখ্য ধন ও অবিন্ধর রত্নজাত গ্রহণপূর্বক **ह** कुत्रिक्ती रात्रा सम्बद्धिताहाद्वत्र नगरत व्यवित क्रितिन। छनीत्र रिमाञ्च त्रथनिर्धारि त्रांकभूती अखिश्वनिछ इटेर्ड नाशिन। (यमन रेट्शान्य (नाटकत्र चन्द्रःकत्रण ध्यक्त হর, এবং নির্বাত স্থানে বায়ু সঞ্চারিত হইলে সকলে অনিকচনীয় স্থাম্ভৰ করে, তল্পে কৃষ্ণের সমাগমে ভারতকৃণ স্থত্তে ও আনন্দসাগরে নিময় হইলেন। उৎकारन सन्भूर्ग छात्रछकून সমधिक मझन इरेशा छेठिन। তত্ত্ত্য জনগণ প্রত্যুদামনপূর্বক ক্লফের যথাবিধি সংকরে कतिराम । धर्मत्रोक यूथिकित जाज्ठ जुडेय, भूरताहिक द्यीमा ও মহর্ষি হৈপায়ন।প্রসূত্র ঋষিপণে পরিবৃত হইরা অনানয়-গ্ৰশ্নপূৰ্বক সুধানীন কৃষ্ণকে কহিতে লাগিলেন, হে ৰাস্থ-দেব! কেবল তোমার অন্তপ্রহে এই স্পাপরা বহুদ্ধা भाषात वनवर्तिनी ददेशांक, द्यामात्रहे धामाद्र भाषि धहे অতুল ঐখর্য্যের অধিপত্তি হুইয়াছি। একরে উক্ত সমস্ত

ধনসম্পত্তি বিপ্রসাৎ করিতে বাসনা করি, কিন্তু আমার
নিতাপ্ত অভিলাব বে, ডোমার ও অমুজগণের সহিত
মিলিত হইরা বজামুক্তান করি; অতএব কার্যারস্তে অমুমতি করিয়া আমাকে চরিতার্থ কর। হে গোবিন্দ!
তোমাকে ঐ যজে দীক্ষিত হইতে হইবে, ভূমি দীক্ষিত
হইলেই আমি নিস্পাণ হইব, সন্দেহ নাই। অথবা অমুজগণের সহিত আমাকেই দীক্ষিত হইতে আজা কর,
ত্বক্তৃক অনুজ্ঞাত হইলেই আমি অমুত্তম বজামুক্তানের
ফলভাগী হইব, সন্দেহ নাই।

কৃষ্ণ যুধিষ্ঠিরের ভ্রি ভ্রি গুণ কীর্ত্তনপূর্ব্বক প্রত্যুত্তর ক্রিলেন, হে মহারাজ! তুমিই মহাক্রভ্, রাজস্য় অম্ঠানের উপযুক্ত পাত্র অভএব থাবিলম্বে যজে দীক্ষিত হও।
তুমি যজ্ঞ সমাপন করিলে আমরা সকলেই কৃতকার্য্য হইব। আমি তোমার হিতামুঠানে ডংপর থাকিলাম,
তুমি খাভিলয়িত যজ্ঞ আরম্ভ কর। তুমি আমাকে যে
কার্য্যে নিয়োগ করিবে, আমি তৎক্রণাৎ ভাহা সম্পাদন
ক্রিবা যুধিষ্ঠির কহিলেন, হে কৃষ্ণ। আমার ইচ্ছামুসারে
যথন তুমি খারং উপস্থিত হইয়াছ, তথন আঘার সকল
সফল হইরাহে এবং সিদ্ধিলাতে আর কিছু মাত্র সক্ষেহ

রাজা যুধিষ্ঠির কৃষ্ণ কর্জ্ব অমুক্তাত হইরা লাজ্গণের সাহিত রাজস্ম যজামুষ্ঠানের নিমিত্ত জ্বাসামনী আহরণ করিতে লাগিলেন। অনস্থপা অমাত্যগণ ও সহদেবকে আজ্ঞা করিলেন, প্রাক্ষণেরা যে সমন্ত যজাক দ্রব্য আয়োজনের অমুমতি করিয়াছেন, ভাছা এবং অন্যান্য সমৃদ্য উপকরণ সামন্ত্রী, মাঙ্গলা দ্রব্য ও ধৌম্যোক্ত যজ্ঞসন্তারসকল সত্তর আনরন করাও। ইক্রসেন, বিলোক এবং অর্জুনসারথি পুরু, ইইারা আমার প্রিরচিকীর্ষার্থ অলাদি আহরণে নিযুক্ত হউন। তুমি প্রাক্ষণগণের প্রিয় কার্য্য সাধনার্থ মনোহর, স্থরস, স্থাকি সমৃদ্র কাম্য বস্তর আয়োজন কর। মুধিষ্টিরের বাক্য সমাপ্ত না হইতেই সহদেব অতি বিনীতভাবে নিবেদক করিলেন, প্রভো! আপনকার আদেশের পুর্কেই প্রী সকল কার্য্য সম্পন্ন হইরাছে।

অনস্তর মহর্ষি ক্লফবৈপায়ন, মৃর্তিমান বেদস্বরূপ কতি-পর ক্ষিক আনহন করিলেন এবং তিনি স্বরং সেই বজের ত্রক্ষকার্য্যে দীক্ষিত হইলেন। ধনশ্বর গোত্রপ্রেট অংশারা সাম গান করিতে লাগিলেন। ত্রক্ষিষ্ঠ বাজ্ঞবন্ধ্য অথবর্ধ্য, বস্থপুত্র পৌল ও ধৌম্য হোডা এবং বেদ্বেদান্তপারগ তাঁহাদের শিব্যবর্গ ও পুত্রগণ সদস্য হইলেন। ভাঁহারা যক্ত বিষয়ে নানাবিধ তর্ক বিতর্ক করিয়া অভিবাচনপূর্কক সক্ষর করিয়া সেই মহৎ বজ্ঞহানের শাজ্যোক্ত পূজা করি-লেন। পরে শিল্লকারেরা অভ্যজাত হইয়া তথার দেবগৃহ-সদৃশ উত্তনোত্য গৃহসমূহ নির্দাণ করিল।

অনন্তর রাজা যুখিটির সহদেবকে আফা করিলেন, হে প্রাতঃ! নিমন্ত্রণার্থ দেওগামী দৃতসকল সর্বত্ত প্রেরণ কর। সহদেব রাজবাকা প্রবণমাত্র চতুর্দিকে দৃত প্রেরণ করিলেন, তাহাদিগকে কহিরা দিলেন, অনপদস্থ সমস্ত রাহ্মণ ও রাহ্মগকে নিমন্ত্রণ করিয়া আইস এবং বৈশা ও সম্মানযোগ্য সহিদান্ শৃক্তদিগকে সমন্তিখ্যাহারে আনব্যন করিও। দৃতেরা আফা পাইয়া সম্দায় বাহ্মণ ও রাজ্যাদিগকে নিমন্ত্রণ করিয়া অপরাপর ব্যক্তিদিগের সহিত্ত শীত্র প্রত্যাগ্যন করিল।

সেই সকল ত্রাহ্মণেরা যথাকালে যুধিষ্ঠিরকে রাজ্ত্র যজ্ঞে দীক্ষিত করিলেন। ধর্মান্মা যুধিষ্ঠির যজে দীক্ষিত ও সহস্ৰ সহস্ৰ আহ্মণ, ভ্ৰাভূগণ, পুৰুষৰ্গ, জাতিকুল, সহচারি-গণ, নানাদেশসমাগত প্রধান প্রধান ক্রিয়সকল ও অমাত্যবর্গে পরিবৃত মৃর্জিমান ধর্মের ন্যায় যজায়তনে গমন করিলেন। রাজ্যের চতুর্দিক হইতে সর্কবিদ্যাকুশল বেদবেদান্তপারগ আক্ষণেরা তথায় সমাগত হইতে লাগি-লেন। শিল্পকারেরা ধর্মরাজের শাসনক্রমে ভাঁছাদিপের নিমিত্ত পৃথক পৃথক বাসন্থান নির্মাণ করিল। সেই সকল আবস্থ বছবিধ অনুপানে পরিপূর্ণ, বিচিত্র চক্রাতপে বিভূষিত এবং সর্বান্তপ্রথাদ জবাজাতে সমাকীর্ণ ব্রাহ্ম-ণেরা রাজা কর্তৃক সংকৃত হইয়া তথার বাস করত নৃত্য-গীতাদি সশর্শনপূর্বক নানাবিধ কথাপ্রসঙ্গে পরম স্থাথ কালাভিপাত করিতে নাগিলেন। তৎপ্রদেশে ভোজনা-गंक, काथाप्रिका उर्भव ७ व्यास्नामगांगद्व निमग्न विद्य-গণের কোলাহলশন্স সর্মদা শ্রুত ইইভে লাগিল। ক্ষুতঃ তথার সর্বানা কেবল "দীরতাং ভূজাতাং" এই মাত শব শ্রবণগোচর হইত। ধর্মরাজ সমস্ত নিমন্ত্রিত জনগণকৈ शृथक् शृथक् (ता, त्रम्ह भवा।, चत्रधा श्रवर्व, ও विद्याचत्रव-

ভূষিতা ক্লপবৌবনবতী সর্বাদ্যক্ষরী রমণী প্রদান করি-লেন। স্বলোকাধিপতি ইক্রের স্থার পৃথিবীর অবিতীর অধীবর মহাত্মা পাশুবের বক্ত এইরূপে উত্তরোত্তর স্প্রস্মুদ্ধ হইরা উঠিল। অনস্তর রাজা বৃধিষ্ঠির, ভীম, জোণ, ধৃতরাষ্ট্র, বিত্রর, রূপাচার্য্য ও ত্রোধনাদি আত্বর্গের নিমন্ত্রণার্থ নকুলকে হস্তিনাপুরে প্রেরণ করিলেন।

ত্রয়ন্ত্রিংশত্তম অধ্যায়।

বৈশ-পায়ন কহিলেন, মহারাজ! নকুল হতিনাপুরে যাইয়া বিনয় নত্ৰ বচনে পরম সংকারপূর্বক ভীম, গভরাষ্ট্র ও আচার্যা প্রমুখবিপ্রগণকে নিমন্ত্রণ করিলেন। তাঁ হার। প্রীতমনে নিমন্ত্রণ স্বীকার করত যক্ত দর্শনার্থ গমন করি-লেন। বজ্ঞের সমারোহ প্রবণে কৌতুহলাক্রাম্ভ হইয়া নানাদিগন্তনিবাসী ক্তিয়গ্থ তাঁহাদিগের সমভিব্যাহারে চলিলেন। ধৃতরাষ্ট্র, ভীন্ন,মহামতি বিহুর, হুর্য্যোধনপ্রভৃতি जाछवर्ग, शाक्षांत्रबाक खनन, महानन भक्ति, घठन, वृषक, कर्न, भना, वास्तिक, त्यामक्छ, जुत्रिश्रवा, भना, व्यवधार्मा, क्रभाठाया, त्यागाठाया, निक्रमणाधिभिष्ठ अत्रज्ञथ, मभूज यकरमन, छन्नक, महामानरतत "छे नक्न निवामी सिष्क्रन, পাर्वा छीत्र छुभान वृन्त, वाका वृहदन, (भोखाक, वाञ्चात्र. वत्र ७ कनिकाधिशिक, आकर्ष, कुछन मानवरमभीत जुलान-সৰুবা, অনুকরণ, জাবিড়রাক্যাধিপতি, সিংহলেশর, काश्रीतरमनीव त्रांका, कृखिरकाक, श्रीतवाहन, वास्तिक-দেশীয় অপরাপর রাজগণ, বিরাট ভূপকি এবং তাঁহার প্তৰ্য, সপ্ত শিওপাল এবং অন্যান্য নানাজনপদেশর ও प्रावश्ख्या मैकान विविध प्रकृतां खर्गश्यक धर्य-इतिकत रक नमर्गान चार्यम कतित्वन । वनदाम, व्यनिक्ष, शह, প্রছায়, শাখ, চাক্লকে, कच्छ, উন্মৃক, निगरे महावीत अभवाहधाकृष्ठि निवित्त यात्रव धवः प्रधातभीत রাজগণ পরমানকে মহাসমুদ্ধ রাজ্পুর বজ্ঞে স্মাগ্ত হইলেন। ধর্মার সমাগত রাজগণের প্রতি বধোচিত লক্ষান প্রদর্শনপূর্বাক উহাদিগকে পৃথক্ পৃথক্ বাসস্থান अनान कतिए अञ्चर्यक कतितान। नकन शृहहे नाना-আকার ভক্ষ্য ক্রন্থে পরিপূর্ণ এবং রমণীর দীর্ঘিকা ও পাদপ**্** गम्रह छ्रांकिक हिन। (महे, व्यानाममाना देक्नात-

শিধরের ন্যার উরত, শুল্র এবং মণিমর কুটিমে অলক্ষত। তাহার চতুর্দিক্ স্থাধবলিত অভ্যুক্ত প্রাচীর স্থারা পরি-বেটিড, তাহার গবাক্ষসকল স্থবর্ণভালে জড়িড, হারসকল সম্প্রপাতে বিনাম, ভিত্তি অপেরপ্রকার ধাতৃতে স্থাঠিও এবং সোপানপংক্তি এমত স্থাংঘঠিও বে, আরোহণ করিতে কিছুমাত্র কট বোধ হইত না। ভথার মহার্হ আসনসকল বিত্তীর্গ ছিল। সমৃদর গৃহ অতিমনোহর রাজোপকরণে স্থাক্তিত এবং কুস্থমমালাম বিত্রিত হওরাতে গোহার পোভার আর পরিসীমা ছিল না। স্থরভি অপ্তর্কগকে চতুর্দিক আমোদিত হইরাছিল। রাজগণ তথার প্রবেশমাত্র পত্রুম হইয়া সভার পরম রমণীর পোভা এবং সদস্যগণ, ব্রক্ষর্বিগণ ও রাজর্বি সমৃহে পরিস্ত হইয়া রাজা যুধিটিরকে সন্ধর্শন করিতে লাগিলেন।

চতুব্রিংশতম অধ্যায়।

বৈশশ্বারন কহিলেন, তদনস্তর যুধিষ্ঠির পিতামছ ও শুকুকে অভিবাদন করিয়া ভীমা, জোণ, রূপাচার্য্য, জ্রোণি, চুর্যোধন ও বিবিংশভিকে সম্বোধিয়া কছিলেন, আপনারা मकत्न नर्वराजानात वह यकाकृष्ठीनविवरत स्नामात्क অকুগ্রহ করুন। আমার সমস্ত ধনসম্পত্তিতে আপনা-দিগের সম্পূর্ণ প্রভূত্ব আছে, যাহাতে আমার শ্রেয়োলাভ হয়, ভবিবয়ে মনোযোগী হউন। ব্ৰতদীক্ষিত পাণ্ডবাগ্ৰক नकनारक अहे कथा यानियां (यानाजास्मादिः जांशानिगरक এক এক কার্য্যে নিয়োপ করিলেন। ছঃশাসনের প্রতি निधिन (ভाषा छात्।त छ्यावशाहरणत छातार्थन कतिरानन, चर्यथामारक विधा मिवांस नियुक्त कतितनन, निश्चत त्राज-পরিচর্যার ভংগর হইলেন, এবং মহামুভব ভীর ও জোণ कर्खवाकर्खवा विद्याना कन्निएक नाशितन। সুবর্ণপ্রভৃতি নানাবিধ রত্মসমূহের রক্ষণাবেক্ষণে ও দক্ষিণা-व्यवादन क्रुशांठार्यादक श्वादनम कतितान । श्रकाना व्यथान প্রধান ব্যক্তিকে অপরাপর কার্য্যে প্রেরণ করিলেন। वास्मिक, युक्तांड्रे, त्राममख ध्वः सम्मुथ देहां श्रे शिक्त न्त्रात्र वित्राक्षमान त्रहित्मन । प्रद्यापन छेशात्रमध्यकि-.बार्ड बर ब्रिक्क चहुर जामगर्गात लावकाणात

নিবৃক্ত হইলেন। স্মাগত জনগণ সভার শোভা ও ধর্ম-রাজ যুধিষ্ঠিরকে নয়নগোচর করিরা অত্তমফল লাভের প্রত্যাশার ভ্রধার প্রমন করিলেন। কেহই সহজের ন্যুন উপায়ন প্রদান করেন নাই, সকলেই প্রচুর রজোপহার षात्रा युधिष्ठिरतत नवान तर्फन कतित्राहित्तन । कोत्रदमनन मर्थानख्यन बातारे थात्रक यस नमानन कक्नन, मरन मरन এইরপ স্পর্ধা করত সকল রাজারাই বিপুল ধন দান করিরাছিলেন। সেনাপরিবৃত বিমানপ্রভিম বিচিত্র রুত্র ও অংশব প্রকার সমুদ্ধিসম্পর পরম বমণীয় প্রাস্থিমাল। লোক পালনিপের বিমান, ত্রাহ্মণ গণের গৃহসমূহ ও স্মাপ্ত রাজলোক বারা মহাত্মা যুধিটিরের যজের অভীব পোভা इटेशांकिन। ভिनि धैर्यार्श वक्रण व्यापका (अर्थ ছिल्नः वळ नमाभनकानीन अकालत्त्र मक्तिन। अमान कत्रारक वानात्वता यरभातानान्ति शीछ इटेलन वदः अकभाते मुक्क कर्छ बाबारक व्यामी संाप कविराज नागिरमन। श्रवित्रन কর্ত্ক স্থচাকরণে ৰজ অহুষ্ঠিত হইলে দেবতার! পরিতৃপ্ত हरेराना ७९१त बाबा युधिबित नमागढ, नकन वाकि-কেই অভিলবিত ৰম্ভদারা সম্ভষ্ট করিয়াছিলেন।

রাজস্থিক পর্ব্য সমাপ্ত।

অর্ঘাভিহরণ পর্বাধ্যায়।

পঞ্চত্রিংশত্তম অধ্যায় ৷

বৈশশারন কহিলেন, তদনন্তর অভিবেকদিবসে সংকারার্থ মহর্ষি, আন্ধণগণ ও রাজগণ সমভিব্যাহারে অন্ধর্কেনীতে প্রবেশ, করিলেন। নারদপ্রমুধ মহাত্মারা রাজগণের সহিত তথার অধ্যাসীন হওয়াতে সেই প্রদেশ কি অনির্কালনার শোভিত হইয়াছিল। অনিততেজা দেবতা ও দেবর্ষিগণ অন্ধন্তনে সমবেত হইয়া কর্মান্তর উপাসনা করত নানা করিকে লংগিলেন। কেহ কহিলেন, ইয়া এইয়ণ হইবে, কেহ কহিলেন, এ প্রকার নহে; এইয়ণ ঘোরতর বিস্থাদিতা প্রযুক্ত অতাত্ত বিতপ্তা উপস্থিত হইল। কেহ কেহ শালপ্রতিপর বৃক্তিপ্রদর্শন হায়া সামান্য অর্থের গৌরব ও প্রক্রের লাম্ব করিতে লাগিলেন। মেধানী ব্যক্তি অন্য কর্ম্বক

উদাত্ত অর্থ অপ্রাহ্য করিলেন। ধর্মার্থকুশল মহাব্রত স্কল, ভাষার্থকোবিদ পণ্ডিতবর্গ কত প্রেকার বিচার করিতে লাগিলেন। বেদী, বেদজ্ঞ দেব, দিল ও মহর্ষি গণে সমাকীর্ণ হইমা নক্ষত্রমালা-বিভূষিত অভি বিতীর্থ নডোমগুলের ন্যায় দীপ্তি পাইতে লাগিল। স্নালা বৃধি-ভিরের সেই বেদীসন্নিধানে শৃদ্ধ বা কোল ব্রতবিহীন অশুচি ব্যক্তির বাসাধিকার ছিল না।

मिवर्षि नातम धर्मतारकत वकाविधानका नन्ती नित्रीकर् করত সাতিশয় সন্তোব লাভ করিলেন। অনস্তর সমস্ত क्य विश्व गण व्यवनाकन क शिक्षां हिन्दार्गद निमन्न इन्हें निम। পুৰ্বে ব্ৰহ্মভবনে ভগৰানের অংশাৰতরণবিষ্ধে যে পুৱা-বৃত্ত প্ৰবৰ্ণ কৰিয়াছিলেন, এক্ষণে ভাছা ভাঁহায় স্মৃতিপথে আৰিভূতি হইল। তথন দেই কলেদমাগম দেবসঙ্গম जानिया जिनि मान मान शुखतीकांक नावादशाक चत्र করিলেন। স্থরারিনিহদন নারীয়ণ প্রতিজ্ঞা প্রতিপালনার্থ याः कविष्ठकूरण अवे शेर्व हरेरान व्यवः (प्रविश्वापित्र আদেশ করিলেন, তোমরা পরম্পর হিংপা করত পুনর্কার च च लाक आध हरेत। छगवान नात्राप्रण (प्रवर्ण-দিগকে এইরূপ আদেশ করিয়া স্বয়ং বছৰংশে জন্ম পরি-গ্রহ করিলেন। নক্ষত্রমধ্যগত চক্রমা ুযেমন পোভা পান, ठका अजनान अक्र क्रिक्श मार्था विवासिक इरेट छ गाशिरमन। देखानि चुतरान पाँहात बाह्बरणत छेनानना করেন, সেই অরিবিমর্দন হরি একণে মতুবাভাব অবলম্বন क्तिलन। कि वाक्षां! छगवान् मत्रकृ भूनक्षात धहे क्रजिप्रमिर्शित गःशांत्र क्रियान । याहात्र फेल्मर्स लाक याजनस्कत अपूर्वान करत, त्रहे वरकानत चत्रः आणिता वहमान अतर्भनशृक्षक युधिष्ठित्वत महाश्वतत अविविक्ति क्तिएक हिन । मर्केस नात्रम नात्रात्र गरक चत्रम वित्रा वर्ष সমস্ত চিন্তা করিতে লাগিলেন।

অনন্তর তীয় বৃধিষ্টিরকে কহিলেন, হে তারত। রাজা
দিগের যথার্হ সংকার বিধান কর। আচার্যা, প্রতিক্, সহনী,
লাতক, নৃপতি এবং প্রির ব্যক্তি এই ছয়জন অর্থার্হ।
ইইারা অর্থ পাইবার মানসে বহু দিবসাব্ধি আমাদিগের
জন্মত হইরা রহিরাছেন অতএব বিহাহিগের সকলের
নিমিত্ত এক একটি অর্থ আনরন কর; পরে বিনি সর্থশ্রেষ্ঠ ও সমর্থ হইবেন, তাহাকেই অর্থ প্রদান করিবে।

ষ্টিল্লিক কহিলেন, হে পিতামহ ! আপনি কালাকৈ অৰ্থ-দানের উপযক্ত পাত্র মনে করিয়াছেন, বলুন। ভীম সীয় विटवकमंक्ति बांबा कथारक अर्घार्श निम्हत कतिया कहिरलंग. বেমন জ্যোতিকসম্পায়ের মধ্যে ভাস্করের প্রভা সর্কাতি-भाविनी, एकान वह मगछ लाकित मर्गा (उक्त, वन उ পরাক্রমবিষয়ে কৃষ্ণই শ্রেষ্ঠ, যেমন ভিমিরারত প্রদেশে স্থারশাস্মাগ্রে লোকের অন্তঃকরণ প্রফুল হয়, যেমন নির্মাত স্থানে বিশুদ্ধ বায় সঞ্চালিত হইলে আহলাদের পরিনীমা থাকে না: তজ্ঞপ কুফের সমাগমে আমাদিগের সভা উল্লাসিত ও আহলাদিত হট্যাছে। অতএব তাঁহাকে व्यर्ध श्रामान कहा कर्छगा। व्यनस्तर मञ्चल भीय कर्ड्क অমুক্তাত ভ্রয়া ক্লফকে যপাবিধিঅর্থপ্রদান করিলেন। ক্ষণ শাস্ত্রপৃষ্ট বিধিপূর্ত্বক সেই অঘ প্রতিগ্রহ করিলেন। মহাবল প্রাক্রাপ্ত শিশুপাল ক্লের পূজা সহা করিতে না পারিয়া সভামধ্যে ভীশ্ম যুগিটের এবং ক্লফকে তিরস্কার করিতে লাগিলেন।

ষট্ত্রিংশত্তম অধ্যায়।

শিশুপাল কহিলেন, হে পা•গুব। এই সমস্ত রাজগণ উপস্থিত থাকিতে ক্লফ কোন ক্ৰমেই পূকাৰ্ছ ইইতে পারেন না। তুমি কাম 5: ক্লফের অর্চনা করিয়াছ, এরপ বাৰহার ভোমাদিগের উপযুক্ত হয় নাই। তোমরা বালক; ञ्च छवाः धटावं ब कि इ.हे झान नां, धवां च छिरु स नार्थ, আর এই ভীম অনুরদশী এবং স্বৃতিশক্তিবিহীন। হে ভীমা 'তোমার নাায় প্রিয়চিকীযু ধার্মিক ব্যক্তি সাধু-সমাজে অভাত্ত•অপমানিত হয়। যে কৃষ্ণ কথন রাজা नग्न, তাহাকে তোমরা কি বলিয়া অর্থ প্রদান করিলে এবং সেই বা কিরপে সকল মহীপালের মল্যে পূজা প্রতিগ্রহ করিল। অথবা কৃষ্ণকৈ ছবির মনে করিয়া থাকিবে, যাহা হউক, বৃদ্ধতম ৰহুদেব থাকিতে তাঁহার পুত্র কেন পূজার্হ **र्टेन (र क्क्ननमन) कृष्ण नर्समारे ट्यामात्र प्रजूत्**छि करत এবং তোমার প্রিরার্থী, যগার্থ বটে, কিন্ত জ্রুপদ থাকিতে কৃষ্ণের পূজা করা ভোমার উচিত হর নাই। যদি কৃষ্ণকে আচাৰ্য্য মনে করিয়া থাক, তথাপি দ্রোণ থাকিতে কৃষ্ণ (कन चर्छिङ इटेन ? चथवा कृष्णक चरिक् मत्न कविद्रा

থাকিবে, যাহা হউক, বুদ্ধ দ্বৈপায়ন উপস্থিত থাকিতে ক্ষাকে পূজা করা ভোমার উচিত হয় নাই। হে রাজন! কেছামরণ পুরুষমন্তম শান্তনবভীল, মহাবীর সর্ব্যাস্ত-विभावन अध्यामा, बारकक प्रश्रीमन, जीवजातार्था क्रथ. किः शूक्षां हार्या क्रम, तांका क्रमी ववः महाधिशभना. এই সমস্ত মহাত্মারা পাকিতে ক্লুকেকে কেন অর্থ প্রদান করিলে ? হে রাজন ! যিনি যানদগ্নোর প্রেয় শিষা, যিনি আত্মবল আশ্রম করিয়া রণক্ষেত্রে সমুদায় রাজ্ঞলোক পর ভব মুরিয়াছিলেন, সেই মহাবল পরাক্রাস্ত কর্ণকে অভি-ক্রম করিয়া কিরূপে ক্লেয়র পূজা করিলে। বাস্থদেব ঋত্বিক নয়, আচার্য্য নয় এবং রাজাও নয় : (ছ কুরুশ্রেষ্ঠ। কেবল প্রিয়চিকীযু হুইয়া ভূমি কুষ্ণকে অর্থ প্রদান করিয়াছ। অথবা বৃদি ক্লফুকৈই অর্ঘ প্রদান করিবে, মনে মনে এইরূপ স্থির করিয়াছিলে, তবে কি নিমিত্ত এই সকল রাজগণকে আহ্বান করিয়া তাঁচাদিগের অপমান করিলে? আমরাও মহাত্মা কোন্তেয়ের ভর, সার্ত্তনা, অথবা লোভবশতঃ তাঁহাকে কর প্রদান করি নাই, তিনি धर्माछत्रा अप्रेंब अदर माँखा स्था मीकिन, अहे देनियाहे কর প্রদান করিয়াছিলাম, কিন্তু তিনি আমাদিগের সন্মান রকা করিলেন না। এই রাজসভায় অপ্রাথেলকণ কৃষ্ণকে অর্থ প্রদান করিলেন, ইহার পর আর আমাদিগের অপ্ নানের বিষয় কি আছে। "ধর্মপুল্রের ধর্মাত্মতা" এই যশ নিতান্ত অকারণ, সন্দেহ নাই। কোন ধার্মিক পুরুষ ধর্ম-ভ্ৰষ্ট ব্যক্তিকে সজ্জনোচিত পূজা করিয়া থাকে ? শে বৃষ্টি-कूल कना शहन करियाटि जनः शृंदि वन्यायादिय साता মহাত্মা জ্রাসন্ধের প্রাণ সংহার করিয়াছে, সেই তুরাত্মা কুষ্ণকে অর্ঘ নিবেদন করাতে সদা যুপিষ্ঠিরের নীচত প্রাদ-র্শিত ও ধান্মিকতা বিনষ্ট হটুল। কুঞ্জিতনয়ের ভীত, নীচ-সভাব ও তপুষা, কিন্তু ওহে কুষ্ট। তোমার স্বিংশ্ব পর্যালোচনা করা কর্ত্তনা; তাহারাই যেন নীচভাপ্রযুক্ত ভোমাকে পূজা প্রদান করিল, তুমি স্বয়ং অংখাগ্য হইয়া কিরপে তাহা স্বীকার করিলে ? বে.ন গোপনে মতের কণামাত্র ভক্ষণ করিশা কৃত্বর আত্মহাঘা করে, ভাছার নাায় তুমি আপনার মহুপযুক্ত পূজার বহু মান করিতেছ। ওছে কৃষ্ণ ! ইহাতে রাজেলগণের অবমাননা হয় নাই ; স্পষ্টই প্রতীতি হইতেছে যে, পাওবেরা ভোমাকেই

বিজ্ঞাপ করিয়াছে। যেমন ক্লীবের দারপরিগ্রহ ও আন্ধের রাপদর্শন নিরর্থক, সেইরূপ রাজ্যবিহীনের রাজসন্মান অভীব অজ্ঞাকর। রাজা যুধিষ্টির ও ভীল্লেব যেরূপ বিদ্যা বৃদ্ধি এবং ক্লফ যাদৃশ, ভাহাও দৃষ্ট কইল। শিশুপাল ভাঁহাদিগকে এই কথা বলিয়া আদন হইতে গাজোখান পূর্ব্বক রাজগণসমভিব্যাহারে মভা ইইতে প্রস্থান করিতে উদ্বাত হইলেন।

সপ্ততিংশতম অর্থায়।

বৈশস্পায়ন কহিলেন, অনন্তর রাজাযুধিষ্ঠির সর্রে শিশুপালের নিকট গ্রমন করিয়া উাহাকে সাম্বনাপুর্বাক মধুরবাক্যে কহিতে লাগিলেন। হে মহীপাল। ভূমি যাঙা কহিলে, ভাষা ভোমার উপযুক্ত বাক্য হয় নাই, উগ নিতান্ত অধ্যাযুক্ত, পক্ষ এবং নির্গক। নিশ্চয়ই বোধ इहै ७८७ धर्षकादात्क नत्न, जुमि निष्क्रदे छाश कानमा ; ধন্মজ্ঞান থাকিলে ভীগ্নের অগ্নান করিতে না। দেখ. বেশকণ রাজারা ভোমা অংশফ, ব্যোর্থ, ক্ষের পূজা তাঁগুদিগের অভিন্মনীয়, অতএব এবিধয়ে তে। সার ক্ষান্ত হওয়াই উচিত। হে চেদিপতি। ক্লয় এবং ভীমকে यशार्थक्रण शतिखाउ इ.अ. (कीवनकृत देहाँटक रामन চিনিতে পারিষাছেন, ভুমি মেরূপ জানিতে পার নাই। ভীম কহিলেন, হে যুধিষ্ঠির ৷ লোকসুদ্ধ ক্ষের অর্চনা যাহার অনভিষ্ঠ, এমন ব্যক্তিকে অনুষয় বা সাস্থনা করা আহুচিত ৷ যে ক্ষতিয় সমরে ক্ষতিয়াম্ভরকে পরাজয় ও আপনার বশীভূত করিয়া ভাহাকে পরিতাগে করেন. তিনি সেই নির্জিত ক্ষতিয়ের গুরু হয়েন। এই নহতী নুপসভায় এক জন মহীপান ৭ দৃষ্ট হয়েন না, বাহাকে कृष (ए.जोवरल পর।ভব করেন নাই, অট্যত, কেবল আমা দিগের অর্চনীয়, এমত নভেন, সেই মহাভূজ জিলোকীর পূজনীয়, তিনি বৃদ্ধে অসংখা ক্ষতিয়বগেঁর পরাজয় করিয়া-ছেন, এবং অথও অক্ষাও তাঁহাতেই প্রতিষ্ঠিত রহিয়াছে; এই নিমিত্ত অন্যানা বর্ষিষ্ঠ ব্যক্তি থাকিতেও আমরা कृष्ण क वर्ष श्रामान कतिशाहि, ভाষাতে তোমার এরাপ গর্ম প্রকাশ করা নিভান্ত আযোগা; অতঃপর আর যেন তোমার বৃদ্ধির একপ ব্যতিক্রম না ঘটে। আনি অনে-

কানেক জ্ঞানবৃদ্ধ সাধু পুরুষদিগের সহবাস করিয়াছি এবং তাঁহাদিগের নিকট সর্বস্ত্রণাধার ক্রফের অশেষ প্রকার গুণরাশি শ্রবণ করিয়াছি। ক্রব্ড জ্মিয়া অব্ধি বে স্ক্ল कार्या कतिबार्छन, त्यारक मरमिशात भूनः भूनः ७९-সমুদায় কীর্ত্তন করিয়াছে। তিনি অত্যন্ত বালক হইলেও আমরা তাঁহার পরীক্ষা করিয়া থাকি। ক্লয়ের শৌর্য্য, বীর্যা, কীর্ত্তি ও বিজয়প্রভৃতি সমস্ত পরিজ্ঞাত হটয়া সেই ভূতস্থাবহ জগদচিত অচ্যতের পূজা বিধান করিয়াছি, নতুবা কোন প্রকার সম্বন্ধের অন্থরোধে অথবা উপকার প্রভ্যাশায় ভণীয় সৎকার করি নাই। গুণবাছ্লাপ্রযুক্ত বুদ্ধ ব্যক্তিদিগকে অভিক্রম করিয়াও ক্লেব্র অর্চনা করা विदयत । बाञ्चलिम रणत नदशा गिनि छानवृष्क, छिनिरे प्पर्क-नीय, कालियांन भाष सर्वा अधिक वनगानी वाक्ति श्रुक्तीय, বৈশাকুলে ধনধানাসম্পন্ন বাজি সন্মানভাজন এবং শুদ্র-বংশজাত বয়োবুদ্ধ ব্যক্তি দংকারাই হয়েন; কিন্তু ক্লেফর পূজাভাবিষয়ে ছুইটি হেডু আছে; তিনি নিথিল বেদ-বেদাঙ্গপারদ্ধী ও সম্পিক বল্পালী। ফলতঃ মনুষ্য-লোকে তাচুশ বলবান এবং বেদবেদালসম্পন্ন দিতীয় ব্যক্তি প্রত্যক্ষ হওয়া স্লক্ষ্ঠিন। দান, দাক্ষ্য, শ্রুং, শৌব্য, नब्दा, कीर्डि, वृद्धि, विनय्न, अञ्चलन की, देशमा उ मरकाय প্রভৃতি সম্পায় গুণাবলি কুষ্ণে নিয়**ু** বিরাগ্রিত রহিয়াছে। অভএব সেই সর্বান্ত্রণসম্পন্ন আচার্যা, পিডা ও ভরুস্বরূপ পুজার্হ ক্লফের প্রতি ক্ষমা প্রদশন করা ভোমাদিগের गुर्खा छाटा कर्डवा। छिनि श्राप्तिक्, एक, मध्यी, साठक, রাজা এবং প্রির পাত্র, এই নিমিত অচ্যত অচিত ইইয়া-ছেন। কুফ্ট এই চরাচর বিখের ক্টিছিভি-প্রশয়কর্তা তিনিই অবাজ প্রকৃতি, সনাতন কর্তা এবং সমস্ভূতের অধীমর, মুঠরাং পরম পুজনীয়, তাহাতে আর সংক্ছ কি ? বুদ্ধি, মন, মহত্তম, পৃথিব্যাদি পঞ্চত, সমুদারই একমাত্র ক্লফে প্রতিষ্ঠিত আছে। চন্দ্র, স্থা এছ, নক্ষত্র, দিক বিদিক সমুদায়ই একমাত্র ক্লেঞ্ প্রতিষ্ঠিত আছে। यानुन (अन्ठकुष्ठे(यत अधिरहाक, हरन्तत भाषाकी, मञ्चान बाका, निषेत्र मागत, नक्ष जम धनीत हत्त्व, उच्चः भनार्थत অ।দিত্য, সমস্ত পর্বতের স্থামক এবং বিহঙ্গভাতির গরুড় মুখসরণ হইয়াছেন, সেইরূপ ত্রিলোকমধ্যে উর্জ, তির্ঘাক্ ও অধঃপ্রদেশে ব্রুগতের ধাবতী গতি নির্মাপত রহিয়াছে,

ভগবান্ কেশবই তাহার মুখসকপ হরেন। এই বালক শিশুপাল সর্বাল সর্বা স্থলে কৃষ্ণকে বৃবিতে পারেন না, এই কারণে ইনি এইকপ কহিতেছেন। যে বৃদ্ধিমান্ ব্যক্তি ভাতৃংক্ত ধর্ম জন্সদ্ধান করিয়া থাকেন, তিনি যেমন ধর্মের মর্ম্ম বৃবিতে পারেন, চেদিরাজ শিশুপাল তদিবরে কদাচ সমর্থ ইইবেন না; বালক, বৃদ্ধ ও ভূপালগণমধো কোন্ ব্যক্তি অচ্যতকে অর্চনীয় বলিয়া বোধ করেন না? কোন্ ব্যক্তিইবা কৃষ্ণের সংকার বিষয়ে আনাদর করিয়া পাকেন? যদাপি কৃষ্ণের পূজা শিশুপালের নিতান্ত অস্থ্য বোধ হইলা থাকে, তবে তাঁহার যেকপ অভিক্তি হর কর্মন।

অফুত্রিংশভ্রম অধ্যায়।

বৈশ্লপায়ন কহিলেন, মহাবল ভীম্ম এই কথা বলিয়া নিবৃত্ত হুটলে পর সহদেব কহিতে কাগিলেন, কেশিনিহস্তা কেশব অমিত পরাজনশালী, তিনি আমাদিপের পরম পূজনীয়; যে সকল নুপাধমেরা কৃষ্ণের পূজা সহা করিতে না পারে, আমি ভাহাদিগের মহতে পদার্পণ করি, যদি ভাষাদিপের ক্ষমতা থাকে, সমূচিত উত্তরপ্রদানে সাহগী ছ্উক। বাঁছার। বুদ্ধিমান, সদস্থ বিবেচনা করিতে সমর্থ, সেই নূপোন্তমেরা অবশাই কৃষ্ণকে পূজা করিতে অনুজ্ঞ! कतिर्देश । अध्याप छेन्द्र श्रीकात्र शक्त श्रीमानेश्री क পাদোত্তোলন করিলে সেই সকল অভিমানপূর্ণ মহাবল রাজগণের মধ্যে কেহই বাঙ্নিম্পত্তি করিতে পারিলেন না। অনন্তর সহদেবের মন্তকে পুষ্পুর্টি পতিত হইল এবং আকাশবাণী ভাষাকে সাধুবাদ করিতে লাগিল। नर्दछ नर्दगः भग्न छ्यानी नात्रम नर्द्धनमदक कहिलन, याहाता পদ্মপ্রাশ্লোচন ক্লফের আরাধনায় প্রব্রুণ, সেই নরা-ধমেরা জীবনাত, ভাহাদিগের সহিত বাকালপে করিতে नारे। बाक्षा किवान-निर्मयक महत्तव भूकाई कनगरनत পূজা করিয়া কল্ম সম্পন্ন করিলেন। কৃষ্ণ অভিত হইলেন দেখিয়া স্থাপনামা এক মহাবল পরাক্রাস্ত ধীর পুরুষ क्यादिक कार्याचिक कार्यात्र के व्यादिक स्मानिक कार्या में के व রাজগণকে সংখাধনপূর্কাক কছিলেন, আমি পূর্বে পেনা-পতি ছিলাম, সম্প্রতি বাদব ও পাওবকুলের সমূলোকুলন

করিবার নিমিত্ত অদ্যই সমরসাগরে অবগাহন করিব।
চেরিরাজ শিশুপাল মহীপালগণের অবিচলিত উৎসাহ
সন্দর্শনে প্রোৎসাহিত হইয়া যজের বাঘোত জন্মাইবার
নিমিত্ত তাঁহালিগের সহিত মন্ত্রণা করিছে লাগিলেন।
বাহাতে বুমিষ্টিরের অভিষেক এবং কৃষ্ণের পূজা না হয়,
তাহা আমাদিগের সর্বভোভাবে কর্ত্র্য। রাজারা নির্বেদ-প্রযুক্ত কোধপরবশ হইয়া মন্ত্রণ করিতেছেন, দেখিয়া
কৃষ্ণ স্পটই ব্ঝিতে পারিলেন যে তাঁহারা স্কার্থ পরামর্শ

অর্ঘাভিহরণ পর্বে সমাপ্ত।

শিশুপালবধ পর্বাধ্যায়।

উনচত্বারিংশত্র অধ্যায়।

তদনস্কর রাজা গুণিটির সাগ্রসদৃশ রাজমওলকে রোখ-প্রচলিত দেখিয়া প্রাজ্ঞতম পিতামত ভীন্নকে স্বোধন করিয়া কহিতে লাগিলেন, হে পিতামহ। এই মহান রাজ-সমূল সংক্ষোভিত হুট্যা উঠিয়াছে, এক্ষণে বাছা কঠিবা হয়, অনুমতি করুন। বাঁহাতে যজের বিমু ও প্রজাগণের অহিত না হয় ভাহার উপায় বিধান করুন। কুরুপিতামছ ভীম কহিলেন, যুবিটির! ভীত হইও না, কুরুর কথ্ন দিংহকে হনন করিতে পারে না, আমি পুর্কেই ইহার কল্যাণকর উপার স্থির করিয়াছি। যেমন সিংহ প্রস্থপ্ত হইলে কুক্করগণ সমাগত ও মিলিত হইয়া চীৎকার করিয়া থাকে, সেইরূপ প্রস্থু বৃষ্ণিসিংহ বাস্থদেবের সন্মুথে এই কুপিত রাজনত্ত্ব চীংকার করিতেছে : সিংহস্বরূপ অচ্যুত यावर जागतिक ना इटेटकार्टर्स, उड़कार नृतिरहै टिनिहाक এই সকল মহীপালকে দিংহ করিয়া তুলিতেছে। পার্বিক শ্রেষ্ঠ শিশুপাল অচেডন হট্যা পার্থিবদিগকে য্যালয়ে লইয়া যাইবার কামনা করিতেছে। কিন্তু নারায়ণ শিশু-शास्त्र एक अविनासके खालाकृतन कतिरव**क**ा एक প্রাজতম। চেদিরাজের এবং সমস্ত মহীপতির মভিচ্ছর ঘটিয়াছে। এই নরোত্তম নারায়ণ যথন যে যে বাজিকে প্ৰিবী হইতে প্ৰহণ কৰিছে ইচ্ছা করেন, তথ্ন চেদি-রাজের ভায় ভাহাদিপের বুদ্ধি এপ্রকার বিপ্লাবিত হট্ট্যা

থাকে। ত্রিলোকীমধ্যে রমাপতি চতুর্বিধ জীবের শ্রষ্টা ও সংহর্তা। তীম্মের এই বাক্য শ্রবণ করিয়া রাজা শিশুপাল তাঁহার প্রতি অতি কঠোর বাক্য প্ররোগ করিতে আরম্ভ করিলেন।

চত্বারিংশত্তম অধ্যায়।

শিশুপাল কছিতে লাগিলেন, ছে ভীমা পার্থিবগণকে বিভীষিকা প্রদর্শন করত লজ্জিত হইতেছ না কেন 🤄 বৃদ্ধ হইয়া কি কুলদুষক হইয়াছ ? একণে স্বিরাবস্থা উপস্থিত এবং সমস্ত কৌরবের প্রধান হর্ট্যাছ; অতএব ধর্মসমত বাক্য প্রয়োগ করাই ভোমার উচিত। যেমন কোন বহৎ তরণীর পশ্চাং ভাগে এক ধানি কুদ্র নৌকা বন্ধ থাকে, (यमन धक कन कक कना कारकात करूमतर करत, (र जीय। তুমি याहारात्र व्यानी, त्मरे कोतत्वता । तमरेता १ रहे-ब्राट्ड, डाहात नत्सह नाहै। वित्यवडः এই वाद्यापत्वत পুতনাবাতপ্রভৃতি ক্রিয়াসক্ষ কীর্ত্তন করিয়া আন াদিণের অন্তঃকরণে সমধিক বেদনা প্রদান করিলে। হে ভীম! ত্মি অহঙ্কত ও বিচেত্ৰ হইয়া ছুরাত্মা কেশবের স্বৃতিবাদ করিতে ইচ্চা করিভেচ। একর্ণে ভোমার জিহব। কেন শতধা বিদীর্ণ হইতেছে না ? যাহাকে বালকেরাও ঘূণা श्रीमर्भन करतः, जुभि कानतुक इहेग्रा त्पृष्टे शाशास्त्र প্রশংসা করিতেছ। কফা বাল্যকালে শকুনি এবং যুদ্ধান-ভিজ্ঞ অখ ও বুষভ নষ্ট,করিয়াছিল, তাহার আশ্চর্যা কি ? চেতনাশুনা কাঠময় শক্ট পাদ দারা পাতিত করিয়াছিল, ভাহাই বা এত কি অন্তত কর্ম ? না বল্মীকপি গুনাক্র যে গোষদ্ধন সপ্তাহ গারণ করিয়াছিল, তাহাই বিশ্বয়কর? এই ঔদরিক বাস্থদেব পর্বতে পরি জীড়া করিতে করিতে যে বাশীকৃত অন্ন ভোজন করিয়াছিল, তাহা প্রবণ করি-রাই সেই মৃগ্ধসভাব গোপবালকেরা বিস্মরাপন হইয়াছিল। এই ছুরাস্থা বলবান কংনের আরে প্রতিপালিত হইয়া छाहात्क्रे मः हात्र कतियात्छ, धरे शोकत्वत कार्तारे कि বিশ্বিত হইয়াছ ? হে কুরুকুলাধ্য ভীম ! ভূমি অধাৰ্শ্বিক, वंदे निमिन्त ट्यामारक किছू छेशानम अनान कतिरहि, শ্রবণ কর। সাধুবাক্তিরা স্পীলদিগকে এই প্রকারে অমুশাসন করিয়া থাকেন যে, স্ত্রী, গো, ত্রাহ্মণ, অরদাতা

ও প্রতিক্ষাখাসিত ব্যক্তির উপর শস্ত্রপাত করিবে না। তোমাতে তৎসমুদারেরই অন্যথা দৃষ্ট ছইতেছে। ছে কৌরবাধম ! স্থানি যেন কিছুই জানি না, তুমি যেন বয়ো-বুদ্ধ হুইয়া জ্ঞানবৃদ্ধ হুইয়াছ, এই মনে করিয়া বছত্র প্রশংসা করত কেশবের মহিমার উল্লেখ করিতেছ। ছে ভীন্ম। ভোমার বাক্যে গোহতা। ও স্ত্রীহত্যাকারীকে কি পুঙ্গা করিতে হইবে ? না এমন ব্যক্তি কোন প্রকারে প্রশংসা-ভালন হইতে পারে ? হে ভীম। ভোমার কথাতে ও, আপনাকে প্রাজেশর ও জগদীশর বলিয়া অভিমান করি-তেছে, তোমার বাকাসমূদায় মিথা। হইলেও ভোমাকে কিছু কহিতে চাই না। স্তানকের স্থব অত্যক্তিদোধে দ্বিত হইলেও তাহার চাটুকারিতার নিমিত্ত কেহই শাসন করে না, কারণ বাহার যে প্রকার স্বস্তাব, ভলিসনামক শকুনির ন্যায় কে ভাহারই অমুবর্তী হইয়া চলে। তুমি জ্বনাপ্রকৃতি, অধান্মিক ও লংপথচাত, মতএব ভূমি याशांक्रिशंत मञ्जी, कुछ याशांक्रिशंत शृक्षनीय, त्रारे शांख्य-मिर्गत अ**ভाব रैंग मृ**षि छ इडेरन, ভाहात मत्मह कि ? रह ভীমা! ধর্মের প্রতি দৃষ্টিপাত করিয়া তুমি যে সকল কর্ম করিয়াছ, কোন জানিশ্রেষ্ঠ আপনাকে ধার্ম্মিক জানিয়া एम प्रकात कतिया थाटकें ? धम्बंब्र काश्रितास्त्रत कना। अत्गृत প্রতি কামনা করিয়াছিল, जुमि প্রজামানী হইয়া কোন ধর্মামুদারে তাহাকে অপহরণ করিলে? ভোমার ভাতা সংপ্রান্থবন্তী ছিলেন, স্কুরাং তোমার অপক্ত कना। निरंगत श्रीक शिक्तांच कतिरतन ना । कृषि धमनह शास्त्रिक दय ट्वीमात्र मणुरथहे जोशास्त्र शर्द्ध जना वाता পুত্র উংপাদিত হইল। হে ভীমা ! তুমি এক্ষচর্য্য অবলম্বন करिया इ विवास रमक्रि पिता हिल, अमन भरन के ब्रिड मी, তোমার ধর্ম কি? ভূমি যে ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়াছ, जाहा त्यांक अयुक्त वा क्रीवज्ञ अयुक्त, मत्नक नारे। ধর্মজ আমি কুত্রাপি ভোমার উন্নতি দেখিতেছি না,কারণ তুমি যে ধর্ম প্রকাশ করিয়াছ, কোন বিজ্ঞব্যক্তি তদ্সু-সারে চলে না। हेर्ड, मान, अधायन ও বছদকিণ यक, এ সমুদায়ে অপতাফলের ষোড়শাংশৃও নাই; অপ্ত ব্যক্তির वाजानवामि नमुमास विकत इस, जाहात मान्य नाहै। তুমিও তাদৃশ অপত্যধনে বঞ্চিত, বৃদ্ধ এবং কণ্ট ধাৰ্ম্মিক। তুমি জাতিগণের নিকটে হংসের ন্যায় সংহার প্রাপ্ত হইবে।

হে ভীম ! "পুরাণবেতারা এই গান করিরা থাকেন, ছে প্ররথ। অক্তরাত্মানিহত হইলে পর রোদন করি-তেছ" এক্ষণে সেই হংসের উপাধ্যান প্রবণ কর। প্রাঞ্জ মহুষোরাও এই প্রকার করিয়া থাকেন, পর্কালে সমন্ত-প্রায়ে ধর্মাভাষী অধর্মচারী এক বৃদ্ধ হংস ছিল। সে প্রিক্লিগ্রে ধ্যের অনুষ্ঠান কর, অধ্যাচরণ করিও না. এই প্রকার উপদেশ প্রদান করিত। অন্যান্য সমুদ্রচারী পক্ষিপণ তাভাকে সভাবাদী জ্ঞান করিয়া ভাছার বাকা শ্রবণ করিত এবং ইচার নিকটে ধর্মার্থের উপদেশ পাই-য়াছি, এই ভাবিয়া তাহার আহার আহরণ করিত। তাহারা তাহার নিকটে আপনাপন অওসকল গচ্ছিত রাথিয়া চ্রিতে চ্রিতে স্মুদ্রকলে নিম্প্রইউ। প্রিরাই তাহার বাকো বিশাস করিয়া অনবহিত হইয়াছিল, কিন্ত ভরাত্মা হংস আগনার কার্যো বিলক্ষণ মনোগোগী থাকিত. দে তদবদরে ভাষাদের আগুগুলি ভক্ষণ করিছে। সেই সমুদায় ডিম্ব বিনষ্ট ইউলে কোন প্রজাবান পকী সন্দি-হান হুইয়া সেই ছুৱাচারের পাপাচার দুষ্টিগোচর করত সাতিশয় হ:খিত চিত্তে অন্যান্য পকিদিগকে বিজ্ঞাপন করিল। তাহারা স্মীপ্রতী হইরা প্রত্তকে দুর্শন করিয়া সেই কপটানুর্ মরালের প্রাণ সংহার করিল। হে ভীম। তুমি সেই হংসের মুমান ধর্মী, নুপতিগণ পক্ষিগণস্বরূপ, অতএব ইহারা ক্রন্ধ হট্যা তোমাকেও সেই প্রকার নিহত করিবে। এই অওভক্ষণরূপ অওচি ক্যা তোনারই -ধাকাকে অভিক্রম করিভেছে।

• একচত্বারিংশত্তম অধ্যায়।

শিশুপাল কহিলেন, মহাবল জরাসক্ষ আনার অভিমত্ত রাজা ছিলেন। তিনি দাস বলিয়া এই বাসুদেবের সহিত •সংগ্রাম করিতে ইচ্ছা করেন নাই। এই কেশ্য জাহাক বধ করিবার নিমিত্ত ভীমসেন এবং ধনপ্রয় দ্বারা বাহা করিয়াছিল,কোন্ ব্যক্তি তাহা ন্যাযাবলিয়া শীকার করিতে পারে ? এই হুরাল্লা আন্ধাবেশ ধারণ করিয়া বলপুর্বাক আহার দিয়া প্রবিষ্ট হইয়া জরাসক ভূপভির প্রভাব দৃষ্টি-গোচর করিয়াছিল। ধর্মাত্মা জরাসক্ষ এই হুরাত্মাকে পাদ্য প্রদান করিতে উদ্যোগ করিলে আপনাকে অন্তাক্ষণ

জানিয়া গ্রহণ করিতে ইচ্চা করে নাই। ডিনি রুষণ, ভীম ও অৰ্জ্বকে ভোজন করিতে কহিলে কৃষ্ণ এক অনৈদর্গিক কাণ্ড করিয়া তুলিল। ছে'মর্থ ! ভুমি ইইাকে বে প্রকার মনে করিতেছ, ইনি যথার্থ ই যদি সেই প্রকার জগতের কর্ত্তা চইতেন, তাচা চইচল ইনি আপনি আপ-নাকে ব্ৰহ্মণ বলিয়া জানিতেছেন না কেন? কিন্তু আমার এই আশ্চর্যা বোধ হইতেছে যে, তুমি পাত্তৰ-দিগকে সাধুগণের পথ হইতে আরুষ্ট করিয়া রাণিয়াচ, এবং ইছারা সেই ব্যবহারকে সাধু বলিয়া স্বীকার করি-তেছে। অথবা তুমি পৌরুষহীন বৃদ্ধ, তুমি যাহাদের স্কার্থপ্রদর্শক হইরাছ, তারাদের বিষয় বিস্মাকর নহে। মহাৰণ পরাক্রান্ত ভীমদেন শিশুপালের সেই কঠোর ৰাকা শ্ৰবণ করিয়া কুপিত হইলেন। ভাঁহার সরোজ্যদুশ স্বভাব বিক্ষারিত ও লোহিত নেত্রন্ন ক্রোধভরে অধিক-তর রক্তবর্ণ ছইয়া উঠিল। পার্থিবগণ ভাঁহার ললাট্রস্থ विभिधा क्रकृषी विकृष्ट विभधगामिनीशकात नाम मनेन করিতে লাগিল, দশনে দুশন শীড়ন করিতে লাগিল, ভাঁহার মুখমগুল দেখিয়া খোঁধ হুইল, যেন যুগাস্তরে কালা-স্তক সমস্ত সংসার প্রাস করিতে ইচ্ছা করিতেছে। তিনি ক্রোধবেরে উপিত হইতেছেন, এমন সময় মুহাবাত ভীম তাঁচাকে ধাবণ কবিলেন,বোধ চইল যেন শশিশেখর মডা-ননকে গ্রহণ করিতেছেন। ভীম্ম বিবিধ গৌববায়িত বাক্যে তাঁহাকে নিবারিত করিলে তাঁহার কোণশাস্তি হইল। বেমন সমুদ্ধেল মহাসমুদ্ৰ ঘনকাল অভীত হইলে বেঁলাকে অতিক্রম করে না, হেজ্প অরিক্স ভীন ভীলের বাক্য উল্লেখন করিবেন না। ভীমসেন ক্রোধাণিষ্ট হইলেও শিশুপাল নিজ পৌক্ষ অবলম্বন ব্িয়া স্থির চইয়া রহি-লেন। কুপিত সিংহ যেমন সুগের প্রতি উপেকা কবিয়া থাকে, প্রতাপকান শিশুপাল সেইরূপ ভীন পরাক্রম ভীন-সেনতে রোষপরবশ দেখিয়া তাঁছার প্রতি উপেক্ষা করত হাসিতে হাসিতে কহিলেন, হে ভীম ৷ ইফাঁকে পরিভাগ কর, আমার প্রতাপানলে ভীমণতক দ্য ইইবে, নরপতিরা নয়নগোচর করুন। তদনস্তর কুরুশ্রেষ্ঠ প্রাক্ততম ভীম চেদিরাজের বাক্য প্রবণ ক্রিয়া ভীমসেনকে কহিতে ना शिथ्नन।

দ্বাচত্বারিংশত্তম অধ্যায়।

ভীয় কহিলেন; এই শিগুপাল চেদিরাজকৃলে জয় श्रद्धन करत्रन । कृषिष्ठं इरेवात नगरत्र रेनि बाह्यक छ চতুত্ব ছিলেন, এবং জাতমাত্র রাষভনদৃশ চীৎকার করিতে লাগিলেন। ইহাঁর মাতা পিতা ও বনুবান্ধব এই অনৈদর্গিক ব্যাপার অন্লোকন করিয়া ভীত হইয়া ইহাঁকে পরিত্যাগ করিতে সঙ্কর করেন। চেদিরাজ, তাঁহার ভার্যা, অমাত্য ও পুরোহিত আকুল হাদয়ে চিম্বা করিতেছেন, এমন সমরে এই দৈববাণী হইল, "হে নুপতে। ভোমার শ্রীমান বলবান পুত্র জন্মগ্রহণ করিল, অতএব ইহা হইতে ভীত হুইও না, অফুকুলিত হুইয়া প্রতিপালন কর, হে নরাধিপ। যম ইহার অন্তক নহে। ইহার প্রাণ কেবল অস্ত্র দারা নিহত হইবে, যিনি ইইার জীবনহস্তা, তিনি উপ্পন্ন হইয়াছেন।" এই কছিয়া দৈবনিস্তব্ধ হইলে ইহার জননী অপত্যক্ষেহে অভিভূত হইয়া কহিতে বাগিলেন, যিনি আমার এই পুত্রের প্রতি এই আকাশবাকা প্রয়োগ করিলেন, তিনি দেবতাই হউন, বা অন্য কেইই হউন, আমি কুতাঞ্চলি হইয়া তাঁহাকে নমন্তার করিতেছি, তিনি যথার্থতঃ প্রকাশ করিয়া বলুন, কোন ব্যক্তি আমার সন্তানের কালান্তক হইবে, আমি ভাহার নাম ভনিতে देख्यां कति। ज्थन भूनक्षांत्र देववानी इहेन, दह त्ववि! তোমার পুত্র বাঁহার অঙ্কদেশে আরোহিত হটুলে ইহার পঞ্চশীৰ্ষ-ভূজন-প্ৰতিম অধিক ভূজনম কিতিতলে বিগলিত হইবে. এবং বিহোকে নেত্রগোচর করিয়া ল্লাটনিহিত ততীয় লোচন তিরোহিত হইবে, তিনিই তোমার প্রাণা-ধিকের প্রাণসম্পত্তি অপহরণ করিবেন।

অন্যান্য প্রাথিবগণ তাহাঁথৈ তিনেত্র ও চতুর্ক এবং তাহার প্রতি সেই দৈববাণী প্রবণ করিয়া দশনমানসে তথার আগমন করিতে আরম্ভ করিল। তথন চেদিরাজ সমাগত ভূপতিগণকে সংকার করিয়া একৈকজনে সকলের উৎসঙ্গে পুজ্ঞকে আরোপিত করিল। শিশু এই প্রকার যথাজনে পৃথক পৃথক রূপেরাজসহত্রের অভারত হইলেন। কিছ দৈববাণীর নিদর্শন প্রাপ্ত হইলেন না। মহাবল বলরাম ও বাহ্মদেব ছারাবতী নগরীতে ছিলেন, ইইারা এই ব্যাপার প্রবণ করিরা পিতৃত্বসাকে দেখিবার নিমিত্ত

চেদীপুরী আগমন করিলেন, তাঁহারা জােঠাছক্রমে ভূপ-তিকে ও পিতৃৰ্গাকে অভিবাদন ও অনাময় জিলাসা করিরা এবং ভাঁছাদের কর্ত্তক অভিনন্দিত হটয়া উপৰিষ্ট हहेल (मवी यामवी आख्लाम कतिया निश्रानिक मार्गा-দরের ক্রোড়ে প্রদান করিলেন। তাঁহার আছে অর্পিত হইবামাত্ৰ ভুজৰয় খলিত ও ললাটম্ব তিলোচন তিয়োহিত হইল, তখন শিশুপালজননী আসিত ও বাথিত হইয়া कुकारक कहिलान, रह महाजुल। এই अन्नकाउतारक ্রপ্রদান কর, তুমি আর্দ্ত ব্যক্তির আখাসন ও ভীত বাজির অভয়প্রদ। শিশুপালজননীর এবপ্রকার কাতরোজি अंतन कतिया कृष्ण किश्लिन, हि (पिति ! छीछ श्रेटिन ना, আমা হইতে আপনার ভয় নাই, হে পিতৃৰদ: ! আমি षाभनात्क कि वत भिव, षामात्क कि कतिए इटेंप्, আজা করন, আমার আয়ত্ত বা ক্ষমতার অতীত হইলেও আমি অবশ্য সম্পাদন করিব, তাহার সন্দেহ নাই। রাজ-महिरी कुक्क कुक धरे शकात অভিহিত इहेगा कहिला, ছে মহাবল যহপ্রধান। শিওপালের সমস্ত অপরাধ ক্ষমা করিতে হইবে, এই আমার প্রার্থনা। তথন বাস্থদেব কহিলেন, পিতৃষ্দঃ ৷ আপুনি শোক করিবেন না; আমি আপনার এই পুত্রের বধোচিত শত কলাসাজনা করিব।

ভীম যুগিষ্ঠিরকে সম্বোধন করিয়াঁ কহিলেন, হে বীর!
মন্দবৃদ্ধি পাপাত্মা শিশুপাল,গোবিন্দের এইরূপ বরপ্রদানে
দর্পিত হইয়া ভোমাকে আহ্বান করিতেছে।

ত্রিচত্বারিংশত্তম অধ্যায়।

ভায় কহিলেন, শিশুপাল যে বৃদ্ধিতৈ বাস্থানবকে আহ্বান করিভেছে, ইহা উহার নিজের বৃদ্ধি নহে, বাস্ক্রন্থেরই এইরূপ অভিসন্ধি, সন্দেহ নাই। হে কৌস্কের! এই কুলকলক অদ্য আমার যে প্রকার অবমাননা করিল, পৃথিবীনধ্যে কোন্ পার্থিব তেমন করিতে পারে? শিশুপালে নারায়ণের বে তেজোভাগ আছে, যাহার প্রভাবে সে হর্ম্বাল্ধির ভক্তর হইয়া আমাদিগকে গণনা না করিয়া শার্দ্দের ন্যায় ভর্জন গর্জন করিভেছে, মহাবাছ বাস্থাৰ অচিরকালমধ্যে সেই নিজভেজঃ প্নরাদান করিবেন।

শিওপাল ভাষবাকা সহা করিতে না পারিয়া ক্রোধ-ভারে তাঁহাকে কহিতে লাগিলেন। হে ভীয়া। ভূমি বন্ধির ন্যায় উত্থিত হইয়া নিরন্তর বাহার স্তৃতিবাদ করিতেছ, আমার প্রভাব সেই কেশবেরই ৰটে, কিন্তু ভোমার মন यकि (कवन भारत काराधान कतियार मखरे थारक. ভাষা হইলে কেশবকে পবিভাগি করিয়া এই সকল **जु**शालगर्गत स्रुटियान कत्र, এই পার্থিবপ্রধান বাহলীকরা দরদের স্তুতি পাঠ কর, যিনি ভূমিষ্ঠ হইবামাত্র পৃথিবী কম্পিত হইয়াছিল; হে ভীমা। মহাবীর কর্ণের প্রশংসা কর, যিনি অঙ্গ ও বঙ্গদেশের অধ্যক্ষ এবং সহস্রাক্ষনদৃশ বলশালী; যে মহাবাহর চাপবিকর্ষণ অতিভয়ানক, কুণ্ডল-দ্বা সহজাত, দিবা ও দেবনিশ্মিত; এবং কৰচ বালাৰ্ক-मनुभ, धिनि नामरेवत नाम इंब्लंग खतामक्कर वाह-যুদ্ধে পরাজিত ও তাঁহার শরীর ভেদ করিয়াছিলেন। এই মহারথ দ্রোণ ও তংপরে অশ্বথামার স্তব কর, বাঁহা-দের এক জন জাতজোগ হইলে চরাচর বিশ্ব নিঃশেষিত कतिए गारतन। यन छः देशां निश्तित ममाने त्याका नृष्टि-গোচর হয় না; কি আশ্চয্য ় সেই অনন্যসাধারণ বীর-যুগলের প্রশ পা ক্রিতে তোমার ইচ্ছাহয় না? হে ভীম ! সাগর্ম বা প্রথিবী ক যিনি অদিতীয়, সেই রাজেক্ত ছয়োধনকে অভিক্রম করিয়া ক্রফের স্তুতিবাদ করা কি ন্যায়াস্থত ? না বুদ্ধিমানের কার্যা ? কভালে দৃঢ়বিক্রম রাজা জয়ত্রথ, প্রথিতবিক্রম কির্বাচার্য্য ক্রম, ভরতকুলের শিক্ষক বৃদ্ধ কুপাচার্যা, মহাধ্যুদ্ধর ক্জিরাজ, ভগদত্ত, गुन्दक्षु, अत्रद्भन, भाग्रधभन, वित्रांष्ठे, क्तर्नन, वृश्यन, मक्नि, व्यविष्टामभीय विका ও व्यव्यक्ति, भाषा, त्यरु, উত্তম, মহভাগশভা, বুষদেন, বিক্রমশালী একলবা ও মহারথ কালিক, এই সমস্ত বীর পুরুষ্দিগের প্রতি উপেক্ষা প্রদর্শনপূর্বক কেশবের প্রাশংসা করিতেছ ? ছে ভীম। যদি তোমার নিতান্ত তব করিতে বাসনা হইয়া থাকে, ভবে কেন শল্যপ্রভৃতি ভূপালগণকে হুব কর না ? कृषि आहीन धर्मवामी पिराव उगामनाका स्वन कत नाहे ; অতএব আমি কি করিব। পণ্ডিতেরা কহিয়া থাকেন বে. व्याव्यनिमा ও व्याव्यशृका, ও পরনিमा ও পরস্তব সাধু-দিগের অকর্ত্তবা। তুমি মোহবশতঃ ভক্তিসহকারে অত-বনীয় কেশবের তাব করিতেছ, কিছু ইহা কাহারও অহু-

মোদিত নহে, তুমি মুক্তিকামনায় সমস্ত অৰ্থ ছ্যামা পুরুষে সমাবেশিত করিতেছ, যাহা হউক, তোমার এই বৃদ্ধি প্রকৃতির অনুগত নতে; আমি পুর্বেট কহিয়াছি যে, ভ্লিকুনামক শকুনি ভোষার উপমার হান, শিগুপাল **वहें कथा विनाम कहिलन, (ह छोत्र ! अवग कत्र । हिमा-**লয়ের অপর পার্ছে ভলিঞ্চ নামে এক শকুনি বাস করে। ভাহার বাক্য অর্থ বিগ্রিছিত ও নিন্দনীয়। সে অন্যকে সাহস করিতে নিষেধ করে কিন্তু আপনিই যে অভীব সাহসিক কম্মের অমুষ্ঠান করিতেছে, তাহা কিছুমাত্র ব্যাতে পারে না। সেই নির্বোধ শকুনি সিংছের বদন হঁইতে দশন্বিলয় মাংস্থও গ্রহণ করিয়া থাকে, কিন্তু সিংহ মনে করিলেই তাহাব জীবন বিনাশ করিতে পারে। সে কেবল সিংহের অমুগ্রহে জীবিত আছে, সন্দেহ নাই। ছে অধার্ম্মিক ভীম। তোমার বাকাও সেই প্রকার প্রকৃতিধিক্ষন: এবং ভোমার জীবনও সেই প্রকার ভূপালগণের অমুগ্রহাধীন, ইহাঁরা মনে করিলেই ভোমার প্রাণ সংহার ক্রবিতে পারেন, তোমার তুলা নিন্দিত কর্মা আর কেহট্ট নাই।

ভীয় শিশুপালের এই প্রকার কটুবাকা শ্রবণ করিয়া কহিলেন, হে চেদিরাজ! তুমি কহিতেছ "আমার জীবন এই মহীপালগণের ইচ্ছার অধীন" কিন্তু আমি ইহা-দিগকে তুণতুলাও বোধ করি না,ভীয় এই প্রকার কহিলে ভূপতিগণ রোষাবিষ্ট হইয়া কেছ হাস্য করিয়া উঠিলেন, কেহবা তাঁহার ক্ৎসা করিতে লাগিলেন। কোন কোন ধছর্মর ভীয়ের বাহ্য শ্রবণ করিয়া কহিলেরী, এই পাপ-গর্মিত হুর্মাত ভীয় ক্ষমাযোগ্য নহে, অতএব ইহাকে পশুর নাায় বধ কর অথবা প্রদীপ্ত তুর্যাননে দক্ষ কর।

কুর পিতামই মতিমান তীম তাঁহাদিগের বাকা প্রবণ করিরা কহিবেন, হে নৃপতিগণ! তোমাদের কথোপকথন শেষ হইবার নহে, আমি এই অবসরে কিছু বলিভেছি, প্রবণ কর। তোমরা আমাকে পত্তর নাার বধ কর বা কটাগ্রিতে দগ্ধ কর, আমি তোমাদের মন্তকে এই পদার্পণ করিলাম। আমরা গোবিন্দকে পূজা করিরাছি, তিনিও সম্পুথে বিদ্যমান রহিয়াছেন, যাহার নিডাও মরণক ভূভি হইরা থাকে, তিনি গদাচক্রধারীঃ বাহ্দেবকৈ মুছে আহ্বান করুন, কিন্তু আমি নিশ্চয় বলিভেছি, আহ্বান- কারী ব্যক্তিকে রণশায়ী ছইয়া অবশ্যই বাদৰ দেব শ্রীক্রফের শরীরে লীন হইতে ছইবে।

চতুশ্চন্ত্রারিংশত্তম অধ্যায়।

বৈশাপায়ন কহিলেন, প্রস্তুত বিক্রমশালী চেদিরাজ, ভীল্পের বাক্য শ্রবণমাঞ্ট বাহুদেবের সহিত সন্ধান করিবার মানসে তাঁলাকে কহিতে লাগিলেন। হে জনার্দন! আমি তোমাকে আহ্বান করিতেছি, আমার গাহিত সন্তাম কর; আইস অদ্য তোমাকে পাগুবগণ সমন্তিবালারে বমালয়ে প্রেরণ করি। হে ক্ষণ্ড তুমি রাজানহ; তুমি দাস, চুর্মতি ও পূজার অযোগাপাত্র; পাগুবগণ বালত্বসূক্ত ভূপালদিগকে অভিক্রম করিয়া তোমাকে পূজাবৎ পূজা করিয়াছে, অভএব আমার মতে অনভিজ্ঞ পাগুবগণকে বধ করা অবশা কর্ত্বন। শিশুপাল এই বলিয়া ক্রোধভরে ভজন গর্জন করিতে লাগিলেন।

कृषा निल्लात्वत वाकावितात भाष्यवानप्रमाक मुद খরে সমন্ত ভূপতিবর্গকে কহিতে লাগিলেন, হে ভূপতি গণ! এই সামভীনন্দন আমাদিগের পরম শক্ত; এই তুরাত্মা সর্বাদী অনপকারী দাত্মতগণের **অপ্রকার** চেষ্টা করিয়া থাকে। এই ছুরাচার আনার পিতৃত্বশীর হুইয়াও আনরা প্রাগ্রোতিষ পুরে গম্ন করিয়াছি জানিতে পারিয়া দারকাপুর দগ্ধ করিয়াছিল। ভোজরাজ বিহারার্থ বৈবতক পর্মতে গমন করিলে এই পাঁপিষ্ঠ তদীয় সহচরগণের মধ্যে व्यानकरक विलाम ७ व्यानकरक वह कुत्रिया च्रभूत शमन করিয়াছিল। আমার পিতার অখ্যেধারুষ্ঠান-সময়ে **বিল্লোৎপাদন করিবার মানসে উৎকৃষ্ট রক্ষকগণ পরি-**বৃত, পবিঅ' যজার অপত্র 🛰 করিয়াছিল। এই ছরাত্মা নিতাম অনমুরক্তা সোবারদেশগ্রিনী বক্তপত্নীকে এবং কাক্ষরে নিমিত্ত মায়া জ্বলখন পূর্বক খীয় মাতৃল বিশালাধিপতির কনা। জলাকে অপহরণ করিয়াছিল। আমি কেবল পিড়ছ্সার অনুরোধেই এই পাপাত্মার তৃত্ব সকল এতাব্ৎকাল পর্যান্ত সহা করিয়াছি। ত্রাত্রা শিশুপাল অন্য ভাগাক্রমে সমুদায় ভূপতি-গণ সর্ন্নিধানে সমুপুষ্ঠিত আছে। এই পাপাশন্ন আদা আমার প্রতি যেরপ অত্যাচার করিল, তাহা সমস্ত ভূপাল- গণ ঘচকে প্রত্যক্ষ করিলেন এবং পরোক্ষে বাছা যাহা করিয়াছিল, ভাছাও প্রবণ করিলেন। এই ত্রাত্মা অদ্য সমস্ত রাজমওলদমীপে আমাকে অপমান করিয়াছে, অতএব কোন ক্রমেই ইহার অপরাধ সহ্য করিব না। মৃচ্মতি শিশুপাল যমালয়ে যাইবার নিমিত্ত ক্রিণীকে প্রার্থনা করিয়াছিল, কিন্ত অপাত্রের বেদশ্রবণপ্রার্থনার ন্যার উহার ঐ প্রার্থনা বিফল হইয়াছিল।

তথন সভাত সমন্ত ভূপতিগণ ঞীক্কফের বাক্য প্রবণানম্বর শিশুপালকে যংপরোনান্তি নিন্দা করিতে লাগিলনা। কেনি করিছা বাহ্নদেবের বাক্য প্রবণ করিয়া অট্ট অট্টাস্য করত উল্লেক সংখাধিয়া কহিলেন, হে কৃষ্ণ! ভূমি এই সভামধ্যে বিশেষতঃ পার্থিবগণ সমক্ষে কৃষ্ণিক মংপূর্বা বলিয়া কি কিছুমাত্র লঙ্কিত ইইলে না? ছে মধুস্বন! ভূমি বাভিরেকে অন্য কোন্ পুক্ষাভিমানী বাক্তি স্বীয় পদ্লীকে অভ্যূব্বা বলিয়া নির্দেশ করিতে পারে? হে কৃষ্ণ! প্রকাপ্রকাক আমাকে ক্যা করিতে ইচ্ছা হয় কর্ম, না হয় করিও না; ফলতঃ ভূমি কৃষ্ণ হইলে আমার কোন ক্ষতি নাই এবং প্রস্যা হইলেও কোন লাভ নাই।

ভগবান্ মধ্তদন, হাঁরাল্লা লিগুপালের সেই বাক্য শবন করিয়া সনে নানে দৈত্যগর্কবিনাশক স্বীয় চিন্ধান্ত স্থারন করিবেন। চক্রস্থরণনাত্রেই তাহার হত্তে উপস্থিত হইল। তথন ভগবান্ চ্ক্রপানি ভূগতিগণকে সম্বোধন-পূর্বক কহিলেন, হে মহীপালগণ! ভোমরা শ্রবন কর, হরাল্পা লিগুপালের মাতা পূর্বে আনার নিক্ট প্রার্থনা করিয়াছিলেন যে, তোমাকে আমার প্রের শত অপরাধ মার্জেনা করিতে হইবে; আমিও তাহার প্রার্থনার সম্মত হইয়াছিলাম; ভল্পিনিতই এতাবহুকাল পর্যান্ত উহাকে ক্যা করিয়াছি; এক্ষণে উহার এক্শত অপরাধ পরিপূর্ণ হইয়াছে ক্রেভাবব অদ্য উহাকে জ্যোদিগের সমক্ষেই সংস্থান্ত করিব।

করাতিনিহদন মধ্হদন এই বলিয়া ক্রোধভরে স্থতীক্ষ চক্র ছারা চেদিরাজের মস্তক ছেদন করিলেন। চেদি-পতি বজ্রহত পর্বতের ক্রায় ভূপ্ঠে নিপতিত হইলেন। উহার কলেবর হইতে গগনচাত স্থোর নাায় স্থমহৎ তেজঃপুঞ্চ সমুখিত হইয়া স্বলাকনমস্কৃত ক্ষললোচন

कुक्करक अधिवादनशृक्षक प्रतीत नतीरत नीम हरेग। ভূপতিগণ এই অভুত ব্যাপার অবলোকন করিরা বিশ্বরা-विडे इडेरनन। धरेकरण छगरान बाखरमय कर्ज़क निछ-পাল নিহত হইলে জগতে বিনা মেখে বারি বর্ষণ হইতে লাগিল, স্থানে স্থানে প্ৰস্কৃতি বস্ত্ৰপাত হটতে লাগিল ও ভূমিকম্প হইতে লাগিল। তৎকালে অনেকানেক छ्পिछिश्य कराकित्व करलोकिक कर्च पर्गति विचासाविष्टे ছইয়া বাঙ্নিপত্তি করিতে পারিলেন না। কেহ কেহ ক্রোধভরে করে করে পেষণ, কেই বা ওর্দংশন করিতে লাগিলেন: কোন কোন মহীপতি নিভতে ক্ষকে প্রশংসা ক্রিতে লাগিলেন; অনেকে যংপরোনান্তি ক্রন্ধ হইলেন; **८कर वा छिद्दिर छेमात्रील खरमधन क**रिएमन। महर्षि-গণ, মহাত্মা ব্রাহ্মণ্ডাণ এবং ক্তিপয় ভূপতিগণ বাস্তুদেবের বিক্রম দর্শনে সাভিশয় সৃত্ত হুইয়া তাঁহাকে তব করিতে লাগিলেন। তৎপরে ধর্মরাজ মুধিষ্ঠির মহানীর দমঘোষ-নন্দনের অস্ত্রেষ্ঠি ক্রিয়া করিবার নিমিত্ত স্বীয় অঞ্জ-न्तरक चारम्भ कतिरम्त । ठाँश्वां अ स्मार्क दक्ष छ। त निरम्भ প্রতিপালন করিলেন। পরে মহাবাজ যুদ্ধিষ্ঠির মহীপাল শিশুপালের পুরুকে (চদিরাকো অভিষিক্ত করিলেন।

তদনস্তর বিপ্লতেজ!: পাশ্নক্ষন সেই স্কাসমৃদ্ধিসম্পন্ন পরম শ্রীতিকর, প্রভূত ধনধান্য সংযুক্ত, মহাজতু
রাজহ্ম নির্কিন্ধে হ্রসম্পন্ন করিলেন। মহাধাত বাহ্রদেব
পাল, চক্র ও গদা ধরেণপূর্কক আব্যু অবধি সমাপন
পর্যান্ত ঐ বজ্ঞ রক্ষা করিলেন। ধর্মাত্মা যুধিষ্ঠির এইরূপে
বজ্ঞসমাপনানম্বর অবভূগস্থান করিলে পর সমাগত সমস্ত
ভূপতিপপ তাঁহার সমীপে সমুপস্থিত হুইয়া কহিতে লাগিলেন, হে ধর্মজ্ঞ আপনার সোভাগ্যের পরিসীমা নাই;
আপনি নির্কিন্ধে সাত্রাজ্য প্রাপ্ত হুইলেন এবং আজ্মীচ্বংশীর নুপতিগণের বশোবর্জন করিলেন। আমরা আপনকার মহাবজ্ঞে আসিরা স্ক্রিকার কামাবস্তু উপভোগ
করিলাম; একণে অনুমতি কক্ষন, স্থ স্থ রাজ্যে প্রস্থান
করি।

ধর্মরাজ স্থিতির ভূপতিগণের বাক্য প্রবণানস্থর তাঁহাদিগকে বথাবিধি পূজা করিলেন, হে ত্রাভূগণ ! এই সমস্ত
মহীপতিগণ প্রীভিপূর্জক আমাদের নিকেতনে আগমন
করিয়াছিলেন, এক্ষণে আমার অনুমতি গ্রহণপূর্জক স্ব স্থ

রাজ্যে গমন করিভেছেন, ভোমরা আমাদের রাজ্যসীনা পর্যান্ত ইহাঁদের অস্থ্যমন কর। ধর্মানারী পাশুবগণ ক্যেষ্ঠ প্রতিরি আন্দেশাস্থ্যারে স্থান নগরাভিম্থে ভূপভিগণের সহিত এক এক জন গমন করিলেন। প্রতাপশালী ধৃষ্ট-ছাম, বিরাটের; অর্জ্জ্ন, মহাক্সা, মহারথজ্ঞপদের; মহাবিশারদ সহদেব, মহাবীর সপ্ত্র জোণের: নক্ল, প্ত্রসহিত স্থবলের; জৌপদীনন্দন ও স্বভ্রাতনর্গণ, পার্ক্রি স্থালগণ ও অনু্যান্য করিবদিগের অনুগমন করিলেন। তৎপরে সমুদার ব্রাহ্মণগণ ও বিধানাম্প্রারে প্রিভত হইরা স্থান্ত নিক্তনে প্রস্থান করিলেন।

এইরূপে সমস্ত ভূপতিবর্গ ও ব্রাহ্মণ্গণ স্ব স্ব স্থানে গমন করিলে ভগবান বাহুলৈব যুগিষ্ঠিরকে কহিলেন, ছে কুরুণ শাবতংস ৷ মহাত্রুত রাজত্য় আনুসম্পর হইয়াছে, একণে মনুমতি কর আমি শারকার গমন করি। ধ্রুরাক যুদিষ্ঠির শ্রীক্লফের বাকা শ্রবণানত্তব তাঁহাকে কহিছে वांशितनम, ८२ शांविस । त्कवन ट्यांमात अशांपरे আমার রাজত্য অসম্পর্ম হইল। তোমার প্রভাবেই সমস্ত ক্রিরিগণ আমার বশীভূত হইলেন ও সর্বোত্তম উপহার লইয়া আমার সমীপে আগমন করিয়াছিলেন। ट्र महाश्रम। এथन कि कतिया ट्यांगांटक विमाय मित. আমি ভোমা ব্যতিরেকে এক মুহূর্ত্ত প্রসন্ন মনে থাকিতে পারি না। কিন্তু কি করি, তোমাকেও অবশা দ্বারকা-পুরে গমন করিতে হইবে। খুঁধিষ্ঠিরের বচনাবসানে বাস্থ-দেব তাঁহার সমভি,বাাহাবে কুঞীর সমীপে, গমনপৃক্ষক কহিলেন, হে পিতৃখদ: ! আপনার পুল্রগণ সাম্রাজ্যে প্রতিষ্ঠিত হইলেন, এক া অমুমতি করুন, স্বারকায় গ্রমন করি। কৃষ্ণ এইরপে কুষ্টার অম্বজা প্রহণ করিয়া স্থভদা ও টোলদীকে সম্ভাষণপূর্কক যুখিষ্ঠির সমভিব্যাহারে অস্তঃ-পুর হইতে বহির্গত হইয়া স্থান, জপ ও আক্ষণগণের স্বস্তি-वाहन कत्रिरमन।

তদনস্তর মহাবাত কুক্ষণারথি দাকক নেঘবপুনামক
মনোহর রথ যোজনী ক্রিরা কৃষ্ণস্থীপে আনরন করিব।
মহামতি বাহ্দেব সেই গকড়কেতন রথ সমুপস্থিত দেখিরা
প্রদক্ষিণপূর্ব্ধক আছোহণ করিয়া ছারাবতী জাতান করিলেন। ধর্মরাজ মুধিটির ভাতৃগণ সমভিব্যাহারে পদত্তক

ভাঁছার অহুগমন করিতে লাগিলেন। তথন কমললোচন
ক্রম্ম কণকাল রথবেগ সম্বরণপূর্কাক বুধিন্তিরকে কহিলেন,
হে রাজন্। পর্জনা বেমন সমস্ত প্রাণিগণকে রক্ষা করেন,
মহাক্রম বেমন পক্ষিগণকৈ আশ্রম প্রদান করে, ডক্রপ
ভূমি অপ্রনন্ত চিত্তে নিতা প্রজাদিগকে পালন কর।
অমরগণ বেমন ইক্রকে আশ্রম করেন, তক্রপ ভোমার
বন্ধ্বর্গ তোমাকে আশ্রম করেন। এইরপে বিবিধ
ক্র্যাবসানে ভাঁহারা প্রস্পার অহুক্তা গ্রহণপূর্কাক স্ব স্থ
আবাসে গ্রন করিলেন। বাদবপ্রবর ক্রম্ম দারাবভীয়গমন
করিলে কেবল রাজা হুর্যোধন ও স্ক্রলনক্ষন শকুনি সেই
দিব্য সভার অবস্থান করিতে লাগিলেন।

শিওপালবধ পর্বে সমাথ।

ছ্যত পৰ্বাধ্যায়।

পঞ্চহারিংশত্তন অধ্যায়।

বৈশশ্পায়ন কহিলেন, মহায়তে রাজসূয় পরিসমাপ্ত হইলে ব্যাসদেব শিষ্যগণে পরিবৃত হইয়া পাওবসমুখে সমুপস্থিত হইলেন। রাজা যুধিষ্টির ভাতগণ সমভিব্যাহারে আত আমন ২ইতে উথিত হইয়া পাদ্য এবং আসন প্রদানপূর্বক পিতামহ ব্যাদের পূজা করিলেন। ভগবান হৈপায়ন কাঞ্চনময় আসনে আসীন হুইয়া যাধ্জিরকৈ উপবেশন করিতে কহিলেন' রাজা যুদিটির ভাতৃগণের সহিত উপবিষ্ট হইলে বাধিন্যাস্বিশার্দ ভগ্বান ব্যাস ठाँहात्क मध्योधिया कहिलान, (इ कुझवः भधन दलोत्छत्र। ভূমি অহুলভ সাম্রাজ্য প্রাপ্ত ১ইয়া সম্প্ত কুরুদেশের উন্নতি সাধন করিলে। ভোমাইইতে কুরুবংশ উজ্জ্ব হইল। হে ক্তিয়প্রধান। আমি প্রভিত হুইয়াছি একণে ভোমাকে আমন্ত্রণ করিতেছি,আমি প্রস্থান করিব। রাজা ষ্ধিষ্ঠির পিতামহের পাদ্রাহণ করিয়া ক্রিলেন, ভগবন্। **मिवर्षि नावम कश्यािक लग. मिवा, आश्वतीक ও পাर्धित.** এই ত্রিবিধ উৎপাত উপস্থিত হইনে, শিশুপালের পতন इअप्राट्टिक (मेरे फेरलाफ विनुध रहेबा (भन ? (ह পিতামহ ৷ এই বিষয়ে আমার অভিত্রত্ব সংশব উপস্থিত ৰ্টয়াছে, আপুনি ব্যতীত ইহার মীমাংশা করে, এমন

কেছই নাই। ভাছা শুনিয়া ব্যাস কছিলেন, ছে রাজন্ !
সেই ত্রিবিধ উৎপাত ত্রেরাদশ বৎসর ব্যাপিয়া ছইবে।
ভাছাতে সমস্ত ক্ষত্রিয়ের বিনাশ ছইবে। ছুর্যোধনের
অপরাধে এবং ভীমার্জ্নের বলে ভোমাকে উপলক্ষ করিয়া
সমস্ত ক্ষত্রিয় ভূপভিগণ কালক্রমে ক্ষম্ন প্রাপ্ত ছইবে। ছে
রাজেক্র ! নিশাবসানে ভূমি স্বপ্নে দেখিবে, ত্রিপুরাক্ত
মহাদেব ব্যভারত ছইয়া শূল ও পিনাক ধারণ করিয়া
শমনাধিষ্ঠিত দক্ষিণ দিক্ নিরীক্ষণ করিছেছেন। ছে
বিশাম্পতে ! সেই স্থা দর্শনে ভূমি কিছুমাত্র চিক্তিভ
ছইও না, কারণ কালকে কেছই অভিক্রম করিতে পারে
না। ভোমার মঙ্গল ছউরা পৃথিবী পরিপালন কর। এক্ষণে
আমি কৈলাসপর্বতে গ্রমন করি, এই বলিয়া ভগবান্
ব্যাস সমস্ত শিষ্য সমভিব্যাহারে কৈলাসপর্বতে প্রস্থান
করিলেন।

পিতামহ প্রান্থান করিলে পর রাজা বুধিষ্টির শোকাকুল হইয়া উষ্ণ নিশ্বাস পরিভ্যাগপুর্বক বারংবার সেই विषया । विषया कतिरक माणितमा । जिनि भाविरमा পৌক্ষ ছারা দৈব শক্তির অভিক্রম করা অভীব চুরুত কৰ্ম। মহৰ্ষি যাহা কহিলাছেন, ভাহা অবশাই ঘটিবে, তাহার দদেহ নাই। মহাতেজা যুধিষ্ঠির লাউগণকে मस्याधन कदिया कहिलान, ८६ भूक्रमस्थिता। दिशायन যাহা কহিয়াছেন, তাহা প্রবণ করিলে; আমি ওঁছোর বাক্য শ্রবণ করিয়া আণে পরিত্যাগে স্থিরনিশ্চর হইয়াছি। বদ্যপি কালজ্ঞে আমিই সমস্ত ক্ষতিব্যবিন্তের তেতু इरेगाम, उत्व स्थामात्र कीवन धात्राग आत्रासन कि ? हेरा অবণ করিয়া ধনঞ্জ কছিলেন, হে রাজন 📒 বৃদ্ধিত্রংশকর ভशानक । याद्य व्याविष्ठे इहेरवन ना। याहा कलागकत হয়, বিধেচনা করিয়া ভাহার অফুষ্ঠান কক্ষন। সভাগুডি गुधिष्ठित मत्था मत्या नागरमत्वत्र कथाई हिन्छ। कत्र खाङ्-গণকে সম্বোধন করিয়া কহিতেন, হে ভ্রাতৃগণ! তেনো-দিগের মঙ্গ হউক, আমার প্রতিজ্ঞা প্রবণ কর; "আমি व्यक्ताविधि बार्व्यावत वा व्यवामा कृत्रतिवर्शत श्रवि त्रक्ष वाका धारताभ कतिव ना ; छाछिशालत निम्मवर्धी इतेता যোগ দাধন করিব; কি পুত্র কি ইতর ব্যক্তি, সকলের অভি একরপ ব্যবহার করিব; তাহা হইলে আমার কার

ভেদের আশহা থাকিবে না; শুক্তেদ হইতেই সংগ্রাম
ঘটনা হর; আমি বিপ্রছকে শুদ্বপরাহত করিয়া কেবল
সকলের প্রির কার্যাই অমুষ্ঠান করিব; তাহা হইলে লোক
মধ্যে নিন্দাম্পদ হইব না;যদি এই ত্রেরাদশ বংসর জীবিত
থাকিতে হর, ইহা ভিন্ন আর কোন কার্য্য করিব না।"
যুধিষ্টিরের হিতাভিলাষী ভীমাদি ভ্রত্গণও জ্যেষ্টেরবাক্যে
অমুমোদন করিতেন। ধর্মরাক ভ্রাভূগণের সহিত সভামধ্যে সমারত হটরা সমস্ত নৃপগণের প্রস্থানানস্তর পিতৃগণ এবং দেবতাদিগকে পরিতৃপ্ত করিতে লাগিলেন।
সহামাভ্য যুধিষ্টির কৃত্মকল ও ভ্রাতৃগণে পরিবারিত
হইরা প্রপ্রবেশ করিলেন। ছ্র্যোধন, সৌবল এবং
শক্লি সেই রম্ণীর সভাভেই সমাসীন রহিলেন।

ষট্চত্বারিংশত্তম অধ্যায়।

রাজা ছর্ব্যোধন শকুনির স্থিত উপবেশন করত ক্রমে ক্রমে সেই সভা পর্যাবেকণ করিতে লাগিসেন। তিনি তাহাতে যে সকল অদষ্টপূর্ব্ব দিব্য অভিপ্রায় দেখিলেন, ভাষা কথন ছন্তিনানগরে দৃষ্টিগোচর করেন নাই। ছর্য্যো-ধন কোন সময়ে সভামধ্যে এক শ্রুটিক্ময় স্থলে উপক্তিত হইয়া জলভ্রমে আপনার বসন উৎকর্ষণ করিয়া চুর্মুনায়মান ও প্রবেশবিমুধ ইইয়া সেই সভায় পরিভ্রমণ করিছে লাগিলেন। অনস্তর স্কলভ্রমে সেই ক্টিকম্য স্থলে নিপ্তিত হইয়াল জ্জিত হইলেন। পরে তথা হইতে বিমুখ হইয়া নিশাস পরিভাগপুরুক বিষয় মনে ইতন্ততঃ ভ্রমণ করিতে आबस्य कवित्तान । जनमञ्जत जनस्य चारिक वर निर्मात करम ও পাল ऋरमां छिछ मीर्घकालाम मवल পতि छ इहे-त्नन । महावन छीमात्रन धवः चनीय किङ्दश्य नूर्याधनाक ভদবস্থ দেখিয়া হাত করিতে লাগিলেন। পরে যুধিষ্টিরের **, আকানু**সারে ভৃত্যেরা তাঁহাকে উত্তয়েত্ম বস্তু আনিয়া আদান করিল। তিনি প্নরায় পৃর্বের ক্রায় হলভাগে ললের আশকা ও জলভাগে খলের আশকা করিয়া আগমন कतिराष्ट्राक्ष (मधित्रा कीम, कार्क्न, नक्न, महामय, मकान উপহাস করিতে লাগিলেন। কোপনক্ষতার ত্য্যোধন ভাঁছাদের উপছাস সন্থা করিতে পারিলেন না বটে, কিছ ভংকালে আপনার মনের ভাব গোপনেই রাখিলেন।

উ:হাদের প্রতি আর দৃষ্টিপাত করিলেন না। তিনি পুনরায় এরপ প্রান্ত হইয়াছিলেন যে, পরিছেদ উৎক্ষিপ্তা
করিয়া উত্তরগবাসনায় স্থলভাগেই পদবিক্ষেপ করিলেন।
তালা দেখিরা পুনরায় সকল লোক হাস্ত করিয়া উর্টিল।
তিনি যে কেবল ক্টিকময় সভাক্টিমেই প্রতারিত
হইয়াছিলেন, এমন নহে, ক্ষাটিক ভিত্তিতে হার বিবেচনা
করিয়া যেমন প্রেবেশ করিজে উদ্যাত হইলেন, অমনি
আহতমন্তক হইয়া ঘূর্ণিত হইতে লাগিলেন। সেইরপ
অনা-ক্ষানে ক্ষাটিক ক্পাটপুটিত হার হস্ত হারা বিঘটিত
করিতে করিতে নিকাস্ত হইয়া প্তিত হটলেন।

পরে বিভতাকার অপর এক দারদেশে উপস্থিত হইরা পুর্বের ন্যায় বিপ্রবাস্তবিবেচনায় তথা হইতে বিরত হই-লেন। হে মহারাজ! রাজা ছুর্যোধন এইরূপে বিবিধ প্রতারণায় প্রতারিত হইয়া এবং রাজস্যু মহাযজে সেই অনুভ সমৃদ্ধি অবলোকন ক্রিয়া যুধিষ্ঠিরের অনুজ্ঞা গ্রহণ-পূর্বক হস্তিনানগরে প্রস্থান ক্রিলেন।

রাজা তুর্যোধন পাওধদিগের শোভা-সমৃদ্ধি অবলোকনে প্রিতাপিত হুইয়া চিস্তাকুলিত চিত্তে গ্মন ক্রিতে ক্রিতে তাহার গুর্মীত উপাছিত ২ইল। তিনি মহাত্মা কৌছেয়-গণের মহান মহিমা, মহাফভাবতা, পার্থিবগণের বশবর্তিতা এবং আবালবুদ্ধ বনিভাগণের হিতকারিতা দেখিয়া বিবর্ণ হইয়া উঠিলেন। ধুতরাষ্ট্রনন্দন গমনকালে সেই অমুপম সভার শোভা চিস্তার এমত নিমগ্ল হইয়াছিলেন যে, উ৷হার মাতৃল উ:হাকে পুন: পুন: সন্তাষণ করিলেও তিনি তাঁহার সহিত আলাপ করিলেন না। স্বলাত্মল তাঁহাকে চঞ্চল দেখিয়া কহিলেন, ছংগ্যাধন! তুমি কি নিমিত এরপ বিষয় মনে গমন করিতেছ ? ছর্যোধন কহিলেন, হে মাতৃল। মহাত্মা ধনমধ্যে শত্ৰপ্ৰতপিলৰ এই স্যাগ্ৰা বহুদ্ধরাকে যুগ্নিটিরের নিতাস্ত বশ্বদ এবং ইদ্রুবজ্ঞসদৃশ মেই মহাযত নিরীকণ করিয়া অনর্যভরে দহামান মদীয় শ্রীর গ্রীমকালীন অল্পল জলাশয়ের ন্যায় পরিশুক হুইভেছে। দেখ, যখন বাস্থদেব শিশুপালকে বিনষ্ট ক্রিলেন, তথন গৈই রাজ্যভায় এমত কোন্ ভূপতি ছিলেন, যিনি তাঁহার চরণামুগত না হইরাছিলেন। তৎ-কালে রাজগণ কোত্তেরকত পরিভবানলে দহামান হইরাও অপরাধ ক্ষমা করিলেন, কিছ সে অপরাধ কে ক্ষমা করিতে

পারে? পাওবপ্রের প্রতাপে কেশ্বরুত সেই অযুক্ত কর্ম সম্পর হইল এবং নুপতিগণ বিধিধ রত্মজাত লইয়া कत्रथम देवामात्र नाग्नि धर्मतास्त्रत छेशामना कतिएक गागि-লেন। পাতাবগণের প্রভাগলক রাজনন্মীকে সেইরূপ প্রদীপামান দেখিরা আমি অমর্যভারে নিভান্ত দহামান চ্ইতেছি। হে মাতৃল। অধিক কি বলিব, আমার এরপ অন্তর্গান্ত উপস্থিত চুইয়াছে যে, আমি আর জীবন ধারণ করিতে সমর্থ ছইতেছি না। হয় প্রজ্ঞানত হতাশনে প্রবেশ করিব, না হয় হলাহল ভক্ষণ করিয়া জীবন শেষ ফিরিব. व्यथवा कन्यात्वम क्रिया এই विषय जानात रुख रहेएछ পরিত্রাণ পাইব। কোন সন্তবান পুরুষ শক্রর উরতি এবং আপনার অবনতি অবলোকন করিয়া সহা করিতে পারে? আমি যখন তাদশী রাজ্ঞী দেখিয়া পরিতৃপ্ত হইয়াও অল্যাপি সহা করিয়া রহিয়াছি, তথন আমি না जी ना शुक्रव, किंड्र निह ; काउन जीत्नाक इटेल अक्र যম্মণি ভোগ করিতে হইত না; পুরুষ হইলে প্রতিকার না করিয়া নিশ্চিত্ত থাকিতে পারিতাম না। তাদুশ রাজ্জ, তাদুশী ধনসম্পত্তি এবং তাদুক্ ইজ্ঞ নিরীক্ষণ করিয়া মাদুশ কোন ব্যক্তি না সন্তাপিত হয় ? বিশেষতঃ ভাহাদিগের राहे तासनकी अनहबन कतिएक आमाब नामश्री नाहे, এবং কেহই সহকারী নাই, এই নিমিত্তই আমি মৃত্যুচিত্তা করিতেছি। যুধিষ্টিরের সেই মহাজনোচিত পবিত্র রাজপর্মী निंतीकन कतिया निक्त कतिलाम, देनवहे अधान, त्भीकव নির্থক ; কারণ আমি যাহাটক বিনাশ করিবার যত্ন করি-লাম, দে দৈবের অনুকৃশতাপ্রযুক্ত সমৃদুর অতিক্রম করিয়া পনবার উরতির পথে আরোহণ করিল। পৌরুষাবলখী ধার্ত্তরা দিন দিন ছীন হইতে লাগিল। সেই 🕮 ও छानृभी प्रछा नित्रीकेटेंग अवश्र ब्रिक्शियात स्पर्ट श्रीब्हाम শ্রবণে আনি সাতিশর পরিভাপিত ও অসহিফু হইভেছি, অতএব হে মাতৃণ ৷ আমাকে প্রাণ পরিত্যাগে অমুক্তা क्रिया शिजारक थहे वृजास निर्वापन क्रिया।

সপ্তচত্বারিংশত্তম অধ্যায়।

শক্লি ছর্বোধনের পরিতাপবাক্ষা শ্রবণ করিয়া কহি-লেন, ছর্বোধন। পাগুবেরা আপন অংশ ভোগ করিতেছে,

ভদ্দনি ভোমার যুধিটিরের প্রতি এরপ জোধাবিট হওয়া নিতাক অবিধেয়। বিশেষত: ভাছারাও বিবিধ বিধানজ। হে অরিক্ষ। পূর্বে তুমি তাহাদিগের প্রতি অনেকবিধ উপায় প্রয়োগও করিয়াছিলে, কিছ কিছুতেই কুতকার্যা হইতে পার নাই। পরিশেবে ভাহাদিগকে অংশ প্রদানে পরিতৃষ্ট করিয়া পরিত্যাগ করিতে হইয়া-ছিল। তাহারা ফ্রোপদীকে ভাষ্যা, সপুত্র ক্রপদকে ও তে क्यो (क न वटक পृथि वी नाट छत्र महात्र भा हे ग्राट ध्यवः পৈতৃক অংশ লাভ করিয়া আত্ম প্রতাপে সেই অংশ বিশ্বিত করিয়াছে, ভাহাতে ভোমার পরিদেবনার বিষয় কি? ধনপ্রয় হু চাশনকে পরি চুষ্ট করিয়া গান্তীব ধতু: অকর-তৃণীরদার ও দিব্য অন্তরসমুদার লাভ করিয়াছে এবং সেই কালু কের সাহায়ে ও আপনার বাছরীযোঁ সমস্ত মহী-পালকে বশবদ রাখিয়াছে, তাহাতেই বা তোমার পরি-एननात विषय कि ? थां खबलाङकांटन नग्रमाननाक व्यधि-দাহ্হুইতে পরিত্রাপু করিয়া ভাহার দারা সেই সভা नित्यान कतां त्राट्ट, मग्रमानत्वत चाळाञ्चवर्श किङ्गतामक রাক্ষণেরা তাহা বহন করিয়াছে, ভাছাতেই বা ভোমার পরিদেবনার বিষয় কি ? তুমি মে কহিলে "আমার সভায় নাই" সে কেবল তোম্বার ভাস্তিমাত্র, কারণ ভাত্তগণ ভোমার অভুগত এবং মহাধ্যুদ্ধর কীয়াবান ছোণ, তাঁহার পুত্র, রাধের, মহার্থ গৌডম, আনি আমার সহোদরগণ ও রাজা সৌমদত্তি, আমরা সকলেই তোমার সহায়: ভূমিও এই সকল সহার্যসম্পন হইরা অধণ্ড ভূমণ্ডল জয়

ছুর্যোধন কলিলেন, হে রাজন্! আপনি অসুমতি কর্মন আমি আপনাকে ও পূর্বোক্ত মলারপদিগকে সহার করিয়া অন্তই সেই পাওবদিগকে পরাজয় করিব। তাহারা পরাজিত হইলেই অথও ভূমওল, সমত মহীপাল ও সেই মহাধন প্রাজ্ঞ আমার অধিকৃত হইবে। শকুনি কহিলেন, ছে রাজন্! ধনজয়, বাস্থদেব, ভীমসেন, যুধিষ্টির, নকুল, সহদেব ও সপুত্র জ্ঞপদকে পরাজয় করা দেবগণেরও সাধায়ত নহে; ইইরো সকলেই মহারথ, মহাধহ্র্ম, ফুতাল্প ও যুদ্ধহ্মদ। হে রাজন্! যে উপার ছারা হ্থিটিরকে জয় করিতে পারিবে, আমি তাহা বিশেবক্ষপে জানি, এক্ষণে প্রবণ করিয়া সেই উপার জবলম্বন কর ঃ

ছুপোধন জিল্লাসা করিলেন, মাতৃল! যে উপায় ধরে।
স্থান্ধপের ও অনানা মহাত্মাদিগের মনোযোগে ভাহাদিগকে পরাজয় করিজে পাবির, বলুন: সে উপায় কি
প্রাকার। শকুনি কহিলেন, রাজা যুধিষ্টির দৃতিপ্রির, কিন্তু
ভাহাতে ওাঁহার নৈপ্যা নাই, অভএব পাশকীড়ার
নিমিত্ত ওাঁহাকে অংহরান কর। তিনি আহৃত হইলে
নির্প্ত হইতে পারিবেন না। আমি অক্রক্রীড়ায় সাভিশ্ম
দক্ষ, এই রিজ্বনে আমার তৃলা ক্রীড়াশীল আর কেহই
নাই। অভএব তৃমি উলিকে দৃত্তে আহ্বান কর, আমি
ভোমাব নিমিত্ব অক্রেমিশলে তাঁহার সেই প্রদাপ্র রাজলক্ষ্মা গ্রহণ করিব; কিন্তু এই বিষয় ভোমায় পিভাকে
ভাবগত করাও, তাঁহার অঞ্জা লইয়া তাঁহাদিগকে প্রাক্ষ্ম ক্বির, সন্দেহ নুই। গুয়োধন কহিলেন হে মাতৃল!
আপেনিই পিভাকে রীভিনত নিবেদন করন, আমি সেই
গুর্ম্ব ভূমিপালকে জানাইতে প্রির না।

অফ্টড্রারিং শত্তম অধ্যায়।

रेनम्मायन कहित्वन, अनवनम् न भक्ति प्रशीस्त्रत অভিপায় মৰগত ১টয়া প্ৰথমেই প্ৰজাচ্জু, মহাপ্ৰাজ, রাজা ধুতরাষ্ট্রের সমীপে গমন করিয়া কহিতে লাগিলেন, गहाताक । हरगार्थन विनय, भाखत, कुन, मीन ও हिन्छा-প্রথশ হইয়াছে, জোষ্ট পুরের শত্রজনিত অন্হা হাদয়-শোক কেন অমুগন্ধান করিছেছেগ না ? ধৃতরাষ্ট্র শকুনি-व्यमुभार व्यवशंक करेया इत्यां।धनत्क मत्याधन कतिया কহিংলন, ৰৎস ছুর্যোধন! কিনিমিত্ত ভূমি এত কাতর হট্যাচ; নদাপ্তি আমার শ্রোতবা হয়, তাহা হটলে অকাশ করিয়া বল; ভোমার মাতৃল কহিতেচেন যে, ভূমি বিবর্ণ, পণ্ডের ও ক্লশ হইয়াছে; কিন্তু চিন্তা করিয়া ও ভোমার শোকের কারণ দেখিছেছি না। বংস। প্রচুর ঐমধ্য তোমাতেই প্রতিষ্ঠিত, তোমার ভাতগণঁও মহন-দৃগণ অপ্রিরচেরণ করেন না, রাজোচিত পরিচ্ছদ পরিধান ও পিশিতার ভোজন করিতেচ, উত্যোত্তম ত্রুসম ভোমাকে বহন করিখা থাকে, তবে তুমি কি ছঃখে বিবর্ণ ও কুশ হটতেছ? মহামূলা শ্বল, মনোহারিণী রমণী, শোভাসম্পন্ন গৃহ ও সজ্জাবিহার, এই সমস্ত বস্তু দেবতা-

দিগের নাায় ভোষার ইচ্ছায়াত সুলভ, ভবে তৃমি কি নিমিত দীনের ভায় শোক করিভেছ ?

ছাগোধন কহিলেন, হে ডাত! কেবল কাল্যাপন করিবার নিমিত্ত কাপুরুষের ন্যায় ভোঞ্জন, পরিধান ও উতাত্র ক্রোধ ধারণ করিয়াই সম্ভুষ্ট রহিয়াছি, কিন্ত সে বাতি জাতকোধ হইয়া আপনার প্রান্তাপনকে নশীভত রাণিতে পারে এবং অরিপরিভণ হইতে মুক্তি ইচ্ছা করে. সেই যথার্থ পুরুষ। মহারাজ ! সংস্থাব শ্রী ও অভিনানকে নট কি≱ার, আর ধিনি কেবল অফুগ্রহ বা ভ্রের বশাভ্ত **ठेटे हा हरलन, छिनि केथन भटाइ छा। छ ठन् ना। (य मिन** বুধিষ্ঠিরের দীপামান রাজবালী দৃষ্টিগোচর ভইয়াছে, তদ বধি আমার ভোগা বিষয় আর আমাকে পরিতৃপ্ত কুরিতে পাবিতেছে না। আম সপত্রগণকে উন্নত ও আপনাকে হীন দেখিতে চি এবং যু পিষ্ঠিরের রাজ লক্ষ্মী আদশ্য হইলেও আমার নরনপথে স্পষ্টরূপে আবিভ্ত হইতেছে, এই নিনিতই আমি শিবর্ণ, পাওর ও কুশ হইয়াছি। সুনিষ্টির প্রতিদিন অষ্টাশীভিসহল লাভক ও গুর্মেধীকে এবং ভিংশং দাণীকৈ ভরণ পেষিণ করেন। ওঁটোর আঁলয়ে অন্যানা দশীমহল বাজিন স্বর্ণাতে উত্তমান ভোজন করিয়া পাকে। কাথোজেরা তাঁহাকে উংকৃষ্ট কম্বল, 'করিণীগর্ভ্ত-গমূত শতসহত্র অশ্ব, ত্রিশত উট্ট ও বানী প্রদান করি-রাছে। সমস্ত রাজ্মগুলী পুজোপকরণ সমভিব্যাহারে ইন্দ্রত্বেমাগত হট্যা সেই পুণক্পুথক্ রত্নাত রাজ-एत याख्य दकी द्वारक उपहार मिताए । व्यक्ति कि विवाद, যুগিটিরের যজে যুদুণ ধনাগম হইয়াছে, আমামি পূর্কে कान छाटन (मक्त नयनरगावत वा अवगरगावत कति नाहै। সেই অসাম ধনরাশি স্বাছের হত্যত দুশ্ন করিয়া চিআঃ বিত হওয়াতে আনি হুণী হুইতে পারিতৈছি না। স্থাময় কমঙলুণারী লতশত প্রিক আক্ষণ গোসমূহ সম্ভি-ব্যাহারে প্রজুত বলি গ্রহণ করিয়া প্রবেশিতে না পারিয়া दातरमाम मधात्रभान तरित्राष्ट्रन। व्यमताक्रनाता रयमन व्ययत्रतारकत निभिष्ठ मधु धात्र कतिया शास्त्र, ताका यूपि-ষ্টিরের নিমিত্তও সেইক্ষুস ধারণ করিয়াছিল। বাস্থাদেব বছ-রত্ন কি বিভ মহামূল্য শৈক্য ও প্রধান শব্দ গ্রহণ করিয়া যুগিষ্ঠিরকে অভিষেক করিলেন। শৈকা লইয়া কেছ কেছ পূর্বা সাগরে, কেছ কেছ দক্ষিণ সাগরে, কেছ কেছ বা

পশ্চিম সাগরে গমন করিল। উত্তর সাগরে পক্ষী বাভীত কাছারও গতিবিধি নাই, কিন্তু হে পিতঃ! কেনল আশ্চ-র্বোর বিষয় শ্রবণ করুন, অজ্ন সেধানেও গমন করিরা অপরিমিত ধন আহরণ করিয়াছে। লক্ষ প্রাহ্মণের ডোজন-ক্রিয়া সম্পন্ন ছইলে এক এক বার শন্ধনাদ হয়; এইরাপ শঅধ্বনি প্রতিনিয়তই হট্যাছিল, আমি মুচ্লুতিঃ শভা-নাদ প্রবশ করিয়া লোমাঞ্ড কলেবর হইয়াছিলাম। मखादान, मननांखनायी পार्थियगर नमाकीर्ग बहुता. তারকাসকুল বিমল নভোমগুলের ন্যায় স্থােডিভাছইয়া-ছিল। পার্থিবগণ বৈশ্যের স্থায় রত্বজাত লইয়া ধীমান যুধিষ্ঠিরের যজ্ঞে শ্বিজাতিগণের পরিবেশক ক্টরাছিলেন। মহারাজ ! বলিতে কি, যুধিষ্ঠিরের যেরূপ রাজলক্ষী; ভাহা (मयतारक अ नाहे, यमतारकत अ नाहे, यक्र राव अ नाहे धरः গুছাকাধিপতিরও নাই। সেই প্রী দেশিয়া অব্ধি আমার মন এরপ পরিতপ্ত হইরাছে যে, আমি আর শাস্তি লাভ ক্ষিতে সমর্থ ইেতেছি না।

ছার্যোধনের বাক্যাবসানে শকুনি ছার্যোধনকে সম্বো-ধন করিয়া কহিলেন, ছে সভাপরাক্রম। পাওবে যে অফুপম রাজলক্ষ্মী দৃষ্টিগোচর করিয়াছ, তৎপ্রান্তির উপায় প্রবণ কর। আমি অক্রিয়রে অভিনত, ম্যুক্ত, পণতে, এবং বিশেষক। যুধিষ্টিরও দ্যতিপার, কিন্ত ভিষিবর তাঁহার অভিক্রতা নাই। , ক্রিয় রীতামুসারে দাতের বা রণের নিমিত আছুত হইলে অবশা ভাহাকে আসিতে হইবে, অভএব তাহাকে আহ্বান কর। আমি কপট-ক্রীড়ার পরজের করিয়া তাহার দেই দিব্য সমৃদ্ধি আনরন कतिव, नामह नाहे। कृत्याधन मेक्नित वहनावमान इरेवामाळ धुछत्राष्ट्रेटक कहित्तन, (ह त्राक्रन! व्यक्ति९ গান্ধাররাজ্পাত ঘারা পাও প্রের রাজলক্ষী হরণ করিতে উৎসাহিত হইয়াছেন, আপনি অমুমতি কক্কন। ধুতরাই ক্রিলেন, মহাপ্রাক্ত বিছর আমাদের মনী; আমি তাঁহার শাসনাত্ৰতী, অতএৰ তাঁহার সহিতে মিলিত ছইয়া किःकर्खरीं छात्र भावधात्रण कतिव । जिनि मृतमर्नि डाध्यजादय উভন্ন পক্ষের হিতকর ও ধর্মাত্রগতঃমর্ত্রণা দিবেন। চ্র্য্যো-धन कहित्तन, (इ ब्राटकका । यति विश्व व्यागमन करवन, **डाहा हहेरन जाननारक निवादन कदिरदन ; जाननि निद्रुछ** হইলে আমি নিঃসন্দেহ প্রাণ্ড্যাপ করিব। বুভরাষ্ট্র

ত্র্যোধনের বিনরগর্ত্ত কাতর বাক্য প্রবণ করির। ভন্মভঙ্গ হইয়া অনুচরবর্গকে কহিলেন, "শিলিগণকে আনাইলা স্থাসহস্রশোভিত শতশার্বিশিষ্ট লোচনলোভনীয় এক সভা নির্মাণ করাও. পরে ভাষা রড্নান্তরণ-মভিত ও স্থাবেশ্য করিয়া আমাকে নিবেদন করিবে।" ধুভরাষ্ট্র ছর্য্যোধনের পরিভাপশান্তির নিমিত্ত কেবল অপভালেছের অমুরোধে পূর্ব্বাক্ত অভিপ্রায় প্রাকাশ করিলেন, কিন্তু অক্কীড়া বহু দোবাকর জানিয়া এবং বিহুরকে জিলাসা ना कात्रपा कि इहे निक्षत्र कता इहेटव ना, धहे विटबहना করিয়া বিছরের নিকট সংবাদ পাঠাইয়া দিলেন। शীমান বিছর কলছের ছারস্বরূপ, বিনাপের মুখস্বরূপ গাশক্রীড়ার সংবাদ প্রবণমাত্র অভিমাত্র বাগ্রভা সহকারে জোই প্রভা ধুতরাষ্ট্রের নিকটে গমন করিয়া পাদবন্দনপুর্বক কহিলেন, (इ ताक्रन! व्याभनात अडे वावशादत व्यक्रमामन कतिर्ड পারি না: যাহাতে দৃংতের নিমিত পুত্রগণের পরম্পর विरत्नाथ উপश्चित ना क्य, जाश कक्रन । शुक्रताहे कहिर्दनन. হে বিজর। ৯ যদি দেবগণ অংশসর হন, তণাপি আমার পুলগণের মধো কলহ হইবে না। আনি, ভূমি, স্তোণ ও ভীম গদিহিত থাকিতে কোন প্রকারে দৃত জনিত অবি-নর ঘটিবার সম্ভাবনা নাই। তুমি আদাই তুর্ণগামী তুরজ-যোজিত রপে আরোহণ করিয়া থাতী প্রস্থ হইতে যুধি-ষ্ঠিরকে খানয়ন কর। হে বিছর। আমার এ বাবসায় विश्व ना, देववर धारान, देवव स्ट्रेट के घरेना घरि-তেছে। ধীমান বিছয় এই প্রকার অভিহিত হইরা চিতা করত হঃখিত চিত্তে মহাপ্রাক্ত ভীমের নিকটে গমন করিলেন।

উনপঞ্চাশত্তম অধ্যায়।

কনমেজর বৈশশ্পারনকে সম্বোধন করিয়া জিল্পাস্থা করিলেন, হে প্রশ্ববিদ্ধন ! যাহাতে আমার পিতামহ পাগুবগণ বাদনাপর হইরাছিলেন, দেই মহান্ অনর্থকর দ্যুতক্রীড়া কিরপে হইয়াছিল, তথার কোন্ কোন্ ব্যক্তি দভ্য ছিলেন, কোন্ কোন্ ব্যক্তিইখা অহুমোধন এবং কে কে বা প্রতিষেধ করিয়াছিলেন ! পৃথিবীবিনাশের মৃশ্যরূপ এই সকল বুজান্ত বিস্তারিতক্রমে প্রথণ করিতে

ৰাসনা করি। বৈশম্পায়ন কহিলেন, ছে মহারাল ! यनि পুনরায় সবিস্তরে প্রবণের নিমিত অভিলাষ জ্মিয়া থাকে, প্রবণ কর। ধৃতরাষ্ট্র বিহরের অভিপার অবগত হইরা নির্জন প্রদেশে পুনর্বার হুর্যোধনকে কহিতে লাগিলেন, · হে বৎস ৷ মহাবৃদ্ধি বিহুর কথনই আমাদের অহিতকর উপদেশ দিবেন না, বিশেষতঃ উদারবুকি বৃহস্পতি দেব-त्राक हेक्करक (य नकन भारताशासम निवाहन, डिनि ভাহার মশা পর্যাস্ত অবগত আছেন এবং উদ্ধব বেমন বুঞ্বিংশের,উনিও সেইরূপ কুরুবংশের প্রধান; অতএব विक्त यथन व्यक्तरावरन व्यक्तराहन करतन नाई, उथन উহাতে আর প্রয়োজন নাই। হে পুত্র! বিছর বাহা কহিছেছেন, তাছাই উৎকুষ্ট ও তোমার হিছকর; ত।হার শন্যথা করিও না। দাত হইতে স্থান্তেদ এবং স্থান্তেদ হইতে রাজ্যনাশ হয়, অত্তবে পাশক্রীড়ার অধাবদায় হইডে নিবৃত্ত হও। হে কৃতপ্রজা পুতের প্রতিনিতা মাতার যাগা কর্তব্য, করা হইয়াছে, প্রতিপাণিত, অধীত-বান, কুতবিদ্যা এবং সকলের জেটে বলিয়াই রাজপদে প্রতিষ্ঠিত ইইরাছ, অননাস্থলত ভোজনাচ্ছাদন ভোগ ক্ষারতেছ, পৈতৃক রাজ্য ৰাদ্ধত ক্ষিয়াছ ও প্রতিনিয়ত আজা প্রচার করত দেবেখরের ন্যায় দীপ্তি পাইতেছ, ভবে ভোমার ছঃখের বিষয় কি বল ?

হুব্যোধন কহিলেন, হে রাজন্! কাপুরুষেরাই অশন বসনে পরিতৃপ্ত হুইরা থাকে এবং অধন পরুবেরাই অমর্থ শুন্য হয়। হে রাজেক্র! এই সামান্য রাজলক্ষী আমাকে প্রীত করিতে পারিতেছে না. আমি যুধিটিরের দীপ্যমান রাজলক্ষী এবং সমস্ত পৃথিবী ভাহার বশবক্তিনী দৃষ্টিগোচর করিয়া ব্যথিত কুইরাছি। আমি অভ্যন্ত পাধাণজনর এই নিনিত্ত এরূপ হুংবেও জীবিত বহিয়াছি। যুধিটিরনিকে উনে কদম, চিএক, কৌকুর, কাবকর ও লোহজভ্যপ্রভৃতি বৃক্ষসকল কলভরে আবিজ্ঞত হুইয়া হহিয়াছে। মহাগিরি হিমালয়, সাগর এবং অন্য কৃতিপন্ন জলপ্রায় ভূমি, ইহারা সক্লেই রক্ষাকর; এই সমস্ত রক্ষাকর যুধিটিরের সমৃত্ব গৃহে পরিভৃত হুইয়াছে। হে রাজন্! যুধিটির আমাকে জ্যেই ও প্রেট জানিয়া সংকারপূর্বক রম্বপরিপ্রত্বে নিযুক্ত ক্রিয়াছিল। তথার এত মহামূল্য রক্ষাক্ত সক্ষাতিত ইইয়াছিল বে, আমি ভাছার ইয়ভা করিতে পারি

নাই। আমার হত্ত সমুদার রম্ব গ্রাহণ করিতে অসমর্থ হটয়াছিল। আমি পরিপ্রাস্ত হইলে ভূপালগণ এই সমস্ত রমুজাত হতে বইয়া দুরে দ্রায়নান রহিলেন। ময়দান্য বিন্দুসরোবরের রত্বরাশি ছারা এরপ ফাটিক দলশালিনী প্রফুল নলিমী নির্মাণ করিয়াছিল যে,আমি তদ্দানে জল্ভ প্রাফুল কমল বলিয়া বোধ করিয়াছিলাম এবং সলিলভ্রমে সভাকুট্রিমেই আপনার পরিচ্ছুদ উৎক্ষিপ্ত করিলে বুকোদর আমাকে শত্রুসম্পত্তি দশনে বিভ্রান্ত ও রত্বানভিজ্ঞ মনে করিয়া উপহাস করিয়াছিল। আমি সমর্থ ছইলে সেই খানেই ভাহাকে নিণীভিত করিতাম; কিন্তু জোধ প্রকাশ করিলে আমাদিগকেও শিশুপালের অমুগ্রন করিতে হইত, সন্দেহ নাই। হে ভারতবংশাবতংস। সেই শতার উপহাস আমাকে দগ্ধ করিভেছে। হে মহারাজ। আমি পুনরায় সেইরপ জলজশালিনী দীর্ঘিকাকে সভাত্তলী মনে করিয়া ভাহাতে পভিত ১ইয়াছিলাম। আমাকে পত্তিত र्लोशिया क्रक, भार्थ, ट्योभमी ও अन्याना खीनन मर्माक्रिक বেদনা প্রাদান করত হাস্য করিতে লাগিল। সমধিক ছঃথের বিষয় এই যে, কিক্ষরগণ আমাকে আদ্রবস্ত দোধরা যুদ্রিষ্ঠিরের আজাত্সারে তাহার বল্লাগার হইতে অন্যান্য বস্তু আনিয়া প্রদান করিল। পিত:। আর এক প্রভারণার বিষয় শ্রবণ করুন, দ্বারবৎ প্রান্তীয়মান অহার ৰাৱা নিৰ্গত চইতে গিয়া ভিতিশিলায় আহত হইয়া কত-नना है इटेनाम, नकून এवर अङ्ग्रिव मृत इटेट छ। मास्क আহত দেখিয়া ছ:খ প্রকু।শপৃধাক গ্রহণ ক্রিল। गहरत्व आभारक श्रा: श्रा: कहिर्छ नाशिन, एर तासन् ! এই স্বার, এই দিকে আগমন করুন; ভীমদৈন হাসিতে হাসিতে আমাকে সঙ্গোধিয়া কহিল, হে ধৃতরাষ্ট্রাত্মজ! এদিকে দার; এই সকল কারণে আমি অভ্যস্ত পরি-তাপিত হইয়াছি।

পঞ্চাশত্র অধ্যায়।

হুর্ব্যোধন করিলেন, মহারাজ! নানা কিল্লেনাসভ তথালেরা রাজা যুর্ধট্ট রকে যে সকল অমূল্য বস্ত উপহার বিয়াছেন, তাহার বৃত্তাত অবণ করুন; আমি সেই সভার বে সকল রক্তনাভ দেখিয়াছি, পূর্বের সে স্কুলের নাম পর্যন্ত অবণ করুনাই।কালোজরাজ উর্গানিমিড,সাম্ভিক

বিভাগরোমরচিত, কাঞ্চনসদৃশ, পরিষ্ঠ পরিচ্ছদ সকল প্রবান কবিয়াছেন। শতসহত্র গোসেবী ব্রাহ্মণ ও দাসবর্গ মহায়া যু প্রতিরের প্রীতির নিমিত বিচিত্রবর্তিশত অখ, পরিপুট তিশত উষ্ট ও বড় গা,রাশীকত বলি ও অর্ণনর কম-खनु बदर कार्तानिक (प्रश्निवानिना नक पानी नमछि-वाशाद अविभारत ना भारतिया चात्रानाम मधायमान আনংছন। শানা কুশালী দার্ব.ক্ষী হেমাভরণ-ভৃষিত। শ্রারা ব্রাহ্মণোটিত রক্ষ্যাগর অঙ্গিন এবং মরাকচ্ছনিবাসী कनगर मर्स शहाव शृष्ट्वाभ हत्व । अगः सातः मणका । कृतस्य लहेशा डेनिगै ड हिल। (रामकन मन्यः निक्नाद्य अं मन्द्र ग्रिविङ উপব্যে জন্মগ্রত করিয়াছে এবং ষ্রারা ইক্সকুট এ নদীমুণ ধানা দ্বাবা জ্বান্য ত্র, নির্বাচ করে, সেই সকল বৈরাম, পারদ, অভীর ও কিতব্রুগণ বিবিধ বলি, বছবিধ রত্ব, সদঃ: প্রস্ত অভাহের, গো, হিরণ্য, গর্মভ, উষ্ট্র, ফলজ ম ু ও नाना विभ कश्चन शर्ग कतिया भावता प्राचित्र কবিষাছিল। য়েজ্যাধিপতি শোধাৰীৰ্ম:-সম্পন্ন মহারঁপ প্রাগ্রোভিষেম্বর ভগ্দত্ত থবনগণ সম্ভিব্যাহারে প্রাসিদ্ধ জুরস্কুলস্ভুত বেগশালী অস্বস্তুও স্বাবিণ বলি গ্রহণ করিয়া আনিয়াছিল; ভাষারা প্রবেশ কুরিতে লা পারিয়া ণৌইনিৰ্ফিত অসমভ্ৰণ ও নিৰ্ফাল গলদত নিৰ্ফিত তস্ক-শোভিত অবিসমুদার প্রদান করিয়া প্রস্থান করিল। কতিশয় লোক নানা দিগ্দেশ হইতে সমাগত হইয়া দ্বেদেশে উপতিত ছিল; ত্রাদের মধ্যে কতক্তাল বিনেম, কতকগুলি জিনেজ, কতকগুলির নেজ ললাট-(मर्म, कठक खिन के को भावी जिया कि कठक खाँन मिशवत দৃষ্টিপেচর করিনাম। তংপরে রেনেক, নরমাংগভোজা, **এक भाग अदः अदिन क्षान नानावर्ग त्राक्र १० १ है है है ।** তাহারা ক্ষাগাব মহাকার, দূরগামী, স্থাশিকিত দশ সহস্র त्रामञ चाहते । कतिताहित्तन । े वज्यु जीवनमूद्धव तात्कताः পृत्रात निमित्त वरुइत दित्रणा ७ काक्षन यू धित्रदक अवस्त कतिन । धकलात्नता हे अल्लालकी रंगेत आत तक पूर्व, छक्न वर्ग, हेक्काशुभवर्ग, मन्नाकालीन क्लमवर्ग, खबर नामावर्ग क ठक छिनि ' महाजव आदिना आर्थ वृत्व अमृना अर्गतानि अरान कतिया युनिष्ठितनिर्दमान्य अर्दम कतियाहिन। जननखर होन, मक् छ अजुरमम्बानी ध्वर बनवानी वर्कत-काि ; दक्षि दश्मीय, इश्रामभाव, हिमान्यू क्रिके के व

নীপ ও অনুস্পাণ স্বারদেশে দণ্ডায়মান ছিলেন। বক্স্ভীরনিবাসীরা ক্ষপ্রীব মহাকার শতক্রেশেগামীস্থাশিকিত
প্রসিদ্ধ দশসহস্র রাগত প্রদান করিরাছিল। শক্, পুণার,
কক্ষ, রোমক ও শৃগযুক্ত মথুষা, উণাজ, রাক্ষব, কীটজ,
পট্টল, কৃতীক্ষত, কমলসকৃশ প্রভাসম্পার ও কার্পাসনির্দ্ধিত
প্রক্ষ বস্ত্র, নেষত্র্যুক্তেমিল অজিন, নিশিত ও আয়ত ওক্সা,
এই, শক্তি ও নানাবিধ পরশু, বিবিধ রস, গন্ধ ও সহস্র
সহস্র রত্র; এই সম্বায় প্রহণ করিয়া স্বারে দণ্ডায়মান
ছিল। কতকগুলি লোক দ্বগামী অর্কান মহাগজ, শত
শত ত্রঙ্গ, পদাসংবাক স্থবণ ও সর্ক্রপ্রকার প্রজাপকরণ
গ্রহণ করিয়া দণ্ডায়মান ছিল। পুরুদেশাধিপতি ভূপতিগণ
মহাম্লা আমন, যান, শ্রাা, মণিকাঞ্চনথদিত গজনস্তবিনিম্মত বিভিত্র কবচ, বিবিধ শস্ত্র, স্থাক্ষিত হয়সম্পার
স্বাণালক্ষ্রত বহুবেধ রথ, বিবিধ রত্ব, নারাচ, অর্জনারাচ
প্রভৃত্তি বিনিধ অস্ত্র প্রদান ক্রিয়া মহায়া পাওবগণের
যজ্ঞস্বনে প্রবেশ করিল।

একপঞ্চাশত্তম অধ্যায়।

হুৰ্যোধন কহিলেন,হে অনঘ ! রাজারা যজার্থ মহাত্মা পাওবকে বিপুল ধন প্রদান করিয়াছিলেন। বাঁছারা মেক ও মন্দর গরির মধাবর্ত্তিনী শৈলে। নদীর উভয় কুলস্থিত कीठक ও বেপুৰ রমণীর ছায়া দেবা করিয়া থাকেন, সেট সকল মহাপালেরা ছোণপ্রিমিত অত্যংক্ট হীরকরাশি व्यमान कतिएक छिल्लन। कुष्ठ ७ खक्रवर्ग हमत, श्मिशिति-সম্ভূত পূশাক স্থাদ মধু, উত্তর কুরুদেশ হইতে আনীত ष्यशृद्धं भागा, উত্তর কৈলাস হইতে আছত বল্বিধারিনী ওষ্ধি এবং জন্যান্য পাৰ্ব্বত উপহার্যকল লইয়া কত শত বাক্তি বুধিষ্টিরের দারে দণ্ডারমান ছিলেন। উদয়াচলবাসী রাজগণ, কাক্ষদেশীয় ভূপালগণ, সমুদ্রন্তেনিবাসী ভূপতি-ৰৰ্গ, ব্ৰহ্মপুজের উভয় কৃণস্থিত রাজসমূহ এবং জুরকর্মা, क्तृतनम्, हपंतमन ও ফলম্লোপজাবী किताजवृक्तक द्रिविनाम, फाहाता हम्मन ७ व्यक्तम कार्छत छात, हम्ब, त्रज्ञ, च्रवर्ग अवः ज्ञानाध्यकात शक्कलवा, व्ययुक्त कित्राक्रमधीः मृत्राम नीत्र विविध मृत, शकी ७ शक्त ठीत हित्रगाटा छाउँ नानाविध উপहात महेवा चात्रामरण मुखायमान छिलन

टैक ब्रांफ, मतम, मर्का, देवब्रथक, श्रेष्ठवत, शांतम, वाह्निक, काश्रीत, इश्मकायन, भिवि, जिगर्छ, (वीरश्रत, मज, दक्कत, व्यवर्ड, (कोकृत, जाका, शह्लव, वम्डि, (मोलंब, कक्रक, মানব, পৌণ্ডিক, শক, অঙ্গ, বন্ধ, পুণ্ডু ও গয়প্রভৃতি ক্ষতিষ্বৰ্গ শ্ৰেণীবন্ধ হইয়া যুধিষ্ঠিরের নিমিত বছবিধ বিত আনরন করিতে লাগিলেন। বন্ধ,কলিজ, মগধ, তামলিপ্র, হৃত্ত ক, দৌবালিক, সাগরক, পত্তোর্ণ ও কর্ণপাবরণ-প্রভৃতি রাজগণ তথার দভারমান হইরা কাল প্রভীকা করিতে লাগিলেন। রাজার আজাতুসারে দারপালেরা উাহাদিগকে কহিল, সময় উপস্তিত হইলে আপনারা দ্বার প্রাপ্ত চটবেন। ভাঁচারা প্রত্যেকে স্থানিকত, পর্বত-প্রতিম, কবচারত, সহস্র কুঞ্জর প্রদানপূর্ব্ধক দ্বারে প্রবিষ্ট হইলেন। এডি এর চতুর্দিক্ হইতে সমাগত অন্যাক্ত বাসবাচ্চর গন্ধর্করান্দ চিত্তরপ বার্র ন্যার ক্রতগামী চারিশত যেটিক এবং ভৃত্রক্তামে তাপর একজন গ্রার্ক তামবর্ণ হবর্ণালম্কত এক শত অর প্রদান করিলেন। কৃতী শূকররাজ একশত গলরত প্রদান করিলেন। বিরাটরাজ মৎসা ছই সহত্র মত মাতক উপহার দিলেন। বাজা বহুদান বড়্বিংশতি গজ ও মহাজব মহাস্ত্ৰ বং: হ ছই সহস্র অধ এবং অন্যান্য নানাপ্রকার উপহার পাওব-🎚 দিগকে সম্প্রদান করিলেন। রাজা যঞ্চেনেন চতুর্দ্দশ সহস্র দাসী, সদার অযুত দাস, বহুশত গলরত্ব, গলযুক্ত ষড়-বিংশতি রথ এবং ষঞ্চার্থ কতকণ্ঠলি রাজ্য পাণ্ডবদিগকে প্রদান করিলেন। বাহুদের আর্জুনের বহু মান করত डीशांक ठकुर्भभ नश्य छेरक्टे हशी लागा कतितान। কৃষ্ণ অর্জুনের আত্মা এবং অর্জুন ক্রয়ের আত্মা। ধনঞ্জর, কৃষ্ণকে যে কার্য্য করিতে বলেন, কুরু তৎক্ষণাৎ ভাষা সম্পাদন করেন, তিনি ধনপ্তয়ের নিমিত স্করণোকও পরি-ত্যাগ করিতে পারেন এবং পার্থত সেই এর কুফ্রের নিমিত্ত প্রাণ পর্যান্ত পরিভাগে করিছে পরান্ত্র্য হয়েন না। হেম-কুছসমান্তিত স্থাতি চক্ষমরস, মলর এবং দছ্বাচলসভূত **চलन ও अधक्रतानि, मीर्श्विमान् मनिवन्न ও एक कांकनव**ळ লইরা চোল এবং পাণ্ডা উপন্থিত হইলেন, কিন্তু দার প্রাপ্ত হইলেন না। সিংহলছীপের লোকেরা সমুজের সারভূত

প্রদান করিয়াছে। রাজার প্রিয়কার্যা করিবার নিমিত ত্রান্ধণ, নির্দ্ধিত ক্ষতির বৈশ্য এবং শুশ্রাবাপর শুদ্রেরা ত্রীতি ও বছমানপূর্বক মৃধিষ্টিরের নিরুট উপনীত হইয়া-ছিলেন। সর্বপ্রকার মেচ্চজাতি এবং নানাদেশীয় উৎকুষ্ট অপকৃষ্ট ও মধাম লোক একতা স্মবেত হওৱাতে বোধ চ্টল,যেন পৃথিবীক্ত সমকলোক তথার উপত্তিত চইনাছে। হে রাজন্! রাজগণ কর্তৃক প্রদত্ত্ব নানাপ্রকার উপচার ও শক্ত দিবের ঐশ্বর্যা সন্দর্শন করত তুঃথে আনার মুর্বা উপ 🌬 ভ হল। মুহারাজ ় একণে পাগুবদিগের ভ্তা-বর্গের বিষয় আপনাকে নিবেদন করিভেচি: রাজা সুধি-ষ্ঠির সকল ভৃত্যের ভরণ পো্ষণ করিয়া থাকেন। 💍 তাঁহার এক অবৃত তিন পদা গজারোহী ও অখারোহা গৈন্য অর্ক্রন রণ এবং অসংখ্য পদাতি। কোন স্থানে দ্রব্য সাম**গ্রীর** পরিমাণ হইতেছে,কোন স্থানে পাচকেরা অল ব্যক্তন প্রস্কৃত করিতেছে, কোন স্থানে দান করিতেছে এবং কোণায়ও প্রভায়ন্নিযুক্ত ভাকাণগণের পুণাাই ধানি ইইভেছে। বৃণিষ্ঠিরের গৃহে অভুক্তা, ভৃষণাতুর অনলক্কত ও অসংকৃত বাজি দৃষ্টিগোচর হয় না। তথায় অন্তাশী বিসহজ গৃহমেধী সাতক রহিয়াছেন,উাহাদিগের পরিচর্যার নিমিত্ত প্রত্যে-কের নিকট ত্রিশব্দন করিয়া দাসী নিযুক্ত আছে। যুধিষ্টির তাঁহাদিগের সকলেরই ভরণ পোষণ করেন, এবং তঁ:চারাও প্রীত হটয়া সম্ভট্টিতে যুধিষ্টিরের শক্রকর কামনা করিতেছেন। যুধিটিরালয়ে গরিবেশকেরা প্রত্যন্থ অবর্ণাতে অল ব্যঞ্জন লইয়া দৃশ সুহল মতিকে ভৈজিন করাইতেছেন। মহারাজ। যাজদেনী প্রতিন্দিন আপনি ভোজন না করিয়া অগ্রে কুজ, বামন প্রভৃতির মধো কাহারও ভোজন হইল কি না, ভাহা অচকে প্রত্যক করিয়া সকলকে পরিতৃপ্ত দেখিয়া ভোজন করিয়া থাকেন। পাঞালদিগের সহিত বিশেষ সম্বন্ধ আছে, এবং অত্মক वृक्षितःभौताता यूष्क चायुक्ता कन्त्रन, धहे निनिष्ठ क्वन छांशताहे कुखी भूखत्क कत धार्मामें करतन ना, नजूना आत नकन बाबावाहे क्वम ।

ৰিপঞাশতম অধ্যায়।

হইলেন না। সিংহণদ্বীপের লোকেরা সমুজের সারজুত ত্রোধন কহিলেন, মহারাজ। তথার আরও দেখি-বৈছ্ব্য মণি, সুক্তাকলাপ ও বিচিত্ত আতরণ উপহার লাম, মহাত্রভ^{্তি}শ্বিনরসম্পর, মহামান্য, ধর্মাল্লা রাজারা বৃধিষ্টিয়কে উপাসনা করিতেছেন। দক্ষিণা লানার্থ কোস কোন রাজা বছ সহত্রসংখাক আরণ্যক ধেরু আনয়ন করিরাছেন। কেই কেই অভিবেকার্থ মল্লকলস স্বয়ংই বহন ও আনয়ন করিতেছেন। বাহলীক, ত্রবর্ণালয়ভ রথ এবং স্থদক্ষিণ-শ্বেতকায় কাম্বোজনেশীয় অম্ব আহরণ করিয়াছেন। মহাবল ত্রনীথ প্রীতিপূর্বক রধাথংছিভ কাঠ ও চেদিরাজ শিশুপাল, স্বয়ংই ধ্বজ উদ্যত করিয়া আনয়ন করিয়াছেন। দাক্ষিণাত্য বর্ম্ম, মাগধমালা ও উফীয়, বহুদান ষষ্টিবর্ম বয়ম মাওল্প, মুৎসা ত্রবর্ণি প্রত অক্ষ্য, একলব্য উপানদ্যুগল, আবস্ত্য এবং অভিবেকার্থ বছবিধ জল আনয়ন করিয়াছেন। চেকিতান ত্রীর, কাশ্ম ধন্থং ও দৃচ্মৃষ্টি অসি এবং শল্য কাঞ্চনভ্বিত শৈক্য প্রদান করিয়াছেন।

অনস্তর মহামূলি ধৌমা ও ব্যাস ইহাঁরা নারদ, অসিত ও দুেবলের সহিত যুধিষ্ঠিরের অভিষেক সম্পাদন করি-লেন। তৎপরে অন্যান্য মহর্ষিগণ, বামদয়া প্রভ্রাম এবং অপরাপর বেদবেদাঙ্গপারগ ত্রাহ্মণগণ সমভিব্যাহারে তাঁছাকে অভিষেক করিলেন, যেরূপ স্বর্গে সপুর্ষিগণ দেবরাজ ইন্দের নিকট আগমন করিয়া গাকেন, সেইরূপ মহাত্মা ব্ৰহ্মষি ও মহর্ষিগণ সেই যজে আনিতে লাগিলেন। সভাবিক্রম সাভাকি যুধিষ্ঠিরের মৃস্তকে ছত্র ধরেণ, ধনঞ্জয় ও ভীমসেন ব্যঞ্জন, নকুল ও সহকেব চামর প্রহণ করিয়া-ছিলেন। সভাষুগে প্রজাপতি একা ত্রিদশাধিপতি ইক্রকে त्य महा अमान करतन, कुलार्शामधि त्रारे वाक्रण महा यूपि-**छित्रक मान** क्तिरलन। क्रम विचकणां निर्मित महामूला শৈক্য দ্বারা যুধিষ্ঠিরকে অভিবেক করিলেন, তাহা দেপিয়া আমার অভিশয় সঞীতি জন্মিরাছে। লোকে পূর্বা পশ্চিম ও দক্ষিণ সমুদ্রে গ্রমন করিয়া शाকে, বিহল্পণ বাভিরেকে উত্তরে কেহই যাইতে পারে না ; তথা হইতেও শহা আন-রন ক্রিয়াছিল, ঐ মাসন্যুপ্ত বারংবার ধ্বনিত হইতে लाशिल, जे भवानाम अवग कतिया आमात शास करोकि छ इहेन। जन्म ज्यारीन जित्रमर्भन भार्षिवशन, बृहेकाम, পঞ্চপাণ্ডৰ, সাত্যকি ও কেশ্ৰ ইছাঁৱা তথায় আগমন করিলেন। তাঁহারা ভত্তত ভুপানগণকে ও আমাকে निमः छ एषित्रा छेटेकः यस हामिए नानितन ।

चनत्तव वर्ष्यून वहात्वः कत्राम वाक्यमानाक विभाग-

বিশিষ্ট পঞ্চশত ব্ব প্রদান করিল। রন্ধিদেব, নাভাগ, বৌবনাশ্ব মন্ত্র, পৃথ, বৈশা, ভগীরপ, ববাতি ও নত্ব ইইাদিগের অপেকা কুন্তীপুত্র রাজা যুধিষ্টির রাজপ্রীসন্তার

ইইরা শোভা পাইলেন। রাজন্ম যজ্ঞে দীক্ষিত হইরা

এক্ষণে রাজা হরিশ্চক্রের ন্যায় তদীয় প্রভাব পরিবর্দ্ধিত

ইইরাছে। হে মহারাজ! প্রক্ষণে যুধিষ্টিরের রাজ্যসম্পত্তি
দেখিয়া আমার প্রাণ ধারণে আর মুখ কি। জ্যেটের হীন

দুখা ও কনিটের অভ্যাদর লাভ হইতেছে, ইহা দেখিয়া
শুনিয়া আর আমার অধ্যকরণে সুখ নাই। এই কারণেই

আমি দিন দিন হুর্কাল, বিবর্ণ ও শোকে একান্ত অভিভূত

ইইতেছি।

ত্রিপঞ্চাশত্তম অধ্যায়।

ধুতরাষ্ট্র কহিলেন, তে বৎস। তুমি আমার জ্রোষ্ঠা মহিষীর গর্ভজাত ও স্কাজ্যেষ্ঠ, অত্তব পাওবদিপের প্রতি কলাচ বিষেষভাব প্রকাশ করিও না। ভেটা চটলে অস্থী ও নিধন প্রাপ্ত হয়। তোমার ভূলা মুমুষ্য অবাং-পর, তুলার্থ, তুলামিত্র ও অন্বেষ্টা যুদিষ্টিরের প্রতি ক্রথমই (वय करतम नां, कुना। जिल्लान-वीर्या-प्रम्मन क्रेश (क्रमञ्जा) ভূমি ভ্রাতার রাজ্যসম্পত্তি লাভি স্পৃহা করিতেছ ? ভ্রাপ্তি-ক্ষেও যেন তেকার এরপ বৃদ্ধিনাজনো। হেবংন। একণে আর শোক করিওনা। যদি ভূমি ঐরপ যজ্ঞ-সম্পত্তি প্রাপ্তির ইচ্ছা কর, তবে যাজ্ঞিকেরা সপ্ততিও নামক মহাশত্র আরম্ভ কর্মন। তাহা হইলেও ভূপালগণ ভোমার প্রীতি সম্পাদন ও বছমানের মিমিত বিপুল বিত্ত আহরণ করিবেন। প্রধনগ্রহণেচ। নিতাত অস-ভের্ট হট্মা পাকে, ফল্ডঃ বিনি নির্বভিন্ন অধনে সম্ভষ্ট ও ধর্মনিষ্ঠ হরেন, ডিনিই প্রেক্ত ত্থী। পরস্থ এহণে অনিচ্ছা, জাত্মকম্মে উৎসার ও সোপার্ম্বিত ধনের রক্ষণা-বেক্ষণ, পণ্ডিভেরা ইহাকেট বিভবদক্ষণ বলিয়া নিরূপণ क्रियाण्डन। यिनि निभएकाल मित्राकुल इटेया शास्त्र. रिमि जकन वितरम समित्र ए छिना छेन्थानभौग, धरे-রূপ অপ্রমন্ত ও বিনীত লোক ইহ কালে শ্রেয়োলাভ করিরা থাকেন। হে বংস! অবাছ ভূল্য পাওবদিগকে উচ্ছেদ করিও না, পাওবেরা ডোমার ভাতৃসমূপ, অতএব

ধনের নিমিন্ত মিত্রন্তোহ করা নিতান্ত অন্যায়। এক্ষণে পাশুবদিগের প্রতি বিশ্বেশভাব প্রদর্শন ও সমগ্র আতৃধন গ্রহণে ইচ্ছা করিও না। মিত্রন্তোহে অভিশর অধর্ম আছে, ভোমার ও পাশুবদিগের একট পিভামহ। অভএব এক্ষণে অন্তর্কেদিমধ্যে বিভ্রমন, বিবিধ কামা বন্তর উপভোগ এবং নি:শক্ষ চিত্তে মহিলাগণের সহিত বিহার করিয়া কাত্ত হও।

চতুঃপঞাশত্তম অধ্যায়।

হুর্ঘোধন কহিলেন, মহারাজ! যাদৃশ দক্রী স্পরস আখাদন করিতে পারে না, সেইরপ যাহার বৃদ্ধির্থি নাই, অপচ শাস্তজান আছে; সে শাস্তের নিগৃঢ় মন্মার্থ কদাচ অহুধাবন করিতে সমর্থ নহে। বৃহদ্যোকাসংযত ক্রেন্ত নৌকার ন্যায় আপনি সবিশেব জানিয়াও কেন আমাকে বিমোহিত করিতেছেন ? স্বার্থ সাধনে আপন-কার কেন অনবধানতা দেখিতেছি? আর এই বিষয়ে কেনই বা আমাকে বিদ্বেষ করিতেছেন ? আপনি বধন শাসনকর্তা ইইয়াছেন, তখন আর আমাদিগের জীবন ধারণের প্রয়োজন নাই। এক্ষণে ভাবী অর্থের স্ক্রনা ব্যাহীত আপুনকার আর কোন বিষয়ে উৎসাহ দেখিতেছি না। যাহার পথপ্রদশক স্বয়ুই অনভিজ্ঞ, সে প্রতিপদেই পথল্রই হয়, কিন্তু যাহারা স্বরুই গ্যান করিতে পারে, ভাহারা কেনই বা ঐ বাজির অন্থ্যারণ করিতে।

মহারাজ! আপনি পরিণতপ্রজ্ঞ, বৃদ্ধদেবী ও জিতেক্রিয় হইয়া পুজ্রগণের স্বকার্য্য সাধনে ব্যাঘাত জন্মাইতেছেন। বৃহস্পতি লোকব্যাপার ও রাজব্যাপার এই উভয়বিধ ব্যাপারকেই পৃথক্ বলিয়া নিদ্দেশ্ করিয়াছেন, অতএব রাজারা সর্বলা অপ্রমন্ত চিত্তে স্বার্থ চিতা করিবে।
ক্ষজিয়দিগের জয়ই প্রধান বৃত্তি অভএং ইছা ধন্মই হউক,
আর অধন্মই হউক, আত্মব্যাপারে দোবালোবের আশহা
কি ? বেমন সার্থি কশাঘাত ছারা সকল দিকেই অস্ব
চালনা করে, তজ্ঞপ জিলীয়ু ব্যাক্তি পর্মশুভি প্রহণাতিলাবে সর্কা দিকে ধাব্যান হয়। বে পুতৃ কিষা বাহা উপায়
ভারা শক্রদিশকে সংহার করা বার, সেই উপায়ই শক্রন
ধারীদ্বিগের শক্ষক্রপ। কে শুক্তা, কে মিত্র, ইহাতে ক্রোন

লেখ্য প্রমাণ নাই ; যে যাহাকে সম্ভাপ দেয়, সেই ভাহার শক্ত। সমৃত্ধিবৃত্ধিবিষয়ে অসভে। যই মূল কারণ, অতএব অসত্তোষবৃদ্ধি-বিষয়ে যত্ন করাই বথার্থ নীতি। ঐশ্বর্যা বা धरन कतार ममला कतिरव ना, कात्रण श्रुक्त मिक धन অন্যে বলপূর্বক হরণ করিতে পারে, বলপূর্বক হরণ করাই রাজাদিগের ধর্ম। দেবরাজ ইক্স 'কাছারও অপ-কার করিব না" এইরূপ অঙ্গীকার করিয়াও নমুচির শির-শ্চেদ করিয়াছিলেন, বস্তুতঃ অরাতির প্রতি সেইরাপ সনাত । বৃত্তিই তাঁহার অভিমত। যেমন সর্প গর্তত জীব-জন্তুদিগকে সংহার করে,সেইরূপ ভূমি সম্পত্তি অবিরোধী রাজাও অপ্রবাসী ত্রাহ্মণকে গ্রাস করিয়া পাকে। স্বাতি অনুসারে কেছ কাহার শত্রু হইতে পারে না, সমবাবসায়ী হইলেই শত্ৰু হইতে পারে। যে বাজি মোহপরবশ হইয়া অভ্যাদয়কালে শত্রুকে উপেক্ষা করে, পরিবর্দ্ধিত ব্যাধির নাায় সেই শত্রু ভাষার মূলোচেছদ করিয়া থাকে। বুক-মলজ বন্মীক যেরূপ আশ্রয় বুক্ষকে নিপাতিত করে, সেই প্রকার শত্রু সামানা হইলেও বলবীয়ো পরিবর্দ্ধিত হইয়া প্রতিঘন্দীকে সংহার করিতে পারে।

হে আজনাচ্বংশাবতংস মহারাজ! বিপক্ষণী যেন তোমার প্রীতিকর না হয়। আমি যেরপ কহিলাম, বীর্যা-বান লোকেরা এইরপ কার্যাই করিয়া থাকেন; সর্ব্বে নীতির অন্থ্যরণ করিলে কোম বিশিষ্ট ফললাভের সন্তা-বনা নাই। যে ব্যক্তি অর্থবৃদ্ধির অভিলাষ করে, সে নিঃ-সন্দেহ জ্ঞাতিমধ্যে পরিবৃদ্ধিত ইইয়া থাকে, কারণ বিক্তম সদ্যই বৃদ্ধি সম্পাদন, করিয়া থাকে। এক্ষণে, হয় পাঙ্ধব-রাজ্যলন্ধী লাভ করিব, নভ্বা যুদ্ধে শরীর পাত করিব। হে মহারাজ! আর আনার প্রাণধারণের ক্ষেব্দার্ক্তা নাই; পাগুবেরা প্রতিনির্ভই পরিবৃদ্ধিত , হইভেছে, আমাদিগের কিছুমাত্র উন্নতি নাই।

পঞ্চপঞাশত্তম অধ্যায়।

শক্নি কহিলেন, নৃহ ছবোগন ! পাঞ্পুত যুবিষ্ঠিরের এতাদৃশী সম্পতি দেখিরা বদি তুনি দিকাক সক্ত হইয়া থাক, তবে বল, দৃতিকীড়া দারা ভদীর সমস্ত ক্ষাত্মনাৎ করি। একণে ভাষাকে দৃতে আহ্বান কর, ক্ষামি কক নিক্ষেপপূর্বক যুধিটিরকে পরাজয় করিব। আমি অক-বিদারে সবিশেষ দক্ষতা লাভ করিয়াছি। যুধিটির তবিষয়ে অভিমাত্র অনভিজ্ঞা, পণ আমার ধরু, অক শর, অক স্বদয় জ্যাও স্ক্রমন্ট্রিমণীয় রথস্কপ।

छ्राधन कहिलन, महाबाख ! चक-विनावम माजून দৃতে ছারা পাঞুপুত্র হটতে রাজলক্ষী হরণ করিতে উৎ-সাহিত হইরাছেন; আপনি অনুমতি করন। ধৃতরাষ্ট্র কহিলেন, আমি মহাত্মা বিহুরের শাসনামুবর্তী; অতএব ভাঁছার সহিত মিলিত হইয়া কর্ত্বাবধারণ ঝরিব। ছার্যোধন কহিলেন, মহাশয় । বিছর যেরূপ পাভবগণের হিতৈষী, সেরূপ আমার হিতাভিলাধী নহেন; অতএব जिनि जाननवात वृद्धित अनाथा कतिरवन, मस्क नारे। বিশেষতঃ পৌরুষশালী বাক্তি পরমার্থের সাপেক হইয়া चकार्या माधान ध्ववुष रायन ना । कर्खना प्रश्नोन-वियाय ছুই জনের বৃদ্ধি সমান হওরা নিতার ছুর্ঘট। মূঢ় ব্যক্তি নিভিন্ন হটলা আত্মরকা করত বর্ষাকাণীন আর্র ভূণের नाव अवनव इरेबा यात्र। कि बाधि, कि मृज़ा, क्रिस् শ্রেয়:প্রাপ্তির নিমিত্ত প্রতীক্ষা করে না; অতএব ভবি-ষাৎ কালের অপেক্ষা না করিয়াই শ্রেয়ন্তর কর্মের অঞ্ क्षांन कहा कर्खवा।

ধৃতরাষ্ট্র কহিলেন, হে পুত্র! বলবান্ ব্যক্তিগণের সহিত যুদ্ধ করা কোনরংশই আমার, অভিপ্রেত নহে, কারণ বৈরভাব হইতে বিকার জন্ম ; সেই বিকার অলোহ নির্মিত শক্তবন্ধন বংস! তুমি যে এই অনর্থ সংগ্রাম ঘটনাকে উপযুক্ত বলিরা মনে করিতে, এই অনর্থানতা হইতেই শাণিত সারক ও অসি নিঙ্কাশিত হইবে। ছুর্যোধন হিলেন, পূর্কতন ব্যক্তিরা দৃতে ব্যবহার করিতেন, তাহাতে কোন বিশ্বতি বা সংগ্রামঘটনার সম্ভাবনা ছিল না; অতএব মাতৃলবর্চনে অহুমোদন করিয়া অদ্য সভা নির্মাণের অহুমতি বকন্। ছুন্যান্তর্কীড়া ক্রীড়মান ও ও তদমুব্রীদিগের অর্গর ছার্ব্রশি; অতএব পাওব-গণের সহিত অক্ষক্রীড়া করা অবৈধ নহে।

ধুতরাষ্ট্র কহিলের সাহেল । তৃর্নি বাহা কহিতেছ, তাহা আমার শ্লেকবোধ হইতেছে না। তোমার অভিকৃতি হর কর, কিছ ধেন ভবিষাতে অস্তাপ করিতে না হয়। বেধাবী বিহুর বিদ্যাবৃদ্ধিপ্রভাবে এই স্কল বিষয়

প্রতাক্ষ করিরাছেন যে, যে সকল বাজি বশবদ নহে, ক্ষতিয়ান্তক মহৎ ভয় তাহার স্থীপর্থী।

বৈশালায়ন কহিলেন, হে জনমেজয়! রাজা ধৃতরাই,
ছ্রবগাহ দৈবের প্রতিক্লতাপ্রযুক্ত ছুর্যোধনের মতায়সারে ভ্তাবর্গকে আদেশ করিলেন, "তোমরা সহস্তস্তশোভিত হেমবৈছ্যাধচিত, শতদ্বারবিশিন্ট, জোশায়ত,
তোরণক্ষাটিকা নামে এক মহতী সভা শীঘ্র নির্মাণ কর।"
স্থানপুণ শিল্পিণ অন্মতি পাইয়া অতি শীঘ্র সভা নির্মাণ
করিয়া সম্চিত জ্বাসামগ্রীতে স্থাক্জিত করিয়া আহলাদিত
চিত্তে ধৃতরাষ্ট্রকে নিবেদন করিল, "নহারাজ! স্লেকালের
মধ্যেই সভা স্থাস্পান, বছরত্বে থচিত ও বিচিত্র হেমাসনে
শোভিত হইয়াছে।"তদনস্তর ধৃতরাষ্ট্র মন্ত্রিপান বিছ্রকে
ক্রিলেন, "ত্মি শীঘ্র ইন্দ্রপ্রে গ্রাম করিয়া স্থিষ্টিরকে
আনয়ন কর। তিনি জাত্গণের সহিত্র এই সভায়
সমাগত হইয়া স্বজ্বদূলতে প্রেরত্ব হউন।"

যটপঞ্চাশত্তন অধ্যায়।

বিছর কহিলেন, হে মহারাজ! আপনার এই প্রেষগাতে অভিনন্ধন করিডে-পারি না,আপনি এরপ অন্নতি
করিবেন না; ইহাতে কুলীক্ষর ও স্করন্তেদ উভয়েরই
সন্তাবনা। প্রতরাপ্ত কহিলেন, হে বিছর! বদি দৈব
প্রতিক্ল না হয়, তবে কলহ আমাকে পরিতাপিত
করিতে পারিরে না। এই জগৎ স্বতন্ত্র নহে, কেবল,
দৈবের বশবতী হইয়া চলিতেছে; অদ্য শীঘ্র ইন্দ্রপ্রাপ্তকে অনেরন কর।

সপ্তপঞাশত্তম অধ্যায়।

বৈশাল্পায়ন কহিলেন, বিছর ধৃতরাষ্ট্র কর্ত্ক বলপূর্বক নিযুক্ত হইরা অগত্যা স্থানিকত মহাক্তব অব বারা পণ্ডিত পাণ্ডবগণের সকাশে বাতা করিলেন। মহাবৃদ্ধি বিছর সমস্ত পথ অভিক্রম করিয়া বিলাভিগণ কর্তৃক অভিনালিত হইয়া ইক্সপ্রস্থানগরে প্রবেশ করিলেন। তদনকর কুবের ভবনোপম রাজপ্রাসাদে প্রবেশিরা ধর্মান্ধা ধর্মপুর্ত্তের সমীপবতী হইলেন। সহান্ধা অকাতশক্ত গ্রার যথাবং

পৃত্বাপৃক্ষিক সপুত্র ধৃতরাষ্ট্রের বৃত্তান্ত ফ্রিক্স।সা করিতে লাগিলেন। হে ক্ষন্ত! আপনার মানসিক প্রহর্ষ প্রকাশ পাইতেছে। আপনি ত কুশলে আগমন করিরাছেন? হর্ষোধনপ্রভৃতি ভ্রাভূগণ ধৃতরাষ্ট্রের অনুগত এবং অন্যান্য ক্ষত্রিরগণ ত ভাঁহার বশবন্তী আছে ?

বিছর কণিলেন, ইন্দ্রকল্ল মহাত্মা ধুতরাষ্ট্র এবং উ।হার পুত্রগণ জাতিগণে পরিবৃত হটয়া কুশলে আছেন। তিনি পুত্রগণের গুণে প্রীত ও বিগতশোক হইরাছেন। সম্প্রতি অক্য কুশল প্রশ্নপুর্বাক তোমাকে এই কহিরাছেন যে. "হে পার্থ! তুমি ভাতৃপণের সহিত আগমন করিয়া ভোমার সভাত্তরণ এই সভা ভাবলোকন কর এবং ছর্ব্যোধনাদির সহিত হস্তক্ষাতে প্রবৃত হও। তোমার সহিত সমাগত হইলে আমার ও কুরুকুলের প্রীতির পরি-সীমাপাকে না।" হেরাজন্ মহাত্মা গুডরাষ্টু ত্রোদর विधान कतिशारकन, कृति तर्गरे अकरमवीमिशतक मिथित ; এই নিমিত্ত আমি আসিয়াভি; যাঁহা উচিত হয় কর। যুধিষ্ঠির কহিলেন, মহাশয় ! ছয়োদর কলহের আকর; অতএৰ কোন্বুদ্ধিমান ব্যক্তি ভাহাতে অভিলাষ বন্ধন করে? আপনি কি অকদেবন উচিত কার্য্য বলিয়া चौकांत करतन? वलून, আप्रता आश्रनात्र आखाञ्चवर्ती इरेबा हिला।

বিছর কহিলেন, দৃতে বে অনর্থের মূল, তাহা আমি বিলক্ষণ অবগত আছি; আমি জাঁহাকে ইংা হইতে নিবৃত্ত করিতে বন্ধ করিয়াছিলাম; কিন্তু তিনিও আমাকে তোমার নিকটে প্রেরণ করিয়াছেন; এক্ষণে যাহা শ্রেয়-ম্বর হয়, তাহা কুর।

যুধিন্তির কহিলেন, মহাশয়! আমি জিল্লাসা করি, ধৃতরাষ্ট্রপুত্র বাতীত কোন্ কোন্ অক্লেনেরী তথায় বিদ্যানান আছেন? বলুন, আমি তাহাদিগকে শতবার পরাজ্য় করিব। বিছর কহিলেন, অক্লেনিগুন কুওঁহন্ত রাজা শকুনি, বিবংশতি, চিত্রসেন, রাজা সভ্যব্রত, পুরুমিত্র এবং জয় তথায় উপস্থিত আছেন। যুধিন্তির কহিলেন, ভয়ত্বর মায়াধারী অক্লেনেরীপণ সেধানে রহিয়াছে, বুঝিলাম সমস্ত জগৎ বিধাতার আদেশবর্তী হইয়াই চলিতেছে, কদাশি মতত্র থাকিতে পারে না। হে বিছর। পুজ্ঞপক্ষপাতী ধ্তরাষ্টের শাসনক্রমে ত্রোদরদেবনে ইচ্ছা করিতেছি

না; আপনি বলিতেছেন বলিরাই তাহাতে প্রবৃত্ত ২ইব।
যদি আমাকে সভামধ্যে আহ্বান না করিত, তাহা হইলে
শকুনির সহিত ক্রীড়া করিতাম না; যথন আহত হইয়াচি, তথন নিবৃত্ত হইব না; ইছাই আমার স্নাত্ন
ব্রত।

বৈশশায়ন কহিলেন, ধর্মরাজ ধৃতহাষ্ট্রের আহ্বানে বিশেষ বিবেচনা করিয়া অমুগাত্রিকবর্গকে প্রাপ্তত চুইছে আদেশ দিলেন, তিনি পরদিনে জৌপদীপ্রভৃতি স্ত্রীগণ, ত্রাতৃগঁণ, বিহুর, অফুচর ও সহচরবর্গ সমভিব্যাহারে বাহলীকযোদ্দিত রথে আরোহণ করিয়া যাতা করিলেন। যুণিষ্ঠির গমনকালে কহিলেন, তেজ যেমন চকুকে বিনষ্ট করে, দৈব সেইরূপ প্রফাকে অপ্ররণ করে: সুমুক্ত মহবাই পাশবদের নায়ে বিধাতার বশবতী হইয়া আছে। মহাত্মা যুধিষ্ঠির হতিনাপুরে গমনপূর্বক ধৃতরাষ্ট্র, ভীত্ম, (खान, कर्न, क्रम, कार्यथामा, त्नाममञ्ज, इत्याधन, खना, পৌৰল, ছঃশাসন প্ৰভৃতি অন্যান্য যে কেহু তথায় উপ-স্থিত ছিলেন, সকলের স্থিত সাক্ষাৎ করিলেন। এঞ্জা-চকু ধৃতরাষ্ট্র তাঁহাদের মহকাছাণ করিলেন। তদনস্তর পাওবগণ ভারাগণ পরিবৃত রোহিণীর ন্যায় স্বাগণ-বেটিত গান্ধারীকে অভিবাদন করিলেন। श्रियमर्गन পाश्वनशानत मर्गन शाहेबा व्याह्लारमत श्राकार्ध। প্রাপ্ত ছইলেন। ধৃতরাষ্ট্রে পুল্বধৃগণ অপ্রশস্ত মনে জৌপদীর পরমোৎকৃষ্ট সম্পত্তি দর্শন করিতে লাগিলেন। পুরুষভার্চ পাওবলণ প্রথমতঃ বীায়াম করিয়া অন্যান্য কর্ত্তবা কথা সম্পাদন করিলেন। তদনভার দিবা চদান-ভূষিত ও কুতাহ্নিক হুট্যা কল্যাণমনে আক্ষণগণ ছারা স্তিবাচন করাইয়া সম্চিত ভোজনান এর এমণীগণের সহিত শয়নগৃহে প্রবেশ করিলেন্ পরপুরক্ষম পাড়বগণ स्थ ताजि यांभन कतिहा প্रভাতে विकान कर्ड्क सुध्यान हरेया भवा। १ अशिखाधान कतितान। आठःकारन সকলে ক্লভাত্তিক হুইয়া কিতবাভিনন্দিত রমণীয় সভা-मरूर्ण खिविष्टे इहेर्तन

অফলঞাশত্রম অধ্যায়।

সতম্ব থাকিতে পারে না। হে বিছর ! পুজবক্ষপাতী বৈশল্পায়ন কহিলেন, অন্তর পাওবেয়া সর্ক্রেটি ধতরাট্রের শাসনক্রমে ছুরোদরদেবনে ইচ্ছা করিতেছি । রুধিটিরকে পুরোবর্তী করিয়া সেই সভামধ্যে প্রবিষ্ট হই-

লেন। প্রাবই ১ইয়া পুজার্ছ পার্থিবগণকে বিধিপুর্বক পূজা করিয়া যথাক্রমে আসনে উপথেশন করিলেন। পাওবগণ ও অন্যানীয় নৃপতিবর্গ অতি পবিত্র বিচিত্র আত্তরণসংখুক্ত আসনে উপবেশন করিলে শকুনি মহারাজ ব্ধিষ্টিরকে কলিলেন, হে পার্থ। এই সভামধ্যে বছবিধ লোকের নমাগম, হইয়াছে, সকলেই ভোমার প্রতীক্ষা করিভেছেন, একণে অক্ষক্ষেপ করিয়া লাভক্রীড়া আরম্ভ করা আবশাক। বুধিষ্টির কহিলেন, দেখ, কপট পাশ-ক্রীড়া অভি পাশজনক; ইহাতে অণুপ্রতিও ক্ষাত্র পরাক্রম নাই; বিবেচনা করিলে ইহাকে রাজনীতি বলিয়া প্রতিপর করা বায় না; ভূমি কি কায়ণে দৃত্তের প্রশংসা করি-ভেড; পৃষ্ঠের কপটাচারকে কেছ প্রশংসা করে না; অভএব দেখিও, তে শকুলে! ভূমি যেন নৃশংসের নাার অসৎপথ অবলম্বনপূর্বক আমাদিগকে পরাজয় করিও না।

রাকুনি কহিলেন, মহারাজ! যিনি গণনায় স্থানিপুণ, "ধুইতোর-রীতি প্রতি সমুদ্র স্বিশেষ জানেন, ও্রিষয়ক वह्रविधः देशिकर्खवाजात्र ज्ञाननामुना, ज्ञानक्ष्रविष्ठ হুচভূর ও দাতবিদায়ে পারদশী, তিনি, কোন, প্রকারেই পরাজিত হয়েন না। পণ্ট পরাভবের কারণ, পরাভবে কোনরপ দোষ আশস্কা নাই, অতএব আইস্ আমরা ক্রীড়া আরম্ভ কবি, শকা পরিত্যাগ কর, বিলম্ব করিও না। যুধিটির কৃতিপেন, সমস্ত জনসমাজদুশী মুনিস্তুম অশিভ ও দেবল কচেন যে, ধর্তের সহিত কপট দৃতেক্রীড়া করা নিতাপ্ত পাপজনক কর্মা, ধর্মতঃ মুদ্দে জন্মলাভ অপেকা দৃহত্তীভা কলচে প্রশংস্মীয় নছে। আর্য্য লোকের। মুথে মেচ্ছভাষা ব্যবহার ও কপটাচার প্রদর্শন करतन ना। ध्वक भए, युक्त है गर भुक्त रात्र मक्ता । भुक्ता सुना द्व खाक्रांवत है ने कांत्र माथनार्थ वड्न कतारे आचामित्रत्र धन। অতএব দ্যুতক্ৰীতা হইতে বিরত হও, হে শকুনে ৷ আমি मठेडा 🐗 बा रूप ७ धनव्याखित हैका कति ना। पुर्छ বাজি প্রকাশে এ টোরপরতন্ত্র হউলেও ভাচার চরিত্র কদাচ পুজিত ও প্ৰশংশিত হয় না। শুকুনি কহিলেন, হে বৃধিষ্ঠির! ধৃঠি ভাবলম্বনপূর্বক ভাতির ভ্রোতিরের নিকট গখন করিয়া থাকেন, বিশ্বান্ মূর্থের নিকট গমন করিয়া পাকেন, সুশিক্ষিত ব্যক্তি কশিক্ষিতকে অক্ষদ্বারা পরাজ্য করিয়া থাকেন,কিন্ধ এরপ ক্লে শঠতা দোষাবৃত্ত

নহে। বলবীর্থাসম্পন্ন অন্তর্ধারী, ছর্কাল নিরন্ত ব্যক্তিকে
ধৃত্তিতা দ্বারা প্রহার করিয়া থাকে, স্তরাং একলে ঐরূপ
ধৃত্তিতা ধৃত্তিভাই নহে। পার্থা ধানি তৃমি আমাকে নিভাস্তই
ধৃত্তি বলিয়া ক্রির করিয়াছ, বলি দৃতে ক্রীড়ায় একাস্তই
ভীত হইয়া থাক, তাহা হইলে দৃতে হইতেই বিরভ হও।

যুধিষ্টির কহিলেন, দাতে আহৃত হইলে নিবৃত্ত চইব না, এই আমার নিতাব্রত, দাতক্রীড়ায় অদৃষ্টই বলবান, আমিও সেই অদৃষ্টের বশীভৃত, অতএব বল, এই লোকসমবায় মধ্যে কাহার সহিত ক্রীড়া করিব। আর এতলে অনা সভিক কে আছে? বাদ থাকে, ভবে ক্রীড়া ভারগু কর। এই কথা শুনিয়া হর্ষোধন ক্রিলেন, হে বিশাস্পতে! আমি সমুদায় ধন ও রত্ন প্রদান ক্রিব, আমার নাতৃল শক্নি আমার প্রতিনিধি হইয়া ক্রীড়া কবিবেন। যুবিষ্ঠির কহিলেন, হে বিছন্। একজনের প্রতিনিধি হইয়া অনোর ক্রীড়া আমার মতে নিতাপ্ত অসমত; যাহা হউক, ক্রীড়া আরম্ভ করা যাউক।

বৈশশ্পায়ন কহিলেন, দৃতিজীড়া আরম্ভ হটলে সমস্ত রাজগণ ধতরাষ্ট্রকে অতাে করিয়া সভা প্রবেশ করিল। মহামতি ভীয়, ডোণ, ক্লপ ও বিহুর অনভিপ্রসল্ল মনে ভাহাদের অন্নবর্তী হইলেন। সিংহজীব মহাভেজা বেদ-বেভা শ্র ভাশ্বরমূর্ত্তি ভূপভিপ্রের মধ্যে কতকগুলি মুগল-রূপে আর কতকগুলি পৃথক্ পৃথক্ রূপে গিংহাসনে, উপবিষ্ট হটলে সেই সভা অমরাধিন্তি অমরাবভীর নাায় শোভা পাইতে লাগিল। অনস্কর শৃহ্দুভূতি আরম্ভ ইল।

যুধিষ্টির ছর্যোধনকে সংখাধন করিয়া কহিলেন, হে রাজন্। আমি নহাস্লা সাপরাবর্ত্তদভূত কাঞ্চনগঢ়িত এই মণিমর হার পণ করিল।ম; ড়াম বাহা হারা ক্রীড়া করিবে, সে প্রতিপণের বস্তু কৈ ?

হুৰ্যোগন কহিলেন, আমার বছতর মণি ও জান্যাল্য ধন আছে, কিন্তু তল্লিমিত জাহন্ধার করি না; সে বাহা হউক, একণে দাতে জয় লাভ কর। তদনধর অক্ষতভ্বিং শক্নি আক গ্রহণ করিয়া আমি ত এই জিভিলাম বলিয়া আক বিক্ষেপ করিবামাত্র ভাহারই জয় হইল।

ঊনষষ্ঠিতম অধ্যায়।

যুধিষ্ঠিব কছিলেন, হে শকুনে । তুমি কেবল জীড়া ষারা আমার নিকট স্বর প্রাপ্ত হইলে। আইস, পরস্পর পণপুরবক জীড়া করিতেছি; আমার একলক অষ্টসহস্র স্থবর্ণপুরিত ক্তী, অক্ষয় কোষ ও রাশীকৃত হিরণ্য আছে, তাহাই আমার পণ রুহিল।

শক্নি আমিত এই **জিতিলাম বলিয়া অক্ষ বিক্ষেপ** কবিলে ড হারই জয় হইল।

যুনিষ্ঠির কহিলেন, যে রথ ইইাদিগকৈ বহন কবিয়াছে, এবং কুমুদের ভাগ কান্তিবিশিষ্ট রাষ্ট্রসম্মত অষ্ট অম বাধা বহন করে, সেই ব্যাছচর্মার্ত, স্বচক্রশোভিত, কিছিনী জালজড়িত, মেঘসাগরনিঃস্বন, জ্য়দীল সহস্র রাজ্য়থ আমার পণ রহিল।

শকান যুদিষ্টিরের বাকা আবণানস্তর এই জিতিলাম বলিয়া চলপূর্কক অক বিকেগ করিবামাত্র তাহারই জয় হটল।

যুগিছির কৃতিলেন, আমার শত সহত্র তরুণী দাসী আছে, ভাহারা নানাপ্রকার স্থবন্তিকারে ও অপুর্ব মাল্য দামে বিভাবত, নৃত্যীতাদি চতু:বৃষ্টি কলার স্থাশিকত, সেবাকুশল ও আজ্ঞামুবর্তিনী; হেরাজন্। আমি এই বার সেই সকল দাসীরূপ ধন পণ করিলাম।

শক্নি যুধিষ্ঠিরের বাকা শ্রবণানস্তর এই জিভিলাম বিলিগা চলপূর্বক অক বিকেপ করিলে ভাহারই জয় হইল।

বৃধিষ্ঠির কহিলেন, আমার সহস্র দাস আছে, ভাহারা প্রাজ্ঞ, মেধানী, দাস্ত, সুবা এবং দিবারাতি অভিধি ভোজন কলাইতে সমর্থ; হে রাজন্। এই বার আমার সেই দাস-রূপ ধন পণ হটন।

শক্লি বৃণিটিরের বাক্য শ্রবণানস্তর এই স্থিতিলাম বলিরা ছলপূর্কাক অফ বিকেশ করিবামাত সৌবলেওই জয় ছইল।

যুধিটির কহিলেন, হে সৌবল ! আমার সহস্র মন্ত মাতল আছে, ভাহারা শতীং দান্ত, দীর্ঘকার, প্লাক্তবহুনো চিত, রণপরিচিত ও স্থবর্ণালয়ত, তাহাদিগের মন্তক কুম্ম মালার স্থাভিত, দত্ত স্থীর্ম, বর্ণ নবীনদেবের সদৃশ এবং সকলেই পুর ভেদ করিতে পারগা হে রাজন্। আমি এই বার সেই সকল গজরুপ ধন পুণ করিলাম।

শক্তি বৃধিষ্ঠিরের বাকা শ্রবণানস্থর হাসিজে হাসিতে এই জিভিলাম বলিয়া ছলপূর্বক আক বিক্ষেপ করিলে ভাহারই জয় চইল।

যুধিন্তির কহিলেন, আমার যে সমস্ত হেমদণ্ড পতাকা-শোভিত বিনীত অখসংযোজিত যোধোপবিষ্ট বিচিত্র রথ ও রথী আছে, সেই সকল রথীরা যুদ্ধ কঞ্চ বা নাঠ করুক, প্রভাবেক মাসিক সহস্র মুদ্রা নেতন প্রাপ্ত হট্যা থাকে, হে রাজন্। এই বার আমার সেট ধন প্রব হিল।

যুদির্ভির এই রূপ কহিলৈ রুড় বৈর গুরাজ্মা শকুনি এই জিতিলাম বলিয়া চলপুকাক আক্ষা বিকেপ করিবামাত স্বৰনন্দনেরই জায় হইল।

যুখিষ্ঠির কহিলেন, গদ্ধর্কারাজ চিত্তরেথ যুক্ষে পরাজুত চটারা প্রীতিপৃথকৈ অর্জুনকে বে সকল উৎক্রট ছেইক পোদান করিয়াছিলেন, এই বার সেই সকল আমার পণস্বরূপ।

শক্নি মুধিষ্ঠিরের বাকা শ্বণানতর এই হিছিলাম বলিয়া ছলপ্রকে অফ বিকেপ করিবানাও ভাহারই জয় হইণ।

যুদিটির কহিলেন, আমার নানাপ্রকার বাহনসংযুক্ত অবৃত শক্ট ও রথ রহিরাছে, এবং মহাবল প্রাক্রান্ত বিপ্লবক্ষা ষষ্টি-সহস্র বীর পুরুষ রহিয়াছে, হে নাজন্! আমি তৎসমূদ্য পণ রাখিলাম।

শকুনি যুখিছিরের বাক্য শ্রবণানম্বর এই তিতিলাম বলিরা চলপুতাক অক্ষ বিক্ষেপ করিলে ভাহারই ক্ষয় হইল।

যুধিষ্ঠির কহিলেন, হে সৌবল ! ' ভাত্রপাত্র ও টোঞ পাত্রপরিবৃত চারি শত নিধি এবং পঞ্চক্রৌণিক স্ববর্ণ আচে, এবার তাহাই আমার পণ হইল।

শকুনি বুধিষ্টিরের বাক। শ্রবণানস্তর এই ভিতিলাম বলিয়া ছলপূর্বাক জ্যুক বিক্ষেপ করিবামাত শুকুনিরই জয় হইল।

ষষ্টিতম অধ্যায়।

বৈশশারন কহিলেন,সেই সর্বস্থাপহারিকী ছাত্তনীড়া এইরপ উত্তরাত্তর পরিবর্দ্ধিত হইলে সর্বসংশয়কেণী ৰিজ্ম কহিলেন; মহারাজ ! যেমন মুম্ব্র্ বাজির ঔষধ সেবনে মহতী অপ্রবৃত্তি জ্বো, তজ্ঞপ মদীর উপদেশবাকো আপনকার অভিক্লচি ছইবে না; তথাপি যাহা কহিতেছি, অবহিত হইয়া প্রবণ করুন।

পূৰ্বে যে পাপাত্মা ভূমিষ্ঠ হইবামাত্রা গোমাযুর ন্যার বিকৃতখনে রোদন করিয়াছিল, সেই ভরতকুলাতক হুর্যো-ধন তোমাদিগের বিনাশের নিদানভূত, সন্দেহ নাই। ছর্ব্যোধনরূপী গোমায়ু গৃহে বাস করিতেছে, তুমি মোহ-ৰশত: তাহা বুঝিতে পারিতেছ না। হৈ মহারাজ। সুরাপ বাক্তি সুরা পান করিয়া বে পতিত হয়, সে কি তাহা कानिए भारत ? (यमन काकर्ष महा भान कतिया मखर्जा-প্রযুক্ত হয়ত জলে মগ্ন হয়, নতুবা কোন স্থানে নিপ-পিত হইয়া থাকে। সেইরূপ হরাত্মা হর্ষ্যোধন দৃতেমদে মত হইয়াছে, মহারথ পাণ্ডবদিগের সহিত শত্রুতা করিয়া অগ্রন্থ ভাষার যে পতন হটবে, সে ভাষা বৃথিতে পারি-ছেছে না। হে প্রাক্ত। আমার বিদিত আছে, ভোজ-বংশীঃ একজন রাজা পুরবাসি:'লের হিতার্থে সীয় হর্জাত পুত্রকে পরিত্যাগ করিয়াছিলেন এবং অল্পক, যাদব ও ভোজ ইহাঁরা মিলিত হটয়া কংসকে পরিত্যাগ করিয়া-ছিলেন। পরে উাহাদিগের নিয়োগক্রমে রুক্ষ কর্তৃক কংস নিহত হইলে সেই সকল জ্ঞাতিবর্গ পরমাহলাদে कालवाभन कतिराज लागितन । जुमि ७ अर्ज्जुनरक निरदान কর, তিনি পাপাত্মা ছর্যোধনের নিগ্রহ করিলে কৌর-(वता भवम प्राप्त काल याभन कवित्र भावित्वन। कार-मुंगान्जूना इरेगांधरनत्र शतिवर्द्ध मश्रुतमार्फ नमपुग शाख्य-দিগকে জেল করুন। মহারাজ। আপনি শোকাণ্বে निमध हरेरवन नांद भारत कथिछ चाहि, कून बक्मार्ष अक वािकारक शविजां। काित्रत, शाम तकार्थ क्ल পরিত্যাপ করিবে, জনপদ রক্ষার্থে গ্রাম পরিত্যাগ कतित्व अवः व्यापानकार्थं भृथिबी भतिज्ञान कतित्व। नर्वक नर्वनक्रकत्रक महर्वि एकाहाया, क्रम्यनामक দৈভ্যের পরিভ্যাগকালে অস্থর্দিগকে কহিরাছিলেন, কোন অরণ্যে কভকগুলি পক্ষী বাস করিত, ভাহারা হিরণ্য निषीयन कति है, अकता (यह ममख निकान निकानिक নীড়ে বাস করিভেছে, ইতাবসরে এক রাজা ভবার উপ-क्षिक रहेलान, তिनि त्रहे अपृष्टेशृक्ष अक्षक ब्राभाव नम-

র্শনে লোভাকট হইয়া এককালে হিরণ্যরাশি পাইবার
মানসে নিরপরাধী পক্ষিগণের প্রাণ সংহার করিলেন।
এইরপ হরাশাগ্রন্থ হওয়াতে কেবল তৎকালে হতাখাস
হইলেন, এমত নহে, ভবিষ্যৎ লাভেরও সম্ভাবনা থাকিল
না; অতএব তুমি বলবতী অর্থস্পৃহানিবন্ধন পাওবদিনের
অনিষ্টটেটা করিও না, তাহা হইলে সেই মোহান্ধ পক্ষিহস্তার নাায় তোমাকেও অন্ধতাপ করিতে হইবে। হে
ভারত! মালাকর যেমন উদ্যানন্তিত পুস্বুক্তে বারি
সেচনপূর্দক কুত্মম চয়ন করে,তজ্ঞাপ তুমিও পাওবিপাদপে
ক্ষেহসলিল সেচন করিলে স্ক্রাত পুস্বু প্রনঃ প্রহণ
করিতে পারিবে, অতএব অক্সারকারীর বৃক্ষদাহের ন্যার
সমূলে দগ্ধ করিবেন না।

পাওবদিগের সহিত বিবাদ করিলে ভূতা, অমাতা ও পুলুগণ সমভিবাছারে শমনসদনে গমন করিতে হইবে, স্দেহ নাই, কারণ পাওবের। একতা সমবেত হইলে দেবতা প্রিবৃত সাক্ষ্য তিদ্ধাধিপ্তিও তাঁহাদিগের সহিত যুদ্ধ করিতে পারেন না।

একষষ্টিতম অধ্যায়।

विश्व कहिरनन, मृाञ्जोड़ा कनरहत्र भूल ; मृाज इहेर्ड পরস্পারের প্রণারচেদ হয়; দ্যুত্ই মহৎভারের হেডু। ধুতরাষ্ট্রপুত্র হুর্যোধন ভয়ন্বর শত্রুতা উৎপাদন করিতেছে। হুর্যোধনের অপরাধে পাতিপের, শাস্তনব, ভীমদেন ও बाह्निक हेहाँ वा नकत्ने द्वान धारा हहै रवन। रयमन व्यञ मञ्ज्ञ रहेशा ज्याननात विशान द्वाता ज्याननाटक क्या করে, সেইরূপ হর্বোধন মত্তাপ্রযুক্ত রাষ্ট্র হইতে আপ-নার কল্যাণ স্থারপরাহত করিতেছে। বেমন বালনা-विकहानिक (नोका त्रमुख निमध हरेबा बारक, एए. प বেবাজি পরের চিতামুবর্তী হইয়া চলে, সে অচির কাল-मस्या बार्निनाशक इत्र। श्राश्चिक क्लीड्राक प्रत्याध्यनव জরলাভ হইতেচে বলিয়া আপনি প্রীতি প্রকাশ করিতে-চেন, কিছু অতিপরিহাসেই সর্বপ্রোণিভয়কর সংগ্রাম উপস্থিত হয়। আপনি কেবল কথাতেই প্ৰতিকূলভাচ^{র্ণ} कतिराज्यक्त, किन्न महाभागक नगावि आत्रतात अस्:-করণে নিহত রহিয়াছে। কলতঃ পর্ম বন্ধু যু^{নি}ন্তিরের সহিত কলহ করা আপনার অভিপ্রেড ভাহার সংক্

